


THE LIBRARY OF THE Bristol Medico-Chirurgical Society.


PRESENTED BY

James Lwain.
M.D.

July 13 d. 1982

Store 576620





# অকিত্ত্ব।

-se

## প্রসিদ্ধ ডাক্তার সি. ম্যাক্নামারা সাহেব কর্তৃক প্রণীত ৷

"এ ম্যান্ত্র্দি ডিজীজেস্ অফ্ দি আই,, নামক ইংরাজী পুস্তকের অবিকল অরুবাদ।

ঞীলালমাধব মুখোপাধ্যায় এল, এম, এম, এফ, সি, ইউ,

অফ্থ্যাল্মিক্ হস্পিট্যালের ভূতপূর্ব্ব হাউস্ সার্জ্জন্ এবং ক্যাম্বেল্ মেডিকেল
স্কুলের অফথ্যাল্মিক্ মেডিসিন্ এবং সার্জ্জারির ভূতপূর্ব্ব শিক্ষক;
কলিকাতা মেডিকেল্ দোসাইটির ভাইস্ প্রেসিডেণ্ট্,
অনারারি প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট ও কলিকাতার
মিউনিসিপাল্ কমিসনার কর্তৃক।

কলিকাতা।

३४४० थुः जस ।

কলিকাতা। রতন সরকাস গার্ডেন ষ্ট্রীট ৩৩ নং ভবনে অবৈত যয়ে শ্রীহরিদাস শেট দ্বারা মুদ্রিত।

#### A MANUAL

OF THE

## DISEASES OF THE EYE.

BY

#### C. MACNAMARA, F. R. C. S.

PROFESSOR OF OPHTHALMIC MEDICINE AND SUBGERY IN THE CALCUTTA.

MEDICAL COLLEGE. SURGEON TO THE ROYAL WESTMINISTER.

OPHTHALMIC HOSPITAL; SURGEON AND LECTURER ON

SURGERY, WESTMINISTER HOSPITAL; SUGEON

MAJOR H. M. INDIAN MEDICAL SERVICE.

Translated into Bengali,

BY

#### LAL MADHUB MOOKERJEE. L. M. S. F. C. U.

LATE HOUSE SURGEON TO THE OPHTHALMIC HOSPITAL;
TEACHER OF OPHTHALMIC MEDICINE AND SURGERY
CAMPBELL MEDICAL SCHOOL.
WICE PRESIDENT OF THE CALCUTTA MEDICAL GOCKETT

VICE PRESIDENT OF THE CALCUTTA MEDICAL SOCIETY
HONORARY PRESIDENCY MAGISTRATE AND
MUNICIPAL COMMISSIONER OF THE
TOWN OF CALCUTTA.

CALCUTTA.

1885.

All Rights Reserved.

JAINAM A

DISEASES OF THE EVE

A STATE AND STATE OF

ATTENDED TO BE A CONTROL OF THE STATE OF THE

AND THE REAL PROPERTY OF THE PARTY OF THE PA

Annual reference in the second of

The same of the sa

SAMES IN A LINE OF THE PARTY OF

UNIVERSITY OF BRISTOL MEDICINE

## Dr. G. Macnamara, J. B. G. S.

LATE SURGEON TO THE CHANDNIE, AND THE OPHTHALMIC HOSPITAL CALCUTTA, PROFESSOR OF OPHTHALMIC MEDICINE AND SURGERY IN THE CALCUTTA MEDICAL COLLEGE.

SURGEON TO THE ROYAL WESTMINISTER OPHTHALMIC HOSPITAL; SURGEON AND LECTURER ON SURGERY, WESTMINISTER HOSPITAL; SURGEON MAJOR H. M. INDIAN MEDICAL SERVICE.

This work is, with sincere regard, Dedicated
IN ADMIRATION OF HIS DISTINGUISHED TALENTS, HIGH
CHARACTER, AND PROFESSIONAL ATTAINMENTS
AND

IN GRATEFUL ACKNOWLEDGEMENT OF ACTS OF KINDNESS TO HIS ASSISTANT, AND FORMER PUPIL

LAL MADHUB MOOKERJEE.

STATE OF THE PARTY OF THE PARTY. And the second and the second as the second the property and the second

## विक्रांशन।

यिन छक्रे भंतीरतत गर्क थायान रेखित ७ छेरा महताहत रा मकल अनिवार्गा (तांश नाता आक्तिं हहेशा शांदक; यांशांकिरशंत शतिशांन, পরিণামে প্রায়ই অশুভ ও বিষম বিপদের মূলীভূত, সেইসকল রোগের কারণ ও তৎসম্বনীয় লক্ষণ ও তদিষরক চিকিৎসা অনবগত গাকা যদিও অবশুই অবিধেয়; যদিও পূর্কাণেকা বর্তুমান সময়ে এই রোগের আলোচনা অনেক উনীত হইরাছে; যদিও মেডিকেল কলেজের বাঙ্গালা বিভাগস্থ ছাত্রদিগের অধ্যয়নের নিমিত চিকিৎদা সম্বনীয় বিবিধ ইংরাজী পুস্তক বন্ধ ভাষায় অনুবাদিত ও প্রকাশিত হইরাছে; তথাপি যে প্রধানতম ইন্দির চক্ষুই, প্রকাশক ও অনুবাদকদিগের স্মৃতিপথান্তরাল রহিয়াছে ইহা কি অতীব আশ্চর্য্য নহে? স্কুতরাং এই অভাব দূরীকরণাভিপ্রায়েই ১৮৭৪ অব্দে আমি বন্ধ ভাষায় চক্ষু রোগ সম্বন্ধীয় একথানি পুস্তক महन्त थातृ इहै। यदः ये मगराहे स्मिष्टिकन करनराइ वामाना বিভাগস্থ ছাত্রদিগকে চক্ষুরোগ সম্বন্ধীয় চিকিৎসা বিষয়ে শিক্ষিত করা; মেডিকেল কলেজের উপরিতন কর্ত্পক্ষগণ কর্তৃক স্থিরীকৃত হওয়ায়, আমিই উক্ত বিভাগস্থ ছাত্রদিগের অধ্যাপনা কার্য্যে নিযুক্ত হইরাছিলাম। স্নতরাং আরো উৎসাহ সহকারে পুস্তক সমাধানে गङ्गतीन इरे। अधिक ख अभगरारे रमिएक करल कर हुन-বোগের স্থাসিদ্ধ প্রফেসর মহান্ত্রা সি, ম্যাক্নামারা সাহেবকে উপদেশ জিজ্ঞাদা করায়; তংকত পুস্তকই মেডিকেল কলেজস্থ ছাত্রদিগের পাঠ্য পুস্তক বলিয়া, তিনি আমায় তৎপ্রণীত "এ ম্যানুয়্যাল অফ দি ডিজীজেদ্ অফ্ দি আই" নামক চক্রোগ দম্মীয় ইংরাজী পুস্তক অবিকল বঙ্গভাষায় অনুবাদ করিতে উপদেশ দেন।

আপন বৃদ্ধি ও অভিজ্ঞতান্ত্ৰসারে অভিনৰ স্বতম্ভ্র কোন পুস্তক রচনা ক্রিলে, তাহা হইতে ছারবর্গ যে কতদ্র উপকৃত হইবে, তদ্বিধ্য শনিংহান হইয়া, তলিথিত প্তকই অবিকল বন্ধভাষায় অয়্বাদ করিতে পারত্ত হইয়ছিলাম। বিশেষ কায়ণায়য়োধে সম্দয় অংশ সাধারণের হতে অর্পণ করিতে পারি নাই। একণে উক্ত অভাব দ্রীকরণার্থেই অবশিষ্ট অংশের অয়্বাদ ও পূর্ম্বায়্রাদিত অংশের যথাসাধ্য পরিবর্ত্তন, পরিবর্দ্ধন ও সংশোধন করিয়া প্রকাশ করিলাম। প্রতিকৃতি বাতীত অস্ত প্রক্রিয়াও সবস্থান কৌশল অবগত হওয়া ছ্রুছ বিবেচনায় উক্ত ইংয়ালী পুতকের যে স্থানে যে রূপ প্রতিকৃতি আছে (পুতক অয়্বাদের অভিমতি অবগত হইয়াই পুতক প্রণেতা অয়্রগ্রহ পূর্দ্ধক উক্ত প্রতিকৃতি গুলি লগুন নগরী হইতে আনয়ন করাইয়া দেওয়ায়) এই পুতকেরও সেই সেই স্থানে তদয়রূপ প্রতিকৃতি প্রদত্ত হইল। পুতকথানি যাহাতে মেডিকেল কলেজের বাঙ্গালা বিভাগস্থ ছাত্র ও বাঙ্গালা চিকিংসকদিগের বিশেষ উপকারে আইসে, তির্বয়ে বিশেষ যত্ন ও মনোযোগ দেওয়া হইয়াছে। এতাদৃশ ছ্রুছ বৈজ্ঞানিক পুতক অধ্যাপকের সাহায়্য ব্যতীতও ছাত্রদিগের যাহাতে সহজে বোধগম্য হইতে পারে তির্বয়্য বিশেষ যত্ন ও মনোযোগের ক্রিটি হয় নাই।

পুস্তক থানি সন্থরে সাধারণের হস্তে সমর্পণ মানসে তিন থণ্ডে বিভক্ত করিয়া যথা সময়ে ক্রমান্তমে প্রকাশ করাই প্রথমে উদ্দেশ্য ছিল, কিন্তু তাহাতে পাঠক বর্গের অস্ত্রবিধা বিষয়ে সন্দিহান হইয়া তিন থণ্ড একত্র যোজিত করিয়া একবারেই প্রকাশ করিলাম। এক্ষণে ইহাতে বাঙ্গালা বিভাগস্থ ছাত্র ও বাঙ্গালা চিকিৎসকদিগের কথঞ্জিৎ উপকার দর্শিলেই আমার বায় ও শ্রম সার্থক হইবে।

আমার ছাত্র মেও হস্পিট্যালের ভূতপূর্ন আসিষ্ট্যাণ্ট সার্জন্ মৃত গুরুগোবিন্দ সেন, পুত্তক অনুবাদ সম্বন্ধে আমার যথেষ্ট সাহায্য করিয়াছেন। তজ্জাত তংক্তোপকার আমার চিরস্মরণীয়।

>नः लालमायेव मूथर्ज्जीम् त्लन्। ) > ना जून >৮৮৫ ∫

প্রীলালমাধ্ব মুখোপাধ্যায়।

## PREFACE.

-00-

Although the eye is the most important organ of the human body, although a knowledge of the nature, causes, and treatment of the diseases to which it is liable, is indispensably necessary to a successful pursuit of the medical profession, and although the study as well as the knowledge of the pathology and treatment of such diseases, have been developed, particularly in modern times, to a degree only short of perfection; still strange to say that among the various translations of English medical books that have been published till now, especially for the use of the students of the Vernacular Medical Schools at Sealdah, Dacca, Patna, Cuttack, and of the Native Doctors, now called Hospital Assistants, no Bengali version of a standard work on Ophthalmic Medicine and Surgery has, to my knowledge, as yet appeared.

The absence of such a work has consequently prevented many medical men, who are not conversant with the English language, from acquiring that knowledge, so necessary to them, of this particular branch of medical science.

With a view to meeting this want to a certain extent, I set to work, in 1874, in the compilation of a Bengali work on the Diseases of the Eye. About

the same time, the authorities in the Calcutta Medical College determined that the diangosis, treatment and pathology of the diseases of the eye should be included in the course of instructions for the Bengali class students; and I was appointed to deliver lectures on this branch of medical science. This appointment necessarily stimulated my efforts to complete the compilation I had undertaken. Fortunately for myself, and still more fortunately for my countrymen, I sought the advice of that eminent Professor of Ophthalmic Medicine and Surgery in the Calcutta Medical College, Dr. C. N. Macnamara, in respect to the form and details of the work I purposed bringing out. Dr. Macnamara had already published his "Manual of the Diseases of the Eye," and this work he was so kind as to permit me to translate into Bengali. Being doubtful whether my own intended compilation would be so useful to the classes for whose behoof I intended it, I abandoned the idea of publishing a separate work, and decided on bringing out a Bengali translation of Dr. Macnamara's Manual which had already established its authority as a text book. Circumstances, however, interfered to prevent me from completing the translation in which I had made some progress, and I could only publish a part of it which was favourably noticed in the Lancet and in some of the papers in this country.

The encouragement which I received by the appreciation of the work resulting in its ready sale, its favourable reception by the public, and the continued

absence of a Bengali version of any standard work on Diseases of the Eye, encouraged me to resume and complete the translation from the point at which I had broken off from the work. The whole book has now been completed, and I have taken the opportunity to alter, revise and correct to a considerable extent, and with great care, that part of it which I had previously translated and published, in bringing out the present complete Bengali version of Dr. Macnamara's "Manual of the Diseases of the Eye."

It is necessary to state that being unable to find perfectly appropriate and expressive Bengali names for particular diseases, described in the Manual, I have been forced to adopt the English names, which I have transliterated into Bengali, giving also the English names fully in English characters to prevent the possibility of any mistake.

As illustrations were absolutely necessary for enabling students to acquire a precise and accurate knowledge of the various methods in which operations on the eye for different diseases are performed, I have given diagrams to explain the letter-press where such diagrams were indispensable. It affords me much pleasure to say that having learnt of my intention to complete and publish the present work, Dr. Macnamara, with his wonted kindness, sent me the necessary illustrations from England, and for this mark of continued favour to me and interest in my labors, I cannot express my gratitude to him in sufficiently strong terms.

I have spared no pains to make this work as useful as possible to the students of the Vernacular Medical Schools, and to Native Doctors; indeed, so thoroughly useful as to enable them to acquire the necessary knowledge of this important branch of medical science without any help from the Professors, and with complete facility to themselves.

It had been my original intention to publish the book by instalments in three parts, in order that I might be able to place so much of it as was ready, as early as possible, in the hands of the classes for whom it was intended. I afterwards found that such a mode of publication might be felt to be inconvenient. I, therefore, changed my mind, and I have published the whole work at once, in a complete volume.

If the book should be of the slightest use to the classes for whom I have brought it out, I shall find my time, labor and expense amply rewarded.

In conclusion, I have to thank my pupil, Guru Gobindo Sen. L. M. S. (since deceased) for the kind aid and help, which he rendered me in getting the work through the press.

1 st. June 1885.

1. Lal'Madhub Mookerjee's Lane.

Calcutta.

Lal Madhub Mookerjee.

## OPINIONS OF THE PRESS.

----0----

সম্প্রতি বিদ্যোৎসাহী দেশহিতৈষী স্ক্রদর্শী ডাক্তার শ্রীযুক্ত বাবু লালমাধ্ব মুখোপাধ্যায় মহাশয় "ডিজীজেজ্ অফ্ দি আই , বা শালাণ্য তয় विषत्रक এक शांनि जज़ुरकृष्ठे श्रुष्ठक्त अथम थ अठांत कतियार हन। ইতিপূর্বে শীযুক্ত বাবু কৃষ্ণধন ঘোষ ডাক্তার মহাশ্য এই বিষয়ে একথানি পুস্তক প্রচার করিয়াছিলেন বটে; কিন্তু তাহা অতি ক্ষুদ্র ও কেবল নামের পুস্তক মাত্র হইয়াছিল। তদ্বারা চিকিৎসকদিগের কিছুমাত্রও উপকার माधि इस नाहे। किछ नानमाधि वांतृ ता शूछक প्रकांभ कतिसाहिन, তাহাতে ইংরাজী ভাষানভিজ্ঞ বঙ্গদেশীয় চিকিৎসকদিগের যথেষ্ট উপকার हरेटव उिचया दर्गान मत्मर नारे। वन्नतमी विकित्मा गाँउ वर्जमान অভ্যাদয়ের সময়ে অনুবাদিত গ্রন্থে, ভাষার যতদূর লালিতা প্রত্যাশা করা যার, লালমাণৰ বাবুর পুস্তকে তাহা বিশেষরূপ রক্ষিত হইরাছে। ইতিপূর্বে যে সকল ডাক্তার মহাশ্রেরা গ্রন্থ রচনা করিরাছেন, তন্মধ্যে মৃত মধুস্দন গুপ্ত মহাশয় ভিন্ন অপর কেহই দেশীয় আয়ুর্কেদ শাস্ত্র পরিজ্ঞাত ছিলেন না। স্তরাং তাঁহাদের দারা পারিভাষিক নাম সকলের অনুবাদ নির্দোষরূপে হওয়া সম্ভাবিত নহে। তাঁহারা কেবল সংস্কৃত শব্দ শাস্তের শাহায়ো ইংরাজী শব্দের ধাত্বর্থ বোধে পারিভাষিক নাম সকল সংগ্রহ করিয়াছেন। আয়ুর্কেদের মধ্যে যে সকল পারিভাষিক সংজ্ঞা পুনঃ পুনঃ উলিখিত আছে, তাঁহারা, তংসমুদরই অপরিজ্ঞাত ছিলেন বলিয়া সেই দকল শব্দ স্বকপোল কল্লিত করিয়া ব্যবহার করিয়াছেন।

বর্ত্তনান প্রক প্রণেতা লালনাধব বাব্র পুস্তকে তাহার কয়েকটী ভ্রম
সংশোধিত ইয়াছে দেখিয়া আমি যৎপরোনাস্তি আনন্দিত হইলাম। পূর্ব্ব
পূর্ব্ব অন্তবাদকেরা ইংরাজী প্যাথনজী এই শব্দকে বাঙ্গালাতে নিদান বা
নিদানত্ব ব্রিয়া উল্লেখ করিয়াছেন। কিন্তু উহা যে কতদূর ভ্রম ও দৃষিত

তাহা ইংরাজী বিজ্ঞান শাস্ত্র আয়ুর্কেদবিৎ ব্যক্তিমাত্রই সহত্বে বৃঝিতে পারেন। কারণ আয়ুর্কেদি শাস্ত্রে নিদান শব্দের অর্থ কারণ বলিয়া ব্যবস্ত হইয়া আসিতেছে যথা———

নিমিত্তং হেতুরায়তনং প্রতায়োথানকারণং নিদানমিতান্থাস্তরম।,, চরকঃ।

" নিমিত্তং হেতায়তন প্রতায়োখান কারণৈঃ নিদানমাত্তঃ—পর্যাইয়ঃ।,,
মাগ্রকরঃ।—অর্থাৎ নিদান শব্দের অপর নাম্ নিমিত্ত হেতু আয়তন
প্রতায়, উত্থান ও কারণ।

মহাক্ৰি কালিদাসও নিদান শক্তে কারণ বাচক বলিরা ব্যবহার করিয়াছেন। যথা।

> নিদানমিক্বাকুকুলস্থ সম্ভতেঃ স্থদকিণা দৌহদ লক্ষণং দধৌ॥

অর্থাৎ স্থাকিলা ইক্ষাকু কুলের সন্ততির কারণভূত গর্ভ লক্ষণ ধারণ ক্রিলেন।

এতদ্বিন অপরাপর কোন কোন স্থলে নিদান শব্দ নিশ্চরার্থেও ব্যবস্থত হয়।

কারণ ও নিশ্চর এই শব্দ দয় কথনই প্যাথলজি এই ইংরাজী শব্দের সদৃশসংজ্ঞক নহে। ইহা, যাহারা প্যাথলজী এই শব্দের প্রকৃত অর্থই জানেন, তাঁহারা বিশেষরূপ বৃঝিতে পারিতেছেন। অতএব প্যাথলজী শব্দের অর্থ বাঙ্গালায় নিদান ইহা কথনই হইতে পারে না। লালমাধব বাব্ স্বীয় অভিনব গ্রন্থে ঐ শক্ষানিকে বাঙ্গালায় সংপ্রাপ্তি এই সংজ্ঞার আখ্যাত করিয়া স্বকীয় বিশেষরূপ দ্রদর্শিতা ও পাণ্ডিত্যের পরিচয় দিয়াছেন। এতছিয় তাঁহার প্রকৃথানি মহামুভব ডাক্তার ন্যাক্নামারা সাহেবের ইংরাজী প্রকের অবিকল অমুবাদ হইয়াছে। এই পুস্তক পাঠ করিয়া ইংরাজী ভাবানভিক্ত ইউরোপীয় মতাবলম্বী চিকিংসকদিগের যে কতদ্র উপকার হইবে তাহা বর্ণনাতীত। লালমাধব বাব্ এই ত্ংসাধা কার্য্য করিয়া সকলেব নিকট বে অসীম বক্সবাদ ভাজন হইবেন, তিদ্বিয়ে আর সন্দেহ নাই। ......েন্স্যাপ্রকাশ।

attending the classes of the Calcutta Medical College, and that they are divided into two sections. The first go through a course of five year's study, and are taught the science and practice of their profession in English. The second class, not being versed in that language, are taught in the vernacular dialects of the country, and it is for the benefit of these students that Baboo Lal Madhub Mookerjee has translated Mr. Macnamara's Manual on Diseases of the Eye into Bengali. We believe that under similar circumstances this work has also been translated into Japanese by Mr. Sloan, and we have no doubt that, on the whole, it is wise to render standard manuals on subjects of this kind into the vernacular languages rather than attempt to compile books for the use of native students."

\* \* \* \* \* \* \*

"The Translator has bestowed great labor upon his work and deserves credit for the manner in which he has executed it. We have compared the Bengali translation with the English text and are satisfied that it will make a useful manual for those, who study English medicine through the medium of the Bengali language. We are glad to learn that the author has been appointed ophthalmic teacher in the Campbell Medical School, an appointment newly created by Government.".....

## ञ्ही शव।

### প্রথম ভাগ।

### প্রথম অধ্যায়। চকুর নির্মাণ ও দৃষ্টি কৌশল।

অবিটো অকিউলার্শিথ্—স্কেরটিক্—অপ্টিক্ নার্ভ—কন্জংটাইভা—কর্ণিয়া—
কোর্ইড্—আইরিস্—রেটিনা—ম্যাকিউলা লিউটিয়া—ল্যামিনা ক্রিবোদা—
লেন্সের সম্পেন্সরি লিগামেন্ট্ —হায়েলইড্—ভিট্রিয়্স্ হিউয়ার্—লেন্স্—
সিলিয়ারী পেশী—অক্ষিপুট—য়্যাক্মোডেসন্।.....(পৃ ১-২৫)

### দ্বিতীয় অধ্যায়। অক্ষিপরীক্ষা।

রোগীর চক্ষু ও দৃষ্টি পরীক্ষা করিবার রীতি—অক্ষিবীক্ষণ যন্ত্র—অক্ষিবীক্ষণ যন্ত্রের মৌলিক নিয়ম ও ব্যবহার—অক্ষিবীক্ষণ যন্ত্র দারা স্কৃত্ত চক্ষুর পরিদর্শন।

(প্র ২৬-৫৬)

### তৃতীয় অধ্যায় ! অক্লিকোটরের রোগাবলি।

অক্লিকোটরের অপায় সকল—তত্তত্য অন্তি সকলের রোগাবল্লি—কৌষিক বিধানের প্রদাহ—অক্লিকোটরের গ্রন্থি ও অর্দ্ধু দ সকল—অক্লিগোলকের স্থান চু।তি—অক্লিগোলক নিদ্ধাশন—অশ্রুভির রোগাবলি।.....(পৃ ৫৭-১০৬)

## চতুর্থ অধ্যায়। অক্সিপুটের রোগাবলি।

আঘাত এবং অপায়-প্রদাহ-কত-সর্ক্ দু-প্রকাঘাত-পুটমুদ্রণ-জন্ধিত্ব পুট এবং পল্পের অবস্থান বৈপরীত্য-এণ্ট্রোপিয়ম বা অতি বিপর্যন্তান্ধিপুট —এক্ট্রোপিয়ম্ বা বিপর্যান্তান্ধিপুট—বক্রপক্ষ-সংযোগ—ক্ষীতি—বায়্কীতি —অঞ্জনিকা—টিনিয়া দিলিয়েরিদ্—মৎকুণ—হার্পিদ্—ক্রম-হাইড্রোদিদ্।...

### CONTENTS.

### PART I.

#### CHAPTER I.

#### ANATOMY OF THE EYE.

#### CHAPTER II.

#### EXAMINATION OF THE EYE.

Methods employed in examining the eye, and testing the patient's Vision—The Ophthalmoscope: its principle and use—Ophthalmoscopic appearances of the healthy eye......[p. 26-56.]

#### CHAPTER III.

#### DISEASES OF THE ORBIT.

#### CHAPTER IV.

#### DISEASES OF THE EYELIDS.

Wounds and injuries—Inflammation—Ulceration—Tumours—Paralysis—Spasm—Abnormal position of cyclids and cyclashes—Entropium—Ectropium—Trichiasis—Adhesions——Œdema—Emphysema—Styes—Tincaciliaris—Lice—Herpes—Chrom-hydrosis...[p. 107-106]

### পঞ্ম অধ্যায়।

### অশ্রুপথ সকলের রোগ সমূহ।

অশ্র প্রণালীর স্থানাপসরণ ও অবরোধ—অশ্রুথলির প্রদাহ—নাসা প্রণালীর অবরোধ—অশ্রুগ্রির রস নির্গমের বিশৃঙ্খলা—সজল নেত্র—ল্যাক্রিয়াল্ সিষ্ট এবং অশ্রুগ্রির নালী।.....(পৃ১৬৭-১৮৭)

## ষষ্ঠ অধ্যায়।

### ক্ষেরটিকের রোগ সমূহ।

হাইপারী সিয়া অর্থাৎ রক্তাধিক্য —এপিস্কেরাইটিন্—ক্ষত—স্কেরোকোরইডাই-টিন্ য়্যাণ্টিরিয়র্-—আগাত এবং অপায়—অর্কুদ সমূহ।.....(পৃ ১৮৮-২০০)

## দিতীয় ভাগ।

### সপ্তম অধ্যায়।

### কন্জংটাইভার রোগ সমূহ।

হাইগারীমিক্—মিউকো-পিউরিউলেণ্ট্—পিউরিউলেণ্ট—ডিফ্থারিটিক্—
গ্র্যানিউলার—পঃষ্টিউলার কন্জংটিভাইটিস্—অপায়গ্রস্ত কন্জংটাইভা—হাইপার্ট্রফি বা বিরৃদ্ধি এবং য়্যাট্রফি বা হ্রাস—টেরিজিয়ম্—রিল্যাক্সেশন্
বা শিথিলতা—কন্জংটাইভাতে রস ও রক্তোৎপ্রবেশ—কন্জংটাইভার অর্জুদ
সমূহ— ক্যারস্কলের পীড়া।.....(পু ১-৯০)

## অফ্রম অধ্যায়। কর্ণিয়ার রোগ সমূহ।

সাধারণ সংপ্রাপ্তি—রক্তবহানাড়ীসম্বন্ধীয় অম্বচ্ছতা —কর্ণিয়ারপ্রদাহ—কেরাটাইটিন্ পংটেটা—প্রবল পূয়োৎপাদক কেরাটাইটিন্—নাতি প্রবল—ক্ষত
—হার্ণিয়া— ষ্টাফিলোমা— নালী——অম্বচ্ছতা—স্চীবংকর্ণিয়া—কর্ণিয়ার
স্বচ্ছ ও মণ্ডলাকার বহিবর্দ্ধন—কর্ণিয়ার অপায়চয়—য়ৢয়ারেশন্ বা মৃষ্টম্বক্—
নিম্পেষণ—বিদারিতাবাত—বাহ্নপদার্থ—আর্কন্ দিনাইলিস্ বা ধহুর্র্দ্ধ।...
(পূ ৯৪-১৬৮)

#### CHAPTER V.

#### DISEASES OF THE LACHRYMAL PASSAGES.

Displacement and obstructions of the puncta and canaliculi—Inflam. mation of the sac—Obstruction of the nasal duct—Defective secretion of lachrymal gland-Epiphora—Lachrymal cysts and fistula [p 167-187]

#### CHAPTER VI.

#### DISEASES OF THE SCLEROTIC.

Hyperæmia—Episcleritis—Ulceration—Sclero-choroiditis anterior—Wounds and Injuries—Tumours.....[p. 188-200]

#### PART II,

#### CHAPTER VII.

#### DISEASES OF THE CONJUNCTIVA.

#### CHAPTER VIII.

#### DISEASES OF THE CORNEA.

General pathology—Vascular opacity—Keratitis—Keratitis punctata
——Acute suppurative keratitis—Sub-acute—Ulceration—Hernia—
Staphyloma—Fistula—Opacities—Conical cornea—Spherical, pellucid
protrusion of cornea—Injuries of the cornea—Abrasions—Contusions
—Penetrating wounds—Foreign bodies—Areus senilis...[p 94-168.]

## তৃতীয় ভাগা

### नत्म ज्याशि ।

### আইরিদের রোগ সমূহ।

হাইপারীমিয়া বা রক্তাধিক্য—প্রাটিক্, সিরদ্, প্যারাদ্বাইমেটস্ আইরাইটিস্তিকিৎসা—সাইনিকিয়া—টুম্যাটিক্ আইরাইটিস্—আইরিসের অপার সমূহ
——সংযোগচ্যুতি—অর্ক্র্দ সমূহ—মাইডিয়্রাসিস্—মাইওিনিস্—টুমিউলস্
আইরিস্—হিপ্পশ্—ক্রতিম কনীনিকা—আইরিস্ কর্ত্তন—ইরিডেসিস্—
ইরিডেক্টমী—য়াকুয়দের পরিবর্ত্তন—সন্মুখবর্তী কুঠারে শৈল্য—ইরিডোকোরইডাইটিস্।.....(পু ১-৮১)

### দশ্য অধ্যায় ৷

### কোরইডের রোগ সমূহ।

ছাইপারী নিয়া বা রক্তাধিক্য—কোরইডাইটিশ্ ডিসিমিনেটা— কোরইডাইটিশ্ ডিফিউজা—সাপুরেটিভ্ কোরইডাইটিশ্—রক্ত সংঘাত—য়াটুকি— প্লেকামা— পোষ্টীরিয়র স্ট্রাফিলোমা—টিউবার্কল—আঘাত এবং অপায়—সংযোগ চ্যুতি —সমবেদন বপতঃ উত্তেজনা— অর্ধুদ সকল।.....(পূ ৮২-১১৭)

### একাদশ অধায়।

রেটিনা, ইল্যাফিক্ ল্যামিনা ও অপ্টিক্ নার্ভের রোগ সমূহ।
হাইপারীমিয়া—রেটনাইটিস্—হেমর্হেজ্—নিক্র্যাইটিক্ রেটনাইটিস্—রেটনাইটিস্ গ্রাপপ্লেক্টিকা— সংযোগ চ্যুতি—
নাইটিল্ পিগ্মেন্টোলা— রেটনাইটিস্ গ্রাপপ্লেক্টিকা— সংযোগ চ্যুতি—
রেটনার অন্তর্গত নাজীর এম্বোলিয়া—ইম্বিমিয়া— রেটনার ক্ষয়—রেটনার
আর্লু দ্—রাত্র্যান্তা— ত্যারান্ধতা— বর্ণান্ধতা——হেমিওপিয়া বা অর্দ্ধৃষ্টি—
ক্যোটোনা—ইল্যাফিক্ ল্যামিনার পীড়া সমূহ—অপ্টিক্ প্যাপিলার রক্তাধিক্য
-দর্শন স্বায়ুতে রক্তপ্রাব—দর্শন স্বায়ুর প্রদাহ—অপ্টিক্ প্যাপিলার গুক্তা—
ক্রিপ্রাা—্য্যামরোবিদ্ ।... (পূ ১৯৮-২১৬)

### PART III.

#### CHAPTER IX.

#### DISEASES OF THE IRIS.

#### CHAPTER X.

#### DISEASES OF THE CHOROID.

Hyperamia—Choroiditis disseminata—Choroiditis diffusa—Suppurative choroiditis——Extravasation of blood—Atrophy——Glaucoma—Posterior Staphyloma—Tubercle—Wounds and injuries of the choroid—Detachment—Sympathetic irritation—Tumours.......[p. 82-117]

#### CHAPTER XI.

### DISEASES OF THE RETINA, ELASTIC LAMINA, AND

#### OPTIC NERVE.

### দাদশ অধ্যায়।

### ভিট্রিয়দের রোগ সমূহ।

ভিটিরদের প্রদাহ— মাসি বা দৃষ্টির বিহবলতা—অস্বচ্ছতা— সিফিলিটিক্ ও য়ানিমিক্—ফিলম্——ভিটিরদের তরলতা——স্পাক্লিংসিনকাইসিস্— রক্তস্রাব—এণ্টোজোয়া বা ক্মি—ফরেণবডিজ্বা শৈলা।...(পৃ২১৭-২৩১)

### ত্রোদশ অধ্যায়।

### লেন্ অর্থাৎ অকি মুকুরের রোগ সমূহ।

আভিঘাতিক ক্যাটার্যাক্ট্—লেন্দ্ সম্বন্ধীয় ক্যাটার্যাক্ট্—কোমল, কটিক্যাল, বার্দ্ধক্য জনিত ক্যাটার্যাক্ট্—চিকিৎসা—উদ্বোগ—শস্ত্রক্রিয়া—ক্ষত—ক্যাপ্ প্রক্রিয়ার দ্বারা লেন্দ্ নিজাশন উহার প্রকারান্তর—লিনিয়ার এক্ট্র্যাক্সন্—ট্যাক্সন্—মডিফাইড্ লিনিয়ার এক্ট্র্যাক্সন্—ইরিডেক্ট্রনী ভিন্ন লিনিয়ার এক্ট্র্যাক্সন্—ক্যাপসিউলার্ক্যাটার্যাক্ট্—ট্র্যাটিক্ ক্যাটার্যাক্ট্—লেন্সের স্থান চ্যুতি।...(পৃ২০২-২৮৬)

## চতুৰ্দ্দশ অধ্যায়।

### পেশীর পক্ষাঘাত বা ফ্র্যাবিস্মাস্।

পেশীর ক্রিয়াভাব ও ক্রিয়া—দিদর্শন—টেরা দৃষ্টির মুখ্য ও গৌণ কোণ—
পক্ষাঘাত—কারণ—চিকিৎসা—পেশীর কুঞ্চন——ষ্ট্রাবিদ্যাদ্—সংপ্রাপ্তি—
কন্তার্জেণ্ট—ডাইভার্জেণ্ট্—লক্ষণ— চিকিৎসা—নিষ্ট্যাগ্যদ্। (পৃ ২৮৭-৩১২)

### शक्षमण अधाया।

## রিজ্যাক্ষন্ বা আলোক বক্রকারিণী শক্তিও য়াক্মোডেমন্

### বা সুস্থাপন ক্রিয়ার দোষ সমূহ।

সাধারণ বিবেচ্য বিষয়—চদ্মার লেন্সের সংখ্যা করণ—এম্মিট্রোপিরা এবং এমেট্রোপিয়া—হাইপার্মিট্রোপিয়া—স্থিরীকরণের উপায়—চিকিৎমা—মিলিয়ারী পেশীর কুঞ্চন—ষ্ট্রাবিদ্মাদ্—মাইওপিয়া—লক্ষণ—চিকিৎমা—প্রেন্বাইওপিয়া—লক্ষণ—ভাবীফল—জটিলতা—চিকিৎমা—অ্যাষ্টিগ্মেটিজম্—
ফারণ—লক্ষণ—ভাবীফল—চিকিৎমা।………… (পূ ১১০-৩৫০)

#### CHAPTER XII.

#### DISEASES OF THE VITREOUS.

Hyalitis-Musea-Opacity; syphilitic and anæmic-Films-	—Fluid-
Vitreous Sparkling synchysis Hæmorrhage En	itozoa
Foreign bodies p.	217-231]

#### CHAPTER XIII.

#### DISEASES OF THE LENS.

Pathology of Cataract—Lenticular Cataracts—Soft—Cortical
——Hard —— Treatment —— Preparation of Patient —— Operation —
Depression—Solution—Flap Extraction—Modification—Linear
Extraction—Traction Operation—Modified Linear Extraction—
Linear Extraction without Iridectomy—Choice of an Operation
——Capsular Cataract——Traumatic Cataract——Dislocation
of the Lens[p. 232-286]

### CHAPTER XIV.

#### PARALYSIS OF THE MUSCLES OF THE EYE-STRABISMUS

Innervation and Action of Muscles—Diplopia—Direct—Crossed Angles of Squinting—Paralysis—Causes of—Treatment—Shortening of Muscles—Strabismus—Pathology—Convergent—Divergent—Symptoms—Treatment—Nystagmus..[p. 287-312]

#### CHAPTER XV.

## ERRORS OF REFRACTION AND ACCOMMODATION OF THE EYE,


### চক্ষুর আকৃতি।\*

মানব চকুকে বিধাচ্ছেদ করিয়া এই আকৃতি প্রস্তুত হইয়াছে।

- S. স্ক্লেরটিক্ (Sclerotic) ইহা সন্মুখে কণিয়া পর্যন্ত বিস্তৃত।
- D. কর্ণিয়া (Cornea)
- N. কর্ণিয়ার ইপিথিলীয়াল তার (Epithelial layer of cornea)
- C. কোরইড (Choroid, )
- I, আইরিদ্ (Iris)
- CP. দিলিয়ারী প্রোদেদেদ্ (Ciliary processes)
- CM. দিলিয়ারী মদ্ল্ (Ciliary muscle)
- E. সাকুলার সাইনদ্ (Circular signs)
- R. রেটিনা (Retina)
- M. ম্যাকিউলা লিউটিয়া ( Macula lutea )
- O. অপ্টিক ডিস্ক (Optic disc)
- SL. লেনের সম্পেন্সরি লিগামেন্ট (Suspensory ligament of the lens)
- H. হায়েলইড (Hyaloid)
- P. কেনাল অফ্ পিটিট্ ( Canal of Petit )
- V. ভিট্যুদ্ ( Vitreous )
- Q. পোষ্টিরিয়র চেম্বার ( Posterior Chamber )
- A. ব্যান্টিরিবর চেমার্ (Anterior Chamber)
- L. লেস (Lens)

<sup>🗱</sup> পর পৃষ্ঠার ১ নং প্রতিক্ষতি দেখ।

### PLATE I.



Lith: by Day & Cousin.



### প্রথম অধ্যায়।

## চক্ষুর নির্মাণ ও দৃষ্টি-কৌশল।

চক্ষুর নির্মাণ।

### ভাৰিটো-ভাকিউলার শিপ্ (Orbito-Ocular Sheath.) বা অক্সি-জাল।

অক্ষিগোলক একটি স্ত্রময় জালদারা আবৃত থাকে। অক্ষিকোটরের এপেকা উক্ত জালের প্রারম্ভ হল। উহা তথার অপ্টিক্ নার্ভ্ বা দর্শন-

সায়ুকে ক্রমে সংবেষ্টন করত, সমুখদিকে আগমন করেও পরিশেষে কর্ণিয়ার প্রান্তহইতে তুই এক মানরেখা (Line) অন্তরে স্কের-টিকের সহিত মিলিত হয়। এই জালকে ইং-রাজী ভাষায় অর্বিটো -অকিউলার শিথ্ বা ক্যাপ্দিউল্ অব্ টিনন্ (Capsule of Tenon) কহে; বাঙ্গালা ভাষায় উহাকে অক্ষি-জাল শব্দে নির্দেশ করা গেল। উহা, আক্ষিক নিরক্ষবৃত্তের নিকট, তির্ঘ্যক-পেশী (अत्निकि गम्नम् Obliqui muscles) मक-লের টেওন্ এবং সন্মুধে সরল-পেশী সকলের ( রেক্টাই মদ্লদ্ Recti muscles) টেওন্ দারা বিদ্ধ হইয়া, তাহাদের সহিত মিলিত থাকে। প্রথম প্রতিকৃতি দেখিলেই এই বিষয় স্পষ্টরা ব্ঝিতে পারা যাইবে।

১ম প্রতিক্রতি।



a, b, c, d, मज़ल-(अभी मकर्लात বিভাগচয়; e. e. ক্যাপ্সিউল্ অব্ টিনন্, g, g, ক্ষেরটিক্, ইহা হইতে क्राश्मिष्ट व्यव् हिनन् ष्टामाहिक করা হইয়াছে, f বিভাজিত দর্শন याय।

এইরপ ঘটনা হওয়াতে, নেমন উর্জিন্থি-মন্তক নিতদান্থি থাতে (Acetabulum) বিঘূর্ণিত হয়, দেইরূপ অন্ধিগোলকের পশ্চাৎ প্রদেশ, উক্ত অর্বিটো-অনিউলার ক্যাপসিউলের সন্মুথ প্রদেশের উপর ভ্রামিত হইয়া থাকে। উক্ত পরিভ্রামণ সৈহিক ঝিল্লী (সিরস্ মেস্থেণ্ Serous membrane) সদৃশ এক প্রকার ফিলামেন্টন্ টিস্ল (Filamentous tissue) বা সৌত্রিক বিধান থাকার অনায়াসে নির্বাহিত হয়। কোন আভিঘাতিক ঘটনাক্রমে উক্ত সংযোগের কোন পরিবর্ত্তন ঘটলে, চক্ষু কোটর হইতে বহির্গত হইয়া আসিতে পারে; এবং চক্ষুর এক প্রকার স্থান-চ্যুতিও ঘটয়া থাকে। অন্ধিগোলক নিদ্ধান্দন করিবার সময়ে উল্লিখিত সৌত্রিকবিধানের ব্যবধান যাহাতে বিদ্ধ হইতে না পারে, এরূপ সাবধান হইলে শক্তপ্রক্রিয়া দারা তাদৃশ অনিষ্ঠ সংঘটন হইতে পারে না। কিন্তু প্র ব্যবধান বিদ্ধ হইলে অন্ধিকোটরের কোমলাংশ সকলে প্রদাহ (Inflammation) ও পূয় (Suppuration) উৎপন্ন হইয়া, করোটগাহ্বরের (Cranial cavity) অভ্যন্তর পর্যান্ত বিস্তৃত হইতে পারে।

ক্যাপদিউল্ অব্ টিননের সহিত সরলপেশী সমূহের কণ্ডরা সকলের পরস্পর সংযোগ থাকার উপকারিতা দি-দৃষ্টি (ডিপ্লোপিরা) রোগোপশমার্থে, যখন
উক্ত কণ্ডরা সকল কর্ত্তন করিতে হয়, তখন বিশেষ উপলব্ধ হইয়া থাকে।
ফলতঃ ইহা স্পষ্টই প্রতীয়মান হইতেছে যে, সরলপেশীগুলির কওরাসকল
স্পেরটিকের যে যে অংশে সংলগ্ন থাকে, যদ্যপি সেই সেই অংশের নিকটে
উক্ত টেণ্ডনগুলিকে কর্ত্তন করা যায়, তাহা হইলে, ক্যাপদিউল্ অব্
টিননের সহিত সংযুক্ত পেশীর অস্তান্থ বর্দ্ধিত স্ত্রগুলি অবিভক্ত থাকায়
তাহাদের সংকোচনের বাধা হয়, উহারা পশ্চাতে অধিক যাইতে পারে না।
স্প্রতরাং সরলপেশীর বিভাজিত প্রান্তভাগ স্ক্রেটিকের সহিত যে স্থানে সংলগ্ন
ছিল, তাহার অনতিদ্রে সংযুক্ত থাকে। অপাঙ্গ দৃষ্টি (Strabismus)
রোগোপশমার্থে শস্ত্র-চিকিৎসাকালে সর্বাগ্রে এই বিষয় অমুধাবন
করা কর্ত্ব্য।

সাববান পূর্ব্বক অফিগোলককে সমুদ্য সংযোগ-চ্যুত করিলে উহা প্রায় মঙলাকার দৃষ্ট হয়। কর্ণিয়া একটা ক্ষুদ্রতর বৃত্তের অংশ বলিয়া, উহা অত্যাত্ত অংশাপেক্ষা সমধিক হাজ। সকল ব্যক্তির অক্ষিগোলকের আকার সমান হয় না; উহার মধ্যবিধ ব্যাসরেখা প্রায় ই ইঞ্চি।

### (अटाहराउटा) (Scherotic.)

অফিগোলক যে যে আবরণ দারা প্রকৃত রূপে আর্ত, তন্মধ্যে স্ক্রেটিকই সর্বাপেক্যা বহিঃস্থিত। ইহা যন, অস্বচ্ছ ও স্থ্রময় আবরণ বলিয়া, মধ্যবর্ত্তী কোমলবিধান সকলের আরুতি রক্ষার কারণ এবং অবলম্বন স্বরূপ হইরা থাকে। সন্মুখদিকে ইহা কর্ণিয়া নামে খ্যাত এবং সেই স্থানে ইহার নির্মাণণের এরূপ পরিবর্ত্তন হইরাছে, যে উহা স্বচ্ছতা প্রাপ্ত হয় এবং তজ্জ্ঞ্জ চক্ষুর মধ্যে আলোক প্রবেশ করিতে দেয়। পশ্চাদ্দিক্ হইতে দর্শন-মায়ু (অপ্টিক্ নার্ভ্,) সিলিয়ারী নাড়ী ও স্নায়ু সকল আসিয়া এই স্ক্রেটিককে বিদ্ধ করিতেছে। ইহা পশ্চাদ্ধাণে অতিশয় স্থুল, এই স্থানে উহা রেটিনার সমান দূর বিস্তৃত তথা হইতে সন্মুখদিগে যতই অগ্রসর হইতেছে, ততই স্ক্লেতায় পরিণত হয়। এবং পরিশেষে কর্ণিয়ার কিয়দ্ধান আবার ক্রমশঃ স্থুলভাব ধারণ করে। কারণ এই স্থানেই ক্যাপ্সিউল অব্ টিনন্ স্ক্রেটিকের সহিত মিলিত হয়। অপিচ যেখানে সরল-পেশী ও তির্মাক্-পেশী সকল আসিয়া মিলিত হইতেছে, তাহার অব্যবহিত পশ্চাতে উহা সর্ব্বাপেক্ষা পাতলা। স্ক্রেটিকের বাহ্যপ্রদেশ ক্যাপসিউল্ অব্ টিননের সহিত, এবং অভ্যন্তরপ্রদেশের সন্মুখভাগ্ন, সিলিয়ারী-পেশীর সহিত ও পশ্চাদ্বাণে কোরইডের সহিত মিলিত আছে।

### অপ্টিক্নার্ (Optic nerve.)

অপ্টিক্ নার্ভকে বাঙ্গালা ভাষার দর্শন-সায়ু কহে। এই দর্শন সায়ু চক্ষুর রাান্টেরো পোষ্টিরিয়র্ য়াাক্সিন্ (Antero-posterior axis) অর্থাৎ সন্মুথ পশ্চাৎ-মেরুর অভ্যন্তরদিকে 🚡 ইঞ্চি অন্তরে, রেটিনার রক্তবহানাড়ীগুলির (Retinal vessels) সহিত সমবেত হইয়া স্কেরটিকের মধ্য দিয়া গমন করিতেছে। দর্শন-সায়ু যে পথ দিয়া চক্ষুর অভ্যন্তরে গমন করে, তাহার আকার ফনেল্ অর্থাৎ স্ক্রাগ্র বিশিষ্ট; উহার স্ক্রেটিকের মধ্যবর্ত্তী পথের বিস্তার অন্তর্ণ দিকে সন্ধীর্ণ এবং বহিদ্দিকে অপেকাক্ত কিঞ্চিং প্রশন্ত। এই ছিদ্রের উপর

অসংখ্য (Decussating fibrous bands ) ডিকাসেটিং ফাইব্রস্ব্যাওস্ অর্থাৎ পরস্পর অবচ্ছেদক-স্ত্রময় ঝিল্লী অবস্থিত আছে; তাহা দ্বারাই ল্যামিনা ক্রিরোসা (Lamina Cribrosa) অর্থাৎ রন্ধুময়-স্তর নির্মিত হয়। ফলতঃ স্ক্রেটিক্ এই স্থানে দর্শন সায়ুর দ্বারা এক ছিদ্রে বিদ্ধ না হইয়া, উহার (Component fascicle) কম্পোনেন্ট্ ফেসিকল্ অর্থাৎ ঔপাদানিক-সায়ু-স্ত্রসমূহের প্রবেশার্থে, নানা সংস্কীর্ণ ছিদ্রে বিদ্ধ হইয়াছে, এইরূপ বলা আরও শুদ্ধ।

দর্শনমায় একটা ঘন স্থ্রময় জাল বা আবরণে আবৃত। উক্ত জালের কিয়দংশ স্কুরটিকে উপস্থিত হইয়া তাহার নির্মাণের সহিত জড়িত হওতঃ, পশ্চান্তাগে তাহার দৃঢ়তা সম্পাদন করিতেছে। অধিকন্ত, যে সকল গুছুদ্বারা সায়ু নির্মিত হইয়াছে, তাহারা যে২ আবরণ দ্বারা আবৃত আছে, তাহা চক্ষুর অভ্যন্তরে প্রবেশ করিতেছে না। উহারা সায়ুর উপাদান পদার্থ ত্যাগ করিয়া ল্যামিনা ক্রিব্রোসার সৌত্রিক-জাল এবং স্কুরটিকের অভ্যন্তরম্থ পদার্থে মিলিত হইতেছে। এই স্থান হইতে উক্ত স্বায়ু পদার্থ, তাহার শ্বেত-পদার্থ বিরহিত হইয়া থাকে।

ডাক্তার ডণ্ডার্স সাহেব সায়ুর এই আবরণকে দ্বিস্তর বলিয়া বর্ণনা করিয়াছেন। কিন্তু সেই ছুই স্তরের শেষ ভুল্যরূপ নহে, অবস্থান ও গমন-নির্দেশ
বহিঃস্থ স্তরটির, অপেক্ষারুত বৃহৎ। ইহা দর্শন-সায়ু যে স্থলে চক্ষুর অভ্যন্তরে
প্রেবেশ করিতেছে, তথার তাহাকে পরিত্যাগ করিয়া বহির্দ্দিকে গমন করতঃ
ক্ষুরটিকের সহিত সমবেত হইতেছে। তাহাতে এই স্থলে ক্ষুরটিকের
একটা বহিঃস্থ অতিরিক্ত আবরণ হইতেছে। অন্তরুস্থ স্তরটি অপেক্ষারুত
কোমল, উহা ল্যামিন্যা ক্রিব্রোসা পর্যান্ত দর্শন-সায়ুর সহিত গমন করিয়া,
তথার তাহার নির্মাণ বিষয়ে সহায়তা করতঃ, বহির্দ্দিগে বক্র হইয়া, ক্ষুরটিকের অন্তর্ভাগে মিলিত হইতেছে। সায়ুর এই ছুই আবরণ-স্তর যথন
প্রক্রতাবস্থার থাকে, তখন উহাদের মধ্যে শিথিল-সংযোজক-ঝিল্লীর (Loose
connective tissue) এক স্কল্প পর্দ্দা অবস্থিত হইয়া, উহাদিগকে দৃঢ়রূপে
সংলগ্ন করে। উল্লিথিত সাহেব আরও বর্ণনা করেন, যে ষ্ট্যাফিলোমা পোষ্টাইক্স্ (Staphyloma posticum) রোগপ্রবণ ব্যক্তির উক্ত বহিঃস্থ আবরণ

## চক্ষুর নির্মাণ।

তার ক্রমশঃ অন্তরন্থ-ন্তর হইতে পৃথক হইরা অবস্থিত থাকে। ইহাতে উহাদের মধ্যে যথেষ্ট ব্যবধান হয়। শস্ত্র দ্বারা ছেদন করিয়া দেখিলে, এই ব্যবধান একটা ত্রিভুজের স্থায় বোধ হয়, ও তন্মধ্যে অধিক পরিমাণ কনেক্টিব টিস্ক বা সংযোজক বিধান উৎপন্ন হইরা অবস্থান করে। এইরূপে যথন উক্ত স্থানদ্ম বিক্নতাবস্থা প্রাপ্ত হয়, তথন অপ্টিক ডিস্কের অব্যবহিত চতুম্পার্শ্ববর্তী ক্লের-টিকের স্থানে উক্ত স্থান্ন অন্তরন্থ-ন্তর দেখিতে পাওয়া যায়। এই ন্তর পূর্বের্ব পশ্চাদ্দিক্ হইতে স্বাভাবিকাবস্থায় যেরূপ অবলম্বন প্রাপ্ত হইত, এক্ষণে তাহা হইতে রহিত হয়। স্ক্তরাং উহা অক্টি-সভ্যন্তরন্থ -চাপ (Intra-ocular pressure ইন্ট্রা অকিউলার প্রেদার) সহ্ন করিতে না পারিয়া শিথিল হওতঃ প্রাফিলোমা রোগের উৎপাদন করে। (৩৩শ প্রতিকৃতি দেখ)।

### কন্জংটাইভা (Conjunctiva.)

কন্জংটাইভা বাস্তবিক এক প্রকার শ্লৈত্মিক-ঝিল্লী (মিউকস্ মেম্বেণ) মাত্র। উহার উপরিস্থ স্তর ইপিথিলীয়াল নেলুনের (Epithelial cells) দারা নির্শ্বিত। এই ইপিথিলীয়্যাল্ কোষ সকল ভিত্তি-ঝিল্লীর (Basement membrane বেদ্মেণ্ট মেশ্বেণ) উপরিভাগে সংস্থাপিত আছে। কৈশিক নাড়ীগুলি উক্ত বেদ্মেণ্ট মেস্ত্রেণের নিম্নে অবস্থান করে। কন্জংটাইভা অক্সিপুটাভ্যন্তর আবৃত করিয়া, পরে অক্ষি-গোলকের সমুদর সন্মুখভাগ আরুত করিতেছে। বস্তুতঃ কন্জংটাইভাই সর্ব্ধপ্রথমে আমাদের দৃষ্ট হয়। ইহার যে ভাগ অক্মিপুটের অন্তর্ভাগে আছে, তাহাকে ( Tarsal or Palpebral) টার্দাল বা প্যাল্পিব্র্যাল্ অর্থাৎ অক্সিপুটস্থ কন্জংটাইভা কহা যায়; এবং যে ভাগ অন্ধিগোলকের সম্মুখোপরি আছে, তাহাকে (Orbital or Ocular) অবিট্যাল বা অকিউলার অর্থাৎ অক্ষিগোলকের কন্জংটাইভা কহা যায়। উহা অক্ষিপুট হইতে অক্ষিগোলকে ভাঁজিয়া আদিবার সময়, যে স্থানে উক্ত পুট ও গোলক পরস্পার সংলগ্ন হইতেছে, ঠিক্ সেই স্থানে একটা শিথিল ভাঁজ উৎপন্ন করে; যাহাকে ( Tarsoorbital-fold) টার্দো অবিট্যাল ফোল্ড কহে। আর নাদা পার্শ্বস্থ অপান্ধদেশে উহা আর একটা অধোর্দ্ধ ভাঁজ ( Vertical fold ) ভার্টিকাল ফোল্ড) উৎপন্ন করে, তাহাকে প্লাইকা সেমিলিউন্থারিস্ (Plica Semilunaris) নামে আখ্যাত করা যায়।

উক্ত প্যাল্পিব্রাল্ কন্জংটাইভা সমধিক রক্তবহা-নাড়ী-সম্বলিত ও ঘন।
উহার উপরিভাগ বহু সংখ্যক প্যাপিলি ( Papillæ ) দ্বারা সমুন্নত। এক বা
তদধিক স্থান কৈশিক নাড়ীর অন্ত ( Capillary loops ) ও একটি শেষ
মায়্-যন্ত্র ( Terminal nervous apparatus ) সংযোজক বিধান দ্বারা পরিবৃত হইয়া উক্ত প্রত্যেক প্যাপিলাকে নির্দাণ করিতেছে। আর যেরপ অন্ত
মধ্যে কতকগুলি বিক্ষিপ্তগ্রন্থি (সলিট্যারী ম্যাও Solitary gland) আছে, তদ্রপ
উক্ত বেদ্মেন্ট্ মেম্বেণের নিম্নে যে শিথিল-সংযোজক-বিধান আছে, তাহাতেও
কতকগুলি বিক্ষিপ্তগ্রন্থি আছে। এতন্তিন তথায় অন্তাদশ কিম্বা বিংশতি সংখ্যক
কন্মোমারেট্ ম্যাণ্ডের (Conglomerate glands) বা একত্রীভূত গ্রন্থির একটী
সারি দৃষ্ট হয়। তাহারা প্রত্যেকেই এক একটি প্রণালী ( Duets ) দ্বারা কন্জংটাইভার টার্মো-অর্বিট্যাল-ফোল্ডের অনাবৃত উপরিভাগে উন্মুক্ত আছে। এ
প্রণালী দিয়া যথেষ্ট পরিমাণে জল নিঃস্থত হওয়ায় চক্ষু সতৎসিক্ত থাকে।

আক্ষিক কন্জংটাইভাতে প্যাপিলি দৃষ্ট হয় না। উহা সংযোজক বিধান দ্বারা ক্যাপ্দিউল্ অব টিননের সহিত আবদ্ধ ও সন্মুখদেশে স্কেরটিকের সহিত মিলিত থাকে। ইহাতে উপরিস্থ ও নিম্নস্থ দিবিধ রক্তবহানাড়ী-দল সঞ্চালিত হইতেছে। উপরিস্থ নাড়ীগুলি প্যাল্পিব্র্যাল্ ও ল্যাক্রিম্যাল্ ধমনীর শাখা সমূহ হইতে এবং নিম্নস্থ নাড়ীগুলি মন্ধিউলার্ ও দিলিরারি ধমনী হইতে উৎপন্ন হইরাছে। উহারা পরস্পর মিলিত হইয়া কর্ণিয়ার
চতুর্দ্দিকে একটা নাড়ীচক্র উৎপাদন করিতেছে। এই নাড়ী-চক্র হইতে ক্ষ্ম
ক্ষুদ্র শাখা নির্গত হইয়া, স্কেরটিককে বিদ্ধ করতঃ, আইরিস্ (আলোকাবরনী)
ও কোরইডের (ক্রফাবরক) রক্তবহা নাড়ীসকলের সহিত মিলিত হইতেছে।
এই নিমিত্ত বখন এই শেষোক্ত বিধানদ্বে অর্থাৎ ক্রফাবরক ও আলোকাবরণীতে রক্তাধিক্য হয়, তখন কর্ণিয়া বেষ্টক নাড়ী-চক্রও (Zone of Vessels) অত্যন্ত ক্ষীত ও রক্তপূর্ণ হয়; স্বতরাং তাহাতে ক্লেরটিক্ জোন্
অব্ ভেসেলদ্ বা "শ্বেতাবরকীয়" নাড়ী-চক্র সমুৎপাদিত হয়। এই শ্বেতাবরকীয় নাড়ী চক্র "আর্থ্রিটিক্ রিং" নামেও খ্যাত আছে। চক্ষ্র আভ্যন্তরীল

রক্ত-চাগনের কোন বিশৃঙ্খলতা ঘটিলে, কেবল আর্থ্রিটিক্ রিং প্রধানতঃ পরি-দুখ্যমান হয়, ইহা আমাদিগকে পুনঃ পুনঃ উল্লেখ করিতে হইবেক।

কন্জংটাইভার শিরা সকল হইতে রক্ত মন্ধিউলার এবং ল্যাক্রিম্যাল শিরা সকল দারা ক্যাভার্ণস্ সাইনস্ (Cavernous sinus) মধ্যে এবং নেজ্যাল্ আর্চ (Nasal arch) দিরা মুখমগুলের কোণ-গামী-শিরা (Angular veins) ম্যান্ত্রলার ভ্যেইন্স্ মধ্যে প্রকাশ করে। স্কৃতরাং কোন কারণ বশতঃ, কোরইডের ভ্যামা ভর্টিকোসার (Vasa-vorticosa) মধ্য দিয়া চান্ত্র্য শিরাতে (অপ্থ্যালমিক্ ভ্যেইন্স) শোণিত পরিচালনের কোন বাধা জন্মিলে, কন্জং-টাইভার শিরা সমূহ দিয়া এক প্রকার আত্র্যন্ত্রিক পরিচালন (Collateral circulation) ঘটিয়া থাকে। প্লকোনা (Glaucoma) রোগে সচরাচর এইরূপ ঘটনা লক্ষিত হয়। আর উক্ত পরিচালন প্রযুক্ত কোরইডের পুরাতন পীড়া সকলে কনজংটাইভায় কতকগুলি বর্দ্ধিত ও বক্র বাহ্ন-রক্তবহা নাড়ী দৃষ্টি গোচর হইয়া থাকে।

#### কর্ণিয়া (Cornea.)

কর্ণিরাকে বাঙ্গালা ভাষায় স্বচ্ছাবরণী শব্দে নির্দেশ করা গেল। কর্ণিয়া স্কেরটিকের রূপান্তর মাত্র। উহা এরূপে নির্দ্মিত, যে কেবল অন্তর্ণাহশক্তি (Endosmosis) দারাই পরিপোষণ লাভ করিয়া থাকে। তরিমিত্ত ইহাতে রক্তবহা-নাড়ী মণ্ডলের (Vascular system) আর প্রয়োজন হয় না। কারণ উহাতে রক্তবহা-নাড়ী থাকিলে উহার স্বচ্ছতার অনেক ব্যাথাত জন্মিত। কর্ণিয়ার সকল স্থানই সমান স্থল; কেবল পরিধিভাগে উহা স্থবিধা মত ঢালু থাকায়, তত্ত্পরি স্কেরটিক্ আদিয়া পড়িতেছে বলিয়া, কেবল সেই স্থানই অপেক্ষাকৃত অধিক পাতলা।

কর্ণিরা তিনটি স্তরে (Laminæ) বিভক্ত। সম্মুখন্তর—— যাহাকে কনজংটাইভাল স্তর কহে, তাহা নির্দিষ্ট-নির্মাণ-বিহীন মেম্ব্রেণ বর্লিরা প্রতীয়মান
হয়। উহার সম্মুখপ্রদেশ ইপিথিলীয়াল্ সেলের কতকগুলি স্তর দারা আবৃত
আছে। পশ্চাদিকে উহা হইতে কতকগুলি প্রবর্জন অভ্যন্তর দিকে গমন
করিয়া, পশ্চাৎবর্ত্তী স্তরের সৌত্রিক বিধানের সহিত মিশ্রিত হইতেছে। মধ্য

স্তর্থ কর্ণিয়ার প্রধান ভাগ। উহার সৌত্রিক-বিধানোপাদন সকল উপন্/পরি বহুতর স্তরে সিরিবিষ্ট। মাহাহউক, এই সকল পরস্পর সংস্পর্শী স্তর মধ্যে বিলক্ষণ যোগাযোগ থাকায়, উহারা দৃঢ় সম্বন্ধে আবন্ধ আছে। উক্ত সৌত্রিক বিধানোপাদান এবং স্তর সকলের মধ্যে স্বসংখ্য ব্যবধান-স্থানও আছে। অপিচ উহার অধিকাংশ ব্যবধানে আয়ত নিউক্লিয়্মন্ (Neucleus) অবস্থান করে; এবং বোধ হয়, জীবিতশরীরে তাহারা সকলেই পরিপোষক রসদারা আয়ুত থাকে। লঙ সিলিয়ারি সায়ুসকলের শাখা গুলি বহুল-জাটলও জালবৎ বলিয়া, কর্ণিয়া মধ্যে প্রতীয়মান হয়:।

পশ্চাৎ-স্তর দর্মতঃ দমজাতীয় (Homogeneous membrane) ঝিল্লীদারা রচিত। ইহা, অভ্যন্তরের অর্থাৎ য়্যাকিউয়দ্ হিউমারের (Aqueous humour) দিকে ইপিথিলীয়্যাল্ দেলদের দ্বারা আরুত। ডাক্তার বোম্যান সাহেব বলেন যে, উহা স্বচ্ছ একবিধ গঠিত ঝিল্লী মাত্র। উহা যদিও বিলক্ষণ দৃঢ় ও কঠিন এবং কাঁচি দ্বারা ছেদন করিবার সময়ে এক প্রকার কচ্কচা শব্দ করিয়া থাকে, তথাপি নিতান্ত ভঙ্গপ্রবণ ও অনায়াসে ছিল্ল হইয়া য়ায়; এবং ছিল্ল হইলে উহার থওগুলি চতুর্দিক্ হইতে গোলাকারে জড়িয়া আইসে।

মধ্য স্তরের সেতিক বিধানের কিয়দংশ পশ্চাৎ স্তরের সহিত কর্ণিয়ার পরিধিভাগে সংযুক্ত হইতেছে; এবং এই সংযোগ দ্বারা তিন প্রস্থ স্তরের উৎপত্তি হয়। তন্মধ্যে এক প্রস্থ পশ্চাদগামী হইয়া সিলিয়ারি প্রোসেসের অভিমুখে গমন করতঃ, সিলিয়ারি পেশীর এক সংযোগ স্থল হয়। অন্ত প্রস্থ সামুখ ভাগে ধন্থকাকারে রক্র হইয়া, ক্লেরটিকের স্ত্রচয়ের সহিত সংযুক্ত হইতেছে। এই উভয়ের মধ্যে অত্যল্পমাত্র ব্যবধান আছে, তাহাকে সার্কিলার্ সাইনস্ (Circular sinus) কহা য়ায়। তৃতীয়তঃ আর কতকগুলি স্ত্র পশ্চাদিকে বক্র হইয়া আইরিসে গমন করতঃ, তথায় তাহার সামুখবর্ত্তী পরিধিতে সামিলিত হইতেছে।

#### কোরইড্ (Choroid.)

আমরা বাঙ্গালা ভাষায় কোরইডকে কৃষ্ণাবরক নামে আখ্যাত করিয়াছি। বস্তুতঃ কোরইড্ রক্তবহা-নাড়ী-বিধান (ভ্যাস্থলার্ ষ্ট্রক্চার্) মাত্র।, ভিট্রিয়স্

ও লেন্দ্র পোষণার্থ শোণিতের আধার পাত্র হইবে, ইহাই উহার মুখ্য উদ্দেশ্য। এই কোরইড্ সন্মুধদিকে সিলিয়ারী প্রবর্জনের মধ্যে বর্দ্ধিত হইয়া গিয়াছে। উহা বাহ্য-দিকে স্বেরটিক ও সিলিয়ারী পেশীর সহিত, অভ্যন্তর দিকে কোরইডের ইল্যাষ্ট্রিক ল্যামিনা অর্থাৎ স্থিতিস্থাপক পর্দার সহিত সংলগ্ন আছে। এই স্থিতিস্থাপক পদ্দা হায়েলোইড্ মেম্বেণ্ ( Hyaloid membrane ) নামে খ্যাত। ইহার উপর কোরইডের ষট্কোণ-কোষ্ সকল অবস্থান করে। উক্ত বাহ্য ও অভ্যন্তরস্থ বিধানদম, সংযোজক-বিধানোপাদান-বন্ধনী-সমূহ দারা সংযুক্ত शकांत्र, उशांत्र अमरशा जानवर ছिज छेरशः इटेर्टिए। के जान-हिज मरशा রক্তবহানাড়ী, সায়ুসমূহ, সংকোচক বিধানোপাদান (Contractile tissue) ও বর্ণকোষ সকল ( Pigment cells ) অবস্থান করতঃ, পরস্পার একতা হইয়া কোরইড় (Choroid) বা কৃষ্ণাবরক নাম প্রাপ্ত হয়। উক্ত কোষ সকলের দুরান্তবর্ত্তী তার, যাহা স্থিতি-স্থাপক তারের সন্নিকটে বর্ত্তমান আছে, তাহা প্রায়ই বর্ণদায়ক পদার্থ-শৃত্য এবং তথায় বর্ণকোয় সকল অপেক্ষাকৃত অতিশয় ক্ষুদ্র। অধিক পরিনাণে সংকোচক- বিধানোপাদান সিলিয়ারী পেশী হইতে প্রবিদ্ধিত रहेगा त्कांतरेट अवसान करत्। हेरात सागुलिल अल्लान्निक गाः वियत्नत ( Ophthalmic ganglion ) দিলিয়ারীশাধা সমুদ্রত।

শারীর বিদ্যাবিশারদ পশুতেরা কোরইডের দিলিয়ারী প্রোদেশের বছ রক্তবহানাড়ীগুলিকে কতকগুলি স্তরে বিভক্ত করিয়াছেন। এন্থলে তদর্থনার কোন প্রয়োজন হইতেছে না। চাক্ষ্ব ধমনীর (Ophthalmic artery) পশ্চাবর্ত্তী ক্ষুত্রতর দিলিয়ারী বিভাগ হইতে, ধমনী সকল উৎপন্ন হইয়া ল্যামিনা ক্রিরোসার নিকটে স্লেরটিক্কে বিদ্ধ করতঃ, পরিশেষে অসংখ্যশাগার বিভক্ত হইতেছে। দেই শাখাসমূহ কোরইডের,বর্ণ-কোষ সকলের মধ্যদিয়া ভঙ্গীমান গতিবিশিষ্ট হইয়া, ক্রমশঃ সন্মুখদিকে প্রধাবিত হইয়াছে এবং ইল্যাষ্টিক্ ল্যামিনার অব্যবহিত পশ্চাতে, একটী ঘন ক্যাপিলারী নেট্ওয়ার্ক (Capillary netwark) বা কৈশিক-রক্তবহা-নাড়ী-জাল উৎপন্ন করে। এই নিমিন্ত কোরইডের বৃহত্তর রক্তবহা-নাড়ীজাল, উহার কৈশিক নাড়ীগুলি অপেক্ষা, স্লেরটিকের নিকটবর্ত্তী। উক্ত জালের মধ্যে স্টেলেট্ পিগ্মেন্ট্ সেল্ম্ (Stellate Pigment cells) বা নক্তরপ্ঞাক্তি বর্ণকোষ সকল অবস্থান

করে। সার অনেকানেক কৈশিক রক্তবহা নাড়ী বর্ণকোষগুলির অভ্যন্তরদিকে সাবস্থিতি করিতেছে। স্থতরাং যথন ঐ সকল কৈশিক রক্ত-বহা নাড়ীতে রক্তাধিক্য হয়, তথন অফিবীক্ষণ যম্রদারা চক্ষুপরীক্ষা করিয়া দেখিলে, দেখা যায়, য়য়, তাহারা কোরইডের বৃহত্তর রক্তবহা-নাড়ীসমূহকে এবং তাহার বর্ণবিধান বা পিগ্মেন্টারি ষ্ট্রক্চারকে প্রায়্ম আরুত করিয়া রাখিয়াছে। ক্রফবর্ণ লোকদিগের স্থিতিস্থাপক পদ্দার ষট্কোণ-কোষ সকল যাবৎ স্বস্থানে থাকে, তাবৎ অফিবীক্ষণদারা দেখিলে কোরইড্কে কোনমতেই দেখিতে পাওয়া যায় না। কিন্তু গৌরবর্ণ মনুষ্যদিগের ঐ সকল ষট্কোণ-কোষে উক্ত বর্ণ বিদ্যমান না থাকায়, কোরইডে অনায়াসেই আলোক প্রবেশ করিতে পারে; এবং কোরইড রক্তবহানাড়ী বিধান বলিয়া, আলোক তথা হইতে প্রতিক্লিত হইয়া, চক্ষুর ফন্ডস্কে (Fundus)\* আলোকিত করে যাহা অফিবীক্ষপ দ্বারা গাঢ় লোহিত্বর্ণ দেখায়।

উল্লিখিত সিলিয়ারি ধমনীর কতকগুলি থর্কাকৃতি শাখা সন্মুখদিগে গিলিয়ারি পেশীর মধ্য দিয়া আইরিসের মধ্যে প্রবিষ্ট হয়।

কোরইডের শিরা সকল বাহুদেশে একটি রক্তবহা-নাড়ীস্তর নির্মাণ করে। ঐ সকল শিরা ভ্যাসা ভর্টিকোষা (Vasa vorticosa) নামে অভিহিত হয় ও ধন্থকাকৃতিতে হাস্ত এবং পরে চারিটা প্রকাণ্ড শাখায় পরিণত হইয়া, দর্শন-সায়ু এবং কর্ণিয়ার মধ্যস্থলে সুরেটিক্কে বিদ্ধ করতঃ ক্যাভার্ণস্ সাইনসে শোণিত প্রত্যার্পণ করিয়া শ্ন্যগর্ভ হয়।

জরাসিরেটা (Ora Serrata) ছাড়িয়া কোরইডের অভ্যন্তর প্রদেশ ধ্রীয়েটেট্ বা বেথান্ধিত বলিয়া প্রতীয়মান হয়। উহা সম্ম্থপ্রদেশে ঘনীভূত হইয়া সিলিয়ারি প্রবর্জন নামে খ্যাত হইতেছে। ঐ সকল প্রোসেস্ বা প্রবর্জন সম্ম্থগামী হইয়া লেম্স কে ঢাকিয়া রাথে, কিন্তু তাহাকে স্পর্শ করে না। গণনায় উহারা প্রায় ষষ্টিসংখ্যক এবং ততোধিক ভিট্রয়স্-দেহের ভাঁজের সহিত নিলিত। উহারা লেমের সম্পেন্সরি লিগামেন্ট্ (Suspensory ligament) দারা আরুত এবং বহির্ভাগে সিলিয়ারিপেশীদারা সংস্কৃষ্ট। এই সিলিয়ারিপ্রোসেনের বিধান কোরইডের তুল্যরূপ, কিন্তু ইহার রক্তবহা-নাভ়ী

<sup>\*</sup>কোন গভীর বস্তার তলদেশকে ঘন্ডস ( Fundus ) কহে।

# ठकूत निर्माण।

সকল সন্মুখদেশে ভাঁজিয়া প্রতাবির্ত্তন করে। প্রত্যেক প্রবর্জন দেখিলে ঠিক বোদ হয়, দেন বর্ণকোষও ফাইব্রো-সেলুলার টিস্ক মধ্যে নিহিত যিষ্ট সদৃশ রক্তবহা-নাড়ীস্তৃপ। আহিরিসের অব্যবহিত পশ্চাংভাগ উহাদের অবস্থান স্থান, এবং তথায় উহারা সিলিয়ারি-দেহ নামে প্রসিদ্ধ।

### আইরিস্(IRIS.)

ইহাকে বাঙ্গলাভাষায় আলোকাবরণী কহে। ইতি পূর্ব্বে কর্ণিয়া বর্ণন সময়ে উক্ত হইয়াছে, যে, যে সকল স্ত্র কর্ণিয়ার অভ্যন্তরন্তরের প্রান্ত হইতে উদ্ভূত হইয়াছে, তাহার কিয়দংশ আদিয়া আইরিদ্ নির্মাণ করিতেছে; এবং উহার অনেক স্ত্র তন্মধ্যে অবস্থিত থাকিতে দেখা যায়। দিতীয় প্রস্থ স্ত্র—যাহা কর্ণিয়ার প্রান্তভাগ হইতে উথিত হইয়া পশ্চাংদিকে সিলিয়ারি প্রবর্দ্ধন সকলের অভিমুখে ধাবিত হইতেছে বলিয়া বর্ণিত হইয়াছে, তন্মধ্যে কতকগুলি আবার আইরিদেও গমন করিতেছে। এই সকল সৌত্রিক বিধান ব্যতীত আইরিদে একদল লন্জিটিউডিন্তাল্ বা উদ্ধানঃ পরিলম্বমান ও সার্কিউলার্ বা বৃত্তাকার বা সংকোচনশীল স্ত্রে, সংযোজক বিধান, বর্ণকোষ, রক্তবহা-নাড়ী এবং সায়ুও অবস্থান করিতেছে। ইহার সম্মুথ প্রদেশ অক্যাক্ত এবং য়াাকিউয়দ্ হিউমার দ্বারা সততঃ স্নাত। পশ্চাং প্রদেশ অক্যিকুরের কোষোপরি অবস্থান করে; এবং অভ্যন্তরপ্রান্ত কনীনিকার পরিধি সংঘটন করিতেছে। ইহাতে বর্ণকোষ আছে; তন্মধ্যে যাহারা পশ্চাং-দেশে অবস্থান করে, তাহারা সিলিয়ারি প্রোসেনের স্থিতিস্থাপক স্তরের আছেদেক ইপিথিলীয়মের সহিত সংমিষ্ট।

আইরিসের পূর্ব্বোল্লিখিত সম্বোচনশীল গৈশিক স্থ্য সকলকে ছই প্রস্থে বিভাগ করা যাইতে পারে। ১ম, বহিঃস্থ বা বিকীর্ণ—এরূপ বর্ণিত আছে বে, উহা বহির্দ্দেশ হইতে অন্তর্দ্ধেশে গুজাকারে গমন করিয়া, কনীনিকাপ্রসারক (Dilatator pupillæ) হয়। ২য়, অন্তরস্থ—ইহা বৃত্তাকার এবং ইহারাই কনীনিকার সম্বোচক স্থ্য।

আইরিসের রক্তবখানাড়ী সকল এক রূপভাবে গ্রন করিয়া থাকে। ইত্র দিগেব আকবি কুদ এবং ইজার। লণ্ দিলিয়ারি আটিরি বা বৃহৎ দিলিয়ারি ধমনী হইতে উৎপন। এই সকল ধমনী পশ্চাদ্দিকে স্বেরটিক্কে বিদ্ধ করি-তেছে; এবং উহারা যতক্ষণ পর্য্যন্ত সিলিয়ারি দেহের বহিঃপ্রান্তভাগে উপস্থিত না হয়, ততক্ষণ পর্য্যন্ত সিলিয়ারি পেশীর মধ্য দিয়া পরে আইরিদের প্রান্তি গমন করিতে থাকে ও বিভক্ত হইয়া আইরিদের পরিধিমণ্ডলে অঙ্কুরীয়বৎ বেষ্টন করতঃ আইরিস্ এবং সিলিয়ারি পেশীতে শাথা সকল বিস্তার করিতেছে।

আইরিদ্ অপ্থ্যাল্মিক্ গ্যাংলিয়নের সিলিয়ারিশাথা-সমূহ এবং নাসা সায়ুর লং দিলিয়ারিশাথা হইতে সায়ু সকল প্রাপ্ত হইয়াছে। অপ্থ্যাল্মিক্ গ্যাংলিয়নের এই সিলিয়ারি শাথাসমূহ আইরিদ্কে তৃতীয়, পঞ্চম এবং সিম্প্যাথেটিক্ বা সমবেদন সায়ুর দ্বারা সংযুক্ত করিতেছে। ইহারা সকলে পরস্পর একত্রীভূত হইয়া, আইরিসের পরিধিবেস্টন করিয়া একটী প্লেক্সদ্ (Plexus) অর্থাৎ সায়ুজাল উৎপাদন করিয়া, সঙ্কোচক এবং প্রসারক পেশী সকলের পরিপোষণের নিমিত্ত শাথাসমূহ বিস্তার করিতেছে।

ইহা স্পষ্টই প্রতীয়মান হইতেছে, যে, আলোকোত্তেজনায় কনীনিকার সঙ্গো-চন, রেটিনার উত্তেজিতাবস্থা হইতেই(Reflex action) প্রতিফলিতকার্য্য দারা হইয়া থাকে। এই আলোকান্ত্তব তৃতীয় সায়ু দারা আইরিসের সার্কুলার্ বা বুত্তাকারপেশীতে উপনীত হয়। কারণ, কেবল এই তৃতীয় সায়ুর মোটর (Motor) বা গতিপ্রদ স্থত সকল দারাই আইরিসের উক্ত সার্কুলার্ পেশী স্কুচিত হইয়া থাকে; কারণ যদি রেটিনা বা আলোকগ্রহণী তৃতীয় স্নায়ু বিনষ্ট হইয়া যায়, তবে চক্ষ্র কনীনিকা প্রদারিত হইয়া পড়ে, দর্শনসায়ুকে ধিভাজিত করিয়া মস্তিকের সহিত সংলগ্ন অংশকে উত্তেজিত করিলে আইরিস আকুঞ্চিত হয় এবং তৃতীয় স্নায়ুকে বিভাগ করিয়া তাহার চক্ষুতে সংলগ্ন অংশকে উত্তেজিত করিলেও আইরিসের আকুঞ্চন সম্পাদিত হয়। আর ইহা বিলক্ষণ জানা আছে যে, একটা চকুর উপর আলোক পাতন করিলে তাহার প্রভা রিফুেক্স্ য়্যাক্সান্ বশতঃ উভয় চক্ষুতে প্রকাশ পাইয়া উভয় কনীনিকা সঙ্কুচিত হয়। যথা, এক চক্ষুতে অ্যামোরোসিদ্ হইলে যদি অপর চক্ষুতে আলোক সংলগ করা যায় তবে ব্যাধিত চক্ষুর কনীনিকা সঙ্কুচিত হইয়া থাকে। তৃতীয় সায়ু দোরা প্রতিপালিত অন্তান্ত পেশীর সহিত ইহা সঙ্কৃচিত হইয়া থাকে। যথা, কোন চফুকে নাসিকা; বা উৰ্দ্ধ দিকে রেক্টাই পেশী সকল দারা লইবার সময়ে

ঠিক্ ইচ্ছাবীনের ন্যায় আইরিস্ সন্ধৃতিত হয়। এরূপ অবস্থায় সম্পূর্ণ অন্ধতা থাকিলেও আইরিস্ সন্ধৃতিত হয়। চক্ষুর ইন্ভার্টেড্ অবস্থায় (Inverted) যাহা নিকটস্থ বস্তুর প্রতি দৃষ্টিপাতকালে ঘটিয়া থাকে, কনীনিকা সন্ধৃতিত হইলে তল্বারা অতিরিক্তক্রম-বিস্তৃত (Divergent) আলোকরশ্মি যাহা রেটিনাতে ক্রেম স্ক্ষাহইয়া (Refracted) নিপাতিত হইতে পারে না তাহা ভিতরে প্রবেশ করিতে পারে না ।\* বিকীর্ণ স্ত্রগুলি সিম্প্যাথেটিক্ স্নায়ুর অধীন এই হেতু গ্রীবাদেশস্থ সিম্পাথেটিক্ স্নায়ুকে কর্ত্তন করিলে, তল্বারা কনীনিকা আকুঞ্চিত হয়, কিন্তু উক্ত স্নায়ুকে উত্তেজিত করিলে উহা প্রসারিত হইয়া পড়ে।

ডাক্তর ডগুর্দ ্ সাহেব বলেন, যে, সমবেদন স্নায়ু দারা আইরিসের রেডিয়েটিং স্থ্র সকল স্থারী বর্দ্ধিত শক্তি প্রাপ্ত হয়। এইরপে অক্ষিপুত্তলিকার প্রসারক পেশীর (ডায়েলেটেটর্ পিউপিলি) সহিত সঙ্কোচক পেশীর (কিন্কিটার্ মদল্) পরম্পর বিপরীত সম্বন্ধ সতত একভাবে থাকে। † যাহা হউক, এরপ বোধ হইতেছে যে, শরীরের অস্তান্ত স্থলের সমবেদন স্থ্র) সকলের স্তায় উহারা আইরিসের রক্তবহা-নাড়ী সকলের উপর বিস্তারিত হয় এবং এই রক্তবহা-নাড়ী সকলের আকারের পরিবর্ত্তন না হইলে আইরিসের আয়তনের পরিবর্ত্তন সম্পাদিত হয় না।

পঞ্চন সাযুদারা আইরিসের চৈতন্ত সম্পাদিত হয়। এই সাযুর গতিদ ক্রিয়া কেবল নিম্নলিখিত কার্য্য দারা স্পষ্ট বুঝা যাইতে পারে, যে, যদি উহা উত্তেজিত হয়, তবে ঐ উত্তেজন গ্যাসেরিয়ান্ গ্যাংলিয়ন্ হইতে প্রতিফলিত হইয়া আইসে, কেননা চক্ষুর গতিদমায়ু (তৃতীয়মায়ু) এবং সমবেদনস্বায়ু সকল বিভাজিত হইলেও কনীনিকার সঙ্কোচন শক্তির বিনাশ হয় না।‡

#### রেটিনা (Retina.)

রেটিনাকে বাঙ্গালা ভাষায় আলোকগ্রহণী ঝিল্লী কহা যায়। রেটিনা বাস্তবিক স্নায়বিক নির্দ্ধাণমাত্র। উহা চক্ষু বুদবুদের পশ্চাদ্বর্তী অন্তান্ত সমুদায় বিধানের

<sup>\* &</sup>quot; Hand book of Physiology " By W. T. Kerkes Eighth Edition p. 458.

<sup>†</sup> Vide Donders on "Accommodation and Refraction," published by the New Sydenham Society, p. 571.

<sup>‡ 1</sup>d. p. 581.

অভ্যন্তর প্রদেশের উপরিভাগে ব্যাপ্ত হইয়া আছে; এবং অপ্টিক্ ডিস্ হইতে
ক্রমশঃ সন্মুথবর্তী হইয়া অরাসিরেটা পর্যান্ত বিস্তৃত হইতেছে। উহার বাহ্য
প্রদেশ কোরইডের ষট্কোণকোষ সকলের সহিত মিলিত আছে; এবং
অভ্যন্তরভাগে উহা মেম্বেণা লিমিটান্স দারা হায়েলোইড্ হইতে পৃথগ্ভূত।

রেটনার রক্তবহা-নাড়ীগুলি আর্টেরিয়া দেণ্ট্রালিদ্ রেটিনি (Arteria Centralis Retinæ) অর্থাৎ রেটিনার মধ্যবর্তী কৈন্দ্রিক ধননী হইতে উৎপন্ন হইতেছে। উহা ল্যামিনা ক্রিব্রোসার ঠিক মধ্য দিয়া ক্রমশঃ অপটিক্ ডিস্ক্ ভেদ করিয়া চক্ষুর অভ্যন্তরে প্রবেশ করতঃ, চতুর্দ্দিকে শাথা বিস্তার করিতেছে। যাহা হউক, উহারা এইরূপে অপ্টিক্ ডিস্কু পরিত্যাগ করিয়াই ছই প্রধান পুঞ্জে বিভক্ত হইয়াছে। একটী উর্দ্ধামী; অপরটী অধোগানী। এই সকল রক্তবহা-নাড়ী প্রথমতঃ মেস্থেণা লিমিটান্সের অব্যবহিত নিয়ভাগে অবস্থান করে; কিন্তু পরিশেষে উহারা রেটিনার স্বায়ু পদার্থে মগ্ন হইয়া, অন্ন সংখ্যক কৈশিকনাড়ীমগুলে পরিণত হইয়া পড়ে। শিরাসকল বৃত্তাকারে অরাসি রেটার চতুস্পার্থে আরক্ত হইয়া বা বিদ্দৃন্থ ভাবে (Converging) সকলে একত্রে মিলিয়া ভেদাসেণ্ট্রালিদ্ রেটিনিতে নিঃশেষিত হইতেছে। এই শেষাক্ত শিরা অপটিক্ ডিস্কের কেন্দ্র অতিক্রম করতঃ চক্ষুর বহির্ভাগে উপনীত হয়।

\* কেহ কেহ অনুমান করেন যে, অপ্টিক্ডিম স্বতন্ত্র কোন স্থান হইতে উহার রক্তবহা-নাড়ী সকল প্রাপ্ত হইতেছে। এই রক্তবহা-নাড়ী মধ্যে কতক-গুলি শাখা পারেমেটার (Piamater) হইতে দর্শন-মায়র কারেস্মা (Chiasma) পর্যান্ত বিস্তৃত, ও আর একটি শাখা মিডল্সেরিব্র্যাল্ (Middle Cerebral) হইতে অপটিক্ ট্রাক্টি পর্যান্ত প্রধাবিত নাড়ী হইতে উৎপর হইতেছে। আর কতকগুলি শাখা কোরইড্ প্লেক্সম্ রেটিনার কৈন্দ্রিক ধমনী হইতে উৎপর ক্রুহ রক্তবহা-নাড়ী মাত্র। পারেমেটার হইতে উৎপর অন্তান্ত ক্রুদ্র ক্রুদ্র শাখাসমূহ দারা অপ্টিক্ ট্রাক্ট হইতে অপ্টিক্ প্রাপিলা পর্যান্ত জালবৎ একটি রক্তবহা-নাড়ী-বিধান অথণ্ডিত ভাবে ব্যাপ্ত হইরা রহিয়াছে; এবং প্রাপিলা, নিজ পোষণার্থ কেবল রেটিনার কৈন্দ্রিক্রমনীর (Central

<sup>\*</sup> Names of the authurities as Galczowski &c, not mention.

Artery ) উপর নির্ভর না করিয়া, এই স্থান হইতেই রক্ত গ্রহণ করিতেছে। এই নিয়ম বিধিবদ্ধ থাকার, কিরূপে মস্তিদ্ধ-রক্ত পরিচালনের ব্যতিক্রম, রেটিনার কৈন্দ্রিক রক্তবহা-নাডীগুলিকে পীড়িত না করিয়া দর্শন-সায়র প্যাপিলা পর্যান্ত বিস্তুত হইতে পারে, এবং কি রূপেই বা এই প্যাপিলা তৎপরিপোষক রক্তবহা-নাড়ীগুলির পীড়াদারা বিক্তত হইয়া সম্পূর্ণ শ্বেতবর্ণ (যাহাকে য়্যাটোফি বা ব্রাস কহে ) হইয়া উঠে, তাহা আমরা অনাগ্রাসেই বুঝিতে পারি। আর উপর্যুক্ত উৎপত্তি স্থান হইতে রক্ত সমাগম করে বলিয়া, আমরা প্যাপিলার বর্ণ গোলাপ পুষ্পের তায় দেখিতে পাই। অপরম্ভ অপটিক প্যাপিলার রক্তবহা-নাড়ীগুলি দেরিব্রাল বা মন্তিদের রক্তবহা-নাড়ী সমহের প্রবর্দন-মাত্র; স্কুতরাং তাহাদের অবস্থা দেখিয়া দেরিব্র্যাল রক্তবহা-নাড়ীগুলির রক্তের পর্যাপ্ততা (Repletion) বা অল্পতার (Anemia) পরিমাণ অনায়াসেই উপলব্ধি হইয়া থাকে।\* কিন্তু আমাদিগের শ্বরণ রাখা কর্ত্তব্য বে রেটিনার কৈন্দ্রিক थमनी इटेट दा मकल भाशा विश्वि इरेग़ाए थवर लः मिलिग़ाती थमनी হইতে উৎপন্ন যে নাড়ীচক্র ডিম্বকে বেষ্টন করিয়া থাকে তাহাদিগে হইতেও এই ডিম্ব রক্ত-প্রাপ্ত হয়। ইহা ব্যতীত কোরইড় হইতেও কতকগুলি धमनी ও मित्रा ভिक्त व्यदन्य करत । धनः द्रांगिनात देक क्रिक त्र क्रवरा-नाड़ी সকলের সহিত মিলিত হইয়া যায়।

### মাাকিউলা লিউটিয়া (MACULA LUTEA.)

দৃষ্টি-মেরু রেটিনার যে স্থলে অবস্থান করিতেছে, ঠিক সেই স্থানে গাঢ় পীতবর্ণ যে স্থান দেখিতে পাওয়া যায়, তাহাকে ম্যাকিউলা লিউটিয়া কহে। উহা দর্শন-মায়ুর প্রবেশ দ্বারের (অপ্টিক্ ডিস্ক্) বহিঃপার্শ্বে প্রায় রুত্ব ইঞ্চ অস্তরে অবস্থিত। উহার কেন্দ্রস্থলে, যে অতি ক্ষুদ্র নিয় স্থান দেখিতে পাওয়া যায়, তাহাকে কোভিয়া সেণ্ট্রালিস্ (Fovea Centralis) কহে। রেটিনার রক্তবহা-নাড়ীসমূহ এই স্থানের উদ্ধাধোদেশে ধন্নকাকারে বক্র হইয়া আছে

<sup>\* &</sup>quot;Etude Ophthalmoscopique sur les Alterations du Nerf Optique," par X. Galezowski, p. 33, Paris, 1866. Also "On the use of the Ophthalmoscope" by T. clifford Allbutt, p. 30, London, 1871.

কিন্ত কথন উহার উপর দিয়া গমন করে না। মে যাহাহউক, রেটিনার মধ্যে ম্যাকিউলা লিউটিয়াই সর্বাপেকা চৈতভাদায়ক হল।

পূর্ব্বেই উলিথিত হইরাছে, যে, দর্শন-মায়ুর সোত্রিক আবরণ দিন্তরে বিভক্ত। বাহস্তর স্কেরটিকের মধ্য ও পশ্চাৎ ছইস্তরের সহিত মিলিত হইরা তাহাদিগকে বলিষ্ঠ করিতেছে। আভ্যন্তরিকস্তর, স্কেরটিকের যে অংশ চক্ষুর অভ্যন্তরদিকে স্তস্ত আছে, সেই দিগে ক্রমশঃ অগ্রসর হইরা, পরিশেষে স্কের-টিকের আভ্যন্তিক স্তরের সহিত মিলিত হইতেছে। এই কারণেই স্কেরটিকের চাক্ষ্ববিবরে (Optic Foramen) অল্প বা অধিক পরিমাণে প্রবন্ধিত প্রান্ত অন্ত্ত হইরা থাকে। এই প্রান্তে কোরইডের পশ্চাদিগস্থ দারপ্রান্ত, ফিলামেন্টেদ্ টিস্ক্লারা সংলগ্ধ আছে। স্কেরাল্ ওপনিং (Scleral opening) দর্শন-মায়ুর সন্মুখবর্ত্তা অংশ দারা পরিপূরিত।

#### ল্যামিনা ক্রিবোনা (LAMINA CRIBROSA, )

দর্শন সায়ুর আবরণস্তর হইতে প্রবর্দ্ধন নির্গত হইয়া, ল্যামিনা ক্রিব্রোদা বা রন্ধুময় স্তর নির্দ্মিত হইয়াছে। উহা স্কুরটিক হইতে বহির্গত হত্রসকল ও রেটিনার কৈন্দ্রিক ধমনীকোষ হইতে উদ্ভূত স্থিতিস্থাপক পদার্থ দারা দৃঢ়তা প্রাপ্ত হইয়াছে।

## लन्तर मम्रिन्मति लिशीरमणे।

THE SUSPENSORY LIGAMENT OF THE LENS.

লেদের সন্পেন্দরি লিগামেণ্ট যাহাকে জোনিউলা অব্ জিন্ (Zonula of Zinn) কহে, তাহা কোরইড্ মধ্যস্থ ষট্কোণ-কোষ সকলের অন্তবর্ত্তী স্থ্রমন্ত্র-কৌষিকবিধান মাত্র। উহা অরাদিরেটা হইতে ক্রমশঃ সম্মুখবর্ত্তী হইনা দিলিয়ারি প্রোদেশের সমান্তরালভাবে গমন করতঃ লেন্দের প্রান্তদেশে মগ্ন ও পরিশেষে লেন্দের সম্মুখ পুটোপরি মিলিত হইতেছে। সন্পেন্দরি লিগামেণ্ট লেন্দে প্রবেশ করিবার সময়, দিলিয়ারি-বিড পরিত্যাগ করিয়া কেনাল্ অব্ পিটিটের সম্মুখ প্রাচীর নির্মাণ করে। এই পিটিটের বিষয় সময়রই বর্ণিত হইতেছে।

#### হায়েলোইড্ (HYALOID.)

হারেলোইড একটা বিল্লি নির্মিত থলি মাত। তরাধো ভিট্রিস্ নামক স্বাচ্ছপদার্থ নিহিত আছে। উহা অতিশয় কোমল ও ভম্বুর, এবং সন্মুধদিকে অরাসিরেটা পর্যান্ত মেম্বেণা লিমিটান্সের সহিত সংলগ থাকে । সম্বাধিকে ইহা লেন্সের সম্পেন্সরি লিগামেণ্টের নিক্টবর্ত্তী হইয়া, লেন্সের প্রান্তের অতি সালিধাবর্ত্তী স্থানে গ্রমন করতঃ, তৎপশ্চাতে মগ্ন হইতেছে। এইরূপে লেনের প্রান্তভাগ একটা থাতন্ধ্যে অবস্থান করে। ডাক্তর পিটিট্ সাহেব প্রানতঃ এই খাত বর্ন। করিয়া গিয়াছেন। ইহার স্লুখদিকে সম্পোন্সরি निगारमणे ७ भका नित्क, शासान रेष् रमस्य ।।

## ভিটিয়েদ হিউমার (Vitreous Humour.)

शासिलाइफ थिलत माला छिष्तिम् विषेत्रात् नामक खळ्ळ थे नार्थ जनकान করে। এই ভিট্রিষ্ শ্লৈষিক বিধান মাত্র। কলিকার মাহেব ইহাকে জिला हैनम् करनक् हिन्हि (Gelatinous connective tissue) शितीयवर পিচ্ছিল সংযোজক বিধান বলিয়া বর্ণনা করিয়াছেন। উহাতে নিদিও विवारनांशीनान अर्थार आयु वा तङ्कवश्नांशी नांचे धवः উহ। আকার विदीन। কিন্তু উহাতে বহু সংখ্যক কোষ ও কোৰবীজ সকল থাকে। এই গুলি উহার অন্তভাগে হায়েলোইডের সরিকটে অবস্থিতি করে। রেটিনা এবং কোরই-ডের রক্তবহা -নাড়ী গুলি দার। এই ভিটি রস্ হিউমারের পুটি নাধন হইয়া থাকে।

# লেন্বা তাকিদর্পণ (Lens.)

অফিদর্পণ স্বচ্ছ ও ডবল্কন্ভেকা ব। উভয়দিকে স্বাজ্পদার্থ। উভার বেধ প্রায় টুইঞ্জি, উহা সন্মুগদেশাপেকা পশ্চাদেশে সম্বিক ভাজ ; এবং বত্ সংখ্যক স্ত্রওফবিনির্দ্রিত। দেই সকল স্ত্রওচ্ছ প্রস্পর মিলিত হইরা, স্তরাকার ধারণ করিতেছে ও অতিশয় জটিলরূপে শ্রেণীবদ্ধ। অকিমুকুর একটি একর শ-নির্দিত স্থিতিস্থাপক কোষাভ্যস্তরে (ক্যাপ্সিউলে্) নিহিত আছে। সমুধবর্ত্তী ক্রাপ্সিউলের পশ্চাং প্রদেশোপরি বহুকোণ-কোব সংযুক্ত একটি স্তর আছে। তদ্যতিরেকে ক্যাপ্সিউলে অন্ত কোনবিধ ইপিথিলীরম্বা আঁইসবং কোষ নাই। ক্যাপ্সিউল্ সমবেত লেন্সের পশ্চাং প্রাদেশ ভিট্রিসের সন্মুখপ্রদেশোপরি অবস্থিতি আছে। এতছভ্রের মধ্যে হারোলোইডের অবস্থান। সন্মুখদেশে সম্পেন্সরি লিগানেন্ট্ দারা সিলিয়ারি প্রোসেসে সম্বন্ধ; এবং য়্যাকিউয়স্ হিউমার্ ও আইরিসের পশ্চাদেশের সহিত্ সমবস্থারী।\*

# নিলিয়ারি পেশী (Ciliary muscle.)

সর্কশেষে সিলিয়ারি পেশীর বিষয় বর্ণিত হইতেছে। উহা ছই শ্রেণী মস্থা পৈশিক স্ক্রদারা বিনির্দ্ধিত। এক শ্রেণী উদ্ধাধোতাবে এবং অন্ত শ্রেণী বৃত্তাকারে উহাতে অবস্থান করিতেছে। তন্মধ্যে প্রথম শ্রেণী, যে স্থানে কর্ণিয়া এবং ক্লেরটিক্ পরস্পার সংযুক্ত হইতেছে, তথা হইতে উৎপন্ন হইয়া, পশ্চাদ্দিকে স্লেরটিকের নিম্ন দিয়া অরাসিরেটা পর্যান্ত গমন করতঃ, স্লেরটিকের সহিত সংযুক্ত হইতেছে। এই পৈশিক স্ক্রেণ্ডারির সহিত আবার সিলিয়ারি প্রোসেদ্ও কোরইডের সংযোজক বিধানের মধ্যে গাঢ় সংযোগ আছে। সিলিয়ারি পেশীর বৃত্তাকার স্ক্র সকল প্রধানতঃ আইনিরের চত্ঃসীমার অতি সন্নিকটে অবস্থান করে, এবং কর্ণিয়ার আভ্যন্তরিক-স্তর হইতে আইরিসের অভিমুখে যে সকল স্ক্র আসিতেছে, তাহাদিগের সহিত সংযুক্ত আছে।

সিলিয়ারি পেশীর ও আইরিসের রক্তবহা-নাজ়ীগুলির উৎপত্তির স্থান একই। উহার সায়ুগুলি সিলিয়ারি, নেজো-সিলিয়ারি (ইহা চৈত্তাদায়ক) এবং সিম্ব্যাগেটিক্ সায়ু হইতে উৎপন্ন হইয়াছে। এই সমুদয় একত্র হইয়া উক্ত পেশী মধ্যে জালবৎ আকার ধারণ করে। অপিচ এই পেশীতে যথেষ্ট গ্যাংলিগুনিক্ (Ganglionic cells) সেলস্ও আছে।

<sup>\*</sup> সচরাচর আমরা যে কাচের লেনা, বাবহার করিয়া থাকি, চক্ষুর লেনা, প্রায় তদ্রপ। কোন কোন কাচের লেনা, থেরপ পূই পার্মের কুজে চক্ষুর লেনা, ও তদ্ধ পূই পার্মেই সুজে। এই নিমিত্ত চক্ষুর এই লেনাকে বায়কন্তেক (Bi-convex) বা উভকুজে লেনা করে। উহা কাচের নাায় সভা ও মহাগ, উহার ভিতর দিয়া আলোক অনায়াসেই চক্ষুর মধ্যে প্রিষিষ্ঠ হইয়া, আমাদিগকে কোন বস্তু দেশন করিবার অমহা প্রদান করিয়া থাকে। কাচের উভকুজে লেনার যেমন কোন বস্তুর মৃত্তি রহত্র ও আলোক প্রতিদালিত করিবার ক্ষায়া আছে, চক্ষুর কেনোরও তদ্ধপুক্ষাহা আছে।

# চন্ধুর নির্মাণ।

## অকিপুট (EYELIDS.)

চক্ রক্ষা করাই অকিপুটের অত্যাবশুকীয় কার্যা। উহার নির্মাণ এম মোল সাহেবের মতানুসারে নিয় লিখিত দিতীয় প্রতিকৃতিতে চিত্রিত হইল। উদ্ধাকিপুট্নধা শীর্ষক ভাবে চ্ছেদ করিলে যে ছই খণ্ড হয়, উহা তাহার এক খণ্ডের প্রতিকৃতি। এই খণ্ডে য়ৢৢামেটিক্ য়ৢৢাসিড্ (Acetic acid) প্রদানান্তর, উহাকে বৃহত্তরীকৃত করতঃ, যে প্রতিকৃতি হয় তাহা নিয়ে প্রদত্ত হইতেছে।\*

অকিপ্টের চর্ম উপরিভাগ (ম) স্কাং কেশাবৃত হইয়া প্যাল্পিব্রাল্ বা পুটার কন্জংটাইভার (18-18) সদে মিলিত আছে। সিলিয়া, (22-23) বা পক্ষমাষ্ট অকিপ্টের প্রান্তভাগের মধ্য স্থান হইতে বহির্গত হয়। উহা-দিগের ফলিকলম্ সকল বা মূলভাগ (Follicles) পশ্চাদ্দিকে অকিপ্টাভ্যন্তরে টার্সাল্ কার্টলেজের বা পুটোপাস্থির উপরি অবস্থিত। অনেকানেক সিবে-দিয়ম্ য়াণ্ড্ বা বমাগ্রন্থি প্রত্যেক কেশের ফলিকলে উন্মুক্ত হইয়াছে। ইহা অকিপ্টের অবিকিউলারিন্ পেশীর (৫) পুটগত অংশ দারা সমাচ্ছাদিত। উহার একটি ক্ষুদ্র অংশ (21) বাহাকে হর্ণার্গ্রের প্রণালী এই সকল সফলের নিয়ে অবস্থান করে। মিরোমিয়ান্ গ্রন্থির প্রণালী এই সকল সংকোচক স্বত্রের মধ্য দিয়া প্রবাহিত হইয়া থাকে। কন্জংটাইভার ঠিক বহির্ভাগেই পুটোগাস্থির (৫) অবস্থান। ইহার উর্দ্ধপ্রান্ত লিভেটার্ প্যাল্পিব্রি বা পুটোভলকের সহিত সংযুক্ত আছে (17)। মিরোমিয়ান্ গ্রন্থি সকল (12) পুটোপাস্থির উপরিভাগে বিস্তৃত থাকিয়া, অকিপ্টান্তের আভ্যন্তরিক প্রান্ত মিরিকটে উন্মুক্ত হইতেছে। (19)

<sup>&</sup>quot; "Archive f. Ophth.," Bd. iii. p. 258., 1857; and H. Power, "Illustration of Diseases of the Eye, p. 84, 1867.

#### অক্ষিতত্ত্ব।

#### ২ র; প্রতিকৃতি।



#### ডাক্তার মোল সাহেবের মতানুযায়ী অক্নিপুট-বিভাগ।

A বাহা স্বক।

B চর্ম-নিমন্থ সংযোজক ঝিল্লী।

- C অর্বিকিউলারিস পেশীর অক্ষিপুটাংশ।
- E পুটোপাঞ্চি।

F শৈশিক ঝিলী !

G অনাবৃত অকিপুট প্রান্ত।

1 ইপিডারমিদ্।

- 2 প্যাপিলিসহ কিউটিস বা চর্মা।
- 3 অক্ষিলোম এবং তাহাদের ফলিকলম্ বা মূল সকল।
- 4 সেদ গ্রন্থিচয়।
- 5 চর্ম্ম-নিমন্থ সংযোজক ঝিল্লীর রক্তবহা-নাড়ী সকল;
- 6 এবং তত্রত্য সায়ু সকল।
- 7 অর্বিকিউলারিস্-পেশীর সিলিয়ারিজ অংশ,
- ৪ ও তাহার প্যান্নিত্র্যাল্ অংশ।
- 9 (यम्।
- 10 অর্বিকিউলারিস্ পেশী এবং টার্সসের মধ্যগত সংযোজক ঝিল্লীর রক্তবহা-নাড়ী সকল ;
- 11 ও তদন্তৰ্বন্তী সায়ু সকল।
- 12 নিবোনিয়ান্ গ্রন্থি সকলের লোবুলাই (Lobuli)

- 13 নিবোমিয়ান্ গ্রন্থি সকলের শেষ অন্ত।
- 14 একটি স্মীপবর্জী মিবোমিয়ান্ গ্রন্থির বিভাগ।
- 15 নিবোনিয়ান্ গ্রন্থি সকলের সীমাবর্তী টার্সের সর্প্রেচিচ ভাগস্থ বসা বিল্লী (Adipose tissue)
- 16 টার্সনের উর্দ্ধদেশে মগ্ন স্থিতিস্থাপক ঝিলী।
- 17 উপর্যুক্ত স্থিতিস্থাপক ঝিলীতে নিঃশেষিত স্থপিরিয়র লিভেটর্ প্যান্পিত্রি পেশী।
- 18 देश शिक विली व भगि शिला मकल।
- 19 शिर्ताभियान् कलिकत्वत निर्णमन-अंशली-पृथ ।
- 20 অনাবৃত অকিপুট প্রান্তের নিক্টবর্তী ক্ষুদ্র লোমের গ্রন্থি সকল।
- 21 অর্বিকিলারিসের পুটাংশ। 22 পক্ষসমষ্টি।
- 23 একটি ফলিকলে ছুইটি পক্ষ।
- 21 পদ্ম সমষ্টির বসোৎপাদক গ্রন্থি সকল।
- 25 অক্ষিপুটের অনাবৃত প্রান্ত চর্ম।

# য়াকেসোডেসন্ (Accommodation.) দৃষ্টি কৌশল।

দৃষ্টি কৌশল অর্থাৎ যে কৌশলে বিভিন্ন দ্রস্থিত বস্তু সকল হইতে বহুতর আলোকরিশা চকুর রেটিনার পরস্পার এক বিন্তুত মিলিত হয়, তদ্বিয়ে তর্কবিতর্ক বহুকালাবিধি চলিয়া আসিতেছে; ইদানীন্তন কৌশল বিকার-জনিত ব্যাধি সমূহের আন্দোলনে বহুসংখ্যক লোক মনোযোগী হওয়ায়, ইহার গৌরব আরও বৃদ্ধি হইয়াছে।

নিকটত্থ বস্তু দর্শনকালে অন্ধিদর্পণের সন্মুখপ্রাদেশের ম্যুক্তা বে প্রবিদ্ধিত হইনা থাকে, তাহা বেই ঘটনা দারা প্রনাণ করা যায় এত্থলে প্রথমতঃ তদিবনক আলোচনা করাই পরামর্শ সিদ্ধ বোধ হইতেছে। ইহা স্পষ্টই প্রতীয়নান হইতেছে বে, হয় এই ম্যুক্তার বৃদ্ধি বা চক্ষুর ডায়প্ট্রিক্ মিডিয়া (Dioptric media) বা আলোকপথে\* তদ্ধপ অন্ত কোন পরিবর্ত্তন অবশ্রুই

<sup>&</sup>quot; সে খাজুপথে আলোক চক্ষুর মধ্যে প্রাবিষ্ঠি ও পরিবর্ত্তিত হয়, তাহাকে ডায়প্ট্রিক্ মিডিয়া (Dioptric media) বা আলোকপথ কছে। ইহা কর্ণিয়া হইতে রেটিনা প্র্যান্ত বিস্তুত।

ঘটিনা পাকে, নতুবা, রেটিনার যে অবস্থার দূরস্থিত বস্ত হইতে আলোক-রিশা (Parallel rays সমান্তরাল-রিশা) এক বিন্দুতে আনীত হয়, সেই অবস্থার নিকটপ্ত পদার্থ হইতে আলোক-রিশা (Divergent rays ক্রম-বিকীর্ণ-রিশা)\* আদিরা কথনই তক্রপ পরস্পার এক বিন্দুতে † আনীত (focussed) হইতে পারে না। অর্থাৎ সমান্তরাল-রিশা ও ক্রমবিকীর্ণরিশা, যে রিফ্রাক্টিং মিডিরা বা আলোক বক্রকারী ‡ পথ দিয়া চক্রর অভ্যন্তরে গমন করে, তাহার উক্ত আলোক বক্রকারী শক্তি (Power of refraction) না থাকিলে, উহারা উভর বিব রিশা কথনই চক্রর একরূপ অবস্থার এক বিন্দুতে মিলিত হইতে পারে না।

কর্ণিয়ার স্থাজতার পরিবর্ত্তন, অথবা অক্নিগোলকের য়্যাণ্টেরো-পোষ্টি রিয়র্ য়্যাক্সিদ্ বা অগ্র পশ্চাৎ মেরদণ্ডের প্রসারণ ও সংকোচন দারা দৃষ্টি কৌশলের আবশ্যকীয় স্থশৃঙ্খলতা সম্পাদিত হইতে পারে। তথাপি বোধ হইতিছে বে, লেন্সের বক্রতার পরিবর্ত্তনই উক্ত ডায়পট্রিক্ মিডিয়ার আবশ্যকীয় পরিবর্ত্তনের কারণ, যাহা ক্রেমার ও হেলম্ হোল্টজ্ সাহেব নির্দ্ধারিত করিয়াছেন, তাহাই যথার্থ।

যদি একটি প্রদীপ্ত আলোক কোন স্থৃস্থ চন্দুর সন্মুখে ধৃত হয়, তবে কনীনিকায় উক্ত আলোক শিথার তিনটি প্রতিফলিত মূর্ত্তি স্পষ্টতঃ অনুভূত হইয়া থাকে। সন্মুখ ও পশ্চাৎ তুইটি উর্দ্ধমুখী মূর্ত্তি (Erect image)।

<sup>\*</sup> কোন একবিন্দু হইতে আলোকরিথা চতুর্দিকে ক্রমে বিকীর্ণ ইইয়া পড়িলে, ভাহাকে ক্রমবিকীর্ণ কহে। ইংরাজী ভাষায় উহাকে (Diverge) কহে। আর, ঐ রিথা সমূহকে ডাইভারজেন রেজ বা ক্রমবিকীর্ণ রিথাজাল (Divergent rays) কহে। ইহার বিপরীত বিন্দু—
ন্মূর্থ (Converge), যে রিথা বিন্দুনুখে পতিত হয়, ডাহাকে কন্ভারজেন রেজ (Convergent rays) বা ক্রম সংকীর্ণ রিথা কহে। আর, যে সকল রিথা সমান্তরালভাবে বিকিপ্ত হয়, ডাহাকে সমান্তরাল রিথা (Parallel rays) কহে। সুর্ব্যের কিরণ সমান্তরালভাবে পৃথিবীতে পতিত হইয়া থাকে।

<sup>†</sup> ঘন পদার্থ হইতে তদপেক্ষা পাতলা পদার্থে আলোকরিক্সা আসিতে গেলে, উহা ঠিক ঋজুভাবে আসিতে পারে না; গতিহন্দ হইয়া তির্য্যকভাবে আইসে। ইহাকে ইংরাজী ভাষায় (Refraction) কহে। বান্ধলা ভাষায় উহাকে গতিহন্দ শবেদ নির্দেশ করিলাম। আর উক্ত পথের নাম গতিহন্দ পথ। দৃষ্টিপথে আলোকরিক্সা গতিহন্দ হইয়া প্রবেশ করে।

<sup>‡</sup> আলোক-রশ্মি ভগ্নতি হইয়া যখন কোন এক বিদ্যুতে প্রস্পার মিলিত হয়, তখন তাহাকে ফোকসু বা রশ্যিকেন্দ্র (Focus) কহে।

<sup>§</sup> এই ব্যক্তি প্রেসিয়া দেশের কোনিংস বর্গ নগরে চিকিৎসা শালোর অধ্যাপক ছিলেন।
ইনি ১৮৫১ খৃঃঅকে অফি-বীক্ষণ যন্তের আবিক্ষার করেন।

উহারা ক্রমান্বরে কর্ণিয়া এবং অফি-মুকুরের সন্থুখভাগোপরি হইতে প্রতিবিশ্বিত হইয়া উৎপন্ন হয়। অপরটি মধ্য, কিন্তু অধঃমুপী মূর্ত্তি (Inverted image); ইহা অফি-মুকুরের পশ্চাৎ প্রদেশ কিন্তা ভিট্রিয়ন্ হইতে প্রতিবিশ্বিত হয়া উৎপাদিত হয়। ডাক্তর হেলন্ হোল্ট্জ্ সাহেব এই স্থপবিজ্ঞাত বিষয়ের সত্যতা প্রমাণীকত করিয়াছেন। তিনি স্বকীয় অফিবীয়ণ্ যয়ের আবিকার করিয়া, তন্থারা ভিন্ন২ অবস্থায় উক্ত প্রতিকলিত মূর্ত্তির দৈর্ঘ্য প্রের আবিকার করিয়া, তন্থারা ভিন্ন২ অবস্থায় উক্ত প্রতিকলিত মূর্ত্তির দৈর্ঘ্য প্রের পরিমাণ করিতে সমর্থ হইয়াছিলেন। তিনি আরও দেখিয়াছিলেন য়ে, য়তক্ষণ পর্যায়্ত পরীক্ষার্থি ব্যক্তির চক্ষু কোন নির্দ্দিপ্ত দূরবস্ত- দর্শনোপয়েগার্গী হইয়া স্থির ভাবে থাকে, ততক্ষণ পর্যান্ত উহাতে উক্ত আলোকশিখার তিন প্রকার প্রতিকৃতি, আয়তনে কোন প্রকার পরিবর্ত্তিত না হইয়া, সমভাবে অবস্থিতি করে। কিন্তু য়য়ণন এই দৃষ্টি-কৌশল পরিবর্ত্তিত হয়; এবং অফিদর্শনের সয়্বপ্রদর্শের উপরিভাগ হইতে বে মূর্ত্তি প্রতিক্লিত হইয়া থাকে, তাহা পরিমাণে বিদ্ধিত হয়। তথন অবশিপ্ত ছইটি মূর্ত্তির আফ্রতি বিষয়ে কোন পরিবর্ত্তন ঘটেনা।

এই হেতুতে ইহাই প্রনাণীকৃত হইয়াছিল, যে দূর হইতে নিকট দেখিনার কালীন দৃষ্টি-কৌশলের বে পরিবর্তন ঘটে, তদ্বারা অক্ষি-দর্পণের সম্মুখ-দেশ ফীত হয়, উহার সম্মুখ পশ্চাং দিগের গভীরতারও বৃদ্ধি হয়। অক্ষিদর্পণের ত্মাজতা বৃদ্ধির ফল এই যে অক্ষি-দর্পণের যেরূপ উপযুগ্ত কোনরূপ পরিবর্তন না ঘটিয়াও দূরস্থ পদার্থ হইতে সমান্তরাল আলোক-রিমা এক স্থানে, এক বিন্তুতে মিলিত হয়, সেইরূপ উক্ত বক্রতার বৃদ্ধি প্রয়ত নিকটস্থ পদার্থ হইতে ক্রমবিকীর্ণ আলোক-রিমা ও এক স্থানে এক বিন্তুতে মিলিত হয়, এই বিয়য় গণিত শালে স্পষ্ট প্রমাণীকৃত হইয়াছে। দূরস্থ কোন বস্তু দর্শনকালে, অক্মিকুর স্থিরভাবে অবস্থান করে। কিন্তু যথন নিকটস্থ বস্তুর প্রতি দৃষ্টিপাতিত হয়, কেবল তথনই দৃষ্টি-কৌশলের পরিবর্ত্তন ঘটিয়া থাকে।

বিভিন্ন দ্বস্থিত বস্তু দর্শন করিতে চকুর আয়তনের যে২ বিভিন্ন পরিবর্ত্তন ঘটিয়া থাকে, এই সিদ্ধান্ত নানারূপে প্রানালীকৃত হইয়াছে। কিন্তু এতানে উপমুক্তি সিদ্ধান্ত গুলিই আনাদের বর্ণনীয় বিষয়ের জন্ম মথেপ্ত মনে করিতে
হইবে।

দর্শন-ক্রিয়া কেশিল আমাদের ইচ্ছার সম্পূর্ণ অধীন বলিরা বোধ হয়।
আমরা ইচ্ছা করিলেই উহাকে উপযুক্ত অবস্থাতে হায়ী রাখিতে পারি।
বেমন, প্রশারক পেশী (Extensor muscle) আমাদের ইচ্ছার অনুবর্তী হইয়া
মুদিত হস্তকে প্রশারিত করে, তজ্ঞপ যথন আমরা কোন নিকটস্থ বস্তু দর্শন
করি, তথন পূর্বোক্ত প্রকারে অফি-দর্পণের আফ্রতির পরিবর্ত্তন ইচ্ছান্তর্নপ
ঘটিরা থাকে। বেমন উহার কোন রূপ পরিবর্ত্তন না হইয়া দ্রস্থ পদার্থ হইতে
সমন্তরালরিশা আনীত হইয়া এক স্থানে এক বিন্দুতে পতিত হয় তজ্ঞাপ ইলা
গণিত দারা প্রমাণ করা হইয়াছে বে, লেন্সের এরপ মুজতার বৃদ্ধি হেতু নিকটস্থ
বস্তু হইতে আনীত রশি ঠিক এক স্থানে এক বিন্দুতে মিলিত হয়। বালকদিগের
পক্ষে এই প্রক্রিয়া স্ক্রমাধ্য হওয়া সম্যক্ স্ক্রর নহে; বে সকল পদার্থে স্ক্রা
দর্শন হেতু চক্ষুর পরিবর্ত্তন আবগ্রুক করে, শৈশবাবস্থার সেই সকল কার্য্যই
অনিশ্চিত ও বিচল হইয়া থাকে। কারণ, এই বিষয়ে চক্ষুর উপযোগিতা পুনঃ
পুনঃ অভ্যাস দারা নিঃসন্দেহই অপরিজ্ঞাতভাবেও আপনা হইতেই হইয়া
পড়ে।

এই উপার্জিত ক্ষমতা সেন্স্রি মোটর্ গ্যান্থ্রিয়নিক্ নিউক্লিয়াই (Sensory motor ganglionic neuclei) অর্থাৎ স্পর্শক্তানোৎপাদক ও গতিদ স্নায়ুকোষের আয়ন্তাধীনে আসাতে কোন বাহ্নিক উত্তেজনা উপস্থিত হইবামাত্র তাহার ফল স্বরূপ গতি হইরা থাকে। অর্থাৎ তথন ইচ্ছা না করিলেও আপনা হইতেই উক্ত উত্তেজনা বশতঃ গতি হইরা থাকে। ফোক্যাল্ রাচ্জান্তিমেন্ট্ (Focal adjustment) বা রশ্মি একত্র করা সম্বন্ধে আর একটি বিষয় মনোযোগের সহিত দেখিতে হইবে যে এতদর্থে কত পারিপাট্য ও অবিশ্রান্ত পরিবর্ত্তন এককালীন আবিশ্রুক হয়।

যতকা পর্যান্ত কোন ব্যক্তি জাগরিত থাকে, ততকা পর্যান্ত তাহার রেটিনা এবং দৃশ্য-বস্তুর মধ্যবর্ত্তী দূরত্বের প্রত্যেক মূহুর্ত্তে অসংখ্য পরিবর্ত্তন ঘটিয়া থাকে, এই হেতু অকি-দর্পণের স্থান্তবারও তজ্ঞপ পরিবর্ত্তন ঘটাইয়া দেয়। কারণ, ইহা সপ্রনাণিত হইয়াছে দে, অবিক্ত-দৃষ্টিতে আলোক-রিমা যে কেবল রেটিনাতে আনীত হইয়া, পরপার এক বিন্দুতে মিলিত হইবে, এমত নহে; উহারা মহোতে রেটিনার বেসিলারি লেয়ারেও (Bacillary layer) ঠিক সেই স্থানে এক

# ठक्कृत निर्म्वा ।

বিশ্তে প্রস্পর নিলিত হইতে পারে এরূপ ভাবে পতিত হওরাও আবিশ্রক হয়।

বর্তুমান সময়ের মাত্যবর ও প্রাক্ত ব্যবস্থাপকদিগের মতে, সিলিয়ারী পেশীর কার্য্য দারাই দৃষ্টি-কৌশলতা সংসাধিত হইয়া থাকে। ''অতএব ডঙার্স নাহেব লিথিয়াছেন পেশীর দর্শনোৎগাদক বিশেষ গুণ কেবল সিলিয়ারি পেশীরই আছে। কিন্তু, যে কৌশল দারা এই কুদ্র পেশীর সংকোচন শক্তি অকিন্দর্শণের আকৃতির পরিবর্তুন ঘটায়, (এই প্রশ্ন এক্লণে মতই কেন মিয়াংসিত হউক না) তাহা অদ্যাপি বিশ্বাস ও সন্তোষজনকরূপে স্থিরকৃত হয় নাই"।\*

এই মতের পোষণার্থ আমরা ইহা উরেখ না করিয়া পাকিতে পারি না মে, যে সকল জন্তুর চক্ষ্র দর্শনোপযোগিত। সমধিক উন্নত (মেনন পক্ষী-জাতির) তাহাদের সিলিয়ারি পেশী সমধিক পৃষ্ট। আর বাহারা প্রায়ই তদ্বিরহিত, (মেনন মংস্ত জাতি) তাহাদের মিলিয়ারি পেশী কদাচিং সম্পূর্ণ র্ণাবস্থা প্রাপ্ত হয়।

পূর্বে এরপ বিশ্বাস ছিল না বে, চফুকে দর্শনোপ্রোগী করিতে আইরিস সিলিয়ারি পেশীকে সাহায্য করে। কিন্তু তন গ্রাফর একটি রোগী
দারা ইহা নিমাংসিত হইরাছে, কেননা এতানে তিনি সমগ্র আইরিস নিজাশিত করিয়া ছিলেন তথাপি র্যাকোমোডেসনের কোন ব্যাঘাত ঘটয়া
ছিল না।

<sup>\* &</sup>quot;Accommodation and Refraction of the Eye," by Donders, p. 26 (New Sydenham Society.)

# দিতীয় অধ্যায় ৷

রোগীর চক্ষু ও দৃষ্টি পরীকা করিবার রীতি।—অক্সিবীক্ষণ যন্ত্র।—অক্সিবীক্ষণ যন্ত্রের ভৌতিক নিহম ও ব্যবহার।——অক্সিবীক্ষণ যন্ত্র দ্বারা স্তুস্থ চক্ষুর পরিদ্শন।

# (Examination of the eye.) চক্ষু পরীক্ষা করিবার রীতি।

চক্ষু পরীক্ষা করিতে হইলে, প্রথমতঃ উহাকে বিশুদ্ধ উজ্জ্বল আলোকে আলোকিত করা নিতান্ত আবশ্রক। রোগী স্থবিধামত কোন গবাকের সন্মুথে উপবিষ্ট থাকিবে, আর চিকিৎসক তথায় এরপভাবে দণ্ডারমান হইবেন, যে, তাহাতে আলোকরিশ্ব অপ্রতিরোধিতভাবে রোগীর চক্ষুর উপর পতিত হইয়া, তাঁহাকে তদভান্তরস্থ সমুদার অংশের বিশেষ পরিজ্ঞান জন্মাইয়া দিতে পারে।

অতঃপর এক হস্তের অঙ্গুষ্ঠাঙ্গুলি দারা রোগীর উর্দ্ধবর্ম, ও অপর হস্তদারা নিয়বর্ম উন্মীলিত করিতে হয়। এই ব্যাপার যদিও অতিশয় সহজ, তথাপি ইহাতে সমধিক সাবধানতার আবগুক হয়। কারণ, পীজ়িত অক্ষিগোলকে সামান্ত প্রতিচাপ লাগিলেও কন্ত ও উত্তেজনা হওয়ায়, তৎক্ষণাৎ উহা হইতে অঞ্চ প্রবাহিত হয়; স্ক্তরাং তৎসময়ে চক্ষ্ পরীক্ষা করিতে পারা যায় না। অক্ষিপুট-দয়কে সাধ্যমত উন্মীলিত করিয়া সিলিয়া বা চক্ষের পাতা, পংটা (Puncta), কন্জংটাইভা, স্ক্রেরটিক্, কর্ণিয়া; এবং আইরিসের অবস্থা সয়ত্মে পরীক্ষা করিতে হয়।

ডিপ্লোপিয়া (Diplopia) স্কুইন্ট (Squint) বা অপান্ধ দৃষ্টির পরিমাণ করিতে হইলে, রোগীকে সন্মুখদিগে কোন দূরস্থ বস্তুর প্রতি দৃষ্টি নিক্ষেপ করিতে বলিবে, এবং তথন রোগীর পীড়িত-চন্দুবত্মে, ঠিক্ কনীনিকার কেন্দ্রের বিপরীতে, একটি চিহু সংস্থাপন করিবে। পরে স্কুম্ন চন্দু মুদিত করিয়া, পার্শস্থ পীড়িত-চন্দু দারা পার্শস্থিত দূরপদার্থ নিরীক্ষণ করিতে বলিবে; ইহাতে পীড়িত চন্দু দৃশ্য বস্তুর প্রতি দৃষ্টি নিক্ষেপ জন্ম তাহার স্বাভাবিক স্থান হইতে বাহাদিকে

অপস্ত হইয়া পড়ে। এই সময়ে, যদি আর একটি চিহ্ন উক্ত কনীনিকা চিচ্ছের নিম্ন-বত্মে সংস্থাপন করা যায়, তাহা হইলে এই ছই চিহ্নের অন্তর দারা বক্র-দৃষ্টির পরিমাণ-কোণ নির্ণীত হইতে পারে।

(Examination of the Iris.) আইরিস্ পরীক্ষা-প্রণালী ।— পীড়িত চক্ষু পরীক্ষা করিবার সময় আইরিস আলোকে উত্তেজিত কি না, अर्थार क्रीनिका, अवादि आकृषिक धवः ध्रमातिक रहेरक्छ कि ना, তাহা পরীক্ষা করা উচিত। এই বিষয় হিন্ন করিবার নিমিত্ত, রোগীর স্খুবে একটি উপযুক্ত দীপ সংস্থাপন করিয়া, কেবল এক পার্শ্ব হইতে আলোক-রিশি আনিয়া তির্বাগ্ভাবে রোগীর চকুতে নিকিপ্ত করিতে হয়। ভাঁজ করিয়া স্কস্ত-চক্ষু ঢাকা উচিত যাহাতে উহাতে আলোকরশ্মি প্রবেশ क्तिए ना शारत। এই সময়ে পরীক্ষক এরূপ অবস্থানে উপবিষ্ট থাকিবেন, যে তাঁহার এক হন্তের ছাঁয়া উক্ত চন্দুতে পতিত হইবে অথচ সেই চন্দুর কনী-নিকা দুখ্য থাকিবে। পরে, কনীনিকার একধারে তাঁহার দৃষ্টি স্থিরভাবে রাথিয়া, উক্ত স্থান হইতে হস্ত অবস্থত করতঃ, উহাতে পুনরায় উজ্জুল আলো-কাতিত করিবেন। পুনঃ পুনঃ চক্ষুকে এই রূপে আলোকিত ও ছায়াবৃত कतित्व, तियां यांद्रेत्व त्य, यिन आदितिम सुरू थात्क, जत्व छातानुज इदेल कनीनिका श्रमाति इरेशा यारेत; ७ त्य ममत्य आत्माक-त्रिश आमिशा রেটিনায় স্পর্শ করিবে অমনি উহা আবার সম্কৃতিত হইয়া যাইবে। এই নিয়-মের বিপর্যায় ঘটিলে তাহা অত্যন্ত সাবধান হইয়া লক্ষ্য করিতে হয়; কারণ আইরিদের গতিরোধার্থ সাইনেকিয়া\* অথবা বাহ্যিক কোন ভৌতিক বাধার কারণ না থাকিলে, তাহার আলোক সংযোগে আবরণ দারা আমরা চকুর আভ্যন্তরিক নির্মাণের অনেক পীড়িতাবস্থা বিশেষরূপে পরিজ্ঞাত হইতে পারি। দে যাহাহউক, আইরিদ্ এবং রেটিনাও বহুদূর ব্যাপিয়া পীড়িত থাকিলেও কনীনিকা আলোকাদিতে প্রদারিত ও আকুঞ্চিত ইইয়া থাকে। কারণ, ইহা আমি পূর্ম্বেই বলিয়াছি যে, স্তস্ত চক্ষুত্ত রেটিনার উপর আলোক পতিত হইলে, প্রতিফলিত কার্য্য (Reflex action) দারা অন্য

<sup>\*</sup> সাইনেকিয়া (Synechia) শত্তে কর্ণিয়া বা লেজ-তেকাবের সভিত আইরিসের সংযোগ রুঝায়।

চক্ষ্র কনীনিকা আকুঞ্চিত হয়, সেই চক্ষ্ য্যাময়টিক্ (Amawoatic) বা দৃষ্টি বিহীন হইলেও এ নিয়মের কোন ব্যতীক্রম হয় না। পক্ষান্তরে কনীনিকার প্রসারিতও কার্য্য-বিরত অবস্থা, যে কেবল রেটিনায় ব্যাধিত অবস্থাতেই হইবে এরপ নহে।

সন্দেহ-স্থলে য়্যাট্রোপাইন নামক ঔষধ ব্যবহার করিতে হয়।
তদ্বার! সাইনেকিয়ার বিদ্যমানতা জানা যায়। সাইনেকিয়া হইলে,
কনীনিকা অনিয়মিতরূপে প্রসারিত হইয়া, তদ্বিদ্যমানতা সম্বন্ধে আমাদিগকে কোনরূপ সন্দেহ জন্মাইতে দেয় না। আর সাইনেকিয়া যদি
না থাকে, তথাপিও অফি-বীক্ষণ দারা চক্ষু পরীক্ষা করিতে হইলে, এই
য়্যাট্রোপাইন ব্যবহার করিয়া, আমরা চক্ষুর গূঢ় নির্মাণ সকল উত্তমরূপে
অবগত হইতে পারি।

ভিন্ন ভিন্ন অবস্থাতে, কনীনিকার পরিমাণ নির্ণরার্থে কনীনিকা-মান (Pupillometer) \* বা পিউপিলোমিটার নামক যন্ত্র প্রস্তুত হইয়াছে। ইহাতে ডিগ্রিমান রেথান্ধিত একটি সমতল দণ্ডে, আর ছইটি লম্বদণ্ড সংলগ্ন আছে; তাহার একটি স্থিরভাব থাকে, অপরটি একটি স্কু (পেঁচ) দ্বারা চালিত হয়। স্থির লম্বদণ্ডের পার্শ্ব কনীনিকার অভ্যন্তর পার্শের সহিত এক রেথান্ব রাথিয়া, ও ক্রমশঃ স্কু ঘুরাইয়া, গতিশীল লম্বদণ্ডের পার্শ্বকে কনীনিকার বাহ্য পার্শের সহিত ঠিক্ এক রেথান্ব রাথিলে, তদন্তবর্তী ব্যবধান কনীনিকার ব্যাসরেথা বলিয়া নির্দিষ্ট হয়।

# অক্ষিবত্ব এবং অশ্রু-যন্ত্র (ল্যাক্রিল্যাল্ য়্যাপারেটস্)—

কখন কখন বাফ্পদার্থ অবরুদ্ধ হইলে তাহা দেখিবার নিমিত্ত বন্ধকৈ উন্টাইতেও হয়। পরীক্ষক এক হস্ত দারা ইস্পাতের একটি প্রোব্ বা তজ্ঞপ কঠিন কোন শলাকা অক্ষিবত্মের উপরিভাগে পুটো-পান্থির এক রেখার, বা অক্ষিবর্ম প্রান্তভাগের ই ইঞ্চ অন্তরে আড়ভাবে রাখিরা, অপর হস্তদারা কতকগুলি দৃঢ়-মূল বৃহত্তর পক্ষ ধরিরা, আস্তে আস্তে সন্মুখদিকে কিঞ্চিৎ উত্তোলন করতঃ, উক্ত প্রোবের উপরিভাগ

<sup>\* &</sup>quot; A Handy-book of Ophthalmic Surgery," J. Z. Laurence, p. 4.

যুরাইয়া অক্সিপুট উণ্টাইবেন। পরে যদি রোগী অধোদিগে দৃষ্টি নিক্ষেপ করে, তাহা হইলে প্যালিব্রাল্ কনজংটাইভাকে বিলক্ষণরূপে পরীক্ষা করা যাইতে পারে।

চক্ হইতে নাদিকাতে অঞা নির্গত হইবার বে সকল প্রণালী আছে, তাহাদের অবস্থা পরিজ্ঞাত হওয়া অত্যাবশ্রুক। কারণ, দেখা যাইতেছে যে, উহারা প্রতিরুদ্ধ হইলে, অঞা নির্দিষ্ট প্রণালী দিয়া বহির্গত হইতে না পারিয়া, চক্র নাদাপার্শস্থ অপাঙ্গদেশে একত্র সংযত হয়; পরে তথা হইতে উচ্ছলিত হইয়া গগুদেশ দিয়া প্রবাহিত হইয়া পড়ে। এই সমস্ত অবস্থায়, নিয় লিখিত কারণাবলী দায়া উক্ত প্রতিরোধের অবস্থান সম্বন্ধে যৎকিঞ্চিৎ জ্ঞানলাভ করা ঘাইতে পারে। যদি পংটা এবং ক্যানালিকিউলি (Canaliculi) বা অঞ্চপ্রণালী স্বস্থ থাকে, তবে ল্যাক্রিয়্যাল্ স্যাকের ( অঞ্চথলি ) উপরিভাগে আন্তে প্রতিচাপ দিলে, পংটা হইতে স্বচ্ছ বিন্দুমাত্র জল নির্গত হইয়া আইসে। কিন্তু উহা হইতে কথনই জল উল্লীণ হইয়া আসিতে পারে না। অতএব, যদি অবিরত অঞ্চ প্রবাহিত হইতে থাকে, এবং যদি অবিরিউলারিম্ পেশীর কণ্ডরার নীচে প্রতিচাপ দিলে, একবিন্দু জল পংটা হইতে নির্গত হইয়া আইসে, তবে এরূপ বিবেচনা করিতে হইবে যে, নাদা-প্রণালীতে (Nasal duet) উক্ত প্রতিরোধ হইয়াছে।

যাহাহউক, এই নিয়মের বিপর্যায়ও ঘটিয়া থাকে। কারণ, যদি পংটার অস্থাতা বিক অবস্থানই অশ্রু-বিগলনের (Lachrymation) কারণ হয়; এবং এই অবস্থা কনজংটাইভার পুরাতন প্রদাহ এবং ঘনতার কারণে, বা অর্বি-কিউলারিস পেশীর নিম্পানতা প্রযুক্তই উৎপন্ন হয়; অথবা যদি অন্ত কোন কারণে উক্ত অংশ অল্ল স্থানান্তরিত হয়, তবে ইহা স্পষ্টই প্রতীয়মান হইতেছে যে, কেবল অত্যল্প পরিমিত অশ্রু, অশ্রুণলিতে স্থান প্রাপ্ত হইয়া, অবশিপ্ত অশ্রুণ গওদেশ দিয়া প্রবাহিত হইয়া পড়ে। এই সকল অবস্থায় অশ্রুণলি কিয়ৎপূর্ণ থাকায়, উহার উপর মৃত্ন প্রতিচাপ দিলে, পংটা হইতে একবিন্দু জল নিঃস্থত হইয়া বহির্দেশে দৃষ্ট হয়। এই উচ্ছলনের কারণ, অল্ল অন্ত্রমানেই উপলব্ধ হইতে পারে। পংটার স্থানাপ্রদর্গই উহার প্রকৃত কারণ।

যদি এরপ বিবেচনা হয় যে, পংটা বা ক্যানালিকিউলি ( অঞ্চপ্রণালী ) রক্ষ হইরা গিয়াছে, তবে পংটমের মধ্যদিয়া একটি স্ক্র প্রোব্ অঞ্জ-প্রণালী ভেদ করতঃ অঞ্জ-থলিতে প্রবিষ্ট করাইলে, উক্ত অংশ দকল ক্রমে অন্তমন্ধিত হইরা পড়ে। চক্ষু স্কুস্থ থাকিলে, এই প্রক্রিয়া সহজেই নিম্পাদিত হয়; কিন্তু উক্ত অংশ রুদ্ধ হইলে, প্রোব্ নামক শলাকা রুদ্ধস্থান অতিক্রম করিয়া প্রবিষ্ট হইতে পারে না। এই প্রক্রিয়াতে পংটাকে অনাবৃত রাখিবার নিমিত্ত, সাবধানে অক্ষিপুটকে কিঞ্চিৎ উল্টাইয়া রাখিতে হয়; এবং একটি স্ক্র্র্যা প্রোব্ লম্বভাবে প্রায় ই মানরেখা পরিমিত স্থান পর্যান্ত, পংটমের মধ্যে প্রবেশ করাইতে হয়। পরে উহাকে অন্তর্দ্ধিকে ল্যাক্রিম্যাল্ স্থাকের অভিমুখে, সমতলভাবে প্রবিষ্ট করিয়া দিতে হয়। অত্যন্ত সাবধান হইয়া এই প্রোব্ সঞ্চালিত করা আবশুক। কারণ, উক্ত প্রণালীর অভ্যন্তর ভাগ বে স্নৈম্মিক-ঝিল্লী দ্বারা আচ্ছাদিত, তাহা অতিশ্র কোমল। উহা সহজেই ছিল্ল বা আঘাতিত হইতে পারে; স্কৃতরাং উক্ত প্রণালী পরিশেষে চিরক্রদ্ধ হইয়া প্রেড়।

প্রোব্ (শলাকা) প্রবেশ কালীন, প্রারহ অঞ্চ-প্রণালীর এক বা উভয় প্রান্তে অত্যন্ন প্রতিরোধ অন্তভূত হইতে পারে। উহাতে ঝিল্লি-নির্দ্মিত ত্ইটি ক্ষুদ্র কুদ্র কপাট থাকায়, এবং প্রণালীমুথের (Orifices) চতুপ্পার্শ্বে বেষ্টিত ক্ষি:টার পেশীর স্বাভাবিক সংকোচিকা শক্তি থাকায়, উক্ত ঘটনা ঘটিয়া থাকে। উপরি লিথিত দিগভিমুথে প্রোব্ দারা অবিরত মৃহ্রূপে প্রতিচাপ দিতে ২, উক্ত সংকোচনশীল স্থ্রসকলের বেগ সম্বরেই অতিক্রামিত হইতে পারে; এবং উক্ত প্রোব্ ল্যাক্রিম্যাল স্থাকে প্রবিষ্ট হইয়া, তৎক্ষণাৎ তদভ্যন্তরন্থ অস্থিময় প্রাচীর পর্যান্ত চালান যাইতে পারে।

অক্ষি-গোলকের আমান(Tension)—— অত্যন্ত সাবধান হইয়া,
অক্ষিবঅ বিয়ের প্রান্ত, বর্জ সম্বন্ধীয় ও আক্ষিক কনজংটাইভা, স্কেরটিক, কর্ণিয়া
এবং আইরিসের অবস্থা পূজ্যান্তপূজ্যরূপে পরীক্ষা করিয়া, পরিশেষে চক্ষু কি
পরিমাণ আয়ামযুক্ত তাহা জ্ঞাত হওয়া সর্বতোভাবে প্রয়োজনীয়। যে চক্ষু
পরীক্ষা করিতে হইবেক, রোগীকে তাহা মুদিত করিতে বলিয়া, পরীক্ষক
আপনার এক হস্তের তর্জনীর অগ্রভাগ উক্ত মুদিত অক্ষিগোলকের উপরি-

ভাগে মৃহ্ং প্রতিচাপ প্রদান করিলে উহা যে পরিমাণে প্রতিরোধ প্রদান করে, সেই পরিমাণই অক্ষিগোলকের আয়াম জানিতে হইবে। স্বস্থ অক্ষিগোলক সহজেই টোলখাইয়া যাইতে পারে; কিন্তু পুরাতন প্রকোমা রোগে উহা প্রস্তরৎ কঠিন বোধ হয়। মিষ্টার ব্যোমান্ সাহেব বলেন,\*—

"চক্ষুর আয়াম নববিধ অংশে বিভক্ত করা সম্ভব ও অত্যন্ত প্রয়োজনীয় মনে করি। এবং কার্য্য সৌকর্য্যার্থেও অতি সৌন্দর্য্যরূপে রোগ বর্ণনা করণার্থে বিশেষ ২ চিহুদ্বারা তাহাদের নামকরণ করিয়াছি। স্থবিধা ও প্রকৃত পরিমাণ জ্ঞানের নিমিত্ত, উহার প্রত্যেক ডিক্রী বিশেষ২ অঙ্কদারা লিখিত হয়। এই নববিধ বিতানমান নিয়ে প্রদর্শিত হইতেছে।

"ব আয়াম। প ব প্রকৃত আয়াম। (?) এই প্রশ্ন বোধক দারা সন্দেহ বুঝা যায় ( কিন্তু এবন্ধিধ বিষয়ে উক্ত সন্দেহ ভপ্তনের কোন উপায় নাই এরূপ মনে করিয়া ক্ষান্ত থাকিতে হয়। যে সকল অক্ষ ব অক্সরের সহিত এক রেখায় অবস্থান করে, তাহার মধ্যে এই (+) যোগ চিয়্ন থাকুক, আয় না থাকুক, তল্বারা বর্দ্ধিত-আয়াম (Increased Tension) জ্ঞাত হওয়া য়ায়। উহার মধ্যে এই ( — ) বিয়োগ চিয়্ন থাকিলে, য়ৢসমান-বিতান (Diminished Tension) জ্ঞাপন করে। নিয়ে এতদ্বিয়য় সবিস্তারে লিখিত হইয়াছে। য়থা;—

"ব + ৩, তৃতীয়মান, অথবা সর্কোচ্চ আয়ামমান (Extreme Tension)। ইহাতে অঙ্গুলিয়ারা দৃঢ় চাপ দিলেও অক্লিগোলক টোল খায় না।

'' ব + ২, দ্বিতীয়মান বা মধ্য-আয়াম। ইহাতে অঙ্গুলি চক্ষুর ত্বক্ সকলকে অল্প চাপিতে পারে।

"ব + ১, প্রথম আগামমান। ইহা যদিও স্বল্প, কিন্তু নিশ্চয় স্থচক!

" त + > ?. आगांग विक्विंग हरेशां एक ना, अविविधाक मान्तर।

'ব প. প্রকৃত আয়াম।

" ব-> ?. প্রকৃত আয়াম ব্লাস হইয়াছে, এতদ্বিয়ক সন্দেহ।

<sup>&</sup>quot;British Medical Journal," 1862, vol. ii. p. 378.

#### ় ভাক্ষিতত্ত্ব ৷

" ব—১ প্রথম স্বল্ল-ল্মু আরাম্মান (Reduced Tension) দদিও স্বল, কিন্তু নিশ্চর বোধক।

"ব—২ \ অন্ত লবু সাগামমানদ্র, অঙ্গুলি সহজেই চকুর ত্বক্-"ব—১ \ মধ্যে মগ হইরা বাইতে পারে। বাহাহউক, শক্ষারা নববিধ বিতানের অর্থবোধ হওয়া তুর্ঘটি।

সচরাচর দেখা যায় এরূপ রোগসমূহ, কোন কোনটি অত্যন্ত স্ক্রা বর্ণনা বলিয়া গণ্য করা যাইতে পারে। কিন্তু অক্নিগোলকের নানাবিধ ব্যাধির প্রকৃত জাতি স্ক্রেরূপ অনুসন্ধান করা হইবে, এরূপ অভিপ্রেত হইলে আমি দেখিয়াছি যে ইহা দ্বারা বিশেষ উপকার হয় এবং যতদূর স্ক্রেবর্ণন বাঞ্ছনীয় বা পাওয়া যাইতে পারে তাহা ইহাদের দ্বারা পাওয়া যায়।

দৃষ্টি জ্ঞাপক জক্ষর সমূহ। (Test Types—) দৃষ্টির তীক্ষতা পরীক্ষা করিবার নিমিত্ত কোন নির্দিষ্ট পরিমাণ রাখা অত্যন্ত প্রয়োজনীয়। উহা দারা, যে কেবল এক ব্যক্তির সহিত অন্ত ব্যক্তির দৃষ্টির প্রভেদ অন্তল্ভব হয় এমত নহে। পীড়িত ব্যক্তির চিকিৎসার দারা তীক্ষতা বর্দ্ধিত হইতেছে, কি না তদ্বিষরেও অন্তমন্ধান পাওয়া যায়। অধুনা সচরাচর সেলেন্ সাহেবের দৃষ্টি জ্ঞাপক অক্ষর-সমূহ এই কার্য্যে ব্যবহৃত হইয়া থাকে। এই সকল অক্ষর কতকগুলি সরলরেখার যোগেও লিখিত এবং এমত বিশৃষ্ণালাভাবে বিশুস্ত যে সামান্ত অক্ষরের ত্রায় তাহাদিগকে অন্তমান করিয়া বলা যায় না। তিনি আকৃতি অন্তমারে এক হইতে বিংশতি সংখ্যক ভিন্নং অক্ষরশ্রেণী মুদ্রিত করিয়াছেন। প্রথম সংখ্যক অক্ষরশ্রেণী স্বাভাবিক চক্ষুতে ১ এক ফুট দূরে, ৫ মিনিট্ কোণে দৃষ্টিগোচর হইয়া থাকে; তদতিরিক্ত দূরে উহা স্পষ্ট দৃষ্টিগোচর হয় না। দ্বিতীয় সংখ্যক অক্ষর শ্রেণী, উক্ত কোণে ২ ফুট দূরে দৃষ্টিগোচর হয় না। দ্বিতীয় সংখ্যক অক্ষর শ্রেণী, উক্ত কোণে ২ ফুট দূরে দৃষ্টিগোচর হয় । এইরূপে বিংশতি সংখ্যা পর্যান্ত ক্রমশঃ দূরে দূরে দৃষ্টিগোচর হয়য়া থাকে।

মনে কর, কোন ব্যক্তির দৃষ্টি হ্রাস হইয়া গিয়াছে। সে ২ দূট দূরে প্রথম সংখ্যক অক্ষর শ্রেণী দেখিতে না পাইয়া, চতুর্থ সংখ্যক অক্ষরশ্রেণী দেখিতে পায়। এ স্থানে তাহার দৃষ্টিকোণ পাঁচ মিনিট বৃহত্তর কোণের আবশুক করিতেছে কারণ তাহাতে রেটিনাতে বুহতর প্রতিমূর্ভি পাইতে পারে।
দুষ্টির তীক্ষতার পরিমাণ নিম্নে প্রদর্শন করা বাইতেছে।

ত ত তীক্ষ দৃষ্টি।

= নত দূর হইতে অক্ষর দৃষ্ট হয়।

দ ত দূর হইতে ৫ মিনিট কোণে অক্ষর দৃষ্ট হয়।

# অতএব ত= দ

উদাহরণ। কোন ব্যক্তি চকুকে উপযুক্তরূপ ছাপন করিয়া বিংশতিত্য অক্রেশ্রেণীকে বিংশতি ফুট দূরে না দেখিলা, যদি ১০ ফুট দূরে দেপে তবে উহার দৃষ্টির তীক্ষতার ভ্রাম হইলাছে বলিতে পার। যায়।

#### **७**=३0 = ३।

তিনি যদি, তৃতীয় সংখ্যক অক্ষর শ্রেণী ১ ক্ট অন্তর হইতে দেখিতে পান, তবে তাঁহার দৃষ্টির তীক্ষত। ত= है। অভাতা স্থলেও এইরূপ।

বয়স ৪ ব্যক্তি বিশেষে দৃষ্টির দূরত্বের তারতম্য হইরা পাকে। স্বাহাবিক অবস্থার ৩ ই হইতে ৪ ইঞ্চ দূরে স্পষ্টরূপ দেখা বার, ইহাই লঘুত্ম দূরত্বের দীমা। দীর্ঘত্ম দূরত্বের দীমা নাই অর্থাং মতদূর ইচ্চা দেখা বাইতে পারে; বে স্থানে আকাশমণ্ডলীয় বা ভৌতিক কারণ সকল আলোক আসিবার প্রতিবন্ধক হয়, তাহাই হইবার শেষ দীমা।

দৃষ্টিক্ষেত্র । (Visual Field.)— রেটিনার ম্যাকিউলা লিউটিরাতে সম্পূর্ণ দৃষ্টিপক্তি থাকিতে পারে; অগচ তদহিংস্ত রেটিনার কার্যা একেবারে বিলুপ্ত হইতে পারে। এই নিমিত্ত দৃষ্টিকেত্রের পরিমাণ অর্থাং রেটিনার যে যে ভাগ আলোক গ্রহণ করিতে পারে, তাহা নির্ণয় করা মর্লি-ভোছাবে প্রয়োজনীয়।

নিয় লিখিত প্রকারে দৃষ্টিকেত্রের পরিমাণ নির্ণর করিতে পারা যায়। একগানি ক্ষাবর্ণ বোর্ড বা নীল কাগজারত প্রক্থানা কুেম্ হ্ইতে১ দুট্ অন্তরে, রোগাকে উপবিষ্ট করাইয়া, প্রক্থানি দ্লধ্ছী দার। বা পেন্সিন্

१ ८७ द अशीर छान अशाहन १५८४ हो अनुवादकः ८५ ६०४ अन्य नः यदात करा निश्चादम् ।

উক্ত বোর্ডের ঠিক্ মধ্যক্ষল ঢেরা + চিহ্লাপ্পিত করিয়া, তাহাকে এক চক্ষ্
মূদিত ও অপর চক্ষ্রার। তদ্ধনে দৃষ্টি নিয়োজিত রাখিতে আদেশ করিতে
হয়। এইরূপ করিলে, পরে উক্ত থড়িগানি ক্রমশঃ বোর্ডের নিয়, উর্দ্ধ,
দক্ষিণ ও বাম চতুর্দ্ধিকে সমতলভাবে লইরা যাইতে হয়। ইহাতে রোগী
উক্ত স্থানে দৃষ্টি নিয়োজিত রাখিয়া, প্রত্যেক দিকে যতদ্র পর্যান্ত দেখিতে
পায়, তাহার সীমা অঙ্কিত করিলে, তাহাই দৃষ্টিক্ষেত্রের পরিনাণ-সীমা।
ইহার মধ্যবর্ত্তী বিন্দু বা স্থানগুলিও এইরূপে নির্ণাত হইতে পারে, তৎপরে
তাহাকে বোর্ড বা কাগজোপরি বাহ্যমীমা অঙ্কিত করিলে দর্শনোপযোগী
স্থানের সীমা নির্দেশ হয়। অপর চক্ষুও ঐর্পে পরীক্ষিত হইতে পারে।\*

রোগীর একচক্ষু মুদিত করিয়া, অপর চক্ষু দারা পরীক্ষকের কোন চক্তে দৃষ্টি নিয়োজিত রাখিলেও, একপ্রকার সামান্ত রূপে দৃষ্টিক্ষেত্র নিরূপিত হইতে পারে। যথন রোগী এরূপ দৃষ্টি নিয়োজিত রাখে তথন পরীক্ষক নানাদিকে অঙ্গুলি লইয়া, কতদূর পর্যান্ত স্থান সে দেখিতে পায়, এবং কোগায়
তাহার দৃষ্টিরোধ হয় ইহা নির্গয় করেন; ম্যাকিউলা লিউটিয়ার পার্ধস্থ রেটিনা
যদি কোন দিকে কার্যাক্ষম হয়, তবে দৃষ্টিক্ষেত্রের সেইদিকে অঙ্গুলি আসিলে,
রোগী তাহা দেখিতে পায় না; স্ক্তরাং ইহাতে রেটিনার যে ভাগ পীজিত
হইয়া কার্যা করিতে অক্ষম হইয়াছে, তাহাও নিরূপিত হইতে পারে অর্থাৎ
নে স্থানে রোগী দৃষ্টি করিয়া আছে, (এয়লে পরীক্ষকের চক্ষু) সে স্থান ভিয়
অন্ত দি:ক অঙ্গুলি লইয়া গেলে তাহা দেখিতে পায় না।

যদি কোন ব্যক্তির দৃষ্টি এতদ্র বিনষ্ট হইয়া গিয়া পাকে, যে সে প্রদর্শিত অঙ্গুলির সংখ্যাও নির্ণয় করিতে পারে না, এমত স্থানেও দৃষ্টিক্ষেত্র নিরূপণ করা ধ্রেরঃ। ইহা এইরূপে নির্ণাত হয়—রোগী এক চক্ষু মুদিত করিয়া অপর চক্ষু দারা রুফাবর্ণ বোর্ডের উপরিভাগে ভান্যমান চল্রাকৃতি কোন খেতবর্ণ বস্তুর প্রতি দৃষ্টি নিক্ষেপ করিবেক; এবং যে যে স্থানে উক্ত বস্তু তাহার দৃষ্টিগোচর হইবে, সেই সেই স্থান চিক্লিত করিয়া রাথা উচিত। অথবা, পরীক্ষক বোগীর সম্মুথে, এক ফুট অন্তরে এক হস্ত উত্তোলন করতঃ, তদিকে

<sup>\* &</sup>quot;Recent Advances in Ophthalmic Surgery," by Dr. Williams of Boston, U. S., p. 30.

রোগীকে দৃষ্টি নিক্ষেপ করিতে বলিয়া, তথায় একটি প্রদীপ্ত দীপশিখা নানা দিকে ভ্রামিত করিবেন। ইহাতে যে সে স্থানে উক্ত দীপশিখা রোগীর দৃষ্টি-গোচর হয়, সেই দেই স্থান চিহ্নিত করিয়া রাখা আবশুক। তাহা হইলেই দৃষ্টিক্ষেত্রের সীমা নিরূপিত হইল।

#### অकितीका-यञ्ज। (OPHTHALMOSCOPE.)

অধুনা চক্ষুর গভীরতর প্রদেশের পরীকার নিমিত্ত অক্ষিবীক্ষণ-যন্ত্র এত ব্যবস্থত হইতেছে, ও পূর্দ্ধে যে সকল পীড়া নির্ণয় করা ছ্ম্বর বলিয়া বোধ হইত, সেই সকল পীড়া নির্ণয়ের নিমিত্ত উহা যে কতদ্র উপযোগী হইয়াছে, তদ্বিয়ে আমার এহলে বিস্তৃতি বর্ণনার কোন প্রয়োজন হয় না।

চক্ষৃকে আ'লে কিত করিবার বিষয়।——- আনরা অকিবীকণ-যন্ত্র ব্যতিরেকে, কি নিমিত্ত চক্ষুর অভাত্তর দেখিতে পাই না, এবং কি নিয়মেই বা উক্ত যন্ত্র আমাদের অভিপ্রেত কার্য্য সাধনের সম্পূর্ণ উপযোগী হইয়া থাকে; পশ্চাদ্দর্শিত ৩ য়, প্রতিকৃতি দেখিলেই তদিষয় স্পষ্ট বোধগন্য হইবে। এই প্রতিকৃতিতে  $\Lambda$  পরীক্ষণীয় চক্ষু,  $\Gamma$  দূরবিন্দু দর্শনোপযোগী হইয়া অবস্থিত আছে; এবং ঠিক এই F বিন্তুতে একটি দীপশিখা উদ্দীপ্ত तरिवार्ष, अत्राप मत्न कतिए इरेराक। अक्तरण, रेश म्पेडेरे अंछीयमान হইতেছে যে, F আলোকসয় পদার্থ হইতে কতকগুলি রশ্মি (Divergent rays) ক্রমশঃ বিকীর্ণ হইয়া, A পরীক্ষণীয় চক্ষুর কর্ণিয়াতে পতিত হয় ; এবং তথা হইতে চকুর ডারপ্টিক নিডিয়া অর্থাৎ দৃষ্টিপথ দিয়া গমন করার, বক্র (Refract) হইরা, এই সকল রশার কতকগুলি ঐ হানে মিশাইয়া (Absorbed) যায়; আর কতকগুলি চকুর ফণ্ডদ বা তলদেশের বিধান দারা প্রতি-ফলিত (Reflect) হইয়া, যে যে স্থান দিয়া যে যে প্রকারে চক্ষুর মধ্যে প্রবেশ করিয়াছিল, সেই সেই স্থান দিয়া সেই সেই প্রকারে বহির্গত হয়। স্থতরাং তজ্ঞতাই এ সকল রশ্মি যে বিন্দু হইতে বিকীর্ণ হইয়াছিল, ঠিক সেই F বিন্দুতেই পুনর্গিলিত (Focussed) হয়। এই হেতু পরীক্ষকের চকু F বিন্দুতে ন। থাকিলে, উক্ত প্রতিফলিত রিশা সকল কোনমতেই পরীক্ষকের চক্ষতে প্রবেশ করিতে পারে না। পরীক্ষকের চক্ষু p বিন্দৃতে, কিখা  $F^*$  ভিন্ন সভা কোন বিন্দৃতে থাকিলে, A চক্ষ্র কনীনিকা অন্ধকারময় বোধ হয়। এক্ষণে, যদি দীপশিখার পরিবর্তে উক্ত F বিন্দৃতে একথানি মধ্য-ছিদ্র দর্পণ রাখা যায়, এবং অন্থ স্থান হইতে ঐ দর্পণে রিশা প্রতিক্লিত করিয়া A চক্ষুতে পাতিত করা যায়, তাহা হইলে উক্ত রিশাচয় A র রেটিনা হইতে প্রত্যাগত হইয়া, উক্ত মধ্য-ছিদ্র দর্পণের ছিদ্র দিয়া, তংপশ্চান্বর্তী পরীক্ষকের চক্ষুতে প্রবেশ করিতে পারে। (৩য়, প্রতিক্ষৃতি দেখ)।

অপিচ উক্ত দীপশিখা যদি  $\mathbf{F}$  বিন্দু হইতে  $\mathbf{F}'$  বিন্দুতে আনীত হয়, এবং যদি রোগীর পরীক্ষণীয় চক্ষু উক্ত A F দূর পর্য্যন্ত দর্শনোপযোগী থাকে, তবে  $\mathbf{F}'$  হইতে রশ্মিচয় বিকীর্ণ হইয়া  $\mathbf{A}$  তে পতিত ও  $\mathbf{A}$  র দৃষ্টিপথে আসিয়া তির্য্যক্ভাবে ভগগতি হওতঃ, C বিন্দুর পশ্চান্তাগে D বিন্দুতে মিলিত হইতে পারিত; কিন্তু চক্ষুর ফণ্ডদ দারা প্রতিরোধ প্রাপ্ত হইয়া, n হইতে b পর্য্যন্ত সমুদার স্থান ব্রত্তাকারে আলোকময় করে। কিন্তু A, দূরবিন্দু F দর্শনোপ-যোগী;  $\mathbf{F}'$ বিন্দু দর্শনোপযোগী নহে। এই নিমিত্ত উক্ত  $\alpha$  b বুতের যে কোন -বিন্দু হইতে হউক না কেন, রশ্মি প্রতিফলিত হইয়া A চক্ষু হইতে বহির্গমন করতঃ,  $\mathbf{A} \ \mathbf{F}$  দূরে পুনঃমিলিত হয়। অপরন্ত, যে সকল রশ্মি a কিম্বা b বিন্দু হইতে প্রতিফলিত হয়, তাহারা যথাক্রমে a'ও b' বিন্তুতে মিলিত হয়। এই  $\acute{a}$  ও  $\acute{b}'$  বিন্দু,  $\acute{a}$  ও  $\acute{b}$  বিন্দু হইতে অক্ষি-দর্পনের (Optical centre) দর্শন কেন্দ্র বিন্দু পর্য্যন্ত রেখা টানিয়া, তাহাদিগকে পরিবর্দ্ধিত করিলে যে ছুই রেথা হয়, যথাক্রমে তাহাতেই অবস্থান করে। এক্ষণে এইরূপ অবস্থায় যদি পরীক্ষকের চক্ষু p প্রভৃতি বিন্দুতে থাকে, তবে  ${f A}$  র রেটিনা হইতে অত্যপ্ল রিশ্বি উহাতে আসিয়া উপনীত হইতে পারে; স্কুতরাং তদ্বারা তিনি কোন দর্প-ণের সাহার্য ব্যতিরেকেও উক্ত রেটিনাকে আলোকিত দেখিতে পান।

এই সকল বিষয় বোধগম্য হইলে, অফিবীক্ষণ যন্ত্ৰ কি প্ৰণালীতে চক্ষ্কে আলোকিত করে, তাহা সহজেই প্ৰতীয়মান হইবে। বাস্তবিক এই যন্ত্ৰ এক-

<sup>\* &</sup>quot;Manual of Instructions for the guidance of Army Surgeons in Testing the Range and Quality of Vision." By Deputy Inspector general J. Longmore, Professor of Military Surgery at the Army Medical School page, 38.


থানি দর্পণ মাত্র। উহা এরপেনির্মিত হইরাছে, গে, পরীক্ষকের চক্ষু ঠিক্ উক্ত

দীপ-শিথার স্থানে অবস্থিত হইতে পারে। ৪ র্থ প্রেক্তিতে এই বিষয় স্পষ্ট প্রদর্শিত হইয়াছে। চক্ষুর মধ্যে আলোক প্রবিষ্ট হইলে, যে পথে উহার গতি বক্রভাব হইয়া যায়, কেবল সেই পথ (Refracting media) দ্বারাই চক্ষুর অভ্যন্তরস্থ গভীর নির্মাণ সকল দেখিতে পাওয়া যায় বলিয়া, স্থানররূপ দেখা যাইতে পারে এরূপ স্থান সকলের প্রতিমূর্ত্তি (Image) তথায় কি প্রকারে সংঘটিত হয়, এস্থলে তদ্বর্ণনা সমধিক প্রয়োজন বোধ হইতেছে।

প্রতিমূর্ত্তি সংঘটন। (FORMATION OF IMAGE)—অক্ষিবীক্ষণ-যন্ত্র দারা চক্ষু পরীক্ষা করিবার হুই প্রণালী আছে; সাক্ষাৎ ও পর-স্পরার; প্রথম প্রণালী দারা উর্দ্ধশিরঃ জ্যামিতিক মূর্ত্তি (Erect geometrical image) ও দিতীয় প্রণালী দারা অধঃশিরঃ শৃত্তমূর্ত্তি (Inverted aerial image) দৃষ্ট হয়।

> মতঃ। প্রথম প্রণালী, ৪ র্থ প্রতিকৃতি
দর্শন করিলে, স্পষ্ট বোধগম্য হইতে পারে।
উহাতে A ও B বিন্দুদর যথাক্রমে পরীক্ষক
ও রোগীর চক্ষু। F আলোকের উৎপত্তি স্থান।
F হইতে a b রিশা-স্তনাকার \* (Cone of rays) L উভয়-দিক্-মুক্ত দর্পণে পতিত

৩য়, প্রতিকৃতি।




হইতেছে। এই L দর্পণ, F এবং অক্ষিবীক্ষণ যন্ত্র S এতত্ত্তেরের মধ্যে সংস্থাপিত।  $c\,d$  এই যন্ত্রের মস্থা উপরিভাগ। অপিচ উক্ত বিকীর্ণ রিশ্বি-

<sup>\*</sup> हैश्टब़कीटण दरान् (Conc) शटन खनाकात बूकां श।

গুলি, L দর্পণে প্রবিষ্ট হইয়া আলোক সংগ্রহকারী ও তথা হইতে বিন্তুত

৪ র্থ, প্রতিকৃতি।



(From Carter's translation of Zander)

নিলিত হইবার \* নিমিত্ত জম-সংকীৰ্ হওতঃ, S দৰ্পণে পতিত र्यः; किन्नु ज्थाम मिनिज रहेरज না পারিয়া এরূপে প্রতিফলিত হয়, যে, বোধ হয় এই রশ্মি সকল ঠিক্ a' b' হইতে আসি-তেছে, ও p विन्तूत्रमिर्ग भत-म्भात गिमिण रहेराज्छ। परे সকল প্রতিফলিত রশ্মি রেখার योशंता g i अ h k त गर्धा जव-স্থিত তাহারা B চকুর দৃষ্টিপথে পতিত ও তথায় বক্রগতি হইয়া, চক্ষুর অভ্যন্তর্ম্ব O বিন্দতে মিলিত হয়; এবং তথা হইতে পুনর্কার বিকীর্ণ হইয়া B চক্ষর রেটিনাতে একটি আলোক বুত্তের উৎপত্তি করে। যদি এই বৃত্তের এমত হুই বিন্দু লওয়া যায়, যথা a্ও B, তাহা হইলে যে তথা হইতে প্রতি ফলিত রশ্মি অক্ষি-বীক্ষণ যন্তের মধ্য-ছিদ্র m n দিরা চক্ষুর অভ্যন্তরে প্রবেশ করতঃ,  ${f A}$  র রেটিনায় যথাক্রমে  ${f a}'$ ও  ${f B}'$ বিন্দ তেএকত্র মিলিত হয়। এই

<sup>\*</sup> কেন্দ্রবিদুতে প্রস্পার মিলিত হইতে বলিয়া, কোন বস্তুর ভিন্ন ভিন্ন বিদু হইতে আলোক-রিখা আসিলে, তাহারা যে ভাবে আইসে, ইংরেজী ভাষায় তাহাকে কন্ভার্চ্চ (Converge) শক্তে উনুখ করে। বাঙ্গলা ভাষায় তাহাকে কেন্দ্রিশুশু শক্তে অভিহিত করা গেল।

রূপ প্রীক্ষক  $\, {
m B} \,$  র প্রভাদ্ধারে,  $\, a \, B \,$  র একটি উদ্ধিনিঃ, বৃহত্তর, প্রতিমূর্ত্তি  $\, a'' \, \, B'' \,$ দর্শন করিয়া থাকেন। \* \*

এমত স্থলে রেটিনা স্পষ্টরূপে দেখিবার নিমিত্ত অক্ষিবীক্ষণ যন্ত্র রোগীর চক্ষ্র অতি সন্নিকটে রাণা আবগ্রক। তাহা হইলে, রোগীর চক্ষ্ হইতে মে সকল রিশা প্রতিফলিত হইয়া আইসে, তাহাদের মধ্য-রিশাগুলি পরীক্ষকের রোটিনাতে স্পষ্ট প্রতিমূর্ত্তি সংস্থাপন করে। কিন্তু, যদি অক্ষিবীক্ষণ-যন্ত্র রোগীর চক্ষ্ হইতে ১২ কিম্বা ১৪ ইঞ্চ দূরে লইয়া যাওয়া হয়, তাহা হইলে উক্ত স্তনাকার-রিশার (Cone of light) অভ্যন্তরন্থ ও বাহান্থ সমুদায় রিশা অক্ষিবীক্ষণের দর্শন-ছিদ্রের ভিতর দিয়া বহির্গত হইয়া যায় এবং রেটিনার রক্তবহা নাড়ী সকল বা অন্ত কোন অংশ অস্পষ্ট লক্ষিত হয়।


অধিকক্ষণ পর্যান্ত চিকিৎদকের চক্ষু রোগীর চক্ষুর অতি সন্নিকটে রাথাও অদন্তব ও দমধিক কন্টদায়ক বলিয়া, এই প্রণালীর কিঞ্চিৎ পরিবর্ত্তন করা অতীব প্রয়োজনীয়। এই নিমিত্ত অক্ষিনীক্ষণ-যন্ত্র ও রোগীর চক্ষ্, এতত্বরের মধ্যে একথানি কুক্তা\* (Concave) দর্শণ রাখিলে, উক্ত অন্থবিদার অনেক লাবব হয়। ইহাতে রোগীর রেটিনা হইতে রিশা সকল প্রতিফলিত হইয়া আদিয়া, উক্ত কুক্তা দর্শণে প্রবিষ্ট হয়, এবং তাহাতে তথা হইতে বিকীর্ণ হয় এবং অক্ষিনীক্ষণ-যন্ত্রের স্তনাকার রিশার বাহ্যভাগ ছিদ্রে প্রবেশ না করিয়া দর্শণের অন্যান্ত স্থানে পতিত হয়।

ত্রীক্ ভাষায় a এই জক্ষরের নাম ফ্রাল্ফা। B এই জক্ষরের নাম বিটা। র্মাল্ফাড্যাস্। B' বিটাড্যাস্। B' বিটাড্যাস্যাস্ট্যাদি।

<sup>\*\*</sup> কার্টার সাহেব রুত জ্যাণ্ডার সাহেবের প্রস্তের অনুবাদ ৮৫ পৃথা পাঠ বিবিলে, এই বিষয়ের গাণিতিক প্রনাণ পাওয়া যাইতে পারে। উহাতে দর্শক ও পরীক্ষক উভয়েরই চকু কাভাবিক (Emmetropic) অথাৎ সচরাচর যে দূর হইতে দেখা যায়, সেই দূর হইতেই দর্শনীয় পদার্থের পরিক্তে ও স্কুস্প্ত প্রতিমূর্ত্তি সংস্থাপিত হয়, এরপ বিবেচিত হইয়ছে। আর, এইস্থলে যদ্ধপ মূর্ত্তির আরুতি বর্দ্ধিত হয়, ৩দ্ধপ উহার উজ্জ্বলতা এবং সীমানির্দ্দেশ না হইয়া, অপর প্রণালী দ্বারা চকু পরীক্ষা করিলে, যেয়প উজ্জ্বল, ভীক্ষ ও স্থাদর প্রতিমূর্ত্তি অবলোকিত হয়, উহা ভাহার সম্পূর্ণ নিপরীত। এই প্রস্থের সনুদয় স্থলে, আক্রিকিশ শব্দে কর্সয়ম্প্রাকরিতেই আদিপ্ত হয়য়াছে। তবে কোন্থ স্থলে নামোর্ভ্রেণ করিয়া অন্যক্তিত্বর ব্যবহার করিতেই আদিপ্ত হয়য়াছে।

<sup>\*</sup> গিলানের অস্তর্দেশ, এবং বহির্দেশ ইংরেজীতে কন্তকভ্ (Concave) এবং কন্তেরু (Convex) শক্তে আখাশত হয়।

৫ ম, প্রতিকৃতি।



ষাভাবিক চকু (Emmetropic)

৪ কিষা ৫ ইঞ্চ দূর হইতে, সাক্ষাৎ
প্রণালী দ্বারা পরীক্ষা করিলে, রেটিনাম উর্দ্ধশিরঃ মূর্ত্তি স্পন্ত দৃষ্ট হয়।
কিন্ত ১৪ কিষা ১৫ ইঞ্চ দূর হইতে
পরীক্ষা করিলে, স্পন্ত মূর্ত্তি দৃষ্ট হয় না।
আলোক বক্র করিবার যে শক্তি
আছে তাহা কোন প্রকারে অস্বাভাবিক হইলে এই নিয়মের ব্যতিক্রম
ঘটিয়া থাকে। যথা—

নিকট-দর্শী (Myopi) চক্ষুতে উর্দ্ধশিরঃ মূর্ত্তি কথনই দৃষ্ট হয় না। কিন্তু
১৪।১৫ ইঞ্চ দূরে অধঃশিরঃ মূর্ত্তি স্পষ্ট
দৃষ্ট হইয়া থাকে।

দূর-দর্শী ( Hypermetropic )
চক্ষুতে ১৪। ১৫ ইঞ্চ দূর হইতে রেটিনায়, উর্দ্ধারঃ মূর্ত্তি স্পষ্ট দৃষ্ট হইয়া
থাকে।\*

২ য় তঃ। অক্রিবীক্ষণ যন্ত্র দারা পরম্পরা (Indirect) প্রণালীতে কি-রূপে চক্ষু পরীক্ষা করিতে হয়, নিয়ে তাহা লিখিত হইতেছে।

সাক্ষাৎ প্রণালীতে রোগী, দীপশিথা ও অক্ষিবীক্ষণ যন্ত্রকে যে যে স্থানে রাথিতে হয়, ইহাতেও তাহাদিগকে দেই২ স্থানে রাথিতেহয়। অতিরিজ্ফের

<sup>\*</sup> যখন দৃষ্টিপথের আলোক বিন্দুনুখ করিবার শক্তি স্বাভাবিক অবস্থা অপেকা মহতী হয়, তখন তাহাকে মাইওপিক্ বা নিকট দৃষ্টি কহে। সমান্তরাল রিনার রিনারে ক্রা

মুলো, কেবল একখানি ত্মুক্ত কাচের লেন্স্রোগীর চক্র সন্থে ধরিতে হয়। ৫ ন, প্রতিকৃতিতে,  $\Lambda$  পরীক্ষকের চক্ষু, B রোগীর চক্ষু, f F আলোকের উংগত্তি স্থান, এবং  ${
m L}'$  একথানি হ্যুজ কাচের লেন্। এই  ${
m L}'$  হইতে কোন ৰিন্দুমুথ কোনাকার রশ্মি S দর্গণে পাতিত করিলে, উহা S র উপরিভাগ o d হইতে প্রতিফ্লিত হইয়া, পর্মপর O বিন্তুতে মিলিত হইতে পারিত। কিন্তু  $\mathbf{L}''$  আর একথানি মুক্ত লেন্দু (Object lens) রোগীর চক্ষুর সন্মুখে রাথাতে, উহা নিকটবর্ত্তী p বিন্দুতে একত্র মিলিত হয়; এবং তথা হইতে পরস্পর বিভক্ত হইনা বিকীৰ্ণ হয় ও পরিশেষে B র কর্ণিরা g h তে পতিত হইনা পরস্পর বিভক্ত হয়। এই সকল রশ্মির যে গুলি কনীনিকা i k পথে প্রবিষ্ট হয়, তাহা চকুর অভ্যন্তরে প্রবেশ করতঃ, কিয়ৎ পরিমাণে বিন্দু খুথ হইয়া, রেটিনার উপরিভাগে m n আলোকরত উৎপন্ন করে। এই m n রুত্তের নে কোন তুই বিন্দু  $a \otimes B$  হইতে রিশা প্রতিফলিত হইয়া B চকুর দর্শনাহুরূপ  $\mathbf{L}''$  মুজ দূর্পণে উহার গতি তির্গাক্ভাবে ব্রু হইরা, যথাক্রমে lpha ও B'বিন্দুতে মিলিত হয়। এই  $\acute{a}$  ও  $B^{'}$ বিন্দুর দূরতা  $\mathbf{L}^{''}$  মুকুরের আলোক মিলনের স্থান (Principal focus) হইতে রেটিনা যতদূর ততদূর হইয়া থাকে অর্থাৎ g পর্যান্ত দূরের ঠিক সমান। এইরূপে উক্ত a B র একটি ( Real, inverted, and magnified image) প্রকৃত, অবঃশিরঃ; বৃহত্তর মূর্ত্তি  $\acute{a}$  B' সংস্থাপিত रहेल। शतीकक धरे मृर्खि >२ किशा >९ हैक मृत्त त्मिश्ट शान। ५ रहेर्ड বিকীর্ণ রশ্মি, পরীক্ষকের রেটিনায়  $a^{\prime\prime}$  বিন্দুতে, এবং  $B^{\prime\prime}$  হইতে বিকীর্ণ রশ্মি, তথার  $B^{\prime\prime}$  বিন্দুতে যথাক্রমে আসিরা মিলিত হয়।

রোর্টিনার সন্মুখে পতিত হয়, এবং কেবল ক্রেমবিকীর্ণ রিশাই রেটিনায় রিশাবেকজে মিলিত হয়, তখন ইহাকে নিকটদশী চিক্ষু কহে। ইংরাজী ভাষায় ইহাকে মাফোপিক্ (Myopic) কহে। এই চক্ষুতে কেবল নিকটবন্তী বস্তু সকলই দৃষ্টি-রোচর হইয়া থাকে। দূর-দৃষ্টি (Hypermetropia) অদূর-দৃষ্টির সম্পূর্ণ বিপরীত। ইহাতে সমান্তরাল রিশা রেটিনার পশ্চাতে কোন বিন্দুতে মিলিত হয়, কেবল বিন্দুনা, খ রিশাইরেটিনায় কেন্দ্র-বিন্দুতে মিলিত হইয়া থাকে। এই সকলে এবং পরবন্তী উদাহরণ সকলে, রোগীর চক্ষু সোভাবিক অবহাতে আছে (Emmetropic) এরপে মনে করিতে হইতেক, অথবা উপযুক্ত চসনা ব্যবহার করিলে, ক্রমবিকীর্ণ ও সমান্তরাল উত্য রিশাই ভাঁহার রেটিনায় এক রিশাকেন্দ্রে মিলিত হউতে পারে।

মাভাবর কার্টার সাহেব এই সকল অবস্থার, শৃভা-মৃত্তি ও অধঃশির-মৃত্তি ঘটনা নিম্ন লিখিতরূপে বর্ণনা করিয়াছেন—

''অক্কিবীক্ষণ দর্পণকে চক্ষু হইতে প্রায় ১৮ ইঞ্চ দুরে লইয়া গিয়া, তন্মধ্য দিরা যে কোন দূর বস্তু দর্শন করা যা উক না কেন, অধঃশিরঃ মূর্ত্তি অবলোকিত হইয়া থাকে। আসরা এই মূর্ত্তি উক্ত দর্পণে বেন চিত্রিত রহিয়াছে এরূপ বোধ করি; কিন্তু বাস্তবিক তাহা নহে। উহা শূলে প্রতিবিধিত হয়, এবং উহা দর্পণের রশ্মিকেন্দ্রের দূরতান্ত্র্যারে (Focal length), উক্ত দর্পণ অপেকা আমাদের চক্ষুর অতিশয় নিকটবর্ত্তী হয়। সামান্ত পরীক্ষা দ্বারা এই বিষয় সহজেই মীমাংসা হইতে পারে। একথানা মুদ্রিত কাগজ এক চক্ষু মুদ্রিত করিয়া অপর চকুরদিকে, যতক্ষণ পর্যান্ত না অক্ষরগুলি অস্পষ্ট দৃষ্ট হইতে আরম্ভ হর, ততক্ষণ পর্য্যন্ত ক্রমশঃ আনয়ন করিতে হর। পরে, যে স্থলে এই অস্পষ্ঠতা হইতে আরম্ভ হইল, চক্ষু হইতে দেই স্থানের দূরতা নির্ণর কর। মনে কর, উহা বেন ৮ ইঞ্চ। এক্ষণে পুনরায় অধঃশিরঃ মূর্ত্তি দেখ ও ক্রমেং দর্পণ চক্ষুরদিকে আনরন কর, এবং যে স্থলে মূর্ত্তি অস্পষ্ঠ অন্নভূত হইতে থাকে, তাহা পূর্কোক্ত স্থান হইতে কতদূর অন্তরে অবস্থিত, তাহার পরিমাণ স্থির কর। এই দূরতার পরিমাণ ৮ ইঞ্চ + দর্পণের বিন্দুর্থ দৈর্ঘ্য (Focal length)। দর্পণের বিন্দু মুখ দৈর্ঘ্যতা ২ ইঞ্চ হইলে, উহা ১০ ইঞ্চ হইবে; विवः ७ देश रहेल, ১১ देश रहेता। हेरा दाता वह जाना याहेत्वर , त्य, অধঃশির মূর্ত্তি দর্পণের সন্মুখদিকে অর্থাৎ দর্শকেরদিকে থাকে; এবং উহা চকু হইতে ৮ ইঞ্চ দূরের মধ্যেই অবস্থিতি করে। কিন্তু দর্পণ তদপেকা অধিক দূরে অবস্থান করিয়াথাকে।"

পরস্পরা প্রণালী দ্বারা চক্ষ্ পরীক্ষা করিলে:—

১ মতঃ। ১২ কিম্বা ১৪ ইঞ্চ দূর হইতে রেটিনার কোন রক্তবহা-নাড়ী বা তত্ত্পরিস্থ অন্ত কোন ক্ষুদ্র পদার্থ স্পষ্ট দৃষ্টি-গোচর হইয়া থাকে।

২ য়তঃ। যদিও মৃর্ত্তি অধিক পরিমাণে বৃহৎ হয় না, কিন্তু দৃষ্টিক্ষেত্র বৃহত্তর হয়; স্মতরাং তাহাতে ফগুনের অর্থাৎ চক্ষুর তলদেশের প্রায় অধি-কাংশ স্থান একেবারে দৃষ্ট হয় বলিয়া, উহার ভিয় ভিয় অংশ সকল পৃথক্ পৃথক্ ও এক নঙ্গে সমালোচনা করিয়া, অনুভব করা যাইতে পারে। ৩ য়তঃ। সাক্ষাৎ প্রণালী অপেক্ষা ইহাতে অধিকতর পরিষ্কার ও উজ্জ্ব মূর্ত্তি দেখিতে পাওয়া যায়।

তাক্ষিবীক্ষণ-যন্ত্রের পারীক্ষা।——সচরাচর ব্যবহারের নিমিত,

কোক্সিয়স্ সাহেবের আবিষ্কৃত অক্ষিবীক্ষণ-যন্ত্র অস্তান্তপেক্ষা অধিকতর অনুমোদনীয়। উহাতে উভয়বিধ প্রণালী দারাই পরীক্ষা হইতে পারে। ইহা আকৃতিতে লিব্রিচ্ সাহেবের অকিবীক্ষণ হইতে বুহৎ; কিন্তু যাঁহারা লিব্রিচ্ সাহেবের আশ্চর্য্যজনক কুদ্র অক্ষিবীক্ষণ ব্যবহার করিতে অভ্যাস করিয়াছেন, তাঁহাদের পক্ষে তাহা পরিবর্ত্তন করিয়া, অন্য অক্ষিবীক্ষণ ব্যব-হার কর। কখনই বৈধ হয় না। স্থন্ত চক্ষু হইতে পীজ়িত চক্ষুর প্রভেদ অভাত্তরূপে জ্ঞান থাকিলে, আমরা যথার্থরূপে পীড়া নির্ণর করিতে সমর্থ হই; স্থতরাং বাঁহারা লিব্রিচ সাহেবের অক্ষিবীক্ষণ ব্যবহার করিয়া, চক্ষুর প্রত্যেক অংশের একরূপ পরিমাণ ও আকৃতি নির্ণয় করিয়া স্মর্ণ রাখিয়া-ছেন, তাঁহাদের পক্ষে অন্য অফিবীক্ষণ ব্যবহার করিলে, চক্ষু উত্তমরূপে পরীক্ষিত হইতে পারে না। কারণ, তাহাতে উক্ত অংশ সকলের অভ্যন্তরস্থ আকৃতিগুলি তাঁহার স্মৃতিপথে উদিত হয়, অথচ এই পরিবর্ত্তনে তিনি তদ্রুপ আকৃতি দেখিতে পান না; স্মৃতরাং ভয়ানক গোলনাল উপস্থিত হইয়া, তাঁহাকে চক্ষু পরীক্ষা করিতে ব্যাবাত প্রদান করিয়া থাকে। লিব্রিচ্ সাহেবের অকি-বীক্ষণ যন্ত্রে একথানি গোলাকার, মহণ ও উজ্জ্ল, রোপ্য নির্দ্মিত ত্যুজ पर्नं जारक्। **धरे पर्नं एवं वर्षा विम्**तिनत्व वा विभारकर क्राव देवा ৪ ইঞ্চ। উহার ম্ব্যস্থলে, ফনেলের স্থার ক্রমসংকীর্ণ একটি ছিদ্র আছে। परे हिट्छत मथा नियारे शतीक्क त्तांशीत हकू शतीका कतिया थारकन। এই দর্পণে আবার একথানি অর্দ্ধ বৃত্তাকার ধাতু নির্দ্মিত গ্রহণী-যন্ত্র সংলগ্ন (Clamp) আছে; তাহাতে যন্ত্র-তুণ মধ্যস্থ কতকগুলি কাচ থণ্ডের প্রত্যেক খণ্ডই সংলগ্ন হইতে পারে, ও উক্ত যন্ত্রের পশ্চান্তাগে অবস্থিত হইতেও পারে এরূপ ভাবে নির্দ্মিত। রোগীর চক্ষুর সম্মুখে ধরিবার নিমিত্ত এই যন্ত্ৰে আবার অনেকগুলি অজেক লেন বা দর্শন জন্ত কাঁচ আছে।

কতিপয় বংসর বিগত হইল, একেবারে উভয় চক্ষু দারা অকিবীকণ যস্ত্রের ব্যবহার (Binocular principle) আরম্ভ হইরাছে। এই যস্ত্রের গঠন অত্যন্ত জটিল বলিয়া, তদ্বর্ণায় বিরত হওয়া গেল, হিদ্ও মরে সাহেবের এবস্বিধ যন্ত্র দেখিলে, তাহার আকার পরিচিত হওয়া যায়।

সাবোকিত (Self-illuminating) তাকিবীকণ-যন্ত্র।

ভাজার লাইওনেল্ বিল্ সাহেব এই অকিবীকণ-যন্ত্র আবিকার করিরাছেন।
ইহাতে একে অন্যের অভ্যন্তরে প্রবেশ করিতে পারে এরূপ পিতলের ছুইটি
নল থাকে। সেই ছুই নলের একটি নলের এক পার্শ্বে আলোক, এবং অপরটির
এক প্রান্তে অকিকোটরে সংলগ হইবে বলিরা, একথানি দারু সমাযুক্ত থাকে।
সাধারণ একথানি অকিবীক্ষণ-দর্পণ, ও প্রতিফলিত হইতে পারে এরূপ এক
খণ্ড কাচ এই নলের অভ্যন্তরে নিবিষ্ট থাকে। অগুবীক্ষণ যন্ত্র দ্বারা যেরূপে
দেখিতে হয়, ইহা দ্বারাও সেই প্রকারে দেখিতে হয়। দিবালোকে কিম্বা
দীপালোকিত গৃহে ইহা দ্বারা দেখিতে হয়। সামান্ত অকিবীক্ষণ কার্য্যে যেরূপ
অন্ধকার গৃহের প্রয়োজন হয়, ইহাতে যে কোন গৃহে হউক না কেন, দেখিতে
পাওয়া যায়। রোগী উপবিষ্টই থাকুক আর দণ্ডায়মানই থাকুক, সকল
অবস্থাতেই ইহা দ্বারা দেখিতে পাওয়া যায়। ইহাতে অতিরিক্ত লেন্স্ও আছে,
তদ্বারা অটোক্ষোপ্ (Otoscope), এওস্কোপ্ (Endoscope) এবং
ল্যারিঙ্গু স্কোপ্ (Laryngoscope) নির্মাণও হইতে পারে।\*

এই রূপে অক্ষিবীক্ষণ-যন্ত্র মনোনীত করিয়া, কিরূপ আলোক ব্যবহার করিলে পরীক্ষার স্থবিধাও উপযোগী হয়, এক্ষণে তদমুসন্ধান করা কর্ত্তব্য।

গ্যাদের আলোকের স্থবিধা হইলে, উহা চক্ষু পরীক্ষার নিমিত্ত সর্বা-পেকা উত্তম। কিন্তু, অনেক স্থলে এই আলোক স্থবিধামত পাওয়া যায় না; স্থতরাং তত্ত্ত্ত্বলে ক্যারোসিন্ তৈলের আলোক ব্যবহার করিলে অনেক স্থবিধা হয়। ইহার আলোক অত্যুত্তম; শিখা স্থির, শ্বেতবর্ণ ও পরিদার; এবং ইহার বর্ত্তিকাও কাটিতে হয় না।

অকিবীক্ষণ যন্ত্ৰ দারা চক্ষু পরীকা করিতে হইলেই যে র্যাট্রোপাইন্ (Atropine) ব্যবহার করিয়া, কনীনিকা প্রসারিত করিতে হয়, এমত নহে।

<sup>\*</sup> Dobell's "Reports on the Progress of Medicine" for 1870, p. 508.

কোন প্রকার কনীনিকা প্রসারক ঔষধ ব্যবহার না করিলেও, চক্ষুর কণ্ডসের এক প্রকার সাধারণ জ্ঞানলাভ হইতে পারে। রোগীর চক্ষু দূরদর্শনোপণোগী করিবার নিমিত্ত, তাহাকে সন্মুখবর্ত্তী গৃহপ্রাচীরে, কোন
নির্দিষ্ট বিন্দুর প্রতি একদৃষ্টিতে দৃষ্টিপাত করিতে বলা উচিত। এক্ষণে রোগী
একটি চক্ষু মুদিতকরিলে, অন্ত চক্ষুর কনীনিকা যথেষ্ট প্রসারিত হইয়া পড়ে;
স্থানররূপে পরীক্ষা করিতে হইলে, ১ ঔন্স জলে ১ গ্রেন্ রাট্রোপাইন্
নিপ্রতি করিয়া, সলিউশন্ প্রস্তুত করতঃ পরীক্ষণীয় চক্ষুতে প্রদান করা
বিধেয়। সলিউশনের উগ্রতা ইহা অপেক্ষা অধিক হইলে, তাহা বোগীকে
ক্তি প্রদান করিয়া থাকে; এবং কনীনিকা পুনঃ সন্ধুচিত হইতেও অধিক
দিবস লাগে। কোন কার্য্য-লিপ্ত বা কর্ম্মকারী ব্যক্তির পক্ষে ইহাও বিবেচনা
করা উচিত, যে, যত দিন পর্যান্ত র্যাট্রোপাইনের গুণ তাঁহার চক্ষুতে কার্য্যকর
থাকিবে, তত দিন পর্যান্ত তিনি লিখিতে বা পড়িতে অত্যন্ত কঠবোধ করিতে
পারেম। যে সকল চক্ষু অক্ষিরীক্ষণ-যন্ত দ্বারা পরীক্ষা করিবার আবশ্রুক হয়,
তাহার অধিকাংশই ক্ষীণ-দৃষ্টির স্থল। সম্পূর্ণ অন্ধ অর্থাৎ দৃষ্টি-বিহীন স্থল
অত্যন্ত মাত্র।

পাঠকদিগকে ইহা শ্বরণ করিয়া দেওয়া উচিত বে, বে স্থলে একচক্ষু পীডিত হইয়াছে ও উহার অস্বাভাবিক অবস্থা স্পষ্টই দৃষ্টিগোচর হইতেছে, সে স্থল ভিন্ন অস্থান্ত স্থলে, উভয় চক্ষু পরস্পর তুলনা না করিয়া, পরীক্ষা-সিদ্ধ রোগ-নির্ণয়ের মত প্রকাশ করা কদাচ বৈধ নহে। উত্তমরূপে পরীক্ষা না করিয়া মত প্রিবর্ত্তন করা, চিকিৎ-সকের প্রতিপত্তি ও শিক্ষা নৈপুণ্যের অনেক ব্যাঘাত জন্মাইয়া দেয়। তাঁহার প্রতি রোগীর ভক্তি কমিয়া যায়। অতএব পরীক্ষা করিয়া চক্ষুর যে অবস্থা দেখা যায়, তাহা একখানি স্মরণ পুস্তকে লিথিয়া রাখা উচিত। ইহাতে আমাদের স্মরণ শক্তি বিলক্ষণ উদ্রক্ত থাকে; এবং এই পরীক্ষার্থ ব্যক্তি পুনরাগত হইলে, রোগের হ্রাস বৃদ্ধি বৃধিতে পারা যায়।

প্রকৃত অধঃশিরঃ মূর্ত্তি (Actual inverted image) পরীক্ষা।

বর্থন ক্রন্তিম আলোক ব্যবহার করিতে হয়, তথন দীপ, রোগী এবং পরীক্ষক

কিরূপ অবস্থানে অবস্থিত থাকিবে, তাহা পর পৃষ্ঠায় ৬ ষ্ঠ, প্রতিকৃতিতে স্পষ্ট

বুনা যাইতেছে। রোগী ও পরীক্ষকের চক্ষু এবং আলোকের উৎপত্তি স্থান এক সমতলে থাকা উচিত। আর রোগীর কর্ণের কিয়ৎ পশ্চাতে উক্ত দীপ সংস্থাপিত রাথা আবশ্যক। একজন সহকারী পরীক্ষকের পশ্চাতে একখণ্ড বৃহৎ শ্বেত্বর্ণ তাস, কিম্বা অন্ত কোন সহজ দৃশ্য বস্তু, হস্তে করিরা দণ্ডার-মান থাকিবেন, এবং রোগীকে উক্ত তাসের উপর পরীক্ষণীর চক্ষ্ নিয়ো-জিত রাথিতে আদেশ করিবেন। দক্ষিণ চক্ষ্ পরীক্ষার নিমিত্ত পরীক্ষকের দক্ষিণ স্কল্লের উপর, ও বাম চক্ষ্ পরীক্ষার নিমিত্ত বাম স্কল্লের উপর উক্ত তাস ধরিতে হয়। এইরূপ করার, রোগীর চক্ষ্ নাসাপার্শন্ত দেশে তির্য্যক্তাবে ঈষৎ বক্ত হইরা যার, এবং অক্ষিবীক্ষণ হইতে প্রতিকলিত আলোক-রিমা তাহার অপ্টিক্ ডিস্কের (Optic disc) উপর ঠিক্ সরলতাবে পতিত হইরা থাকে।

৬ ষ্ঠ, প্রতিকৃতি।



রোগী অন্ধ হইলে, এইরূপ প্রকার পরীক্ষা করা যাইতে পারে না। কারণ, এই অভিপ্রায় সাধনের নিমিত্ত সে অল্লকণ মাত্রও অভিপ্রেতদিগাভি-মুগে এক দৃষ্টিতে চক্ষু নিয়োজিত রাখিতে পারে না। সে যাহাইউক, সর্ব্ব প্রকার পরীক্ষার, রোগীর মন্তক ঠিক্ সরলভাবে ও পরীক্ষকের ঠিক্ সমুগ-দিকে রাখা উচিত। এরূপ না হইলে, কথনই স্থন্যরূপে পরীক্ষা হয় না।

পরীক্ষকের দে চক্ষুতে স্থাবিধা হয়, তিনি দেই চক্ষুতেই অকিবীক্ষণ যয়ের মধ্য-ছিদ্র নিয়োজিত করিতে পারেন। অকিবীক্ষণের প্রান্তদেশ তাঁহার ক্রেদেশ স্পর্শ করিবেক; তাহাতে তাঁহার মন্তক নজিলে অক্ষিবীক্ষণ য়য়ও নজিবেক। পরীক্ষক রোগীর চক্ষুর সল্মুখদেশে একখানি দর্পণ অমুষ্ঠ ও তর্জ্ঞনী অমুলি দারা তির্গ্যক্ভাবে ধরিবেন, আর অন্তান্ত অমুলিগুলি রোগীর ললাউদেশ স্পর্শ করিয়া থাকিবেক। ইহাতে উক্ত দর্পণ মত দূরে রাখিলে, রেটিনায় স্থানর ও স্পেট প্রতিমূর্ত্তি পাওয়া যায়, উহাকে তত দূরে লইয়া যাইতে পারেন; এবং রোগীর চক্ষু নজিলে, তিনিও উক্ত দর্পণ নড়াইতে পারেন।

বাঁহারা এই বন্ত্র বাবহার করিতে প্রথম শিথিতেছেন, তাঁহারা রোগীর কর্ণিরা হইতে প্রতিফলিত অক্ষিবীক্ষণ-বন্তের মূর্ত্তি দেখিরা বিরক্ত হইতে পারেন। উহা কর্ণিরার উপরিভাগে উজ্জ্বল দর্পণের মূর্ত্তি দেখা যায়; এবং তদ্বারা তৎপশ্চাবর্ত্তী রেটিনার কোন অংশই দৃষ্টিগোচর হয় না। রোগীর চক্ষুর নিক্টস্থ দর্পণকে দক্ষিণে বা বামে কিঞ্চিৎ ঘুরাইলেই, এই প্রতিফলিত মূর্ত্তি তিরোহিত হইরা বায়, স্কৃতরাং দেই সময়ে রেটিনার প্রতিমৃত্তি স্পষ্ট দৃষ্ট হইতে পারে।

### ফলে একবিধ উদ্ধি শিরঃ মূর্ত্তি (Virtual erect image)

পরীক্ষা। — পূর্বেই বলা গিরাছে, বে, এইরূপ পরীক্ষার, পরীক্ষক রোগীর চক্ষুর অতি পরিকটে না বাইলে পরীক্ষা হয় না; এবং বে চক্ষু পরীক্ষা করিতে হইবেক, সেই চক্ষুরদিকে আলোক সংস্থাপন করিতে হয়। এই প্রণালী অপেকা পূর্বেবর্ত্তী প্রকৃত অবঃশিরঃ মৃত্তি পরীক্ষা প্রণালী দারা শিক্ষার্থীরা চক্ষুর কণ্ডসের আকার নির্ণয় করিতে অনিক কট রোধ করেন না। কিন্তু ইহাতে, পূর্ব্ব প্রণালী অপেকা চক্ষুর কণ্ডসের অধিক বৃহত্তর প্রতিকৃতি স্পষ্ট দেখিতে পাওয়া যায়; তাহাতে উহাকে অলাতরূপে পরীক্ষা করা বাইতে পারে। ৮০কহ-জনক স্থলে, উভয়বিধ উপায়ে পরীক্ষা করাই শ্রেয়ঃ। বেস্থলে রোগীর

কনীনিকা অপ্রদারিত থাকে, তথার ডাইরেক্ট্নেথড্বা সাক্ষাং প্রণালী দারা চক্ষু পরীকা করিলে, যদিও অক্ষিবীক্ণ-যন্ত্রের মধ্য-ছিদ্র সন্থীর্ণ করা যার, তথাপিও চক্ষুর অভ্যন্তরের সমুদার নির্মাণ বিশেষরূপে পরিজ্ঞাত হওয়া যার।

পার্শ্বর্তী স্থান হইতে আলোক প্রতিফলিত করিয়া,

(Lateral method of illumination) আলোক পার্শ্বেরাখিয়া

(By transmitted light) চক্ষু পরীক্ষা করিবার রীতি।

রোগী ও পরীক্ষক পরস্পর সন্মুখে ২ বিদবেন। রোগীর পরীক্ষণীর চক্ষুর পার্থ
দিকে ও কিঞ্চিং অন্তরে, দীপ রাখিতে হয়। ইহাতে একথানি য়াজ লেস্
৭ ম, প্রতিফ্লতি।



দারা উহার আলোক পরীক্ষণীয় চক্ষুতে একত্র সমবেত হইতে (৭ ম, প্রতিক্ষতি দেখ) পারে। একণে, চক্ষু এইরূপে আলোকিত হইলে, এক থানি মুজ্জ দর্পণ পরীক্ষণীয় চক্ষুর সন্মুখেধরিয়া, সেই চক্ষুর লেন্দ্র, আইরিস্ অথবা কর্ণিয়ার বে কোন অংশ হউক না কেন, বিদ্ধিত করিয়া দেখিতে পারেন।

এইরূপ পরীক্ষা দারা কোন বাহ্য পদার্থ চকুর সমুখবর্তী কুটীরে(Anterior chamber) নিহিত আছে কিনা, পরীক্ষক তাহা অনায়াসেই নির্ণয় করিতে পারেন। বিশেষত, অস্বাভাবিক পদা সকল (False membranes) দারা সাইনেকিয়া উৎপয় অথবা কনীনিকার দারক্ষর (Occlusion) হইলে, তাহাও অমুসন্ধান লইতে পারেন। অপিচ, নেবিউলি (Nebulæ) বা শ্বেতকলঙ্ক যাহা আমাদের স্বাভাবিক চকুদারা অমুভূত হইতে পারে না, তাহাও ঐরপে স্পষ্ট নির্ণীত হইয়া থাকে। বাস্তবিক, লেন্সের এবং তৎ সমুখস্থ নির্মাণ সকলে অস্বাভাবিক পরিবর্ত্তন ঘটলে, পার্থ হইতে আলোক আনিয়া চকু পরীক্ষা করিবার প্রণালী দারা চকু পরীক্ষাত হইয়া থাকে।\*

## णिकितीकनयञ्च दाता सूच ठकूत बाक् जि नर्मन।

ফণ্ডস্বা চক্ষুর তলদেশের বর্ণ। কনীনিকার মধ্য দিয়া বৃত্তাকার রেটিনার বতদ্ব দেখা যায় অর্থাং যাহাকে ফণ্ডস্ অকিউলি (Fundus
oculi) বলা যায়, তাহার বর্ণ ইউরোপরাসী লোকদিপের হইতে ভারতবাসী এবং অন্তান্ত কঞ্চবর্ণ মন্ত্যাদিগতে যে ভিন্ন; এত্লে প্রথমতঃ তত্ত্রেথ করা আবশ্রক। ভারতবর্ষনাসিদিগের কোরইডের ষট্কোণ কোষ
সকল বোরপাটল বা কঞ্চবর্ণ হওয়ায়, তথায় আলোক পতিত হই ব প্রত্যাবৃত্ত হইয়া আইসে, স্ক্তরাং তাহাদের পশ্চাংস্থিত রক্তবহা নাড়ীগুলিকে
অকিবীক্ষণ যয় দিয়া দেখিলে ঈষং কটাভায়ুক্ত ধুসরবর্ণ দেখায়। কিয়্ত
ইউরোপবাসিদিগের কোরইডের রক্তরহা-নাড়ী সকল হইতে আলোক
প্রতিকলিত হয়, স্ক্তরাং তাহাদের ফণ্ডসের বর্ণ কমলালেবুর স্থায় বোধ
হয়।

প্রত্যেক ব্যক্তির কোরইডের কোষ ও ষট্কোণ কোষের মধ্যস্থ বর্ণের গাঢ়তা বা গভীরতানুসারে, চক্ষুর তলদেশের উক্ত বর্ণেরও বিভিন্নতা ঘটিয়া পাকে। বালালিরা কিঞ্চিৎ স্থানর বলিয়া, অক্ষিবীক্ষণ দারা পরীক্ষা

<sup>\*</sup> মে গুট্ছ অকিনীকণ যন্ত্ৰ দারা চচ্চু পরীকা করা যায়, তাহা অক্সকারময় হওয়া আবশ্যক। কিন্তু, একেনারে আলোক নদ্ধ করা উচিত নহে। কুদ্রিম আলোকের প্রিবিদ্রে সুব্রোর আলোক দারাও পরীক্ষা করা যাইতে পারে, কিন্তু তাহার প্রাণালী

করিলে উহাদের চক্ষুর ফণ্ডদ্ ধূদরবর্গ দেখার। কিন্তু ক্ষণবর্গ দাকিণা তাবাদীদিগের ফণ্ডদ্ প্রায়ই ক্ষণবর্গ \*। এইরূপ ইউরোপবাসিদিগের পক্ষেও পরস্পর
প্রভিন্ন। উদীচ্যদেশবাদী পাটলবর্গ স্বল্প কেশধারী ব্যক্তিদিগের ফণ্ডদ্ উজ্জ্বল
স্বার্লে ট্ বা বোর লোহিত বর্গ বিশিষ্ট। উহাদিগের চক্ষুতে বর্ণকোষের অভাব
থাকার, কোরইডের বুহত্তর রক্তবহা-নাড়ী সকল স্পষ্টরূপে দেখিতে পাওয়া
যায়। কিন্তু ক্ষণবর্গ চক্ষু বিশিষ্ট স্পেন্ ও ইটালীবাসিদিগের ফণ্ডদ্ অপেক্ষাকৃত কৃষ্ণবর্গ ও বস্তুতঃ প্রায় ভারতবর্ষবাসিদিগের স্থায়।

সচরাচর ইহাও দেখিতে পাওয়া যায়, যে এতদেশবাসী কোন কোন বাক্তির চক্ষুর ফণ্ডদ্ ইউরোপবাসীদিগের স্থায় গাঢ় লোহিত বর্ণ। কিন্তু তাহাদিগের বেটিনার রক্তবহা-নাড়ী সকল রক্তপূর্ণ থাকায়, এবং ব্যাধি প্রযুক্ত ষট্কোণ কোষ সকলের অভাব হওয়া প্রযুক্ত, কোরইড্ হইতে কিয়ৎ পরিমিত রশ্মি প্রতিফলিত হইয়া, আরক্তিম রেটিনা হইতে প্রতিফলিত রশার সহিত সমবেত হয়; তাহাতেই তাহাদের চকুর ফণ্ডদ লোহিতবর্ণ দেখায়। এই অবস্থায় অস্তান্ত পরিবর্ত্তন হইলেও তাহারা প্রত্যক্ষীভূত হইতে পারে যদার। আমরা রোগের প্রকৃতির পরিচয় পাইতে পারি; এত্থলে তদ্ধনার थारपाजन इरेरण्ट ना। शृर्किर नना नियार , त्य जात उनर्वना नित्नत স্তুত্ত-চক্ষুর ফণ্ডদ দর্ববিতঃ দ্বীয়ং ধুদর আভাবুক্ত কটাবর্ণ। এই বর্ণ স্থিতিস্থাপক স্তারের এবং কোরইডের বর্ণকোষ সকলের উপর সম্পূর্ণ নির্ভর করে। রেটিনার নে অংশে, তাহার রক্তবহা-নাড়ী সকল এবং অপ্টিক্ ডিস্ক্ অবস্থিত, কেবল তথার উক্তরূপ বর্ণ দেখিতে পাওরা যায় না। অন্ত পক্ষে, শ্বেতবর্ণ মনুষ্যের চক্ষুর ফ ওস্ অকিবীকণ দারা দেখিলে, উজ্জুল লোহিত বর্ণ দেখায়। তাহার কারণ, আলোকরশ্মি তাহাদের রক্তবহা-নাড়ী জাল সংশ্লিপ্ত কোরইডে পতিত হয়; এবং তাহাদের ষট্কোণ কোষ দকলে বর্ণ মত্যল মাত্র থাকে, কিম্বা কিঞ্চিৎমাত্রও থাকে না।

ইহা পূর্কেই উল্লিখিত হইয়াছে, যে এইদেশবাদীদিগের স্থস্ত চক্ষুর স্ক্লের-টিক্ অফিবীক্ষণ দারা দেখিতে পাওয়া যায় না। কারণ, তাহাদের কোরইড্

<sup>\*</sup> Dr. G. Smith, proof of Ophthalmic Medicine, Madras Medical College: Madras Quaterly Journal Medical Science, No. 15, Feb. 1864.

ষট্কোণ কোষ সকল দারা সর্বতোভাবে আর্ত হইয়া, উক্ত বর্ণকোষ সকলের সহিত একত্রে, ক্লেটিক্কে নিঃসন্দেহ অধিকতররপে লুকায়িত রাথে। কিন্তু অপিটক্ ভিম্নের পক্ষে এইরপ সিদ্ধান্ত করা যায় না। উহার উপরিভাগে বর্ণকোষ নাই। অপিটক্ ভিম্নের কৈশিক রক্তবহা-নাড়ী ও সায়ু-স্ত্রগুলিন্যার, ল্যামিনা ত্রিরোসাকে আচ্ছাদন করিতেছে, এই হেতুতে আলোক প্রমানতঃ ল্যামিনা ক্রিরোসা হইতে প্রতিফলিত হওয়াতে ডিস্কের বর্ণ এই প্রকার হইয়া থাকে। শ্যামিনার স্থ্রময় উপাদানের বর্ণ ও নার্ভ টিউবিউল্সের বর্ণ, পরস্পার প্রভিন্ন বলিয়া, আমরা কখন ২ উক্ত সায়ুর ঠিক্ কেক্রন্থলে, বেখানে প্রান্তিক্রিল স্থান সকল পরস্পার পৃথগ্ভূত থাকিয়া ল্যামিনাকে অনারত করিতেছে, তাহাতে বিশ্বস্ত সায়ুর স্থ্রগুলিকে ঠিক্ সেই স্থলে ভিন্ন বর্ণে চিত্রিত চিত্ন সকল দেখিতে পাওয়া যায়।

অপ্টিকডিক্ বা অপ্টিক্ প্যাপিলা (The Optic disc or papilla) — যাহাকে অপ্টিক্ ডিস্ বা অপ্টিক্ প্যাপিলা কহে, তাহা চকুর মেরুদভের 💺 ইঞ্চ পরিমিত তান অভ্যন্তর্দিকে অবস্থিত আছে। ইহাই দর্শনস্বায়র শেষ সীমা এবং এই তান হইতে উহা প্রশন্ত হইয়া রেটিনা वा बालांक धर्मी नांग थांश्र रत । जिक्तिकिम प्रांता शतीकां कतिवांत मगत, প্রথমে এই স্থানই স্বভাবতঃ দর্শকের দৃষ্টি আকর্ষণ করে। স্বস্থ প্যাপিলা বুত্তাকার; কিন্তু ব্যক্তিভেদে কগন্য ইহার ব্যতিক্রমণ্ড দেখিতে পাওয়া যায়। कथन२ উহাকে উদ্ধাধঃভাবে আয়ত হইতে দেখা গিয়া থাকে। किन्न, ব্যাধি অভাবে উহা কথনই একপার্শে হইতে অপর পার্শে আয়ত হয় না। আরি, যে কাচ খণ্ড দারা উহাকে দেখা যায়, তাহার বস্তু বৃহত্তর দেখাইবার ক্ষতানুসারে উহার আকার কুদুবা বৃহত্তর বলিয়া বোধ হয়। অপরস্তু, উহার বর্ণও নানাপ্রকারের হয়। ইউরোপবাসিদিগের প্যাপিলার বর্ণ ভারতবর্ষবাসিদিগের সহিত তুলনা করিলে ভারতবাসিদিগের প্যাপিলার বর্ণ নিঃসন্দেহ দীবং গোলাপী বলিয়া বোধ হয়। বস্তুতঃ ইউরোপীয়দিগের দীবং নীল আভাযুক্ত ধূদরবর্ণ হইরা থাকে। কিন্তু উক্ত স্থানে ব্যাধি না থাকিলেও উহা শেত আভাযুক্ত বা বোর গোলাপের স্থায় বর্ণ বিশিষ্ট হইতে পারে। যাহাহটক, স্পিটক্ ডিস্কের এই বর্ণ লামিন। ক্রিবোসার্ রক্তবহা নাড়ী গুলি

এবং জ'প্টিক্ প্যাপিলা নির্মাপক নার্ভিটিউবিউল্স্ হইতে আলোক প্রতি-ফলিত হইয়া উৎপন্ন হয়।

সায়ুর সমীপবর্ত্তী-কোরইডে বর্ণদায়ক পদার্থ দঞ্চিত হওয়ায়, অনেক স্থলে অক্সিবীক্ষণ দারা দেখিলে, উক্ত সায়ুর প্রবেশ পথের চতুম্পার্শ্বে অঙ্গুরীয় বা উষ্ণীয়বৎ একটি মণ্ডলাকার ক্লফবর্ণ রেখা দৃষ্ট হয়; কিন্তু তাহা কোন ব্যাধির লক্ষণ নহে। যে স্থলে ল্যামিনা ক্রিব্রোসা নিঃশেষিত হইতেছে, ঠিক্ সেই স্থানেই এই সায়ু সংকীর্ণ হইয়াছে। উহার কোরইড্-মধ্যস্থ প্রবেশদার সঙ্কীর্ণ হওয়াতে মূল-স্কন্ধকে (Trunk) কিয়ৎ পরিমাণে চাপিতেছে, তজ্জন্ত সচন্দাচর উহার প্রবেশ দারে উহার ছইটি ধার বা সীমা আছে, বলিয়া বোধ হয়।\*

সায়ুর সীমা নির্দেশের নিমিন্ত, লিব্রিক্ সাহেব ক্বত গ্রন্থ হইতে নিয়-লিখিত বর্ণনা উদ্ধৃত করিলাম। ''অল্ল বা অধিক পরিমিত ক্লফ্রবর্ণ যে রেগা কোরইড্-নির্দ্মিত প্রান্তভাগে অবস্থিত, তদ্ধারা সায়ু যে স্থানে কোরইড্ প্রবেশ করিয়াছে, তাহার চতুঃসীমা জ্ঞাত হওয়া যায়। আর স্কেরটিক্-নির্দ্মিত-প্রাস্তভাগে যে উজ্জ্বলবৃত্ত বা অর্দ্ধ চন্দ্রাকৃতি রেখা দেখা যায়, তদ্ধারা স্ক্রেরটিকে সায়ু-প্রবেশ দার জানা যায়। ইহা স্ক্রেরটিকের স্থ্র-সমষ্টির বক্র গমন হেতু উৎপন্ন হই-তেছে ও ইহা কোরইডের প্রান্তভাগ, এবং যে স্কল্পর পরৎ ধূসরবর্ণ রেখা দারা সায়ুর স্ক্ল্মতম অংশ পর্যান্ত জ্ঞাত হওয়া যায়, ও যাহাকে প্রকৃত স্বায়ুসীমা (Nerve-boundary) কহে, এতছভ্রের অন্তরে অবস্থিত।" এই শেষোক্ত বৃত্ত স্ক্রেরিস্থায় তাদৃশ স্পন্ত দেখিতে পাওয়া যায় না। কিন্তু প্যাপিলা পীড়িত হইলে উহা সম্বিক স্পন্ত প্রতিভাত হয়। কোরইডের প্রান্তভাগ, বিশেষতঃ ডিস্কের বহিঃস্থ প্রান্তভাগ সম্বিক স্কম্পন্ত দেখিতে পাওয়া যায়। এই প্রান্তভাগে সচরাচর সঞ্চিত বর্ণ দৃত্ব হয়। কিন্তু এই বর্ণ উক্ত অংশের ব্যাধি বশতঃ উৎপন্ন হইয়াছে, এরূপ বিবেচনা করা সম্পূর্ণ ভ্রম।

রেটিনার কৈন্দ্রিক আর্টারি এবং ভেইন্ অপ্টিক্ ডিস্কে প্রবেশ করিবার কোন নির্দ্দিষ্ট স্থান নাই। রক্তবহা-নাড়ীগুলি সচরাচর প্যাপিলার ঈষৎ শুকুবর্ণ ও নাভ্যাকার কেন্দ্রের মধ্য দিয়া চন্দে প্রবেশ করে এবং প্রবেশ করার পর দ্বি-

<sup>\*</sup> Professor Longmore's "Manual of defective Vision in Soldiers, p. 48.

প্রবাকারে (Dichotomously) বিভক্ত হইতে হইতে রেটিনার পরিধি পর্যন্ত শাধাজাল বিস্তার করে। কিন্তু এই স্থান ভিন্ন অন্ত স্থানেও উহারা প্যাপিলাকে বিদ্ধ করিতে পারে। সচরাচর, প্যাপিলার মধ্যস্থলে একটি বা ছইটি বৃহত্তর রক্ত-বহা-নাড়ীর শাধা দৃষ্ট হয়। অপরাপর শাধাগুলি, বোধ হয় ডিস্কের স্ক্রোল্ (Scleral margin) প্রান্তভাগের নিক্টবর্তী প্যাপিলার পরিধি মধ্য দিয়া গমনাগমন করে।

আমরা যে কাঁচগণ্ড দারা রক্তবহা-নাড়ী সকল দর্শন করিয়া থাকি, তাহার বস্ত-বৃহত্তর দেখাইবার ক্ষমতান্ত্র্সারে ঐ সকল নাড়ীর আয়তন্ত নানারূপ দেখায়। চক্ষু পরীক্ষা করিতে সামান্ত অভ্যাস থাকিলে, অতি অলকণের মধ্যেই তদ্বিয়ক বিশেষ পরিবর্ত্তন জ্ঞাত হইতে সক্ষম হওয়া যায়। কিন্তু রেটিনার রক্তবহানাড়ীগুলি শৃত্য কিন্তা পূর্ণ আছে ইহা বলা যত সহজ নিজে নির্ণয় করা তত সহজ নহে।

রেটনার ভেইন্ গুলি উহার আর্টারি অপেক্ষা ক্রতর এবং আর্টারির প্রাচীর অপেক্ষা উহাদের প্রাচীর স্কা হওয়াতে উহাদের অন্তরস্থ পদার্থ সহজে দৃষ্ট হয় তজ্জ্য অকিবীক্ষণ-য়ন্ত দারা দেখিলে আর্টারি গুলির অপেক্ষা তেইন্ গুলির বর্ণ অধিকতর যোর দেখায়। এই যোরভাব উহাদের সকল স্থানেই সমান। আর্টারিগুলির মধ্যস্থল সচ্ছ বলিয়া বোধ হয়; তাহার কারণ এই য়ে, আর্টারিগুলির মধ্যস্থল অপেক্ষাক্ত উরত স্কৃতরাং তথায় পার্ধবর্ত্তী স্থানাপেক্ষা অধিক আলোক প্রতিফলিত হয়।

যদি অত্যন্ত মনোযোগ সহকারে স্বাভাবিক চক্ষুতে স্ক্ল-ভেইন্গুলিকে পরীকা করা যার, তাহা হইলে আমরা উহাদের পানন অন্তব করিতে পারি। ইহা ব্যতীত অক্নিগোলকে মৃত্ব পীড়ন করিলেও উহা পান্ত অনুভূত হয়, কিন্ত অত্যন্ত পীড়ন করিলে, উক্ত পান্দন রহিত হইয়া পড়ে; এবং ভেইন্গুলির মধ্য দিয়া রক্ত সঞ্চালনের ব্যাঘাত হওয়াতে উহারাও অদ্শ হইয়া যায়। স্ব্রু চক্তে আটারির পান্দন অনুভূত হয় না। কিন্তু অক্নি-গোলকে পীড়ন-করিলে উহা তৎক্ষণাৎ অনুভূত হইতে পারে। এই পান্দন আবার চক্রে আভান্তরীণ আরাদের সমবেত হইলে আরও পাই অনুভূত হইয়া থাকে। প্রকামা রোগ ইহার উদাহরণ স্থল।

অপ্টিক্ ডিম্নের সকল স্থানের বর্ণ একরূপ নহে। উহার বাহ্নদেশ ঈবং ধ্বরবর্ণ ও বিবিধাকারে রঞ্জিত। ঈবং ধ্বরবর্ণ স্বায়্র টিউবল্ সকল এবং উজ্জ্বল শুক্রবর্ণ ল্যানিমা ক্রিরোসার বন্ধনী সকল হইতে, বিভিন্ন আলোক প্রতিকলিত হইরা, উহার ঐরূপ বর্ণ-বিভিন্নতার উৎপত্তি করে। নে স্থানে রেটিনার রক্তবহা-নাড়ী গুলি দেখা দিতেছে, সেই স্থান সমধিক শেতবর্ণ; কগন কগন এই স্থান একটি ক্রু নিম্ন স্থানের হ্যার অন্তত্ত হয়। বাহাদিকা পেকা ডিম্নের অভ্যন্তরদিক অল্প লোহিত বর্ণ; তাহার কারণ এই বে ঐ স্থান অপেকাক্রত অধিক সায়্-স্ত্র দ্বারা ঘনীভূত; স্পতরাং তথার ল্যামিন্যা ক্রিরোনা। স্বস্থ অপ্টিক্ ডিম্নের আরুতির ধারণা থাকা নিতান্ত আবশ্রুক; তাহা হইলে, উহার উক্ত প্রাকৃতিক অবস্থাকে পীড়িত বলিয়া ভ্রম হইতে পারে না। সকল স্বস্থ চক্ষুরই অপ্টিক্ ডিম্নের বাহ্নদেশ ঈবং ধ্বর শ্বেতবর্ণ, কেন্দ্রন্থল নাভ্যাকৃতি ও ঈবং শুক্রবর্ণ, এবং অন্তর্দ্ধেশ ঈবং গোলাপী বর্ণ। সময়ে সময়ে ইহার ব্যতিক্রম হইলেও এরূপ অবস্থা কিছুনা কিছু সকল চক্ষুতেই দেখা যাইতে পারে।

রেটিনা। ইহা পূর্বে উল্লিখিত হইরাছে বে, রেটিনা এরপ স্বচ্ছ বিধান যে উহা হইতে প্রতিফলিত আলোক, তদ্পশ্চাৎস্থিত উজ্জ্ল লোহিত বর্ণ বিশিষ্ট কোরইড্ হইতে প্রতিফলিত আলোক রাশি মধ্যে বিলুপ্ত হইরা যার। কিন্তু ভারতবাসী ও অন্তান্ত কৃষ্ণবর্ণের জাতিতে রেটিনাকে স্পষ্টরূপ দেখা যাইতে পারে, এবং তথন উহা কোরইডের ষড়কোণ বিশিষ্ট কোষগুলির উপর, ধূসর বর্ণের রেথান্ধিত (Striated) স্তরের ন্তান্ধ দেখার। উহা অপ্টিক্ ডিস্কের চতুর্দ্দিকস্থ বাহ্য সীমা হইতে অরাসিরেটা পর্যান্ত বিস্তৃত।

অক্ষিবীক্ষণ-যন্ত্ৰ কিছু দিন ব্যবহার না করিলে, ম্যাকিউলা লিউটিয়া প্রথমে ধরা যায় না। ইহা দৃষ্টি-মেরুতে স্থিত, এবং ইহার স্থান ইহা ঘারাই জানা যাইতে পারে যে, রেটিনার রক্তবহা- নাড়ীগুলি ইহার কেবল উর্দ্ধাধঃ- দিকে গিয়াছে কিন্তু ইহার উপর একটি মাত্রও রক্তবহা-নাড়ী দেখা যায় না। এ প্রদেশের বর্ণ উজ্জ্বল লোহিত এবং ফোরামেন্ সেণ্ট্রেলি (Foramen centrale) ক্ষুদ্র লঘু অঙ্কুরীয়বৎ দেখায়।

কোরইড। কোরইডের নির্মাণ বর্ণনকালে ইহা উক্ত হইরাছে বে, কোরইডের ইল্যাস্টিক্ বা স্থিতিস্থাপক পদ্দার পশ্চাতেই উহার ক্ষুদ্রু রক্তবহা-নাড়ী সংশ্লিপ্ত পর্দাটি অবস্থিতি করে, এবং এই সকল স্তরও স্কেরটিকের অন্তরে, ভেনি ভরটিকোদি\* এবং কোরইডের বুহৎ শাখা বিশিষ্ট বর্ণদায়ক কোম গুলি অবস্থিতি করে। রক্তবহা-নাডীগুলি এইরূপ ভাবে বিশ্রস্ত থাকাতে অফিবীক্ষণ দারা চক্ষু পরীক্ষা করিবার কালীন এই ফল হয় যে, কোরইডের ষ্ডুকোণ কোষগুলি স্বচ্ছ থাকিলে, আলোক, স্বচ্ছ আলোক-পথ দারা চক্ষুতে প্রবেশ করিয়া রেটিনার পশ্চাৎস্থিত কোরইডের ফল্ম নাড়ী জালের উপরে পতিত হয়, এবং যে আলোক তথা হইতে প্রত্যাবর্ত্ত হইয়া দর্শকের চক্ষতে পতিত হয়, তাহা কোন স্বস্থকায় গোরবর্ণ ইউরোপবাসীর চক্ষতে স্থনর লোহিত বর্ণ দেখার। য়ালবাইনোস (Albinos) † ও বাহাদের কোর ইডে অত্যন্ত মাত্র বর্ণ দারক পদার্থ থাকে, তাহাদের চক্ষতে ভেনিভরটি-কোসির বৃহৎ ২ রক্তবহা-নাড়ী পর্য্যন্তও দেখা যাইতে পারে। কোরইডের রক্তবহা-নাড়ী ও বর্ণদায়ক পদার্থ সম্বলিত স্তর্তী স্ক্রেটিকের অভ্যন্তরদিকে অবস্থিতি করাতে ইহা স্পষ্ট বুঝা যাইতেছে, যে, রক্তবহা নাডী ও কৌষিক বিধানের ক্ষয় আংশিক ক্ষয় কোরইডের না ঘটিলে, তাহা অক্ষিবীক্ষণ দারা নয়ন-গোচর করা অসাধ্য। কোরইড় ক্ষয় প্রাপ্ত হইলেই তাহার ভিতর দিয়া চাক্চিক্যশালী শ্বেত্তবর্ণের স্কেরটিক্কে দেখা যায়।

কর্ণিয়া, য়্যাকুয়স্, লেন্স্ এবং ভিট্রিষ্ স্কৃত চন্দুতে সম্পূর্ণ স্বচ্ছ থাকে, এজন্ম অক্ষিবীক্ষণ দারা পরীক্ষা কালীন তাহারা নয়ন গোচর হয় না।

অধ্যাপক লং মোর্ সাহেবের পরামর্শান্ত্সারে সকল প্রকারের দৃষ্টি-বিকা-রেই স্থচাক নির্মান্ত্সারে চক্ষু পরীক্ষা করা কর্ত্তব্য। এরূপ কোন ব্যক্তি আমাদের নিকট চিকিৎসার্থী হইলে,——

১ ন। কতিপর স্থল প্রশ্ন লারা তাহার মূল বৃত্তান্ত সম্যক্ অবগত হইবে

<sup>\*</sup> তেনিভরটিকোসি (Venae vorticosae) অথাৎ যে সকল ধসুকাকার তেইন্ সূক্ষাশাখাদি হইতে ক্রমশঃ স্থূলশাখাতে গঠিত হইতে২ শেষ একটি বা ছুইটি কাণ্ডে শেষ হয়।

<sup>🕆</sup> চুল, আইরিস, চর্মা প্রাস্তি गাহাদের অভাবত ও জন্মাবণি গুলবর্ণের হয়।

এবং তৎসঙ্গে ২ চক্ষুর বাহ্যন্তিত অন্তান্ত অবয়বেরও পরীক্ষা করিবে। এই-রূপে পৈশিক যন্ত্র পরীক্ষাও চক্ষু গোলকের আয়াম নির্ণয় করিবে।

২ য়। উক্তবিধ পরীক্ষা দারা ব্যাধি নির্ণয় না হইলে, রোগীকে ২০ ফিট্র অন্তরে রাখিয়া স্পেলেন্ সাহেবের অক্ষরের cc নং হইতে xx পর্য্যন্ত পড়িতে বলিবে, এবং এই উপায় দারা তাহার দৃষ্টির তীক্ষতা নির্ণয় করিবে। দৃষ্টির কোন দোষ থাকিলে আমাদের প্রথমে একটি কন্ভেক্ ও পরে কন্কেভ্ চসমা রোগীর চক্ষের সম্মুথে ধরিয়া, তাহা দারা দৃষ্টির কিরূপ পরিবর্ত্তন হইয়াছে তাহানির্ণয় করিয়া লিথিয়া রাখা উচিত। এইরূপে প্রথমে একটি চক্ষুর পর অপরটী পরীক্ষা করিবে। য্যাস্টিগ্মেটিজম্ (Astigmatism)\* আছে কোন প্রকার সন্দেহ জনিলে উক্ত সাহেবের পার্শ্বভাবে স্থিত ও অধোর্দ্ধভাবে স্থিত রেখা- গুলি দারা তাহা নির্ণয় করা যাইতে পারে। উপযুক্ত দর্শনার্থ চক্ষুর যে যে ভাগের স্কুশ্বাপন প্রভৃতি আবশ্বক হয়, তাহা এবং চক্ষুর আলোক বক্রকারিণী শক্তির কোন ব্যাঘাত দৃষ্টি না হইলে:—

৩ য়। দৃষ্টি-ক্ষেত্রের আয়তন নির্ণয় করিবে; এবং

৪র্থ। সাক্ষাৎ উপায়ে অক্ষিবীক্ষণ-যন্ত্র দারা চক্ষু পরীক্ষা করিবে। ইহা দারা কণিরা, ভিট্রিয়স্ ও লেন্সের যদি কিছু পরিবর্ত্তন হইয়া থাকে জানিতে পারা যায় এবং তদ্যতীত পূর্ব্ব পরীক্ষা দারা যাহা জানা গিয়াছে তাহা হইতে অতিরিক্ত বিশেষতঃ শিশুদিগের মধ্যে মাইওপিয়া বা হাইপার্মেট্রোপিয়া অর্থাৎ দূর-দৃষ্টি ও নিকট-দৃষ্টি রোগ নির্ণয় করা যায়। তৎপশ্চাৎ; পার্শ্বদেশ হইতে প্রতিফলিত আলোক দারা-দর্পণ সন্মুখ দেশ ওকুটীর পরীক্ষিত হইতে পারে।

েম। প্রম্পরিত উপায় দারা চক্ষুর গভীর স্থান-সকলের অবস্থা পুঙ্খান্থ-পুঙ্খারূপ পরীক্ষা করিবে।

<sup>\*</sup>কর্ণিয়া প্রভৃতির আকার পরিবর্ত্তন হেডু উহা হইতে বিবিধ ভাবে আলোক প্রতি-ফলিত হইয়া যে বিবিধ প্রকার দৃষ্টি-বিকার জন্মায় তাহাকে ইংরাজীতে ফ্রাস্টিগ্-মেটিজ্রম্ কহে।

# তৃতীয় অধ্যায়।

### অক্ষিকোটরের রোগাবলি।

অভিবেদটোরের অপায় সকল !—ভত্ততা অভি সকলের জোগাবলি।——ে।— যিক বিধান প্রদাহ।——অফিকে: টরের গ্রন্থিত অস্ত্রিদ সকল।——অফিলোল— কের হানচ্যুতি।——অফিলোলক নিকাশন।—অঞ্চ-গ্রন্থিরীরোগাবলি।

#### অক্ষিকোটরের অপায় সকল।

ভান্থিপেয়ন (Contusions) ও তান্থিভক্ষ (Fractures)। ভান্ধিকোটরের বহিঃপ্রান্তে (Outer Ridge) পতন জন্ত আবাত লাগিলে, বা উহা কাহার মুইদারা আবাভিত হইলে, সচরাচর চক্ষু কৃষ্ণবর্ণ ("Black eye") হইরা উঠে। তদ্ভির সাধারণতঃ ইহাতে অন্ত কোন মন্দ কলোংপত্তি হয় না; কিন্ত কোন কোন স্থলে করোটি মধ্যে ক্রমশঃ রক্তস্রাব, ও প্রদাহ হইরা পরি-শেষে মৃত্যু পর্যান্ত হইতে দেখা যায়\*। কিন্তু তন্মধ্যে অতার স্থলে অন্ধি-কোটর প্রান্তিরের অন্থির উপর আবাত দারা উহা তথ্য হইরাছে, এরূপ পাওরা প্রমাণ যায়। যদি উক্ত আবাত ফুন্ট্যাল্ অর্থাং ললাটান্থি অথবা ম্যাণ্জিলারী সাইন্দ্ (Maxillary Sinus) অর্থাং প্রান্তি হয়, তবে অন্ধিপ্টদ্রের ইম্ফিনিনা (Emphysema) অর্থাং বাত-শোথ হইবার সম্পূর্ণ সন্তাবনা থাকে।

অপিচ সচরাচর এরপও ঘটিতে পারে যে, করোটির অন্ত কোন হল ভগ্ন হইয়া তাহা অফিকোটর প্রান্ত পর্যন্ত বিস্তৃত হয়। মনে কর, ফ্রণ্টান্ বোন্বা ললাটান্তি কোন কারণে ভগ্ন হইয়াছে, এবং উহাতে মস্তিক্ষ চাপিত তওয়ার লক্ষণ সকল প্রকাশমান আছে এবন্ধিস্থলে ট্রিলাইন্ শস্ত্র দারা উক্ত নগ্রান্থি কর্ত্তন করিয়া লওয়া যাইতে পারে। কিন্ত তাহাতে উক্ত সঞ্চাপের লক্ষণ সকল উপশ্যিত হয় না,—উহারা প্রকাশিত থাকে।

<sup>\*</sup>Mackenzie on "Diseases of the Eye," 3rd edit., p. 2.

এইরপ অনেক স্থলে, রোগীর মৃত্যুর পর ইহা দেখা গিলাছে যে, করোটি কোন কারণে ভগ্ন হইয়া, ললাটাস্থির অক্ষিকোটর ধার (Orbital plate) পর্যাস্ত বিস্তৃত হইয়াছে, এবং তথার মস্তিক্ষের মন্থন ও বহিঃসরণও ঘটিরাছে।

কথন ২ শীর্ষদেশ (Vertex) বা কণেটির অন্ত কোন ভাগ প্রথমতঃ আবাত প্রাপ্ত হইলে, তদ্বারা অফিকোটর প্রাচীরও ভগ্ন ইইয়া থাকে। ফ্ট্রাল্ বোনের অর্বিট্যাল্ প্লেট্ এইরূপে ভগ্ন হইলে, করোটির কোন না কোন অংশে ক্ষত চিহ্ন দৃষ্ট হইবে, এবং অধঃ অফিপুটে রক্তপ্রাব বশতঃ শোফ্ হয়। কিস্তু আঘাত-জুনিত রক্তস্রাব উক্ত হানে নিয় লিখিত কতিপর কারণেও ঘটিতে পারে। ১ম, করোটির চর্মের নিমে রক্তস্রাব হইলে তাহা যদি পশ্চাংদিকে না সরিয়া সন্মুথদিকে আইদে, তাহা হইলে তাহা দারা অক্ষিপল্লবের চর্মের रेकिरमामिम् वा তाहा क्रक्षवर्ग रहेशा कूलिया छैटि, किछ उच्चाता र्गानरकत বা পল্লবের কন্জংটাইভার কথনই উক্তরূপ অবতা হয় না। ২য়; অকিগোলকে আবাত লাগিলে তদ্বারা গোলক ও পল্লব উভয় স্থানেই ইকিমোসিস রক্ত শোফ্ জন্মে। ৩য়, করোটির তলদেশ ভগ্ন হইয়। যে ইকিমোসিস হয়, তাহা প্রথমে গোলকের কন্জংটাইভার নিয়ে তৎপরে প্রবের কনজংটাইভার নিয়ে পালবের চর্ম্মের নিমে প্রায় হয় না যদি হয় তবে তাহা দর্অশেষে প্রকাশ পায়। ৪র্থ, বেরূপ আবাতে অস্তি ভগ্ন হওয়ার সম্ভাবনা তাহা কেবল অধঃঅক্মিপুটের এবং কথন ২ উদ্ধাকিপুটের ইকিমোদিস দারা জানা যায়না কিন্তু যথন আবাতের সঙ্গেই অথবা কিছুকাল পরে অক্নিগোলকের ইকিমোসিস জন্মে তথনই উহাকে জানা যায়।\*

ভাক্ষিকে টিরের বিদ্ধন ক্ষত। (PENETRATING WOUNDS) যে অস্ত্র বা শস্ত্র বিদ্ধ করে তাহার তীক্ষতা প্রকৃতি এবং উহা কতদূর গভীর বিদ্ধ করিয়াছে, এবং বিদ্ধ করিয়াই বা কোন পথ দিয়া গমন করিতেছে,—ইত্যাদি অনুসারে উক্ত আঘাতের ফল সামান্ত বা ভয়ানক হইয়া থাকে। উহা গভীরদ্ধপে ঠিক্ শশ্চাদভিমুথে বা উর্দ্ধ ও অন্তর্দিকে আঘাত করিলে মন্তিক্ষ পর্যান্ত শে স্পর্শ করিবে, তাহা নিতান্ত অসম্ভব নহে, এদ্ধপ হইলে ভয়কর বিপদ উৎপন্ন হইয়া থাকে।

<sup>\*</sup> Clinical Lecture, by Dr. R. M. Hodges, Boston Medical and Surgical Journal, April, 1873.

অকিকোটন বলুকের গুলি বা অন্ত কোন তীক্ষাণ্ড বস্তু দানা আহত হইলে, উক্ত বাহ্য পদার্থ তজ্জনিত বিদানণ মধ্যে সন্নিবিষ্ঠ আছে কি না, প্রথমে ইহা দেখা উচিত। প্রোব্ (Probe) বা এমণী দানা উক্ত বিদানিরিত দান পরীক্ষা করিলে, এতি দিবের উত্তন মীমাংসা হইতে পারে। যদি কোন বাহ্যপদার্থ উহাতে সন্নিবিষ্ঠ আছে এরূপ দেখা যায়, তবে তাহাকে তৎক্ষণাং উদ্ধার করা বিধেয়। বহিন্ধরণ করিবার সময়, যদি উক্ত বাহ্যপদার্থের প্রবেশ দার অন্ধায়ত থাকে, এবং তাহাকে বিশাল করা প্রয়োজন বোর হয়, তবে তাহা করা অবৈধ নহে। পক্ষান্তরে ইহাও দেখা গিয়াছে যে, বন্দুকের গুলি অন্ধিকোটরে প্রবিষ্ঠ হইয়া অনেক বংসর পর্যান্ত উহাতে অবস্থিত থাকে, অণ্ট তাহাতে বাহ্যিক কোন মন্দক্ষণ দেখা যায় না। কিন্তু এই সকল বিবল ঘটনা দৃষ্টান্তস্বরূপ গণ্য করিয়া কোন বাহ্যপদার্থকে অক্ষিকোটরে ন্যান্ত থাকিতে দেওয়া কোন মতেই বৈধ হয় না; কারণ উহা নিয়মের বহিন্তু ত হল মাত্র। একশত মধ্যে নব-নবতি স্থলে, প্রবিষ্ঠ বাহ্য পদার্থ বহিন্ধত না করিলে, অন্ধিকোটরে প্রদাহ এবং পূয়োৎপত্তি হইয়া থাকে; আর হয়ত চন্দুর অসংশোধনীয় ক্ষতি হওয়ার সম্পূর্ণ সন্থাবনা হয়।

দ্বিতীয়তঃ, উক্ত শস্ত্র কোনদিকে প্রবিষ্ট হইয়াছে, তাহাও দেখা উচিত। কারণ আমি পূর্বেই বনিয়াছি যে, যদি উহা মন্তিকাতিমুখে প্রবিষ্ট হইয়া থাকে, তবে উহা এক ভয়ানক বিষয়। এতলে ভাবিকল প্রকাশ করিতে সাবধান হওয়া উচিত। বাহুদেশে যে পরিমাণে অগচয় দেখিতে পাওয়া যায়, তদয়ুদারে আঘাতকেও তদ্ধপ ভয়ানক জানিতে হইবে এরপ নহে, বাহ্নিক অফপুটদ্বয়ের সমুন্নীলিত অবস্থায় শস্ত্র প্রবিষ্ট হইলে সামান্ত রূপ পরীক্ষা দারা বহিশ্দর্মে কোনরূপ পেষণ চিহু দেখা যায় না। এরপ অবস্থায় শৈলা অফিকেটেরাভান্তর দিয়া, মন্তিকে উপনীত হয়। এই বিষয় মিষ্টার গথ্রি সাহেব\* নিয় লিখিত দৃষ্টান্তে বলবং উদাহ্নত করিয়াছেন,—একটি বালক ক্রীড়া করিতেং তাহার দক্ষিণ নেত্রে লৌহতার প্রবেশ করে। উহার চক্ষুর বাছদেশে আঘাতের কোন চিহু ছিল না, তবে অফিগোলকের উদ্ধি ও

<sup>\* &</sup>quot;Commentaries on Surgery," p. 374, 6th edit., 1865.

অন্তর্গদিকস্থ কন্জংটাইভায় যথেই কিমোসিস্ বিদ্যান ছিল। এই ঘটনার চারি দিবস পরে তাহার বমন ও শিরোষন্ত্রনা উপস্থিত হয়। পরে অবিগ্রাস্থ প্রলাপ এবং অচৈত্রতাবস্থা (কোমা) উপস্থিত হইয়া, য়য়্ঠ দিবসে রোগার মৃত্যু হইল। উহার মৃতদেহ পরীক্ষা করিয়া দেখা গিয়াছিল বে, চক্ষুর উদ্ধিপ্র অবিট্যাল্ প্লেটের পশ্চাদন্তী প্রবেশ দারের মধ্য ও অধঃদিয়া ললাটান্থির অক্ষিকোটরীয় অংশ ভেদ করত সন্মুখ মৃত্যুক্ষ একগ্রু লোহতার প্রাহিত্ত হইয়াছে, ও তাহাতে মন্তিক্ষ কোমলও তাহাতে প্রোৎপত্তি হইয়াছে। এই দৃষ্টান্তে এই ব্রাধার্যাহিতছে যে, এইরূপ অন্তান্ত স্থলেও ভাবিক্ন প্রকাশ করিতে অতিশয় সতর্ক হওয়া সর্বতোভাবে বিধেয়।

যদি উক্ত ঘটনার পরে দ্বাদশ কিয়া চতুর্দ্ধশ দিবস পর্য্যস্ত শিরোযন্ত্রনাদি কোন প্রকার লক্ষণ দৈখিতে পাওয়া না যায়, তবে আমরা উহা আরোগ্য হইবে বলিয়া সাহস করিতে পারি। কিন্তু তাহার পর আরও কিছুকাল পর্যান্ত রোগীর মন্দাবস্থা প্রাপ্ত হইবার সন্তাবনা থাকে।

বন্দুকের গুলির আঘাত। (Gunshot wounds)—— দানারণতঃ অন্দিকেটিরে কোন তীক্ষাগ্র শত্ত্বে এবং বন্দুকের গুলির উত্যবিধ
আঘাতেই চিকিৎসা একরূপ হয়। তবে এই নাত্র স্বরণ রাথা উচিত যে,
বন্দুকের গুলি শরীরে অন্য কোন অংশে প্রবিষ্ট হইলে, যেমন তথা হইতে সময়ে
সময়ে ইতন্ততঃ সঞ্চালিত হইয়া থাকে, অন্ধিকোটরেও তদ্ধেপ নুশুলিত হইয়া
থাকে। আর যেমন অন্যান্ত শৈল্য সম্বন্ধে বলা গিয়াছে যে, অন্য কোন স্থানে
বাহুপদার্থ অন্তর্নিবিষ্ট থাকিলে, তাহা যেমন অগ্রে দেখা উচিত, অন্ধিকোটরে
বন্দুকের গুলি আছে কিনা তদ্বিষয়েও প্রথম অন্ধ্যমনান করা আবশুক।
পরে কোন্ দিক অন্ধ্যরণ করিয়া অন্ধিগোলকে প্রবিষ্ট ইইরাছে, তাহা ন্থির
করিতে হয়, এবং পরিশেষে, বেমন অন্য কোন শৈল্য উদ্ধার করিতে হয়,
তত্ত্বপ উক্ত গুলিকেও উদ্ধার করা আবশুক। আমরা কখন কখন এরূপ
স্থলও দেখিতে পাই, যে কতকগুলি ভিটে-গুলি কন্জংটাই ভাকে বিদ্ধ করতঃ,
স্মেরটিক্ হইতে বিক্ষিপ্ত হইয়া, অন্ধিকোটরের কৌষিক বিধানে অবস্থান
করিতেছে। যাহা হউক, এইরূপ স্থলে, কৌষক বিধান বহুদূর ভেদ না
করিয়া, যে কয়েকটি গুলি অপস্বন করিতে পারা যায় তাহাই করা বিধের।

অবশিষ্ট ক্ষেক্টি ওলি, হয় উহাতে ক্লম থাকিবেক, নতুবা বে সময়ে তাহারা বহিলিকে আদিতে থাকিবে, দেই সময়েই উদ্ধার করা বিধেয়। অক্ষিকাট্রের গভারতন নির্মাণে উহাদিগকে অৱেষণ করা কোন মতেই উচিত নহে।\*

জাহ্ণিত রোগ সমূহ (Diseases of the Bones)

পেরিয় ফীয়ন্ বা অস্থাবেরণ প্রদাহ।— অক্লিকোটরান্তির আবরণে প্রবল (Acute) ও পুরাতন (Chronic) এতত্ত্যাবিধ প্রদাহ উপন্তিত হইতে পারে। তদনুযান্ত্রিক এই প্রদাহের লক্ষণ সকলের প্রবলতা ও বৃদ্ধির পরিমাণ বিভিন্ন হইয়া থাকে।

সাধারণতঃ সাক্ষাৎ আবাত লাগিলে, এই স্থানে পেরিয়ষ্টাইটিম রোগ জ্যো। কোন কোন স্থলে আপাত্তঃ বোধ হয়, অধিক শৈত্যসংস্পর্শে বা সানিধাবর্ত্তী স্থানের পীড়া হেড়, উক্ত রোগ উৎপন্ন হইয়। থাকে। কিন্ত অনেক হলে বংশানুগ বা লব্ধ উপদংশ পীড়াই ইছাৰ আদিন কাৰণ। এদি অকি কাটরের বহিঃপ্রান্তর পেরির্ষ্টির্ম প্রতিত হয় তাং। হই ল েই স্থানে শোক্ হয় এবং তথায় পীড়ন দারা অতিরিক্ত মন্থা বোদ হয়। কিন্তু যদি অবিট্যাল্ ফদা বা অক্ষিকোটরীয় খাতের পশ্চান্বর্ত্তী নে স্বণ পীডিত হয়, তবে এই রোগের প্রকৃত অবস্থা নির্ণয় করা অতি ছঃসাধা হইয়া উঠে। রোগী সর্ব্যবাই অক্ষিকোটর মধ্যে অতি প্রবল ও গভীর স্বায়ী যাত ার বিষয় অভিযোগ করিতে থাকে। বিশেষতঃ ঐ যন্ত্রনা শয়ন সময়ে বৃদ্ধি হয়; এবং যেমন পীড়ার বৃদ্ধি হইতে থাকে, তদ্ধপ প্রদাহ ক্রিয়াও অক্ষিকোটরের কৌষিক বিধান পর্যান্ত প্রসরণ এবং পরিশেষে উহাতে পূরোৎপাদন করে। আক্রিক কন্জংটাইভা গাঢ়রূপে রঞ্জিত ও ফ্রীত হয়; এবং অক্ষিগোলক অল্ল বা অধিক পরিমাণে কোটর হইতে বহিঃক্ষিপ্ত হয়। এইরূপ লক্ষণাক্রান্ত পেরিয়-ষ্ঠাইটিনের প্রথমাবস্থার, অঙ্গুলির অগ্রভাগ দিয়া অক্ষিকোটরে সংপীড়ন করিতে করিতে, বেখানে পীড়িত পেরিয়্টয়ম্ আছে, অগুলি তৎস্থান স্পর্শ করিলে यत्रभामां प्रक रहेशा উঠে। আর यদি রাত্রিকাশল এই যাতনার বৃদ্ধি হয়; এবং রোগী यদি ক্রন পূ.র্ব্ব উপদংশ রোগাক্রান্ত হইয়া গা.ক, তবে উহা এই

<sup>\*</sup> Poland on Protrusion of the Eyeball; Ophthalmic Hospital Reports, vol. ii. p. 218. Also a case by Dr. Playne, vol. i. p. 215.

অক্ষিকোটরের গভীরতর প্রদেশের প্রবল পেরিয়ষ্টাইটিস্ রোগ এবং উহার কৌষিক-বিধানের প্রদাহ, † এতহভয়ের প্রভেদ করা সর্বাদা অতিশয় তঃসাধা হইয়া উঠে। এতদ্বিষয়ে এই এক প্রকার মীনাংসা করা যায় যে প্রথ মাক্ত পীড়ায়, উৎপন্ন পূয় অভিকোটর হইতে যদি সত্বর অপনীত না হয়, তবে নিক্টবর্ত্তী অস্থির সম্যক্ বিনাশ বা নিজোসিস্ (Necrosis) হইবার বস্তাবনা থাকে। আর কোষিক প্রদাহে, এতদপেক্ষা অল্ল ভয়ের কারণ থাকে। অপিচ উপরি লিখিত পেরিয়ষ্টাইটিস্ রোগে অক্নিটের-প্রাচীর পীড়ন করিলে কোন একটি বিশেষ রুজাবস্ত স্থান অন্তব করিতে পারা যায়। কিন্তা অকি গালককে উহার কোটর মধ্যে প্রবেশিত করিবার প্রয়ান পাইবার কালেও তাহা অনুভূত হইতে পারে। আর, প্রথমে পেরির্টির্মের এবং তাহাব চতুপার্ধত কৌষিক বিধানের শোফ্ দীমাবদ্ধ থাকাতে, প্রদাহ যে দিকে টান্থিত থাকে অকি গালক তাহার ঠিগ বিপরীত দিকেই বহিঃক্ষিপ্ত হইয়া গাক। এই িনিত্তই যদি অক্ষিকোটরের উর্দ্ধাংশস্থ পেরিয়ষ্টিয়ম প্রদা-হিত হয়, তবে অক্ষিণোলক অধঃদি ক আসিয়া পড়ে। পেরিয়ষ্টিয়ম প্রদাহে বেমন যন্ত্রনা একস্তালেই স্থায় থাকে, অক্ষিকেটিরের কৌষিক বিধানের বিস্তৃত প্রদা > (Diffuse inflammation) উহা তজপ একস্থানে দীমা বন্ধ

<sup>\*</sup> M. Trousseau on Neuralgia: Medico-Chirurgical Review, vol. xxxiv. p. 255, 1864.

<sup>†</sup> A. Grafe on Exophthalmos: Ophthalmic Review, vol. i. p. 137.

থাকে না; অক্সিপুটের চর্মা গভীররূপে আক্রান্ত হয়, এবং পীড়া প্রবল পেরিয়-ষ্ঠাইটিস্ অপেক্ষা দ্রুতবেগে বর্দ্ধিত হইতে থাকে। যাহা হটক, কথন কথন উক্ত রোগ নির্ণয় করা অতিশয় কঠিন হইয়া উঠে। এমত কি আমরা সম্যকরূপে রোগের সমন্ত বিষয় অবগত হইয়া, হয়ত পরিশেষে পরীক্ষা ভ্রমাত্মক বলিয়া অবধারণ করিয়া থাকি।

চিকিৎ না। —— নামবা বদি লক্ষা সকলেব আতিশান দে গিয়া বিবেচনা করি, যে পেরিয়ষ্টিয়মের নীচে পুয়োৎপত্তি হইয়াছে, তবে একটী স্ত্র দ্বারা উক্ত স্থান বিদ্ধ করিয়া পূরাক্সন্ধান করা উচিত মদি পূর দেখিতে পাওয়া যায়, তবে মাহাতে দিহা অনায়াসে বহির্গত হইতে পারে এই নিমিত্ত উক্ত স্থান ভেদ করিয়া দেওয়া আবশ্রক। এইরপ না করিলে, নিঃসন্দেহ উক্ত স্থানেব অন্তিলংশ হয়; অথবা প্রদাহ-ক্রিয়া করোটির অন্তরাবরক-বিধান (Lining membrane) পর্যান্ত বিস্তৃত্ত হইতে পারে।\* অত্যন্ত নাবধান হইয়া মক্ষিকাটির ইন্ত পারে।\* অত্যন্ত নাবধান হইয়া মক্ষিকাটির ইন্ত পারে। করিল। করিল দিক্ত স্থানের নির্মাণ অতিশয় জটিল। কিন্তু ত্রাচ এইরূপ পীড়ায় বিলম্ব না করিয়া, সম্বর হইয়া শস্ত্র-ক্রিয়া করা নিতান্ত আবশ্রক।

নিজে নি । (Necrosis)—ইতি পূর্বেই বলা গিয়াছে, যে, অন্ধিকাটরীয় অল্প বা অধিক সংখ্যক অন্থির নিজ্যোসিস্ বা মৃত্যু, পেরিরপ্তাইটিস্ রোগের শেষে ঘটিয়া থাকে; অথবা আবাত লাগিলে বা অন্ধিকোটরের কৌষিক-ঝিলি প্রদাহিত হইলেও উহা উৎপন্ন হইতে পারে।
সম্প্রতি এইলপ একটি রোগীকে ডাক্তর ম্যাক্নামারা সাহেব চিকিৎসা
করিয়াছেন। ১৮৬৬ খৃঃ অন্দেব ৫ই ডিসেম্বর টেট্ নামক একজন ইপ্টই গ্রিয়া

<sup>\*</sup> Poland on Protrusion of the Eyeball. Case of severe cerebral symptoms, come and death, following an internal node of the orbit: Ophthalmic Hospital Reports, vol. ii. p. 225.

রেল্ওয়ের প্রহর ভয়াবক শৈত্য-ভোগ করে। পরদিবদ ঐ ব্যক্তির দক্ষি-ণাক্ষি,কাটরের কৌষিক-ঝিল্লীতে ভয়াবহ প্রদাহ উপস্থিত হয়। চতুর্দশ দিবস পরে, উর্দ্ধাক্ষিপুটের উর্দ্ধাভ্যন্তর (Inner and upper) প্রদেশে একটী ছিদ্র দিয়া অপরিমিত পূয় নির্গত হয়। তৎস্থানে একটা ফিশ্চুলা বা ালী পথও হইয়াছিল। পরে পৃতি-গ্রন্থযুক্ত অস্থির কিয়দংশ স্থালত रहेट जात्र इस । **उम्ल**त जून मारम, यथन छोद्धात मार्क्नामाता मारहव এই ব্যক্তিকে প্রথম চিকিৎসা করিতে আরম্ভ করেন তথন অক্ষিকোটরের উদ্ধাংশের অস্তি মৃত বলিরা অহুভূত হইয়াছিল। যাহা হউক, এই সময়ে দে এক প্রকার দক্ষিণ নেত্রবিহীন হইয়াছিল। এই নেত্রবিহীন হইবার কারণ যদিও রোগ প্রকাশের তৃতীয় দিবদে হইয়াছিল, তত্রাপি এতাবৎকাল পর্যান্ত উক্ত চক্ষুর কনীনিকা কার্য্যক্ষম, ও অক্ষিগোলকের পৈশিক যন্ত্র স্বাভাবিক ছিল। এমত কি, বাহ্নিক দামান্ত পরীক্ষা করিলে, চক্ষু স্থস্থ বলিয়া বোধ হইত। কিন্তু তিনি অফিব্লৈণ যত্ত্ৰ দারা পরীকা করিয়া দেখিলেন যে, অপ্টিক ডিস্ক হাস হইরা গোলাকার ও গুক্রবর্ণ হইয়া রহিয়াছে; এবং রেটিনার রক্তবহা-নাডী নকল দক্ষতিত হইয়া গিয়াছে। ইহাতে প্রদাহ-ক্রিয়া অক্ষিকোটরের কেষিক-ঝিল্লকেও আক্রমণ এবং দর্শনশ্বায়ু পর্য্যন্ত বিস্তৃত হইয়া অপ্টিক প্যাপিলার ক্ষয় উপস্থিত করিয়াছিল।

চিকিৎ দা।—— যদি আপনা হইতে শ্বলিত হইতে উদ্যত না হইরা থাকে, তবে কিছু দিন প্রকৃতির উপর নির্ভর করিয়া অপেক্ষা করা উচিত যে পর্যান্ত না উক্ত মৃত অন্থি আপনা হইতে পৃথক হইয়া আইসে। যথন মৃতান্থি পৃথক্তৃত হইয়ালে বলিয়া জানা বাইবে, তথন উহাকে উদ্ধার করা বিধেয়। অকিকোটরের নির্মাণ অতিশয় ঘনসংবদ্ধ ও প্রয়োজনীয়; স্কৃতরাং তাহাতে শস্ত্র করা অতিশয় গুরুতর কার্যা। তিরমিত্ত নিতান্ত প্রয়োজন না হইলে, এন্থলে শস্ত্র ব্যবহার করা কোন মতেই উচিত নহে।

জিকোটবের অস্থি দকলের (Caries) কেনিজ্বা ক্রমিক ক্ষয়।— উক্ত রোগে, বিশেষ হঃ তাহা অনুপযুক্তরূপে চিকিৎসিত হইলে, যে কত ভয়াবহ নাকার উৎপাদিত হইয়া থাকে, তাহা নিম্ন লিখিত উদাহরণ পাঠ করিলে স্পষ্ট প্রমাণ পাওয়া যাইবে।

১৮৬৫ খৃঃ অন্দের ২০শে আগষ্ট গিরীশ্চন্দ্র সিংহ নামক অষ্টাদশ বর্ষ বয়স্ক এক যুবক কলিকাতা অক্ষিচিকিৎসালয়ে রোগ শান্তির নিমিত্ত প্রবিষ্ট হয়। ইহার পূর্মবংসর ঐ ব্যক্তি শারীরিক বিলক্ষণ স্বস্থ ছিল; এবং পুস্তক মুদ্রালয়ে অক্ষর-সংযোজনের কার্য্য করিত। আর এরূপ কিছু জানিতে পারা যায় নাই যে, ঐ ব্যক্তি কথন বংশানুগ বা লব্ধ উপদংশ রোগে আক্রান্ত হইয়াছিল। এক বৎসর পূর্ব্ব হইতেই সে শিরোযন্ত্রণা ভোগ করিয়া আসিতে ছিল এবং তাহার কিছুকাল পরে উহার নাসিকা হইতে রক্ত ও শ্লেম্মা নির্গত হইতে লাগিল। তরিমিত্ত সে বন্ধুবর্ণের পরামর্শে, মুখ আনাইয়া ২ ছুই মাস পর্য্যন্ত লালা নির্গত, ও ললাটপার্থে জলৌকা সংলগ্ন করিয়া, শোণিত নির্গত করাইয়াছিল। কিছুদিন পরে, একদিন প্রাতঃকালে সে জাগরিত হইয়া দেখিল যে, তাহার বাম চক্ষু দৃষ্টি-বিহীন হইয়াছে। অপিচ আর এক মাসের মধ্যে দক্ষিণ চক্ষুরও দৃষ্টি-প্রতিরোধ হওয়ায় দে একেবারে অন্ধ হইয়া গিয়া-ছিল। ঘাণ-শক্তির বিনাশ ভিন্ন, তাহার পাক্যন্ত্রের বা মনোবৃত্তি পরিবর্ত্তিত इटेग़ा हिल ना । पिक्न पाकित्यालक अधिक उत्र विश्व कि अभि त्यांत प्रात प्रवास বামনেত্রের উর্দ্ধাক্ষিপুটের নাসিকাদিকে একটি নালী-পথ উৎপন্ন হইয়াছিল। এই পথের মধ্য দিয়া একটি প্রোব্ বা এমণি অনায়াসে অক্রিকোটরের অতি পশ্চাৎদেশ পর্য্যন্ত বাইতে পারিত; কিন্তু কোনরূপ নির্জীব বা গলিত অস্থি অন্নভূত হয় নাই। বাম নেত্রাপেক্ষা দক্ষিণ নেত্রে অধিক উন্নত হইয়াছিল; এবং দৃষ্টিপথ স্বচ্ছ ও অপ্টিক্ ডিস্কের চতুঃদীনা অস্পষ্ট ছিল। অপ্টিক্ ডিস্ক্ এবং রেটিনা উভয়েই অস্বচ্ছ বোধ হইয়াছিল। কিন্তু রেটিনার রক্তবহা-নাড়ী সকলের প্রাকৃতিক আকারের কোন পরিবর্ত্তন ঘটিয়া ছিল না। রোগী দিন দিন ক্ষীণ হইতে লাগিল ও শিরোযন্ত্রণাও বৃদ্ধি পাইয়াছিল। ঐ সময়ে সে অনির্বাচ্য বমন দ্বারা পীড়িত হয়। কিন্তু উহার বাক্শক্তি ও मत्नावृि शृर्विव विश्व हिल। हिकि शानिय अविष्ठे श्रेवांत कि हू िन পরেই, সামান্ত পরিশ্রমান্তে, এমত কি শ্যা হইতে উঠিলেও তাহার উভয়া-किरागानक लिन्छ वा धव् धव् कतिछ। এই लामन ७ इम्लामन উভয়েই যুগপৎ হইত।

পর বৎসর ১৮ই ফেব্রুয়ারি ঐ যুবকের মৃত্যু হইলে, উহার মৃতদেহ পরীক্ষা করিয়া দেখা গেল যে, তাহার ললটাস্থির সমস্ত অক্ষিকোটরাংশ এবং ক্ষিনএড় বোনের অধিকাংশ স্থান বিনপ্ত হইয়া গিয়াছে; স্থতরাং ঘনীভূত ডিউরা
মেটারই কেবল মস্তিষ্ক এবং অক্ষিকোটরীয় ক্ষার অন্তর্গত ঝিল্লী সকলের
মধ্যবর্তী ছিল। এই নিমিত্তই জীবিতাবস্থায় অক্ষিগোলক স্পন্দিত হইত।
দর্শন-মায়ু সকল কোমল ও বিনপ্ত হইয়া গিয়াছিল। কিন্তু অক্ষিকোটর
প্রবিষ্ট রক্তবহা-নাড়ী ও মায়ু সকল পীড়িত স্থানের সহিত এত ঘন সংবদ্ধ
ছিল যে, উহাদিগকে কর্ত্তন বা উহাদের প্রত্যেকের অবস্থা নিরূপণ করা
অত্যন্ত অসম্ভব হইয়াছিল। মন্তিক্ষের সম্মুখাংশ সকলের অধঃভাগ অধিকতর কোমলীভূত হইয়াছিল; কিন্তু তাহা ভিন্ন অন্ত কোনবিধ গুরুতর পীড়ার
আকার ধারণ করিয়াছিল না।

কিশ্চু লো (Fistulæ) বা নালী।—অন্ধিকেটের প্রাচীরের কেরিজ্ রোগ যেরূপ উক্ত যুবকের পক্ষে প্রাণনাশক হইয়াছে, সোভাগ্যক্রমে উহা সচরাচর তদ্ধপ প্রাণনাশক নহে। সচরাচর অস্থির অত্যল্লাংশে পীড়া অবস্থিতি করে, এবং তৎস্থান হইতে চর্ম্ম পর্যান্ত একটি নালী পথ উৎপন্ন হয়। এই নালী পথের মধ্য দিয়া একপ্রকার জলবং তরল পদার্থ সর্ব্রদা নিঃস্ত হইতে থাকে, এবং প্রোব্বা এষণি দ্বারা দেখিলে, কোমল অস্থি অনায়াসেই অন্বভূত হইতে পারে।

সচরাচর নিক্রোসিন্ এবং কেরিজ্ রোগ আরোগ্য করা উপেক্ষা উহাদের গলিত নালী আরোগ্য করা অতিশয় কষ্টদায়ক। বাহ্য নালীপথদার পেরিয়-ষ্টিয়মে সংযুক্ত হয়; স্থতরাং উহা আরোগ্য হইলে, একটি পকার্ড্ সিকাট্রিক্স্ বা কোঁকড়ান ক্ষতজনিত চর্ম্ম উৎপন্ন হইয়া অক্ষিপুটকে সর্মানা উণ্টাইয়া রাখে।

ফরাসিদ্ ডাক্তরদিগের লাইকুইয়ার্ ভিলেট্ বা তজ্ঞপ অন্তবিধ ঔষধ, প্রত্যেক তৃতীয় বা চতুর্থ দিবসে, উক্ত নালীপথে পিচকারী দারা প্রবিষ্ট করা-ইলে, উহা নিরাময় হইয়া যায়। \* প্রথমতঃ উহাতে কিঞ্চিৎ কন্ট প্রদান এবং

<sup>\*</sup> এম্নোটা সাহেবের মতে যে ২ জব্য দারা লাইকুইয়ার ভিলেট্ (Liqueur villate,) প্রস্তুত হয়, তাহ। নিমে লিখিত হইতেছে,——লিকুইড্ সব্য়াসিটে অব্ লেড্ ৩০ অংশ, সল্ফেট্ অব্ কপার ১৫ অংশ, সল্ফেট অব্জিংক্ ১৫ অংশ, হোয়াইট (থেত) ভিনিগার ২০০ অংশ। Medico-Chirurgical Review, April, 1866, p. 556.
এম নিলেটন সাহেবও এই প্রক্রিয়ার অসুমোদন করেন।

প্রদাহ উৎপন্ন করে বটে, কিন্তু পরে ব্যবহার কালে তাদৃশ কণ্ঠ বোধ হয় না। এমত কি, পরিশেষে কণ্ঠ একেবারেই তিরোহিত হয়। কোন কোন স্থলে উক্ত ঔষধ দারা কেবল যে নালী আরোগ্য হয়, এমত নহে, কিন্তু উহা দারা পীড়িত অস্থিতেও স্বাস্থ্য সম্পাদন হইয়া থাকে।

অক্ষিকোটরীয় বিধান সমূহের প্রদাহ। (Inflammation of the Orbital Tissues.)

কৌষিক বিধান প্রদাহ (Inflammation of the cellular tissue)——অক্ষিকোটরের কৌষিক-বিধানেতে কখন কখন প্রবল প্রদাহ এবং পূয়োৎপত্তি হইয়া থাকে। কিন্তু উহা আঘাত অথবা পেরিয়ন্তাইটিস্ রোগ ব্যতীত, প্রায়ই দেখিতে পাওয়া যায় না; তবে কোন কোন স্থানে দেখিতে পাওয়া যায়, তাহাও যখন রোগী ক্ষীণ এবং ছর্মল থাকে, তখন উক্ত অংশে বিস্তৃত বিদর্পি (Erysipelas) বিস্তার দারা উৎপন্ন হইয়া থাকে। সাধারণতঃ এই সকল অবস্থায় অক্ষিগোলক প্রায়ই স্কুস্থ থাকে। কিন্তু ছুর্ভাগ্য-ক্রমে রোগীর দৃষ্টি যদিও সম্পূর্ণরূপ বিনষ্ট না হয়, তথাপি প্রায় সর্ব্বদা ৫৮ পৃষ্টার টেট্ নামক ব্যক্তির দৃষ্টান্তের স্থায় দর্শন-সাযুতে প্রদাহ-ক্রিয়ার বিস্তার দারা, বা রেটিনাতে রসম্রাব ও কোরইড্ হইতে রেটিনা পৃথক্ভূত হওয়াতে তাহা হ্রাস হইরা যায়। কখন কখন পৈশিকাবরণে পূয় গমন করিয়া, পেশী-চয়ের ক্রিয়ার ব্যতিক্রম করতঃ দ্বিদৃষ্টি উৎপাদন করে। এই রোগে পাই-মিয়া (Pyæmia) অর্থাৎ শোণিতে অধিকতর পূর মিশ্রিত হইয়া অনিষ্টোৎ-পাদন করিতে পারে; এবং যখন এই রোগ সাংঘাতিক হইয়া উঠে, তখন রক্তবহা-নাড়ীতে থ্রোসিদ্ (Thromboses) বা রক্তপিও দৃষ্ট হয়। এই রক্তপিও মস্তিকের বৃহৎ শিরা এবং এমত কি, জুগুলার ও ইন্নমিনেট শিরা সকল প্ৰ্যান্তও বিস্তৃত হইয়া থাকে।\*

লক্ষণ।——অক্ষিকোটরীয় কৌষিক-বিধানগত প্রদাহের লক্ষণ সকল নিম্নে লিখিত হইতেছে। রোগী উক্ত পীড়িত অংশে ধব্ধবায়নান যাতনা অন্তব করে। ঐ যাতনা ললাটদেশ, মস্তকের পার্ম্ব, এবং কখন কখন গ্রীবাদেশস্থ পেশী সকল পর্যান্ত বিস্তৃত হয়। সময়ে সময়ে উক্ত যাতনা

<sup>\*</sup> French translation of Mackenzie's "Treatise on the Eye," vol. iii. p. 136.

সাতিশয় কষ্টকর হয়, এবং রোগীর সর্বাদা অল্ল জরও হয়। আর য়িদ কথন উহার নিদ্রাভাব হয়, তবে স্বপ্নে বিভীষিকা দেখিতে থাকে। অক্লিপ্ট স্ফীত এবং পাংশু-রক্তবর্ণ হয়। কন্জংটাইভা সর্বাতঃ সমভাবে সংরম্ভিত (Chemosed) এবং রক্তপূর্ণ হয়। অক্লিকোটরের কৌষিক-বিধান মধ্যে রস্বাব হওয়ায়, অক্লিগোলক শীঘ ২ কিয়ৎদূর বহিঃক্লিপ্ত হয়। কিন্তু এই বহিঃক্লেপণ পেরিয়প্তাইটিদ্ এবং অক্ল বিধ টিউমারের বহিঃক্লেপণ হইতে বিশেষ। তাহা এই য়ে, অক্লিগোলক য়েরপ তত্তৎ পীড়ার প্রতিচাপ অনুসারে, কৈন্দ্রিক রেথার অক্ল কোন একদিকে ক্লিপ্ত হয়, ইহাতে সেরূপ না হইয়া, বয়ং ঠিক সরলভাবে বহিঃক্লিপ্ত হয়। ইহাতে কর্ণিয়া পরিয়ৃত ও উজ্জ্বল থাকিতে পারে। অথবা এমত হইতেও পারে য়ে, অধিকক্ষণ বাহ্য-বায়ু সংস্পর্শে উহার এবং কন্জং-টাইভার উপরিভাগের ক্লেদ কঠিন হইয়া মামড়ী উৎপন্ন (Crusts) হয়। ইপি-থিলীয়ম্ শুক্ষ হওয়ায়, কর্ণিয়া মলিন হয়। তৎপরেই নিক্রোসিদ্ বা বিংশ হয়; এবং চক্ষু একেবারে বিনষ্ট হইয়া য়ায়।

সচরাচর এই রোগের আরম্ভ সময় হইতে দশ কিম্বা বার দিবসের মধ্যে সাধারণতঃ অক্নিগোলকের অধঃ ও অভ্যন্তরভাগে, এক বা তদধিক এতাদৃশ স্থান দৃষ্ট হয়, যাহাতে পূয় গতি (কুক্চুয়েশন্) অনুভূত হইয়া থাকে। যথন সমুদয় পূয় প্রাবিত হইয়া যায়, তথন য়য়নার অনেক লাঘব হয়। অক্নিগোলক কোটরমগ্ন হয়, এবং উক্ত স্থান সকল স্বাভাবিক স্থানে যায়। কিন্তু অক্নিগোলক যদিও প্রদাহক্রিয়া দ্বায়া সম্পূর্ণ বিনম্ভ না হয়, তথাপি অধিকাংশস্থলে দর্শন-মায়ু পূর্কোক্ত বর্ণনামুরূপ অয় বা অধিক পরিমাণে প্রদাহ সমাক্রান্ত হয়, এবং তৎপরে উহার য়াম হইবারও সম্পূর্ণ সম্ভাবনা থাকে। অথবা, অক্নিকোটরের অস্থি সকলের ধ্বংশ বা অধিকতর ক্ষতজনিত চর্ম্ম উৎপন্ন হইয়া, অক্নিগোলক পর্যান্তও য়াম করিয়া তুলে।

কৌষিক-বিধানে পুরাতন প্রদাহ (Chronic Inflammation) অফিকোটরীয় কৌষিক-বিধানগত পুরাতন প্রদাহের লক্ষণ সকল উলিখিত লক্ষণাপেক্ষায় অল্প প্রবল হয়। সাধারণতঃ এই রোগাক্রান্ত রোগীরা উপদংশ রা স্কুদ্লা রোগাক্রান্ত জনকজননী অথবা বৃদ্ধ ও ক্ষীণ জনকজননী সম্ভূত হইয়া থাকে।

এই প্রদাহ-ক্রিয়া প্রায় সচরাচর পেরিয়ষ্টিয়মে আরম্ভ হইয়া থাকে। রোগী উক্ত স্থানে সর্বাদা যন্ত্রণা ভোগ করিতেছে বলিয়া অভিযোগ করে। ইহাতে দিবাও যত শেষ হইতে থাকে, যন্ত্ৰণাও তত বৃদ্ধি হইয়া, ললাটদেশ পৰ্য্যস্ত বিস্তৃত হয়। প্রদাহ বৃদ্ধির সঙ্গে ২ অক্ষিকোটরের সেলুলার্ টিস্লও পীড়িত হইতে থাকে। কন্জংটাইভাও অকিপুট আরক্তিম এবং স্ফীত হয়; এবং অক্ষি-গোলক অল্প বা অধিক পরিমাণে বহিঃক্ষিপ্ত হয় । যাহা হউক, উক্ত পীড়িত এই পুরাতন প্রদাহে তত যন্ত্রণা হয় না। সচরাচর এমম্বিধস্থলে অক্ষিগোলক কোটর হইতে সমধিক বহিঃক্ষিপ্ত হয়; এবং এই বহিঃক্ষেপণ অল্লে অল্লে হয় বলিয়া, উহা অক্ষিকোটরের কোন অব্রাদাদির আকার ও লক্ষণ ধারণ করে; স্বতরাং এই রোগের আমুয়ঞ্চিক লক্ষণ সকল উত্তমরূপে অভ্যস্ত না शांकित्न, छेळ छे छात्रविध द्वारंगत थे ए निर्भय कता यात्र ना । त्य त्य इतन অক্ষিগোলক অক্ষিকোটরে কোন অর্ধ্বুদাদি দ্বারা বহিঃক্ষিপ্ত হয়, তত্তৎস্থলে অক্ষিগোলকের কেন্দ্র (Axis) টিউমারের প্রতিচাপ জন্ম উহার বিপরীত-नित्क अवश्विक करतः; धवः रामिक इटेरक छेक अर्स्न भी फ़न (मार्स, क्ष्मू ঠিক তাহার বিপরীতদিকে বহিঃক্ষিপ্ত হয়। কিন্তু এই পীড়ায় সেরূপ না হইয়া, বরং ঠিক সরলভাবে সন্মুথক্ষিপ্ত হইয়া থাকে (৮ম এবং ৯ প্রতিকৃতি দেখ)। অক্ষিকোটরে পূরোৎপত্তি হইয়াছে কি না এরূপ সন্দেহ জন্মিলে, একটি ছিদ্র-যুক্ত হঁচ (Grooved needlle) বিদ্ধ করিয়া, পরীক্ষা করা সর্বতোভাবে বিধেয়; কিন্তু প্রস্তু বিদ্ধ করিবার সময়, উহার অগ্রভাগ যেন মস্তিদ্ধের-দিকে প্রবিষ্ট না হয়, এরূপ সাবধান হইতে হয়।

সার্ উলিয়ম্ লরেন্দ্র সাহেব\* দশবর্ষবয়স্ত একটা বালকের পীড়া বর্ণনা করিয়াছেন, তাহা নিম্নে উদ্ধৃত হইল।—দক্ষিণ চক্ষুতে পীড়াক্রান্ত হইয়া ঐ বালক তাঁহার নিকট সমানীত হয়; এবং এরূপ শুনিতে পাওয়া গিয়াছিল বে, ঐ রোগ সপ্তাহ পর্যান্ত ঐ বালককে আক্রমণ করিয়াছিল। দক্ষিণাক্ষি-গোলক বামাক্ষিগোলক অপেক্ষা অর্দ্ধ ইঞ্চ পরিমিত সন্মৃথ এবং বহির্দিগে কিপ্ত হইয়াছিল। নাসাপাঙ্গদেশ এবং তরিকটবর্ত্তী অংশ সকল রঞ্জিত ও

<sup>\*</sup> Lawrence on "Diseases of the Eye," 2nd edit. p. 744.

শোদ্ যুক্ত হইয়াছিল। অক্ষিকোটরে অম্পষ্টিরূপে গভীর পূর গতি অরুভূত হইয়াছিল। ইহাতে একটা ল্যান্সেট্ ঐ স্থানে প্রায় টুইঞ্চ পরিমিত স্থান গভীরে প্রবেশ করায়, তন্মধ্য দিয়া প্রায় অর্দ্ধ ছটাক পরিমিত পূর্ম বিনির্গত হইয়াছিল। এইরূপে শীঘ্র্য রোগ নিরাময় হইল; এবং এক সপ্তাহ মধ্যে ক্ষত শুদ্ধ হইল। কিন্তু এইরূপ পুরাতন ক্ষোটক আরোগ্য হইতে, প্রায় একবৎসরকাল অতীত হইয়াছিল। ডাক্তার মেকেঞ্জি সাহেব ইহার এক দৃষ্টান্ত বর্ণনা করিয়াছেন।\*

চিকিৎসা।——শরীরের অন্তান্ত স্থানের কেষিক-বিধানের প্রদাহে যেরূপ চিকিৎসা করিতে হয়, অক্লিকোটরের কেষিক-বিধান প্রদাহেরও তদ্ধপ চিকিৎসা। এই স্থানে যথন অতি প্রবল প্রকারের প্রদাহ উপস্থিত হয়, তথন প্রদাহের প্রথমাবস্থায় প্রদাহিত স্থানে জলোকা এবং সর্বাদা শীতল জলার্দ্র বস্ত্র সংলগ্ন করিয়া, উত্তেজনা ও প্রোৎপাদন রহিত করণের চেষ্টা পাইতে হয়। ইহাতে যদি ক্রতকার্য্য হওয়া না যায়, তবে পোল্টিস্ এবং উষ্ণ জলের সেক প্রদান করিয়া প্রোৎপত্তি যাহাতে শীঘ্র হয় তাহার উপায় করিতে হয়। ইহাতে যথন উহাতে প্রোৎপত্তি হইবে, তথন উক্ত ক্লোটকে স্ববিভক্ত ওবিশালরূপে শস্ত্র করিয়া, সমুদয় প্র নিঃস্তকরিয়া দেওয়া উচিত। যতদিন পর্যান্ত প্র প্র প্রাব বন্ধ না হয়, ততদিন পর্যান্ত প্ররূপ পোল্টিস্ সংলগ্ন করিতে হয়।

এন্থলে ইহা বলা বাহুল্য যে, যদি এই রোগ ইরিসিপেলাস্ রোগ সংশ্রিত হয় তবে ইহাতে র্যাণ্টিফুেজিষ্টিক্ ঔষধ সকল অর্থাৎ জলোকা সংলগ্ন ইত্যাদি প্রদাহ নিবারক ব্যবস্থা না করিয়া, বরং যাহাতে রোগী সবল থাকে, তদ্বিধান করা সর্বতোভাবে বিধেয়। নাড়ী এবং শরীরের উত্তাপ দেখিয়া কি পরিমাণে পৃষ্টিকরপথ্য ও উত্তেজিত ঔষধ দিতে হয় জানা যায়, সেয়ুই ক্লোরাইড্ অব্ আইরণের দ্বারা যে অনেক উপকার দর্শে, তদ্বিষয়ে ডাক্লার ম্যাক্নামারা সাহেবের বিলক্ষণ বিশ্বাস আছে। ছয় ঘণ্টা অন্তর ১৫ পনর ফোটা টিংচর ক্রোই ক্লোরোডাই ১৫ গ্রেণ্ ক্লোরেট্ অব্ পটাসের সহিত সেবন করিলে, রক্লের অবস্থা সংশোধিত হইয়া, যে সকল বিয়াক্ত পদার্থ জন্ম রোগ উৎপন্ন

<sup>\*</sup> Mackenzie, "Diseases of the Eye," 4th edit. p. 302.

হর, তৎসমৃদয় বিনষ্ট হইয়া যায়। রোগীর নিজার নিমিত্ত আফিন্স, বিশেষতঃ ক্রোর্যাল্ হাইড্রেট্ সেবন করান বিধেয়। বাস্তবিক এই রোগের প্রথমাবস্থায়, শরীরের বিশ্রাম ব্যতীত আর কোন উত্তম চিকিৎসা নাই। এই সঙ্গে ও উত্তেজক ঔষধ এবং টিংচর ফেরি সেন্ধি ক্রোরাইড্ সেবন করান উচিত। এইরূপ চিকিৎসা করিলে, হয়ত উহাতে প্রোৎপত্তি রহিত হয়, আর যদি প্রোৎপত্তি হয়, তবে তাহাও শীঘ্র নিঃশেষিত হয়। অগিচ ইহাও আমাদের অরণ রাখা উচিত যে, মন্তিক্রের সহিত উক্ত অংশের নৈকটা সম্বন্ধ থাকায়, যতদিন পর্যান্ত প্রদাহক্রিয়া অপনীত না হয়, তত দিন পর্যান্ত উক্ত প্রদাহ মন্তিকাবরণ পর্যান্ত প্রসারিত হইবার সন্তাবনা থাকে।

ক্যাপসিউল্ অব্ টিননের প্রাদাহ (Inflammation of the capsule of Tenon)—ক্মেটিজম্ রোগাক্রান্ত ব্যক্তিদিগেরই উপত্বিত হইরা থাকে। অস্তান্ত স্থলে, উক্ত অংশে আঘাত লাগিলে, বা তরিকটবর্ত্তী নির্মাণ হইতে বিসর্পি রোগ আক্রমণ করিতে পারে।\*

লক্ষণ।—কন্জংটাইভার নিয়স্থ ঝিরী গাঢ়রূপে রঞ্জিত হয়, কিন্তু আইরিদ্ পীড়িত হয় না। উহার রক্তবহা-নাড়ীগুলি রঞ্জিতভাবও উক্ত স্থানের শোফ্ কি কারণে অধিক দিনপর্য্যন্ত অবস্থান করে, তাহা আমরা বলিতে পারি না। চক্ষুতে অল্ল যয়্রণা বোধ হয়, বিশেষতঃ একপার্শ্ব হইতে অপরপার্শ্ব পর্য্যন্ত চক্ষু বিবৃর্ণন করিবার সময়, উক্ত যাতনা বিলক্ষণ কপ্তদায়ক বলিয়া অয়ভূত হয়; কিন্তু দৃষ্টির কোন হানি হয় না। চক্ষু কোটর হইতে অত্যল্ল বহিক্ষিপ্ত হয়, এবং অক্ষিগোলকের চলতার কিঞ্চিৎ হ্রাস হইয়া, বিদৃষ্টি উপস্থিত হইতে পারে।

কিছুদিন পরেই উলিখিত লক্ষণসকল স্বয়ং অপনীত হইয়া যায়, ও কোন বিশেষবিধ মন্দ ফলোৎপত্তি করে না। কিন্তু উক্ত রোগের অগ্রে ইরিসি-পেলাস্ রোগ হইলে দর্শনস্বায়ু প্রদাহিত হইয়া, অপ্টিক্ নিউরাইটিস্ এবং প্যাপিলার বিনাশ সমুৎপাদিত করিতে পারে।

চিকিৎসা।——সচরাচর উত্তপ্ত জলার্দ্র বাস দ্বারা চাপ দিয়া বাদ্মিরা রাখিলে, রোগীর অনেক উপশম বোধ হইতে পারে। পুনঃ২ অধিক মাত্রায়

<sup>\* &</sup>quot;Maladies des Yeux," Wecker, vol. i. p. 696.

আইওডাইড্ অব্ পোটাসিয়ম্ সময়ে ২ অধিকতর কার্য্যকারী হইয়া থাকে। কিন্তু সাধারণত প্রকৃতির উপর নির্ভর করাই এই রোগের উত্তম ঔষধ। আমরা / অনেক সময়ে প্রকৃতির উপর নির্ভর করিয়া প্রফল উৎপাদন করিয়া থাকি।

ORBITAL GROWTHS AND TUMOURS.

অর্থাৎ

### शक्किरका छेती श अन्य वन अर्ज्य म मकन।

এক্সঅপ্থ্যাল্মস্ (Exophthalmos) বা অক্লিগোলকের বহিঃ-ক্ষেপণ স্কবিধার নিমিত্ত নিম্ন লিখিত ছই ভাগে বর্ণিত হইতেছে।—

> মতঃ। অক্ষিকোটরের অন্তর্গত পদার্থের বৃদ্ধি রারা অক্ষি-গোলকের বহিঃক্ষেপণ। যথা, অক্ষিকোটরের কৌষিক-ঝিল্লীর বৃদ্ধি অথবা তথার একটি অর্ব্যুদ উৎপন্ন হইলে।

২ য়তঃ। অক্ষিকোটর খর্ম হলে অক্ষিগোলকের বহিঃক্ষেপণ—অর্থাৎ অক্ষিকোটর প্রাচীর হইতে অন্থিময় অর্ক্যুদ উৎপন্ন হইলে অথব। য়াান্ট্রমে (Antrum) ক্ষোটক উৎপন্ন হইলে, তাহা যদি অক্ষিকোটরের নিম্ন প্রাচী-রকে উর্দ্ধদিকে ক্ষেপণ করে।\*

প্রত্যাল্মিক্ গয়েটর (Exophthalmic Goitre)—প্রথম শ্রেণীভুক্ত গুরুতর রোগ সমূহ মধ্যে এক্সঅপ্থ্যাল্মিক গয়েটর্ বা নেত্র-গণ্ড একবিধ ভয়ানক রোগ। ডাক্তার গ্রেভ্ সাহেব প্রথমে উহার বর্ণনা করিয়া গিয়াছিলেন।† পরে, তাঁহার বন্ধুভূতপূর্ব্ব অধ্যাপক ট্রাউসো সাহেব প্রীজিত ব্যক্তির চিকিৎসাবিষয়ক বক্তৃতায় উহার বর্ণনা করিয়া, স্পষ্ট বুঝাইয়া গিয়াছেন। তাঁহার মতে এক্স্ অপ্থ্যাল্মিক্ গয়েটর, সমবেদন-য়য়য়র (Sympathetic nerve) নিউরোসিস্ (Nuerosis) বা য়য়য়ু পীড়া কারণে উৎপন্ন হইয়া থাকে। উহাতে উক্ত স্থানে রক্তাধিক্য হয়; কিন্তু ভ্যাসোন্মার্র র্যাপারেটসের (Vaso-motor apparatus) অর্থাৎ রক্তবহা-নাজী সঞ্চালক য়য়য়ৢর পরির্ত্তনই এই রোগের সায়িধ্য কারণ। ইহা একবিধ রোগঃ কারণ ইহাতে কতকগুলি বিশেষ লক্ষণ দেখা যায়। যথা— অতিশয় হৃদ্

<sup>\* &</sup>quot;Maladies des Yeux," Weeker, vol. i. p. 705.

<sup>† &</sup>quot;Clinical Lectures," p. 587.

বাপাতেও অক্নিগোলকদন এবং থাইরোইড্ প্লাণ্ড্রা আক্রমণ করে, কারণ ইহাতে কতকগুলি বিশেষ২ কণ দেখা যায়। নিদান তত্ত্বে যে সকল সান্ত্রীয় পীড়ার উল্লেখ আছে তাহাদের মধ্যে ইহা এক বৃহৎ শ্রেণী। উহা হৎপিণ্ডের যান্ত্রিক পীড়া-জনিত এক ্ষপ্থ্যাল্মস্ রোগ হইতে সম্পূর্ণ প্রভিন্ন। আর উহাকে প্রকৃত গ্রেটর্ বা গলগগুরোগ বলিয়াও ভ্রম হইতে পারে না। \*

ডাক্তর, টি লেকক্ সাহেবের মতে এয়্অপ্থ্যাল্মিক্-গয়েটর্ সায়্মওলের নানাবিধ অস্বাভাবিক অবস্থা হইতে উৎপন্ন হইনা থাকে। এই রোগ যথন উভয়িদিকে উপস্থিত হয়, তথন উহাকে কশেরুকা মজ্জার পীড়াজনিত বলিয়া জানা যায়। ইহাতে কশেরুকা মজ্জার গ্রীবা ও পৃষ্ঠদেশের অংশ ও তৎসহ-বোগে উক্ত ছই প্রদেশস্থ সিম্প্যার্থেটিক্ সায়্র পীড়িত হয়। কিন্তু যথন এই এয়অপ্থ্যালমন্ এক দিকে হয়, তথন উহা ট্রাইজিমিন্যাল্, গ্যাংলিয়ন্ (Trigeminal ganglion) এবং উক্ত পঞ্চম-সায়ৢর শাখা সকলের পীড়া হইতে সমুৎপন্ন হইয়া থাকে। ‡ এই উভয়বিধস্থলে সমবেদন সায়ৢর উত্তেজন দারা য়্যাডিপোন্ টিস্কর বা মেদজ বিধানের বিবৃদ্ধি এবং অক্ষিকোটরীয় শিরা সকলের প্রসার্থ হইয়া থাকে।

এক্সপ্থ্যাল্মিক্ গয়েটর্ প্রধানতঃ স্ত্রীলোকদিগেরই হইয়া থাকে। ভাক্তর উইদিউসেন বর্ণিত পঞ্চাশৎ স্থলের মধ্যে আটটিনাত্র পুরুষ এই রোগে আক্রান্ত বলিয়া উদাহত হইয়াছে।†

লক্ষণ।——নার্ভ্স ইরিটেবিলিটি বা স্বভাবের উগ্রভাব, মন্তক এবং নুধমণ্ডলের ভারবোধ এবং সময়েই প্রবল হুংকম্পন এই রোগের প্রথম লক্ষণ। স্ত্রীলোকদিগের এই রোগ ঘটিলে, ঋতুর ব্যতিক্রম হইয়া থাকে, তৎপরে থাই-রোইড্র্য়াও, বৃদ্ধি হইতে আরম্ভ হয়, এবং তৎ সঙ্গেই উভয়াক্ষিগোলক সমভাবে বহিঃক্রিপ্ত হইতে থাকে। কিন্তু এই বহিঃক্রেপণ ক্রমেই ঘটিয়া

<sup>\* &</sup>quot;Lectures on Clinical Medicine," by A. Trousseau; translated by Dr. Bazire, p. 579.

<sup>‡</sup> On the Cerebro-Spinal Origin and Diagnosis of the Protrusion of the Eyeball, commonly called Anomic, by Dr. T. Laycock: Medico-Chirurgical Review, July, 1863. p. 251.

<sup>†</sup> Dublin Medical Press, vol. xlii. July, 1859;

থাকে। ইহা হইবার পূর্ন্ধেই চক্ষ্র পেশীমণ্ডলের জানেক পরিবর্ত্তন ঘটে ও উহাদের ব্র্যাক্ষেদ্ (Axes) উল্টাইয়া যায়। উদ্ধপুট কুঞ্চিত হওয়া প্রযুক্ত রোগী বিভ্রান্তের স্থায় একভাবে দৃষ্টি করিয়া থাকে। অক্মিপুটের চলদ্বের হানি হয়, উহা উদ্ধ বা অধঃদিকে দৃষ্টি করিয়ার সময় অক্মিগোলকের গতির অন্থসরণ করিতে পারে না; এই অচলত্ব এক্সেপথ্যাল্মদ্ ব্যতীত ঘটিয়া থাকে। তথাপি অক্মিগোলকের চলত্বের কোন ব্যতিক্রম হয় না। উহা সময়ে ২ এতদূর বহিঃকিপ্ত হয় বয়, রোগী কোনক্রমেই অক্মিপুট মুদিত করিতে পারে না। ডাক্তর ট্রাউদো সাহেব বর্ণনা করিয়াছেন য়ে, তিনি একস্থলে রোগীর অক্মিগোলকবয় কোটর হইতে সম্পূর্ণ বহিঃকিপ্ত হইয়া আদিতে দেখিয়াছেন। কিন্তু এইয়প ঘটনা অতিকদাচিৎ ঘটিয়া থাকে। অস্থাক্তরে অক্মিগোলকবয় অয় পরিমাণে বহিঃকিপ্ত হইয়া আদিলে, উহা-দের উজ্জ্বলতা, থাইরইড্ য়্যাণ্ডের বৃদ্ধি এবং মায়ুসম্বন্ধীয় জন্তাক্ত লক্ষণ সকল দেখিয়া আময়া এক্সঅপ্থাল্মিক্ গয়েটব্ রোগ নির্ণর করিতে পারি।

এই রোগ হৃদ্পিণ্ডের কোন ব্যাধি হইতে উৎপন্ন হয় না। সম্পূর্ণ হৃদ্-স্পান্দন বিদ্যমান থাকিলেও সামান্ততঃ হৃদ্পিণ্ডের কোন নৈর্মাণিক পরিবর্ত্তন দেখিতে পাওয়া যায় না।

রোগীর দৃষ্টির লাঘব হয়, এবং সে অধিকক্ষণ পর্য্যন্ত কোন বস্তার প্রতি
স্থিরভাবে দৃষ্টি রাখিতে পারে না। কিন্তু তদ্ভিন্ন দৃষ্টির অন্ত কোনরূপ
দোষ দেখিতে পাওয়া যায় না। এই রোগাক্রান্ত চক্ষ্ অক্ষিবীক্ষণ দারা
দেখিলে রেটিনা এবং কোরইড্ আরক্তিম হইয়াছে দেখা যায়। যাহা হউক,
এস্থলে দৃষ্টিপথ স্বচ্ছ থাকিতেও পারে।

তাবিকল। — কোন কোন স্থলে, অনেক দিন গত হইলে, এক্স - অপ্থ্যালনিক্ গয়েটর্ স্বরং ক্রমশঃ অদৃশ্য হইতে থাকে। রোগীর স্বাস্থ্য বৃদ্ধি হয়; স্থানকল্প এবং অস্থান্ত সায়ুসম্বনীয় লক্ষণ সকল—যাহা হইতে রোগী পূর্বে অনেক কন্ত সহ্থ করিয়াছিল, তাহা ক্রমশঃ হ্রাস হইয়া পড়ে। থাই-রইড্ প্র্যাণ্ডের বৃদ্ধি এবং অক্ষিগোলকদ্বরের উন্নতভাব তিরোহিত হইয়া, পূর্ব্বাবস্থা প্রাপ্ত হইতে থাকে। যাহা হউক, পোষণ কার্য্যের নিমিত্ত কর্ণিয়া বাহ্যবায়ুতে সতত সংস্পৃষ্ট থাকায়, অথবা পঞ্চমসায়ুর "টুফিক" স্ক্রসকলের

(Trophic fibres) অবসরতা প্রকু উহাতে পূরোংপত্তি এবং পরিশেষে চফুর বিনাশও ঘটিতে পারে।

চিকিৎসা।——এই ভয়ানক পীড়ার পূর্ব্বোল্লিখিত সমুদার বৃত্তান্ত অবগত হইয়া, ইহা জানা ঘাইতেছে য়ে, উহা স্থানীয়রোগ (Local affection) নহে। তিরিমিত্ত যাহাতে রোগীর স্বাস্থ্য প্রধানতঃ প্রবর্দ্ধিত হয়, এরূপ ঔষধ ব্যবস্থা করা বিধেয়। এই পীড়া স্ত্রীলোকদিগেরই অধিকাংশস্থলে হইয়া থাকে। ইহাতে রোগের প্রারম্ভ হইতেই ঋতু বৈলক্ষণ্য এবং প্রায়ই রক্তাভাব থাকে। এই জন্য পূর্ব্বোক্ত অবস্থা সকলের প্রতি সবিশেষ মনোমোগ করিয়া চিকিৎসা করা অতীব প্রয়োজনীয়।

ডাক্তার ট্রাউদো সাহেব বলেন বে, বিবেচনামত হাইড্রোপ্যাথি বা জল দারা চিকিৎসা অস্তান্ত ঔষ্ধ সেবনের সহিত ব্যবহারে রোগীর স্বাস্থ্য বৃদ্ধি হয়। তিনি আরও বলেন যে, কেবল এই ঔষধই উক্ত রোগাপশমের একমাত্র উপায়। গ্যাল্ভানিজম্ বা তাড়িত উর্দ্ধভাবে সিম্প্যাথেটিক্ সায়ুতে প্রয়োগ করিলে, তদ্বারা বে কেবল থাইরইড্ গ্লাণ্ডের আকার হ্রাদ হয়, এমত নহে। কিন্তু প্রকৃত রোগেরও বহুল উপকার হয়। \* দৃঢ় কম্প্রেদ্ এবং ব্যাওেজ্ দারা অনেক ফল দর্শে; বিশেষতঃ যদি কণিয়া কলুষিত হয়, তাহা হইলে উহা षाता मगिवक कल पर्निया थारक। आत यपि छिक्का किशूर हेत अन्हां पार्किश বিশেষরূপ দৃষ্ট হয়, তবে নিম্ন লিখিত শস্ত্র প্রক্রিয়া দারা উপকার দর্শিতে পারে। যে অফিপুটে শত্র করিতে হইবে, তাহার অধঃপ্রদেশে একথানি শৃদ্ধ-বিনিম্মিত প্রাচুলা অকিপুটের ঠিক অধঃদিকে প্রবিষ্ট করিয়া, সমতল-ভাবে টার্দ্যাল কার্টলেজ বা পুটোপান্থির উদ্ধ্যান্তের সমান্তবাল করিয়া, চর্মাকে দিগা করিবে। লিভেটর প্যালপিত্রিকে দেখিতে পাওয়া যায় এমত ভাবে অর্ন্ধিকিউল্যারিস পেশীর স্থতচয়ের কিয়দ্ধংশ এবং সান্নিধ্যবর্ত্তী কেসিয়াকে (Fascia) কর্ত্তন করিয়া লইতে হয়। এই পেশীর বে২ ফুত্র পুটোপাস্থির উপরিভাগ বা অন্তর্ভাগ দিয়া গতায়াত করে, সাবধান হইয়া তাহাদিগকে বিভাজিত করা বিধেয়। এইরূপ করায় অসম্পূর্ণ টোসিস্

<sup>\*</sup> The practitioners 1873, p. 186.

(Ptosis) বা উহার পতন উপস্থিত হয়। কিন্তু যদি শস্ত্র প্রক্রিয়া নির্ন্ধিয়ে
সিদ্ধ হয়, তবে উক্ত পশ্চাদাকর্ষণ ক্রমশঃ হ্রাস হইতে থাকে।\*

নিষ্টিক্ টিউনার—অফিকোটরে সম্পেন হইয়াও এরা অপ্থাল্নিক্রোগ উৎপন্ন করিয়া থাকে। এই স্থানে ঐ সকল টিউনার্ প্রায়ই অফিকোটরীয় অস্থিময় প্রাচীরের কোন না কোন অংশের সহিত সংযুক্ত থাকে। উহাদিগের অভ্যন্তরে নানাবিধ পদার্থ অবস্থান করে। এই পদার্থ সকল কখন জলবৎ, (Hygroma হাইগ্রোমা); কখন সিউয়েট্ বা মেসের বসাবৎ (Steatoma ষ্টিটোমা); কখন আতার শাঁশের স্থায়, (Atheroma এথেরোমা); এবং কখন বা মধুবৎ, (Meliceris মিলিসেরিস্)। কিন্তু যজ্ঞপ ওহেরিয়ন্ টিউমার্ হইতে লোম উৎপন্ন হয়, তজ্ঞপ এই সকল অর্মুদ্ হইতেও সচরাচর লোম উৎপন্ন হয়তে দেখা যায়।

উলিখিত অনেকানেক শিষ্ঠ্ চতুঃপার্শ্বর্তী অংশের সহিত কিরূপ সম্বন্ধে আছে, তাহা শস্ত্র প্রক্রিয়ার অগ্রে অবধারণ করা স্থক্ঠিন। উহারা কখন কখন অক্ষিকোটরের পশ্চাদিকে এবং এমত কি অপ্টিক্ ফোরামেনের মধ্য দিরাও প্রসারিত হয়। যদি উহাতে কোন সময়ে পূরোৎপত্তি হয়, তবে করোটি মধ্যস্থ ঝিল্লি সকলে ভয়ানক প্রদাহ উপস্থিত হইতে পারে।

লেকণ। — সচরাচর এইস্থানে স্থিত সিষ্টিক্ টিউমার্ সকলের আকার জনশঃ পরিবর্দ্ধিত হয়; এবং যত দিন পর্যান্ত উহা প্রকাণ্ড না হয়, ও অক্লিগোলককে উহাদের উৎপত্তি স্থানের বিপরীতে ক্লেপণ না করে, ততদিন পর্যান্ত রোগী কোন কপ্ত বা অস্ক্রবিধা অনুভব করে না। এইরূপে যথন উহারা প্রকাণ্ড আকারে পরিণত হয়, তথন অক্লিপুটদমকে উল্টাইলে, অক্লিকোটরপ্রাচীর এবং অক্লিগোলক এতত্ত্রের মধ্যে, কোন না কোন স্থান হইতে সিপ্তিকে সম্বর্দ্ধিত হইতে প্রায়ই দেখা গিয়া থাকে। উহা প্রায় স্বায় বিশিষ হয়। আর উহাতে তরল পদার্থ থাকিলে তাহার গতি (Fluctuation) অনুভূত হইরা থাকে। ফলিকিউলার্ (Follicular) সিপ্তেক্থন্থ ব্যাব্রং একপ্রকার পদার্থ থাকে; স্থতরাং তথন উহাতে কোনরূপ গতি অনুভূত হইতে পারে না। ইহাতে রোগ নির্ণর পক্ষে সন্দেহ হইলে,

<sup>\*</sup> Compte-Rendu of the congre's d' Ophthalmotgie, 1867,

আমরা এক্স প্রোরিং নিড্ল্ বা এমণি স্চিকা ব্যবহার করিয়া অনারাদেই রোগের প্রকৃতি নির্ণয় করিয়া থাকি।

চিকিৎসা । — এইরূপ স্থলের চিকিৎসা, প্রথমতঃ দেখিলে যত সহজ বিবেচনা হয়, উহা তত সহজ নহে। সিষ্টকে বিদ্ধ করিয়া তন্মধ্যস্থ পদার্থ বহির্গত করা যুক্তিযুক্ত নহে। কারণ আমরা নিশ্চিত জানি যে, এইরূপ করিলে উহার অন্তরম্ব পদার্থ সকল পুনর্কার উৎপন্ন হইবে। যদি শিষ্ট বুহদাকারের হয়, তবে উহাতে রক্তস্রাব হইয়া পুরোৎপত্তি হইতে পারে; এবং তাহা হইলে বোধ হয়, মন্তিম পর্যান্ত উহার উত্তেজন প্রদারিত হইয়া সাংঘাতিক ফলোৎপত্তি করিতে পারে। যাহা হউক এইরূপ সিষ্ট্র সকল সাধ্যমত সমূলে উৎপাটন করিয়া বহির্গত করাই শ্রেয়ঃ। আর যদি এ সকল দিও অফিকোটরে বহুদূর পর্য্যন্ত আবন্ধ থাকে, এবং উহাদিগকে সমুলোং-পাটিত করিতে যদি নিতান্ত অসমর্থ হওয়া যায়, তবে তাহাদিগের যত অধিক অংশ উত্তোলিত করা যাইতে পারে, ততই উত্তম। এইরূপ করিতে গেলে, জিকপুটের ভিতর দিয়া কিঞ্চিৎ বিস্তৃতরূপে ভিন্ন করা আবশ্রক। কারণ এই অক্মিপুটের পশ্চাৎ প্রদেশেই উক্ত টিউমার উন্নতভাবে অবস্থান করে। বাস্তবিক অক্টিপুট মধ্য দিয়া আয়তভাবে ভিন্ন করিয়া উক্ত টিউমারকে ম্পষ্ট দৃষ্টিগোচর করতঃ, একেবায়ে নিম্নাশিত করিয়া লইতে হয়। অথবা প্রয়োজন হইলে, বাহ্ক্যান্থ্যাদ্ (Outer Canthus) বিদারণ করতঃ অক্সিপুট উন্টাইয়া পূর্ব্বমত কার্য্য করা যাইতে পারে।

হাইডেটিড্ নিষ্ঠ্। (Hydatid cyst)—আনরা কখন কখন আফিগোলকে হাইডেটিড্ নিষ্ট্ সকল দেখিতে পাই। উহারা আকারে সমধিক বর্দ্ধিত হইলে, অফিগোলক কাজে কাজে নিকটে বা দূরে স্থানভ্রম্ভ হইরা থাকে। যদি অফিগোলক এবং অফিকোটরপ্রাচীর, এতছভ্রের মধ্যস্থানে টিউমার সমৃদিত হয়, তবে উহা স্পর্শ করিলে কঠিন স্থিতিস্থাপক শোল্ বলিয়া অয়ুভূত হইয়া থাকে। উহাতে সাধারণতঃ অস্প্ত পূয়ণতি অয়ুভূত হয়। অপিচ, এইরূপ রোগ দেখিলে দীর্ঘকালস্থায়ী স্ফোটক বলিয়া প্রায়ই ভ্রম হইয়া থাকে; স্তরাং গুভ্ড নিডল্ দার। প্রথমে এই বিশ্বের

মীমাংসা করা বিধেয়। এই টিউমার হাইডেটিড্ সিষ্ট্ হইলে, উক্ত বিদ্ধ স্থান দিয়া বর্ণ বিহীন স্বচ্ছ তরল পদার্থ বিনিঃস্থত হইয়া থাকে।

এইরূপ স্থলে নিষ্টকে শস্ত্র দারা বিদারণ করা সর্বতোভাবে বিধেয়; এবং সাধ্যায়ত্ত হইলে, তন্মধ্যস্থ ইকিনোকোকাই নামক ক্রমি (Echinococci) পূর্ণ ক্ষুদ্র ক্রম এ সকল থলী নিষ্কাশিত করিয়া লওয়াও আবশুক। এইরূপ করা হইলে, তজ্জনিত গহররও নত্বরে সংযুক্ত এবং মাংস পূর্ণ হইয়া আরোগ্য হয়।\*

স্যাঙ্গুইনস্ সিষ্ট্ (Sanguineous cyst) বা শোণিত্ময় শিষ্ট অন্ধিকোটরে কখন কখন দেখিতে পাওয়া যায়। উহা স্বভাবতঃই উৎপন্ন হইয়া থাকে, অথবা কোনরূপ আবাত লাগিলে উৎপন্ন হইতে পারে। এষণি স্থানিকা প্রবিষ্ট না করিয়া, আমরা এরূপ সিষ্ট এবং সাধারণতঃ যে সকল সিষ্ট দেখিতে পাই, এতছভয়ের কোনরূপ বিভিন্নতা নির্ণয় করিতে পারি না।

এইরূপ টিউমার সকলের লক্ষণ ও ব্রাস বৃদ্ধি অক্যান্স নিষ্টিক্ গ্রোথের লক্ষণ ও গতি হইতে কোন অংশেই প্রভিন্ন নহে। ইহারাও আকারে সম্বদ্ধিত হইলে, অক্ষিগোলককে অল্প বা অধিক পরিমাণে স্থানান্তরিত করিয়া, দ্বিদৃষ্টি সমুৎপাদিত করে।

এইরূপ টিউমারকে কেবল বিদ্ধ করিয়া, তন্মধ্যস্থ পদার্থ নিঃস্থত করিলে কদাচিং তাহা আরোগ্য হয়। কারণ এইরূপ করিলে, উহা পুনরায় যন্ত্রণাদারক হইতে পারে; স্থতরাং সাধ্যমত সমুদায় সিপ্ত উৎপাটন করা যুক্তিযুক্ত।†

রেকরেন্ট কাইব্রইড টিউমার (Recurrent Fibroid Tumours) বা পোনঃপুনিক স্তার্কি দু সকল অক্ষিকোটরে সচরাচর উৎ-পার হইরা থাকে। ডাক্তার ম্যাক্নামারা সাহেব স্বকীর অভিজ্ঞতার্মারে এইরূপ বলেন বে, এইরূপ টিউমার সকল অপাঙ্গদেশের নির্মাণাভ্যন্তরভাগে

<sup>\*</sup> A Treatise on the Principles and Practice of Ophthalmic Medicine and Surgery," by T. W. Jones, 3rd edit. p. 738. Also Australian Medical Journal, No. 10, p. 253: case reported by Mr. p. H. MacGillivray.

<sup>†</sup> Poland on Protrusion of the Eye: Ophthalmic Hospital Reports vol. i. p. 24.

পেরিরাষ্টিরম্ হইতে উৎপর হইরা থাকে। এই ফাইব্রোইড্ টিউমার সকল উৎপর হইতে অনেকদিন লাগে; এবং প্রথমতঃ উহাকে নোড্ বা উচ্চ গুটিকা (Node) বলিয়া ভ্রম হয়। কিন্তু আমরা এই স্থলের বেদনা বা উপদংশ পীড়ার কোন লক্ষণের অন্থপস্থিতে উহা পেরিয়ষ্টাইটিম্ রোগ হইতে উৎপর হইরাছে, এমত প্রতীতি কথনই হইতে পারে না। অপরস্ত এই বুঁটিকাকার বর্দ্ধনের (Nodulated growth) উপরিভাগ কোমল বলিয়া, উহাকে অস্থিময় টিউমার্ বলিয়া কথনই ভ্রম হইতে পারে না। যাহা হউক, এই ফাইব্রোইড্ টিউমার্ বেমন বর্দ্ধিত হইতে থাকে, তৎসহ অক্ষিগোলকের স্থানচুয়তি ঘটেও; তাহাতে দ্বিদৃষ্টি সমুৎপাদিত হয়।

এই সকল টিউমার যদিও বাহ্য-পরীক্ষার ক্ষুদ্র ও কঠিন গ্রন্থি-ন্তূপ বলিয়া বোধ হয়; তথাপি উহারা সদা সর্ব্ধাদা অক্ষিকোটরপ্রাচীরে বিস্তৃতভাবে সংশ্লিষ্ট থাকে। কোনরূপ ব্যাঘাত না দিলে উহারা ক্রমশঃ পরিবন্ধিত হয়; সময়ে উহাদের আবরক চর্ম্ম ক্ষত বিশিষ্ট এবং তাহাতে একটি পরিদৃশুমান ক্ষত হইয়া উঠে, ও ক্রমশঃই রোগীর স্বাস্থ্যের হ্রান হইতে থাকে। \* এই হেতু এন্থলে উত্তমরূপ রোগ নির্ণয় হইলে ও নিকটন্থ গ্রন্থির বিবৃদ্ধি এবং ক্যাকেক্সিয়া বা শারিরীক হর্মলতা প্রভৃতির অভাব দেখিয়া ক্যান্সার্ রোগের অভাব জানা গেলে ভবিষ্যতে আর অধিক অনিষ্ট না হয় তজ্জন্ত শস্ত্র-ক্রিয়া করিতে বিলম্ব করা উচিত নহে।

চিকিৎস। — এই সকল অস্বাভাবিক বৃদ্ধি (Morbid growth)

একবারে কর্ত্তন করিয়া নিদ্ধাশন করা অত্যাবগুক। কারণ, এবম্বিধ রোগে
উহাই একমাত্র উপায়। এস্থলে ডাক্তার ম্যাক্নামারা সাহেব বারম্বার দৃঢ়রূপে বলেন যে, টিউমার এবং তৎপার্ম্বস্থ পীড়িত অস্থি পর্য্যন্তও স্থানান্তরিত
করা সর্ব্বভোভাবে বিধেয়। টিউমারের আকার অবস্থানুসারে বিদারণ
করিতে হয়। কিন্তু অনেকস্থলে অক্ষিগোলক রক্ষা করিতে গিয়া, টিউমারের
এক ক্ষুদ্রাংশ অবশিষ্ট রাগা অপেক্ষা, অক্ষিগোলকের আশা পরিত্যাগ করিয়া,
উক্ত টিউমারকে সম্পূর্ণ নিদ্ধাশিত করা বিধেয়। অনেক সময়ে আমা-

<sup>\*</sup> Medical Times and Gazette, Remarks by Haynes Walton p. 87, Jan. 1865.

দিগকে অক্ষিকেটিরপ্রাচীরের অল্প বা অধিকতর অংশ পর্যান্তও বিনাশ করিতে হয়। টিউনার অসংলগীভূত থাকিলে, বন্ধর পীড়িত অস্থি অনাগ্রামেই নির্ণয় করিতে পারা যায়; এবং তাহা হইলে উক্ত অনাবৃত অস্থি লেখন করিতে সমর্থ হওয়া যায়। যদি ললাটাস্থির অক্ষিকোটর ধার পীড়িত না হয়, তবে এইরূপ প্রক্রিরার কোনরূপ বিপদ বা অস্ক্রিরার উপস্থিত হইতে পারে না। অপিচ এইরূপ হইলে, উক্ত অস্থি পর্যান্ত ছেদন করা বিধেয়। তিনি এইরূপে একাধিক স্থলে, ললাটাস্থির অক্ষিকোটরোধারের কোন অংশ, এবং অক্ষিকোটারের কোন অংশ, এবং অক্ষিকোটারের কোন অংশ, এবং অক্ষিকোটারের কোন অংশ, এবং অক্ষিকোটারের নিয়াভ্যন্তর প্রাচীরের সম্দর্ম সন্মুখভাগ ছেদন করায়, অনেক উপকার হইতে দেখিয়াছেন। আর তাঁহার এরূপ স্মরণ হয় না বে, তিনি কোন স্থলে আবশুকাতিরিক্ত প্রক্রিয়ান্তব্য করিয়া, পরিশেষে মন্দত্য ফলোৎপত্তি দেখিয়া, অতিশ্র অন্থতাপ করিয়াছেন। কিন্ত কোন কোন স্থলে অক্ষিগোলক এবং অক্ষিকোটরপ্রাচীর রক্ষা করিতে ব্যতিব্যস্ত হইয়া উক্ত টিউমারকে সমুৎপাটিত না করায়, উহা পুনঃ পুনঃ উৎপন্ন হইয়াছিল।

যদি অস্থি দকল স্পষ্টরূপে পীড়িত না হইরা থাকে, তবে তিনি কোনরূপ চিকিংসা না করিয়া, উহাদিগকে তদবস্থায় স্থায়ী রাখিতে পরামর্শ দেন।
বে কোন অবস্থায় হউক না কেন, কোরাইড্ অব্ জিংক্ পেষ্ট্ শস্ত্র-ক্রিয়ার
অব্যবহিত পরেই, শস্ত্রক্ষত স্থানে সংলগ্ন করিলে বিশেষ উপকার দর্শে।
তাহার পর ঐ অংশে কার্বলিক্ য়্যাসিড্-অইল্, (২০ অংশ অলিভ্ অইলে
১ একাংশ কার্বলিক্ য়্যাসিড্) সমার্দ্র একথানি লিণ্ট প্রদান করতঃ ক্ষত আর্ত
করিয়া রাখিতে হয়।

যদি টিউমার পুনরাবিভূতি হয়, তবে উহাকে সমূলে ছেদন করিয়া নিকাশন করিবার চেপ্তা করা অত্যন্ত আবশ্যক। উহা একবিধ স্থানীয় রোগ; স্তরাং শেষ পর্যান্ত যতবার আগমন করিবে, ততবার কর্ত্তন করিয়া, পরি-শেষে উহাকে একেবারে সমূলোৎপাটিত করাই সর্বতোভাবে বিধেয়। অধিক মাত্রায় আইওডাইড্অব্ পোট্যাসির্ম্ উক্ত চিকিৎসার সঙ্গে সেবন করান উচিত।\*

<sup>\*</sup> J. Paget: Holmes's "Surgery," vol. i. p. 505.

ক্ষিরস্রোগ (Scirrhus)— উক্ত সাহেব স্বকীর অভিজ্ঞারসারে এরূপ বলেন যে, অকিকোটরের স্কির্ম রোগ ক্যান্সারস্ টিউমার
রোগের মধ্যে সচরাচর অধিকতর দেখিতে পাওয়া বায়। প্রতি বৎ বর কলিকাতা চিকিৎসালয়ে আমরা ন্তন ন্তন এবিধি রোগাক্রান্ত ব্যক্তি দেখিতে
পাই। কিন্তু অন্তবিধ ক্যান্সারস্ রোগ সচরাচর প্রায়ই দেখিতে পাওয়া
বায় না ।

**८त्रांश निर्ण्य ।**— जिक्तरकां जेतीय सित्रम् विषेत्रात् व्यवः तिकरति है ফাইব্রোইড্ টিউমার এতছভয় রোগের প্রথমাবহুতে, উহাদের পরস্পর প্রভেদ নিরূপণ করা অতিশয় চুরুহ। উক্ত সাহেব বলেন বে, তিনি অন্ধি-কোটরের অস্থিমর প্রাচীরে কঠিন এবং সচরাচর যন্ত্রণাবিরহিত প্রকৃত স্বিরম্ টিউনার গ্রন্থিকবং উৎপন্ন হইতে দেখিয়াছেন। যাহা হউক উহা সাধারণ घेठेगा नरह। এই सित्रम् रतांश भंतीरतत ज्ञांश ज्रांश उर्भ उर्भत इरेल, বেরূপ তৎস্থানবর্ত্তী বিধান সমূহে বিস্তৃত হয়, এবং উহাতে পীড়ন করিলে উহা বেমন উক্ত বিধান সমূহের সহিত চঞ্চালিত হয়, ও রোগার্ভ হইতেই শেরপ উহাতে অন্ন যন্ত্রণা বোধ হয়, অক্লিকোটরে উৎপন্ন হইলেও তজ্ঞা रहेशा थारक। यह छिंडेमांत यक्तिरकांहरत श्रीय २ शतियक्तिं हहेशा थारक। এমন কি, কতিপয় মাদের মধ্যেই উহার আকৃতি পরিবর্দ্ধন স্কুম্পষ্ট অনুভূত হয়। এই অবস্থায় উহাকে পীড়ন করিলে যন্ত্রণা প্রদান করে। অফি-কোটরের চর্ম্ম পীড়িত, এবং ক্ষত সমুপস্থিত হইলে, ইহাকে স্বিরস রোগ বলিতে সন্দেহ থাকে না। একণে উভ টিউমারের উপরিভাগ হইতে অন্ধ রব ছুরিকা দারা চাঁচিয়া অণুবীক্ষণ দারা দেখিলে, এই ভয়ানক স্থিরস রোগের প্রকৃতিজ ভীষণাকার কোষ সকল দেখিতে পাওয়া যায়। গ্রীবাগ্রন্থি সকল পরিবর্দ্ধিত হয়; এবং শারীরিক অস্ত্তা ক্রতপদে বৃদ্ধি হইয়া, পরিশেৰে রোগীর জীবন নাশ করে।

চিকিৎসা।——এই রোগের প্রথমাবস্থার শস্ত্র ব্যবহার করা কোন-মতেই পরামর্শ দিদ্ধ নহে। কারণ, আমার বোধ হয় সে, শস্ত্র ব্যবহারে পীড়ার সম্বিক বৃদ্ধির সন্তাবনা আছে; এবং উহাকে এই অবস্থায় উল্লিভ করিয়া রোগোপশ্য করাও অতি অল সন্তাবনা থাকে। একস্থলে ডাভাব

ম্যাক্নামারা সাহেব অফিকোটরের স্কির্দ্রোগের প্রণমাবস্থায়, উহার অন্ত-র্ণভী সমুদার নির্দাণ এমত কর্তুন করিয়া লইয়াছিলেন যে, কেবল অনাবৃত অফিকোটর প্রাচীর ছিল। কিন্তু ইহাতে রোগ উপশ্যিত না হইয়া সম্বর জতবেগে পুনরাবিভূত হইরাছিল। এতরিনিত্ত তাঁহার বিবেচনার রোগীকে অচিকিংসিতভাবে রাখাই সর্লতোভাবে বিধেয়। অন্ততর উপায় অর্থাৎ শস্ত্র ব্যবহার অতিশয় ভয়ম্বর। কিন্তু তত্রাপি রোগীর যাতনা অপনয়ন করিতে চেষ্টা না করাও অতিশয় কষ্টকর হইয়া থাকে। মিষ্টার লমন্ সাহেব অফি-কোটরীয় একাট স্কিরস্ রোগ বর্ণনা করিয়াছেন। উহাতে তিনি অফি-গোলক এবং টিউনারকে অক্লিকোটরপ্রাচীর পর্য্যন্ত একেবারে সমূলকর্ত্তিত করিয়া, তত্ত্পরি য়াাক্চুয়াল্ কটারি (Actual cautery) অর্থাৎ উত্তপ্ত লোহ দারা দক্ষ করিয়া দিরাছিলেন। তৎপরে কোরাইড্ অব্ জ্বিদ্ পেষ্ট্ আবৃত লিণ্ট্ দারা উক্ত ফতস্থান পরিপূর্ণ করা হইরাছিল। ইহাতে রোগীর পীড়া উত্তযরূপ আরোগ্য হইতে লাগিল; একাদশ মাস পর্যান্ত রোগের পুনরাগ-মনের কোন চিহুই অহুভূত হয় নাই। যদিও এইরূপ স্থল দেখিয়া ছুরিকা ব্যবহারে অনেক আশ্বস্ত হওয়া যায়, কিন্তু আমি তদ্যবহারে কোনমতেই পরামর্শ দিতে পারি না।

সম্প্রতি ১৮৬৭ খৃঃ অন্দে [Case No. 590] উক্ত ডাক্তার এইরূপ একটি রোগ চিকিৎসা করিরাছিলেন। রামগোপাল বস্থ নামক সপ্রতিবর্ষ বয়ম্ব এক য়য়, উর্দ্ধান্দিপুটের বহির্দ্ধেশের উপরিভাগে অস্বাস্থ্যজনক পদার্থের উৎপত্তি (Morbid growth) দ্বারা একবংসরকাল পর্য্যন্ত কপ্রভোগ করিতেছিলেন। প্রথমে তাহার চক্ষু ঈম্বৎ রঞ্জিত হইরাছিল, চক্ষু হইতে অধিকতর অঞা বহির্দ্ধের তাহার চক্ষু ঈম্বৎ রঞ্জিত হইরাছিল, চক্ষু হইতে অধিকতর অঞা বহির্দ্ধির হইত, এবং পীড়িত স্থান যন্ত্রণাদায়ক ছিল। কিন্তু এই ব্যক্তি টিউমারের বর্ত্তনান বর্দ্ধিত অবস্থার পূর্দ্ধে, উপর্যুক্ত রোগ লক্ষণ বিষয়ে কিঞ্চিমাত্র অন্থাবন করে নাই। উক্ত রোগীর একটি ফটোগ্রাফ্ বা মূর্ত্তি তুলিয়া লইয়াছিলেন; তাহা আদর্শ করিয়া ৮ম, প্রতিকৃতি প্রস্তুত করা হইয়াছে।

এই ব্যক্তি চিকিৎ নালরে আসিলে, ডাক্তার ম্যাক্নামারা সাহেব দেখি-লেন যে, অকিকোটরের বহিঃস্থ উর্দ্ধাংশে, একটি টিউমার স্পষ্টরূপ অন্ত্ত্ত্ব। উহার দৃষ্টির কোনরূপ হানি হয় নাই। অক্ষিপুটের চর্মাও পীড়িত

# ভাক্ষিকোটিরের প্রস্থি এবং তার্কু দ সকল।

হয় নাই, এবং টিউমারটি থলিস্থার্ক্ দের (Encysted tumour) ন্তার বোধ হওরার, উহাতে শস্ত্র করিতে তাহার সম্পূর্ণ মানস হইল। অপিচ ঐ ব্যক্তি উক্ত স্থানে কোনরূপ যন্ত্রণাবোধ করিত না, এবং তাহার গ্রীবাদেশের গ্রন্থি-৮ম, প্রতিকৃতি।



সকলও বৃহত্তর ছিল না। বাহা হউক এই সকল দেখিয়া, উহাকে ইন্সি-থ্রেড্ বা থলীমধ্যস্ত টিউমার বলিয়া বিশেষরপ বোধ করতঃ, তিনি ঐ স্থানে শস্ত্র করিতে দৃঢ় প্রবন্ধ হইয়াছিলেন।

রোগীকে কোরোকর্মের অধীনে আনিয়া, কর্ণে দিবার ক্যান্থস্ (Outer canthus) ভিন্ন করতঃ, সেই চফুর উদ্ধাকিপুট উল্টাইয়া দিলেন। পরে উত্ত অস্বাস্থ্যজনক পদার্থ অনাবৃত করিয়া দেখিলেন বে, উহা স্কিরস রোগ।

উল্লিখিত সূপাকার অর্ন্ট ললাটান্থির অক্কিটের ধারে সংলগ থাকিয়া, গভীরক্রপে অকিকোটরে বিস্তৃত হইয়াছিল। উহার সম্লায় অংশ ছেদন করিয়া, লাইয়া, পরে অকিগোলক রকাশ্যে, তংগ্রানে কোরাইড্ অব্ জিন্দ পেই প্রদান করা হইয়াছিল। শস্ত্র করিবার পরদিবদে কর্ণিয়া বোধ হয় কোরাইড্ অব্ জিঞ্চের গুণেই, অস্বচ্ছ হইয়াছিল। উহা গলিত ও পতিত হইয়া, পরিশেষে চফ্ট ধ্বংশ করিয়াছিল।

এখনে এই রোগীর পরবর্তী চিকিৎসা প্রণালী বর্ণনা করা অনাবশ্রক বিবেচনা হইতেছে। কত ক্রমশই আরোগ্যোল্থ হইতে লাগিল। কিন্ত ইহা সম্পূর্ণ আরোগ্য হইবার পূর্বের, গ্রীবাদেশের গ্রন্থি সকল বৃহত্তর হইরা উঠিয়াছিল। ইহাতে নিঃসন্দেহ বোধ হইয়াছিল বে, এই বৃদ্ধ ব্যক্তি সম্বরই মৃত্যুগ্রাসে পতিত হইবে। কিন্তঃভূর্ভাগ্যক্রমে সে কলিকাতা হইতে মৃত্যুর পূর্বের স্থানান্তরিত হওয়ায়, এই রোগের শেষ ঘটনা এস্থলে সবিশেষ বর্ণিত হইল না।

মেড়ালারি ক্যান্সার (Medullery Cancer) যথন ইহা চকু হইতে বহির্গত হইতে থাকে, তখন ইহার উন্নত বিবৃত আকার (Fungoid growth) দারাও ইহার কোমলত্ব দারা ইহাকে জানা যায়। ইহা শীঘ্র বৃদ্ধি পার এবং সমস্ত চক্ষে বিস্তৃত হয়। চক্ষে যত প্রকার অর্ক্ দ জন্মে তাহাদের মধ্যে ইহাই চিকিৎসার স্কাপেক্ষা অসাধ্য।

ইপিথিলী ম্যাল্ ক্যান্সার্ (Epithelial cancer)।—আমরা অফিকোটরে কদািচং ইপিথিলী ম্যাল্ ক্যান্সার রোগ দেখিতে পাই। মিটার হল্ক্ সাহেব ক এই বিষয়ের এক মহং উদাহরণ বিজ্ঞাপন করাইয়া-ছেন। গণ্ডদেশে মুষ্টিকাবাত লাগিয়া এই রোগ আবির্ভূত হইয়াছিল, ও সেই ঘটনার ছয় সপ্তাহ পরে, রোগীর স্ফোটক হইয়াছে এরপ প্রতিভাত হইয়াছিল। আর এরপও বোধ হইয়াছিল বে, ঐ স্ফোটকের মুখ, নাসাপার্ত্ব অপাঙ্গের নিমভাগে হইয়াছে। এই হেতু শােকমুক্ত প্রদেশ অনেকবার বিন্ধ করাতে, তথা হইতে পূয় নির্গত না হইয়া, কোমল লালাবং তরল পদার্থ নির্গত হইয়াছিল। অপিচ এই টিউমার একদিকে অফি-গোলকে পীড়ন এবং অফদিকে নামারনুকে সংস্কীর্ণ করিয়া, ক্রমশঃই বর্দ্ধিত হইতে ছিল। উহার আব্রেক চর্ম্ম পাংগুরক্তবর্ণ হইয়াছিল; এবং উহাতে সাাণ্ডদানার স্থার ক্ষুদ্ধ ২ চিত্র সকল প্রকাশি পাইয়াছিল।

কিছুকাল পরে ক্যারন্ধলের পরিধিভাগে একটি ক্ষত উৎপন্ন হইরাছিল।

<sup>\*</sup> Ophthalmic Hospital Reports, vol. v. p. 336.

উহা হইতে সহজেই রক্তস্রাব হইত এবং তাহাতেই রোগীর কিঞিৎ কস্তাবদান হইরাছিল। কিন্তু উক্ত অস্বাস্থ্যজনক পদার্থ ক্রমশঃ আকারে পুনর্বদ্ধিত হওরাতে, পুনরায় সমধিক যন্ত্রণা উদ্রিক্ত হইল।

মিষ্টার হল্ক্ সাহেব এই অস্বাস্থ্যজনক স্তৃপের কিঞ্চিৎ অবশিষ্ট না রাখিয়া, উহাকে একেবারেই সমূল অপনয়ন করিলেন। উহা অধঃ দিকে (Antrum) ও পশ্চাৎদিকে বাম নাসারদ্ধু পর্যান্ত বিস্তৃত হইয়া, পোষ্টেরিয়র নেরিম্ বা পশ্চারতী নাসারদ্ধের অভ্যন্তর দিয়া, ফেরিঙ্গসের বা গল-দেশের ভিতর প্রধাবিত হইয়াছিল; স্কৃতরাং ম্যাক্জিলিয়ারী অস্থির অধিকাংশ বাম নাসিকান্থি এবং এগ্মইড্ অস্থির পার্শ্ব-স্তৃপ (Lateral mass) পর্যান্তও অপনয়ন করিতে হইয়াছিল।

এই টিউমারে ইপিথিলীয়্যাল্ রোগের সম্দায় প্রকৃতি বর্ত্তমান থাকিতে দেখা গিয়াছিল।

সানিধ্যবর্ত্তী লিম্ক্যাটিক্ (Lymphatics) বা লগীকা গ্রন্থি সকল আক্রান্ত হইনাছিল; এবং গ্রীবাদেশেও রোগের পুনরাবিভাব হইল। পরিশেষে শস্ত্র করিবার আট মাদ পরে রোগীর মৃত্যু হইনাছিল।

সেলানোসিস্ ( Melanosis )।—— মেলানোসিস্ ( মেলানো-ইড্ ক্যানসার্) কথন ২ অক্লিকোটরাভ্যন্তরন্থ পদার্থ সকল আক্রমণ করে। ডাক্তার মেকেঞ্জি সাহেব এই রোগের ছইটি মাত্র উদাহরণ বর্ণনা করিয়া-ছেন। এই মেলানোইড্ ক্যানসার্, শরীরের অপরাপর অন্ধ প্রত্যান্ধে ভূতি হইলে, বেরূপ গতিমুখে নিকটস্থ অস্থি ও অস্থান্থ নির্দাণ সকলকে পীড়িত করতঃ প্রকাশিত হয়, অক্লিকোটর সম্বন্ধে ও তদ্ধান

উলিখিত স্থিরস্ রোগাক্রান্ত ব্যক্তির কিছুদিন পরে মেলানোটিক্ টিউমারাক্রান্ত দ্বাত্রিংশবর্ষ বরস্থ শেখ দালু নামক এক ব্যক্তি (নং ৫৬৮, খৃঃ ১৮৬৭ অন্ধ ) অফিচিকিৎসালয়ে চিকিৎসার নিমিত্ত আসিরাছিল। এই ব্যক্তি বলিল বে, প্রার চারি বৎসর বিগত হইল, তাহার বাম চক্তুর নাসাপাঙ্গদেশের নিকট হইতে, একটা টিউমার নিদ্যাশিত করা হইরাছিল। যাহা হউক, সেইটা

<sup>\*</sup> Case in point by Mr. J. Z. Laurence: Transactions of pathological Society of London, vol. xvi. p. 235.

কিরূপ প্রকারে রহিল তাহার কোন অন্তুসন্ধান পাওরা যার নাই। শস্ত্র করিবার এক বং নর পরে, আর একটি টিউমার ঠিক সেই স্থানে উৎপন্ন হইরাছিল। উহাতে তাহার কোনরূপ কপ্ত ছিল না, তবে এ স্থানে অল্ল কণ্ডু মাত্র ছিল। ১ম, প্রতিক্ষতি।



এক্ষণে অক্সিগোলকের নাসাপান্ধদিকে একটি অস্বাস্থ্যজনক পদার্থের উদ্ধিন দৃষ্ট হইল (১ম, প্রতিক্ষতি)। বাস্তবিক উহা গভীররূপে সংলগ হইরা-ছিল। উহা স্পর্শ করিলে কঠিন বোধ হইত; কিন্তু উহার চর্ম আক্রান্ত হইরাছিল না। বামাক্ষিগোলক প্রকৃত স্থান হইতে কর্ণেরদিকে এক ইঞ্চিপরিমাণ সম্মুথকিপ্ত ও বহিঃক্ষিপ্ত হইরাছিল। কিন্তু তত্রাচ উহা দক্ষিণ চক্ষুর সহিত তুল্যরূপ কার্য্য করিত। নিকটস্থ বা দূরস্থ কোন পদার্থ দর্শন করিতে তাহার দৃষ্টির কোনরূপ হানি হয় নাই। রোগীর শারীরিক অস্বাস্থ্যের লক্ষণ বা গ্রীবা-গ্রন্থির বৃদ্ধি দেখিতে পাওরা যায় নাই।

১৫ই অক্টোবরে ডাক্তার ম্যাক্নামারা সাহেব মাহাতে অক্সিগোলক রক্ষিত, অথবা উক্ত অস্বাস্থ্যজনক পদার্থ বিহিন্ধত হয়, এরূপ শস্ত্র করিতে প্রবৃত্ত হইরাছিলেন। চম্মের মধ্য দিরা আবশ্যক্ষত ভেদ ও টিউমারকে অনাবৃত করিরা দেখি-লেন যে উহা অক্ষিকোটরপ্রাচীরের অধঃ ও নাসিকারদিকে সংলগ্ন আছে; তানিনিত্ত কেবল অস্বাস্থ্যজনক পদার্থ বহিষ্কৃত না করিয়া, ঐ সঙ্গে ২ তৎসংলগ্ন অস্থির ও কিরদ্ধংশ অপন্য়ন করিলেন। পরিশেষে এই ক্ষতস্থানে ক্লোরাইড্
অব্ জ্বিংক্ পেন্ট্ স্মাদ্র লিণ্ট বা বস্ত্রপণ্ড প্রদান করা হইল।

এই পেওঁ প্রদানের পরক্ষণেই কর্নিরা অস্বচ্ছ হইরা বিনপ্ত হইল; এবং অক্টিগোলক কোটরে মগ্ন হইল। কিন্তু ভদ্মতীত রোগের বিলক্ষণ প্রত্যুপকার হইল। কত পূর্ণ হইরা উহাতে চর্ম উৎপর হইল। ইহার চারি বংসর পরে, এই ব্যক্তি আবার চিকিংসালয়ে আসিয়াছিল। এবার উহার আদিম টিউমারের পাশ্ব হইতে একটা ক্ষুদ্র রক্ত-স্রাবী ফল্লোইড্ স্তুপ (Fungoidmass) উদ্ভূত, এবং গ্রীবা-গ্রন্থি সকল বৃদ্ধি হইয়াছিল। কিন্তু রোগী অন্তান্ত বিষয়ে স্ক্ত ছিল, টিউমার নিক্ষাশিত করাতে পীড়ার বৃদ্ধি স্থগিত হইল বটে কিন্তু উহাতে পীড়া আরোগ্য হইল না।

নিকাশিত করিবার সময় টিউমার সম্পূর্ণ ক্লংবর্ণ স্তূপ ও একটা কুদ্র কমলালেবুর আকার বিশিষ্ট বোধ হইরাছিল। কোন প্রকার যন্ত্রের সাহায় ব্যতিরেকে, এবং অগ্রীকণ দারা ও দেখা গেল যে, উহাতে মেলানোইড্ ক্যান্সার্ রোগের সমুদার প্রকৃতি বর্ত্নান আছে।

চাকুৰ ধমনীর য়াবিউরিজম্ (Aneurism of the Ophthalmic Artery)।——এরপ কথিত আছে বে, কথন ২ চাকুৰ ধননীতে য়ানিউরিজম্ উৎপন্ন হইতে দেখা গিয়া থাকে।\* এইরপ টিউমার
সম্বর পরিপুই হইয়া, অন্ধিগোলককে কিয়ৎ পরিমাণে বহিঃকিপ্ত করে।
ক্রের উর্দ্ধিদেশে, ইেথস্কোপ দ্বারা দেখিলে এই রোগের সহিত য়ানিউরিজ্যাল্ রুইট্ (শন্দ) স্পষ্টরূপ শুনিতে পাওয়া যায় এবং তাহা ধপ্ধপ্
করে; এবং তথায় অন্যরূপ পীড়ার কোন লক্ষণ প্রকাশমান না থাকিলে,
এই সকল লক্ষণ দ্বারাই যথেষ্ট রূপে রোগ নির্ণয় হইয়া থাকে। অতঃপ্র

<sup>\* &</sup>quot;Lectures on the Operative Surgery of the Eye," by G. J. Guthrie, p. 169, London, 1827. ইহাতে উভয়পার্থস্থ চাক্ষ্য ধ্যনীর প্রাকৃত ও সাংঘাতিক ফানিউরিজ্যু রোগে শ্র ক্রক্রে ব্রিতে পারা যায় নাই ব্রিয়া লিখিতে আত্য়।

দেখিতে পাওয়া বাইবে বে, এইরূপ পীড়ায় প্রকৃত স্থান নির্ণয় স্বতি-

পূর্ব্বোক্তরূপ অবস্থিত র্যানিউরিজন্ রোগ স্নচাক্রপে আরোগ্য করি-বার আশরে, কেবল নিম্নলিখিত ব্যবস্থা অবলম্বন করা যাইতে পারে। যে দিকে রোগ উৎপন্ন হইরাছে, দেই দিকের কনন্ ক্যারোটিড্ বা আর্টারি লিগে-চার দারা সংবেষ্টন করিয়া বন্ধন করিতে হয়। এই আর্টারিতে শস্ত্র করাও অতিশয় ভয়য়য়য়। যদি ক্যারোটিড্ আর্টারিতে পীড়ন করিলে, অক্সিগোলকের ধপ্রপায়্মান গতি মন্টাভূত হয়, তবেই তথায় আ্বশ্যক্ষত শস্ত্র প্রিলি-য়াদি অবলম্বন করিতে হয়।

আবাতের পরক্ষণেই, যদি অভিহিত স্থানে এবম্বিধ লক্ষণ সকল প্রকাশসান হয়, তবে আমাদিগকে এরূপ বিবেচনা করিতে হইবে যে, অক্সিগোলকের

<sup>\*</sup> Case of supposed ancurism, by Dr. Morton, successfully treated by ligature of common carotid: Ophthalmic Review, vol. ii. p. 198. Another case is reported by M. Poland, Ophthalmic Hospital Reports, vol. ii. p. 219.

শিথিল কৌষিক বিধানে রক্ত প্রবেশ হইরাছে; এবং এই প্রবিষ্ট রক্ত-চাপের কিরদংশ শোষিত হইরা, অবশিষ্টাংশ র্যানিউরিজ্ম্যাল্ থলীকে পীজিত রক্তবহা-নাজীর সহিত সংযুক্ত করিয়া রাথিয়াছে। কুন্থন বশতঃ কোন কোন স্থানে ঐরূপ পরিবর্ত্তন সকল ঘটিতে দেখা যায়। রোগী প্রথমতঃ উহা জানিতে পারে না; কিন্তু উক্ত চাপে একটি পীজিত আর্টারি বিদীর্ণ হইয়া, গরিশেষে য়্যানিউরিজম্ রোগ উৎপন্ন করে।

এই রোগের অবস্থা সম্যাগবগত হওয়া অতিশয় কঠিন। প্রকৃত নির্দিষ্ট কোনরূপ লক্ষণ ছারা আমরা সন্তোষজনক রূপে এই রোগ নির্ণয় করিতে সমর্থ হই না। কেবল এই প্রকার অন্যান্য রোগের সহিত তুলনা করিয়া যথন দেখা যায় যে, নেরূপ কোন রোগ নহে তখনই এই রোগ নির্ণয় হয়। ক্যারোটিছ্ আটারি দৃঢ়রূপে পীড়ন করিলে, তাহার অর্কু দের হিস্ হিস্ শব্দের অনেক হাম হয়। এই রোগে রোগী কখন ২ শিরঃপীড়া ও শিরোগোরব অন্তব করিয়া থাকে।\*

চিকিৎসা।— শেষন প্রকৃত র্যানিউরিজন্ রোগ চিকিৎসা করিতে হইলে, সাধারণ ক্যারোটিড্ আর্টারি সংবদ্ধ করিয়া রাখিতে হয়, তদ্ধপ এই স্থানের অপ্রকৃত র্যানিউরিজম্রোগ চিকিৎসা করিতে হইলেও ক্যারটিড্কে এরপ সংবদ্ধ করা বিধেয়।

ক্যারোটিড্ আর্টারিকে অঙ্গুলীদ্বরের মধ্যে চাপিলে (Digital compression) অনেক উপকার দর্শিরা থাকে। যাহাহউক, কোন একস্থলে অনবরত ষট্পঞ্চাশং ঘণ্টা পর্যান্ত এরপ করিয়াও কোনরূপ ফল হয় নাই। এইক্রপ অবস্থার সকলে ক্যারোটিড্কে গ্রত করিয়া অঙ্গুলীদ্বরের মধ্যে বিলক্ষণ চাপ দিতে পারিলে উত্তম হয়। যাহা হউক, এতদ্যতীত অন্য কোনবিধ চিকিৎসার উপর কোনমতেই নির্ভর করিতে পারা যায় না। একটি ভয়ানক

<sup>\*</sup> Lancet vol i. p. 473 of 1875, Mr. W. Rivington "on pulsating Tumour of the orbit."

<sup>†</sup> এইরপে একটি তুল মিপ্টার টুটোর্স সাহেব ও আর একটি মিপ্টার ডলরিম্পান্ সাহেব দারা চিকিৎসিত হইয়াছে বলিয়া উল্লিখিত আছে। Lawrence "On Diseases of the Eye," p. 766. See, also, Medico-Chirurgical Transactions, vol. ii. pp. 1—16 and plate, and vol. vi. pp. 111—123.

রাণিউরিজম্ রোগ আর্গট্ এবং ভেরাট্রিয়ম্ মেবন করিয়া সম্পূর্ণ আরোগ্য হইয়াছে। ইহা অপ্থ্যাল্মিক্ রিভিউ, ১ম খণ্ড, ২৮৮ পৃষ্ঠায় লিখিত আছে।

ইরেক্টাইল টিউমার (Erectile tumours)।— অক্লিকোটরে কোষিক-বিল্লী হইতে ইরেক্টাইল্ টিউমারও উৎপন্ন হইতে পারে। ইহাতে কোনবিধ কণ্ঠবোধ হয় না। অল্লে অল্লে ইহা বৃদ্ধি হয়, এবং কোনলপেই রোগীর শারীরিক স্বস্থতার হানি হয় না। রক্তবহা-নাড়ী সম্বন্ধীয় এই টিউমার যখন আকারে প্রকাণ্ড হইতে থাকে, তখন উহা দারা অল্ল বা অধিক পরিমাণে এক্র অফ্থ্যাল্মস্ রোগ অ্ব্পাং অক্লিগোলকের বহিঃক্লেপণ ঘটিতে থাকে; এবং সেই ঘটনায় অক্লিগোলকের বহিঃক্লেপণ ঘটিতে থাকে; এবং সেই ঘটনায় অক্লিগোলকের বহিঃক্লেপণ গতিশীল হয়। সে যাহা হউক, অক্লিগোলকে অল্ল পীড়ন করিলে, এই গতি স্থগিত হইতে, এবং অক্লিগোলক প্রকৃত অবস্থানে অবস্থিত হইতে পারে। ক্রন্দন করিলে চক্ষুতে যেরূপ আয়াম বোধ হয়, তজ্ঞপ কুন্থন প্রভৃতি কার্য্যের দারা, এই টিউমারের আকার পরিবর্দ্ধিত হয়। যদি এই ইরেকটাইল্ টিউমার্ কন্জংটাইভার্ নিয়ে উয়ত হইয়া উৎপন্ন হয়, তাহা হইলে বর্ণ এবং সাধারণ অবস্থা স্বস্পন্ত দৃষ্টিগোচর হয়।

চিকিৎসা। — ইরেক্টাইল্ টিউমার্ ক্ষুদ্র না হইলে ক্যারোটিড্ আর্টারি লিগেচর দারা বন্ধন কবিলে, \* বোধ হয় উহা উত্তমরূপ আরোগ্য হইতে পারে। পরে, পার্ক্লোরাইড্ অব্ আয়রণ্, কিম্বা ট্যানিক্ য়্যাসিড্ উক্ত অস্বাস্থ্যজনক পদার্থ মধ্যে প্রবিষ্ট করিয়া, রক্তবহা-নাড়ী সকলকে বিনষ্ট করিতে চেষ্টা করা সর্বতোভাবে বিধেয়। কিন্তু এরূপ কার্য্যে অত্যন্ত সাবধান থাকা কর্ত্র্যা, কারণ ঐ দ্রব্য কোথার যাইবে বা কৃত্রুর যাইবে বা উহা কোন বৃহৎ রক্ত নাড়ীতে প্রবেশ করিবেনা ইহা বলা ভার। এক এক সময়ে অরু গ্যালভ্যানিক কটারি (Galvanic Cautery.) সময়ে সময়ে প্রয়োগ করিলে উপকর্ষে দর্শে।

পূর্ব্ববর্ণিত রক্তবহা-নাড়ী সম্বন্ধীয় টিউমার সকল সচরাচর দেখিতে পাওয়া যায় না; এবং তাহারা কোন্বিধ রোগ, তাহাও নির্ণয় করা

<sup>\*</sup> ভেসমারেস সাহেব একটা রোগীর বিষয় উল্লেখ করেন যেস্থলে ভিউপুইট্রিন ( Dupuytren ) এইরূপ একটি অর্ফ্র অফিলোলকের সহিত্নিকাশিত করিয়াছেন। " Malanies des Yeux, vol. i, p. 234.

অতিশয় কঠিন ও দিধাজনক। কথনং এরপ দেখা যায় বে, ধপধপায়-মান গতিশীল রক্তবহা-নাড়ী সম্বন্ধীয় অকিগোলকের বহিঃক্ষেপণ প্রাণ্ডক্ত-রূপ ভয়নাক আকার ধারণ করিয়া রহিয়াছে। কিন্তু অধিকাংশস্থলে, এই রোগ অক্ষিকোটরে আবিভুত হইরাছে কিনা, তদিষয়ে অনেক সন্দেহ উপস্থিত হইতে পারে। অনেকস্থলে স্থবিধাক্রমে রোগীর মৃত দেহ পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে, যাহাকে আমরা রোগীর জীবিতাবস্থায় প্রকৃত য্যানিউরিজ্য রোগ বলিয়া অনুমান করিয়াছিলাম, তাহা আমাদের সম্পূর্ণ ভ্রম মাত্র ;—উহা সে রোগ নহে। এত্রিমিত্ত এইরূপ ভ্রম অন্তান্ত वािकत 3 त्व रहेत्व जाहा मिक्कांख कता याहेत्व शादत । मिष्ठांत नािनि मार्टिन, এই রোগে দূরব্যাপী বহুদর্শিতা লাভ করিয়াছিলেন। তিনি বলেন বে, অক্লিকোটরের ম্যানিউরিজন, প্রকৃত্ই (True) হউক, আর আয়ত প্রকারই (Diffused) হউক, তিনি দেখেন নাই। অধিকাংশ স্থলে তিনি বলেন, যে সকল রোগ অক্নিগোলকের রক্তবহা-নাড়ী সম্বন্ধীয় বহিঃক্রেপণ (Vascular protrusion of the eyeball) বলিরা খ্যাত, অফিকোটরে তাহা দুই হয় না; করোটির অভ্যন্তরই তাহার প্রকৃত অবস্থান। এই সকল স্থলে অফি-গোলক স্বীয় কারণে বহিঃক্ষেপ হয় না ও মন্ত্রণাদায়ক লক্ষণ সকলও উভ মেই চাক্ষ্য শিরার রক্ত সঞালনের বাধা বশতঃ উৎপন্ন হয়। হল্ সাহেব বে একটি রোগীর বিষয় উল্লেখ করিয়াছেন তদ্বারা নলিনি সাহেবের মত আরও বিশেষরূপে পরিপোষণ করিতেছে। চাক্ষ্য ধম্নীর-মধ্য দিয়া রক্তসঞ্চালন বদ্ধ হইলে, অকিগোলক বহিঃস্ত, ও নানাবিধ যন্ত্রণা-मायक लक्षण मकल जाविज् ज इया । अक्षण जातक खल अवर्षि इहे या एक एक চাকুৰ ভেইনের অর্লু দাদি দারা পীড়িত হইলে (বেমন চাকুৰ আর্টারির মূলদেশে য়ানিউরিজন্ হইলে) অকিকোটর হইতে রক্তসঞ্গালনের পথ কদ্ধ হইয়। অফিকেটিরীয় য্যানিউরিজম রোগের লক্ষণ সকল প্রকাশনান হইয়াছিল। আর ইহাও পরিজ্ঞাত হওয়া সন্তোষের বিষয় বে, অফিকোটরের মধ্যে, কিম্বা করোটী গহ্বরে, দেখানে দেখানে অবস্থিত হুটক না কেন, এবস্বিধ

<sup>\*</sup> Medico. Chirurgical Transactions vol. xlviii. p. 30. Previous Cases and Observations, voli. xli. p. 167.

টি উমার সকলের উভয়স্থানেই একবিধ চিকিৎসা হইয়। থাকে;এবং উভয় স্থানেই ক্যারোটিড্ আর্টারিতে লিগেচর বন্ধন করিলে স্থাফলসিদ্ধ হইতে পারে। \*

নিষ্ঠার হন্ধ সাহেব, নলিনি সাহেবের মত প্রতিপোষণ করিয়। উল্লেখ
করেন বে, †—কোন ব্যক্তি মস্তকের বানপার্শ্বে মুটাঘাত পাওয়ায়, পাঁচ মাস
পরে, উহার অফিকোটরে য়ানিউরিজম্ রোগের সমুদায় প্রধান ২ লক্ষণ
প্রকাশিত হইয়াছিল। বামাক্ষিকোটর-প্রদেশ ক্ষীত ও বহিঃক্ষিপ্ত হইয়া,
উহাতে ধপ্রপায়মান গতি উপস্থিত হইল। সায়িধ্যবর্তী প্রদেশে হিদ্হিদ্
শব্দ স্পত্ত শুনা ঘাইত। যাহা হউক ইহাতে কমন্ ক্যারোটিড্ আর্টারি
বন্ধন করা হয়। কিন্তু রোগী কালগ্রাদে পতিত হইয়াছিল। মৃত দেহ
পরীক্ষা করিয়া, উহার ক্যাভার্ণিদ্, ট্রান্স্ভার্ম, সার্কিউলায়্ এবং পিট্রোম্থাল
সাইনদ্ সকলে ফ্রিবাইটিদ্ বা শিরাপ্রদাহ রোগ হইয়াছে বলিয়া জানা গেল।

ভাক্ষিকে। টিরের ভাস্থ্যর্ক্দ (Bony tumours)—— অকিকোটর প্রাচীরের সমুদার অংশ হইতেই অস্থ্যর্ক্দ উৎপন্ন হইতে পারে। উহা দেখিতে ঠিক একটি গ্রন্থির ন্থার। উহার ব্যহন হস্তিদন্ত প্রান্থ নার জেম্দ্ প্যাজেট্ সাহেব বলেন নে, পৃথকং বা অতি সংকীর্ণভাবে সংলগ্ধ বা পৃথকভাবে অস্থির ডিপ্লোই বা তনিকটবর্ত্তী সাইন্স বা রন্ধু হইতে উৎপন্ন হয়। কিন্তু ইহার এই এক গুণ যে, উহা চতুপ্পার্মে বিস্তুত হইতে পারে।

লক্ষণ!——বে সকল লক্ষণে অক্ষিকেটিরে এই এক্সভাগিক্
(Exostosis) রোগ উৎপন্ন হয়, তাহা উহার অবস্থান এবং বৃদ্ধির পরিমাণায়সারে বিভিন্নরূপ হইয়া থাকে। অক্ষিগোলক এই অস্বাস্থ্যজনক পদার্থের
দারা চালিত হইয়া, উহার কোটর হইতে অল্ল বা অধিক পরিমাণে বহিঃকিপ্ত
হয়। এই রোগ তালৃশ যয়ণাদায়ক নহে; কারণ রোগী কথন আমাদিগকে
তদ্বিয়ের নিমিত্ত অভিযোগ করে না। টিউমার বৃহত্তর হইলে, কঠিন
গোলাকার অথবা কণ্টকয়ুক্ত স্পিকিউলেটেড (Spiculated) স্তৃপ মাত্র
বলিয়া বোধ হয়। উহার মূল কথন ২ বৃত্তবিশিষ্ট হয় কথন ২ বা আয়ত
হইয়া থাকে।

<sup>\*</sup> See a recent case by Mr. Bell. Med. Jour., July, 1867.

<sup>†</sup> Ophthalmic Hospital Reports, 1859-60, vol. ii. p. 6.

চিকিৎসা।——সচরাচর এবিধির অস্তার্ক্র্ন নিক্ষাশন করা অতিশয় কঠিন কর্ম। কারণ তাহারা করোটির অভ্যন্তর পর্যান্ত বিস্তৃত থাকিবার সম্পূর্ণ সন্থাবনা। অনেকস্থলে টিউমার স্বভাবতঃ আরোগ্য, ও হস্তিদন্তবৎ স্তৃপ গলিত হইয়া গিয়াছে, এরূপ উলাহরণও পাওয়া য়ায়। সার্ জেম্ন প্যাজেটের মতে, আর্ম্ব্রেলাপরিস্থ কোমল পদার্থ মধ্যে শস্ত্র নিমজ্জিত করিয়া, টিউমারকে অনাবৃত করিতে হয়; এবং আবশুক হইলে, অস্থ্র উপরিভাগে দাহক ঔষব প্রদান করা উচিত।\*

তাকিকোটরের পীড়ন বশতঃ (FROM COMPRESSION OF THE ORBIT) এক্সতাপ্যাল্মস্— পূর্বেই বলা গিয়াছে বে, অকিকোটরের গহরর বাহু বা আত্যন্তরিক অস্বাস্থ্যজনক পদার্থোৎপত্তি দারা সংকীর্ণ হইতে পারে। কোন ২ ভয়ানক ও পুরাতন হাইড্রোকেফালস্ রোগে ক্রেনিয়ম বা করোটি-গহররে এত তরল পদার্থ সমবেত হয় য়ে, তদ্বারা ললাটান্থির অকিকোটরধারের অধঃ ও সল্মুথদিকে পীড়া প্রাপ্ত হইয়া, অকিপোলককে কোটর হইতে বহিঃকিপ্ত করে, এবং তত্পরি অকিপুটদর মুদিত করিতে পারা যায় না। যাহা হউক, এইরূপ রোগের প্রকৃতি দেখিবামাত্রেই অক্ষুত্ত হয় বলিয়া, তদ্বনায় আর অধিক সময়ক্ষেপ করিলাম না।

ফুন্টাল সাইনস্ হইতে উৎপন্ন (From Diseases of the Frontal Sinus) এক্সঅপ্থ্যাল্মস্।——-মুখ মণ্ডলে বা গণ্ডদেশে আবাত লাগিলে, সেই আবাতে যদি র্যাণ্টিরিয়র এগ্মরিড্যাল্ বা ললাটান্থির কোন কোন সেল্স বা কোব ভগ্গ হয়, তবে তাহাতে ইন্ফণ্ডিবিউলম্ (Infundibulum) ক্রন্ধ হইয়া, উক্ত সাইনস্ হইতে নাসারক্রে শ্লেমার গতায়াত ক্রন্ধ করে। এইরপে ফ্রন্ট্যাল্ সাইনসের স্রাবিত বস্ত ক্রন্ধ হইয়া, ক্রমশঃ উহাতে অধিক পরিমাণে সংযত হওতঃ পরিশেষে উহাকে প্রারিত করে। যদি কোনরূপ আবাত না লাগিয়া পীড়ার উৎপত্তি হইয়া থাকে, তবে আনাদিগকে এরপ বিবেচনা করিতে হইবে বে, পীড়া বশতঃ ইন্কণ্ডিবিউলন ক্রন্ধ হইয়াছে। ইহার লক্ষণ সকল তীক্ষ প্রদাহের লক্ষণের স্থার, অথবা প্রাতন প্রকার হইয়া থাকে। এই ছইয়ের মণ্যে প্রথম প্রকারের

<sup>\*</sup> Paget's, Lectures on Surgical Pathology " 3 Vol ed. p. 536.

ভার প্রদাহ হইলে, রোগী ললাট এবং নাসামূল-প্রদেশে ভরানক যাতনা অন্তব করে। ফ্রণ্টাল্ সাইনস্ পূর্ দারা প্রসারিত হইরা উদ্বাটিত হয়, এবং সেই পূর নাসিকা বা অফিকোটরের উর্দ্ধাভ্যন্তরদেশ হইতে একটি ক্লোটক উৎপন্ন হইরা, চক্ষ্কে বিপরীতদিকে প্রতিচাপ প্রদান করে। অধঃদিকে উর্দ্ধাকিপুট প্রদাহিত হয়, ও ক্ষীত প্রদেশ স্পর্শ করিলে বন্ত্রণা প্রদান করে; প্রিশেষে তন্মধ্যে পূর্ গতি অনুভূত হয়।

পুরাতন স্থলে এই রোগে যাতনা বা প্রদাহের অপরাপর লক্ষণ সকল তাদৃশ অন্নভূত হয় না। কিন্তু অক্ষিকোটরের উদ্ধাত্যন্তরদেশে একটি টিউ-মার ক্রমশঃ সমুৎপাদিত হইয়া, অক্ষিগোলককে অধঃ, বহিঃ ও সমুথদিকে ক্ষেপণ করে। সচরাচর এই পীড়ার একটি সাইনস থাকে, কিন্তু ভুইটি সাইনসও হইতে পারে।

যদি ললাটাস্থির শোক এবং তংস্থানের যন্ত্রণা দেখিরা এরপ মনে হর যে, সাইন্স তরল পদার্থের দারা প্রসারিত হইরা ঐরপ হইরাছে; তাহা হইলে অস্থিমর প্রাচীরের মধ্যে কর্তুন করিয়া, বদ্ধ পূর্য নির্গত করা সর্ব্ধতোভাবে পরামর্শ সিদ্ধ।\*

শিষ্টার লদন্ সাহেব এই রোগে নিয় লিখিত ব্যবস্থা প্রদান করেন।
"টিউমারের সর্ব্বোচ্চ দেশোপরি, অক্ষিপুটের উপরিস্থিত চর্দ্মের ভাঁজের সমান্তরালভাবে চর্ম্ম বিভাজন করিতে হয়। পরে, ঐ ভিন্ন স্থানের মধ্য দিরা,
ক্যাল্পেল্ নামক ছুরিকা প্রবেশ করাইয়া, চর্মকে কিঞ্চিৎ স্বতন্ত্র করিয়া,
তাহাতে নিমর্জিত করিবে এবং বিভাজিত চর্দ্মের অন্তরূপ একটি ছিদ্র
করিবে। এক্ষণে দক্ষিণ হন্তের তর্জনীর অগ্রভাগ উক্ত ছিদ্রের মধ্য দিয়া
সাইনসে প্রবিষ্ট করিয়া গহ্বরের আকার এবং তথায় নিজোসিম বা
কেরিজরোগ প্রাপ্ত কোন অন্তি থাকিলে, তাহা নির্ণয় করিতে হয়। যথন
সাইনসের মধ্যে এবশ্বিধ অন্ত্র্মনান করা হয়, তথন বামহন্তের কনিষ্ঠাঙ্গুলি
ঐ দিকের নামারন্ধের ভিতরে প্রবেশিত করিয়া, দেখিতে হয় যে, কোন

<sup>\*</sup> See the report of a case in which this operation was successfully performed by J. W. Hulke: Ophthalmic Hospital Reports, vol. iv. p. 176.

স্থানে উক্ত অঙ্গুলির অগ্রভাগ নাসারদ্ধ অঙ্গুলির সন্নিকটবর্তী হইরাছে। এইরূপে কিছুক্রণ অনুসন্ধান করিলে দেখা যাইবে বে, একস্থানে অঙ্গুলিদ্বর পরক্ষার প্রারহ স্পর্শ করিয়াছে কেবল একখণ্ড পাতলা অস্থিমাত্র উত্থা-দের অন্তরে থাকে। এই বিষয় জ্ঞাত হইয়া ফ্রন্ট্যাল্ সাইনস্ হইতে অঙ্গুলি বহিষ্কৃত করা বিধেয়। কিন্তু গৌজ বা এলিভেটর্ নামক শস্তের পথপ্রদর্শনের জন্ম নাসারদ্ধ অঙ্গুলি ঐরূপ অবস্থায় উক্ত অবস্থানে রাখিতে হয়। উক্ত এলিভেটর সাইনদের ভিতরে প্রবেশিত করিরা, যে পাতলা অস্থিতে কনিষ্ঠ অঙ্গুলি সংলগ আছে, তাহা বিদ্ধ করিয়া, নাসিকায় একটি ছিদ্র করিয়া দেওয়া উচিত।

''ক্ট্যাল সাইনস্ এবং নাসিকা এতহ্তয়ের মধ্যস্উক্ত ছিদ্র দারা শেষে একটি সচ্ছিদ্র ইণ্ডিয়া রবর ডেনেজ্টিউব্ সংলগ করিতে হয়। যাহার এক অন্ত ল্লাটদেশোপরি আবদ্ধ থাকিবে ও অপর অন্ত নাসারক হইতে কিঞ্জিৎ বাহিরে আসিবে। উহা সংলগ করিবার উপায় এই,—একটি সচ্ছিত্র প্রোব্নাসারক, দারা ললাট পর্যন্ত প্রবেশ করাও ও তাহাকে কত মধ্য দিয়া বাহির কর, পরে এক গাছি স্থত্র দারা উক্ত টিউবকে প্রোবের সহিত বন্ধন করতঃ, নাসিকার যে পথ দিয়া প্রবেশ করান হইরাছিল, পুনরার সেই পথ দিয়া উক্ত প্রোবকে বাহিরে আন। ডেনেজ টিউব্ সংলগ্ন করিবার প্রকৃত कातन धरे (य, छेश बाता छेक छूटे गस्तत्त्व मधाव ही भग कुछ इटेर्ड भारत না ; এবং শুশ্রমাকারক প্রতিদিন অন্ততঃ ছুইবার করিয়া, র্যাষ্ট্রন্জেণ্ট্ এবং ডিসইন্ফেক্ট্যাণ্ট (Disinfectant) সলিউশন দারা ফ্রণ্ট্যাল সাইনস ধৌত করিতে পারে। এই শেষোক্ত অভিপ্রারে নিমিন্ত, লোসিও র্যালম্ কম্ জিনক্ সালফ্ অথবা, লোসিও য়াসিড্কার্বলিক্ কাঁচের পিচকারী দারা উক্ত টিউবের উর্ন্নপ্রান্তে প্রবিষ্ট করিয়া দেওয়াও হইয়া থাকে। এই ডেনেজ টিউন্পাঁচ ছয় মাস পর্যান্ত, বা যতদিন পর্যান্ত নাসা হইতে ক্লেদ বিগলন ক্রন। হয়, ততদিন পর্যান্ত সংলগ্ন রাখিতে হয়। এইরূপে চিকিৎসা করিলে, উক্ত রোগ সচরাচর প্রায়ই সন্তোষজনকর্মপে আরোগ্য হইয়া থাকে।"

<sup>\*</sup> Diseases and Injuries of the Eye Lawson second edition, p. 365; London, 1874.

কখনং হাইডেটিড্ সিষ্ট্ বা পলিপদ্ সকল দারা ফুন্ট্যাল্ সাইনস্ প্রসা-রিত হইতে দেখা গিয়াছে।\*

য়ান্ট্নের পীড়া হইতে উৎপন্ন (from Diseases of the Antrum) এক্সঅপ্থাল্নস্।—— য়ান্ট্নে তরল পদার্থের সঞ্জর, বা কোনরূপ ম্যালিগ্ন্যাণ্ট্ গ্রোথ্ অর্থাৎ অস্বাস্থ্যজনক পদার্থোৎপত্তি হইলে, ম্যাক্জিলিয়ারি অস্থির অর্বিট্যাল্ প্লেট উর্দ্ধিকে পীড়া প্রাপ্ত হইরা, অন্তান্ত অপেকা সর্বাদা অধঃ হইতে, অক্ষিকোটরকে সংকীর্ণ করে।

র্যাণ্ট্রমে ক্ষেটিক, বা নাসিকা ও র্যাণ্ট্রমের মধ্যন্থ পথের অবরোধ বশতঃ র্যাণ্ট্রমে শ্লেমা সঞ্চিত হইলে, তাহারা এই গহ্বরের প্রাচীরকে এত প্রদারিত করিতে পারে যে, কঠিন তালু (Hard palate), গণ্ড ও জন্দি-কোটরীয় অন্থ্যাধার (Orbital plate of bone) বহির্গত হইয়া পড়ে। এই-রূপে অর্কিট্যাল্ ফনা এত সংকীর্ণ হয় যে, তন্থারা অন্ধিগোলক কিয়ৎ পরি-মাণে বহিঃকিপ্ত হয়।

স্যাণ্ট্রনের প্রাচীর হইতে বা নাদারন্ধু হইতে উত্থিত পলিপদ্ ক্রমাণত আকারে বর্দ্ধিত হইয়া, অভ্যন্তর অথবা অধঃ অক্লিকোটর প্রাচীরকে এতদ্র স্থান ভ্রন্ট করে যে, উহা দারা অবিট্যাল্ ফদার আয়তন ব্রাস হইয়া যায়। এই সকল স্থলে মুথের বিক্ত অবস্থা দেখিয়া রোগনির্বার্থ অপেক্ষাক্ষত অতি সহজ হইয়া উঠে। যাহা হউক, ইহাতে ভ্রম হইবারও অনেক সম্ভাবনা আছে। মিপ্তার পোল্যাও সাহেব এক উদাহরণে উহা বর্ণনা করেন যে,—অত্যন্ত দিবদ বিগত হইল, একটি রোগীর অক্লিগোলক নিক্ষাশিত করিবার সমুদায় অভিপ্রায়্থ হিরীক্ষত হইলে, পরিশেষে প্রকাশ পাইল যে, য়্যাণ্ট্রমে একটি ক্ষোটক হইয়া অক্লিগোলক বহিঃক্ষিপ্ত হইয়াছে। যাহা হউক, ঐ ক্ষোটকে শস্ত্র করা হইয়াছিল; এবং চক্ষু রক্ষিত হইয়া, উহার প্রকৃত অবস্থানে পূর্ববিৎ স্থায়ী হইয়াছিল। এইরূপ বৃত্তান্ত দারা এই রোগে আমাদিগের অপরিণামদর্শিতা এবং অবিম্য্যুকারিতা ঘটতে পারে, তাহা প্রকাশ পাইতেছে। স্বতরাং যতই কেন প্রচুর ও কার্য্যকর রোগ নির্বের নিয়ন থাক না কেন, এরূপ ভ্রেম পতিত হওয়া অসম্ভব নহে।

<sup>\*</sup> Mackenzie "On Diseases of the Eye," 3rd edit. pp. 55-58.

\*\*\*

বে কারণ পরম্পরার অক্নিগোলক বহিঃক্ষিপ্ত হইরা পড়ে, মিষ্টার পোল্যাও সাহেব তাহার একটি তালিকা প্রদান করেন; নিম্নে তাহা প্রদর্শিত হইতেছে।

>. कम जिनिहान ১। প্রকৃত ( Real ) বহিঃসরণ। ২। বাহ্যিক ( Apparent )—যাহা লিভেটর প্যালুপিত্রি (Congenital) পেশী এবং অকিপুটের হ্রাসতা হইতে হয়। বা আজগজ ১। অকিলোলকের প্রদাহ। অকথালুমাইটিস্ Ophthalmitis ২ ৷ ফেবাইটিক অফ্ থ্যাল্মাইটিস্ (Phlebitic Ophthalmitis) হাইডুফ খালেমস ( Hydrophthalmos ) ২. চফ্ৰাতে, ্১, স্কফলস ( Scrofulous. ) In the eye itself. ২, ইনুকেফালোইড (Encephaloid.) ৩, মেলানোটিক ( Melanotic ) ৪। চফুতে টিউমার 8, অগিয়সু ডিজেনারেশন (Osscousdegeneration.) ে, হাইডেটিড ( Hydatid. ) ১। সেলুদার টিস্কর প্রদাহ। ইভিওপ্যাথিক্ (Idiopathic.) जिक्तिनालक विश्वित्रीय (Protrusion) कार्त এবং টুমাটিক (Traumatic,) ২। পুয়োৎপত্তি এবং ফোটক। ৩। ইরিদিপিলেটসু ( Erysipalatous. ) এবং ফুেনমো-নস্ ( Phlegmonous. ) প্ৰাৰ্ছ। 8। वाश शमार्थ। ৫। অতিরিক্ত মেদবর্জন। >, इन्तिरर्छ ए (Encysted.) ৩. অক্রিকোট্যা-२, श्राहेर ७ हि । ७। डिजेगात्र मंकल। ভ্যস্তরে। Within ৬, ইন্কেফালোইড্। ৪, অসিয়স্ ( Osseous. ) orbit. । য়ানিউরিজম্ এবং রক্তোৎপ্রবেশ। ৮। ভিনস্কন্জেস্ন্। একু অক্থালিমিক্ গংইটার। »। अकिर्तानकीय रेशिक शकाशाउ। अक् शान्रमाञ्चित्रा ( Ophthalmoplegia. ) > । অফিলোলকীয় পৈশিকারুগুন। যেমন, টিটেন্স (Tetanus. ) वा धनुर्छ क्षांत द्वारन । ১। উট্লে—নোড্স ( Nodes ) অথাৎ গ্রন্থি, হাইড্রোকে ফালস (Hydrocephalus,) ফলস অব্ ডিউরানেটার (Fungus of dura mater) ফুন্ট্যাল্ সেলের পলি-পাই (Polypi) এবং তথাকার অন্যান্য পীড়া, 8. অফিকোটরের মস্তিকের টিউমার, ও অশ্রুত্তান্থির প্রদাহ এবং পীড়া। বহিৰ্ভাগে। २। निद्भ-शान् हे त्यत शीषा। External to orbit. ৩। অভ্যন্তরে—নাসিকার পলিপাই এবং টিউমার। ৪। বাহেস—একু অর্থেসিস্ ( Exostosis ) ে। সাম্তখ-অকিপুটের আরুঞ্স, চাকুব প্রাসরণ, হার্ণিয়া অকিউলি।

### অক্সিগোলকের সন্ধিচ্যুতি (Dislocation of Eyeball)

যথন অকিগোলক অকিপ্টের সীমা অতিক্রম করিয়া, কোটর হইতে বহির্গত হইয়া আইসে, তথন তাহাকে অকিগোলকের সন্ধিচ্যুতি কহে। যেমন—একটা বাহাপদার্থ অকিগোলক এবং অকিকোটর প্রাচীরের মধ্যে বেগে প্রবিষ্ট হইলে, এইরূপ ঘটনা সংলক্ষিত হয়। অত্যন্ত্র দিন বিগত হইল ডাক্রার ম্যাকনামারা সাহেব এইরূপ একটা স্থলে চিকিৎসা করিয়াছেন। রোগী একজন সমুদ্রবান নাবিক; সহবাসীর সহিত বিবাদে তাহার বাম চক্ষ্ বহিঃস্তত হওয়ায়, বামাকিগোলক গওদেশ পর্যান্ত ঝুলিয়া পড়িয়াছিল; এবং অকিগোলকের পশ্চাৎ প্রদেশস্থ সমুদায় টিস্কও ছিয়ভিয় হইয়াছিল। অধিকন্ত তৎকালে দর্শন-সায়্ও ঐ সঙ্গেই এবম্বিধ দশা প্রাপ্ত হইয়াছে বলিয়া, বিলক্ষণ বোধ হওয়ায়, এস্থলে এবম্বিধ চক্ষ্ রক্ষা করিতে যত্ন করা সম্পূর্ণ রুখা বোধ ইইয়াছিল।

সে বাহা হউক, এরূপ স্থলও বর্ণিত আছে, বাহাতে কোন চক্ষু স্থানান্তরিত হইলে, রোগী কেবল তৎসময়েই তদ্বারা দেখিতে পার না। কিন্তু উক্ত চক্ষু কোটরে পুনঃ স্থাপিত হইলে, তাহাতে দৃষ্টির কোন প্রকার ব্যাবাত জন্মে না। পথানি প্রান্তর্বার করে বার্ত্বার দর্শন-সায়ু ছির হইয়া গিয়াছে এরূপ প্রমাণ পাওয়া বার, তত্তৎক্ষল ব্যতীত অন্তান্ত স্থলে, অফিপুট্বয়রেছ পরস্পর পৃথক করিয়া, স্থানান্তরিত চক্ষুকে কোটর মধ্যে পুন প্রবেশ করান পরামর্শ সিদ্ধ। পরে এইরূপ স্থলে মুদিত অফিপুট্বয়ের উপরিভাগে দৃত্বদ্ধ কম্প্রেশ্ব বা ব্যাণ্ডেজ্ বন্ধন করিয়া, অকিগোলককে তাহার স্বস্থানে পুনরব্বিত হইতে দেওয়া য়ুক্তিয়ুক্ত। যদি অতঃপর চারি কিন্বা পাঁচ দিবসে রোগীর দৃষ্টিজ্ঞান না জন্মে, তবে অফিবীক্ষণ যত্র দ্বারা ঐ চক্ষু পরীক্ষা করিবার যত্র করা উচিত। এই পরীক্ষার রেটিনাকে কোরইড্ হইতে অস্তবিত্ব, বা অন্টিক্ ডিম্বের হ্রাসতা অন্তর্ভুত হইলে, চক্ষু রক্ষা করিতে যত্র করা রুথা চেন্টামাত্র। তথন উহাকে একেবারেই নিদ্ধানন করা বিধেয়। রোগী সমৃদ্ধি সম্পন্ন ও ব্যয় সহিঞ্ হইলে, চক্ষু নিক্ষান্দিত করিয়া, তৎপরিবর্ত্তে কৃত্রিম চক্ষু ব্যবহার করা গিয়া থাকে।

<sup>\*</sup> Mackenzie "On Diseases of the Eye," third edition, p. 13.


রোগী যদি এই ঘটনার চারি পাঁচ দিবস পরে ক্ষতিগ্রস্ত চক্ষুতে কিয়ৎ গরিমাণে দেখিতে পায়, তবে প্যাড় এবং ব্যাণ্ডেজ দারা সমাবদ্ধ রাখিয়া তিন সপ্তাহ বা তদধিককাল পর্যান্ত চক্ষুকে পূর্বস্থানে স্থাপিত রাখিতে হয়। এই বিষয়ে বন্ধনী যত দূঢ়বদ্ধ হইবে, ততই উত্তম। অক্ষিণোলক এইরূপে কোটেরে প্রবিষ্ট হইলে, এবং বিভক্ত পেশী সকল অক্ষিণোলকের সন্মুখ প্রেদেশের সন্নিধানে সমাবদ্ধ হইতে যথেষ্ঠ স্থাবোগ পাইলে, এতজ্ঞপ ঘটনা দারা যে এক্ষমফগ্যাল্মস্ এবং দিন্তি রোগ জন্মিয়া থাকে, তাহা সন্তব্যত অনেক পরিমাণে অপনীত হইয়া যায়।

### অক্সিগোলক নিস্কাশন (Extirpation of the Eyeball)

কোন বাহুপদার্থ বা অন্ত কোনপ্রকার অপায় বশত চক্ল্নিবিস্ট হইলে, অথবা ধ্যাফিলোমা ( বহিঃসরণ ), সিম্প্যাথেটিক্ ইরিটেশন্ ( সমবেদনাজনিত উত্তেজনা) এবং অন্তান্ত প্রকার পীড়া উপস্থিত হইলে, অক্সিগোলক নিন্ধাশিত করা বাইতে পারে। নিন্ধাশন করিবার প্রণালী নিম্নে লিখিত হইতেছে।

রোগীকে শস্ত্র করিবার থট্টার শয়িত করিয়া, ক্লোরোকর্মের ছাণে অচেতন করিতে হয়। তৎপরে অফিপুট্দরকে নিস্তন্ধভাবে অন্তরিত করিয়া রাখিবার নিমিত্ত, তত্পযোগীর ষ্ঠপ্ স্পেকিউলম্ নামক যন্ত্র অথবা রিট্রাক্টিম ব্যবহার করা বৈধ। পরে তীক্ষ্মন্ত ফরসেপ্ দারা কন্জংটাইভা হইতে এক পদি। তার উত্তোলিত ও ধৃত করিয়া, অল বক্র একথানি কাঁচি দারা করিয়ার

১০ম, প্রতিক্তি ৷



(From Stellwag v. Carion.)

চতুর্দিগত্ব শৈলিক বিলী এবং ক্যাপসি উল্ অব্ টিনন্ সম্পূর্ণরূপে বিভাজিত করিয়া, স্কেরটিক্কে অনাবৃত করিতে হয়। তৎপরে সরল ও তির্য্যগ্রেপশী সকলকে, তাহারা বেস্থানে স্কেরটিকের সহিত সমবেত হইয়াছে, ঠিক সেই স্থানেই উক্ত কাঁচি দ্বারা বিভাজিত করা উচিত। যে পেশীর টেনডন বা রজ্জু বিভাজিত হইবে, অক্ষিগোলককে তৎ বিপরীতদিকে প্রধাবিত করিলো, হইয়া উঠে। এইরপে অব্দিগোলক সমুদার পৈশিকসংস্রব হইতে মুক্ত হইলে উহাকে ধৃত করিয়া ক্রমে ক্রমে সন্মুথদিকে আকর্ষণ করিতে হয়। তদস্তর উহার পশ্চাদিকে বক্র কাঁচি প্রবিষ্ট করিয়া (১০ ম, প্রতিকৃতি) দর্শন-মায়ু এব অস্তান্ত যে সকল নির্দ্ধাণ অব্দিগোলককে সম্পূর্ণরূপে বহিন্ধৃত হইতে বাধা প্রদান করে, তাহাদিগকে বিভাজিত করিবে।

সাধারণতঃ এই শস্ত্র প্রক্রিয়ার পরে, তথা হইতে অত্যল্প মাত্র রক্ত নির্গত হয়। যাহা নিবারণ জন্ত যে কোটর হইতে চক্ষু বহির্গত করা হইয়াছে তাহাতে একটা স্পঞ্জ দ্বারা চাপ দিলে যথেপ্ট হয়। ইহাতে কোন ধমনী বন্ধন করিবার আবশ্যকতা নাই; এবং সত্ত ব্রফ নিকটে রাখাও অতীব প্রয়োজনীয়। স্পেকিউলস্ বহির্গত ও অক্ষিপুট্দয়কে মুদিত করিয়া, তত্ত্পরি শীতল জলের পটী প্রদান করতঃ, পরে একটি হাল্কা ব্যাণ্ডেজ্ দ্বারা চক্ষ্কে বন্ধন করিতে হয়। ইহাতে স্কচার দ্বারা কন্জংটাইভার আবাতিত স্থানের প্রান্ত ভাগ একত্র সংবদ্ধ করিবার কোন প্রয়োজন নাই। ডাক্তার ম্যাক্নামারার মতে ইহাতে সন্দ ভিন্ন ভাল হয় না। যাহা হউক, সাধারণতঃ অক্ষিণোলক বহির্গত করিয়া, অক্ষিকোটরে লিণ্ট্রা স্পঞ্জ নিমজ্জিত করিবারও কোন আবশ্যকতা দেখা যায় না। তবে বিশেষ ২ স্থলে বেখানে রক্তস্রাব রোধ না হয়, কেবল তথায়ই কতিপয় সিনিটের জন্য প্রয়োজন হইয়া থাকে।

তদনন্তর এই রোগের পরবর্তী চিকিৎসা অতীব সহজ। উক্ত স্থান বিলক্ষণ পরিষ্কৃত রাখিবার নিমিত্ত, অন্ধিপুট্ছয় সময়ে২ উন্মীলিত করিয়া ঈয়ত্য় জল বা ক্ষীণবল কার্বলিক্ য়ৢৢৢাসিড্ সলিউশন্ ছারা পিচ্কারী দিতে হয়। আর যদি অন্ধিকোটরীয় কৌষিক-ঝিলীতে প্রদাহ সম্পস্থিত হয়, তবে ইতিপূর্বের উহার চিকিৎসা বিষয়ে যেরূপ নিয়ম লিখিত হইয়াছে, তদম্ব রূপ চিকিৎসা করা উচিত।

এইরূপ শস্ত্র প্রক্রিয়ায় ইহা দেখা যাইবে যে, জ্বিংগালক ক্যাপ্সিউল অব্ টিনন্ হইতে বহির্গত হইরাছে, \* (১ম প্রতিকৃতি ১ পৃষ্ঠা) অগচ

<sup>\* &</sup>quot;Lehrbuch der praktischen Augenheitkunde," Von K. Stellwag von Carion. Wien, 1864. p. 553.

ভাকিকোটরীয় কৌষিক-বিধানেতে কোন প্রকার আঘাত প্রদত্ত হয় নাই।
ইহাতে পেশী ও সায় প্রভৃতি অক্নিগোলকের সমুদার সংযোগ স্নেরটিকের
ভাতি নিকটেই বিভাজিত হইরা থাকে। যদি রোগী ক্রিম চক্ষু পরিধান
করিতে ইচ্ছা করে, তবে সন্তুচিত ক্যাপসিউল অব্ টিনন্ এবং তৎসংলগ্ন
পেশী সকল সমবেত হইরা, ক্রিম চক্ষু অবস্থিত হইবার অত্যুৎতুম উপযোগী
হইরা পড়ে।

কু ত্রিম চক্ষু (Artificial eyes)।——শ্ভ গর্ভ নিতোপলে (Enamel) অদ্ধালেক প্রস্তুত করিরা, অপর চক্ষুর বহিঃস্থ প্রতিকৃতির ভার রঞ্জিত করতঃ কৃত্রিম চক্ষু প্রস্তুত হইরা থাকে।

স্বেটিক্ বিস্তভাবে বিভাগ করিয়া, অন্ধিকটেরস্থ অধিকাংশ উপাদান বহিন্ধত করাই, অন্ধিগোলক নিদ্ধাশন করিবার প্রাচীন রীতি। কিন্তু উল্লিখত আধুনিক প্রক্রিয়ার, পেশী সম্বলিত ক্যাপ্সিউল্ অব্ টিনন্ অবশিষ্ঠ রাখার, তদবলম্বন করিয়া ক্রিম চন্ধ্ অনায়াসেই অপর চন্ধ্র সদৃশ অবস্থিত হইয়ে বিঘূর্ণিত হইতে পারে। বে মূলকে আশ্র করিয়া ক্রিম চন্ধ্য ঘূর্ণিত হইতে পারে তাহা রায়বিসিদ্ন নামক শস্ত্রক্রিয়া দারা উত্তম রন্ধিত হয়, ইতঃপর অন্তম অধ্যায়ে তাহা বর্ণিত হইবে।

কোনং স্থলে পিউরিউলেণ্ট্র কন্জংটিভাইটিস্বা অস্তান্ত কারণে চক্ষু ধবংশ হইলে, ধ্বংসাবশিপ্ত অফিগোলকের উপরিভাগে ক্রিম চক্ষু সংলগ্ন করিবার অত্যন্ত স্থবিধা হইয়া থাকে।

একবিপ ক্ত্রিম চক্ষ্ প্রত্যেক মন্ত্রের চক্ষ্তে সংলগ্ন হইতে পারে না।
স্থানাং উহা সংলগ্ন করিতে হইলে, প্রত্যেক মন্ত্রের তদান্ত্যন্ত্রিক যে অভাব
হইবে, তাহা পূরণ করা উচিত। বে সকল শিল্পী ক্ত্রিম চক্ষ্ প্রস্তুত করে,
তাহারাই এই অভাব পরিপূরণ করিয়া থাকে; কিম্বা বহিঃস্থ অক্তিগোলকের একথানি প্রতিমূর্ত্তি প্রস্তুত করিয়া, তাহাদিগকে প্রেরণ করিলেও
তাহারা উক্ত অভিপ্রার সাধন করিতে পারে।

নে কোন অবস্থার হউক না, যত দিন পর্যান্ত প্রদাহ এবং উত্তেজনা শনভাপ্রাপ্ত না হয়, ততদিন পর্যান্ত ক্রিম চক্ষু ব্যবহার করা কোনমতেই বৈধহয় না। এই কৃত্রিন চক্লু পরিধান করিবার সময়, উদ্ধাক্ষিপুট উত্তোলন করিতে হয়; এবং যথন রোগী নিয়দিকে দৃষ্টি নিক্ষেপ করে, তথন কৃত্রিম চক্ষুর উদ্ধি প্রান্ত উক্ত অকিপুটের নিয় দিয়। অন্তর্নিবিষ্ট করিয়া, পরে ঐ অকিপুটকে পতিত হইতে দেওয়া উচিত। অতঃপর নিয়াক্ষিপুটকে চাপিলে, ও এই বিষয়ে স্বল্প হস্ত নৈপুণ্য থাকিলে, উক্ত কৃত্রিম চক্ষুর অবশিষ্টাংশ নিয়াক্ষিপুটীয় সাইন্যে নিমজ্জিত করিতে পারা যায়।

কৃত্রিম চক্ষু বহিদ্ধত করিবার সময় নিয়াক্মিপুটকে উণ্টাইতে হয়, এবং অঙ্গুষ্ঠ-নথ বা কোনবিধ অস্ত্রের অগ্রভাগ ঐ কৃত্রিম চক্ষুর নিয় প্রান্তের নীচে প্রবিষ্ঠ করিলে, উহা অকিগোলকের অবশিষ্ঠাংশ হইতে স্থালিত হইয়া, পাতিত হস্তে কিম্বা কোমল গদিতে বিচ্যুত হইয়া পড়ে।

এইরপে ক্রিম চক্ষ্ বহিষ্কৃত করিয়া, উহাকে জলমগ্ন করতঃ শুদ্ধরপে পোত করিতে হয়। কালজ্রমে কোন না কোন কারণে যথন উহা ক্ষয়িত ও কর্কশ হয়, তথন উহা কন্জংটাইভাকে অত্যন্ত উত্তেজিত করে; স্থতরাং এইরূপ হইলে, অথবা ঐ কাচখণ্ডের উপ্রিভাগে কোনরূপ পরিবর্ত্তন না ঘটিয়াও যদি উহা রেয়মীর কোন অস্ত্রবিধার কারণ হয়, তবে তাহা পরিধান করা কোনমতেই বৈধ হয় না। পরিধান করিলে, অন্য চক্ষ্তে ভয়ানক সম-বেদন জনিত উত্তেজনা (Sympathetic irritation) উত্তেজিত হইতে পারে।

রাত্রিকালে সর্বাদাই এই ক্তরিন চক্ষু বহিস্কৃত করিয়া রাখিতে হয়; এবং প্রাথমং পরিধানকালে কেবল দিবাভাগেই ছুই এক ঘণ্টাকাল মাত্র পরিধান করা উচিত।

অনুগ্রির Diseases of the (Lachrymal gland) পীড়া।

তাক্র প্রতির প্রদাহ।——— এই প্রদাহ প্রবল বা পুরাতন উভয় প্রকারই হইতে পারে। কিন্ত প্রবল প্রদাহ উপস্থিত হইতে কদাচিৎ দেখিতে পাওয়া যায়। পুরাতন প্রদাহও সচরাচর দেখিতে পাওয়া যায় না; তবে ক্ষন্থ এই রোগ স্কু কুলা (Scrofula) রোগাক্রান্ত ব্যক্তি সকলে আবিভূতি হইতে দেখা যায়। অশ্গ্রন্থির গুঢ় অবস্থান প্রবুক্ত, সাক্ষাৎ কোন প্রকার আবাত ইহাতে লাগিতে পারে না। কিন্তু অন্য পক্ষে যদি উহা প্রদাহিত

হয়, সেই প্রদাহ চতুপার্শ্বরত্তী সংযোজক টিস্কতে প্রসারিত হইরা পড়ে। অপিচ সচরাচর কোষিক-ঝিল্লী প্রদাহ এবং এই গ্রন্থি-প্রদাহ বিভিন্নরূপে নির্ণয় করাও অতিশয় অসম্ভব।

লক্ষণ |---- রোগী অকিকোটরে ভরানক বদ্ধনবং যন্ত্রণ অন্তব করে। উহা ললাটদেশ ও মন্তকের পার্যদেশ পর্যান্ত বিস্তৃত হয়। অফি-গোলক অধঃ ও সমুধদিকে, বা অভ্যন্তর ও পশ্চাদ্দিকে প্রতিচাপ প্রাপ্ত হওয়াতে, অকিপুট ও কন্জংটাইভা গাঢ়য়পে আরক্তিম ও সমধিক শোফ্যুক্ত হয়। অধিকন্ত এই সকল লক্ষণের সঙ্গে ২ সচরাচর জর উপস্থিত হয়। আর যদি প্রদাহ-ক্রিয়ার বৃদ্ধি হয়, তবে সত্তর অক্তিকেটিরের উদ্ধিও বহিদ্দেশে পূরগতি অন্তত্ত হইরা থাকে; এবং কিছুকাল পরে, উদ্ধান্ধিপুট হইতে এক বা তদ্ধিক ছিদ্র দিয়া পূম নির্গত হওয়ায়, স্ফোটকান্তর্ক ভী সমুদায় বস্তু নিঃস্ত হয়; স্কুতরাং শোফ এবং প্রদাহ ক্রমশঃ হ্রাস হইতে থাকে। যাহা হউক, কোন ২ সময়ে পেরির্ষ্টিয়ম, এবং তাহার কিয়ৎ পরে গ্রন্থির সন্নিকটবর্ত্তা অস্থি পর্যন্তও পীড়িত হয়। এইরূপ স্থলে একটি নালীপথ সমুদিত হইয়া যতদিন পর্যান্ত না পীড়া আরোগ্য হয়, ততদিন পর্যান্ত উন্ক্তাবে অবস্থান করে। অশ্রগ্রির পুটাস্থির প্রদাহে অক্লিকোটরের উদ্ধ ও বাহ্দিগে একটি গ্রন্থিবৎ শোফ দৃষ্ট হয়। ইহার উপরিস্থ চর্ম্ম স্বাভাবিক থাকে এবং বেদনা প্রায়ই থাকেনা। ইহা যত বৃদ্ধি পায় অক্নিগোলকও তৎসঙ্গে এক দিকে অপস্ত হয়। এই অবস্থায় গ্রন্থি যে দে সময়ে তরুণ প্রদাহ দারা আক্রান্ত হইতে পারে।

চিকিৎসা।— প্রবল প্রদাহ হইলে, পীড়ার প্রথমাবস্থার পীড়িত স্থানে জলোকা এবং শীতল জলের পটি সংলগ করিয়া প্রোৎপত্তি নিবারণ করিতে হয়। পরে যদি প্রোৎপত্তি অনিবার্য্য হইয়া পড়ে, তবে উত্তপ্ত পোল্টিস ক্রমশঃ হই ঘণ্ট। অন্তর ঐ স্থানে সংলগ্ন করা বিধেয়। শারীরিক উত্তেজনা নিবারণ করিতে সচরাচর মর্ফিয়া ব্যবহার করা উচিত। আর যদি জরজ লক্ষণ সকল প্রকাশমান থাকে, তবে আমরা সচরাচর বে ডায়েকারেটিক্ নিক্শার অর্থাৎ সেদ নিঃসারক ঔষধ ব্যবহার করিয়া থাকি, তাহা দেবন করা বিধেয়। এই অবস্থান স্ফোটক যত সত্বর শস্ত্র ভিয়

হয়, ততই উত্তন। এই নিমিত্ত যথন উহাতে পূরগতি অনুভূত হয়, তথনই এন্থি মধ্যে সরলভাবে শস্ত্র নিমজ্জিত করিয়া, বিস্তৃতভাবে শস্ত্রকর্ম সম্পাদন করিতে হয়।

অশ্রুক বিরুদ্ধি (Hypertrophy)।— কুকুলস ডারে-পেসিদ্ রোগাক্রান্ত যুবাদিগেরই ল্যাক্রিয়াল্ প্লাণ্ডের বিবৃদ্ধি হইরা থাকে। প্রাণ্ডের বৃদ্ধি প্রুক্ত চকুর গতি মৃত্ হয়; এবং তরিমিত্ত অন্যান্য লক্ষণা-পেক্ষা প্রধানতঃ রোগী দিলৃষ্টি রোগাক্রান্তই হইরা থাকে। পরীক্ষা করিলে, রোগীর উর্দ্ধান্ধিপুটীয় বহির্দ্ধেশের পশ্চান্তাগে বিবর্দ্ধিত গ্রন্থি দেখিতে পাওয়া যায়। উহাকে ম্যালিগ্ন্যাণ্ট গ্রোথ্ বলিয়াও ভ্রম হইতে পারে। কিন্তু উহাতে কোন প্রকার যাতনার লেশ মাত্রও বোধ হয় না। উহাক্রমশঃ মৃছ্ ভাবে পরিবর্দ্ধিত হইতে থাকে। বাহা হউক, কালক্রমে গ্রন্থির এই শোফ ক্রমশঃ হান হইয়া, পরিশেষে একেবারে তিরোহিত হয়; অথবা উহাতে পুরোহপত্তি হইয়া, উহা পুরাতন ক্ষোটকাকারে পরিণত হয়। এই ক্ষোটক হইতে কতিপয় মাস পর্যান্ত নিরন্তর পৄয় নির্গত হইতে থাকে। ইহাতে রোগী যয়ণা বোধ না করিয়া, বয়ং অধিক বিরক্তি বোধ করে।

আমরা সশ্রু গ্রন্থির বিবৃদ্ধি উপশমার্থে, উত্তম খাদ্য, বিশুদ্ধ ও পরিষ্ঠ বায়ুসেবন, কড্লিভার অইল এবং আইডাইড্ অব্ আইরণ এই কয়েকটি দ্বারের উপর প্রধানতঃ নির্ভর করিয়া, পরিশেষে যাহাতে উক্ত অর্ক্দুপদার্থ ফ্রাসিত ও লুকায়িত হইয়া যায়, তিদ্বিয়ে বিশেষ সচেষ্ঠ থাকি। এরূপ হলও ঘটিতে পারে, নেখানে গ্রন্থি নিক্ষাশন করাই কেবল রোগোপশমের একমাত্র উপার †। ফোটক মধ্যে প্রোৎপত্তি হইলে, সত্বর শস্তু নিমজ্জিত করিয়া, তদন্তর্বার্তী সমুদায় পূয় বিনিঃস্ত হইতে দেওয়া উচিত।

কাইবো-প্লাফিক্ এবং ক্যান্সারস্ বা কার্কটিক্ উদ্বন্ধন ( Fibro-plastic And Cancerous Growths )।——অঞ্-এছি

<sup>\*</sup> Tyrrell "On the Eye," vol. i. p. 504.

<sup>†</sup> An instance of this kind will be found in the Ophthalmic Review, vol. i. p. 163.

কথন ২ ফাইত্রো-প্রাষ্টিক্ গোণ্দ্ এবং দ্বিরদ্ কিদা নিলানোসিদ্ অর্ল্ব্দ্রারা সমাক্রান্ত হয়। প্রথমোক্ত রোগ ইইলে, নিয়লিখিত লক্ষণ সকল প্রকাশ পার।—অক্নিপোলক অধঃ ও পশ্চাৎদিকে ন্যাধিক স্থানান্তরিত হয় এবং কিছুকাল পরে উর্দ্ধান্ধিপুটের বহিঃস্থ পশ্চাদ্দেশে বিবর্দ্ধিত গ্রন্থি প্রের্মান্তিক্ গোণ্দ্ সচরাচর অল্লে পরিবর্দ্ধিত হইতে থাকে; এবং পরিবর্দ্ধিত ইইলেও কোন প্রকার মন্ত্রণ প্রদান করে না। যদি এই অবস্থার কার্ক্টিক্ রোগ উৎপন্ন হয়, তবে উল্লিখিত লক্ষণ ভিন্ন উহাতে শরীরের অন্যান্য স্থানে এই ম্যালিগ্ন্যাণ্ট্ পীড়া হইলে, বে'্থ লক্ষণ অভ্যুদিত হয়, তৎসমুদারও দেখিতে পাওয়া যায়।

পূর্ব্বে অক্লিকোটর হইতে স্কির্ম অপনয়ন বিষয়ে বেরূপ চিকিৎসার আলোচনা করিয়াছি, অশ্গ্রন্থির ম্যালিগ্স্থান্ট্ পীড়ার পঞ্চেও তদ্ধপ চিকিৎসার প্রয়োজন।

পক্ষান্তরে, বিবর্দ্ধন অথবা ফাইব্রো-প্র্যাষ্টিক উদ্বর্দ্ধন হইলে, গ্রন্থি নিম্বাশন
করা উচিত। তাহা না করিলে, উহা ক্রমশঃ অধিক দিন পর্য্যন্ত অক্নিগোলকের
উপর চাপ প্রদান করিয়া, পরিশেষে চক্ষুকে একেবারে বিনম্ভ করিতে পারে।

ভাশ্যন্থি-নিজ্বাশন।—— স্থপা-অবিট্যাল্ রিজ্ (Supra-orbital ridge) অর্থাং উর্দ্ধ অক্রিকোটরপ্রাচীরেরবহিঃ দ্ব বিজঃশের সমান্তরভাবে উর্দ্ধাক্ষিপুটের ভিতর দিয়া, লম্বে সার্ক্রিক ইঞ্চি পরিসিত কর্ত্তন করিতে
হয়। পরে কর্ত্তিত স্থানের প্রান্ত কাক করিয়া, কৌষিক-বিল্লী বিভাজিত
এবং উক্ত গ্রন্থিও তাহার আনুবন্ধিক লোব্ (Accessory lobe) উল্পুক্ত
ও অনাবৃত হইলে, একথানি স্থ্যাল্পেলের বাঁট দিয়া গ্রন্থিকে সমুদার বাহ্য-সংস্রব
হইতে বিচ্ছিন্ন করিয়া, পরিশেষে উহা নিদ্ধাশিত করা বিধেয়। এই
অন্ত্রাবাতিতস্থান হইতে গাঢ় রক্তপিও সবত্রে পরিক্রতন্তপে প্রোত করিতে হয়;
এবং আবাতিত প্রান্ত স্কার্ দারা একত্র করিয়া, তথার শীতল জলের পটী
আবৃত করাই সর্ব্বতোভাবে বিধেয়।

নিষ্ঠার জে, জেড্লরেন্স্ সাহেব অকিকোটরপ্রাচীরের উদ্ধ ও বহিঃস্ত্তীয়াংশে, লমে । ইঞ্প পরিমিত করিয়া আড়া আড়ি ভাবে কর্তন করিয়া থাকেন। তদনন্তর তিনি অকিপুট্দয়ের বাহ্য সংযোগস্থান হইতে পূর্ক্রোক্ত

বিদারণের বহিঃপ্রান্ত পর্যান্ত কাঁচি দারা বিভাজিত করিয়া, একটা ত্রিভুজাকার স্থান নিদাশিত করিয়া কেলেন। অঞ্গ্রন্থি এইরূপে সহজে অনাবৃত হইলে, একটা তীক্ষাগ্র হুক্ নামক অস্ত্র দারা উহাকে ধৃত করিয়া, সম্মুখদিকে টানিলে, উহা নিদ্ধাশিত হইয়া পড়ে। তৎপরে কর্ত্তিত স্থানের প্রান্তকে স্কুচার্ দারা সম্বন্ধ করিতে হয়। কর্ত্তিত স্থানের সরল দাগগুলি, অতঃপর, উদ্ধান্ধিপুটের লোল চর্ম্মে অবস্থত হইয়া, (সত্তর অদৃশ্র হইয়া পড়ে। \* নিদ্ধাশিত অর্কুদের আকারান্ত্র্সারে কর্ত্তিত স্থানের আকারও নানাবিধ হইয়া থাকে।

অস্বাস্থ্যজনক পদার্থের উদ্বর্ধন দার। যদি অক্ষিগোলক কোটর হইতে বহিভূতি হইয়া আইদে, তবে অস্ত্র করিবার পরেই অক্ষিপুটের উপরিভাগে প্যাড্ দারা বন্ধন করা উচিত। যতদিন পর্যান্ত টিস্থ সকল সম্কুচিত হইয়া প্রকৃত আয়তন প্রাপ্ত না হইবে, ততদিন পর্যান্ত অক্ষিগোলককে এইরূপে স্বস্থানে অবস্থিত রাখা সর্বতোভাবে উচিত।

<sup>\*</sup> Medical Times and Gazette, Sept. 1, 1866, p. 231.

## চভূর্থ অধ্যায়।

### অক্ষিপুটের রোগাবলি।

#### আঘাত এবং অপায়।

তাক্ষিপুট নিজেষণ — অক্লিকোটর অথবা অক্লিপুটের প্রান্তভাগে আবাত লাগিলে, ঐ স্থান ক্ষীত ও ইকিমোসিস্ (Ecchymosis) সমাযুক্ত হয়; এবং চক্ষু কৃষ্ণবর্গ হইয়া পড়ে। মুখের এই পরিদৃশ্যমান স্থানের আবাতজনিত বিকৃতি নিবারণ অভিপ্রামে, অনেক রোগী আমাদের নিকট পরামর্শ জিজ্ঞানা করিতে আইসে। আবাত লাগিবার পরক্ষণেই, যথন আবাতিত স্থানের শিথিল কৌষিক-ঝিল্লীতে অধিক পরিমাণে রক্ত উৎপ্রবেশিত হইয়া পড়ে নাই, তথন যদি রোগী আমাদের নিকট আইসে, তবে আমরা ৮ ভাগ জলের সহিত সংমিলিত ১ ভাগ টিংচার অব্ আর্ণিকার একথণ্ড লিণ্ট্ সমার্দ্র করতঃ, উক্ত আবাতিত স্থানে প্রদান করিয়া, আর অধিক ইকিমোসিস্ আবিভূতি হইতে সম্পূর্ণ বাধা দিতে পারি। "এইক্রণ হইলে, উৎপ্রবিষ্ট রক্ত চতুম্পার্শে আশোষিত হইয়া যায়, বর্ণের বিকৃতি নিবারিত এবং যন্ত্রণ ও কাঠিত্য শান্তিপ্রাপ্ত হয়;" \* অথবা এই চিকিৎসায় মিউরিয়েট্ অব্ য়্যামোনিয়া সলিউশন্, য়াসিটেট অব্ লেড্ সলিউশন্, বা বরফ ব্যবহৃত হইতে পারে। যাহা হউক, এইরপ অবস্থায় অক্লিপুট সতত বিশ্রাস্তভাবে মুদিত করিয়া রাখা জত্যাবশ্রক।

<sup>\* &</sup>quot;Elements of Materia Medica," by W. Frazer, 2: d edit., p. 278.

অকিপুটের ইকিমোসিদ্ অপেকাক্ত ওকতর অপায়ের দূরফল স্বরুপ হইতে পারে। এই গুরুতর অপায়ে যথন মস্তকে আঘাত লাগিয়া অকি-কোটরপ্রাচীরের এক বা তদ্ধিক উপাদের অস্থি ভগ (Fracture) হর, তথন এই ইকিমোসিস্ উক্ত রোগের ভয়ানক চিহ্নস্বরূপ হইয়। উঠে। এইরূপ স্থলে মাদিন অপায়ের অবস্থান, অকিপুটের ক্ষীত ও রুঞ্চ-রক্ত আভা এবং ইকিনোসিসের ক্রমবর্দ্ধন, এই সকল দারা আ্বাতের গুরুতর প্রকৃতি স্থাপ্ত অমুভূত হয়। এই আবাতে অস্থি ভগ্ন হইলে, রক্ত, আক্ষিক কন্জাংক্টাইভার নিম্নে অক্সিপুটের কৌষিক-বিল্লীতে উৎপ্রবেশ (Effuse) করে। অতএব ইহা দেখা যাইতেছে যে, যদি অক্লিকোটরের অধঃপ্রাচীর ভগ্ন হয়, তবে অক্সিগোলকের অধার্দ্ধমগুলীয় কনজাংক্টাইভার তলভাগে এবং অধাক্ষিপুটে, প্রথমতঃ ইকিমোসিদ প্রকাশিত হয়। তদ্ধপ, যেগানে ফ্ট্যাল বোনের जित्ति है। त्या प्राप्त विकास कि वि विकास कि वि উৰ্দ্ধান্দিপুটে ও কনজাংকটাইভার উৰ্দ্ধদেশে প্রথমে প্রকাশিত হয়। যাহা হউক, এইরূপ উদাহরণে ইকিমোসিদ কোন প্রকার গুরুতর বিষয় নহে; তবে উহা দারা কেবল আবাতের গূঢ়প্রকৃতি অবগত হওয়া যায় বলিয়া, তিষিয়ে মনোযোগ দেওরা অত্যাবশ্রক।

ছিন্নাঘাত।—— সামাত আবাত লাগিয়া অকিপুট ছিন্ন হইলে, আবাতিত স্থানের প্রান্ত এক বা তদধিক রেনমের বা রৌপ্য তারের স্থচার্ দারা একত্র সম্বন্ধ করিয়া, পরে তথায় শীতল জলের পটি সংলগ্ন করিতে হয়। তুই বা তিন দিবদ পরে স্থচার্গুলি বহিষ্কৃত করা যাইতে পারে; কিন্তু তথন পর্যান্তও অকিপুট মুদ্রিত রাখিয়া, কম্প্রেদ্ এবং ব্যাণ্ডেজ্ দারা উক্ত অংশ সম্পূর্ণ বিশ্রান্ত রাখা সর্ব্ধতোভাবে পরামর্শসিদ্ধ। এইস্থলে ইহাও বলা বাহুল্য বে, অকিপুটের এই ক্রটন বাহুতঃ দেখিলে সামাত্য বলিয়া বোধ হইতে পারে; কিন্তু হয় ত উহা অকিকোটরে গভীররূপে প্রবিষ্ঠি আবাতের বহিঃস্থ চিক্ত মাত্র। এইরূপ স্থলে ব্যগ্র হইয়া সম্বর মঙ্গলজনক ভাবিফল প্রকাশ করা কোন্মতেই বৈধ হয় না।

লিভেটন্ প্যাল্পিত্রি পেশীর স্থ্য সকল বিভাজিত করিয়া অক্ষিপুট ছিন্ন হইলে, উক্ত েশীর কার্য্যাদি বিন্ত হইতে পারে; স্কৃতরাং ভাহা হইলে, রোগীর অক্ষিপুট উত্তোলিত করা অসম্ভব হইরা উঠে। কোনং স্থলে অক্ষিপুট অথবা স্থা-অর্কিট্যাল প্রদেশ নিপিষ্ট বা অস্ত্রাঘাত দারা অপায়গ্রস্ত হইলে, লিভেটর প্যাল্পিত্রি পক্ষাঘাতিত হইয়া পড়ে। আর কোন স্থলে কেবল টোসিস্বা অক্টিপুটের পতন হয় এমত নহে, উক্ত চক্ষুর দৃষ্টির ও ক্রমশঃ হানি হইয়া আইদে। এই বিষয় স্পষ্ট করিয়া বুঝাইবার নিমিত্ত, আমরা সাহস করিয়া বলিতে পারি বে, পঞ্চম সায়ুর কোন কোন শাখা অপায়গ্রস্ত হইরা থাকে; তদ্বারা তথা হইতে অফ্থ্যাল্মিক্ গ্যাংলিয়ন্ এবং ক্যারোটিড্ প্লেক্সদে উত্তেজনা আসিয়া, পরিশেষে সমবেদন সায়ুকেও পীড়িত করে। এইরূপ ঘটনা হওয়ায়, উক্ত য়ায়ৣয় কৈশিক নাড়ী মগুলে দীর্ঘস্থায়ী রক্তপূর্ণ অবস্থা সংঘটিত হইয়া ও তদবস্থা দারা সায়ুর ভৌতিক উপাদান সকল পরিপোষণ-রহিত হইয়া, উহাদের শুকতা প্রাপ্ত হয়; এবং তদ্বারা প্রাপ্তক ফলোৎপত্তি হইরা থাকে। যাহা হউক, এই বিষয় স্মরণ রাখা উচিত নে, অক্সিপুটের যে সকল অপায় বাহদর্শনে সামান্ত বলিয়া বোধ হয়, তভারা কথনং লিভেটর প্যাল্পিত্রি, অর্থাৎ পুটীয় লিভেটর্ বা উদ্ধাকর্ষক পেশীর পকাবাত, অথবা অপায়িত চকুর দৃষ্টি, সম্পূর্ণ বিনাশিত হইতে পারে। চক্ষুতে মুষ্ট্যাবাত বা পতন হইলে রেটিনার পার্থক্য জন্ম রোগতে কএরূপ প্রকার উদাহরণের সহিত ভ্রম করা উচিত নহে। প্রথমোক্ত হলে চকুতে মুধ্যাপাত বা পত্ন হইলেই দৃষ্টিহানি ঘটে, এবং অফ্থ্যাল্মস্কোপ দারা অপায় প্রকৃতি বুঝিতে পারা যায়।

অকিপুটের আবাত হইলে, আবাতের ছিন্ন প্রান্ত একত্র করা, কিঞ্চিৎ কষ্টকর বোধ হয়। অগ্রে বাহ্-পদার্থ সকল, অথবা নির্গত গাঢ়রক্তপিও পোত ও ছিন্ন প্রান্ত সকলকে সন্তবতঃ একত্র সমবেত করিয়া, স্থচার্ ঘারা মুগ সমন্দ করিতে হয়। নতুবা পরিশেষে অস্থলর বা দ্রবিস্তৃত ক্ষতিছে হইরা ও নেই ক্ষতকলন্ধ পরিশেষে সন্তুচিত হওতঃ, অকিপুটকে অল্প বা অধিক পরিমাণে উল্টাইরা রাথে। কথন২ এই সকল বাহ্নিক সামাত্র বিবরে মনোযোগ না করার, ছিন্নপ্রান্ত একত্রীভূত হইতে পারে না; এবং বোগোপশ্য হইরা পরিশেষে একটা দীর্ঘ ছেদ্দ বা ক্ষুদ্র গহবর অক্ষিপুটে অবশিষ্ট থাকে। \*

<sup>\*</sup> Lawrence "On Diseases of the Eye," 2nd edit, p. 89.

দা (Burns)। — অফিপুট কখন অগ্নি, বারুদ অথবা অহা কোন প্রকার অগ্নিভোজ্য দ্রব্যের সহসা বিক্ষাটন দারা বিক্লুত অবস্থাপন হইরা থাকে। এই সকল স্থলে যাহাতে ক্ষত চিহ্ন সহসা উৎপন্ন ও সন্ধৃচিত হইতে না পারে, তদিষয়ে সম্ভবতঃ যত্ন করা উচিত; নতুবা ক্ষত স্থানে ঔব-ধাদি প্রলেপন করিতে সাতিশয় যত্ন না করিলে, উহা অবশুই সমুচিত হইয়া যায়। কার্বলিক য়াসিড় মিশ্রিত তৈল বা গ্লিসিরীনে একথও লিণ্ট সমার্দ্র করিয়া উক্ত ক্ষত স্থানে প্রদান করিতে হয়; এবং যতদিন পর্যান্ত ক্ষত শুদ না হয়, ততদিন পর্যান্ত অক্লিপুট অক্লিগোলকের উপরিভাগে বিস্তৃতভাবে রাথিবার জন্ম কম্পেদ্ এবং ব্যাণ্ডেজ্ দারা স্মাবদ্ধ রাথা উচিত। দিবদে ছই বা তিন বার করিয়া ঔষধ বিলেপনাদি করা এবং মধ্যে২ ক্ষত স্থান উষ্ণ জল দারা ধৌত করা, বিধেয়। কিন্তু ক্ষত স্থান যাহাতে পরিষ্কার দেখায়, তিরমিত্ত সাতিশয় ব্যগ্র হইলে, সচরাচর মন্দ ফলোৎপত্তিই হইয়া থাকে। এইরূপ স্থলে ক্ষত স্থানের উপরিভাগ স্পঞ্বা আর্দ্র চীরবাস দারা ঘর্ষণ বা মর্জন করা কোনমতেই বিধেয় নহে; কেবল প্রাতঃসন্ধ্যা ছুইবার করিয়া বিলেপন ঔষধ পরিবর্ত্তন করিয়া, প্যাত্ ও ব্যাত্তেজ্ দারা সমাবদ্ধ করিয়া রাখিলেই যথেষ্ট হয়।

অক্লিপুট্বয়ের প্রান্তভাগ হইতে যদি এক পর্দা পাতলা ত্বক্ উন্মোচিত হইরা যার, তবে তাহাদের পরস্পর সংলগ হইবার অনেক সম্ভাবনা আছে; বিশেষতঃ উহাদের অন্তর ও বহিরপাঙ্গ প্রদেশ প্রান্থই সংমিলিত হইতে পারে। এইরূপ স্থলে চক্ষু সতত উন্মীলিত করা, এবং, যতদূর সম্ভব, অক্লিপুট্বয়কে পরস্পর পৃথক্ভূত রাখা, উচিত। ইহাতে যদি কোন স্থান সংযোজিত হইরা থাকে, তবে তাহাও বিচ্ছিন্ন হইরা যাইবে। সমভাগ গ্লিসিরীন্ এবং প্রার্চ একত্রে উত্তপ্ত করিয়া যে মলন প্রস্তুত হইয়া থাকে, তাহা অথবা ক্যাকোয়া বটার্ বা তজ্ঞপ আর কোন দ্বরা, যাহার কোন উত্তেজক গুণ নাই, তাহা অক্লিপুট্বয়ের প্রান্তভাগে সংলিপ্ত করিতে হয়; করিলে অক্লিপুট্বয়ের অপক প্রান্ত সংযোজিত হইতে পারে না। অধিকাংশস্থলে যাহাতে অনাবৃত অক্লিপুট তদাবরক চর্দ্মের সহিত কোন প্রকার রাসায়নিক (Chemical) বা যান্ত্রিক পদার্থ (Mechanical Agents) দ্বারা ক্ষতিগ্রস্ত

#### जिक्तिशृष्ठे-श्रमार।

ইরিসিপিলাস্ (Erysipelas)।— অক্নিপ্টের চর্ম ফুেগ্নোনস্ অথবা ইরিসিপিলেটস্ প্রদাহ সমাযুক্ত হইয়া থাকে। এই শেষোক্ত প্রদাহ, সাধারণতঃ ঠাগুল অবস্থান অথবা অশ্রুথলীর (Lachrymal sac) প্রেবংশনির পরবর্ত্তী হইয়া, চতুম্পার্শ্বর্ত্তী স্থান সকল হইতে দ্রবিস্তৃত হয়।

এই সকল স্থলে অন্ধিপুট আরক্তিম ও ফীত এবং প্রদারিত হয়, এবং প্রদাহিত চর্মের উপরিভাগে প্রায়ই কতকগুলি ক্ষুদ্রং ভেসিকেল্ বা ফোরা সমুংপন্ন হইয়া থাকে। পরে তাহারা বিষ্কৃটিত হইয়া তন্মধ্য দিয়া মাস্তক ক্রেদরস (Sero-purulent fluid) বিনিঃস্বত হইয়া থাকে। রোগী ঐ স্থানে স্কড্স্ম্ন্ডানি ও দাহকর বেদনা অন্তব করে; এবং অন্ধিকোটরের কৌষিক-বিধান আক্রান্ত না হইলে, আর কোন প্রকার গভীর যাতনা অন্তব করে না। অধিকাংশ স্থলে প্রদাহ ক্রিয়া সত্বর শান্তিপ্রাপ্ত হয়; স্কতরাং তত্তৎত্তলে পীড়িত অংশ পূর্ববং প্রকৃত অবস্থাপন্ন হয়। কিন্তু গুরুতর স্থলে কৌষিক-বিধান বিগলিত হইয়া থওং রূপে বহির্গত হয়। ইহাতে প্রায়ই অন্ধিপুটের গৈশিক্যন্ত বিকৃত হইয়া পড়ে; কিম্বা চর্মের কিয়দংশ বিনপ্ত হইয়া এক্ট্রো-পিয়ম্ (Ectropium) রোগের উৎপত্তি হয়; অর্থাৎ অন্ধিপুট সন্মুখিদিকে উন্টাইয়া আইসে।

চিকিৎসা।—— অকিপুটের ইরিসিপিলেটস্ প্রদাহের প্রথমাবস্থায়, নাইট্রেট্ অব্ সিল্ভাব্ সলিউশন্ (১ ওল জলে ১ ড্রাম) চর্মের উপবিভাগে বিলেপন করা যুক্তিসঙ্গত। প্রদাহ ক্রিয়া অধিকতর দূর পর্য্যন্ত বিস্তৃত হইতে পারিবে না বলিয়া, উক্ত বিলেপন প্রদাহ-সীমাতীত স্থানেও প্রলেপিত করিতে হয়। তৎপরে তথায় শীতল জলের পটী সংলয় করাইতে পারে। আর যদি উহাতে প্রোৎপত্তি হয়, তবে অকিপুটের চর্ম্ম ও কৌষিক বিধানে অস্ত্র করিয়া, তৎস্থানে পোল্টিম্ প্রদান করা উচিত। আঘাতিত স্থানের চত্তৃপার্ম্বর্ত্তী চর্ম্মে, প্রথমতঃ টিংচর্ অব্ মিউরিয়েট্ অব্ আইরণ্ দারা প্রলেপিত করা এবং পরে উহা সেবন করাও উচিত। যাহা হউক, প্রেলিদিয়ত অকিকোটরের কৌষিক-বিল্লীর ইরিসিপিলাম্ রোগের স্থায় ইহাতেও টিংচর্ অব্ দেস্কি কোরাইড্ অব্ আইরণ্ স্থিম্যুলেন্ট্ ম্ বা উত্তেজক ওবধ এবং বীফ্-টা ব্যবস্থা করা অতীব প্রয়োজনীয়।

অকিপুটে এবিধিধ গুরুতর ইরিদিপিলাস্ রোগ অতি কদাচিৎ আবিভূতি হইনা থাকে; কিন্তু উহা আবিভূতি হইলে, প্রারই নিকটবর্ত্তী নির্মাণে বিস্তৃত হইনা, অকিকোটরাভ্যন্তরীণ পদার্থ সমূহকে পীড়িত করত, স্ক্যান্ত্র (Scalp) পর্যান্ত প্রস্তুত হয়। যাহা হউক, এবন্ধিধ হলে, রোগের প্রথমাবস্থান্ত পীড়িত স্থানে নাইট্রেট্ অব্ সিল্ভার্ প্রলেপিত করিলে, নিশ্চরই পীড়ার বৃদ্ধি হুগিত হইনা যায়।

ক্যেন্নস্ (Phlegmonous) প্রদাহ।— এই প্রদাহ সর্বাদ উর্দান্দিপুট আক্রমণ করিয়া থাকে। ইহাতে অন্দিপুট আরক্তিম ও ক্ষীত এবং মাংস কঠিন হইয়া যায়; এবং এতদবস্থাপন হইলে উহাতে ভয়ানক কষ্ট প্রদান করে; কিন্তু পরিশেষে যথন কিছুদিনের পর উহাতে প্রোৎপত্তি হইয়া বহির্দেশে ক্ষোটকাকারে পরিদর্শিত হয়, তথন উহা বিদীর্ণ হইয়া, অভ্যন্তরম্থ পদার্থ সকল নিঃস্থত করত, রোগীর কষ্টভার লাঘ্য করে; এবং রোগ লক্ষণ সকল সত্তর অপনীত হইতে থাকে।

চিকিৎ সা। — এই রোগের প্রথমাবস্থার পীড়িত স্থানে উগ্র নাইট্রেট্ অব্ সিল্ভার্ সলিউশন্ প্রলেপন করিলে, রোগের প্রকোপ নিবারিত
হইয়া আইসে। কিন্তু যদি উহাতে অনিবার্য্য প্রোপত্তি হইয়া থাকে, তবে
পোল্টিস্ প্রদানানন্তর সত্তর উক্তস্থানে অস্ত্র করা বিধেয়। মত্বর অস্ত্র
নিমজ্জিত করিবার প্রধান উদ্দেশ্য এই বে, তদ্বারা পূয় অক্সিপ্টের কৌষিকবিল্লী বিনপ্ত করিতে বা তন্মধ্যে গহ্বরিত হইতে পারে না; বরঞ্চ অস্ত্রোপাচার
না হইলে, প্রাপ্তক্ত বিষয় সকল সংঘটিত হইয়া, বৃহৎ ক্ষতকলন্ধ এবং
এক্ট্রোপিয়ম্ রোগের আবির্ভাব হইতে পারে। যাহা হউক, এইরূপ প্রকার
ক্যেটিকে অস্ত্র নিমজ্জিত করিবার সময়, অন্তর্দিক হইতে বহির্দিক পর্যান্ত
অর্থানী অস্ত্র করা পরামর্শসিদ্ধ ।

ত্রপদাং শিক ক্ষত (Syphilitic Ulceration)— প্রাথমিক বা গৌণ সিফিলিদ্ হইতে ঔপদাংশিক ক্ষত জন্মিতে পারে। কন্জংটাইভার ভিরাদ্ লাগাইলে, প্রথমে ক্রি স্থলে, রোগ, সচরাচর, ঐ স্থান হইতেই আরম্ভ হইয়া, ক্রমে চর্ম্ম এবং পরিণামে অক্ষিপুটের সন্তঃস্তর পর্যান্ত আক্রমণ করে। সাধারণতঃ অক্সিপুটের ঔপদাংশিক ক্ষত, গৌণ উপদংশ কারণেই, উৎপন্ন
হইনা থাকে\*। আমি এরূপ কতকগুলি অভ্রমাত্মক স্থল দেখিনাছি, যাহাতে
অক্সিপুটের অধিকাংশ ভাগ বিনষ্ট না হইলে, এইরূপ রোগের প্রকৃতি বিশেষ
রূপ অবগত হওনা যান নাই। এই সকল অবস্থান, ক্ষত, সচনাচর অক্সিপুটের
প্রোক্তভাগ হইতেই আরম্ভ হন। প্রথমতঃ কেবল অক্সিপুটের চর্ম্ম আক্রান্ত হন্ন,
কিন্তু কিছুকাল বিগত হইলে পুটোপাস্থি এবং অন্তান্ত নির্মাণ্ড আক্রান্ত
হন, এবং এইরূপে অক্সিপুটের সমুদান বেধ ক্ষতসমবেত হইনা পড়ে।
ক্ষত স্থানের প্রান্তভাগ উল্টাইনা যান, ও সমধিক পুট হন; এবংতজ্পরি
হইতে অবিরত রক্তান্ত কেদরস বিনির্মত হইতে গাকে।

এই রোগে যাতনার আধিক্য নাই, এবং মৃত্যুত্রপে রোগ বৃদ্ধি প্রযুক্ত, রোগা উক্ত পীড়িত স্থানে কদাচিং কঠ অন্তত্ত্ব ও প্রকাশ করে। কিন্তু রোগাক্রান্ত হইবার সময় রোগা তুর্লল ও শীর্ণ বিশীর্ণ হইলে, সত্বর রোগের বৃদ্ধি হইলা, সমুদায় অক্সিপুট, পীড়িত হওতঃ, ভয়ানককঠ প্রদানকরে। কোন কোন স্থলে বাহ্য চর্ম্মনাত্র কতাক্রান্ত হয়, এবং তত্তংস্থলে পীড়া দীর্যস্থারী হইয়া কোনে প্রকার যাতনা প্রদান করে না। অত্যাব যে স্থলে রোগি দীর্যস্থায়ী অথচ সত্বর বর্দ্ধনান অক্সিপুটের ক্ষত রোগ সম্ভোগ করিতে থাকে, এবং যরিবারণে সাধারণ ঔর্বাদি বিদ্দল হইয়া যায়, তথায় উপদংশ পীড়াই এই রোগের কারণ বলিয়া অন্থমিত হয়। রোগের পূর্দে বৃত্তান্ত এবং আন্থম-দিক লক্ষণ সকল দ্বারা আন্রান্ত রোগ নির্বাহ করিতে পারি।

চিকিৎসা।—— অনেকানেক চিকিৎসকের। বলেন যে, প্রাথমিক কিমা গৌণ যে কোন উপদংশ কারণে হউক না কেন, এই পীড়ার সাবধান পূর্লক রোগীকে ভারনত মার্করি ব্যবহার করান সংব্যবহা। প্রাথমিক উপদংশজনিত হইলে, বিশেষতঃ রোগীর শারীরিক অবহা অত্যন্ত ছর্লল থাকিলে, সচরাচর এইরূপ মার্করি ব্যবহার করা কোন মতেই পরামর্শসিদ্ধ হয় না; এবং তত্তংস্থলে গ্রন্থকর্তার মতে, উত্তম খাদ্য, সৎপথ্য, কড্ লিভার্ অইল, বিশুদ্ধ বারু সেবন এবং বাায়াম, মার্করি ব্যবহারাপেক্ষা রোগোপশম

<sup>\*</sup>Lawrence "On Diseases of the Eye," 3rd edit, p. 108.

कतिए ममिक উপकातक ७ व्यासाकनीय हहेया थारक। याहा हिक, यथन दिकान व्यकात विरम्य विकिৎमात व्यासाकन हहेया थरफ, उथन हाहेपुर्क, कम् किंगी, मांडा ७ कूरेनारेस्नत मिर्ड व्यक्त किंगा मिर्न कर्ता, ७ शात उरात कार्यामि मयरप्र व्यथका कर्ता युक्तिमम् । रेशा यथन शूर्स वावस्त्र मांकित कार्यामे रहेयाह विनाम मृष्ठे रहेर्त, उथन उद्यावसात द्रिज ताथिरा। मांकित वावसात किंग्र हेरा थारक। किंग्र वहेरा वावसात द्रिज ताथिरा। मांकित वावसात करिए रहेरा मांकित वाय्यामे एका व्यवसात व्यक्ति वार्यामे कर्ता वार्यामे कर्ता वार्यामे हेरा थारक। किंग्र वहेरा थारक। किंग्र वहेरा थारक। क्रिंग्र वहेरा थारक। क्रिंग्र व्यवसात करिए हेरा थारक। क्रिंग्र वहेरा थारक। स्वामित हेरा थारक क्रिंग्र हेरा थारक। वहेना वायामे वहेरा थारक। वहेना व्यवसात विराम वायामे वहेरा कर्ता कथनरे युक्तियुक्त वायामे रहा ना। वहेना व्यवसात यहिन शर्याग्र कर्ज स्वयसात थारामे वारामे व

ক্ষতখানে প্রদানের নিমিত্ত যে সকল খানীয় প্রালেপনীষধ ব্যবহার করা হইয়া থাকে, বোধ হয় তমধ্যে ৫ গ্রেণ্ কার্বলিক্ য়্যাসিড্ ও ১ ওল মিসিরীণ মিপ্রিত লোশন্ সর্কাপেকা উপযোগী। কথন কথন ব্যাক্ওয়াশ্ ব্যবহার করা উত্তম বোধ হইয়া থাকে; অথবা ১০ গ্রেণ্ সল্ফেট্ অব্ কপার ও ১ ওল সিম্পাল্ অয়েণ্ট্মেণ্ট্ একত্র করিয়া প্রদান করাও কথন কথন অতিশয় প্রয়োজনীয় হইয়া উঠে।

স্থবিধা হইলে বায়ু ও স্থান পরিবর্ত্তন করা সর্ব্বলা বিধেয়; কারণ রোগী সর্ব্বলা, বিশেষতঃ এই চিত্তবৈকলাের হেতু বিজ্ঞাত হইলে, ভয়ে ও ছঃথিত চিত্তে কাল্যাপন করিতে থাকে; স্ততরাং স্থান ও কার্যাদি পরিবর্ত্তন দারা নানাবিধ পদার্থে চিত্তাকর্ষণ ভিন্ন, তাহাকে পীড়া বিষয়ক গাঢ় চিত্তা হইতে প্রতিনির্ত্ত করিবার কোন উপায়ান্তর নাই।

উপদংশ রোগাক্রান্ত জনক জননী সম্ভূত একমাস বা তদনধিককালবয়ক্ষ সন্তানেরা, কথন কথন তাহাদের মুথচ্ছিদ্রের কোণে, অক্লিপুট ও গুহুদেশে পষ্টি-উলার্ ইরপ্শন্ (Pustular eruption) বা পূয়বটা-নির্গমন দারা সংগীড়িত হইয়া থাকে। এই ব্রণ সকল বিদীর্ণ হওতঃ আমড়িপাত্ এবং ঐ আমড়ি- পাতের অধোভাগে একটা অলমপ্রকৃতিক (Indolent) ক্ষত দৃষ্ট হয়। এই সকল শিশুরা সচরাচর দেখিতে অতিশয় ক্ষুদ্র, থর্ল্ককায় ও শীর্ণমুখ; উহাদের জীবন রক্ষা করা অতীব কঠিন হইয়া থাকে। যদি সবলা ছয়্মবতী ধাত্রী তাহাদের রক্ষণাবেক্ষণ করে, তবেই উহাদের জীবন রক্ষা পাইতে পারে, এবং যথন কিঞ্চিৎ স্থবিধা বলিয়া বোধ হইবে, তখন এক রাত্রি অন্তর উহাদের বাহ্ম্ল ও উরুদেশ নীল মার্কুরিয়াল্ অয়েণ্ট্মেণ্ট্ ছারা বিনিয়িষ্টি করিতে হয়। ক্ষতস্থানের অবস্থা কিঞ্চিৎ উত্তম বোধ হইলে, শরীরে ঔষধের ফল দর্শিয়াছে বলিয়া বোধ হয়, স্তরাং ক্ষত স্থান আরোগ্য হইতে আরম্ভ হইলেই উক্ত মলম্ ব্যবহার রহিত করা উচিত।

হার্পিজ্ জ্রোষ্টার (Herpes zoster.)। শরীরের অন্তান্ত অংশের চর্মের ন্তার, অফিপুটের চর্মেও, কগনং ইম্পেটিগো, কুন্ঠ, ভিটিলিগো, এক্জিমাও হার্পিজ্বারা, আক্রান্ত হইরা থাকে। শেষোক্ত পীড়া ব্যতীত আরহ ব্যাধির বিশেষ বর্ণনামনাবশ্রক; এই পীড়ার, চন্কুর গভীরতর নির্মাণ সকল, মাঝেং, আক্রান্ত হয়।

হার্পিজ্ জোপ্টার্কে, অফিপুটপ্রদাহ বলিয়া, লোকে, অনেক সময়, ভুল করিয়া থাকে। পঞ্চম সায়ুর অফ্ণাল্মিক্(Ophthalmic) ভাগ দারা যে চর্মাংশ উৎপন্ন হয়, তথায়ই কেবল মাত্র ক্ষীতির আবির্ভাব প্রযুক্ত, হার্পিজ্ ফ্রণ্টালিস্, সর্বাদা, মধ্যরেথার এক পার্ধ মাত্র, অধিকার করে; এই হেতু, রোগীর কপাল-দেশে,কদাচ, ভেদিকুলস্ (Vesicles,) জন্মায় না। গুল্রবণ (pustules) গুলি, ক্ষুদ্র ও অনেক; তাহারা পরস্পর যুড়য়া যাইলে, তাহাদের ভিতর গুলাইয়া, সচরাচর, একটী স্তর পজ্য়া যায়; পরে উক্ত স্তর লুপ্ত হইলে, বসন্তরোগে যে রূপ দৃষ্ট হয়, অনেকটা ঐরপ ক্ষত-চিত্র থাকিয়া যায়। ইরিদিপিলাস্ অপেকা ছার্পিজ্রোগে, অল্ল, স্বাস্থ্যগত বিকার, হইয়া থাকে। পক্ষাস্তরে, রোগী এক অনির্জাচনীয় জড়তা দারা আক্রান্ত হয়; এইরূপ অবস্থা, উচ্ছাদের (Eruption) পূর্ল্বন্তী, এবং, অনেক সময়, জঃসহ যাতনা প্রদান করে; যাতনা, বিদ্ধিত হইয়া, প্রদাহকর ক্ষুটনের অনেক পরেও অস্কৃত্ত হইতে থাকে; উহা, কিন্তু, মধ্যরেগা অতিক্রন করে না। হার্পিজ্ জোপ্টার্ রোগে, অল্লভ্রেকস্বায়্ গুলির প্রতি বিশেষ দৃষ্টি রাগা উচিত; ঠাঙা বা ঐরপ কোন

कांतरन, शक्ष्म - सायूत शिवित धः में উত্তেজিত হয়, এবং 'উ छ सायूमयक छर्यस्ट्रांच्यत नाष्ट्रीशं छ উত্তেজনা প্রাপ্ত হইলে, উচ্ছাদ আরম্ভ হয়'। চর্ম্মের
नीচে ( यथा, यতम्त मस्चत, स्रश्री-अर्विद्यान कांतरित निक्रे ) আট্রাপিন্
वा मत्किया अर्छानिति कितिला, এই मकल स्ट्राल, अमश् यद्यना स्रानक्त श्री
निवात क्ता यांचे श्री शिवित । तांगीरक, विल्लाकां तांत श्री शांतरिहे अव्
क्रेनांचेन् स्वन कतांन — এवः हर्म्यत श्रीहि अः स्नाशित, आमिरिहे अव्
ल्लामान् लांगान — विर्धय। कांनर स्ट्राल अमकल स्रेशाय विवृक्त कता, स्नाल विविद्या कर्त्रान — এই श्रीलीत हिकि भांथा विवृक्त कता, स्नाल स्वात्रामात्ता, कथन, अवलयन कर्त्रान नांचे।

মিঃ হা চিন্দন্ বলেনঃ—কপাল মাত্র আক্রান্ত হইলে, উদ্ধান্তিপুটে উচ্ছান হওয়া সত্বেও, অন্ধি, পীড়িত হয় না। নাসিকার উদ্ধাংশে উচ্ছান হইলে, অয় অইরিটিন্ জন্মে; অগ্রভাগে হইলে, চক্ষ্, ভয়ানক পীড়িত, হয়। তিনি বলেন—এইরপ তারতম্যের কারণ, পঞ্চম সায়ুর অফ্থ্যাল্মিক্ ভাগ বিভেদ; এই রোগ, ঐ সকল ভাগে, অবস্থান করে। যে শাখায় নাসিকার অগ্রদেশ হইয়াছে, সেখান হইতেই, অফ্ল্যাল্মিক্ গ্যাংগ্লিয়ন্ ও অন্ধির নির্মাণ সকল উৎপন্ন হইয়াছে। পীড়ার তীত্র লক্ষণ সকল মন্তর্হিত হইলে, সচরাচর, কৃষ্ণ-রক্তবর্ণ ক্ষত-কলম্ব সমূহ থাকিয়া যায়; তদ্বারা কোন্ স্থানে উচ্ছাস হইয়াছে, বলা যাইতে পারে। তাহাদের বর্ণ, তাহাদের চতুপার্মস্থ বর্ণের সহিত নিশিয়া বায়; কিন্তু, বসন্তরোগ জাত ক্ষতকলম্বের তায়, উক্ত কলম্ব সকল চিরদিন থাকিয়া যায়।

ক্রম্হাইড়ে বিস্ (Chrom-hydrosis.)—অনেকে অনুসান করেন—
অক্সিপুটের উপরিদেশ হইতে নীল (Indigo) বর্ণ পদার্থ নির্গত হয়; ঐ নির্গান
জন্ম, ক্রন্থাইড্রোনিস্, হইয়া থাকে। তৈল বা ফ্রিসিরিন্ দারা, উক্ত রংঙিল
পদার্থ, অনারাসেই, অপসরণ করা যায়; জল দারা, এ অভিপ্রায়, সিদ্ধ হয় না।
যাহাদের ঋতুনির্গান বিশ্জাল হইয়াছে, এমত স্ত্রীলোকেরই প্রায় এই রোগ
হইয়া থাকে; রোগ হইলে, উহাদের সাধারণ স্বাস্থা, ন্যনাধিক, দ্যিত হয়।

<sup>\*</sup> Mcd. Times and Gazette, Oct. 19th, 1867, p. 432; see also remarks and cases by Mr. Bowman, Oph. Hosp. Reports, vol. vi. p. 1, 1867.

এরপ প্রকারের একটা আশ্রেয় স্থল, ওয়ার্লোমণ্ট সাহেব, বর্ণন করিয়াচেন; প্রত্বলে অতি সমত্রে পরীক্ষা করা হয়, এবং মাহাতে রোগী রোগ
লক্ষণ নির্দেশ করিতে ভ্ল না করে, তদ্বিধরে মত্নের ক্রটি হয় নাই; তথাপি
ফল, সন্তোষ কর হয় নাই; উক্ত উদাহরণকে, এই অদৃষ্টপূর্ব্ব পীড়ার অস্তিত্বের, নিঃসন্দিয় প্রমাণ, বলা মাইতে পারে না—এমন কি এখনও পর্যান্ত লোকের এবিষয়ে সন্দেহ আছে। অনেক অস্ত্র-চিকিৎসকের মতে (গ্রন্থকর্ত্তারও এই মত), হিষ্টিরিয়া রোগ ক্রান্ত ব্যক্তিরা, স্বয়ংই, ক্রম্হাইড্রোসিস্
রোগের স্ক্টিকর্তা; রংঙিল পদার্থ, তাহারা, নিজের হন্তেই লাগাইয়া দেয়——
উহা, অক্ষিপুটের চর্ম্ম হইতে নির্গত হয় না।

কুনি থিল্যা স্মা-প্যাল্পি তেরাম্ (Xanthelasma Palpebrarum) এই সকল পীতবর্ণ থণ্ড, প্রায়, অক্নিপুটের অন্তফোণের নিকট, দেখা বার—উহারা রোগীকে বিস্তর ক্লেশ দেয়। অনেক দিন হইল, এই বিষয়ে হাচিন্সন্ সাহেবের মনোবোগ আকৃত্ত হয়। তিনি নিম্নলিখিত সিদ্ধান্তে উপনীত হইরাছেন ঃ—

শিশুরা, কথন, জ্যান্থিলাস্মা-দারা আক্রান্ত হয় না; যৌবনে ও বৃদ্ধবয়সেই প্রায়, এই রোগের প্রাহর্ভাব।

যে স্থলে রোগ কঠিন হয়, এনতস্থলে (এরপ স্থল অতি কম) স্থাবা ও লিবার্-রুদ্ধি হইয়া থাকে।

ভাবার আকৃতি, অদৃষ্ঠপূর্ল ; চর্মা, পীতবর্ণ না হইরা, অলিব্-পত্রের ভাষ লিষলোহিত বা কৃঞ্বর্ণ হয় ; বহুদি । বাাশী হওয়া প্রযুক্ত, উক্ত বর্ণ, লোকের। মনোযোগ আকর্ষণ করিয়া থাকে।

অনেকস্থলে, ভাবা না হইলেও, লিবারের ক্রিয়াগত বিশৃঞ্জলা ঘটায়, রোগীকে ভয়ানক যন্ত্রণা পাইতে দেখা গিয়াছে।

পুরুষ অপেলা স্ত্রীলোকেরই, এই রোগ, প্রায় সচরাচর, হইয়া থাকে; প্রতি ছই জন স্ত্রীলোকে, একজন মাত্র পুরুষ, আক্রান্ত হয়।

সর্ব্রেই, ক্লান্থিল্যাস্থা সম্বন্ধীয় খণ্ড সকল, প্রথমে, অকিপুটে অবিভূতি হয়;
শতকরা ৮ স্থলে নাত্র, উহারা, শরীরের অন্তান্ত অংশ, আক্রমণ করিয়া থাকে।

<sup>\*</sup>Ophthalmic Review, vol. ii. p. 179.

থও সকল, সর্বান, অন্তঃক্যাহাস্ হইতে, এবং প্রায়ই বামভাগে, আরম্ভ হয়।

যদ্বারা অক্তিপ্টের চিত্রকরণের ব্যাঘাত হয়, এরপ কারণের মধ্যে,

লিবারের বিকার, সন্তবতঃ, সর্বাপেকা প্রবল; এই জন্মই, ঝ্যান্থিল্যাস্না

হইলে, অবিকাংশস্থলে, সচরাচর, লিবার্ সম্বনীয় রোগ দেখিতে পাওয়া

যার।\*

विकिश्रं विविद्या

ইপিথিলী য়াল্ ক্যান্সার্। ——রোগ কেবল অধরকিপুটে হইয়া থাকে। চত্বারিংশংবর্ষ বয়সের পূর্কে এই রোগ কদাচিৎ দৃষ্ট হয়, এবং উহা আবিভূতি হইবার সময় অশ্রুথলীর উপরিস্থ চর্ম্মোপরি উৎপন্ন হইয়া থাকে; এবং তৎপরে ক্রমে অধন্তন অক্ষিপুটে প্রসারিত হইরা পড়ে। প্রথমতঃ এই পীড়া এত সামাত্ত সাধারণ আঁচিলের সহিত এত সৌমাদুখযুক্ত বলিয়া বোধ হয় যে, তরিবারণ পক্ষে প্রথমে কোনবিধ যত্ন করা যায় না। সে যাহা হউক কিছুদিন পরে, উক্ত উপসাংসবৎ উৎপত্তি (Wart-like growth) ক্ষত হইতে আরম্ভ হয়, এবং একটা অল্যপ্রকৃতিক, উন্নতপ্রান্ত, কাচস্বচ্ছ ক্ষত বলিয়া প্রতিভাত হইয়া পডে। এই ক্ষত স্থানের সন্নিকটে অতি সম্বরে বা বিলম্বে অনেকানেক ক্ষত উৎপন্ন হইয়া তাহাতে মিলিত হওতঃ, আধার স্থানকে উচ্চাবাচ ও আরক্তিম অসুস্থ কত বলিয়া প্রতীত করায়। পীড়া মুছ গতিতে অগ্রদর হইতে থাকে, এবং আদিন ক্ষত ক্থন আরোগ্য প্রতীয়্মান হইরা, তহুপরি ক্ষত-কলঙ্ক জিনিয়া যায়। কিন্তু পরক্ষণেই পার্শ্ববর্তী ক্ষত স্থান হইতে দিরদ্ নামক মাস্তক তরল পদার্থ নিঃস্ত হইয়া, তাহাকে ভয় করে। কিছুকাল পরে পীড়া স্বয়ংই কোরিয়ম্ (Corium) বা চর্মের গভীর-তর স্তর পর্যান্ত প্রদারিত হয়; ইহাতে সর্কাদা যতনা হয় না বটে, কিন্তু স্লুড় স্থড় করে ও কণ্ডুয়ন হইতে থাকে। যাহা হউক, অবশেষে পীড়া ক্রমে অধঃ-অফিপুট ও গও চর্ম্ম আক্রনণ করিয়া, ও অনেক ক্ষত সমবেত হইয়া, প্রদারিত হইতে থাকে, এবং তছপরি হইতে ক্রমাগত রক্তাক্ত রদ বিগলিত হয়।

প্রথমাবস্থার, এই সকল ক্তের উপরিভাগ, ক্ষুদ্র ক্দুদ্র দানার ভার মাংস-পিতেও, সংভূষিত হয়; তাহাদের আকার মিলেট্ বীজ অথবা সিদ্ধ

<sup>\*</sup>Lancet, vol. i. 1871, p. 410.

সাপ্তদানার স্থায়। কিন্তু কতকগুলি অস্বাভাবিক কোষোংপাদনই এই রোগের প্রধান লক্ষণ বলিয়া গণ্য হইয়া থাকে। এই সকল 'কোষ', চ্যাপ্টা, পাতলা ও শক্তবং; এবং তাহাদের মধ্যে অনেক নিউক্লিয়স্ থাকে। উহাদের আকার প্রায়ই গোল বা ডিম্বাকার এবং উহাদের বাহ্নীমা বিশৃষ্থল অর্থাৎ কোন স্থান সরল, কোন স্থান কোণবং অথবা কোন স্থান হইতে প্রবর্জন সকল নির্গত হইরাছে। যাহা হউক, পীড়ার প্রথমাবত্বাতেই অণুবীক্ষণ যক্ত্র এই সকল কোষকে দেখা যাইতে পারে \*।

এইরপ স্থলে প্রকৃত রোগ নির্ণয় করা যে অতিশয় প্রয়োজনীয়, তছ্রেথ করা অত্যুক্তির বিষয়। বাস্তবিক ইহা জানা রোগীর মঙ্গলার্থ অতি প্রয়োজনীয়। শরীরের কোন স্থগনস্থলে উৎপয় হইলে, পীড়ার প্রথমাবস্থায়, যদি ছুরিকা দ্বারা উক্ত অর্ধাদুকে উৎপাটিত করা যায়, তবে উহা সম্পূর্ণরূপে উপশনিত হইতে পারে। এই ইপিথিলীওমা রোগ (Epithelioma) ঔপদাংশিক, লিউপোইড (Lupoid) বা রোডেণ্ট (Rodent)) ক্ষত বলিয়া ভ্রম হইতে পারে। প্রথম ছইটা ক্ষত ঔষধ দ্বারা চিকিৎসিত হইতে পারে; কিন্তু যজেগ ইপিথিলীয়্যাল্ ক্যান্সার্ রোগে সমুদায় পীড়িত নির্মাণ নিক্ষাশিত না করিলে রোগোপশম হয় না,তজ্ঞপ এই শেষোক্ত রোডেণ্ট ক্ষত রোগেও পীড়িত নির্মাণ বহিদ্ধত না করিলে রোগ উপশনিত হয় না।

কতিপয় বংসর বিগত হইল, ত্রিহুত দেশস্থ মৃত রেভারেও্ এ, এস্
মহায়া, তাঁহার বাম চকুর নাদাপার্শস্থ অপাঙ্গদেশের চর্মোপরি থোনা ছাড়ান
মটরের আয় একটা কুদ্র উপমাংস তুল্য পদার্থের উন্ধনোপশমার্থে ডাক্তার
ম্যাক্নামারা সাহেবের নিকট পরামর্শ জিজ্ঞাসা করিয়াছিলেন। এই উন্ধনের
উপরিভাগ ক্ষত হইয়া গিয়াছিল, এবং সেই ক্ষতের উপরিভাগে মিলেট্ বীজের
আয় অনেকগুলি মাংসপিও ইতস্ততঃ বিস্তীর্ণ ছিল। নিষ্টার এস্ বলিয়াছিলেন
বেন, তিনি তৎসময়ে ক্রমাগত আঠার মাস পর্যান্ত ইহা দারা কপ্ত পাইয়া
আসিতেছেন; কিন্তু তথাপিও উহা কোন মতে আরোগ্য হয় না। এরপ শ্রুত
হওয়া গিয়াছিল বেন, তাঁহার পিতা মুখ্যওলে ক্রমট রোগাক্রান্ত হইয়া কাল-

<sup>\*</sup>Ophthalmic Review, vol. i. p. 270. Cases from Arlt's Clinic.

কবলিত হইনাছিলেন। আনি উক্ত ক্ষত স্থানের উপরি ভাগ হইতে কিন্দংশ ঝিল্লী চাঁচিয়া, পরে অণুবীক্ষণ দম্বারা দেখিলান, তথায় কর্কট রোগের সমুদায় লক্ষণ স্পত্ত বিদ্যান আছে; স্কৃতরাং তৎক্ষণাৎ উহা বহিন্ধৃত করিলান,; উহার চতুপ্পার্শ্ববর্তী কিয়দংশ স্কৃত্ব চর্মা ও তলবর্তী চর্মা-নিয়ন্ত ঝিল্লী, যত্বপরি উহা উভূত হইরাছে, তাহাও তৎসঙ্গে২ নিম্নাশিত করা হইরাছিল। এই অস্ত্র চিকিৎসার পাঁচ বৎসর পরে, যথন রোগী জরাক্রান্ত হইরা মৃত হইরাছিলেন, আনার বোধ হয়, তথন পর্যান্তও এই রোগের পুনরাগমনের কোন লক্ষণ প্রকাশিত বা অন্কভূত হয় নাই। উক্ত উদাহরণ উদ্ধৃত করিবার অভিপ্রায় এই যে, এই প্রকার অস্বাস্থ্যাদর্শ্বন উপশ্যার্থে অথ্র রোগারন্ত সম্মে উহার উপাদের নির্মাণ সকল পরীক্ষা করা সর্ব্বতোভাবে প্রয়োজনীয়।

ইপিণিলীয়্যাল্ কান্সার্ রোগের অপেকাক্ত প্রকুপিতাবস্থার, বাস্তবিক যখন সমুদার অক্পিপুট এবং গওদেশের কিয়দংশ স্তৃপাকারে এই রোগাক্রান্ত হয়, তথন উহাকে নিম্বাশিত করিয়া, কর্ত্তিত স্থানে ক্রোরাইড্ অব্ জিংকের উগ্র সলি উশন্ প্রদান করিয়া, রোগাপনয়ন করা বিধেয় হইয়া থাকে। এমত অনেক স্থল লিখিত আছে, যাহাতে রোগের বাহ্থ লক্ষণ সকল দেখিয়া সম্পূর্ণ হতাশ হওয়া গিয়াছে, সেথানেও এই চিকিৎসাপ্রণালী সন্তোষকর-ফলপ্রদ হইয়াছে। এই রোগোপশমার্থে কোন প্রকার উপার বিধান না করিলে, রোগের গতি অপ্রতিক্রদ্ধ হইয়া কালক্রমে বে সমুদার শরীর আক্রমণ করিবে, তিদ্বির্মে আর কোন সন্দেহ নাই; এবং এইরূপে পরিশেষে রোগীর মৃত্যু অনিবার্য্য হইয়া উঠে।

ক্ষিরস্।——অক্ষিপুট হইতে কখন কখন স্কিরস্ বা কঠিন কর্কট্ এবং অক্যান্ত প্রকার কর্কট রোগ উৎপন্ন হইয়া থাকে। কিন্তু শ্রীরের অন্তান্ত অংশ হইতে উৎপন্ন কর্কট রোগ হইতে উহাদের প্রকৃতিগত কোন বৈসাদৃশ্র না থাকার, এ স্থলে পুনরায় তছল্লেখ করা বুথা বলিয়া বোধ হইল।

সুদ্র সুদ্র ওয়ার্ট (Warts)।——অক্ষিপুটের চর্মোপরি প্রায়ই সুদ্র কুদ্র কিণবং (Wart-like) মাংসপিও উৎপন্ন হইয়া থাকে; এবং উহারা অনাবৃত প্রান্তভাগে উৎপন্ন হইলে, তৎচাপে কোন কোন পক্ষ বক্র হইয়া, অভ্যন্তরদিকে অক্ষিগোলকের প্রত্যভিমুখে ধাবিত হয়। ক্টিক্

প্রেনান করিয়া সময় অতিবাহন করা বুথামাত্র; উহা একথানি কাঁচি দারা একেবারে কর্ত্তন করিয়া লওয়াই উচিত।

শৃঙ্গবৎ উন্মাৎস ( Horny Excrescences )।—— সচরাচর আর্কিপুটের চর্ম হইতে শৃঙ্গবৎ উন্মাংস ( গ্রাজ) সকলকে উথিত হইতে দেখা যায়। বোধ হয়, নিম্নলিথিত কারণে তাহাদের উৎপত্তি হইয়া থাকে। বসা-গ্রন্থি হইতে রস নির্গত হইয়া ক্রমে কঠিন হয়, ও পরে তত্পরি পুনরায় নৃতন রস ক্রমে সংযত হইতে থাকে। এই আদিম স্তরের উপর ক্রমে সিবেসিয়স্বা বসারসের বহুতর স্তর সংযত ও শুক্ষ হইয়া, পরিশেষে শৃঙ্গবৎ পিও রোগীকে যথেও কঠ প্রদান, এবং বিক্তাবস্থ করে।

কিণ চিকিৎসা ও উন্নাংস চিকিৎসা উভয়ই এক প্রণালীতেই হইয়া থাকে। উন্নাংস এবং যে চর্ম হইতে উহা উৎপন্ন হয় তাহাকে, বক্ত কাঁচি দারা একবারে কর্তুন, করিয়া লওয়া উচিত।

মিলিয়ম্ ( Milium )।—— চর্ম্মনিয়য় গ্রন্থিরের প্রণালী সম্হ মধ্যে কথন কথন বদাবৎ পদার্থ একত্রিত হয়। তাহাতে, অক্ষিপুটের সন্মু-ধয় প্রান্তভাগে ও বহিঃয় চর্মের নিয়ভাগে, ফুদ্র ফুদ্র মুক্তার স্তায় অর্ধ্বুদ্র দকল উৎপাদিত হয়। তাহাদের আকার আল্পিনের মন্তক হইতে বৃহৎনহে; এবং তাহারা প্রায়ই অনিয়মিত পুঞ্জাকারে ইতস্ততঃ প্রদারিত থাকে। যাহা হউক, এইরূপ ফুদ্র ফর্ম্বুদ্র বিনষ্ট করা, তাদৃশ প্রয়োজনীয় বলিয়া বোধ হয় না; কিন্তু য়থন প্রয়োজন হয়, তথন উহাদের আবরক বহিঃয় চর্মা এক খানি ছুরিকার অগ্রভাগ দারা বিদারিত করিয়া, থলীমধ্যয় পদার্থ সকল টিপিয়া বিনিঃয়ত করিয়া দেওয়া আবশ্রক।

বসার্ব্দ (Sebaceous Tumours)।——এই অর্কাদের আকার পূর্দ-বর্ণিত অর্কাদ অপেকা কিঞ্চিৎ বৃহৎ; কিন্তু, উহা, কালক্রমে একটী মটরের অর্দ্ধেকের স্থায় হয়; এবং তন্মধ্যে বসাবৎ তরল পদার্থ সংযত থাকে। উহারা, কখন কখন বিশেষতঃ স্থুকুলা রোগাক্রান্ত বালকদিগেরই অক্ষিপুটচর্মে, আবি ভূত হইয়া থাকে। অত্যন্ত সাবধান হইয়া, উহাদের আবরক চর্মোপরি অন্ত নিনজ্জিত করিয়া, সহর উহাদের অন্তর্পার্জী পদার্থ বহিষ্কৃত করা বাইতে

পারে। পরে উহাদের থলী টিপিলে, নাইডদ্ (Nidus) মধ্যন্থ সমস্ত পদার্থ বহির্গত হইয়া আইসে। এই সকল থলীর পার্শ্ব নির্মাপক প্রাচীর বা আবরণ সমধিক ঘন নহে; উহাদিগকে ফুটিত করিবার চেপ্তা করিলে, উহারা আনায়াসেই ফুটিত হইয়া যায়; এবং, তাহা হইলে, থলীর অবশিষ্টাংশকে পরস্পর সংস্রব হইতে ছিল্ল বা বিভাজিত করিয়া দিতে হয়; কারণ তাহা না করিলে, অর্ক্বদ পুনকংপল হইতে পারে। বস্তুতঃ, এইরূপ না করিয়া যদি প্রকৃতির উপর নির্ভর করা যায়, তাহা হইলে, উহা কিয়দাকারে বর্দ্ধিত হইয়া, অবশেষে সচরাচর বিদারিত, ও উহার অন্তবর্ত্তী পদার্থ সকল বিনিঃস্থত, হইয়া যায়। পরে, যতদিন পর্যান্ত উহা কোন প্রকার অস্ত্রের অস্পৃগ্র থাকে, ততদিন উক্ত পদার্থ সকল বারম্বার সমুখিত হইতে থাকে।

শরীরের অন্তান্ত অঙ্গে যজপ বৃহৎ২ বসার্ক্ দ উৎপন্ন হইয়া থাকে, তজ্ঞপ সাধারণতঃ ললাটাস্থির পেরিয়ষ্টিয়ম্ প্রদেশস্থ অক্নিপুটেও উহা কথন কথন অভ্যুদিত হয়। উজ্জ্বল মেদোময় পদার্থ সকল সচরাচর উহার অন্তর্নিবিষ্ট থাকে, এবং উহাতে কথন কথন কতকগুলি লোমও উৎপন্ন হয়। অন্তান্ত প্রকার থলীমধ্যস্থ অর্ক্বিদের ন্তায়, উহায়া, রোগীকে কোন প্রকার কন্ত বা অস্ত্রবিধা প্রদান করে না; কেবল, প্রকাণ্ড আকার প্রযুক্ত, উহায়া, এই অবস্থানে (Situatin), কিঞ্চিৎ কন্তকর হয়।

এইরপ টিউমার্ অস্ত্র করিতে হইলে, বাহু হইতে অন্তর্দিকে বা অর্বিকিন্টলারিদ্ পেশীর স্ক্রচয়ের সমান্তরান্ত্যায়ী অস্ত্র নিমজ্জিত করিতে হয়; কারণ—এই মর্বিড্ গ্রোণ্ (Morbid growth) বা অস্বাস্থ্যাদ্বর্দ্ধন, সচরাচর, উক্ত পেশীর নিম্নভাগেই অবস্থান করে। অস্ত্র-প্রক্রিয়ার সময়, থলী বিদারিত না করিয়া, একেবারে সম্দায় থলীর সহিত উহাকে নিম্নাশিত করিলে, অস্ত্রপ্রক্রিয়ার অনেক স্থবিধা হয়। অর্ক্র্ দুটা বহিষ্কৃত হইলে, তৎস্থান হইতে যতক্ষণ পর্যান্ত রক্তর্রাব করে না হয়, ততক্ষণ পর্যান্ত সেই স্থান বাহ্য-বায়ুতে অনাবৃত রাথা উচিত। তৎপরে, উহার প্রান্ত স্থচার্ দ্বারা একত্র করিয়া, করেয়া, কিয়ৎদিন উক্ত স্থানকে বিশ্রান্ত রাথা উচিত। এইরূপ করিলে, ক্ষত স্থান, প্রথম অভিপ্রায়্র (First intention) দ্বারা স্বয়ং আরোগে

হইয়া যায়, এবং আরোগ্য হইলে, তথায় কেবল একটা চিহ্ন মাত্র অবশিষ্ট থাকিয়া, অস্ত্র-নিমজ্জন-স্থান নির্দেশ করে।

त्रितातिशान् निखे, कना जिश्रन्, जथवा छिजेगात् छै। ना ह

(Meibomian Cyst, Chalazion or Tumour Tarsi) ৷—এই সকল টিউমার, মিবোমিয়ান্ গ্রন্থিচয়ের ফলিকল্ সকলে উৎপন্ন হয়;

স্মতরাং, উহার। পুটোপাস্থির পদার্থ দ্বারা জড়িত থাকে। উহার। আকারে পরিক্ষিত হইতে

১১ শ, প্রতিক্তি।



থাকিলে, অন্ধিপুটচর্মের নিমে যাতনা বিরহিত ফীতি অন্থভব হইতে থাকে। একটী অর্দ্ধ কলাই হইতে একটাগোড়ামটর পর্য্যন্ত উহাদের আকার নানাবিধ হইয়া থাকে; উহারা দেখিতে বিশ্রী, এবং উহাদের দারা অন্ধিপুট, কম্বজনক কঠিন ভাব ব্যতীত অন্থ কোন প্রকার বিপজ্জনক অবস্থা, প্রাপ্ত হয় না। যে অন্ধিপুটে এই সকল অর্দ্ধাদ উৎপন্ন হয়, তাহা উন্টাইয়া দেখিলে, পীতাভ-খেতবর্ণ মগু-

(After Mackenzie.) লাকার উন্নত স্থান দারা উহার অবস্থান স্বস্পষ্ট অন্নভূত হয়। (১১ শ, প্রতিকৃতি দেখ)।

এই সকল অর্কাদ কথনং প্রদাহিত হইয়া, তম্মধ্যে পুরোংপত্তি হয় ; কিন্তু তাহার কোন প্রকার কারণ সহজে অবগত হওয়া যায় না। ফোটকান্তর্গত পদার্থ সকল নির্গত হইলে, তংস্থান প্রকৃতাবস্থা প্রাপ্ত হয়। কিন্তু অধিকাংশ স্থলে, অক্সিপুট উল্টাইয়া, কন্জংটাইভার ভিতর দিয়া, অস্ত্র করা বিধেয়। পরে, একথানি ক্ষুদ্র স্প্যাচুলা বা কিউরেটী দারা তলার্ভ্যু সমুদায় বস্তু চাঁচিয়া বাহির করা কর্ত্রা।

অন্ত করিবার অব্যবহিত পরেই অস্ত্রাঘাতিত স্থানে রক্ত আসিয়া পরিপূর্ণ হয়, এবং তদ্ধারা, টিউমারের আকার কোন প্রকার হস্ম হইল বলিয়া, বোর হয় না; কিন্তু, কিছুদিন পরে রক্ত পুনরাশোষিত হয়, এবং টিউমারের সমুদায় চিহু বিনষ্ট হইয়া যায়। এই রূপ স্থলে, কোনপ্রকার আনন্তরিক চিকিৎসার প্রয়োজন হয় না। চস্ত্র্ণাড্ ও ব্যাওজ দারা মুদ্রিত রাখিয়া, ২৪ ঘন্টাপর্যান্ত অক্ষিপুটে শীতল জলের পটী সংলগ রাখা বিধেয়; নতুবা কর্ণিয়া, কন্জংটাইভার উচ্চাবচ উপরিভাগ দারা ঘর্ষিত হইয়া, রোগীকে সম্যক্ বিরক্তি ও কন্ট প্রাথা সর্ব্বভোভাবে বিধেয়। উহাকে টনিক্ বা বলকারক ঔষধ সেবন করাইয়া, উহার শারীরিক ধাতু বর্দ্ধন করা উচিত। যদি রোগীর শারীরিক স্বান্ত্রন স্বান্ত্র মন্ত্র্যা শরীরে যতদূর থাকা আবশ্রক—তাহা হইতে ন্যন হয়, তবে এই সকল টিউমার্ সত্বর অধঃউদ্ধি উভয়াক্ষিপুটে পর্যায়ক্রমে পুনঃ পুনঃ উদিত হইয়া থাকে।

চূর্ণ কন্ধরবৎ পদার্থ সকল—(Calcareous Concretions)
মিবোমিয়ান্ গ্রন্থিচয়ের প্রণালী সমূহে কখন কখন উৎপন্ন হইয়া,
অক্মিপুটের চর্মা-নিম্নে ক্ষুদ্র প্রন্থিক রেখাবৎ অন্নভূত হয়। অক্মিপুট উন্টাইলে, কন্জংটাইভার নীচে প্রণালীগত এই সংযত পদার্থ, সচরাচর দেখিতে
পাওয়া যায়। এই সকল কন্ধরবৎ পদার্থ কর্ণিয়াতে ঘর্ষিত হইলে, বিলক্ষণ
কন্ধ প্রদান করে এবং ইহাতে কন্জংটাইভার হাইপেরীমিয়া বা রক্তাধিক্য
বোগ জন্মে। এবিধিধ হাইপেরীমিয়া রোগ, উক্ত কন্ধরবৎ বাহু পদার্থের
বহিন্ধুকরণ ব্যতিরেকে, কখন উপশ্ম করিতে পারা যায়না।

এই সকল স্থলে চিকিৎসা করিবার প্রণালী এই যে, অক্ষিপুট উন্টাইয়া প্রণালী (Duct) বিদীর্ণ করত, তত্মধ্যস্থ চুর্ণ কল্পরবং পদার্থ সকল স্প্যাচুলা বা তদ্ধপ অন্য কোন অস্ত্র দারা চাঁচিয়া লইতে হয়। এই সকল চূর্ণ কল্পরবং পদার্থের পুনরুংপর হইবার বিলক্ষণ সন্তাবনা আছে; বিশেষতঃ যে প্রদেশের পানীয় জলে অধিক লাবণিক চূর্ণাংশ থাকে, তথায় উহা প্রায়ই পুনরুংপর হইয়া থাকে।

কৃতিব্রোমা (Fibroma) ।—— আমরা সময়েই অক্পিপ্টে যে কাইব্রোমা দেখিতে পাই, তাহা মৃত্র্দ্ধিশীল ও একটী কুদ্র অস্থ্যর্জ্ব দ দদ্শ মাত্র। ইহা কখনই অসহ্য যাতনা প্রদান করিয়া থাকে। যাহা ইউক, এইরূপ উদ্বর্জনকৈ যত অল্লদিনের মধ্যে নিশ্বাশিত করিতে পারা যায়, তিদ্বিয়ে যত্ন করা স্ক্তিভাবে বিধেয়।

নিভাই (Nævi)!—— অক্ষিপুটে বে নিভদ্ উৎপন্ন হন্ন, তাহার আকার অত্যন্ত ক্রু । উহা, প্রারই রোগীর আজ্যনহান্ত্বত্তী (Congenital) রোগ। সাধারণতঃ, যদিও ইহা প্রথমে অবি কিউল্যারিজ্ পেশার নিমে অবস্থান করে বটে, কিন্তু তথার উহার আবরক পৈশিক হুত্র সকল ক্রমশঃ অপস্থত হওয়ার, উহাকে একটা ক্রুদ্র, প্রতিচাপসহ, কোমল, চর্ম্মনিমস্থ টিউনার্ বলিয়া বোধ হয় । ধমনী ও শিরা সম্বন্ধীয় উপাদানের গুরুত্বান্ত্রসারে উহার বর্ণেরও তারতম্য ঘটিয়া থাকে । শিরা সম্বন্ধীয় উপাদানের আধিক্য হইলে, উহার বর্ণ নীলাভ হইয়া য়ায় । নিভসের উপরিভাগে স্বল্ল চাপ দিলে, তৎসময়ে তথ্যস্থান্ত কত চতুর্দ্ধিকে সরিয়া যায়; কিন্তু যথন এই চাপ দেওয়া স্থগিত রাখা যায়, তথন আবার এই স্পঞ্জ সদৃশ স্তুপ পুনঃপ্রিত ও পুনঃ ফীত হইয়া উঠে। ক্রন্দন বা কাশাকর্ষণ সময়ে শরীরে যক্রপ চাড় লাগে, তক্রপ চাড় লাগিলেও এই নিভদ্ ক্ষীত ও রক্তপূর্ণ হইতে পারে ।

চিকিৎ সা।—— যে রক্তবহ-নাড়ীজাল দারা নিভস্ উৎপন্ন হয়; তাহার পথ অবরোধ করাই আমাদের মুগ্য উদ্দেশ্য। আর সাধ্যায়ত্ত হইলে, নিভসের আবরক চর্ম যাহাতে ঐ সময়ে বিনাশিত হইয়া না যায়, তদ্বিধান করা সর্বতান্তাবে বিধেয়। যদি উহা রক্ষণ করিতে কোনরূপ প্রতিবিধান করা না যায়, তবে একটা সিকোট্র য় (Cicatrix) বা ক্ষতকলঙ্ক উপাদিত ও সন্ধৃতিত হওতঃ, অক্ষিপুটকে উণ্টাইয়া রাখিতে পারে। সচরাচর ক্ষুদ্র নিভস্কে বিদ্ধ করিয়া, এবং একটি কাঁচের কলম নাইট্রিক্ য়্যাসিডে ময় করিয়া, তংপরে উক্ত বিদ্ধ স্থানে প্রবেশিত করিলে, উহা উপশ্যিত হইয়া যায়। ডাক্তার ম্যাক্রামারা সাহেব ছইটা কিয়া তিনটা রেসমের পোঁজা স্বত্র পার্কোরাইড্ অব্ আইরণে সিক্ত ও উক্ত টিউমারের আধার-দেশে চালিত করিয়া, তথায় এক কিয়া ছই দিবস পর্যান্ত গুল্ত রাখেন। বস্ততঃ, যতদিন পর্যান্ত উহাতে কিঞ্চিৎ প্রদাহোৎপত্তি না হয়, ততদিন পর্যান্ত উহাদিগকে বহিদ্বত করা বৈধ নহে। সচরাচর এই প্রদাহ ক্রিয়াতেই নিভস্ নির্মাণক রক্তবহ-নাড়ী সকল বিলক্ষণ বিনাশিত হইয়া গাকে।

নিভস্ কিঞ্চিৎ বৃহাদাকারের হইলে, ট্যানিক্ র্যাসিডের স্যাটুরেটেড্ সলিউনন্ সর্থাং উহার পরিমাণ জল চুসিয়া লইতে পারে এরূপ জলের সহিত

মিশ্রিত করিয়া উহার মধ্যে পিচ্কারি দিলে, বিলক্ষণ উপকার দর্শে। প্রথমতঃ উহার রক্তবহ-নাড়ীগণকে শোণিত শৃত্য করিয়া, পরে উহাতে পুনঃ শোণিত প্লাবিত হইতে পারিবে না বলিয়া, ডেদ্মার সাহেবের প্রস্তুত ফরদেপ্স্ নিয়ো-জিত করিতে হয়। তৎপরে, একটী হাইপোডার্মিক্ সিরিঞ্জ অর্থাৎ তদভিধেয় পিচ্কারির অগ্রভাগ উক্ত নিভদ্ মধ্যে প্রবেশিত করিয়া, ট্যানিক্ য়্যাসিডের উল্লিখিত পর্যাপ্ত সলিউশন্ দারা উক্ত টিস্থ মধ্যে পিচ্কারি দিতে হয়। পিচ্কারি দেওয়ার কিছুক্ষণ পরে, ফরসেপ্বহিস্কৃত করিয়া লওয়া উচিত; কিন্তু সচরাচর তথার অন্ততঃ ছুই চারি ঘণ্টা কাল বরফ সংলগ্ন রাখাই সংব্যবস্থা। বরফ সংলগ রাখিলে, প্রদাহক্রিয়ার অত্যন্ত প্রকোপ বৃদ্ধি হইতে পারে না; এবং এতরিমিত্ত পূর্ব্বেই বলা গিয়াছে বে, "এই রোগে যাহাতে নিভদের আবরক চর্ম বিগলিত হইতে না পারে, তদিধান করা সর্বতোভাকে বিধেয় "। ট্যানিনের পরিবর্ত্তে পার্ক্রোরাইড্ অব্ আইরণের পর্যাপ্ত-বীর্য্য সলিউশন ব্যবহার করা যাইতে পারে; কিন্তু ডাক্তার ম্যাক্নামারা সাহেব বলেন যে, এতত্ত্তয়ের মধ্যে ট্যানিনের উপর নির্ভর করাই উচিত; এবং উহা ব্যবহার করিলে, পার্ক্লোরাইড্ অপেক্ষা উহার কার্য্যাদি, সকল স্থলেই সমান উপকারজনক হইয়া থাকে। নিভস্ মধ্যমাকারের হইলে, এতহভয়ের একতর উপায় অবলম্বন ক্রিয়া প্রায়ই রোগোপশম ক্রিতে হয়। কিন্তু উহা বুহদাকারের হইলে, আধারদেশে লিগেচার্ বন্ধন করতঃ উহাতে শোণিত আগমন করিতে আর না দিলে, উপশমিত হইয়া যায়। এইরূপ লিগেচার্ বন্ধনে উহাতে স্তূপাকারে রক্ত বন্ধ হইয়া যায়, এবং এই বিষয় সার্ ডব্লিউ ফাগু শন্ সাহেব তৎকৃত '' প্রয়োজনীয় অস্তপ্রক্রিয়া পদ্ধতি " \* নামক গ্রন্থে উল্লেখ করিয়া গিয়াছেন; স্থতরাং পাঠকগণ ইচ্ছুক হইলে, সেই গ্রন্থ উদ্বা-টন করিয়া, এই রোগের সবিশেষ বৃত্তান্ত অধ্যয়ন করিতে পারেন।

PARALYSIS AND SPASM OF THE EYELIDS.

অর্থাৎ

অক্ষিপুটের পক্ষাঘাত এবং আক্ষেপ। টোসিস্ ( Ptosis ) বা অক্ষিপুটের পতন।——নিম্ন লিখিত

<sup>\* &</sup>quot;System of Practial Surgery" by Sir W. Fergusson.

কোন না কোন কারণে, আমরা উদ্ধান্ধিপুট উন্মীলন করিতে সমর্থ হই না।
১ মতঃ,—এই পতন আজন্ম দোষজ। ২ য়তঃ,—অক্নিপুটদ্বয়ের চর্মা এবং
টিম্ন কলের শিথিলতা প্রযুক্ত; ৩ য়তঃ,—লিভেটার্ প্যাল্লিব্রি পেশীর কোন
আপায় হইতে আবির্ভিত। ৪ র্থতঃ,—উক্ত পেশী-প্রতিপোষক সায়বীর যন্ত্রের
(Nervous apparatus) কোন দোষ হইতেও এই টোসিদ্ অভ্যুদিত
হইতে পারে।

যে কোন কারণে উৎপন্ন হউক না কেন, টোসিদ্ সমাক্রান্ত রোগী, ইচ্ছা করিলে, পীড়িত চক্ষুর উর্দ্ধাক্ষিপুট উন্মীলিত করিতে কোন মতে সমর্থ হয় না। কিন্তু এদিকে তাহার দৃষ্টির, এবং বাস্তবিক চক্ষুর সমস্ত যত্তের কোনরূপ বৈলক্ষণ্য ঘটে না। টোসিদ্ সম্পূর্ণরূপে হইলে, উর্দ্ধাক্ষিপুট কর্ণিয়ার উপর ঝুলিয়া পড়ে বলিয়া, চক্ষুর মধ্যে আলোক প্রবিষ্ট হইতে পারে না; স্কুতরাং যতদিন পর্যান্ত এই অন্তরাল অপনীত করা না যায়, ততদিন পর্যান্ত রোগীর দৃষ্টি সাংসারিক কার্য্যাদি নির্মাহ করিতে সম্পূর্ণ অক্ষম থাকে।

১। আজনাজ টোসিমে উভয় অকিপুটই সচরাচর সমভাবে পীজিত হয়। এই টোসিস্ উপশন করিতে হইলে, অকিপুটের উপরিভাগ হইতে ডিম্বাকার এক থণ্ড চর্ম্ম কর্ত্তন করিয়া, কর্ত্তিত স্থানের প্রান্ত স্কুচার্ দারা সংযুক্ত করিতে হয় (১২ শ, প্রতিকৃতি দেখ)। আরোগ্য হইলে, ক্ষত অকিপুট এইরূপে থব্বাকৃত হওয়ায়, রোগী, তাহা অনায়ামেই উন্মীলিত করিয়া, চক্ষুতে বিলক্ষণ আলোক আনয়ন করিতে পারে। কিন্ত এইরূপ অধিকাংশস্থলে, লিভেটর্ প্যান্নিত্রি পেশীতে পৈশিক স্থ্র সকলের প্রান্ত অভাব থাকে; এবং থব্বাকৃত হইলেও অকিপুট কনীনিকার উপর আসিয়া নিমীলিত হওতঃ, রোগীর দৃষ্টির সম্পূর্ণতা বিষয়ে ব্যাঘাত জন্মায়। সম্প্রতি ডাকার ম্যাক্নামারা সাহেব আইরিডেনিস্ অন্তপ্রণালী (Iridesis) অবলম্বন করিয়া, কনীনিকাকে অধোদিকে প্রসারিত করতঃ এইরূপ একটা স্থল বিলক্ষণ উপশম করিয়াছেন। ইহা উপশমের উপায় বাহির করিতে আমাদের কৌশলতার পরিসীমা দেখাইতে হয়; কিন্তু সৌভাগ্যক্রমে এইরূপ টোসিস্ যরাগ অতি বিরল।

- ২। অফিপুটের চর্ম ও সংবোজক-বিধানে ঝুলে পড়া প্রযুক্ত বে টোসিস্ রোগ উৎপর হয়, তাহা আরোগ্য হওয়া অপেক্ষাকৃত সন্তব বলিয়া বোধ হয়। বৃদ্ধ অথবা দীর্ঘয়ায়ী কনজংটিভাইটিস্ রোগাজান্ত ব্যক্তি ব্যতীত, এই রোগ অন্য কোন মন্তব্যকে প্রায়ই আক্রমণ করে না। এই ছই স্থলে, অফিপুটের চর্ম এবং সংবোজক-বিধান বিবর্দ্ধিত মিউকস্ মেস্ত্রেণ (কনজংটাইভা) আবরণ করে; এবং লিভেটর্ প্যায়িরি পেশীর স্থ্র সমষ্টি বার্দ্ধক্যাপকর্ম হেতু য়াস্প্রাপ্ত হয়। যাহা হউক, লিভেটর্ পেশীর সম্ফোচন শক্তি কদাচিৎ সম্পূর্ণ বিনাশিত হয়। অতএব অফিপুটের চর্ম হইতে একথণ্ড চর্ম কর্ত্তন করিয়া লইলে, (১২ শ, প্রতিকৃতি দেখ) যথন সেই ক্ষত আরোগ্য হইবে, তথন উহা অফিপুটকে থর্ম্ম করতঃ, সচরাচর মহৎ উপকার সাধন করিয়া থাকে। আর, কনজংটাইভার অবস্থাও, বিশেষ মনোবোগ সহকারে দর্শন করিয়ে হয়; কারণ—অধিকাংশস্থলে, উহা, অয় বা অধিক পরিমাণে, স্কুল হইয়া পড়ে। প্রত্যহ ছই বার করিয়া স্বয়্ধ ডায়েলিউট্ (ক্ষীণ-শক্তি) রেড্ মার্কুরিয়াল্ অয়েণ্ট্মেণ্ট্ প্রদান করিলে, উহার এই অবস্থা তিরোহিত হইবার অনেক সম্ভাবনা।
- ০। লিভেটর্ প্যাল্পিরি পেশী আঘাতিত এবং অপায়িত হইলে, যদি উহার পৈশিক সঙ্কোচন শক্তি বিভাজিত বা বিনাশিত হয়, তাহা হইলেও এই টোসিস্ রোগ উৎপন্ন হইতে পারে। অক্ষিপুট হইতে একথণ্ড চর্মা কর্ত্তন করিয়া, এই অবস্থা উপশম করিবার চেষ্টা করিতে পারা যায়; কিন্তু পেশীর শক্তিহীনতা ভয়ানক প্রতিবাধ স্বরূপ হওয়ায়, এই রোগ চিরারোগ্য করা অত্যন্ত হৃদর হইয়া থাকে। সচরাচর যেরূপ দেখিতে পাওয়া যায়, তদ্দেপ যদি কেবল এক চক্ষুতেই এই পীড়া হয়, তবে কনীনিকাকে অধোভিমুখে লম্বমান করতঃ, যাহাতে রোগী স্পন্থাবস্থার স্থায় এককালে ছই চক্ষুর দ্বারা দেখিতে পায়, তিদ্বিয়ে বিশেষ চেষ্টা করা যাইতে পারে।
- ৪। পঞ্চম স্নায়র কোন না কোন শাখা অপায়িত হইলে, পুটীয় লিভেটর্ পেশীতে পক্ষাঘাত হইয়াও, সচরাচর টোসিস্ উৎপন্ন হয়। ইহাতে অনুমান করা ঘাইতে পারে বে, উক্ত অপায়, কোয়াড্রিজেমিন্যাল প্রতাঙ্গ সকল

(Quadrigeminal bodies) হইতে প্রতিক্ষিত হইরা মোটর্বা গতিদ সায়ুকে পীড়িত করে।

স্থা-অর্বিট্যাল্ স্বায়ুর মেলেরিয়া জনিত পীড়াতেও, ঐরূপ ফলোৎপত্তি হইয়া থাকে। এইরূপ স্থল সকলে, দর্শন স্বায়ু এবং সরল পেশী সকল, অল্পরা অধিক পরিমাণে, পীড়িত হয় এবং উহাদের যান্ত্রিক কার্য্যাদিরও অনেক ব্যাঘাত জন্ম।

যাহা হউক, অধিকতর জটিল রোগ দকল, যেথানে এই টোসিদ্ রোগ সায়ু বা স্নায়ু-কেন্দ্রের প্রাথমিক পীড়ার উপর নির্ভর করে, দেখানে রোগের মথার্থ কারণ নির্দেশ এবং রোগের বিশেষং প্রয়োজনীয় ঔষধ ব্যবস্থা করিতে আমাদের বৃদ্ধি ও নিপুণতার আবগুক হয়। আমাদের অরণ রাখা উচিত যে, উপদংশ রোগ নানাবিধ আকারে স্নায়ুকোয় দকল এবং মন্তিক পর্যান্ত পীড়িত করতঃ, অসংখ্য রোগের উৎপত্তি করিরা থাকে। আর ইহাও বিশ্বৃত হওয়া উচিত নহে যে, এইরূপ পুটপতন রোগ—টিউমার, দসীম (Limited) আাপোপ্রেক্সি (Apoplexy) এবং তদ্ধপ যে দকল ছ্রবগ্য্য পীড়ায় স্নায়ুর আকর পীড়িত হইতে পারে, দে দকল কারণেও—উৎপন্ন হইয়া থাকে।

কোনং স্থলে, স্পষ্টতঃ শৈত্য সংস্পর্শে লিভেটর প্যাল্পিবি পেশীর পক্ষাবাত সহসা উৎপন্ন হয়। যে দিবস রোগী এই রোগাক্রান্ত হয়, বোধ হয়, তাহার পূর্ব্ব দিবসে সেই ব্যক্তি শীতল বায়ু সেবন অথবা কোন আর্দ্র শয়ায় শয়ন করিয়া ছিল; এবং পর দিবস প্রাতঃকালে শয়া হইতে উঠিয়া দেখে যে, সে তাহার একটা অথবা উভয় অক্মিপুট উন্মীলিত করিতে পারিতেছে না। এইরূপ অনেকানেক স্থল সম্বর উপশ্যিত হইরা যায়; কিন্তু কোনং স্থলে দর্শনম্বায়ু ক্রমশঃ শুক হইতে থাকে। অপিচ, ইহাও অধিক সন্তব বলিয়া বোধ হয় যে, যদিও এই রোগ শৈত্য অথবা বাত রোগ জন্ম উৎপন্ন বলিয়া মনে করিতে পারি, কিন্তু হয় ত উহা ক্ষুদ্রতর রক্তবহ নাড়ীর আ্যামোলিজ্য সমবরোধন অথবা ঠিক কৈন্দ্রিক মেরুদণ্ডের বা স্বায়ু কেন্দ্রের সায়ুর মেদপরিবর্ত্তনের উপর নির্ভর করে।

মেলেরিয়া জনিত হইলে, এই পীড়ার প্রথমাবস্থায় ঔষধ ব্যবস্থা করিতে অবহেলা করা, কোন মতেই বৈধ নহে। এই ঔষধ ব্যবস্থা করিয়া, রোগীর

নেলেরিয়া সম্পর্কীয় ধাতু বিনাশ করত, আমরা স্থানিক পীড়ার অধিকতর প্রকোপ বৃদ্ধি নিবারণ করিতে পারি। এই অভিপ্রায় সাধনের নিমিন্ত, আইরণ্ এবং ট্রিক্নীনের সহিত আর্মেনিক্, এবং সেই রোগ নিবারক দ্বুত্তান্ত প্রভূত ঔষধের গুণ পরীক্ষা করা উচিত।

কপোলদেশদয়ে একটা বিদ্ধন ( Issue ) অথবা প্র্যায়ক্রমে বিষ্টার্ লাগান প্রভৃতি প্রভ্যুত্তেজনা ( Counter-irritation ) দারা এবং তৎসঙ্গেং অনবহ-প্রাণালীর ( Alimentary canal ) অবস্থা এবং তাহার অবণ কার্য্যের বিষয় বিশেষ অমুধাবন করতঃ, অবস্থা ব্ঝিয়া, নার্ভাইন্ টনিক্স্ ও আইওডাইড্ অব্ পোটাসিয়ন্ প্রভৃতি ঔষধ ব্যবস্থা করিয়া রোগোপশম করা বৈধ।

অস্তান্ত প্রকার টোসিস্ বা পুটপতন রোগ—বাহা মস্তকের (Cerebral) পীড়ার জন্ত উৎপন্ন হয়, তাহাতে, ফ্যারাডিজেশন্ (Faradization) অর্থাং তাড়িত প্রবাহ দারা ক্ষয়িত বা অকর্মণ্য পেশীদিগকে বিলক্ষণ উদ্রিক্ত করিয়া দেওয়া যাইতে পারে।

এই রোগ নিরাময়ার্থে ইলেক্ট্রো-ম্যাগ্নেটিজম্ ( Electro-magnetism) অর্থাৎ চৌশ্বিক তাড়িত প্রবাহ নিয়োজিত করিবার সময়, ঐ যয়ের পজেটিভ্র্ পোল্ কর্ণের নিয়দেশে—এবং একথণ্ড ক্ষুদ্র ও আর্দ্র সংযুক্ত নেগেটিভ পোল্ মুদ্রিত অক্লিপুটের চর্ম্মোগরি—যোজিত করিতে হয়। ক্ষীণবেগে তাড়িত প্রবাহিত করা উচিত; এবং এক কালে অধিক ক্ষণ পর্যান্ত যয়োপবেশন না করিয়া, পুনঃ পুনঃ অল্লকণের নিমিত্ত উহা নিয়োজিত রাখা আবশ্রক। এবন্ধিধ চিকিৎসা কোন উপকারজনক হইলে, সম্বরই তাহা পরিদৃশ্যমান হয়। তুর্ভাগ্যক্রমে, এইরূপ পক্ষাক্ষাত সচরাচর ক্রমেং উৎপন্ন হইতে থাকে বিলয়া, উহাতে কোন প্রবল লক্ষণ বিদ্যমান থাকে না; স্মৃতরাং যত দিন পর্যান্ত পেশী সকল অনিবার্যান্ত্রপে বিনাশিত না হয়, তত দিন পর্যান্ত রোগী চিকিৎসা-বীন হয়।

অক্সিপুটীয় অবিকিউল্যারিস্ পেশীর পক্ষাঘাত।—(Paralysis of the Orbicularis Palpebrarum) এই রোগ, পুটপতন রোগ অপেক্ষা, সচরাচর অধিক দৃষ্ট হয় না। ইহা উপস্থিত থাকিলে, রোগী পীড়িত অক্সিপুট উন্মীলিত করিতে সমর্থ হয় বটে; কিন্তু তাহা সমাক্

নিনীলিত করিতে পারে না। কর্ণিয়া অনবরত অল বা অধিক পরিমাণে বায়্
সংস্পৃষ্টি ও বায়্থিত-ধূলি-সংশ্লিষ্ট হইরা এবং তৎসঙ্গেং উহার পৃষ্টির ব্যাঘাত
হওয়ায়, উহাতে উত্তেজনা ও ক্ষত জন্মিতে পারে। এই রোগে কেবল অর্বিকিউল্যারিদ্ পেশীই পক্ষাবাত প্রাপ্ত হয়, এমত নহে; অধিকাংশ স্থলে, যে চক্ষুতে
এই পীড়া হয়, মুখের দেই পার্শ্বন্থ সপ্তমন্নায়্র আশ্রিত অন্তান্ত পেশীও আক্রান্ত
হয়। কিন্তু পীড়িত স্থানের স্পর্শান্ত্রত শক্তির কোন বৈলক্ষণ্য ঘটে না।

বেল্ নাহেব ইহাকে পল্নী ( Palsy ) শব্দে উল্লেখ করিয়া গিয়াছেন; এবং এই বেল্দ্ পল্নী রোগ—দৈত্য সংস্পর্শ, নানাবিধ মানসিক ছ্শ্চিস্তা ও স্নায়র আঘাত জনিত অপায় প্রভৃতি কারণ দারা—সচরাচর সহসা উদ্ভূত হয়। অতাত্য হলে, পীড়া ক্রমশঃ মৃত্ব বর্দ্ধিত হইতে থাকে; এবং ফেনিয়্রাশ্ নার্ভ্ ( Facial nerve ) অর্থাং মৌথিক সায়ুর আবরকেব অথবা য়ায়্রইডাক্টাস্ ফ্যালোপিয়াই ( Aqueductus Fallopii ) নামক স্থানের অস্থিপাচীরের উপদংশ বা অতাত্য প্রদাহের পরবর্ত্তী কোন পীড়া হইতে, অথবা টেস্পোর্যাল্ ( Temporal ) অস্থির পিট্রাস্ বিভাগে ( Petrous portion ) নিক্রোসিন্ রোগোৎপাদক অটাইটিস্ ( Otitis ) অর্থাং কর্ণপ্রদাহ জন্য উৎপন্ধ হয়।

অত্যন্ত্র সংখ্যক স্থলে, এই পীড়া, প্রথমতঃ, মন্তিকে আরম্ভ হয়। এম্ ট্রাউনো সাহেব এইরূপ স্থল সকল নির্দেশ করিয়া, উল্লেখ করেন যে, 'প্র্টীয় অর্বিকিউল্যারিস্ পেশী, সায়ুর পীড়া হইতে যত্তদূর পক্ষাণাত প্রাপ্ত হয়, মন্তিক্ষার্দ্ধ ওলের পীড়া হইতে তত দূর প্রাপ্ত হয় না। এই কারণেই, এবন্ধির হেমিপ্লেজিক্ (Hemiplegic) বা পক্ষাবাত প্রাপ্ত রোগীকে চক্ষু মুদিত করিছে বলিলে, সে তাহা মুদিত করিয়া অক্ষিপোলক সম্পূর্ণরূপে আর্ভ রাখিতে পারে। কিন্তু সপ্তম সায়ুর্গের (Seventh pair) পক্ষাবাত স্থলে অক্ষিণোলক সম্পূর্ণ অনারত হইয়া থাকে, অথাং রোগী অক্ষিপ্ত মুদিত করিতে পারে না" \*। যাহা হউক, কেসিয়্যাল্ প্যারালিসিদ্ রোগের সম্প্রাপ্তির অত্যন্ত বিস্তৃত বলিয়া, তন্মধ্য হইতে এস্থলে প্রয়োজনীয় কতিপর বিষয় উরিখিত হইল।

<sup>\*</sup> Bazire's translation of Trousseau's "Clinical Medicine," vol. i. p. 3.

পূর্ব্বেই উক্ত হইল যে, মুথমণ্ডলের পক্ষাঘাত রোগে অর্বিকিউল্যারিস্
পেশী পীড়িত হয়; এবং তাহাতে কর্নিয়ায় পর্য্যায়ক্রমে ক্ষত উৎপন্ন হইয়া চক্ষ্
ধ্বংশ হইতে পারে; অতএব অর্বিকিউল্যারিস্ যত দিন না স্বীয় ক্ষমতা প্রাপ্ত
হয়, তত দিন প্যাড় ও ব্যাণ্ডেজ্ দারা চক্ষ্ মুদ্রিত রাথা বিধের। অপরস্ত, এই
রোগের প্রথমাবস্থায়, অক্র, নিয়াক্ষিপুট দিয়া প্রবাহিত হইতে না পারায়,
অনবরত বিগলিত হইয়া যথেষ্ট কট্টদায়ক হয়। অপিচ, অর্বিকিউল্যারিস্
পেশী পক্ষাঘাত প্রাপ্ত হওয়ায়, পংটম্ সকল (Puncta) প্রকৃতাবস্থানে
স্থায়ী না থাকিয়া, অক্ষিণোলক হইতে বুলিয়া পড়ে; এবং তাহাতে
অপাঙ্গদেশ হইতে বিন্দু বিন্দু অক্র নির্গত হইতে থাকে। এই রোগ
অনেক স্থলে স্বয়ংই উপশমিত হইয়া যায়। তাড়িত প্রবাহের বেগে পীড়িত
পেশী কিরূপ কার্যাশীল হয়, তাহা নির্দারণ কয়া, এই রোগ উপশমিত
হইবে কি না, তাহা জানিবার এক উত্তম পরীক্ষা হল। উক্ত যয়ের বেগে
উত্তেজিত হইয়া যদি পক্ষাঘাত প্রাপ্ত পেশী সম্কুচিত না হয়, তবে এই রোগ
নিশ্চয়ই ছ্রারোগ্য বুঝিতে হইবেক।

যদিও সন্তুত পক্ষাবাত রোগ সচরাচব স্বয়ং উপশমিত হয়, তথাপি প্রত্যুতেজনা (Counter-irritation), ষ্ট্রিচ্নীন, ভেরাট্রিয়ম্ সেবন, ও ফ্যারাডিক্রেশন্ ব্যবহার দারা, কথনং অপেকাক্বত অল্প সময়েও আরোগ্য হইয়া য়ায়।
উপদংশসন্তুত স্থলে—অথবা মেলেরিয়া যাহার কারণ বলিয়া অনুমিত হয়,
তথার—যথন তাড়িত প্রবাহ দারা পেশীদিগকে কার্য্যোত্তেজিত করা হয়,
তথন তংসঙ্গেং আইওডাইড্ অব্ পোটাসিয়ম্ অথবা কুইনাইন্ প্রভৃতি
তত্তং পীড়া নিবারক অন্যান্য ঔষধ সেবন করিতে ব্যবস্থা দেওয়া উচিত।

বুকারস্পাজ্মস্— (Blepharospasmus) অথবা সাধারণতঃ
বাহাকে অন্ধিপুটের চক্টিপি রোগ বলা যায়, তাহা অর্বিকিউল্যারিস্ পেশীর
একবিধ রোগ। কেবল এই পেশীই পুনঃ২ অন্ধিপুট স্পান্দন রূপ বিশৃষ্থালে
আক্রান্ত হয়; পুটীয় লিভেটর্ পেশীকে তাহাতে অতি কদাচিৎ আক্রান্ত
হইতে দেখা যায়।

কোন্থ স্থলে এই রোগে কণস্থায়ী সম্বোচন (Clonic kind) হইতে থাকে; তাহণতেই, রোগী অন্বরত চক্ষুক্মীলন ও নিমীলন করে; অথবা

যদি অক্লিপুট-পেশীর কোন অংশে এইরূপ পীড়া হয়, তবে কেবল তদংশেই কুঞ্চন উপস্থিত হয়। সাধারণতঃ, ক্ষীণ ও উত্তেজনাশীল ব্যক্তিদিগেরই এই পীড়া হইয়া থাকে। ইহা যদিও বিরক্তজনক, তথাপি ইহাতে কোন গুরুতর ফলোৎপত্তি হয় না। বলকারক ঔষধ ও তেজস্কর মালিশের (Stimulating liniment) দ্বারা উহা সত্বর উপশমিত হইয়া যায়। যাহা হউক, অনেকানেক স্থলে, অক্লিপুটের এইরূপ অনবরতঃ মুদ্রণ রোগ, স্থায়ী রোগ হইয়া পড়ে; স্মতরাং, দীর্ঘকাল রোগীর আত্মীয়বর্গের সমধিক তাচ্ছল্য প্রযুক্ত, উহা বিরক্তিকর হইয়া থাকে।

অপেক্ষাকৃত গুক্তর স্থল সমূহে, এই সংস্নাচন টনিক্ (Tonic kind)
অর্থাৎ অপেক্ষাকৃত দীর্ঘ ক্ষণস্থায়ী হইরা থাকে; উহা বিচ্ছিন্ন বা অবিচ্ছিন্নভাবে উদিত হয়। মধ্যেই উদিত হইলেও, ইহা দাতিশন্ন কপ্টকর ও বিপদাবহ।
কারণ—রোগী কোন না কোন সময়ে হঠাৎ প্রচণ্ড অক্ষিপুট মুদ্রণ দারা আক্রান্ত
হইরা থাকে; এবং তৎসময়ে তাহার দৃষ্টির সম্পূর্ণ ব্যাবাত জন্মে। মনে কর,
যদি এই সময়ে সে কোন জনপূর্ণ রাজপথ অতিক্রম করে, তবে তাহার ভূমিতলে পতিত ও পদতলে মর্দ্দিত হইবার বিলক্ষণ সম্ভাবনা। অপিচ, অন্তান্ত
কার্যাদিতেও, এই রোগ যন্ত্রণাদান্ত্রক। রোগী, কোন কর্ম্ম করিতে না পারার,
দরকারী কার্য্য সকলও করিতে পারে না।

কারণ——সচরাচর, সেন্সেটিভ্ অর্থাৎ চৈতন্যদ স্নায়ু হইতে মোটর্
অর্থাৎ গতিদ স্নায়ু পর্যান্ত উত্তেজনা প্রতিফলিত হইয়া, এই ব্লেদারস্পাজস্
রোগ জন্মে। এম্ ওয়েকার্ সাহেব, উত্তেজনা উৎপত্তি অন্নারে, এই রোগকে
তিন প্রেণীতে বিভক্ত করেন। > মতঃ—সাঘাত জনিত; ২ য়তঃ—কর্ণিয়া
বা কনজংটাইভার পীড়া নিবন্ধন; ৩ য়তঃ,—ফেসিয়্যাল্ সায়ুর শাখা সমূহ
আক্রামক কোন রোগ সম্ভূত।

প্রথমোক্ত শ্রেণীতে, কর্ণিয়া কিশ্বা কনজংটাইভার উপরিভাগে কোন বাহ্য পদার্থ বিদ্যমান থাকিয়া, পঞ্চম-সায়ুর শাখা সমূহকে উত্তেজিত করে। এই উত্তেজনা, সপ্তম বা গতিদ সায়ুর মধ্য দিয়া যে সকল পেশী দ্বারা এই স্বায়্ প্রতিপোষিত হয়, তাহাতে প্রতিফলিত হওতঃ, অক্রিপুটের সহসা মুদ্রণ রোগ আনিয়ন করে। প্রথমতঃ এই স্পান্ন হয় এবং কেবল স্বিকিউল্যারিস্ পেশী- তেই হয়; তৎপরেই উহা অবিশ্রান্তভাবে এবং শেষে মুখমওলের প্রায় সমুদার পেশীতে বিস্তৃত হইতে পারে; বিশেষতঃ বলপূর্ব্বিক অক্ষিপুট উন্মীলন করি-বার চেষ্টায়, এই ঘটনা অন্তভূত হইয়া থাকে। প্রথমতঃ এক চফু পীজিত হইতে পারে; কিন্তু পরিশেষে উভয় চফুই পীজিত হইয়া পড়ে।

দিতীয় শ্রেণীতে, কর্ণিয়ায় কোন ক্ষত উৎপন্ন হইয়া, অথবা প্রিটিলার্ কনজংটিভাইটিশ্রোগজ উত্তেজনা দারা, এই পুটমুদ্রণ রোগ উৎপন্ন হইতে পারে। এইরূপ রোগের কারণ সকল অপনীত হইলেও, উহা থাকিতে পারে। প্রুম্ম্ অফ্থ্যাল্মিয়া (Strumous Ophthalmia) নামক রোগে অক্পিপুটের যে মুদ্রণ রোগ উল্লিখিত হয়, তাহা আমরা এই শ্রেণীভুক্ত করিলাম।

ম্থমণ্ডলের নিউর্যাল্জিক্ টিক্ (Neuralgic tic) অর্থাৎ শিরাশূল বাতনা, তৃতীয় শ্রেণীভুক্ত। ইহাতে, পঞ্চম-সায়ুর—বিশেষতঃ তাহার স্থ্যান্সবিট্যাল্ শাথার—পীড়িত অবস্থা সপ্তম সায়ুযুগ্মে প্রতিফলিত হইয়া, অর্বিকিউল্যারিম্ পেশীর মুদ্রণদশা উপনীত করে। মেলেরিয়া, বাত ও শৈত্যসংস্পর্শ প্রভৃতি কারণে, এই ব্রেফারস্প্যাসম্ রোগ, সচরাচর জন্মিয়া থাকে।

চিকিৎসা——রোগের প্রকৃতি দেখিয়া চিকিৎসার প্রভেদ হইয়া থাকে। চক্ষ্তে কোন বাহু পদার্থ পতিত হইয়া পুট্মুদ্রণ উপস্থিত হইলে, উক্ত আবাতদ পদার্থকে সম্বরং বহির্গত করা বিধেয়। সেইরূপ কনজংটাইভার পীড়া জন্য হইলে, অগ্রে সেই রোগ আরোগ্য করিবার চেষ্টা দেখিতে হয়। কিন্তু তৃতীয় শ্রেণীস্থ রোগ সকলে, পঞ্চম-মায়ুর কোন্ শাখা সাধারণতঃ আক্রান্ত হইয়াছে, অগ্রে তদম্বাবন করা বৈধ; এবং এই বিষয় নির্ণয় করিবার নিমিত্ত, অক্ষিপুটোপরি নানাদিকে প্রতিচাপ দিতে হয়—য়েমন স্থা-অবিট্যাল্ সায়ুর মুখদারে প্রতিচাপ দিবার সময়, এরূপ অন্তস্কান করিতে হয় বে, পুট্মুদ্রণ বা স্পন্দন এই প্রতিচাপে স্থাতি হইতেছে কি না। অপিচ, এইরূপে আমরা ডেণ্ট্যাল্ ফোরামেনে (Dental foramen) অর্থাৎ দন্ত্য ছিদ্রে অধঃস্থ দন্ত্য সায়ু (Inferior Dental nerve) পরীক্ষা করিতে গারি। এই পরীক্ষায়, যদি পঞ্চম-সায়ুর শাখা মধ্যে উত্তেজনার বিরাম স্থান অন্তত্ব হয়,, তবে বোধ হয়, সায়ু বিভাগ করিয়া, অবিকিউল্যারিস্ পেশীর স্প্যাজম্বা আক্ষেপ রোগ নিবারণ করিতে পারা বায়। মুথমণ্ডলের ছই

পার্শস্থ সায়ু সকল বিভাগ করাও আবশ্যক হইতে পারে। এই অস্কু-প্রক্রিয়ায় কোন উপকার হইরাছে, প্রথমতঃ এমত অনুভব হইতে পারে না; কিন্তু বথন এই পুটমুদ্রণ ক্রমশঃ অপনীত হইরা বার, তথন রোগী বিলক্ষণ আরাম বোধ করিতে থাকে। হুর্ভাগ্যক্রমে, বাহতঃ এইরূপে উপশ্যিত হইরাও, এই রোগ কথন২ প্রত্যাবর্ত্তন করে।

ব্েলারস্পাজম্ অর্থাং পুনং পুটমুদ্রণ বা স্পন্দন রোগ নিবারণ করিতে অন্তান্ত যে সকল ঔষধ প্রয়োজন হইতে পারে, তন্মধ্যে তড়িত সম্বন্ধীর অবিচ্ছিন্ন প্রবাহ এবং চর্ম্ম নিম্মে মর্ফিরার পিচ্কারি দেওয়াই, প্রধানতম ঔষধ। অস্ত্র চিকিংসার পূর্কেই, এই সকলের গুণ পরীক্ষা করা উচিত। প্রথমতঃ স্থপ্রা-মর্বিট্যাল্ সায়ুর শাখা সকলের অবস্থানোপরি পিচ্কারি দেওয়াই বৈধ।

এইরপ রোগে অত্যন্ত সতর্ক হইরা দন্ত পরীক্ষা করিতে বিশ্বত হওয়া উপযুক্ত নহে। কেরিয়স্ রোগগ্রন্ত দন্ত উত্তোলিত করিলে, বোধ হয়, এই রোগ একেবারেই নিরাময় হইয়া যাইতে পারে। এইরূপে যদি পঞ্চময়ায়ৢর শাথা সকল ক্ষত-কলম্বিত টিস্থ (Cicatricial tissue) দারা পীড়িত হয়, তবে সেই টিস্থ বিভাজিত করিয়া তজ্জনিত সেন্দিয়েণ্ট্ ফাইবার্ (Sensient fiber) অর্থাং সায়ৢর স্পর্শচেতন স্ত্র সকলের উত্তেজনা তিরোহিত করা উচিত। বস্তুতঃ, সদ্বিবেচনা এবং উপযুক্ত ঔষধ ব্যবস্থা দারা আময়া এই ভয়ানক কষ্টকর রোগের নানাবিধ স্থল যথার্থ অনুমান করিতে ও তাহা সফলদায়করপে নিরাময় করিতে সমর্থ হইয়া থাকি।

তাকিপুট এবং পক্ষের অবস্থান-বৈপরীত্য ( Malpositions of the Eye lids and Eyelashes )

এন্ট্রাপিয়ম্ — (Entropium) অথবা অক্সিপুট প্রান্তভাগের চক্রভিমুখীন বক্রতা, কখন আংশিক, কখন বা সম্পূর্ণ হইতে পারে। স্থবিধার নিমিত্ত এই রোগকে ছই শ্রেণীতে বিভক্ত করা যায়; —স্প্যান্ত্র্যোতিক্ অর্থাৎ আক্ষেপিক এবং পার্মেনেন্ট্রা স্থায়ী।

প্রথমোক্ত শ্রেণী, শিথিল ও লোল চর্ম্ম বিশিষ্ট বৃদ্ধ মনুষ্য ব্যতিরেকে, অপর

আমরা সচরাচর "চক্ষু লাফাইতেছে" 'চক্ষু নাতিতেছে" ইত্যাদি শব্দে এই বেষারস্প্যাক্ষ্ বা প্রাং২ পুটস্পন্দন রোগ ব্যক্ত করিয়া থাকি।

কোন ব্যক্তিতে, অতি কদাটিং দৃষ্ট হয়। নিদাশন করিবার বা তদ্ধপ অহা কোন অস্ত্রপ্রক্রিরার পরে, চক্তে নেরূপ সর্বাদ। কম্প্রেস্ ও ব্যাণ্ডেজ্ বন্ধন করিতে হয়, তদ্ধপ বন্ধন হইতে এইরূপ রোগ কখনং উদ্ভ হইতে দেগা গিয়া থাকে।

এই অক্নিপুটের সিলিয়ারি বা পক্ষাযুক্ত প্রান্তভাগ স্বয়ং অন্তর্দিকে বক্র হইয়া, তৎদঙ্গেৎ সিলিয়া বা পক্ষ-সমষ্টিকেও লইয়া য়ায়। এমত কি, অক্নিপুটের চর্ম টানিয়া স্বাভাবিক অবস্থানে না আনিলে, উহাদিগকে আর দেখিতে পাওয়া য়য় না। য়াহা হউক, শীঘ্রই অক্নিপুটের প্রান্তভাগ, অর্বিকিউলাারিস্পেশীর স্বত্র সমষ্টির অয়ণা সঙ্কোচন প্রযুক্ত, চক্ষুর অভ্যন্তরে পুনর্বার বিদ্ধিষ্ণ হয় পড়ে। এইরূপ স্থলে বহিঃস্থ চর্ম যে কেবল লোল অবস্থাপর হয় এমত নহে, অর্ব্বিকিউলাারিস্ পেশীর বহিঃস্থ স্বত্র সকলেরও শক্তির ব্রাস হইয়া থাকে। আর উহার য়ে সকল স্বত্র অক্নিপুটের প্রান্তভাগে থাকে, তাহারা অস্বাভাবিক শক্তিতে কার্য্য করতঃ, পূর্ব্বোল্লিখিত রূপে পক্ষ গুলিকে বক্রভাবে চক্ষুর অন্তর্দ্ধিকে লইয়া য়য়। এইরূপে পক্ষ সকল নিয়ত কর্ণিয়ার উপর সংস্পর্শিত হওয়ায়, তথায় এত পরিমাণে উত্তেজনা উত্তেজিত করিতে পারে বে—কর্ণিয়ার সৌত্রিক বিধান ক্রমশঃ সাংপ্রাপ্তিক পরিবর্ত্তনে পরিবর্ত্তিত হইয়া, পরিশেষে রক্তবহ-নাড়ী সমাবেশনজনিত অস্বচ্ছতায় পরিণত হয়; অথবা তথায় হানিজনক ক্ষত উৎপন্ন করে।


চিকিৎসা।— চক্ষ্ হইতে মন্থ বা শুক্র (Cataract ছানি) নিদ্ধাশনের পর অক্ষিপুটে যে ব্যাণ্ডেজ্ বন্ধন করিতে হয়, তাহার প্রতিচাপ প্রভৃতি
কোন প্রকার মেক্যানিক্যাল্ (Mechanical) কারণ হইতে এই এন্ট্রোপিয়ম্
রোগ উৎপন্ন হইলে, অগ্রে সেই কারণ দ্রীকরণ করাই কর্ত্ব্য। তাহা হইলে,
কিছু দিনের মধ্যেই অর্কিকিউল্যারিস্ পেশী স্বকীয় কার্য্য পুনঃ প্রাপ্ত হইবে;
এবং অক্ষিপুটও প্রকৃত অবস্থাপন্ন হইবে। অক্ষিপুট টানিয়া উহার বহিঃস্থ
চর্ম্মোপরি এক স্তর কলোডিয়ন্ অথবা এক খণ্ড প্ল্যান্তার্ব্য সংলগ্ধ করিয়া, উহাকে
প্রকৃত অবস্থানে স্থায়ী রাখিলে, পূর্কোল্লিখিত কার্য্য অনেক সম্বর হয়।

ত্রপনেয় হইলে, প্রান্ত ভাগের সমান্তর করিয়া, অক্ষিপুট হইতে এক খণ্ড চর্ম্ম এবং চম্ম-নিমুস্থ টিস্ক কর্তুন করিয়া লইতে হয়। এই সকল টিস্ক যুখন দিকেট্রাইস্ড্ হইতে থাকে, তথন উহারা সঙ্কৃতিত হইরা, অক্সিপুটকে সঙ্কৃতিত ও প্রকৃত অবস্থানে পুনঃস্থায়ী রাখে।

এই শস্ত্রোপচারের নানাবিধ প্রকরণ বলিয়া, কেহ কেহ বিবেচনা করিতে পারেন যে, ইহা সাধন করা অতি কঠিন কর্ম্ম; কিন্তু ইহা অপেকা আর

কিছুই সহজ হইতে পারে না। এক থানি এণ্ট্রাপিয়ন্ ফর্সেপ্ দারা অক্সিপুটের সিলিয়ারি প্রান্ত-ভাগের সমান্তর ভাবে, চর্ম্ম ধৃত ও উত্তোলিত করতঃ, এক-থানি বক্র কাঁচি দারা দেই চর্ম ছেদন করিয়া লইতে হয় (১২ শ, প্রতিকৃতি দেখ) ফর্সেপ্ দারা যে পরিমাণে চর্ম ধরিলে পক্ষা গুলি স্বস্থানে আইসে, সেই পরিমাণে চর্মা ছেদন করা আবঞ্চক হয় ইহা বুঝিয়া, এণ্ট্রা

১২শ, প্রতিকৃতি।



পিরনের বক্রতান্ত্রনারে কত পরিনাণে চর্ম ছেদন করা আবশুক—জানা যাইতে পারে। অপিচ, যাহাতে পংটা আঘাতিত না হয়, এরপ সতর্ক হওয়াও উচিত। বস্তুতঃ, নাসাপাঙ্গ দেশাভিমুখের চর্ম ছেদন করা কোন মতে উচিত নহে; কারণ—তৎচ্ছেদনে পংটম্ আঘাতিত না হইলেও, শুক্ষ ক্ষতকলঙ্কের সঙ্কোচন প্রেকু, উহা উল্টাইয়া আসিতে পারে; স্কতরাং, তাহাতে রোগীর অনেক্ অস্ক্রিধা ঘটে। পংটমের মধ্য দিয়া অশ্রু প্রবাহিত হইয়া আসিতে না পারায়, চক্ষু সর্বাদা জন্মপূর্ণ থাকে। পূর্বানির্দিপ্ত স্থানের চর্মা রক্ষা করিলে, এই চর্টেক্র ঘটনা কথনই ঘটতে পারে না।

স্থায়ী এন্ট্রে পিয়ম্। — খারী ও স্পাজ্যোতিক্ বা আক্রেণ জনিত এণ্ট্রে পিরমের মধ্যে এই প্রভেদ যে—পূর্ব্বোক্ত রোগে, অক্রিপুটের ভিতর-দিকে বঙ্কিমভাব তাহার নির্দাণগত পরিবর্ত্তনের উপর সম্পূর্ণ নির্ভর করে; এবং এই পরিবর্ত্তন, প্রায় সর্ব্বদাই গ্র্যানিউলার্ কন্জংটিভাইটিস রোগ প্রাকৃতিই হইরা থাকে। বৃদ্ধ ব্যক্তিদিগেরও, অক্নিগোলক কোটর মধ্যে প্রবেশ হেতু, উক্ত রোগ হইতে পারে। তাহা হইলে অবিকিউলারিস্পেশীর প্যান্ধিরাল্ বা পক্ষা প্রান্তভাগ ভিতরদিকে উল্টাইবার সম্পিক সম্ভারনা

থাকে। উদ্ধ বা অধঃ, উভয় অক্ষিপুটই সমভাবে এই রোগের অধীন; এবং ইহাতে এক কিম্বা উভয় চক্ষ্ই পীড়িত হইতে পারে।

পূর্বেই বলা গিয়াছে যে, অধিকাংশ স্থলে স্থায়ী এন্ট্রোপিয়ম্, গ্রানিউলার্ কন্জংটিভাইটিস্ কারণে উৎপন্ন হইয়া থাকে। ইহাতে শ্লৈপ্সিক এবং তনিমস্থ বিরিতে ক্ষত কলম্ব সমুৎপাদিত হয়; সেই সকল কলম্ব আকারে সমুচিত হইবার সময়, পুটোপাস্থিকে এক পার্শ্ব হইতে অপর পার্শ্ব পর্যান্ত ও উর্দ্ধ হইতে অধার দার্শ্ব পর্যান্ত ও উর্দ্ধ হইতে অধার দার্শ্ব পর্যান্ত ও উর্দ্ধ হইতে অধাদিকে থর্ল করিয়া তুলে। এইমতে ব্যাধিযুক্ত চক্ষুর সিলিয়ারি বা পক্ষযুক্ত প্রান্তভাগ, প্টোপাস্থির প্রাকৃতিক বক্রতার বৃদ্ধি হেতু, অন্তর্দিকে থর্ল হয়। এইরপে আক্রান্ত অক্নিপুটও, এক পার্শ্ব হইতে অপর পার্শ্ব পর্যান্ত হস্ব হয়; এবং সেই অক্নিপুটের শ্লৈপ্সিক ঝিলি প্রায় সচরাচর অতিশ্র স্থূল হইয়া থাকে। এই সকল নির্মাণগত পরিবর্ত্তন বিদ্যান্য থাকার, যদ্ধপ স্প্যান্ত্রমাডিক্ এন্ট্রোপিয়নে অক্নিপুটের চর্ম্ম টানিয়া পক্ষ সকলকে তাহাদের প্রকৃত অবস্থানে স্থায়ী রাখা যায়, এস্থলে তজ্ঞপ স্থায়ী রাখা অসম্ভব।

স্থানী এণ্ট্রাপিয়ন্ রোগে, পক্ষ সকল প্রায় সচরাচর ধ্বংস প্রাপ্ত হয়;
কেবল কতকগুলি বিষম ও বক্র পক্ষ অবশিষ্ট থাকে। যাহা হউক, চক্ষ্
উন্মীলন ও নিমীলন সময়ে, এই সকল পক্ষ মূল, কর্ণিয়ার উপরিভাগে সতত
ঘর্ষণ করিয়া এত পরিমাণে উত্তেজনা আনয়ন করে যে, কর্ণিয়ার স্বচ্ছতা
ক্রমশঃ বিলুপ্ত হইয়া কার্যাতঃ চক্ষুকে অকন্মণ্য করিয়া তুলে।

চক্ষুতে কথনং চূর্ণ বা তজ্ঞপ কোন পদার্থ পতিত হইয়া, রাসায়নিক কার্য্য দারা কন্জংটাইভাকে বিগলিত এবং শুদ্ধ ক্ষতকলম্বযুক্ত করত, পুটপ্রাম্ত-ভাগকে উন্টাইয়া—এণ্ট্রোপিয়ম্ রোগের উৎপত্তি করে।

চিকিৎসা।— স্থায়ী এণ্ট্রাপিয়ম্ রোগ চিকিৎসা করিতে হইলে, বাল্ব্ বা পক্ষমূল সমবেত পক্ষ সকল উৎপাটন করিয়া, তাহাদিগকে ভবিষ্যতে কর্ণিয়ায় ঘর্ষিত হইতে বাধা দিতে হয়; অথবা কিয়দংশ দর্ম ছেদন করিয়া অথবা পুটোপাস্থিতে গহবর করিলেও, অক্ষিপুটপ্রান্ত স্বস্থানে প্রত্যানীত হয় "

<sup>\*</sup> পুরাতন এন্ট্রাপিয়ম্ এবং এক্ট্রোপিয়ম্ রোগ উপশম করিতে হইলে, যে২ শক্তপ্রণালী অবলম্বন করিতে হয়, গ্রন্থক্তী তৎসমুদ্য বর্ণনা না করিয়া, তিমি সম্মং যেরূপ শক্তপ্রণালী অবলম্বন করেন, এম্বলে ত্রিময়ক মন্তব্য প্রকটিত

নিম্লিখিত রূপে বাল্ব্ বা মূল সমবেত পক্ষসমষ্টিনিকাশন (Excise) করিতে হয়;—ডেদ্মারেদ্ সাহেবের রুত একটি ফর্সেপ্ অঞ্চিপুটে প্রয়োগ করণান্তর, অঞ্চিপুট প্রান্ত হইতে ট্র ইঞ্চ অন্তরে ও উহার সমান্তরভাবে চর্ম্ম ও চর্মা নিম্নস্থ টিপ্রর মধ্য দিয়া পুটোপান্থি পর্যান্ত শস্ত্র নিমজ্জিত করতঃ— চর্মা বিভাজিত করিতে হয়। শস্ত্র ক্ষতের হই প্রান্ত অঞ্চিপুটের অসংলগ্ন প্রান্ত পর্যান্ত আনিয়া, কর্ত্তিহান-মধ্যস্থ চর্ম্মনিম্নস্থ টিপ্র এবং পক্ষাস্কুরের সহিত ক্ষুদ্র লোল চর্মান্ত, পুটোপান্থি হইতে ছেদন করিয়া লইতে হয়। অত্যন্ত সতর্ক হইয়াক্ষত স্থান পরিক্ষার করতঃ, তথায় আর অধিক পক্ষমূল আছে কি না—পরীক্ষা করিতে হয়; য়িদ থাকে, তবে তাহাও বহির্গত করা বিধেয়। ক্ষত যত্তিন পর্যান্ত আরোগ্য না হয়, তত্তিন পর্যান্ত ক্ষত-স্থানে শীতল জলের পটী সংলগ্ন করা যাইতে পারে।

পশা বিনষ্ট করা বদি বিবেচনা দিদ্ধ না হয়, তবে নিম্নলিখিত শস্ত্রপ্রক্রিয়া অবলম্বন করা উচিত। ডেদ্মারেদ্ সাহেবের ক্বত ফর্সেপ্ অক্ষিপুটে নিয়ােজিত করিয়া, পদ্ধ প্রান্তভাগ হইতে ই ইঞ্ পরিমিত অন্তরে ও তাহার সমান্তরভাবে অকিপুটচর্ম্ম ও চর্মানিম্নস্থ টিম্লর মধ্য দিয়া টার্সাল্ কার্টিলেজ্ অর্থাৎ পুটোপাফ্রিপর্যন্ত, যাহাতে পক্ষান্ত্রর ধ্বংস না হয় তিদ্বিয়ে সাবধান হইয়া, শস্ত্র নিমজ্জিত করিতে হয়। এই শস্ত্র-ক্ষতের সমান্তর ও সমগভীর ও ইহা হইতে ইইঞ্ অন্তরে, আর একটা শস্ত্র-ক্ষত করিয়া—উভয় ক্ষতের প্রান্তদ্বর সংলগ্ন করিয়া দিতে হয়। অতংপর তির্যাগ্ভাবে অবংদিকে পুটোপাস্থি পর্যান্ত এই ক্ষত গভীরতর করিয়া, ক্ষতন্যন্ত করির তর্মানিম্নস্থ টিম্ম ও পুটোপাস্থি বিভাজিত করিয়া—উহার উপর একটা গহররও প্রস্তুত করিতে হয়। এইরূপে শস্ত্র প্রয়োগ করিবার অভিপ্রান্ধ এই নে, এতদ্বারা চর্ম্ম ও পুটোপাস্থির একথণ্ড দীর্ঘাক্তি কুঠারবং অংশ ছেদন করিয়া লওয়া যায়; তাহাতে, যথন ঐ ক্ষত স্থানের প্রান্ত সংমিলিত হইয়া যাইবে, তথন অক্ষিপুটের বক্রপ্রান্ত উন্টাইয়া আদিয়া স্বাভাবিক অবস্থায় প্রত্যানীত হইবে। এইরূপে শস্ত্র করিবার সময়ে পংটম্ যাহাতে জাবাত


হট্ল; তিনি তৎসমন্ত নৰ্থনা কৰিলে, এরূপ ক্ষুদ্ধ পুস্তকে তাহা সন্তিথি হওয়াও অভ্যন্ত অগন্তৰ হট্ড। See A. von Grafe's method in Ophthalmic Review, [vol. iii. p. 299.]

প্রাপ্ত না হয়, অথবা উহাদের নিকটবত্তী চর্ম্ম ছেদনে উহারা উন্টাইয়া আদিতে না পারে, এরূপ সাবধান হওয়া উচিত। \*

সচরাচর, এই এণেট্রাপিয়ম্ রোগে, পুটোপান্থি, এক পার্শ্ব ইইতে অন্ত পার্শ্ব পর্যন্ত থব্দী ভূত হয় এবং তজ্জন্ত রোগও বৃদ্ধি প্রাপ্ত হয়। ইহাতে সহজেই প্রতীয়মান হইতেছে যে, এই রূপ উপদর্গ ঘটলে, পুটদ্বয়ের পরস্পর অন্তর্নালের জাবিমাখানীয় ব্যাদও ক্ষুদ্র হয়। এই হেতু, (অতঃপর কর্ণিয়ার রক্তবহা-নাড়ী সমাবেশন জনিত অস্বচ্ছতা নিরাময়ের উপায় বর্ণন কালে ইহা বিশেষ করিয়া বৃঝান হইবে, ) বহিরপাঙ্গদেশস্থ অক্তিপুটের সংযোগ স্থানকে ম্যালার বোন্ অর্থাৎ গগুস্থির অর্বিট্যাল্ প্রোদেশ্পর্যন্ত ভেদ করিয়া, যতদিন পর্যন্ত ক্ষত স্থান শুক্ষ কতকলম্বৃক্ত না হইবে, ততদিন পর্যন্ত উহার ছই পুটপ্রান্ত অসংলগভাবে রাথিয়া দিতে হয়; এরূপ করিলে তাহারা সংযুক্ত হইয়া যাইতে পারে না এবং পরিশেষে প্যাল্পিব্রাল্ ফিসার বা অক্ষিপুট্দয়ের অন্তর্নাল (Palpebral fissure) বৃহত্তর হইয়া পড়ে।

পশ্চালিথিত উপায়ে ইহা সাধিত হয়। বহিরপাঙ্গদেশস্থ অক্নিপুটের সংযোগ-স্থানকে বিভাজিত করিয়া, তৎপরে—উর্দ্ধস্থ ক্ষত-প্রাপ্ত ললাটদেশের এক ভাঁজ চর্মো, এবং অধঃস্থ ক্ষত-প্রাপ্ত গওদেশের এক ভাঁজ চর্মো আবদ্ধ করিয়া, উত্তম

১০শ, প্রতিকৃতি।



রূপে পৃথক করিয়া রাখিবে। বস্তুতঃ, পাশাপাশি
বিস্তৃত ক্ষতকে উদ্ধাধঃ অবস্থায় আনিবে।
এই বিষয় ১৩ শ, প্রতিকৃতিতে স্থপপ্ত পরিদর্শিত
হইতেছে। এই প্রতিকৃতিতে স্থচার্ সকল;
ক্ষতস্থানের প্রান্তভাগে অক্ষিপুট বিদ্ধ করিয়া
পূর্ব্বোলিখিতরূপে ললাট ও গওচর্ম্মে বন্ধন করা
হইয়াছে; স্থতরাং যত দিন এই সকল স্থচার্
অবস্থিত থাকিবে, ততদিন পর্যান্ত যে ক্ষত-প্রান্ত
পরম্পর মিলিত হইতে পারিবে না, তিষ্বিয়ে

কোন সন্দেহ জন্মিতে পারে না। চিকিৎসাকালে আমরা রোগীদিগকে কার্য্যে

<sup>\*</sup> Streatfield, "On Grooving the Fibro-cartilage," Ophthalmic Hospital Reports, vol. i. p. 123.

এইরূপ চিকিৎসাধীন হইতে দেখিতে পাই না; কারণ—ইহাতে তাহাদিগকে অতিশয় কন্ত ও অস্থ্রবিধা সহ্থ করিতে হয়; এবং যদিও এই চিকিৎসার অধীন হইলে, নিশ্চয়ই উপকার পাওয়া যায়—তথাপি এই অভিপ্রায় সাধনের নিমিত্ত অন্য কোন সহজ উপায় নির্দ্ধারণ করা নিতান্ত অভিলম্বণীয়। যাহা হউক, অক্ষিপুট্দমের সংযোগ স্থলকে চিরিয়া, পরে প্রত্যেক প্রান্তের কন্জংটাইভা ও বহিশ্চর্ম প্রান্ত, কতকগুলি স্থচার্ দারা মুথেং একত্র করিয়া বন্ধন করিলেও, উক্তমভিপ্রায় কিয়দংশে সাধিত হইতে পারে।

পাজেন্ষ্টেচার্ সাহেব বহিরপাঙ্গখানীয় অক্ষিপুটের সংযোগখানকে বিভাজিত করিয়া, পরে এক ভাঁজ সমান্তর সমতল চর্ম্ম অবিকিউল্যারিস্পেশীর সহিত এক খানি ফর্মেশ্ দারা ধৃত করতঃ, পরে সেই ভাঁজের তলদেশ মধ্য দিয়া কতকগুলি লিগেচর্ সঞ্চালিত করিয়া থাকেন; এবং এই লিগেচর্ সকলকে, চর্ম্ম-মধ্য দিয়া আপনা হইতে বহির্গত হইতে দেন। তাহাতে শুক্ষ কতকলক্ষ উৎপন্ন হইলে, অক্ষিপুটকে খায়ীভাবে উল্টাইয়া রাখিতে পারে। চর্ম্ম মধ্য দিয়া লিগেচর্ প্রবেশ করিবার সময়, নীডল্ বা স্থাচিকার অগ্রভাগ পুটোপান্থির উপরিভাগের অতি সন্ধিকটে প্রবেশিত করিয়া, ঠিক অক্ষিপুট প্রান্তভাগ দিয়া বহির্গত করিয়া আনিতে হয়। পরে, লিগেচর্ অতি দৃঢ়রূপে সংবদ্ধ করিয়া, তথায় পূয় উৎপাদিত করতঃ স্বয়ং উহাদিগকে বহির্গত হইতে দেওয়া উচিত। এই পূয়োৎপাদন ছয় কিম্বা আট দিবসের মধ্যেই হইয়া থাকে। শস্ত্র করিবার পরেই, তথায় শীতল জলের পটী সংলয়্ম করিতে হয়। এক্ট্রোপ্রম্ম (Ectropium) বা অক্ষিপুটের বাহাদিকে বক্তবা।

সচরাচর অধোক্ষিপুটে এই রোগ হইয়া থাকে। এইরূপ রোগ তিন শ্রেণীতে বিভক্ত হইয়া বর্ণিত হইতেছে। ১ মতঃ—অক্ষিপুটের ক্ষণিক বক্রতা, ইহা সচরাচর পিউরিউলেণ্ট্ কন্জংটিভাইটিস্ রোগ বশতঃ উৎপন্ন হইয়া থাকে। ২ য়তঃ,—কনজংটাইভার বিবৃদ্ধিজনিত অক্ষিপুট বক্রতা। ৩য়তঃ,— অপায় বা পীড়া দারা অক্ষিপুটের চর্ম্ম ধ্বংস হইলে, তথায় ক্ষত-কলঙ্ক উৎপন্ন ও সন্ধুচিত হইয়া, এই বক্রতা আনয়ন করিতে পারে।

>। প্রথমোক শ্রেণী সচরাচর নিয়লিথিত কারণেই উৎপন হইয়া থাকে। পিউরিউলেণ্ট্ কন্জংটিভাইটিস্ রোগে মিউক্স্ মেস্থেণ (পুটীয় কন্জংটাইভা) এত পরিমাণে ক্ষীত হইরা উঠে যে, তাহাতে অসংলগ্ন অক্সিপ্টপ্রান্ত সন্ম্থানিকে, পুটীয় কন্জংটাইভা পরীক্ষার সময় যেরূপ উন্টান যায়, ঠিক তজ্ঞপ উন্টাইয়া আইসে। এই সকল অবস্থায়, অর্বিকিউল্যারিস্ পেশীর স্থ্র সকল যে স্থানে অক্ষিপ্ট উন্টাইয়া আসিয়াছে, ঠিক সেই স্থানে রক্তবহনাড়ী সকলে পীড়নকরতঃ, তমধ্য দিয়া রক্ত-সঞ্চলন প্রতিরোধ করে; স্থতরাং, তিরিমিন্ত বিপরীতগ্রস্ত কনজংটাইভা বিগলিত হইয় া চক্ষুর অনিবার্থ্য ক্ষতি উপস্থিত করিতে পারে। পিউরিউলেন্ট্ কন্জংটিভাইটিস্ রোগাক্রাস্ত ক্ষুত্রং শিশুদিগেরও এইরূপ রোগ জন্মিবার বিশেষ সন্থাবনা। বোধ হয়, উক্ত কন্জংটিভাইটিস্ রোগোপশমার্থে চক্ষুতে বিন্দুহ লোশন্ প্রদান করিবার সময় অক্ষিপ্টকে যে উন্টান যায়, লোশন্ প্রদন্ত হইলে, তৎক্ষণাং তাহাকে স্বস্থানে প্রত্যাবৃত্ত না করায়, অক্ষিপ্টের এইরূপ বক্রতা ভাব উপস্থিত হইয়া থাকে।

চিকিৎসা।— অক্ষিপুটের এইরূপ বক্রতা চিকিৎসা করিতে হইলে, ফীত ও বিপরীতগ্রস্ত কন্জংটাইভাকে অত্যন্ন চিরিয়া দিয়া, রক্তবহানাড়ী সকলকে রক্তবিহীন করিতে হয়। পরিশেষে ফীত অক্ষিপুটের উপর ধীরে ধীরে পীড়ন করিয়া, শোফের (ædema) লাঘব করিতে হয়; স্থতরাং, অক্ষিপুট সহজেই ক্রমশঃ প্রকৃত অবস্থানে অবস্থিত হইতে পারে। কিন্তু কোনং স্থলে পুটের উপর প্যাড় এবং ব্যাণ্ডেজ্ দারা উহাকে চিকিশে ঘণ্টা বন্ধন করিয়া রাখা আবশ্যক হয়। চক্ষু পরিষ্কার করিয়া, কন্জংটভাইটিদ্ রোগ নিরাময়ার্থে, উহাতে প্রয়োজনীয় ঔষধ প্রয়োগের নিমিত্ত, এই প্যাড় এবং ব্যাণ্ডেজ্ সময়েং পরিবর্তন করা আবশ্যক হইয়া থাকে।

২। দ্বিতীয় শ্রেণীস্থ এক্ট্রোপিয়ম্, যাহা কন্জংটাইভার বিরৃদ্ধি হেতু সমুৎপাদিত হয়, তাহা সচরাচর নিয়লিথিত রূপে উৎপন্ন হইয়া থাকে। বৃদ্ধ ব্যক্তিদিগের অক্ষপুটের চর্মা লোল হয়, স্তরাং পংটা আর অধিক কাল অক্ষিগোলকের সান্নিধ্যবর্তী থাকিতে না পারায়, অশ্রু চক্ষুতে পরিলিপ্তভাবে অবস্থান করে। এইরূপে লেকাস্ ল্যাক্রিম্যালিস্ (Lacus Lachrymalis) অর্থৎ অশ্রুবহ হুদ সর্ক্ষণা অশ্রুপূর্ণ থাকায়, য়েছিক বিল্লী মথেষ্ট উত্তেজিত হইয়া, পরিশেষে কন্জংটাইভার পুরাতন প্রদাহ এবং বিবৃদ্ধি নিশ্চয়ই সমুং-

পাদিত হয়। অতঃপর, ঘনীভূত শৈশ্বিক ঝিলী অক্সিপ্টকে চক্ষু হইতে বহিঃস্থত করিয়া, এক্ট্রোপিয়ম্ রোগের উৎপত্তি করে। চক্ষুর নাসাপাঙ্গদেশে সতত প্রবহমান অশ্রুর উত্তেজনা এবং রোগীর তদপনয়নে হস্তঘর্ষণাদি চেষ্টায়, উক্ত স্থান, প্রদাহ ও ক্ষত সমন্বিত হইয়া অক্ষিপ্টের এই বক্রাবস্থা সমধিক বৃদ্ধি করে।

ঠিক এইরূপ জর্বিকিউল্যারিদ্ পেশীর স্থ সকলের আংশিক পক্ষাবাতেও, এইরূপ এক্ট্রোপিয়ন্রোগ উৎপন্ন হইতে পারে। উহাতে, অধােক্ষিপুট চক্ষু হইতে ঝুলিয়া পড়ে, পংটা উল্টাইয়া যায়, এবং কন্-জংটাইভার বিবৃদ্ধি হইয়া এক্ট্রোপিয়ন্ রোগ উৎপন্ন হয়।

পুরাতন উত্তেজনা দারা এবং শ্লৈম্মিক ঝিন্নী ঘনীভূত হইয়া অক্ষিপুটের যে উল্টান অবস্থা আনয়ন করে, তাহা উল্লিখিত কারণে অথবা টিনিয়া দিলিয়েরিজ (Tinea ciliaris) প্রভৃতি অপর কোন কারণে উৎপন্ন হউক না কেন, কিছু কাল পরে তদ্বারা কেবল যে পুটোপাস্থি স্থায়ীভাবে উণ্টাইয়া যায় এমত নহে, কিন্তু এক পার্ম্ব হইতে অপর পার্ম্ব পর্যান্ত অক্ষিপুটের দৈর্ঘতারও বৃদ্ধি হয়। অনারত শ্লৈমিক ঝিল্লী—ঘন, আরক্তিম ও স্তৃপাকারে পরিবর্দ্ধিত হইয়া,—চর্ম্মের আকার ধারণ করে। এই হেতু, এই রোগে রোগী যে কেবল দেখিতে বিশ্রী হয়—এমত নহে; রোগী চক্ষু মুদ্রিত করিতে অসমর্থ হয় বলিয়া, ধূলি ও অন্যান্য অপরিক্ত দ্ব্য কর্ণিয়াতে আবদ্ধ হইয়া পড়ে; স্মতরাং, সেই সকল এবং নিয়ত বাহ্যবায়ু স্পর্শনে কর্ণিয়ার রক্তবহা-নাড়ী সমাবিষ্ট হইয়া, তাহাকে অসজ্জ করে; অথবা তথায় সাংঘাতিক ক্ষত বা চক্ষুর গভীরতর নির্ম্মাণে কোন পরিবর্ত্তন উৎপাদন করিতে পারে।

চিকিৎসা।——প্রথমতঃ সামান্তং স্থলে রেড্ প্রিসিপিটেট্ অয়েণ্ট্নেণ্ট্ কিরূপ কার্য্যকর হয়, তাহা পরীক্ষা করা আবশুক। উহা, প্রত্যহ তুইবার
বিপরীতন্তস্ত অক্ষিপুটের উপরিভাগে ও উভয় পুটের প্রান্তভাগে, প্রদান করিতে
হয়। যদি ইহাতে কোন প্রকার ফল না দর্শে, তবে এক্ট্রোপিয়মের নিকটস্থ
চর্ম্ম অধঃদিকে আকর্ষণ কর্তঃ, অক্ষিপুটকে অধিকতর উন্টাইয়া ও কন্জংটাইভাকে শুক্ষ করিয়া, একটা কাঁচের কলম নাই ট্রিক্ য়্যাসিডে মগ্ন করতঃ,
অক্ষিপুটের প্রান্তভাগ হইতে ই ইঞ্চ পরিমিত সন্তরে স্মান্তর ভাবে উক্ত

সমুদার বিপরীত অস্ত কন্জংটাইভার উপর স্পৃষ্ঠ করিয়া দিতে হয়। কন্জংটাই-ভাতে অতিরিক্ত নাইট্রিক্ য়াসিড্ অবশিষ্ট না থাকে, এই অভিপ্রায়ে ক্রমাগত পিচকারী দারা উক্ত অংশ বিলকণ্রপ ধৌত করিতে হয়; পরিশেষে কিঞ্চিং স্থাইট অইল্ উহার উপরিভাগে মর্দ্দিত করিয়া, অক্ষিপুট সাবধান পূর্কক প্যাড্ এবং ব্যাণ্ডেজ দারা মুদিত রাখা বিধেয়। অভিপ্রেত বিষয় সংসাধিত ঔষৰ প্রদান ও প্রলেপন করা সাধারণতঃ সম্ধিক প্রয়োজনীয় হইয়া थांक। आगता वित्वना कतित्व शांति त्व, धरे ग्रांनिष् अन्छ रहेल, কন্জংটাইভা বিগলিত হইতে পারে, কিন্তু বাস্তবিক তাহা কদাচিং रहेगा थारक। **अ**मिरक विवृक्षि-প্रांश िस क्यानः यर्थष्ट शतिगार्ग मङ्ग्रिक হইয়া, অকিপুটকে প্রকৃত অবস্থানে পুনঃস্থাপিত করে। যাহা হউক, একণে অক্লিপুট অক্লিগোলকের উপরিভাগে এরূপ উপযুক্ত স্থায়ী না হইতেও পারে বে, তদারা অশ্রু পংটমের ভিতর দিয়া প্রবাহিত হয়; তরিমিত্ত অতঃপর ক্যানালিকিউলান্ (Canaliculus) অর্থাৎ অশ্রুপ্রণালীকে, যেরূপ পরবর্ত্তী অধ্যায়ে বর্ণিত হইরাছে, তজ্রপ চিরিয়া দিতে হয়। নাইটেট্ অব্ সিল্ভার্ প্রভৃতি অন্ত কোন প্রকার এক্ষ্যারোটিক বা দাহক ঔষধ ব্যবহৃত হইতে পারে।

অধিক দিন স্থায়ী রোগে, কষ্টিক বা দাহক ঔষধ দিলে সচরাচর কোন ফল দর্শে না; স্কৃতরাং, তৎস্থলে বিপরীতন্তস্ত অফিপুট হইতে পক্ষপ্রান্তের সমান্তর ও সেই পুটের বিস্তারভাবে বৃত্তাভানাকার একথও কন্জংটাইভা ছেদন করিয়া লইতে হয়। অফিপুটের বিপর্যাস অমুসারে কনজংটাইভা ছেদন করা উচিত। বস্তুতঃ, কোনং এণ্ট্রোপিয়ম্ রোগে যজ্ঞপ একথও চর্ম কর্তুন করিয়া লইতে হয়, তজ্ঞপ এক্ট্রোপিয়ম্ রোগে বিপরীতন্যস্ত স্থান হইতে এক ভাঁজ মৈল্লিক ঝিল্লী (কন্জংটাইভা) ছেদন করিয়া লওয়া উচিত। ইহার প্রকৃত অভিপ্রায় এই বয়, ক্ষত আরোগ্য ও সম্কুচিত হইলে, বিপরীতন্তস্ত অফিপুট প্রত্যাবর্ত্তিত হইয়া অফিগোলকের ঠিক উপর আদিয়া স্বাভাবিক অবস্থা প্রাপ্ত হয়। শস্ত্র করিবার পর, অফিপুটে প্যাছ্ এবং ব্যাণ্ডেজ্ বন্ধন করা উচিত।

পূর্বেই উল্লেখিত হইল বে, এক্ট্রোপিয়ম্ রোগ অধিক দিন স্থায়ী হইলে, পূটোপাস্থি এক পার্ম হইতে অপর পার্ম পর্যান্ত পরিলম্বিত হইতে

পারে; এইরপ হইলে কেবল কিয়দংশ কন্জংটাইভা ছেদন করা বৃথা মাত্র। তরিমিত্ত নিম্লিথিত কোন শস্ত্র-প্রণালী অবলম্বন করিতে হয়।—

অধিক দিন ব্যাপী রোগে, যেথানে অনার্ত কন্জংটাইভাও অধিক দিন পর্যান্ত বিবৃদ্ধি প্রাপ্ত হইয়াছে, সেথানে একথানি বিষ্টরি (Bistoury) কিয়া একথানি কাঁচি দারা দাৈশ্বিক বিল্লীর বিবৃদ্ধির পরিমাণান্ত্সাকে কনজংটাইভা হইতে বৃত্তাভাসাকার (Elliptical) এক ক্ষুদ্র অংশ পুটো-পান্থির ধার হইতে এক মানরেথা অন্তরে ও তাহার অধঃ প্রান্তের (মাহা উদ্ধ প্রান্ত হয় ) সমান্তর ভাবে ছেদন করিয়া লইতে হয় । বৃহত্তর ছিদ্রবিশিষ্ট একটা বক্র নীজল বা স্থাচিকা দারা মধ্থসন্মার্জিত তিনটী দৃঢ় লিগেচর্ বা স্থত্র এই ক্ষত স্থানের উপকূল-ভাগ দিয়া প্রবেশ করাইতে হয় । উক্ত প্রত্যেক স্থত্রের ছই প্রান্ত একত্র করতঃ উহাদের স্থাচিকার ছিদ্র মধ্যে প্রবিষ্ট করিয়া, বাম হন্তের তর্জ্জনী নথের সাহাযেয় উক্ত স্থাচিকা অক্ষিগোলক এবং অক্ষিপুটের অন্তরে সঞ্চালিত করতঃ, যেস্থানে কন্জংটাইভা অক্ষিগোলক হইতে অক্ষিপুটে প্রত্যাবর্ত্তিত হইয়াছে, ঠিক সেই স্থানে, উহানুদারা যত উর্দ্ধে

পারা যায় তত উর্দ্ধে চর্মা বিদ্ধ করিতে হয়।

একণে এক খণ্ড প্ল্যাষ্টারের উপর প্রত্যেক

লিগেচরের হুই প্রান্ত বাম ও দক্ষিণ পরিবর্ত্তন

করিয়া ঢেরার ভাষ উক্ত অক্ষি-কোটরের

থিলনের অধঃভাগে দৃঢ়ন্ধপে বন্ধন করিতে হয়।

ইহা, পার্যবর্তী এই প্রতিক্তিতে স্পষ্ট প্রকাশ
মান হইতেছে।এই শস্ত্র-প্রক্রিয়ায় ক্লোরোফর্ম

ও প্রদাহ নিবারণ জন্ত শীতল জলের পটি

১৪ শ, প্রতিকৃতি।



বাবহার করা এবং তিনদিবস পরে লিগেচর বহিষ্কৃত করা উচিত। \*

অবোদ্ধিপুটের এক্ট্রোপিয়ম্ যাহা অসংলগ্ন প্রান্তভাগের দীর্ঘতার ও টার্ন্যাল্ কার্টিলেজের প্রসারণ প্রযুক্ত সমুৎপাদিত হয়, তাহাতে অক্ষিপুটকে সমতল ভাবে আকর্ষিত ও উদ্ধিদিকে উত্তোলিত করিয়া রাখিলে, উহা পুনরায় অক্ষিগোলকের উপযোগী হইবে, তদ্বিষয়ে ভরমা করা,য়াইতে পারে।

<sup>\*</sup> Ophthalmic Review, vol. iii. p. 113.

অকিপুটদ্বরের অন্তরালকে কেবল ক্ষুত্র করিয়া, জনেকস্থলে রোগ উপ-শনিত হইতে দেখা যায় নাই। \*

यिन जिक्किशूरिं जोष्हांमक हम्ब यर्थि शतिमार्ग धर्क इहेशा ना शास्क, এবং যদি উহার প্রাস্তভাগ অন্তান্ত বিষয়ে প্রকৃত অৰম্বাপন্ন থাকে, তবে সচরাচর অক্ষিপুটের বহিঃস্থ অংশ হইতে একখণ্ড ত্রিভুজাকার চর্ম ছেদন করিয়া, সেই ক্ষত স্থচার দারা মুদিত রাখিলেই যথেষ্ট হয়। এই অতি-প্রায়ের নিমিত্ত অক্ষিপুটের বহিঃস্থ সংযোগ-হুলের প্রান্তদ্বর আইরেডেক্টমি ছুরিকা দারা ভিন্ন করিয়া দেওয়া উচিত। তৎপরে চম্মের ত্রিভুজাকার এক খণ্ড ছেদন করা যায়। ইহা ১৫ শ প্রতিকৃতিতে দেখান হইয়াছে। পরে ক্ষতের প্রান্ত দ্বয় স্থচার দ্বারা একত্রিত করিয়া যে পর্য্যন্ত সংযোগ না হয় তবিৎকাল একটী त्रक्तक वा প্রটেক্টিভূ ব্যাণ্ডেজ্ দারা রক্ষা করা কর্ত্ব্য। টান পড়ার লাঘ্ব করিবার নিমিত্ত, ক্ষত মুদিত করিবার পূর্ব্বেই উহার অন্তরস্থ প্রান্তকে তারিমস্থ টিস্ন হইতে কিয়দার পর্য্যস্ত পৃথকভূত রাখা উত্তম পরামর্শ; বিশেষতঃ পূর্কোভূত উত্তেজনা দারা যদি চর্ম্ম-নিমন্থ টিম্ম কিয়ৎ-পরিমাণে ঘন হইয়া, উহার আচ্ছাদক চর্ম্মপৃথক রাখিতে বাধা প্রদান করে, তবে এই বিধি বিশেষ প্রয়োজনীয় হইয়া পড়ে। আর টানপড়া লঘু করিবার নিমিন্ত, ক্ষতকলঙ্কিত স্থানের সমীপবর্তী স্থান আকর্ষিত করিয়া, খণ্ডং প্ল্যান্ত্রার করাও যুক্তিসিদ্ধ।

যদি আমরা অক্নিপুট এবং উহার বহিঃ সংযোগ হুল অধিক উচ্চ রাথিতে ইচ্ছা করি, তবে শস্ত্র করিবার পূর্ব্বে অক্নিপুট্ছয় মুদিত ও অধোক্ষিপুটকে প্রকৃত অবস্থানে হায়ী রাথিয়া, উহার প্রান্তভাগ মৃছরূপে সমতলভাবে আকিবিত করিতেহয়। পরে যেহুলে উভয় অক্নিপুটপ্রান্ত প্রকৃত অবস্থাপর হইলে পরস্পর উপযোগী হয়, এবং যেখানে অধোক্ষিপুটের বাহ্যদিক অত্যরমাত্র টান্যুক্ত হয়, সেইস্থানে উভয়াক্ষিপুটের প্রান্তে মসী দারা ছইটী বিন্দু চিহ্নিত করিয়া রাথা আবশ্রক। তৎপরে এই অবস্থানে চক্ষুকে অবস্থিত রাথিয়া, বহিঃস্থ

<sup>\* &</sup>quot;Treatise on the Diseases of the Eye." by Carl Stellwag von Carion, translated by C. E. Hackley and D. B. St. John Roosa, p. 402; London, R. Hardwicke, 1868.


সংযোগন্তলের আচ্ছাদক চর্দ্ম সমতল ভাঁজে জনশঃ উত্তোলিত করিতে হয়;
এবং অধােজিপুটের যত পরিমিত আচ্ছাদক চর্দ্ম জনশঃ অঙ্গুলিদমের মধ্যে

গৃত হইয়া, উক্ত পুটকে প্রকৃতাবস্থায় স্থায়ী করিয়াছে, এবং বহিঃসংযোগস্থল
নাসাদিকস্থ সংযোগস্থলের সহিত সমােরত হইয়াছে, তাহা অঙ্গুলীদ্দম মধ্যে গৃত
করা উচিত। অফিপুটপ্রাস্ত হইতে সমান্তরালভাবে ছ্ই মানরেখা এই সমতল
চর্দ্ম-ভাঁজের প্রস্থ হইলে উল্লিখিত সীমা মধ্যে আমরা এই চন্দ্র্যিও ছেদন
করিয়া লই।

এই সময়ে একজন সহকারী চিকিৎসক রোগীর মন্তক ধরিবেন, এবং অপর এক জন শোণিতক্ষরণ নিবারণ অভিপ্রায়ে নিকটে দ্ভায়্মান

থাকিবেন। শস্ত্রচিকিৎসক একথানি কুজ হর্ন-স্প্যাচুলা (HornSpatula) বহিরপান্স দেশস্থ
সংযোগস্থলের অধ্যাদিকে প্রবেশিত করিয়া, (১৫ শ, প্রতিকৃতি
দেখ) উক্ত স্থানকে কিঞ্চিৎ
উত্তোলিত করিয়া ধরিবেন;
এবং একথানি ল্যান্সেট্ আকার
ছুরিকা দ্বারা তাহাকে ফেসিয়া
টার্সো-অবিট্যালিসের (Fascia
Tarso-orbitalis) নিকট পর্য্যস্ত

১৫ শ, প্রতিকৃতি।




ভেদ করতঃ, এক থানি স্থাল্পেল্ দারা a ও b শীর্ষক রেখা পর্যান্ত উভয়ান্ত্রিপুট ভেদ করিয়া, উক্ত ভিন্ন স্থানকে অধিকতর বৃহৎ করিবেন।

এইরপ উভরাভ্যন্তরীণ-(Intra-marginal) দ্বিখণ্ডন সমাধা হইলে, প্রথমে অন্ধিপুটের অধঃ ও তৎপরে উর্দ্ধ প্রান্ত, শীর্ষক সীমারেথার অভ্যন্তর দিকে প্রায় ই অথবা ও মানরেথা পরিমিত সমতল ভাবে কর্ত্তন করিছে হয়; এই ভেদনের সমস্ত বিস্তার পক্ষসমষ্টির পশ্চাদেশে পত্তিত হয়। (১৫শ, প্রতিকৃতি দেশ)

বহিতঃ সংযোগ-ত্তল যত উচ্চ হইবে তাহা ব্ৰিয়া পুটপ্ৰান্ত হইতে অল বা অধিক দূর পর্যান্ত এই সমতল ভেদন করা বৈধ। কিন্তু সর্বাদা এই হুই কর্ত্তন পরস্পার স্ক্লাকোণ ভাবে অবস্থান করে, এমত ভাবে ভেদ করিবে; এবং এই

(১৫\* শ, প্রতিকৃতি)।



দীমাবর্ত্তী চর্ম ছেদ করিরা লইরা, তিনটা কিম্বা চারিটা স্ফার্ দারা ক্ষত বদ্ধ করিরা রাথিতে হয়; প্রথম স্ফার্ শীর্ষক দীমারেথার নিকট স্থাপিত হওয়া উচিত (১৫\* শ, প্রতিক্ষতি)।

টান বা আয়াম লঘু করিবার নিমিত্ত খণ্ড খণ্ড য়্যাড্হীসিভ্ প্ল্যাষ্টার্এবং ব্যাণ্ডেজ্ ব্যবহার করা উচিত। এই সকল খণ্ড,

গ ওদেশ ও ললাট দেশ সংলগ্ন থাকিয়া মধ্যস্থ চর্ম্ম টানিয়া রাখে।

যথন উভরাক্ষিপুট-প্রান্তের দৈর্ঘ্যতার বিলক্ষণ তারতম্য থাকে, তথন শস্ত্রপ্রক্রিয়ার পর স্কচারের পশ্চাতে এক ভাঁজ বৃহৎ পুটোপাস্থি এবং ফেসিয়া
সম্মুথোনত হইয়া আরোগ্যের বাধা জন্মায়। অতএব পূর্ব্বোল্লিখিত সীমাবর্ত্তী
চর্মাথণ্ড ছেদন করিয়া বহিঃসংযোগ স্থলের সন্নিকটে পুটোস্থির কিয়দংশ ছেদন
করা বৈধ। এই কিয়দংশ স্থানের বেস বা ভূমি অক্ষিপুটদ্বয়ের দৈর্ঘ্যান্তর পরিমিত হওয়া উচিত। পুটাস্থি ও ফ্যাশিয়াতে যে শস্ত্র ক্ষত হয় তাহার ধার গুলি
স্কিচার দারা আবদ্ধ করা উচিত।

৩। ক্ষতকলঙ্কিত চর্মের সঙ্কোচন প্রযুক্ত যে এক্ট্রোপিয়ন্ রোগ জন্মে, তাহা উপশন করা সচরাচর অত্যন্ত কন্ট্রদায়ক হইয়া থাকে। শস্ত্রাঘাত অথবা দিয় হওয়া প্রযুক্ত ক্ষত-কলঙ্কের উৎপত্তি হইলে, যে কারণে হউক না যদি তদ্বারা অক্ষিপুটের চর্ম্ম আক্রান্ত হয়, তবে তাহা প্রায়ই উল্টাইয়া যায় এবং তদামুসন্ধিক ঘটনা সকল অভ্যুদিত হয়। অক্ষিপুটকে সন্ধৃচিত ক্ষতকলঙ্ক হইতে মুক্ত করাই, এইরূপ স্থলের চিকিৎসা; কেবল কিয়দংশ কন্জংটাইভা ছেদন ক্রিয়া লইলেই, এই অভিপ্রায় সাধিত হয় না।


সামান্যতর স্থলে অক্নিপ্টেন্ম মধ্য দিয়া পক্ষপ্রান্তের সমান্তর এরপ একথণ্ড চম্মনিয়ন্থ ঝিলী পুটোপান্থি হইতে এতদ্র পর্যান্ত ছেদন করিয়া লইতে হয়, যাহাতে উক্ত উপান্থি তৎসংলগ্ন ক্ষতকলঙ্ক হইতে স্বতন্ত্রিত হইতে পারে। এইরূপে অক্নিপুট ক্ষতকলঙ্ক হইতে মুক্তি প্রাপ্ত হইলে, উহাকে মুদিত করা যাইতে পারে ও উহার প্রান্ত মধ্যে স্কুচার্ প্রবেশিত করতঃ, টানভাবে রাথিবার জন্ম অধোক্ষিপুটে শস্ত্র করা হইলে ললাট চম্মে, এবং উর্দ্ধাক্ষিপুটে শস্ত্র করা হইলে এক ভাঁজ গণ্ডচম্মে, উক্ত স্কুচার্ বন্ধন করিতে হয়; অথবা কোনং স্থলে উত্তমরূপে কেবল প্যাড্ এবং ব্যাণ্ডেজ্ বন্ধন করিলেও উক্ত অভিপ্রায় সাধিত হইতে পারে।

অপেক্ষাকৃত গুক্তর স্থলে, মিপ্টার্ হোয়ার্টন্ জোন্স্ সাহেবের আদিপ্ট শস্ত্র-প্রণালী অবলম্বন করা উচিত। উদ্ধান্তিপুট উন্টাইয়া গেলে এবং স্থপ্রাআর্বিট্যাল্রিজে আবদ্ধ হইলে, মিপ্টার জোন্স্ সাহেব বলেন যে, \* ''উভয়
পান্ধ স্থল হইতে অক্ষিপুটের চম্ম মধ্য দিয়া, পরস্পরাভিমুখীন ছই স্থানে ভেদ
করিয়া, তাহাদিগকে উদ্ধে কোন এক বিন্দুতে সিলিয়ারি প্রাপ্ত হইতে এক
ইক্ষের কিঞ্চিৎ অধিক দ্রে ( ১৬ শ, প্রতিক্তি দেখ ) মিলিত করিতে হয়।
এবং এই ত্রিভ্রাকার ফু্যাপকে অধোভিমুথে পীড়ন করিলে ও উহাকে নিকটবর্ত্তী স্থান হইতে স্বতন্ত্রিত না করিয়াও কৌষিক ঝিল্লীর প্রতিবাধক সম্দর্ম
বন্ধনী ছিল্ল করিলে, কেবল মাত্র নিকটবর্ত্তী সেলুলার টিস্ফ টান করিলে
অক্সিপুট প্রকৃত অবস্থানে প্রারশঃ জানিতে পারে। একথণ্ড বিপরীতন্তস্ত
কন্জংটাইভা ছেদন করিয়া লওয়াও উচিত। অতঃপর পূর্ব্বোক্ত ফু্যাপ
আকর্ষণ জন্তা যে শৃন্ত স্থান উৎপন্ন হয় তাহার ধার গুলি স্থচার্ দ্বারা
সংযুক্ত করিয়া প্রাণ্ডার্ এবং কম্প্রেশ্ব ও ব্যাণ্ডেজ্ দ্বারা স্বস্থানে অবস্থিত
রাথিতে হয়। ১৬ শ, প্রকৃতিতে অধ্যাক্ষিপুটের এইরূপ শস্ত্র-প্রণালী প্রদর্শিত
হইরাছে।

<sup>&</sup>quot; "Ophthalmic Medicine and Surgery," by T. Wharton Jones, third edition, p. 629.

## অক্সিডাত্ত্ব।

## ১৬ শ. প্রতিকৃতি ৷




অন্তান্ত শন্ত্রচিকিৎসক ক্ষতকলম্ব উন্মোচিত করিয়া, গণ্ড অথবা ললাট দেশ হইতে একথণ্ড চন্ম তৎসানে রোপণ করিতে অমুমতি দিয়া থাকেন। এইরূপ শন্ত্র করিবার কোন নিয়ম নির্দিষ্ট করা অত্যন্ত অসন্তব। চিকিৎসক চিকিৎসা সময়ে প্রত্যেক স্থলে আপন বৃদ্ধি ও নৈপুণ্য অমুসারে কার্য্য করিবেন। কিন্তু সাধারণতঃ ডিফ্ইন্ব্যাক্ সাহেবের শন্ত্র-প্রণালী অবলম্বন করা উচিত।

ডিফ্ইন্ব্যাকের শস্ত্র-প্রণালী নিম্ন লিখিত রূপে সম্পন্ন হয়;— ত্রিভুজাকারের ক্ষতকলঙ্ক ছেদন করিয়া লইতে হয়। এই ত্রিভুজের বেস বা ভূমি জক্ষিপুটের প্রান্ত দিকে রাথা এবং সাধ্যায়ত্ত হইলে, পক্ষপ্রান্তরেখা ও পুটোপাস্থি তদবস্থায় রাথা উচিত। কিন্তু এই সকল না থাকিয়া কেবল মাত্র কন্জংটাইতা অবশিষ্ট থাকিলে, তাহাকেই স্বতন্ত্রিত করিয়া অক্ষিণোলকের উপরে রাখিতে হয়। অতঃপর, চিকিৎসক স্বস্থ চম্ম এবং চম্ম নিমন্থ টিস্কর মধ্য দিয়া ক্ষত-কলঙ্কের অবস্থানামুখায়ী পূর্ব্বোলিখিত ত্রিভুজাকার শস্ত্র-ক্ষতের বেসের বা ভূমির কোন এক কোণ হইতে (১৭ শ, প্রতিকৃতি দেখ) ভেদ করিয়া থাকেন। এইশস্ত্র নিমজ্জিত স্থানের বহিঃপ্রান্ত হইতে ত্রিভুজাকার ক্ষতের ধারের সমান্তর আর একটা স্থান ভেদ করিতে হয়। ইহাদের অন্তর্বর্ত্তী চম্ম তিরিমন্থ ঝিলী হইতে স্বতন্ত্রিত করিয়া, যে স্থানে ক্ষতকলঙ্ক ছিল তথায় নিয়োজিত করা উচিত। তৎপরে স্ক্রেথ স্থার ঘারা এই নিয়োজিত চম্মের প্রান্ত উক্ত ক্ষত-প্রান্তরের সহিত যত্ন পূর্বক সংযুক্ত করিতে হয়। অতঃপর, জলের পটি সংলগ্ন করিয়া, ঐ স্থানকে বিশ্রান্তভাবে রাথা উচিত। যে ফুরাপ প্রস্ত্রত

## এক্ট্রোপিয়ম।

করিয়া আনিতে হয়, তাহার একার্দ্ধ ক্ষতকলঙ্কের এক পার্শ্ব হইতে এবং অপ-রাদ্ধি অপর পার্শ্ব হইতে আনয়ন করিতেও পারা যায়। কিন্তু সকল অবস্থাতেই, ১৭ শ, প্রতিকৃতি।



উহা যে ক্ষতস্থান পূরণ করিবার অভিপ্রায়ে আনীত হয়, তদপেক্ষা কিঞ্চিৎ বৃহৎ হওয়া উচিত। বাস্তবিক, ভ্রমক্রমে কেহই অত্যস্ত বৃহৎ ফুয়াপ আনেন না; প্রায়শঃ ক্ষুদ্রতর অংশই ছেদন করিয়া আনেন।

পুর্কেই উলিথিত হইয়াছে যে, কতিপয় মূল নিয়ম উল্লেখ ব্যতীত এইরূপ শস্ত্রপ্রক্রিয়ার কোন বিশেষ বর্ণনা করিতে পারা যায় না; রোগীর অবস্থানুসারে উহার প্রভেদ হইয়া থাকে।

একটা নালীপথ সঙ্কৃচিত, অথবা তাহার চতুপ্পার্থস্থ টিস্ক সন্থুচিত ও অফিকোটর-প্রাচীরে সংলগ্ন হইলেও—এক্ট্রোপিয়ম্ রোগ অভ্যুদিত হইতে পারে। কিন্তু অস্থি-পীড়াজাত ব্যতীত এই স্থানে, প্রায়ই নালীপথ উৎপদ হয় না; এবং অস্থির পীড়াজাত হইলে, অগ্রে পীড়িত অস্থি অপনয়ন না করিয়া, এক্ট্রোপিয়ম্ আরোগ্য করিতে যত্ন করা বৃথা। পীড়িত অস্থি অপনীত হইলে, অক্ষিপুটকে স্বস্থানে প্রত্যানীত করিবার জন্ত, উপরি-বর্ণিত কোন একপ্রকার শন্ত্রপ্রণালী অবলম্বন করিতে হয়। অক্ষিপুটের এই বক্রতা সচরাচর অধিক দ্র পর্যান্ত হয় না, এবং তাহা না হইলে নালী-গথের চতুপ্রার্থস্থ সংলগ্ন টিস্ক গুলি যত্ন পূর্মক স্বতন্ত্রিত করা আবশ্রুক যাহাতে

অফিপুট মুক্ত এবং ক্ষত-কলন্ধিত স্থানের সন্ধোচন হইতে আকর্ষিত হইলে চকু
মুদিত হইতে পারে, এই স্থানের প্রান্ত তারের স্কুচার্ দ্বারা একত্রীভূত,
এবং সাধারণতঃ তৎসঙ্গেই একখণ্ড কন্জংটাইভাও ছেদন করিতে হয়,
যাহাতে শেষোক্ত স্থান সন্ধুচিত হইতে পারে। শস্ত্র-প্রক্রিয়ার পর কিছুদিন
পর্যান্ত, অফিপুটকে প্যাড্ এবং বাাণ্ডেজ্ দ্বারা আবদ্ধ করিয়া মুদিত
রাখিতে হয়।

মিষ্টার লদন্ সাহেব, উদ্ধাক্ষিপুটের সম্পূর্ণ একট্ পিয়ম্ নিরাময় করিতে ন্তন অক্নিপুট প্রস্তুত করেন। অক্নিপুটের সংযোগ অপনীত করিয়া, টার্দ্যাল্ প্রান্তভাগকে সংলগ্ন স্থানের নিকট ছুইটা স্থানে ছেদ করতঃ সেই ছইটা স্থান স্থান স্থার দারা একত্র সংযুক্ত করেন। এইরূপ করা रहेल, निक्छि ममठल छान शांखता यात्र वदः अग्र छान रहेट वक थए हम् আন্য়ন করিয়া তথায় সংস্থাপিত করিবার বিলক্ষণ স্থযোগ হয়। রোগীকে এই অবস্থায় রাখিয়া, পরে চতুর্থ দিবসে, যখন উক্ত ক্ষত স্থান স্কুস্থ গ্রানিউ-লেশন্ বারা আবৃত হয়, তথনঅল্স্থান হইতে 'ছুআনির' আকার একথও চর্ম্ম লইয়া তথায় নিয়োজিত করেন। ইহার ছুই দিবস পরে, তদপেকা কিঞ্চিং বুহদাকার আর একখণ্ড চর্ম্ম আবার নিয়োজিত করিয়া থাকেন। উভয় খণ্ড চর্মাই গ্রাানিউলেশন্ যুক্ত অক্ষিপুটে সত্তর সংযুক্ত হয়; এবং উহাদের উভয়ের মধ্যবর্ত্তী ক্ষত শীঘ্র নৃতন ক্ষতকলঙ্কিত টিস্ক দারা আবৃত হইয়া পড়ে। এই রূপে যে অক্নিপুট প্রস্তুত হয়, তাহা চক্ষুকে বিলক্ষণ আবৃত করিয়া রাখিতে পারে; কিন্তু অক্ষিপুটের চর্ম হইতে এই ছুই খণ্ড আনীত চর্মের বর্ণগত বৈষ-দুখা থাকার, রোগী দেখিতে একবিধ বিশ্রী হয়। এই নিযোজিত চর্মা সম্বর যে কেবল রক্তবহানাড়ী সমাযুক্ত হয় এমত নহে, উহাতে চেত্রাশক্তি উপস্থিত হইয়া থাকে; এবং এমত কি, দশ কিম্বা বার দিবস পরে, স্থলাগ্র শত্ত দারা স্পর্শ করিলেও তাহা অনুভূত হয়। মিষ্টার্ বদন সাহেবের মতে বেং অবস্থায় এই নূতন চর্ম্ম নিয়োজিত করিতে হয়, তাহা নিমে লিখিত হই-তেছে। ১ মতঃ,—স্থস্থ গ্রাণিউলেটিং ক্ষতোপরি উক্ত নৃতন চর্ম্ম আনয়ন করিয়া সংস্থাপিত করিতে হয়। ২ য়তঃ,— কেবল চ**র্দ্ম সং**স্থাপিত করিতে হয়, এবং বিশেষ যত্ন সহকারে যাহাতে এই চর্মো মেদ সংযুক্ত না থাকে—ত্ত্তিধান করা

## है। है कि स्त्रिमिम।

বৈধ। ৩ য়তঃ,—উক্ত চর্দাণও, গ্রানিউলেশন্ যুক্ত ক্ষতোপরি সর্বস্থানে স্নানররূপে নিয়োজিত করিতে হয়। ৪ র্থতঃ,—বতদিন পর্যান্ত এই নৃত্ন চর্দ্দে জীবনীশক্তি না আইদে, ততদিন পর্যান্ত উহাকে স্থিরভাবে এইরূপ অবস্থার রাখিয়া দিতে হয়। উহার উপর এক পর্দা লিণ্ট্ প্রদান করিয়া, তুলার একটা ক্ষুদ্র কম্প্রেদ্ও ব্যাণ্ডেজ্ দারা বন্ধন করিয়া রাখিয়া দিলে উহা ক্রমশঃ উষ্ণতা প্রাপ্ত হইয়া জীবনীশক্তি ধারণ করিতে থাকে।

ট্রাই কিয়ে দিস্ বা ইন্ভারসন্ অব্ দিলিয়া ( Trichiasis or Inversion of the Cilia ) বা বক্রপক্ষা।——বিশেষ মনোযোগ সহকারে কন্জংটিভাইটিদ্ রোগোপশম না করিলে, অথবা টিনিয়া টার্সাই রোগের পর, কখনং এই রোগ উৎপন্ন হইতে পারে। সময়ে; সময়ে কেবল স্থানে হানে কতিপয় পদ্ম মাত্র বক্র হইরা পড়ে; অবশিষ্ট পদ্ম প্রকৃত অবস্থার স্থানী থাকে। কখনং সমুদার পদ্ম সমষ্টি অথবা অক্নিপুটের এক স্থানস্থ পদ্ম পীড়িত হইয়া থাকে; কিন্তু সকল অবস্থাতেই সমান ফলোংপত্তি হয়। সতত পদ্ম ঘর্ষণজনিত অক্মিগোলকের উত্তেজনা দ্বারা পুরাতন কন্জংটিভাইটিদ্ রোগ এবং কালক্রমে কর্নিয়ার অস্বচ্ছতা ও দৃষ্টিবিনাশ ঘটিতে পারে। এক্ট্রোপিয়ম্ রোগ ট্রাইকিয়েসিদ্ রোগ হইতে প্রভিন্ন হইবার কারণ এই যে প্রথমোক্ত রোগে পদ্ম-সমষ্টির সহিত অক্নিপুটের পদ্মপ্রান্ত চক্ষুরঅভ্যন্তরে উন্টাইয়া আইসে। কিন্তু ট্রাইকিয়েসিদ্ রোগ অক্ষিপুট সম্পূর্ণ রূপে প্রকৃতাবস্থার থাকে অথচ পদ্ম অক্ষিগোলকের অভিমুখে বক্র হইয়া পড়ে।

লক্ষণ।——পীড়ার আয়তন এবং বক্র পক্ষোর অবস্থানানুসারে এই রোগের লক্ষণ সকলের ব্যতিক্রম ঘটিয়া থাকে। কতিপয় পক্ষ বহিরপাঙ্গদিকস্থ অক্ষিগোলকে ঘর্ষণ করিয়া যে উত্তেজনা বা অস্থবিধা আনয়ন করে, তাহা কর্ণিয়ার উপর একটি মাত্র পক্ষা ঘর্ষণের উত্তেজনা বা অস্থবিধার তুল্য নহে। অচিকিৎসিতভাবে থাকিলে, এই রোগের সম্দায় স্থলে প্রথমে স্থায়ী কন্জংটিভাইটিস্ রোগ ও তৎপরে কর্ণিয়ার আবিলতা এবং পরিশেষে উহাতে রক্তবহানাড়ী সম্বন্ধীয় অস্বছেতা জন্মিয়া, তন্ধির্মাণকে ধ্বংস করিতে পারে।

কেবল হই একটা মাত্র পক্ষ বক্র হইলে প্রথমতঃ কেবল পুরাতন কন্জংকটিভাইটিস্ রোগ বিষয়েই আমাদের দৃষ্টি প্রধানতঃ নিয়োজিত হয়। যাহাহউক এই সময়ে অক্ষিপুট প্রান্ত উন্টাইয়া উহার পক্ষাপ্রান্ত অনাবৃত করিলে, বক্র পক্ষগুলিকে দেখিতে পাওয়া যায়। এই নিমিত্ত কি সামান্য কি গুরুতর সকল প্রকার কন্জংটিভাইটিস্ রোগে অক্ষিপুটের পক্ষপ্রান্ত পরীক্ষা করিয়া তথায় কোন পক্ষ বক্র হইয়াছে কি না দেখা উচিত।

সাধারণ মিউকো-পিউরিউলেন্ট্ কন্জংটিভাইটিদ্ রোগে চক্ষ্ সতত উত্তেজনাশীল থাকে; এবং রোগী তাহাতে সর্বাদা ঘর্ষণ করতঃ, এক বা তদ্ধিক পক্ষা বক্র করিয়া দেয় স্কৃতরাং তদ্ধার! অধিকদিন প্রদাহ স্থায়ী থাকে, এইরূপ স্থলে অনিষ্টকারী পক্ষ্ম উৎপাটিত না করিলে, কোন প্রকার ঔষধ প্রদানে ব্রোগোপশম হয় না।

কোনং ব্যক্তির জন্মাবধি ছুইটা পক্ষবীথিকা আছে, এরূপও ক্থনং দেখিখে পাওয়া যায়। অন্তর্দ্দিকস্থ বীথিকা প্রায়ই বক্র ; এবং এই অবস্থা ভিফ্রাইকিমেনিস্ ( Districhiasis ) বা দিপক্ষাবক্ত শব্দে উলিখিত হর। অর্থ বোধের নিমিত্ত এই প্রকার ট্রাইকিয়েসিস্ রোগের নামোল্লেখ হইল; উহাতে কোন বিশেষ বিধ লক্ষণ অভ্যুদিত হয় না।

চিকিৎসা। — পীড়ার আধিক্য অনুসারে এই ট্রাইকিয়েসিস্রোগের চিকিৎসা হইয়া থাকে। যদি কতিপয় পদ্দম মাত্র বক্র ইয়া থাকে, তবে উক্ত পদ্দমগুলিকে ফর্সেপ্ দারা ধৃত করিয়া, ক্রমে এক একটাকে তাহাদের ফলিকল হইতে উৎপাটিত করিতে হয়। এইরপ উত্তোলন করিবার সময় যাহাতে পদ্দম ছিন্ন না হয়, এরপ সাবধান হওয়া বিশেষ প্রয়োজনীয়; নতুবা অফিপুটে উহার কর্কশ প্রান্ত অবশিষ্ট রাখিয়া দিলে, তাহা কর্ণিয়ায় সতত ঘর্ষিত হইয়া, সমস্ত পদ্দেম যত অপকার করিতে না পারিত, তদপ্দেশা অধিকতর অপকার করে। অতএব প্রত্যেক পদ্দাকে অফিপুট প্রান্ত করিয়া, ও বিশেষ সাবধান হইয়া আস্তে২ মূল সমবেত সমুদায় পদ্দম উত্তোলিত করা আবশুক। ছর্ভাগ্যক্রমে আমরা এইরপে মূল সমবেত পদ্দম উত্তোলিত করিতে পারিনা; অন্ত একটী পদ্দম তথায় সম্বর উথিত হইয়া, যে অভিমুথে পূর্বপিক্ষম ছিল, ঠিক তদভিমুথে প্রধাবিত

হয়। অতএব এই সামান্যরূপে উৎপাটান করিতে হইলে, উৎপাটিত পদ্ম স্থানে ন্তন আর একটা পদ্ম উথিত হৈইতে পারে বলিয়া সতত সতর্ক থাকা উচিত।

অতএব সচরাচর পক্ষা উৎপাটিত করিতে হইলে, উহার মূল পর্যান্তও সঙ্গেং ধবংস করিতে হয়, ইহা সাধারণতঃ পরামর্শ সিদ্ধ । এই অভিপ্রায় সাধনের নিমিত্ত নাইট্রেট্ অব্ সিল্ভারে য়য় একটা নিড্ল্ বা স্থচিকা উৎপাটিত পক্ষাছিদ্র দিরা মূল স্থান পর্যান্ত নিমজ্জিত করিতে হয় । এই মূল অক্ষিপুটের পক্ষা প্রান্ত হইতে সচরাচর প্রায় ভুইঞ্চি পরিমিত দূরে অবস্থান কয়ে । ডাক্তার ম্যাক্নামারা সাহেব কষ্টিকে ময় কতিপয় ক্যাটার্যাক্ট্ নিড্ল এই অভিপ্রায়ের নিমিত্ত সঙ্গেং রাথেন । নাইট্রেট্ অব্ সিল্ভার্ অয়ি সন্তাপে দ্রবীভূত (Fusing) করিয়া সেই দ্রবমধ্যে য়য় নিড্ল অপনীত করিয়া লইলে দেখা যাইবে যে, ঐ স্থান ক্ষিকের পাতলা স্তর দ্বারা আবৃত হইয়া পড়িয়াছে ।


অক্লিপ্টকে উন্টাইরা বক্র পক্ষম উত্তোলন করা বিধেয়। পরে চিকিৎস্ক বিশেষ দৃষ্টি সহকারে উক্ত পক্ষের স্থান ছিদ্র মধ্যে কষ্টিকে আবৃত নিড্ল মূলস্থান পর্য্যন্ত নিমজ্জিত করিয়া, পরিশেষে তাহা অপনীত করিয়া লইবেন। উক্ত স্থান ক্ষিকের দারা বিলক্ষণ উত্তেজিত হইয়া পক্ষাস্কুর বিনষ্ট করে; স্থতরাং তাহাতে আর একটা পক্ষম নবোত্থিত হইতে পারে না। নাইট্রেট্ অব্ দিল্ভারের পরিবর্ত্তে লাইকর্ পোট্যাদি অথবা তরলীক্বত পোট্যাদা ফিউজাতে উক্ত নিড্ল্ মগ্ন করা যাইতে পারে।

এইরপ এক ডজন পক্ষা উৎপার্টিত করিয়াও রুতকার্য্য হইতে পারা যায়।
কিন্তু দীর্ঘকালস্থারী স্থলে, যেথানে সমুদায় পক্ষা সমষ্টি অথবা অক্ষিপুটের বাহ্যদিকস্থ বা অভ্যন্তদিকস্থ পক্ষা সমষ্টি বক্র হইয়াছে, তথায় অন্য প্রকার উপায়
অবলম্বন করিতে হয়। পূর্ব্বে এণ্ট্রোপিয়য় রোগে য়জ্রপ বর্ণিত হইয়াছে
(১৩৯,পৃষ্ঠা), এস্থলেও তজ্ঞপে অঙ্কুরসমবেত সমুদয় পক্ষাসমষ্টি নিয়াশিত করিতে
হয়; অথবা বক্র পক্ষাসমষ্টিকে প্রকৃতাবস্থানে স্থায়ী রাখিবার নিমিত্ত, তদ্র্দিদেশে
সমুদয় অথবা কিয়দংশ পুটোপাস্থি গহ্বরিত করা উচিত। যথন চক্ষুর
বহিরপান্ধ দেশস্পক্ষা বক্র হয়, তথন আমার মতে এই শস্ত্র প্রক্রিয়া বিশেষ
উপকার হইতে পারে। ক্রখনহ অক্ষিপুট হইতে কিয়দংশ চর্ম্ম কর্ত্তন

করিয়া লইলে, পুটপ্রান্ত উল্টাইয়া আসিয়া বক্ত পক্ষাসমষ্টিকে আর অধিক কাল অক্ষিণোলকে বর্ষিত হইতে দেয় না। কিন্তু গুরুতর স্থলে, অক্ষিপুটের প্যান্নিব্র্যাল্-প্রান্তভাগ উল্টান অপেক্ষা, যে উপায়ে অন্ত্রুর সমবেত পক্ষা বিনম্ভ হয়, তাহা অবলম্বন করাই শ্রেয়ঃ। কারণ পূর্ব্বেই বলা গিয়াছে যে, ট্রাইকিয়েসিদ্ রোগ অক্ষিপুটের রোগ নহে, পুটপক্ষোর রোগ।

মিষ্টার পাউয়ার সাহেব \*
শস্ত্রপ্রক্রিয়া সাধিত হইয়া

২৭শ<sub>\*</sub>, প্রতিকৃতি।



বলেন যে, এই অভিপ্রায়ের নিমিত্ত যেই থাকে, তন্মধ্যে নিম লিখিত শস্তপ্রক্রিয়া সর্বাপেক্ষা অন্নয়োদনীয় (১৭শ\*, প্রতিক্রতি)। "একটী স্থচিকাতে স্কল্লা রেসমের স্থ্র সংলগ্ন করিয়া, অক্লিপুটের বাহুও অভ্যন্তর প্রান্তের মধ্যস্থানে (৫) প্রবেশিত করিয়া, সিলিয়ারি বা পক্ষা প্রান্তের কিঞ্চিদূর্দ্ধে (১) চর্ম্ম বিদ্ধা করিতে হয়; পরে মন্মধ্যে স্থ্র সঞ্চালিত করতঃ শোষোক্ত ছিদ্রে (১) স্থচিকাকে পুনঃ প্রবিষ্ঠ করিয়া, অক্লিপুট প্রান্তের সমান্তরভাবে যত দূর পর্যান্ত পক্ষগুলি বক্র হইয়াছে, ততদ্র পর্যান্ত (৫) প্রধাবিত, হইতে দেওয়া

উচিত। অতঃপর আবার স্ত্র সঞ্চালিত করিয়া, এই শেষোক্ত ছিদ্রের মধ্যে স্থানিকা পুনঃ প্রবিষ্ট করতঃ লম্বভাবে পুটপ্রান্তের বা ধারের মধ্যস্থলে (d) আনমন করিতে হয়। পরে স্ত্রের ছই প্রান্ত বন্ধন করিয়া, তথায় উহাকে স্বয়ং কর্ত্তিত হইয়া বহির্গত হইতে দেওয়া উচিত। এইরূপে উদ্রিক্ত প্রোংশতি দারা অনিষ্টকারী পক্ষোর অঙ্কুর সম্পূর্ণরূপে বিনষ্ট হইয়া যায়, এবং অভ্যানিবিধ কন্তাম্বত্ব হয় না।"


অপেক্ষাকৃত ছ্র্দিয় ট্রাইকিয়েসিস্ স্থলে পক্ষাক্ষুর সববেত পুটের বাহ্য-ধার স্থানান্তরিত করা ( Transplantation ) অনেক সময়ে বিশেষ উপকারী হইয়া থাকে।

<sup>\*</sup> Illustrations of some of the Principal Diseases of the Eye," by H. Power M, B. p. 157. Lond, 1867.

এই শক্তপ্রক্রিরা অত্যন্ত দীর্ঘকালব্যাপক ও সাতিশর যন্ত্রণাপ্রদ বলিরা, রোগীকে ক্লোরোফর্ম প্রভৃতি অচৈতন্যকর ঔষধের অধীন আনা আবশ্রক। একজন সহকারী চিকিৎদক রোগীর সস্তক ও এক থানি হর্ণ স্প্যাচুলা অক্মিপুটের নিম্নে প্রবিষ্ট করতঃ, অক্মিগোলক হইতে উহাকে কিঞ্চিৎ অন্তরিত করিয়া, অক্মিপুটপ্রান্ত স্প্যাচুলা হইতে কিঞ্চিৎ উল্টাইয়া ধরিবেন। তৎপরে অক্মিপুটকে একথানি স্ক্র্মা স্ক্যাল্পেল্ দ্বারা ছই মানরেখা গভীর করিয়া বিদারিত করিতে হয় (১৭ শ, † প্রতিক্কৃতি দেখ)। কিন্তু এই

বিদারণ ল্যাক্রিম্যাল্ পংটম্ পর্যান্ত হওরা কদাচ বৈধ হয় না। এই বিদারণে অক্ষিপুটের পশ্চাৎস্তরে কন্জংটাইভা, পুটোপান্থি এবং পুটগ্রন্থির (Tarsál gland) খাতচয় (Canals) অবস্থিতি করে; অপর অর্থাৎ সন্ম্থবর্তী স্তরে অক্ষিপুটের অবশিষ্ট নির্মাণ, এবং হ্যায়ার্ ফলিকল্ বা পক্ষকোষ সকল (hair follicles) অবস্থিতি করে।

অতএব পুটোপাস্থির উপরিভাগের অতি সন্নিকটেই এই বিদারণ করা উচিত। সার্দ্ধেক মানরেখা হইতে হুই মানরেখা উর্দ্ধে ও বহিঃপ্রান্তের সমান্ত- ১৭শ, † প্রতিকৃতি।



রাল আর একটা বিদারণ সন্থস্তরের মধ্য দিয়া পুটোপাস্থি পর্যান্ত করিতে হয়। এই বিদারণের ছই শেষ প্রান্ত প্রথম বিদারিত স্থানের শেষ প্রান্ত ভাতিক্রম করিয়া থাকে, অর্থাৎ তদপেক্ষা কিঞ্চিৎ বৃহৎ হয়। অতঃপর একটো সেতুর আকারে পরিণত হইল; উহার ছই শেষ প্রান্ত ভাকিপুটে সংযুক্ত এবং উহার পশ্চাতে পক্ষাস্কুর সংলগ্ন হইয়া থাকে। এই সেতু নির্মাত হইলে, দিতীয় বিদারণের শেষ ছই প্রান্ত হইতে চর্ম্ম মধ্য দিয়া অর্দ্ধচন্দ্রাকৃতি বিদারণ করিতে হয়; এবং তাহাকে ফর্সেন্স দারা গ্রত করতঃ, সাবধান পূর্ব্দক অবিকিউল্যারিজ্ পেশীকে অনাহত ভাবে রাথিয়া ছেদ করিয়া

লইতে হয়। যে পরিমিত পক্ষা বক্র এবং চর্মা লোল ও শিথিল হয়, তদমুঘায়ীক এই ফুগাপের আয়তন এবং উহার শীর্ষকব্যাস বৃহৎ হওয়া উচিত; এক বা ফুইটা স্থচার দারা এই অর্দ্ধচন্দ্রবৎ বিদারণের ধার এবং যে সেতৃর আকার চর্ম্মে পক্ষাগুলি আবদ্ধ থাকে তাহা মুদ্রিত রাখিতে হয়; এবং সেই স্থচার্ সকলের আকর্ষণ দারা বক্র পক্ষাগুলি সমতল হইয়া উঠে, অথবা অক্ষিকোটরের প্রাপ্তাভিমুখে বক্র হইয়া আইসে। তৃতীয় দিবসে স্থচার সকল উন্মৃক্ত করিয়া লওয়া উচিত। \* ডাক্রার ম্যাক্রামরা এই শক্তপ্রক্রিয়া ট্রিকিয়াসিদ্ রোগের ছক্রহ অবস্থাতেও উপকারী বিবেচনা করেন।

অনেকানেক ছর্দ্ধ্য ট্রাইকিয়েসিস্ রোগে ডাক্তার ম্যাক্নামারা সাহেব এই শস্ত্রপ্রণালী অবলম্বন করিয়া বিলক্ষণ কৃতকার্য্য হইয়াছেন।

তাক্ষিপুটের সংযোজন ( Adhesions )——কথনং অক্ষিপুট-ঘয়ের সিলিয়ারি বা পক্ষযুক্ত প্রান্তভাগ আংশিক বা সম্পূর্ণরূপে সংযুক্ত হইয়া যায়। এই সংযোগ আজন হইতে থাকিতে পারে, অথবা অন্য কোন কারণে অক্ষিপুটের প্রান্তভাগ হইতে মন্তন্মুক্ত হইলে আবিভূতি হয়; স্থতরাং সাংসারিক কার্য্য নির্বাহার্থে রোগীর চক্ষু সম্পূর্ণ অকর্মণ্য হইয়া পড়ে। যাহাহউক অক্ষি-পুটের প্রান্ত কোন প্রকার রাসায়নিক বা মেকানিক্যাল্ বা ভৌতিক কারণে অপায়গ্রন্ত হইয়া, এইরূপ ঘটনা সচরাচর অভ্যুদিত হইয়া থাকে; তদ্বাতীত অন্ত কোন পীড়া কারণে অতি কদাচিৎ উৎপন্ন হইতে দেখা যায়।

সম্প্রতি ডাক্তার ম্যাক্নামারা সাহেব এইরূপ একটী রোগী চিকিৎসা করিয়াছেন। অক্ষিচিকিৎসালয়ে আসিবার প্রায় তিন মাস পূর্ব্বে এই ব্যক্তি একটী শার্দ্দূল দ্বারা আক্রাস্ত হইয়াছিল। তাহাতে শার্দ্দূলের থাবা দ্বারা ঐ ব্যক্তির ললাটদেশ হইতে মুখমগুলের বামপার্শ্ব পর্যান্ত সমুদয় স্থান ক্ষত বিক্ষত হইয়া গিরাছিল। অক্ষিপুটের অধিকাংশ চর্ম্ম ছিল হওয়ায়, উহাদের নাসিকা দিকস্থ চর্ম্ম পরস্পার সংযুক্ত হইয়া যায়; স্থতরাং তৎকালে রোগী চক্ষুক্রনীলন করিতে পারিত না। ইহাতে ঐ ব্যক্তি কেবল বিগত শীহইয়া-ছিল এমত নহে; উহার উক্ত চক্ষু সম্পূর্ণ অব্যবহার্য্য হইয়া পড়িয়াছিল।

<sup>\*</sup> Drs. Hackley and Roosa's translation of Stellwag Von Carion on "The Fye" q. 389.

মেকানিক্যাল্ কারণোদ্ভুত অন্যান্য সংযোজন স্থলের ন্যায়, এই রোগীর আক্ষিক ও পুটীয় উভয় কন্জংটাইভা পরস্পর মিলিত হইয়া গিয়াছিল।

চিকিৎসা।——আজনজ, অথবা কোন প্রকার অপায় কারণে অক্ষিপুট্রয় পরম্পর সংযুক্ত হইলে, উক্ত সংযুক্ত হানের অধঃদিক দিয়া ডাইরেক্টর নামক শলাকা প্রবিষ্ট করিয়া; একথানি ছুরিকা বা কাঁচি দ্বারা ঠিক সংযুক্ত হান বিদারণ করিতে হয়। যতদিন পর্যান্ত উভয়াক্ষিপুটের প্রান্তমন্ত শুক্ত হইয়া না আইসে, ততদিন পর্যান্ত উহাদিগকে পরম্পর অন্তরিত করিয়া রাখিতে হয়। হর্ভ্যগ্য ক্রমে অনেক হলে আক্ষিক ও পুটীয় উভয় কন্জংটাইভা পরম্পর সংযুক্ত হইয়া হ্রারোগ্য উপদর্গ উপস্থিত করে। কন্জংটাইভার এই সংযোজনকে দিয়্লিফেরণ (Symblepharon) নামে আখ্যাত করা যায়; এবং তাহা কন্জংটাইভার রোগসমূহ প্রকরণে বর্ণিত হইয়াছে।

অক্সিপুটের শোফ ( Œdema )।——নানাবিধ রোগের অর্থাৎ ट्यमन, टकांठेक, मूर्यमधनीय हत्यंत थानाहिक शीष्ट्रा, अथवा म्यवर्धी रुन्-পিণ্ডের ও কিডনীর পীড়া ইত্যাদি রোগের সহকারে কথন কথন অক্ষিপুট শোফযুক্ত হইয়া থাকে। কিন্তু নিম্ন লিখিত অবস্থায়, দরিদ্র লোক থাকে যে, সে পূর্ব্ব দিবদ রাত্রিতে নিজা যাইবার পূর্ব্বে বিলক্ষণ স্থস্থ এবং কোন অনাবৃত স্থানে নিদ্রিত ছিল; প্রাতঃকালে অকস্মাৎ দেখে অক্ষিপুটের কাঠিন্ত ও ক্ষীতি প্রযুক্ত চক্ষুরুন্মীলন করিতে পারিতেছে না। এই স্থানে কিঞ্চিৎ বেদনা অমুভব হইতে পারে, কিন্তু তাহা না থাকিতেও পারে, অক্ষি-পুট শোফযুক্ত, উজ্জল, স্ফীত ও উহার বর্ণের কোন পরিবর্ত্তন হয় না। উহাকে বলপূর্ব্বক উত্তোলিত করিয়া দেখিলে দেখা যায় যে, আক্ষিক কন্জংটাইভাও শোক্যুক্ত কিন্তু প্রদাহযুক্ত নহে, এই সকল অবস্থা সচরাচর কোন কীটাদি দারা দংশন, অথবা রোগীর মুখমগুলে নৈশিক আর্দ্র বায়ু প্রবাহ এতত্ত্যের এক-তর কারণ হইতে সমুদ্ভূত হইয়া থাকে। সাধারণতঃ যদি কোন পতঙ্গের দংশন বিষ হইতে সমুদ্রত হয়, তবে দশনান্ধিত স্থান স্বস্পষ্ট অনুভূত এবং উহার চতুষ্পার্শ্বব্তী ক্ষীত স্থান অপেক্ষা সেই দংশিত স্থান সমধিক যন্ত্রণাদায়ক এবং প্রদাহিত হয়। অধিকম্ভ সচরাচর উভয় চক্ষু এই রোগে আক্রান্ত হয়

না; কিন্তু শীতল বায়ু সংস্পর্শজনিত হইলে, ঐ স্থানে কোন যন্ত্রণা ভত্তুত্ব হয় না, তবে অক্ষিপুটের সেলুলার টিস্কর স্ফীতি ও আয়াম প্রযুক্ত কেবল বংকিঞ্চিৎ যাতনা হইয়া থাকে; এবং সচরাচর উভয় চক্ষুই সমভাবে আক্রান্ত হয়। ইহাতে অক্ষিপুটদ্বয় আরক্তিম ও প্রদাহিত হয় না।

এই সকল স্থলে কোনরূপ বিশেষ চিকিৎসার প্রয়োজন রাখে না।
য়াসিটেট্ অব্ লেড্ সলিউশন্ দারা উক্ত অংশ ধৌত করা বিধেয়; এবং তাহা
হইলেই স্ফীতি সচরাচর সম্বর অপনীত হইয়া যায়।

ইন্দিসিমা বা বায়ুক্ষীতি (Emphysema)।—অক্ষপুটের শোফের ন্যায় বায়ুক্ষীতিও কোন দূরবন্তী অপায় বা পীড়া হইতে উৎপর হইয়া থাকে। বেমন কুস্কুসের অপায় সম্ভূত সাধারণ ইন্দিসিমা, অথবা অক্ষপুটের চর্মানিয়স্থ কৌষিক বিধানেতে, নাসারক্ষ অথবা ফ্রণ্ট্যাল্ সাইক্ষ সকল হইতে বায়ুর আগমন ইত্যাদি দ্বারা সমুভূত ইন্দিসিমা। পীড়িত অংশ ক্ষীত এবং আয়াম যুক্ত হয়়। কিন্তু উহার বর্ণের কোন পরিবর্ত্তন হয় না। পীড়ন করিলে, চর্মের কৌষিক ঝিলীতে বায়ুর বিদ্যমানতা বোধক পুট্ংশকার্মভব (Crepitation) হইয়া থাকে।

চিকিৎসা।——যে কারণে এই বিক্কতাবস্থা উৎপন্ন হয়, সেই কারণ অনুসারে এই রোগের চিকিৎসারও তারতম্য হইয়া থাকে। স্থানিক ঔষধ প্রদানে কোন প্রকার ফল দর্শে না; বরং যত দিন পর্য্যন্ত টিস্ক সকলের স্ফীতি লাঘব না হয়, ততদিন পর্য্যন্ত অক্ষিপুটে কম্প্রেদ্ এবং ব্যাণ্ডেজ্ বন্ধন করিয়া রাথিতে হয়।

হার্ড ওলম্ বা অঞ্জন (Hordeolum)।——ইহাকে সচরাচর প্রাই (Stye) অর্থাৎ অঞ্জনিকা অথবা সাধারণ ভাষায় অঞ্জনি শব্দে কহিয়া থাকে। উহা টার্সাল্ ম্যাণ্ড অর্থাৎ পুটগ্রন্থির স্ফীতি মাত্র। ইহাতে এই ম্যাণ্ড প্রদাহিত ও পূয় সমাযুক্ত হয়, এবং তন্নিমিত্ত উহা অক্ষিপুটের বেধ মধ্যে ক্ষুদ্র স্ফোটকারে অবস্থিত থাকে। বহিশ্চর্মের সহিত উহার কোন সংস্রব না থাকায়, তাহাকে অনায়াসেই উহার উপর ইতস্ততঃ সঞ্চালিত করিতে পারা যায়। স্পূর্শ করিলে, কঠিন এবং ক্ষুদ্র মটরের আকার হইতে শিশ্বীবীজ পর্যান্ত নানাবিধ আকারে, উহা অন্নভূত হইয়া থাকে। সচরাচর ছর্মাল ও পীজ্ত

ব্যক্তিরাই এই রোগ ভোগ করে; কিন্তু যুবা ব্যক্তি অপেকা বালকদিগেরই এই রোগ অধিকতর হইয়া থাকে।

উঠিবার সময় অঞ্জনিকা রোগে কণ্ডুয়ন হইয়া থাকে। পরে উক্ত স্থান আরক্তিম ও ক্তীত, এবং প্রায় সচরাচর অক্তিপ্ট শোক্ষ্ক্ত এবং অত্যন্ত মন্ত্রণা-দায়ক হইয়া উঠে।

এই রোগের প্রাথমিক অবস্থায় প্রদাহিত স্থানের পক্ষা সকল উৎপার্টিত করিয়। তৎপরক্ষণেই অর তেজ বিশিপ্ত নাইট্রেট্ অব্ সিল্ভার পেন্সিলের স্ক্ষাগ্র পক্ষাস্থলের ছিজ মধ্যে প্রয়োগ করা উচিত। এইরূপ করিলে সচরাচর প্রদাহ-ক্রিয়া স্থগিত হইয়া যাইতে পারে; কিন্তু যদি উহাতে প্রোৎপত্তি হইয়া থাকে, তবে উত্তপ্ত পোল্টিম্ তুইং ঘণ্টা অন্তর প্রদান ও পরিবর্তন করিতে হয়। এইরূপে ক্ষেটিকের মুখ হইয়াউঠিলে, ল্যান্সেট্ নামক শস্ত্রের অগ্রভাগ দারা উহাকে ভেদ করিয়া সমুদ্য পূয় বিনিঃস্থত হইতে দেওয়া উচিত। বলকারক ঔষধ সর্কাণ ব্যবহার করা আবশ্যক হইয়া থাকে; নতুবা পর্যায়ক্রমে অনেক অপ্রনিকা অভ্যুদিত হইয়া রোগীকে বিলক্ষণ কপ্ত ও অস্থ্রিধা প্রদান করিতে পারে।

বেকেরাইটিস্ বা টিনিয়া টার্দাই (Blepharitis or Tinea Tarsi)।—পদ্ম গুলির হ্যায়ার ফলিকলের বা মূল-কোষের বে আছোদক ঝিলি থাকে তাহাদের ক্তযুক্ত প্রাদাহিক অবস্থাই প্রধানতঃ টিনিয়া টার্দাই নামে থ্যাত এবং সচরাচর কন্জংটিভাইটিদ্ রোগ নিরাময় করিতে অব-কেলা করিলে উৎপন্ন হইয়া থাকে। মিজ্ল্ম্ অর্থাৎ হাম জরের পরেও উহা সচরাচর উৎপন্ন হয়। কিন্তু সহরের বহু লোক সমাকীর্ণ অপরিষ্কৃত স্থানবাদী দরিদ্র দিগেরই এই রোগ হইতে প্রায় দেখা গিয়া থাকে। কিন্তু যেকোন অবস্থায় রোগোৎপত্তি হউক না কেন, প্রথমাবস্থায় রোগ শান্তির নিমিত্ত বিশেষ বত্ন না করিলে, উহা নাতি প্রবলভাবে দীর্ঘকাল স্থায়ী হয়।

স্থবিধার নিনিত্ত এই টিনিয়া টার্সাই রোগকে গৃই অবস্থায় বিভক্ত করিতে পারা বায়। প্রথম অবস্থায়, পক্ষাস্কুরে প্রবলরূপে পরিবর্তুন সংঘটিত হইতে থাকে। দিতীয় অবস্থায় পক্ষা বিনষ্ট হইয়া, অনাণত অকিপুট্পাস্থ ঘন ও কঠিন হয়; যাহা সচরাচর লিপিটিউডো (Lipitudo) অথবা বুিয়ার আই (Blear Eye) নামক অবস্থা ধারণ করে।

লক্ষণ।—— রোগী সর্বাদা ক্ষীণচক্ষু বলিয়া প্রকাশ করিয়া থাকে। উভর চক্ষ্ই, বিশেষতঃ কর্মকার্য্যান্তে উহারা কণ্ডুয়িত হইতে থাকে; এবং প্রাতঃকালে অক্ষিপুট দ্বয় পিঁচুটী দ্বারা সংযুক্ত হইয়া রহে। এই সকল লক্ষণ অনেক দিন পর্য্যন্ত বর্ত্তমান থাকিয়া, রোগীর অস্ত্রবিধা জন্মাইতে পারে; কিন্ত এই রোগ এত গুরুতর হয় না যে, তদ্বারা রোগীর কর্মকার্য্যা-দির কোন বাধা জন্মে। পীড়ার প্রথমাবস্থায় কোন রূপ প্রকৃত গুরুতর মন্ত্রণা না থাকায়, বালকেরা তৎসময়ে এই রোগের বিন্দু বিদর্গও প্রকাশ করে না।

পীড়ার প্রথমাবস্থায় টিনিয়া রোগাক্রান্ত ব্যক্তির অক্লিপুট পরীক্ষা করিয়া দেখিলে বােধ হয় যে, উক্ত পুটের অসংলয় প্রান্তভাগের সর্ব্বত অথবা কােন এক স্থান ক্ষুদ্র কঠিন মামড়ীবং হইয়া রহিয়াছে। এই সকল শুদ্র পিঁচুটীর নিমে অসংলয় অক্লিপুট প্রান্তস্থ পাক্ষম্লস্দেশে কতকগুলি ক্ষুদ্রং পিইউল্ (Pustule) অর্থাৎ পৃয়বটিও দৃষ্টিগোচর হইয়া থাকে। চর্ম্ম আরক্তিমও প্রদাহিত হয়; এবং উক্ত ক্ষুদ্রং পিশ্পল্ সকল ক্রমশঃ পর্যায়কুমে উৎপন্ন ও বিদীর্ণ হইয়া চর্ম্মোপরি ক্রেবল একটা ক্ষুদ্র মামড়ী মাত্র অবশিষ্ট রাথে; এই মামড়ী সহজে অপনীত করিতে পারা যায় না। কন্জংটাইভাও সতত কিয়ৎ পরিমাণে রক্ত পূর্ণ হইয়া থাকে।

এই দকল অবস্থা অন্ন বা অধিক দিন পর্যান্ত স্থানী হইলে, দিবেদিন্দ্র অর্থাৎ ক্রেদগ্রন্থিও মিবোমিয়ান্ প্ল্যাণ্ড দকল উত্তেজনাশীল, ও তথা হইতে রদ নিঃদরণের পরিমাণ বৃদ্ধি ও দেই রদের গুণের পরিবর্ত্তন হয়; এবং তিরি-মিত্তই নিদ্রাবস্থায় রোগীর অক্মিপুট্রয় সংযুক্ত হইয়া যায়। মামড়ীর নিয়স্থ চর্ম্ম পরিশেষে ক্ষতবিশিপ্ত ও ক্ষীত হইয়া থাকে; এবং ঐ দকল মাম্ড়ী আর অধিক দিন বুদ্ব্দাকার থাকে না; উহা ঘন ও কঠিন, এবং চক্ষ্ম উত্তেজনাশীল হইয়া থাকে। রোগী ক্ষণকাল মাত্রও অধ্যয়ন বা কোন কার্য্যে চক্ষ্ম লিপ্ত রাথিতে পারে না; রাথিলে, উহার চক্ষ্ম আরক্তিম ও যন্ত্রণাদায়ক হইয়া উঠে। অক্ষিপ্ট প্রান্তের ক্ষীতি প্রযুক্ত পংটা অক্ষিণোলক হইতে

দ্রাপস্ত হইয়া পড়ে; স্থতরাং লেকদ্ল্যাক্রিম্যালিদ্ (Lacus Lachry-malis) অর্থাৎ অক্রবহ প্রণালীতে অক্র আসিয়া দঞ্চিত হয়; এবং কেবল গণ্ডপার্য দিয়া প্রবাহিত হইতে থাকে এমত নহে, চক্ষুতেও সঞ্চিত থাকিয়া, পুরাতন কন্জংটিভাইটিদ্রোগ আনয়ন করে। এই কন্জংটিভাইটিদ্রোগ আবার কর্ণিয়ার উপরিভাগকে বন্ধর করতঃ, উহার ইপিথিলীয়্যাল্ স্তর সকলে পরিবর্ত্তন উপস্থিত করে। ইহাতে যদিও কর্ণিয়া স্পষ্ট অস্বচ্ছ হয় না বটে, কিন্তু তদ্বারা কিয়ৎ পরিমাণে দৃষ্টির ব্যাঘাত জন্ম।

এই রোগ দ্বিতীয় অবস্থায় উপনীত হইলে, অক্ষিপুট প্রান্তের দীর্ঘস্থায়ী উত্তেজনা প্রযুক্ত পক্ষা সমষ্টি বিনষ্ট ও পুটপ্রান্ত বিবর্দ্ধিত হইতে থাকে। यादाइडेक, शक्तु मकन मम्भूर्ग विनष्ठ इहेशा याग्र ना। सीजागाक्तरम मम्भूर्ग विनष्ट रहेटल जमाता द्वांशीत किकिए উপकात द्वांभ हम ; किछ छहाता সচরাচর মূল রাখিয়া চ্যুত হইয়া যায়; এবং তথা হইতে অন্ত পক্ষা বক্র ভাবে উখিত হয়। ইহার মধ্যে আবার বিক্তাকার কতকগুলি অক্ষিগোলকের অভিমুখে বক্ত হইয়া ট্রাইকিয়েসিদ্ রোগোৎপত্তি করে। মামড়ীর নিমন্থ চর্ম ক্ষত, ও তন্মধ্য হইতে অধিক রস নির্গত হওয়ায়, আরক্তিম ও বিবৃদ্ধিপ্রাপ্ত অকিপুটের প্রান্তভাগে ঘন মাম্ড়ি (Crusts) সকল উৎপন্ন হয়। এই সময়ে गिरवाभिशान् अन्व अमाशिक इयः , धवः शतिर्भाष अरनकारनक इरन তৎপ্রবাহিত প্রণালী সকল রুদ্ধ হইয়া, এই রোগকে ছ্রারোগ্য করিয়া তুলে। অক্ষিপ্টৰয়েরর প্রান্তভাগ ঘনীভূত হয়, এবং পংটা ঐ রূপে উন্টাইয়াও প্রায় সর্বাদা মুদিত হইয়া যায়; স্থতরাং অশ্র নাদাপান্দদেশে প্রবহ্মান থাকে। কর্ণিয়া আবিল এবং রোগীর অবস্থা যতদূর মন্দ হইতে পারে, ততদূর মন্দ হইরা উঠে। এ দিকে আবার অক্ষিপুটের বিকৃতি প্রযুক্ত রোগী শ্রীভংশ इहेगा थाएक।

চিকিৎসা।—হইটি প্রতিকৃল অবস্থা প্রযুক্ত টিনিয়া টার্সাই রোগের চিকিৎসা অত্যন্ত জটিল হইয়া থাকে। ১ মতঃ, উহা সাধারণতঃ বালক দিগেরই হইয়া থাকে; এবং বালকেরা স্বভাবতঃ চিকিৎসা বিষয়ে সম্পূর্ণ অসহিকু। ২ য়তঃ, এই সকল বালক প্রায়ই রুয় জনক জননী সম্ভূত। এত্লে ইহাও বলা উচিত যে, টিনিয়া রোগ আরোগ্য করিতে হইলে, সাধারণতঃ

জারো শারীরিক তুর্বলতা নিবারণ করা উচিত। উহা উপদংশ অথবা সুকুলা রোগজ ধাতু, অথবা শারীরিক সাধারণ যে কোন দোর্বলা প্রযুক্ত উৎপন্ন হউক না কেন, অথ্যে সেই সকল রোগের চিকিৎসা করা বিধেয়। এই সকল চিকিৎসার মধ্যে, বিশুদ্ধ বায়ুসেবন, উত্তম আহার এবং সর্ব্বদা পরিষ্কার পরিচ্ছন্নভাবে অবস্থান উপকারজনক হইয়া থাকে। ঔষধের মধ্যে কড্লিভর্ অয়েল এবং লোহ ঘটিত ঔষধ বিশেষ উপকারজনক।

ঔষধ দেবনের সঙ্গেং স্থানিক ঔষধেরও বিশেষ প্রয়োজন হইয়া থাকে।
কিন্তু বালকদিগের পক্ষে সেই সকল ঔষধ ব্যবহার করিতে পারা যায় না;
বিশেষতঃ দরিদ্র লোকদিগের পক্ষে স্থানিক ঔষধ ব্যবহার করা কন্তু সাধ্য;
এ দিকে আবার উহাদের অপরিকার ভাবে অবস্থান প্রযুক্ত উক্ত রোগ
আবিভূতি বা বৃদ্ধি হইয়া থাকে।

প্রথমতঃ অন্দেপুটের প্রান্তবর্তী মাম্ড়ী সকল এক থানি স্প্যাচুলা অথবা ক্যাটারাক্ট্ নিড্ল দারা অপনীত করিতে হয়। কোনং স্থলে অন্দিপুটের উপরিভাগে কিরংক্ষণের নিমিত্ত উত্তপ্ত কম্প্রেদ্ এবং পোল্টিস্ প্রদান করা উচিত। ইহা প্রদানে মাম্ড়ী সকল কোমল হয়, এবং তাহা হইলে কোমল চীরবাস এবং উষ্ণ জল দারা উহাদিগকে অনায়াসেই দ্রীভূত করিতে পারা যায়। এই রূপে মাম্ড়ী সকলকে দ্রীভূত করিয়া, হাইডার্জ, অক্সাইড্ ফেলা ২ ড্রাম, অঙ্গুরেন্টম্ নিম্প্লের্জ, ২ আউন্স; অথবা, অঙ্গুরেন্টম্ হাইডার্জ, নাইট্রিকো-অক্সাইড্ ডায়েলিউটম্ ২ ড্রাম্, ককোয়া বটার্ ও ড্রাম্, দারা মলম প্রস্তুত করিয়া, আন্দিপুট প্রান্তোপরি সাবধান পূর্বকি প্রলেন্টিত করিতে হয়। ইহাতে সাবধানের বিষয় এই যে, ঠিক পীড়িত স্থানে উক্ত মলম প্রদান করিতে হয়; কেবল মাম্ড়ীর উপর প্রদান করিলে উক্ত ঔষধে কোন ফলোদ্য হয় না।

প্রথমবার চিকিৎসক স্বরং এই মলম প্রলেপিত করিয়া দেন। তৎপরে,
দিবসে ছুইবার করিয়া উহা প্রত্যাহ প্রলেপিত করা উচিত। প্রাতঃ সন্ধ্যা
ছুইবার রোগী উষ্ণ জল দারা চক্ষু ধৌত করিলে, নৃতনং মান্ডী সকল
স্বতন্ত্র হইয়া যাইতে পারে; এবং তৎপরে উক্ত মলম ব্যবহার করা উচিত।
এই রূপ করিলে, সম্বর রোগাপনীত হইবে, এরূপ আশা করা যাইতে পারে।

অপেক্ষাক্ত হায়ী রোগ সমূহে, বেখানে অক্ষপুটপ্রান্ত ক্ষত্যুক্ত হয়, তথায়
প্রথমতঃ পক্ষসকলকে মূলনমীপে কর্ত্তি করিয়া, মাম্ড়ী সকল এক থানি
ফর্সেশ্ব দ্বারা অপনীত করা বিধেয়। তৎপরে নাইট্রেট্ অব্ সিল্ভার্
পেন্সিল্ উক্ত ক্ষত স্থানের বহিঃপ্রান্তোপরি স্পর্শীকৃত করিতে হয়; অথবা
সেই স্থান টিংচর্ অব্ আইওডিন্ দ্বারা প্রলেপিত করা উচিত। চিকিৎসক
স্বয়ং এই সকল প্রলেপন প্রদান করিয়া থাকেন। তৎপরে রোগী তথায়
ডায়েলিউট্ অক্সাইড্ অব্ মার্করি অয়েণ্ট্মেণ্ট্ ব্যবহার করে। বাস্তবিক
টিনিয়া রোগ প্রবর্ত্তক ফঙ্গস্ (Fungus) অথবা প্যারাসাইট্ (Parasite)
অর্থাৎে পরাঙ্গপুষ্ট মাম্ড়ী যতদিন পর্যান্ত বিনষ্ট না হয়, ততদিন পর্যান্ত প্রতি
সপ্তাহে অন্ততঃ গুইবার করিয়া অক্ষিপুটে টিংচর্ অব্ আইওডিন্ ব্যবহার করা
উচিত।

ডাক্রার টিল্বারী ফল্ল সাহেবের মতে টিংচর্ অব্ আইওডিনের পরিবর্তে কার্বলিক্ য়্যাসিড্ প্লিসিরীণে দ্রবীভূত করিয়া ব্যবহার করিলে, অধিকতর উপকার দর্শে। ডাক্রার ম্যাক্নামারা সাহেবের মতেও উক্ত ঔষধ উল্লিখিত রূপে ব্যবহার করিলে, টিনিয়া টার্সাই রোগে বিশেষ উপকারজনক হইতে পারে। কিন্তু উহার মাত্রা প্রথমতঃ ১ ভাগ কার্বলিক্ য়্যাসিড্, ৫ ভাগ শ্লিসিরীণ; তৎপরে ১ ভাগ কার্বলিক্ য়্যাসিড্ ২০ ভাগ প্লিসিরীণে লোশন্ প্রেন্ত করিয়া, উষ্ট্র-লোম তুলিকা দারা প্রাতঃ সন্ধ্যা ছইবার অক্রিপুট প্রান্তে প্রদান করিতে হয়।

দীর্ঘকালস্থারী টিনিয়া, যাহাকে লিপিটিউডো বলে, তাহার অধিকাংশ স্থলে, রোগোপশম করা অতিশয় ছদর। বাস্তবিক উহাতে যে অপকার হয়, তাহা সংশোধন করাও অত্যস্ত ছর্ঘট। যাহাহউক পক্ষ্যাস্কুর উৎপাটিত করিয়া ট্রাইকিয়েসিদ্ অর্থাৎ বক্রপক্ষ্য রোগ এবং তজ্জনিত কর্ণিয়ার অস্ব-চ্ছতা কিয়ৎ পরিমাণে নিবারণ করা যাইতে পারে। কার্বলিক্ য়্যাসিড্ লোশন্ দারা ক্তোপশম হয়; কিন্তু আমরা যত কেন চেষ্টা করি না, স্থ্লীভূত পক্ষ্য বিহীন অক্সিপ্টের অবস্থা কখনই দ্রীভূত হয় না।

পিডিকিউলি (Pediculi) বা মৎকুণ।——সময়েং কুদ্র কুদ্র মংকুণবং কীট দকল পক্ষাসমষ্টির মধ্যে বাদ করে। উহাদের ডিম্ব দকল

পদার্থ দারা দমাচ্ছাদিত রহিয়াছে। এই সকল পরাদ্বপৃষ্ট কীট উক্ত স্থানকে কণ্ডু যুক্ত করে; স্কতরাং রোগী কণ্ডুয়ন করিতেং প্রায়ই পক্ষা সকলকে মূলাবশিষ্ট রাখিয়া ছিন্ন করিয়া ফেলে। এইরূপ উত্তেজনা ব্যতীত চক্ষ্ স্থ থাকে, এবং যত্ন পূর্বেক দেখিলে, পক্ষা সকলকে চূর্ণ অথবা ধূলি দারা আরুত বোধ হয়। লেন্স (Lens) দারা এ সকল মৎকুণ পৃথকং স্পষ্ট দেখিতে পাওয়া যায়। উষ্ণ জল দারা ঐ স্থান বিলক্ষণ ধৌত করা ও পরে পক্ষা ও পুরুপ্তিপ্রান্তে ষ্ট্যাফিজেগ্রিয়া নামক ঔষধ মর্দ্দিত করাই ইহার চিকিৎসা। আর উহাতে কোন উপকার না হইলে ব্লুমাকু রিয়্যাল্ অয়েণ্ট মেণ্ট তিনবার করিয়া ঐ স্থানে প্রলেপিত করা উচিত। যদি ইহাতেও মৎকুণ সকল বিনষ্ট না হয়, তবে তুই গ্রেণ হাইড্রার্জ ক্লোরাইড্ এক আউন্স জলে মিশ্রিত করিয়া অক্তিপ্ট ধৌত করা উচিত।

## পঞ্চন অধ্যায়।

DISEASES OF THE LACHRYMAL PASSAGES.

## ল্যাক্রিম্যাল্ প্যানেজ্ অর্থাৎ অত্রুপথ সকলের রোগ সমুহ।

পংটার স্থানাপদরণ ও অবরোধ (Displacement and Obstructions of the Puncta)।——স্থ চক্ষুতে পংটা অর্থাং অক্রর ছইটা পংটম্ বা দার অক্ষিগোলকে স্পর্শ করিয়া থাকে; স্কতরাং অক্ষিপ্টদর না উন্টাইলে উহাদিগকে দেখিতে পাওয়া যায় না। চক্ষু মুদিত থাকিলে, পংটা লেকম্ লাাক্রিম্যালিম্ অর্থাং অক্রন্থানে করে; এই নিমিত্ত মন্থারে নিদ্রিত ও জাগরিত উভয় অবস্থাতেই অক্র পংটম্দ্রের

অত্যন্তর দিয়া অশ্রু প্রণালী (ক্যানালি-কিউলি), অশ্রুথলি (ল্যাক্রিম্যাল্ স্থাক্) ও নাদা প্রণালীতে (নেজাল্ ডক্ট) প্রবহমান হইয়া আদিয়া, পরিশেষে নাদিকায় পতিত হয়। (১৮শ,প্রতিকৃতি)

কোন কারণে পংটা স্থানচ্যুত হইলে, অথবা নাদারদ্ধে অঞ্চ গমনের পথ অবক্লম হইলে, অঞ্জনে নিঃস্থতাশ্রু সঞ্চিত হইয়া, কালক্রমে উৎপ্লাবিত ও গওদেশ দিয়া প্রবাহিত হওতঃ, রোগীর বিলক্ষণ অস্ক্রবিধা জন্মায়। ১৮শ, প্রতিকৃতি।



অশ্রু কেবল এই রূপেই নিঃস্থত হয় এমত নহে; কিয়ং পরিমিত অশ্রু কর্ণিয়ার সমুখে সতত ভাসমান থাকিয়া চফুতে আলোক রশ্মি আসিবার পথ প্রতিশ্রাধ করে; স্কুতরাং রোগী স্থুস্প্রতি দর্শনের নিমিত্ত অনবরত উক্ত জাঞা নোচন করিতে থাকে; এবং পরিশেষে চক্ষু দীর্ঘকাল আঞা লিপ্ত থাকিয়া, পুরাতন কন্জংটিভাইটিস্ রোগ এবং তৎফল সকল ভোগ করে।

সাধারণতঃ অশ্রুপথ সকলের অন্তরাবরক নিষ্ণে বা ঝিলি প্রদাহিত হওতঃ, উক্ত পথ সকলের কোন স্থানে খ্রিক্চর্ (Stricture) উৎপন্ন হইরা অশ্রু নিঃসরণে অবরোধ প্রদান করিয়া থাকে। যাহা হইক, পঙ্গা প্রাপ্ত স্থল হইলে বেমন টিনিয়া রোগে ইহা হয় কিয়া কন্জংটাইবা স্থল হইলে যদি তদ্বারা পংটা স্বস্থান এই হয় তাহা হইলেও এবম্বিধ ঘটনা সম্পস্থিত হয়। আর ইহাও স্পষ্ট দেখা যাইতেছে য়ে, এক্ট্রোপিয়ম্ রোগ বেরপে উৎপন্ন হউক না কেন, তৎপরেও এবম্বিধ ঘটনা সকল প্রকাশিত হয়। অন্যপক্ষে বৃদ্ধ বয়নের ন্যায় চক্ষু কোটরময় হইলে, পংটা সচরাচর ইন্ভার্টেড্ বা চক্ষুরাভিমুখে বক্র (Inverted) হইয়া পড়ে।

পংটার অবরোধ ছই প্রকার-আংশিক ও সম্পূর্ণ; অর্থাং এক ভাগবা উভয় পংটা রুদ্ধ হইয়া পূর্ব্ববর্ণিত লক্ষণ সকল অভ্যুদিত করে।

ইতিপূর্ব্বে দিতীয় অধ্যায়ে বর্ণিত হইয়াছে যে, স্কুছ চক্লুতে অশ্রুথনির উপর পীড়ন করিলে ল্যাক্রিম্যান্ পংটা হইতে এক বিন্দু তরল পদার্থ নিঃস্তুত হইয়া আইদে। যাহাহউক যদি একটা বা উভয় পংটম অবরুদ্ধ হয়, তবে প্পপ্তই দেখা যাইতেছে যে, তন্মধ্য দিয়া আর তরল পদার্থ প্রত্যাগত করাইতে পারা যায় না। এবিধি অবস্থায় ক্যান্কিউলসের অভ্যন্তরে প্রোব নামক শলাকা প্রবেশিত করিতেও পারা যায় না; স্কৃতরাং এইরূপ স্থলে প্রকৃতরূপে রোগ নির্ণয় করা কষ্টকর নহে; এবং চিকিৎসা প্রণালীও অত্যন্ত সহজ। যে উপায়ে হউক না কেন, চক্ষু এবং নাসারদ্ধের সংযোগ পুনঃ স্থাপিত করাই উহার চিকিৎসা।

চিকিৎসা।—পংটার আজনাভাবেও, পুটপ্রান্তের নাদাপার্শ্বহ দীমা ভাগে একটা ক্ষুদ্র চিত্র অথবা নিম্ন স্থান বর্ত্তমান থাকিয়া, পংটার প্রকৃত অবস্থান নির্দ্দেশ করে; এবং ইহা দ্বারা এরূপ দিদ্ধান্ত করিতে পারা যায় না বেন, পংটা অবরুদ্ধ থাকিলে অঞ্চপ্রণালী রুদ্ধ থাকিবে। এতরিমিন্ত কোন কোন স্থলে কেবল ক্যানালিকিউলদে অঞ্চপ্রবেশনাবরোধক মেস্থেণ চিরিয়া দিয়া, ও যতদিন পর্যান্ত সেই বিদারিত স্থান শুক্ষ না হয়, ততদিন পর্যান্ত প্রতাহ উক্ত পথের অভ্যন্তরে পোব্ শলাকা প্রবেশিত করিয়া, উহাকে উন্মৃত্ত য়াথিলেই যথেষ্ট হয়। অতঃপর এই স্থান পুনঃ সংযুক্ত হইবার এবং ক্যানা-লিকিউল্নে অশ্রু গমন করিবার প্রণালী পুনরুদ্ধ হইবার অল্প সন্তাবনা থাকে।

যে অকিপুটের পংটমে শক্ত প্রবেশ করিতে হইবে, সেই অক্সিপুট (উর্ধ-কিম্বা অধঃ) উণ্টাইয়া, বিলক্ষণ রূপে পংটম্কে অনার্ত করিয়া একথানি তীক্ষাগ্র শক্ত ক্যানালিকিউলসের অভিমুখে অবরোধ ভেদ করতঃ প্রবেশিত করিতে হয়। একণে যদি একটা প্রমাণ ল্যাক্রিম্যাল্ প্রোব্ ক্যানালিকিউলসের অভ্যন্তর দিয়া ল্যাক্রিম্যাল্ স্যাকে প্রবিষ্ট করিতে পারা যায় এরূপ হয়, তবে বিভাজিত প্রান্ত সংযুক্ত হইতে পারিবে না বলিয়া, চারি কিম্বা পাঁচ দিবদ পর্যান্ত প্রতাহ উক্ত বিদারণ মধ্যে প্রোব্ সঞ্চালন করা ভিন্ন অন্য কোন চিকিৎসার প্রয়োজন হয় না।

পংটনের অবস্থান নির্দেশ করিতে না পারিলে, ক্যানালিকিউলসকে আড় তাবে কর্ত্তন করিয়া, একটা গহ্বরিত ল্যাক্রিম্যাল্ ডাইরেক্টর উক্ত প্রণালীর মধ্য দিয়া ল্যাক্রিম্যাল্ স্থাকে বা অক্রথলিতে সঞ্চালিত করতঃ, ক্যানালিকিউলসের সমুদর দৈর্ঘ্য চিরিয়া দিলে, অক্র উন্মধ্য দিয়া অনারাসেই স্থগমরূপে থলিতে গমন করিতেইপারে।

যাহাহউক ইহাতে এরূপ সিদ্ধান্ত হইতেছে না যে, পংটা অথবা উহাদের ছিদ্র সম্পূর্ণ রুদ্ধ থাকে। উহারা এই ছুই চরমসীমার মধ্যে এরূপ সঙ্কৃতিত থাকিতে পারে যে, তন্মধ্য দিয়া উপযুক্ত পরিমাণে অক্র প্রবাহিত হইতে ন পারায়, নাদাপাঙ্গদিকে অক্র সতত সঞ্চিত থাকে। এরূপ স্থলে একটি প্রোব্ পংটম্ মধ্যে সঞ্চালিত করতঃ, উক্ত যন্তের সাহায্যে পংটমের অন্তরোর্দ্ধ প্রাচীর ভেদ করিয়া, পরিশেষে সেই ভিন্ন স্থান পূর্কোলিখিত রূপে সতন্ত্র করিয়া রাখিতে হয়।

ক্যানালিকিউলসের অবরোধ (Obstruction of the Canaliculus)।——বিবিধ; পার্মেনেণ্ট্ অর্থাৎ স্থায়ী অথবা স্পাজ্মোডিক্ বা আক্ষেপিক। পংটার চিরস্থায়ী ষ্ট্রিক্চর্ বা সঙ্গোচন ঘটলে, যে২ লক্ষণ জাস্থাদিত হয়, সম্পূর্ণ অথবা আংশিক অবরোধেও সেই২ লক্ষণ অস্থাদিত হইরা থাকে; এবং অধিকাংশ স্থলে, তদ্ধপ কারণে অর্থাৎ শ্লৈপিক বিল্লীর প্রতিন প্রদাহ জন্ম উৎপর হয়। পদ্ম অথবা চূর্ণ কন্ধর প্রভৃতি বাহ্ন পদার্থ দ্বারা কথনং প্রণালী অবরুদ্ধ হইয়া থাকে।

পংটমের অভ্যন্তর দিয়া একটা প্রোব্ চালিত করিলে, ক্যানালিকিউলসে অবরোধ আছে কিনা অন্নভূত হইতে পারে। কারণ এরপ করিলে, উক্ত প্রোব্ ক্যানালিকিউলসের যে স্থানে ষ্ট্রিক্চর্ আছে তাহা অতিক্রম করিয়া অশ্রন্থাতে উপনীত হইতে পারে না।

অত্যন্ত সতর্ক হইয়া, ক্যানালিকিউলসের অভ্যন্তরে প্রোব্ দারা অন্থল সন্ধান করিতে হয়; কারণ উহা অসাবধানে সঞ্চালিত হইলে, যে স্থলে এই অবরোধ আক্ষেপ বশতঃ অথবা শৈলিক বিল্লীর রক্তাধিক্য জন্ম হয় তথায় শৈশিক বিল্লীতে আঘাত প্রদান জন্য স্থায়ী অবরোধ ঘটাইতে পারে।

অশ্রপ্রণালীর অন্তর্বহিঃ একতর দারেই আক্ষেপ জনিত ষ্ট্রিক্চর্ বা সঙ্কোচন ঘটিতে পারে; এবং কন্ষ্ট্রিক্র্ পেশীর সাময়িক আক্ষেপ অথবা শিথিলতা প্রযুক্ত চক্ষু অশ্রপূর্ণ অথবা কোন সময়ে অশ্রবিহীন হইয়া থাকে। স্থায়ী ষ্ট্রিক্চর্ বা সঙ্কোচনে প্রোব্ প্রণালী মধ্যে যজপ বাধা প্রাপ্ত হয়, এবন্ধি অবরোধে তজপ কোন প্রতিরোধ প্রাপ্ত হয় না।

চিকিৎসা।— অবরোধ দীর্ঘকাল স্থানী না হইলে, তন্মধ্যে প্রোব্
সঞ্চালন করিবার চেপ্টা করা সম্পূর্ণ অনুচিত। কারণ, অশ্রুপ্রণালীর অন্তরাবরক মিস্ত্রেণের কেবল রক্তাধিক্য হইরাও এই অবরোধ ঘটিতে পারে; এবং
এরপ হইলে য়্যাষ্ট্রিন্জেণ্ট্র বা সঙ্কোচক ঔষধ দ্বারা তাহা তিরোহিত করা যায়।
কিন্তু অর্কাচীনের ন্যায় তন্মধ্যে অযথা প্রোব্ সঞ্চালন করিলে, শ্রৈলিক বিল্ল
আহত হইরা স্থানী অবরোধ ঘটাইতে পারে। অন্তপক্ষে, যদি রোগা ক্রমাগত
ছই কিন্ধা তিন মাস পর্যান্ত অশ্রুপ্রণালীর অবরোধ লক্ষণ সকলের বিষয়
অবগত করাইতে থাকে, তবে সম্বর শস্ত্রচালনা করা অত্যন্ত আবশ্রুক। যে
কোন কারণে উৎপন্ন হউক না কেন, স্থানিক ঔষধে দীর্ঘকাল স্থানী অবরোধ
উপশ্বিত হয় না; এরূপ স্থলে যত সম্বর ক্যানালিকিউলস্ উন্মুক্ত করা যায়
তত্তই ভাল। কার্য্যকালে দেখিতে পাওয়া যায় যে ক্যানালিকিউলসের
অবরোধ থাকিলে নেজাল্ ডক্ট্ ও তদ্সঙ্কেং অবরুদ্ধ থাকে এ জন্য ডাক্তার

ম্যাক্নামারা বিবেচনা করেন যে দ্বিতীয়বার শস্ত্র প্রয়োগ পরিহারের জন্ত ক্যানালকে উন্মৃক্ত করিবার সময় ডক্টে কোন ষ্ট্রিক্চর থাকিলে তাহাও ঐ সঙ্গে বিভাজিত করা উচিত।

১। এই ষ্ট্রিক্চর্বা সফোচন সর্বাংশাবরোধক না হইলে, একটা স্থা গহারিত ডাইরেক্টর তন্মধ্য দিয়া অশ্রুথলিতে প্রবেশ করান উচিত। এই সময়ে এক জন সহকারী চিকিংসক অকিপ্টকে উণ্টাইয়া বহির্দেশাভিমুথে ধৃত করিবেন; এবং শস্ত্রচিকিংসক একগানি ছুরিকা ডাইরেক্টরের গহ্বর মধ্য দিয়া সঞ্চালন করতঃ, পংটম্ এবং ক্যানালিকিউলস্কে এক প্রান্ত হইতে অপর প্রান্ত বিলক্ষণ চিরিয়া দিবেন। অতঃপর এক সপ্তাহ কাল পর্যান্ত প্রত্যাহ একটা প্রোব্ উক্ত বিদারণের মধ্য দিয়া অশ্রুথলিতে চালিত করিলে, বিদারিত প্রান্ত সংযুক্ত হইয়া যাইতে পারে না। এইরূপ করিলে, প্রণালী চিরকালের নিমিত্ত উন্মুক্ত থাকে; এবং তন্মধ্য দিয়া অশ্রুথলিতে প্রাহিত হইতে থাকে। এই শস্ত্র প্রক্রিয়ার ডাইরেক্টরের গহ্বর যাহাতে চক্ষ্রভিমুথে থাকে অর্থাং বাহাতেমক্রিগোলকের অব্যবহিত পার্শ্বেই উক্ত বিদারণ হয়, এরূপ যত্ন করা আবশ্রুক। তাহা না হইলে, লেকস্ ল্যাক্রিম্যালিস্ হইতে অশ্রু আদিয়া অশ্রু প্রণালী দিয়া প্রবাহিত হইতে পারে না।

মিন্তার বোম্যান্ সাহেব উপর্যুক্ত শস্ত্র প্রণালী নিম্ন লিখিত রূপে বর্ণনা করেন\*—''রোগী একথানি চেয়ারে উপবিষ্ট থাকিয়া, পশ্চাৎ দণ্ডায়মান ও তদভিমুথে অবনত শস্ত্রচিকিৎসকের বক্ষঃস্থলে উর্দ্ধমুথে মন্তক নিধান করিবনে। বাম চক্ষুর অধোক্ষিপুটায় পংটম্ বিভাজিত করিতে হইলে, যে সময় অন্থি উপরিস্থ চর্মাকে সঞ্চালন করিয়া অধঃস্থ প্রণালীকে আরুষ্টও শিথিল করিতে থাকিবে সেই সময় বাম হন্তের অনামিকা অঙ্গুলী অক্ষিকোটরের অধঃধারের চর্মোপরি স্থাপন করিয়া পংটম্কে উন্টাইয়া রাখিবে। অতঃপর মথন প্রণালী শিথিলীকত হয়, তথন দক্ষিণ হস্ত দারা ১ম সংখ্যক প্রোব্ প্রণালী মধ্যে প্রবিশ্বিক করিয়া, তাহাকে বাম হস্তের অঙ্গুণ্ঠও তর্জনী উভয়াঙ্গুলী দারা ধরিয়া প্রণালী মধ্যে হাস্ত রাখিয়া দিতে হয়; এবং গওদেশে প্রোব্ হেলাইয়া অবঃদিকে পংটম্কে অধিকতর উন্টাইতে হয়। এই সময়ে আবার

<sup>\*</sup> Ophthalmic Hospital Reports, voi. i p. 15.

পূর্ব্বোক্ত অনামিকা দারা বহিদিকে অর্থাৎ মেলার্ বোন্ বা গণ্ডান্থির অভি-মুখে চর্ম্ম সঞ্চালন করতঃ, প্রণালী আকর্ষণ ও আবদ্ধ করিতে হয়। অতঃপর দক্ষিণ হস্ত দারা একখানি অতি স্ক্ষা তীক্ষাগ্র ছুরিকা ধারণ করতঃ, পংট্য হইতে ক্যারাঙ্কল্পর্য্যস্ত প্রণালীকে বিপরীত্মস্ত কন্জংটাইভার দিকে বিভাজিত করিয়া দেওয়া উচিত। পংটমের প্রান্ত বিভাজিত হইয়াছে কি না জানিবার নিমিত্ত, প্রোবকে উহার অগ্রভাগের উপর স্থাপিত রাথিয়া প্রণালী হইতে উত্তোলিত করিতে হয়; এবং যে সকল বিধান বিভাজিত করিতে হয় তাহাদের মধ্য দিয়া যাহাতে এই কর্তুন তীর্যক ভাবে সরিয়া না যায়, তদ্বিষয়ে বিশেষ যত্ন করা উচিত। কারণ তাহা হইলে, উহা প্রশস্ত হওয়ায়, ফাষ্ঠ ইণ্টেনসন্ বা প্রথম উপায়ে সংযুক্ত হইতে পারে। এই বিষয় সাধিত হইতে পারিবে না বলিয়া, বিভাজনের পর কিয়দিবদ পর্যান্ত প্রত্যহ তন্মধ্যে আড়-ভাবে প্রোব্ চালিত করিলে, সংযোগ ঘটিলেও তাহা ছিন্ন হইরা যায়। কোন কোন স্থলে, বিশেষতঃ যে স্থলে অধোক্ষিপুট অত্যন্ত ক্ষীত হয়, তথায় ক্যারাঙ্কলের স্মীপে এই ক্ষতের পশ্চাৎবর্তী ধারের কিয়দংশ ফর্সেপ্স দারা ধৃত করতঃ একথানি কাঁচি দারা কর্তুন করিয়া লইতে হয়\*। পংটা এক্ট্রোপিয়ম্ রোগে যদ্রপ উল্টাইয়া যায়, তদ্রপ উল্টাইয়া গেলে, অক্ষিগোলকের অব্যবহিত পার্ষে অভ্যন্তরাভিমুথে এই কর্ত্তন করা অত্যন্ত আবশ্যক। কারণ তাহা হইলে, তন্মধ্য দিয়া অশ্রু প্রবাহিত হওতঃ অশ্রুথলিতে আসিয়া উপস্থিত হইতে পারে। যদিও বোম্যান্ সাহেবের আদিষ্ট শস্ত্রপ্রণালী অতি সহজ তথাপি কার্য্যকালে বিশেষতঃ স্নায়্প্রকৃতি বিশিষ্ট রোগীর সমদ্ধে ইহা সহজ ব্যাপার নহে। সম্প্রতি ডাক্তার ম্যাকনামারা সাহেব ক্যানালীকিউল্সে প্রোব্ প্রবেশ করা পরিত্যাগ করিয়াছেন এবং নিয়লিখিত উপায় মনোনীত করেন। রোগী, চিকিৎসক ও যে স্থানে শস্ত্র প্রয়োগ হইবে তাহাদের অবস্থান পূর্ব্বে যেরূপ বর্ণিত হইয়াছে তদ্রুপ হইবে। কিন্তু ক্যানালিকিউলসে ডিরে-ক্টুর প্রয়োগ করিবার পরিবর্ত্তে অগ্রভাগে প্রোবের ন্যায় আকার বিশিষ্ট একটি সুশ্ম সুরিকা পংটমে প্রবেশ করতঃ ক্যানালিকিউলসে চালাইয়া দিতে হয়; শস্ত্রের অগ্রভাগ ল্যাক্রিম্যাল্খাকের অভ্যস্তর দিকস্থ প্রাচীর স্পর্শ করিলে

<sup>\*</sup> Ophthalmic Hospital Reports, vol. i. p. 103.

উক্ত ছুরিকাকে সমতল অবস্থা হইতে লম্বভাবে আনরন করিতে হয়। এই প্রক্রিয়া দারা, অক্ষিপুটকে বাছদিকে কিঞ্চিৎ টান রাথিয়া ক্যানালিকিউ-লদের সমুদর দৈর্ঘ্যতা বিভাজিত করা যায় এবং ছুরিকার ফলক উক্ত স্থান इरेट डिठारेया ना नरेया गारिकत अञासत िक्य थाहीता जिम्रथ हालारेया নেজাল্ ডক্ট্ দারা নাসারদ্ধে প্রবেশ করাইতে হয়। এই প্রক্রিয়া বর্ণনা করিতে যত সময় আবশ্যক করিয়াছে তদপেক্ষা অনেক অল্প সময়ের মধ্যে ইহা সম্পন্ন হইয়া থাকে। এই প্রক্রিয়াতে পশ্চাতে এরপ ছুরিকা প্রবেশ করিবার অস্থ-বিধা ভোগ করিতে হয় না। এই ছুরিকাকে নেজাল্ ডক্টে প্রবিষ্ট করণান্তর প্রণালীর অন্থিময় প্রাচীর পর্যান্ত যাহা কিছু প্রতিবন্ধক বিধান থাকে তাহা-দিগকে এরপ ভাবে বিভাজিত করিবে ধে, ছুরিকাকে ডক্টের ভিতর মুক্তভাবে অমুভব করিতে এবং বাধা না পাইয়া চতুর্দিকে ঘুরান এবং অধঃ বা উর্দ্ধদিকে লইতে পারা যায়। অধিকাংশ স্থলেই এই শস্ত্রপ্রক্রিয়া শীঘ্র বা বিলম্বে আবশ্রুক হইয়া থাকে এবং কোন অবস্থাতেই ইহা হানিজনক হয় না। পংটম্ এবং कार्गानिकिडेनम् डेम्क कतिवात निमिछ् धरे थिकिया समत डेनरां शी। পরবত্তী চিকিৎসার জন্ম যে পর্যান্ত না উক্ত পক্ষের আচ্ছাদক মিউকস্ মেম্বেণ আরোগ্য হয় তাবৎকাল পর্যান্ত উক্ত পথকে প্রসারিত রাখিবার নিমিত্ত প্রতি দ্বিতীয় বা তৃতীয় দিবদে একটা প্রমাণের ল্যাক্রিম্যাল্ প্রোব্ প্রবেশ করাইতে হয়। (ফিশ্চুলা ল্যাক্রিম্যালিদের চিকিৎদা দ্রষ্টব্য)।

২। মনে কর এই অবরোধ সার্কাংশিক এবং স্থায়ী, আমরা ক্যানালিকিউলসের অভ্যন্তর দিয়া স্ক্রতম ডাইরেক্টরও থলি মধ্যে নিহিত করিতে
পারি না; এরূপ স্থলে উর্দ্ধন্ত ক্যানালিকিউলসের মধ্য দিয়া অথবা টেণ্ডোপ্যাল্লিব্রেরমের পশ্চাতে লেকস্ল্যাক্রিম্যালিস্ হইতে থলিতে অপ্রু গমনের
আর একটী পথ করিয়া দিতে হয় \*। থলি এই অভিমুথে বিদ্ধ হইলে,
প্রত্যহ সেই ছিদ্র মধ্য দিয়া একটা প্রোব্ সঞ্চালিত করতঃ উক্ত স্থান উন্মুক্ত
রাথিলে নাসাপান্ধ অন্তরম্থ অপ্রুথলি মধ্যে একটা নালীবৎ পথ প্রস্তুত হয়।

বেস্থলে অধঃস্থ পংটম্ এত অবকৃদ্ধ হইয়া যায় যে, তাহার অবস্থানও
নির্দেশ করিতে পারা যায় না, তথায় মিষ্টার ট্রেট্ফিল্ড্ সাহেবের অনুমোদিত

<sup>\* &</sup>quot; Muladies des Yeux," par M. Wecker, tom. i. p. 786.

শস্ত্রপ্রণালী অবলম্বন করিলে অনেক উপকার দর্শে। এইরূপ অবস্থার তিনি উর্দ্ধ পংট্য এবং ক্যানালিকিউল্য্ বিভাজিত করিতে অনুমতি দিয়া থাকেন; এবং সেই ছিদ্র মধ্য দিয়া একটা স্থল্ল ও বক্র ডাইরেক্টর অধঃস্থ ক্যানালিকিউল্য্য্য এবং সম্ভব হইলে, অধঃস্থ পংট্য মধ্য দিয়াও সঞ্চালিত করিতে পারা যায়। এরূপ করিতে না পারিলে, অধঃস্থ ক্যানালিকিউল্সের অভ্যন্তরে নিহিত প্রোব্ অনুসরণ করিয়া, অধঃস্থ প্রণালীকে উন্মৃক্ত রাখিতে পারা যায়। উর্দ্ধি পংট্রের অবরোধ চিকিৎসাকরিতে হইলে, এই উপায় বিপরীত করিয়া লইতে হয় \*।

অশ্রে ফেন্ মন্ (Phlegmon of the Lachrymal sac)

অর্থাৎ ক্ষেটিক।— এই ক্ষেটিক অতিশ্য যন্ত্রণাদায়ক ও ইহাতে প্রায়

সচরাচর জর এবং শারীরিক বিশৃঞ্জালা ঘটে। অশ্রুথলির ক্ষেটিক প্রথমে

একটা ক্ষুদ্র কঠিন ও যন্ত্রণাদায়ক টিউমার বা গ্রন্থি সদৃশ হইরা চক্ষুর নাসাপান্ধ

কেশে আবিভূত হয়। প্রদাহ বৃদ্ধি সহকারে থলির আবরক চর্ম্ম আরাম যুক্ত
ও চিক্কণ হয়, এবং ক্ষীততা হইয়া তাহা গণ্ডদেশ ও অক্ষিপুট আক্রমণ করে।

অক্ষিপুটের এই শোফ এত অতিরিক্ত হইয়া থাকে যে, তাহাদিগকে উন্মীলিত
করা যায় না। প্রথমতঃ এই পীড়া পিউরিউলেণ্ট্ কন্জংটিভাইটিস্ রোগ

বলিয়া বোধ হয়; কিন্তু চক্ষু হইতে পূয়াস্রাবের অভাব এবং নাসাপান্ধদেশে

অত্যন্ত যন্ত্রণাদায়ক স্থানের বিদ্যমানতা দেখিয়া, এই রোগের প্রকৃতি অনাণ

রাদে নির্ণীত হইয়া পড়ে।

প্রদাহ নিবারণ না করিলে, পূ্রোৎপত্তি হয়; এবং থলির অবস্থান প্রদেশে পূরের গতি অন্তভূত হইতে পারে। বহির্দ্ধিকে এই ক্ষোটকের মুখ হয়; এবং পরিশেষে চর্ম বিদারিত হইয়া তন্মধ্য দিয়া পূ্য নিঃস্ত হইয়া পড়ে। অতঃপর প্রদাহ তিরোহিত হইয়া উক্ত অংশ পুরুত অবস্থাপন হইতে পারে; কিন্তু পীড়ার পুকোপ দমন না করিলে, প্রায় সচরাচর এই রোগ অপ্রানালী অর্থাৎ নেত্রনালী রোগে পরিণত হইয়া পড়ে। হয়ত এই নালীও কৃদ্ধ হইয়া পুনর্কার ক্ষোটক উথিত হইয়া থলি ও নাদাপ্রণালীর অন্তরাবরক

<sup>\*</sup> Ophthalmic Hospital Reports, 1860, p. 4.

শ্লৈত্মিক বিল্লী আংশিক অথবা সম্পূর্ণ বিনষ্ট হয়, ও নাদিকায় অঞ্চ গমনের পথ চিরকালের নিমিত রুদ্ধ হইয়া পড়ে।

কথনং অপ্রথলিতে ক্ষোটক হইলে, তৎপরে ল্যা ক্রিম্যাল্অস্থিতে কেরিজ্
অথবা নিক্রোসিন্ রোগ ঐ ক্ষোটকের পরবর্তী ঘটনা স্বরূপে অভ্যুদিত হইরা
থাকে। স্কুল্লা এবং উপদংশ রোগাক্রান্ত ব্যক্তি এবম্বিধ ক্ষোটক।ক্রান্ত হইলে,
উল্লিখিত লক্ষণ সকল সচরাচর প্রকাশিত হইরা থাকে। অপ্রাথলিতে ক্ষোটক
হইলে, মুখনওলে সচরাচর ইরিসিফেলেটন্ প্রদাহও উপস্থিত হইতে পারে;
এই প্রদাহ মূর্দ্ধাচর্ম্ম পর্যান্তও বিস্তৃত হইবার বিলক্ষণ সম্ভাবনা।

চিকিৎসা।——এই রোগের প্রথমাবস্থার প্রদাহিত থলির উপরি-ভাগে উগ্র নাইট্রেট অব্ দিল্ভার সলিউশন্ লেপন এবং শীতল জলের পটি সতত সংলগ্ন করা বিধের। এবম্বিধ রোগে, বিশেষতঃ দাতব্য চিকিৎসালয়স্থ রোগীতে ডাক্রার ম্যাক্নামারা সাহেব কদাপি জলোকা ব্যবহার করেন না; কারণ জলোকা ব্যবহারে অপকার ভিন্ন কোন উপকার দর্শে না।

প্রকৃত রূপে পূরোৎপত্তি হইলে, ক্ষোটকের উপর পোল্টিম্ সংলগ্ন করিয়া ছই ঘণ্টা অন্তর তাহা পরিবর্ত্তন করিতে হয়। যদি উষ্ণ জলের সেক প্রদানে ক্ষোটকের এমত কোন উপশম বোধ হয় না যে, অশ্রুথলির উপরিভাগে পীড়ন করিলে, স্বাভাবিক পথ দিয়া ক্ষোটকের অন্তর্ম্বর্ত্তী পূয় পদার্থ নিংস্ত্ত হইয়া যায়, তবে একটা ক্ষুদ্র প্রোব্ পয়েণ্টেড্ ছুরিকা পংটমের মধ্য দিয়া থলিমধ্যে প্রবেশিত করা উচিত।

এইরপেও যদি ক্ষোটক বিদারিত না হয়, তবে ক্ষীত অক্সিপুট্নয়কে মতদূর পারা যায় ততদূর বিমুক্ত করিয়া, ছানি উত্তোলন করণোপযোগী ছুরিকার (ক্যাটার্যাক্ট্ নাইফ্) প্রশস্ত পার্যভাগ অক্ষিগোলকের অভিমুখে অন্ত রাখিয়া, তাহাকে পুট্নয়ের মিলন ও ক্যারঙ্কলের মধ্যবর্তী নিম্ন স্থল দিয়া অশ্রুথলিতে প্রবিষ্ট করিতে হয়। ইহাতে সহসা, বিশেষতঃ থলি তরল দ্রব্য পূর্ণ থাকিলে, শস্ত্র অনায়াসেই থলিমধ্যে প্রবিষ্ট হইতে পারে। এইরূপে ক্ষোটক বিদারিত হইলে, বাহ্ দিক হইতে উহাকে বিদারিত করিবার রেশ ভোগ করিতে হয় না। ছই এক স্থলে উক্ত অংশ এত ক্ষীত হয় যে, উল্লিখিত উপায়ন্বয়ের কোন একটি দ্বারা ক্ষোটক বিদারিত করিতে

পারা যায় না; তথায় ক্ষোটকের উন্নত উপরিভাগে একেবারে শশ্ব নিমজ্জিত করা বিধেয়; তৎপরে পূয় নিঃস্থত করিয়া যতদিন পর্যান্ত না পূয় পুনরুৎ-পন্ন হইতে স্থগিত হয়, তনদিন পর্যান্ত উক্ত স্থানে আর্দ্র বস্ত্র সংলগ্ন করিয়া রাখিতে হয়।

বাহাহউক আমরা যতই যত্ন করি না কেন, সচরাচর থলি হইতে চর্মের উপরি ভাগ পর্য্যন্ত একটি নালীপথ উৎপন্ন হইয়া পড়ে। এই নালীপথ মধ্য দিয়া অনবরতঃ অশ্রু নির্গত হইতে থাকে; এবং সেই পথের চতুপার্ম্বস্থ চর্ম্ম স্থল হয় ও তাহার ছাল উঠিয়া যায়; ও আচ্ছাদক চর্ম্ম সঙ্কুচিত হইয়া পড়িলে, এক্ট্রোপিয়ম্ রোগ উৎপন্ন হইয়া রোগীকে যথেষ্ট ক্লেশ প্রদান করিতে পারে।

কিশ্ব লা ল্যাক্রিম্যালি ন্ (Fistula Lachrymalis) বা নেত্রনালী। উপর্যুক্ত অশ্রুথলীর নালীপথ সচরাচর থলির অবরোধ ও ক্যেটকের পর প্রকাশিত হইয়া থাকে। অপায় কিম্বা অন্য কোন কারণে চর্ম্ম হইতে থলী পর্যান্ত সংযোগ পথ ঘটিলেও উহা প্রকাশিত হইতে পারে। এই পথ আবিভূত হইলে, নাসাপ্রণালী অবরুদ্ধ হইয়া থাকে, এবং অশ্রুপটোর মধ্য দিয়া আদিয়া নাসিকা মধ্যে প্রবেশ না করিয়া, উক্ত নালীপথ দিয়া বহির্গত হইয়া যায়।

চিকিৎসা।—প্রথমে নেজাল্ ডক্ট্ বা নাসাপ্রণালী প্রসারিত করিয়া, নাসারন্ধে অশ্রুণ গমনের পথ উন্মুক্ত করা সম্ভব হইলে, তাহাই চিকিৎসার প্রধানউদ্দেশ্য। পূর্ব্বে একটা ষ্টাইল্ (Style)\*নালীপথের মধ্যদিয়া নাসাপ্রণালী মধ্যে প্রবেশানস্তর তাহাকে তৎস্থানে স্থায়ী রাখিয়া এই বিষয় সংসাধিত হইল। উহাতে কিছুদিন পরেই পথ প্রসারিত হইয়া নালী পূর্ণ ও আরোগ্য হইয়া যায়। কিন্তু এই উপায়ে ষ্টাইল্কে উক্ত স্থানে অবস্থিত রাথাই কষ্টকর এবং যদিও এই অভিপ্রায় সংসাধনের নিমিত্ত নানাবিধ বৃদ্ধিকোশল উদ্ধাবিত হইয়াছে, কিন্তু তত্তাবতে কোন প্রকারফল দর্শে নাই। প্রশ্বণে ষ্টাইল্ ব্যবহারও পরিত্যক্ত হইয়াছে। শস্ত্রবিদ্যাবিৎ চিকিৎসকেরা ষ্টাইলের পরিবর্ত্তে পূর্ব্বোক্ত প্রকারে পংটম ও ক্যানালিকিউলস্ বিভাজিত করিয়া, একটা প্রোব্


<sup>\*</sup> এক খণ্ড রৌপ্য নির্মিত তারকে প্রীইল্ কহে। ইহা এক দ্বাদশাংশ ইঞ্চ পরিমিত স্থুল ও সার্টের্ন ইঞ্চ দীর্ঘ ইইয়া থাকে। ইহার একটা নেক বা এীবা অর্থাৎ স্থুলাংশ থাকে যাহা যদ্ভের মূল দেহের সহিত স্থুলকোণে বক্র ভাবে সংলগ্ন ও তাবার সভে হেড্ বা সভাৰ থাকে।

জপ্রথলি দিয়া নাদাপ্রণালী নধ্যে প্রবিষ্ট করতঃ, নাদারফু পর্যান্ত প্রবেশিত করিয়া থাকেন।

যদি শস্ত্রবিদ্যাবিং চিকিৎদক এই স্থানের শারীর সম্বন্ধ বিশেষরূপে অবগত থাকেন, তবে থলিমধ্য দিয়া নাদাপ্রণালীতে একটা প্রোব্ বা শলাকা প্রবেশ করিতে তাঁহার কোন প্রকার কট্ট বোধ হয় না। পুটকে উন্টাইয়া ধরা উচিত এবং পূর্ব্ব বর্ণিত যজপ ষ্ট্রিক্চর্ রোগ উপশমনার্থ শস্ত্র প্রক্রিয়াতে টান করিতে হয় তজপ প্রণালীকে টান করিলে, মিউকস্ মেষ্থেণের একটা ভাঁজ প্রোবের অগ্রভাগে বলপূর্ব্বক আবদ্ধ হইলে যে বিপদ হইবার সম্ভাবনা তাহা পরিত্যাগ করিতে পারা যায়। এরূপ আবদ্ধ হইলে নেজাল্ স্যাক্ মধ্যে যন্ত্র প্রবিষ্ট হইতে বাধা প্রাপ্ত হয়। তৎপরে প্রোব্বকে উন্মুক্ত ক্যানালিকিউলানের মধ্য দিয়া থলীর অভ্যন্তরম্ব অম্থ্রিটীর পর্যান্ত সমতলভাবে প্রবেশিত করিতে হয়; এবং পরিশেষে উহাকে শীর্ষকভাবে ধরিয়া অর্থাৎ ১৯ শ, প্রেতিক্তির ন্যায়, আন্তেই থলিমধ্য দিয়া প্রবিষ্ট করিয়া, উহার অগ্রভাগকে করিয়া নামিকা মধ্যে উপনীত হয়।

যে স্থলে প্রণালী সকল প্রস্পার সিলিত হইয়া থলিতে প্রবিষ্ট হয়, যদি সেই স্থানে প্রোব্ চালিত হইতে ১৯ শ, প্রতিকৃতি।

যদি সেই স্থানে প্রোব্ চালিত হইতে বাধা প্রাপ্ত হয়, তাহা হইলে প্রোব্ স্থালনে টেণ্ডো-অকিউলির নিকটবর্ত্তী চর্ম্ম সচল হয়, ও তথা হইতে এক প্রকার স্থিতিস্থাপক অবরোধ অন্তভ্ত হয়। কিন্ত প্রোব্ থলি মধ্যে প্রবেশিত হইলে, উহা অভ্যন্তর দিকস্থ অস্থিপ্রাচীর স্পর্শ করে; এবং পূর্ব্বোক্ত চর্ম্ম স্থানহীন হইয়া থাকে। ও এই রূপ অবরোধে প্রোব্ থলি মধ্যে



<sup>\*</sup> Mr. Bowman on Lachrymal Obstruction. Ophthalmic Hospital Reports,

প্রবিশিত হইতে না পারিলে, উহাকে তৎক্ষণাৎ বহিষ্কৃত করা বা অন্ত কোন অভিমুখে উহার অগ্রভাগ চালিত করিয়া উহাকে প্রণালী মধ্যে নিহিত করা বিধেয়। যদি এই স্থলে প্রোবের অগ্রভাগ নিশ্চিত বাধা প্রাপ্ত হয়, তবে উহাকে সাবধানে তন্মধ্য দিয়া বলপূর্ব্বক প্রবেশিত করা হয়, কিন্তু যদ্যপি ছুরিকার ফলক পূর্ব্বে প্রণালী মধ্যে প্রবেশ করান হইয়া থাকে তাহা হইলে এরপ প্রক্রিয়ার প্রায় আবশ্রক হয় না। নাসা প্রণালী মধ্যে প্রোব্ চালিত করিতে অত্যন্ত কন্ত বোধ হইলে, উর্দ্ধ ও অধঃ ক্যানালিকিউলস্ চিরিয়া থলীর একটী বৃহত্তর মুখ করিয়া দিতে হয়। দীর্ঘকালস্থায়ী পীড়ার থলী আকারে ক্ষুদ্র হইয়া এইরূপ প্রতিরোধ প্রদান করিয়া থাকে। অতঃপর নাসিকারদিকস্থ প্রতীয় লিগানেণ্ট বিস্তৃত ভাবে বিভাজিত করিয়া দিলে উর্দ্ধিক হইতে শলাকা অনায়াসেই থলি ও প্রণালী মধ্যে প্রবিষ্ট হইতে পারে।

অবরোধের প্রকৃতি ও বিস্তার অমুসারে প্রোবের আকার ভেদ হইনা থাকে। নাসিকার শ্লৈমিক ঝিলীতে প্রোবের অগ্রভাগ স্পৃষ্ট হইলেই রোগী ভৎক্ষণাৎ তথায় তাহা অমুভব করিতেগারে; স্থতরাং তাহা হইলেই প্রোব্ প্রকৃত স্থানে গমন করিয়াছে বলিয়া বোধ হয়। অবকৃদ্ধ স্থানের মধ্য দিয়া নাসা প্রণালীতে আন্তেং প্রোব্ প্রবিষ্ট করিতে হয়; নতুবা কেবল যে শৈম্মিক ঝিলিই আহত হয় এমত নহে, প্রোব্ নাসাপ্রণালী ও অস্থিপ্রাচীরের মধ্য দিয়া গমন করে; এবং তৎস্থানকে চিরাহত রাখে।

অশ্রুথনি কিম্বা নাসাপ্রণালী অবরুদ্ধ হইলে, এবং তৎসঙ্গেং নেত্রনালী সহাত্ববর্তী হইলে, যতদিন পর্যান্ত না নাসাপ্রণালী সম্পূর্ণ রূপে প্রসারিত হয়, ততদিন পর্যান্ত তন্মধ্যে প্রতি সপ্তাহে তুইবার করিয়া প্রোব্ প্রবেশিত করিতে হয়। অশ্রুর প্রকৃত প্রণালী মুক্ত হইলে, নালী স্বয়ং উপশ্যিত হইয়া যায়।

যাহাহউক, সচরাচর আমরা যতই কেন না চেষ্টা করি, অঞ্চপ্রণানীকে প্রকৃত অবস্থায় নীত করিতে আমাদের সমস্ত চেষ্টা বিফল হইয়া যায়; স্কৃতরাং নালী উন্মৃক্ত থাকিয়া, রোগীকে সতত সাতিশয় বিরক্তি প্রদান করিয়া থাকে। তিন প্রকার উপায়ে এই বিষয় নিবামম হইয়া য়ায়; চিকিৎসক তশাধ্যে যে কোন প্রণালী অবলম্বন করিতে পারেন। ১ মতঃ টাইল্ প্রবেশন, ২ মৃতঃ অশ্রুণলী সমূল বিনাশন, ৩ মৃতঃ অশ্রুন্থি নিফাশন।

১। টাইল্ অব্যবহার্য্য বলিরা পূর্ব্বেই উক্ত হইরাছে। কিন্তু চিকিৎসক
উহা ব্যবহার করিতে ইচ্চুক হইলে, নিম্নে ভাহার প্রণালী লিখিত হইভেছে\*। যদি নালী এরূপ অবস্থায় থাকে যে, তন্মধ্য দিয়া প্রোব্ নাসাপ্রণালীতে প্রবিষ্ট হইতে পারে না, ভবে তথায় প্রোব্ প্রবেশতি করিবার নিমিত্ত
উহাকে কিঞ্চিৎ চিরিয়া দিতে হয়। এফণে, সচরাচর যেরূপ ল্যাক্রিম্যাল্
প্রোব্ ব্যবহৃত হইয়া থাকে, তন্ধ্রপ একটী প্রোব্ লইয়া প্রণালী মধ্য দিয়া
নাসারন্ধে প্রবিষ্ট করিতে হয়; এবং তৎপরেই গ্রাইল্ লইয়া তৎসানে
প্রবিষ্ট করতঃ তুই তিন দিবস পর্যান্ত অবস্থিত রাখা উচিত। অতঃপর উহাকে
বহিদ্ধৃত ও গৌত করিয়া পুনঃ প্রবিষ্ট করিতে হয়। এইরূপে সময়ক্রমে
উক্ত প্রণালী প্রসন্ত হয়; এবং ইতিমধ্যে গ্রাইলের পার্য দিয়া তৎসঙ্গেৎ অশ্রা

সে বাহাহউক, এইরপে রোগোদশম করাও অত্যন্ত বিরক্তিকর; এবং 
ইাইল্ ব্যবহার স্থািত হইলে, উক্ত প্রণালী পুনরবক্ষ হইতেও পারে।
অপিচ এই রোগের পুনরাবির্ভাবের কথা দূরে থাকুক, উহা পরিধেয় স্থানকে
এত উত্তেজিত করে নে, উহা পরিধান করাও রোগীর অত্যন্ত কপ্তকর হইয়া
উঠে। অধিকন্ত এই প্রাইল্ আবার মধ্যেং ক্রস্ত স্থান হইতে স্থালিত হইয়া
পড়ে, এবং রোগী উহাকে স্বয়ং তৎসানে পুনঃ স্থাপিত করিতে পারে না;
স্থাতরাং এই উপায় তাদৃশ উপকারজনক নহে, বরং এতদপেক্ষা পরবর্ণিত
প্রক্রিয়াদ্বয় অনেকাংশে উত্তম।

২। টুরিন্ নগরীয় ম্যান্ফ্রিডি সাহেব † এই রূপ নালী হইলে, অশ্র-থলিকে সম্ল কর্তুন করিতে উপদেশ প্রদান করিয়া থাকেন।

অশ্রুথলিকে সম্পূর্ণ অনাবৃতরূপে চিরিয়া দেওয়া আবশ্যক; এবং প্রয়োজন বোধ হইলে, থলির উর্দ্ধ সীমা অনাবৃত করিবার নিমিত্ত অর্বিকিউলেরিজের টেওন্ দ্বিগণ্ডিত করিতে হয়। তৎপরে ম্যান্ফ্রিডি সাহেব এই কত

<sup>\* &</sup>quot;Maladies des yeux," par L. A. Desmarres, tom. i. p. 369. † Ophthalmic Review, vol. ii. p. 418.

স্থানের মধ্যে একটা স্পেকিউলম্ প্রবেশিত করিতে বলেন; এবং সম্পের থলি মধ্য হইতে সমুদ্র রক্ত ও ক্লেদ পরিষ্কৃত করিয়া ফেলিতে হয়। তৎপরে উক্ত স্থানে ক্লোরাইড্ অব্ য়ৢয়ান্টিমনী লেপিত করা বিধেয়। একণে একথও ওক্ষ লিণ্ট এই গহরর মধ্যে সনিবেশিত করিয়া, তছপরি পোল্টিম্ সংলগ্ম করিতে হয়। এইরপ করিবার তাৎপর্য্য এই য়ে, ইহাতে থলি বিনপ্ত ও বিচ্যুত হইয়া য়ায়; এবং তাহা না হইলে, এই রোগ, নির্দোষে ও চিরকালের নিমিত্ত নিরাময় হয় না। অশ্রুথলি এই রূপে বিগলিত হইলেও কথন২ একটা থাত অশ্রুপালীকে নাসাপ্রণালীর সহিত সংযুক্ত করিয়া রাখে।

ম্যান্চেষ্টার নগরীয় মিষ্টার উইগুসোর সাহেবের মতে অশ্রুথলিকে উল্লি-থিত রূপে অনাবৃত করতঃ, তমধ্যে একখণ্ড শুদ্ধ লিণ্ট্ তুই দিবস পর্যান্ত সন্নিবিষ্ট রাথা অপেক্ষাকৃত শ্রেয়ঃ উপায়। তৎপরে উহাকে অপনীত ও থলির প্রাচীরচয়কে উত্তমরূপে পরিষ্কৃত করিয়া তদগর্ভ মধ্যে ক্লোরাইড্ অব্ জিন্ক পেষ্ট্ সমার্দ্র লিণ্ট্ অনবরতঃ তুই দিবস কাল পর্যান্ত অবস্থিত রাখিতে হয়। পরিশেষে লিণ্টকে বহিষ্কৃত করিয়া, তথায় আর্দ্রবন্ত সংলগ্ন করাই সদ্বাবস্থা। কিছু দিনের মধ্যেই থলি বিগলিত হইয়া যায়, এবং ক্ষত স্ত্র পূর্ণ হইয়া আরোগ্য লাভ করে।

৩। পরিশেষে, অশ্রুগলির নালী উপশ্যার্থে অশ্রুগ্রি নিদ্ধাশিত করিয়া, মিষ্টার জে. জেড্ লরেন্স্ সাহেব সম্পূর্ণ ক্লতকার্য্য হইরাছেন।\*(১০৫পৃষ্ঠা দেখ)

তা ক্রান্তন পুরাতন প্রদাহ (Chronic Inflamation of the Lachrymal sac)।—— অশ্ব্যালির পুরাতন প্রদাহ সচরাচর ঘটিয়া থাকে। সচরাচর অন্তরাবরক ঝিল্লীতে (Lining membrane) নাতি প্রবল প্রদাহ উপস্থিত হইয়া উহা আবিভূতি হয়। কিন্তু তজ্জনিত উত্তেজনা ক্যানালিকিউলস্ এবং নাসাপ্রণালী পর্যান্ত বিসর্পিত হইয়া, তাহাদিগকে ফ্লীত ও অবরুদ্ধ করে; এবং শ্লেয়া পূর্ণ হইয়া থলি কিয়ৎপরিসাণে আয়তপরিসর হইয়া পড়ে; এই সকল অবহায় থলির উপর প্রীজন করিলে, সচরাচর পংটা হইতে এক প্রকার খেতবর্ণও অগুলালবং তরলপ্রার্থ নিঃস্ত হয়। অশ্রু স্বাভাবিক প্রণালী দিয়া প্রবাহিত হইতে

<sup>\*</sup> Ophthalmic Review, vol. iii. p. 138.

পারে না; উহা চক্ষ্র নাগাপান্ধ দেশে দঞ্চিত ইইয়া, গওদেশ দিয়া প্রবাহিত হওতঃ রোগীকে দর্ম্বদা সম্পূর্ণ বিরক্ত করে। থলির প্রদেশে কোন প্রকার যন্ত্রনা অমুভূত হয় না, তবে উক্ত স্থান মধ্যে২ কণ্ড্রিত ইইয়া, কিঞ্চিৎ ক্লেশ প্রদান করিয়া থাকে।

এইরূপ পুরাতন প্রদাহ বৃদ্ধি বা হ্রাস না হইরা, কতিপয় মাস পর্যান্ত সমতাবে স্থায়ী থাকিতে পারে। কিন্তু কোন সময়ে ইহাতে আবার প্রবল প্রদাহ সমুপস্থিত হইরা একটা কোটক কিম্বা নালী উৎপাদিত হয়। অতএব যত শীঘ্র পীড়া উপশ্যিত হইয়া যায়, তদ্বিয়ে যত্নবান হওরা অতীব প্রয়োজনীয়।

চিকিৎসা।——যত শীঘ্র পারা যায় পংটম্ এবং ক্যানালিকিউলস্
চিরিয়া দিয়া, থলিকে উন্মুক্ত করা এবং নেজাল্ ডক্ট মধ্যে ছুরিকা চালিত করা
পরামর্শ সিদ্ধ। পরে যত দিন পর্যান্ত এই ক্ষত শুদ্ধ হইয়া না যায়, ততদিন পর্যান্ত
থলিকে চিরোল্ক রাথিবার নিমিন্ত, উক্ত বিভাজিত স্থানের প্রান্তদ্বর পরস্পার
অন্তরিত রাথা উচিত। এবং নাসারদ্রের সহিত সংযোগ রাথিবার জন্য প্রোব্
প্রেশে করানও আবশুক হয়। তৎপরে থলিকে অক্রশ্ম্য করিবার নিমিন্ত
প্রত্যহ তিন কিম্বা চারিবার করিয়া, রোগী স্বীয় অঙ্গুলি দারা নাসাপাঙ্গ দেশে
পীজন করিবেন। এইরূপ হইলে, থলি ক্রমশঃ সঙ্কু চিত হইয়া আইদে; এবং
ক্রৈমিকি ক্রিরীতে স্বান্ত্যপ্রদ কার্য্যাদি আবির্ভূ ত হইয়া পীজ়া উপশ্যাত হয়। অঙ্গুলি
দারা পীজন করিবার পরে, যদি ছই প্রেণ্ য়্যালম্ ও ছই গ্রেণ্ সল্ফেট্ অব্
জিংক্ এক আউন্স্ জলে মিপ্রিত করিয়া, উক্ত থলিতে পিচ্কারী দেওয়া
যায়, তবে পীজ়া আবো শীঘ্র আবোগ্য হইতে পারে। এই কার্য্যে এনেল্
সাহেবের পিচ্কারী (Anel's syringe) ব্যবহার করা উচিত। প্রাদাহিক
সম্দয় লক্ষণ অপনীত হইলেও অধিক দিন পর্যান্ত এইরূপ ওর্যধ ব্যবহার করা
স্পর্বতোভাবে উচিত।

মিউকো সিল্ ( Mucocele )।—— এই রোগে অশ্রুথলিতে উহার বাভাবিক প্রাবিত শ্লেমা সঞ্চিত হয়, নাসাপ্রণালী প্রায় সর্বাদা রুদ্ধ থাকে,এবং অনেকানেক স্থলে ক্যানালিকিউলা বা অশ্রুপ্রণালীসমূহ অল্ল বা অধিক পরিনাণে অবরুদ্ধ থাকে। ইহাতে চক্ষ্ অশ্রুপূর্ণ হইয়া পড়ে, এবং থলি আয়াময়ুক্ত হওয়ায়, নাসাপাক দেশে একটী ক্ষুদ্র টিউমার্ উদিত হইয়া থাকে। শিশ্বীবীজ

হইতে কপোত ডিম্বের ন্যায়, এই টিউমারের আকার নানাবিধ হইয়া থাকে। রোগী উক্ত অংশে প্রায়ই যাতনাভোগ করে না, এবং থালর চর্লাও প্রদাহিত হয় না। রোগের প্রথমাবস্থায় থালমধ্যে গতি অনুভূত হইতে পারে; কিন্ত থাল যতই পূর্ণ ও আয়ামযুক্ত হইতে থাকে, ততই কঠিনতর বালয়া অয়ভূত হয়। এই সময়ে উহাকে দৌত্রিক উৎপত্তি (Fibrous growth) বালয়া ভ্রম হইতে পারে। ক্যানালিকিউলস্ এবং নানাপ্রণালী অয় বা অধিক পরিমাণে রুদ্ধ থাকায়, পংটা দিয়া মিউকোসিলের অন্তর্ম্বর্তী সমুদ্র অগুলালবং পদার্থ নিঃস্থত করিবার নিমিত্ত, মিউকোসিলের উপর বিলক্ষণ প্রীড়ন করিতে হয়।

চিকিৎসা।—ক্যানালিকিউলসের অভ্যন্তর দিয়া থলিকে উত্তম রূপে উন্তুক্ত করতঃ, পূর্ব্ব বর্ণিত মতে নাদাপ্রণালীর অন্তর্ব্বর্তী অবরোধকে প্রদারিত করিতে হয়। আর ইহাও স্বরণ রাখা উচিত য়ে, মিউকোদিল্ হইলে অনেকানেক স্থলে থলির উর্দ্ধ ও অধঃ উভয় মুথই রুদ্ধ হইয়া আসে; স্থতরাং এই সকল অবরোধ অপনীত হইলে, আমরা নাদা মধ্যে অক্র গমনাগমনের প্রণালী পুনঃস্থাপিত করিবার ও পীড়া সম্পূর্ণ উপশ্যিত হইবার প্রত্যাশা করিতে পারি।

থলির পলিপাই এবং কন ক্রিসন্স (Polypi and Concretions in the Sac)।—থলীর অন্তরাবরক ঝিলী হইতে একটা পলিপন্ উৎপন্ন হইতে পারে, এরপও জানা গিয়াছে। চূর্ণ কল্পর সংহতিও (Calcareous concretions) তথার সমুভূত হইরা নালিকাতে অল্রু গমনের বাধা প্রদান করিতে পারে। যাহাহউক এই অবস্থানে পলিপন্ আবিভূতি হওয়া অতি বিরল। উহার লক্ষণ সকল মিউকোসিলের লক্ষণ সকলের ন্থায়; স্পর্শ করিলে উহা অপেকার্কত অল্ল স্থিতিস্থাপক বোধ হয়; স্থতরাং প্রের গতি অনুভূত হয় না। এই বিষয়ে কোন রূপ সন্দেহ উপস্থিত হইলে, উক্ত অর্ক্ দ্বাধ্যে একটা নিজ্ল্ বিদ্ধা করিলে, উহার প্রকৃতি নিশ্চিত রূপে অবগত হওয়া বাইতে পারে।

এই অবরোধ চুর্ণ-কন্ধর-পদার্থ-জনিত হইলে, থলি মধ্যে একটী থাত বিশিষ্ট প্রোব্ প্রবেশিত করিয়া তাহার প্রকৃতি জনায়াসেই নির্ণয় করা যাইতে পারে। উক্ত স্থানে অথবা ক্যানালিকিউলস্মধ্যে সঞ্চিত চুর্ণ কন্ধর পদার্থ প্রোব্ স্পর্শে অন্য কোন রুগাবস্থা বলিয়া কথনই ভ্রম হইতে পারে না।

এইরপ স্থলে থলি এবং ক্যানালিকিউলস্ বিভাজিত করিয়া, তন্মধ্য হৈতে চূর্ণ কল্পর পদার্থ অপনয়ন করা উচিত। পলিপস্ চিকিৎসা করিতে হইলেও এইরূপ প্রক্রিয়া করিতে হয়। কিন্তু ঈদৃশ স্থলে থলির আবরক ঝিলীকে দিখণ্ডিত করিয়া, যত্নপূর্মক তন্মধ্য হইতে উক্ত পলিপস্কে বৃস্ত সহিত নিদ্ধাশিত করা আবশ্যক। তাহা না করিলে, উহা নিশ্চয়ই পুনরাবিভূতি হইয়া থাকে।

নাদাপ্রণালীর ভাববোধ (Obstruction of the Nasal Duct)।
নাদপ্রণালী কথনং আংশিক বা দম্পূর্ণ অবরুদ্ধ হইয়া থাকে। দচরাচর অন্তরাবরক বিজীব প্রাতন প্রদাহ ও স্থলতা প্রযুক্তই এই অবরোধ ঘটিয়া থাকে।
কিন্ত পেরিয়ষ্টাইটিদ্ রোগ হইলে অথবা যে দকল অন্তিদারা অপ্রপ্রণালীর
প্রাচীর নির্দ্মিত, তাহাতে রোগ হইলেও উহা ঘটিতে পারে।

लक्ष्म ।——প্রণালীর অবরোধে সেই পার্শন্থ নাসারদ্ধের নীরসতা, অঞ্চেথলির অবস্থান স্থলে যন্ত্রনা বিহীন স্থিতিস্থাপক স্বল্প স্ফাতি, এবং চক্ষ্ হইতে নিরন্তর অঞ্চবিগলনই এই রোগের লক্ষণ। থলি যে প্রদেশ ব্যাপ্ত হইরা অবস্থান করে, তত্থারি পীজন করিলে, উক্ত অবরোধ নাসাপ্রণালী কিম্বা পংটা ও থলি এতত্ত্রের মধ্যস্থলে ঘটিয়াছে তাহা নির্ণয় করিতে পারা বায়। যদি পংটা ও থলির মধ্যবর্তী স্থল অবক্ষম হয়, তবে পংটা হইতে কোন দ্বৈশ্বিক-ক্রেদ-পদার্থ অর্থাৎ মিউকো-পিউরিউ-লেণ্ট্ ফুইড্ উদ্গীর্ণ হয় না। কিন্তু নাসাপ্রণালী অবক্ষম হইলে, উল্লিখিত সমুদ্র লক্ষণ নত্বেও থলি মধ্যে অঞ্চ প্রবেশ করিতে থাকে; এবং তত্থারি পীজন করিলে, পংটা হইতে এক বিন্দ্ জল বহির্গত হইয়া পজে। আংশিক স্ট্রিক্চর্ বা সঙ্কোচন স্থলে, উক্ত অঞ্চর কিয়দংশ নাসিকা মধ্যে প্রবেশ করিতে পারে।

চিকিৎ সা। — নাসাপ্রণালীর ষ্ট্রিক্চরের বা সঙ্কোচনের চিকিৎসা ইতিপূর্ব্বে বর্ণিত হইরাছে। এই চিকিৎসায় ক্যানালিকিউলস্কে বিভাজিত করিয়া, অশ্রুণলিও অবরুদ্ধ প্রণালীর মধ্য দিয়া নানাবিধ আকারের প্রোব্ প্রবেশিত করত, ক্রমশঃ উক্ত প্রণালীকে প্রসারিত করিতে হয়। প্রতি সপ্তাহে এক বা ছইবার প্রোব্ প্রবেশিত করা উচিত; এবং প্রণালী প্রসারিত হইতে যে কাল ব্যয় হয়, তাহাতে রোগীও চিকিৎসক উভয়েরই ধৈর্য্য অবলম্বন করা উচিত।

অস্থি হইতে অবরোধ ঘটিলে, প্রোব্ প্রবেশনে রোগাপশমিত হয় না।
মিউকস্ মেস্থেণের স্থলতা হইতে যত সংখ্যক অবরোধ ঘটে তাহার সহিত্ত
তুলনা করিলে ইহার সংখ্যা অতি বিরল। এস্থলে অশ্রুথলি বিনাশিত করা,
এবং কোনং স্থলে অশ্রুগ্রন্থিকে নিক্ষাশিত করা আবশ্যক হইয়া থাকে। ডাক্তার
ম্যাক্নামারা এ প্রকার রোগের জন্য এরপ শস্ত্রক্রিয়া কথন করেন নাই।

নাসাপাঞ্চ প্রদাহ (Inflammation of the Internal Angle of the eye)।——এই স্থানে ক্ষোটক উৎপন্ন হইলে, উহা অশ্রুথলিকেও পীড়িত করিয়াছে বলিয়া ভ্রম হইতে পারে পারে \*। কারণ আমরা দেখিতে পাই যে, এই অবস্থানে ক্ষোটক উৎপন্ন ও বিদীর্ণ হয়, অথচ অশ্রুয়রেক পীড়িত করে না। এইরূপ স্থল সকলে অশ্রুথলিতে পীড়ার কোন প্রকার পূর্ব্বাক্ষণ প্রকাশমান না হইয়া ক্ষোটকের উদয় দেখিতে পাওয়া যায়। সহসা প্রদাহ উপস্থিত হয়, এবং তৎসঙ্গেং সচরাচর বিশেষতঃ তৎসময়ে রোগী শারীরিক ছর্ব্বল থাকিলে ইরিসিপিলাস্ নামক প্রদাহ আবিভূতি হইয়া থাকে। অক্ষিপুট সমধিক ক্ষীত হইয়া উঠে; এবং অশ্রুথলির উপরিস্থিত ক্ষোণকৈর পীড়নে অশ্রু নিঃসরণাবস্থাও প্রকাশমান থাকিতে পারে। কতিপয় দিবস অতীত হইলে, প্রেয়াৎপত্তি হইয়া ক্ষেটকের মুখ উদিত হয়; এবং তাহা হইতে কিঞ্চিৎ পূয় নির্গত হইয়া পাড়লে, অত্যন্ন দিবসের মধ্যেই পীড়ার সম্দয় চিয়্নই অপনীত হইয়া যায়।

চিকিৎসা।——েরোগের প্রথমাবস্থায় থলির উপরিস্থ চর্মো উগ্র নাই-টেট্ অব্ সিল্ভার সলিউশন্ চিত্রিত করিয়া দিতে হয়। তৎপরে, যদি পূয়োৎপত্তি হইয়া পড়ে তবে ক্ষোটক বিদীর্ণ করিয়া যতদিন পর্যান্ত না পূয়োৎ-পত্তি স্থগিত হয়, ততদিন পর্যান্ত উহাতে পোল্টিস্ সংলগ্ন করা বিধেয়। ক্ষত শুক্ত হইয়া অত্যল্প দিনের মধ্যেই উক্ত অংশ প্রকৃত অবস্থাম পরিণত হয়।

<sup>\*</sup> Lawrence "on Diseases of the eye" p. 807.

জাক্র স্থাপিত। (Difficient Secretion of Tears) !—পূর্ন্ধে ১০২ পৃষ্ঠার, অঞ্চান্থির যে যে ব্যাবি হয় তাহাদের নামোল্লেথ করা গিয়াছে, কিন্তু অঞ্চান্থি কথন২ কোন প্রকার কারণ ব্যতীতও অঞ্চ নিঃসরণে স্থানত হয়, এরপ সচরাচর দেখা গিয়া থাকে। কিছুকাল বিগত হইল, ডাক্রার ম্যাক্নামারা সাহেব এইরূপ একটা স্ত্রীলোককে চিকিৎসা করিয়াছিলেন। এই স্ত্রীলোকের চক্ষু হইতে কথন এক মূহুর্ভের নিমিত্তেও অঞ্চ বিগলিত হয় নাই। অঞ্চান্থি ইইতে অঞ্চ নিঃস্ত না হওয়ায়, সে কেন্দন করিতে সম্পূর্ণ অপারগ ছিল। কিন্তু একম্বিধ কোনহ স্থলে, যেরূপ চক্ষুর নীরসভা ও অন্থান্থ অস্ত্রিধা ঘটতে দেখা গিয়া থাকে, এই রোগী তদ্রপ কোন অস্থ্রিধা কিঞ্চিমাত্র ভোগ করে নাই। এরূপ স্থলে অঞ্চান্তিকে পুনর্ন্ধার স্বকার্য্যে রত করিতে পারা যায় না; কিন্তু প্রত্যাহ তিন কিম্বা চারি বার করিয়া ক্ষণিবল সলিউশন্ অব্ পোটাস্ চক্ষুতে প্রদান করিলে, চক্ষুর নীরসভা জনিত লক্ষণ সকল অনায়াসেই অপনীত হইতে পারে। যেরূপ তেজের দ্র্যা আবশ্রুক তাহা এক ঔস জলে ছই বা চারি ফোটা লাইকর পোটাসি মিশ্রিত করিলে প্রস্তুত হয়।

ইপিফোরা (Epiphora) অর্থাৎ সজলনেত্র।——চক্ষতে অশ্রন অভাব হইলে মেং অবস্থা অভ্যুদিত হয়, এবিশ্বিধ স্থলে তৎসমূদয়ের বিপরীত অবস্থা প্রকাশমান হয়। ইহাতে অশ্রু এত অপরিমিত রূপে নিঃস্ত হয় য়ে, তাহা পংটা দিয়া বহির্গত হইতে অবসর না পাইয়া, অপাঙ্গদেশে সঞ্চিত হয়; এবং পরিশেষে গওদেশ দিয়া দরদর ধারায় প্রবাহিত হইতে থাকে। অশ্রুপথ সকল কোনরূপ দ্বিত হয় না; কেবল অশ্রুপ্রিছতে অপরিমিত অঞ্জিত হইয়া থাকে।

কর্নিয়র উপরিভাগে কোন র্বাহ্য পদার্থ পতিত হইলে, চক্ষু তৎসময়ে ক্ষণকালের নিমিত্ত সজল হইয়া থাকে। উদরে ক্ষমি অথবা দন্তোৎপত্তি জনিত শরীরের অন্যান্ত স্থানের উত্তেজনায়ও চক্ষুর এবম্বিধ ক্ষণিক সজলতা দৃষ্টিগোচর হইয়া থাকে; স্থতরাং সাধারণতঃ এই সকল উত্তেজক কারণেই মনোযোগ দেওয়া অত্যাবশ্রক; কারণ এই সকল কারণ তিরোহিত হইলে অশ্রুগতি পুন্র্বার স্বাভাবিক অবস্থার ন্যায় কার্য্য করিতে থাকে। কিন্তু

करणांनात्म ब्रिष्टीत मःन्यं कतित्न, धनः अन्यान्य शानिक छेष्य यापदात कतित्न, कान श्रकात डेशकात मर्स्स ना।

এই রোগ ক্ষণিক না হইয়া অপেক্ষাক্ত দীর্ঘকাল স্থায়ী হইলে, অঞ্চণ্ডান্থিকে নিন্ধাশিত করাই আয় সঙ্গত। কারণ এক পক্ষে সন্ধানা কণ্টের বিষয়; অপ্রান্ডিকে নিন্ধাশিত করিলে, অন্য কোন প্রকার কণ্টোৎপত্তি হয় না, কেবল শস্ত্র নিমজ্জিত করিলে যেরূপ কন্ত হইয়া থাকে তাহাই মাত্র। এই ক্ষত সপ্তাহ কিম্বা দশাহ মধ্যে আরোগ্য হইয়া যায় এবং মনোদ্বেগের (Emotional)কোন কারণ না ঘটলে, রোগী এই গ্রন্থি বিনাশের বিষয় কিঞ্চিন্মাত্রও অন্থাবন করিতে পারে না। যাহা হউক অঞ্চ সতত উৎপ্লাবিত হইয়া পতিত হওয়া অপেক্ষা, উহার অভাব হওয়া অনেকাংশে উত্তম। এইরূপ হইলে চঙ্গুও একেবারে নীর্দ ইয়া যায় না। কারণ যদিও অপ্রান্থি নিম্বাশিত হয় বটে, কিন্তু কন্জংটাইভার নিম্নস্থ গ্রন্থি হইতে রুদ নিঃস্বত হইয়া শৈল্পিক ঝিলীকে আর্দ্র রাথে; স্বতরাং অপ্রান্থি হইতে অঞ্চ আগমনের আর প্রয়োজন হয় না।

ল্যাক্রিমাল সিষ্ট স্বা ডাাক্রিয়প্স (Dacryops)!—এই সকল সিষ্ট ক্ষুত্র অর্জ্ব দের ন্যায় অলিপুটের উর্দ্ধ ও বহিঃপান্সদিকে আবিভূত হইয়া পশ্চাদ্দিকে অলিকোটরের ধারের নিয়ে অপ্রাপ্তরির অভিমুখে বিস্তৃত হয়। "যদি অক্রিপুটকে জ্রদেশোপরি আকর্ষিত করা হয়, এবং অধঃ ও নাসিকার দিকে যুগপৎ পীড়ন করা যায়, তবে এক প্রকার আয়াম যুক্ত স্থিতিস্থাপক ও গতি বিশিষ্ট ক্ষীতি অক্রিগোলক ও অক্রিপুটের অন্তর প্রদেশ মধ্যে অরুভূত হইয়া থাকে" । অর্ক্র দের আকার যতই বিদ্ধিত হইতে থাকে, অলিগোলককের চলতার ব্যাঘাত হয়; এবং এমত কি, পরিশেষে এক্রঅপ্থ্যাল্মস্ বা বহিঃক্ষেপণও ঘটিতে পারে। রোগী ক্রন্দন করিলে এই টিউমার্ সহসা ক্ষীত হয়; ইহা এই রোগের বিশেষ লক্ষণ।

হল্ক সাহেব বলেন যে অক্ষিপুটে ক্ষোটক উৎপন্ন হইলে, বা উহা আগাত প্রাপ্ত হইলে, যদি অমনোযোগ করিয়া তাহা উপশমিত করা না যায়,

<sup>\*</sup> Mr. J. W. Hulke on Dacryops Fistulosus. Oph. Hosp. Reports, vol. i, p. 285.

তবে প্রধানতঃ এক বা উভয় অশ্রুপ্রণালী অবরুদ্ধ হইয়া এই রোগের উৎপত্তি হয়। বহির্গত হইতে না পাওয়ায়, অশ্রু অবরুদ্ধ স্থানের পশ্চাতে সঞ্চিত হওতঃ প্রণালীকে প্রসারিত করিয়া রাখে।

চিকিৎসা। — অক্ষিপুটের অন্তর প্রদেশ হইতে সিই ্মধ্যে একটী পথ প্রস্তুত করিয়া দিতে পারিলে, তাহা দেওয়া সর্কতোভাবে বিধেয়। কারণ তাহা হইলে অক্র বিগলিত হইয়া অক্ষিগোলকের উপরিভাগে আদিতে পারে। যদি বাহদেশ হইতে অক্নিপুটচর্মের ভিতর দিয়া পথ প্রস্তুত হয়, তবে তাহাতে একটী বিলক্ষণ কষ্টপ্রদ নালী চিরকালের নিমিত্ত সমুদিত হইতে পারে।

জ্ঞানি বিদ্যালি (Fistulæ of the Lachrymal gland)।—
জ্ঞানি বিদ্যালি হইলে, বা উহা জ্ঞানি প্রস্থান্ত হইলে, পরিশেষে উহাতে
একটা নালা উদিত হইতে পারে। জ্ঞানি প্রান্ত পারে। উহা হইতে
প্রক্রেপে উৎপন্ন হইনা, উর্দ্ধান্ধিপুট চর্ম্মে স্থানী থাকিতে পারে। উহা হইতে
প্রচর্মোপরি পরিষ্কৃত তরল পদার্থ সতত নিঃস্ত ও প্রবাহিত হইনা আইসে;
এবং তমধ্য দিন্না জ্ঞান্তান্থির অভিমূথে একটা প্রোব্ প্রবেশিত হইতে পারে।
এইরূপ স্থানে যতদ্র নালা ইইনাছে, ততদ্র পর্যান্ত একটা প্রোব্ প্রবিষ্ট করতঃ
জ্ঞানিপ্রটকে উন্টাইনা কন্জংটাইভার মধ্য দিনা উক্ত প্রোব্ পর্যান্ত বিদারণ
করিতে হর। ইহাতে প্রতীয় কন্জংটাইভার মধ্য দিনা উক্ত প্রোব্ পর্যান্ত বিদারণ
করিতে হর। ইহাতে প্রতীয় কন্জংটাইভার জ্বান একটা নালা হইনা, জ্ঞান্ম্বনীয় নির্দিষ্ট স্থানে অর্থাৎ চক্ষুতে প্রবাহিত হইনা আদিতে পারে। তৎপরে
জ্ঞানিপ্রের বহির্দ্দেশন্থ নালা মুখনারে ন্যাক্চ্ন্যাল্ কটারি(Actual cautery)
স্থাৎ উত্তপ্ত লোহ প্রমাণ করিতে হন। কারণ তাহা হইলে, উক্ত স্থানে
যে প্রদাহ হইবে তাহাতে, কটারি দ্বানা কিন্তনংশ স্থান বিচ্যুত হইনা
পড়িলে, বাহ্য নালী দ্বার মুদিত হইরা যায়।

# बर्छ ज्याग्रा

#### DISEASES OF THE SCLEROTIC.

### স্ক্রেরটিকের রোগ সমূহ।

ক্ষেরটিকের রক্তাধিকা (HYPERÆMIA) |-- ইতিপূর্বে, ৬b পৃষ্ঠায় চকুর শারীরতত্ত্বর্ণন সময়ে বলা গিয়াছে যে, কনজংটাইভা স্থপারফি-সাল্বা উপরিস্থ গভীর ছুইদল রক্তবহা-নাড়ী দারা পরিপোষিত। সেই ছই দল নাড়ী কর্ণিরার পরিধিকে চক্রবং বেষ্টন করতঃ পরস্পার সংশ্লিষ্ট इरेट्डिइ; ध्वः তथा इरेटि आंत करत्रकी तळवरा-नां निर्गठ इरेगा, স্কেরটিক্কে বিদ্ধ করতঃ আইরিদ্ এবং কোরইডের রক্তবহা-নাড়ী সমূহের সহিত সংমিলিত হইতেছে। এই শেষোক্ত সংমিষ্ট রক্তবহা-নাড়ীদল স্কেরটিক্ জোন অব্ ভেদেল্দ্ বা আরথিটিক্ রিং ( Sclerotic zone of vessels or arthritic ring) নামে খ্যাত\*। ইহা কন্জংটাইভার্নিমুস্টিস্ন বা বিধানে অবস্থিত। যখন চক্ষুর আভ্যন্তরিক নির্মাণ সকলে রক্ত সঞ্চালনের ব্যতিক্রম হয় তথন রক্তাধিক্য বশতঃ আর্থিটিক্ রিং সততঃ দৃষ্টিগোচর হত্তরায়, চক্ষুর অভ্যন্তরস্থ রক্তবহা নাড়ী সমূহের অবস্থা বিলক্ষণ রূপে উপলব্ধি করা যায়। ২য়, প্রতিকৃতি দ্রষ্টব্য। যাহা হউক, কর্ণিয়া আইরিদ্ কিশ্বা কোরইডের পীড়া ব্যতীত, আরক্তিম "স্কেরটিক্ জোন্" অতি কদাচিৎ দৃষ্ট হইয়া থাকে। তলিমিত্ত যদি আমরা বিবেচনা করি যে, "আর্থ্রিটিক্ রিং" স্কুর্টিকের রক্তাধিকা বশতঃ অভ্যুদিত হয়, তবে আমাদিগকে ইহা অবশ্রই স্বীকার ক্রিতে হইবেক যে, এই শেষোক্ত সাংপ্রাপ্তিক অবস্থা অর্থাৎ আর্থ্রিটিক্ রিংয়ের অভ্যাদয় সমীপবর্ত্তী অপরাপর নির্মাণের পরিবর্ত্তন সহযোগ ব্যতীত উৎপন্ন হইতে, চিকিৎসা কার্য্যে অতি কদাচিৎ দৃষ্ট হইয়া থাকে।

<sup>\*</sup> কর্ণিয়া এবং রক্তবহা—নাড়ীচক্র এতছুমের মধ্যবতী স্থানে, কখন২ বে প্রেত্তবর্ণ ও সদ্ধীর্ণ অস্কুরীয়বৎ দৃষ্ঠ হইয়া থাকে, তাহাকে কোন২ সংপ্রাপ্তি-বেতা চিকিৎসক "আর্থিটিক্ রিং" শকে উল্লেখ করেন। পুর্কে ইহা আর্থিটিক্ "Arthritic" কিমা বাত বা রুমেটিক্ (Rheumatic) প্রদাহের লক্ষণ বলিয়া বিবেচিত হইত। কিন্তু, তাহা নহে, উহার অসুদেয় দেখিয়াও কোন প্রকার রোগ নির্ণির হইতে পারে না।

যাহাহটক উক্ত বিষয়টা অতীব প্রয়োজনীয়। ডাকার ম্যাক্নামারা সাহেব স্বীয় অভিজ্ঞতানুসারে বলেন যে, স্কেরটিকের এই আরক্তিম নাড়ী-চক্রের লক্ষণ সকল ব্ঝিতে যেরূপ ভ্রম হয় ও উহাকে আমরা যেরূপ অবহেলা করিয়া থাকি, চক্ষ্র অপর কোন পীড়ার লক্ষণ সকল তজ্ঞপ নহে। স্ক্রের-টাইটিদ্ অর্থাৎ স্ক্রেরটক্ প্রদাহ, অথবা কেরাটাইটিদ্ বা কর্নিয়া প্রদাহ রোগা-ক্রান্ত বলিয়া অনেক রোগী আমার নিকট সতত প্রেরিত হয়, কিন্তু তাহাদের পীড়ার যথার্থ স্থান আইরিদ্ অথবা কোর্ইড্।

এইরপ দিধাজনক সমুদায় পীডায়, চক্ষুতে য়্যান্ট্রোপাইন্ প্রদান করিয়া, কনীনিকায় তাহার ক্রিয়াদি উপেক্ষা করা নিতান্ত অভিলম্বণীয়। কারণ, তাহা হইলে ইহা প্রায়ই দেখা যাইবে যে, আইরাইটিস্ (আইরিস্ প্রদাহ) হইতে উৎপর সাইনেকিয়া (Synechia) অর্থাৎ কর্ণিয়া বা লেন্স-কোষের সহিত আইরিস্ সংযুক্ত হওয়ায়, কনীনিকা বিষমরূপে প্রসারিত হইয়াছে; স্কতরাং এইরপ হইলে, রোগনির্ণয়ের কাঠিন্ত একেবারেই অপনীত হইল। আর যদি এবন্ধির অবন্ধা চক্ষ্র অপর কোন পীড়া হইতে উৎপর হইয়া থাকে, তাহা হইলেও য়্যান্ট্রোপাইন্ ব্যবহারে কোন প্রকার হানি হইতে পারে না। উহাতে আইরিস্ এবং কোরইডের যেহ অংশ রোগাক্রান্ত হইয়াছে, তাহাও জ্ঞাত হওয়া যায়। বিশেষতঃ এই য়্যান্ট্রোপাইন অক্ষরোগপরীক্ষায় অনভ্যন্ত চিকিৎসক্দিগের যে কত প্রয়োজনীয় বলিয়া বোধ হয়, তাহা বলা যায় না।

প্রতিকে দীমাবদ্ধ প্যারেন্কাইমেটদ্ (Parenchymatous) ফর্মেশন্স বা নবাৎপর পদার্থ দেখিতে পাই। এইরূপ আক্রান্ত হইলে, বিশেষতঃ যুবতীদিগের মধ্যে রোগীর অক্ষিগোলকের নাদিকার দিকে বা তদ্বিপরীত দিকে
ধূম-লোহিত বা লোহিত-পীত বর্ণের শিশ্ব বীজ বা থোদা রহিত মটরের ন্যায়
উন্নত স্থান দেখিতে পাওয়া যায়। স্কেরটিকের এই অল্লোন্নত স্থানের উপরি বা
চতুম্পার্শ্ব কন্জংটাইভা সচরাচর অল্প পরিমাণে কন্জংটিভাইটিদ্ রোগাক্রান্ত
হইরা থাকে। অক্রিগোলক পরিচালনে কিঞ্চিৎ কপ্ত বোধ হয়; কিন্ত
তদ্যতিরেকে অন্য কোন যাতনা বা ক্রেশ অনুভব হয় না। যাহাহউক ক্মেটিজম্ গ্রস্ত রোগীরা পীজিত চক্ষে অসহানীয় যাতনা অন্তব করে যাহা
নত্তক পার্শ পর্যন্ত বিস্তুত হয়। ইতার সহিত আলোকাসহিক্তাও থাকে।

উক্ত উন্নত স্থান কঠিন হওয়ায়, ঠিক বোধ হয় যেন, স্কেরটিক হইতে একটী ক্ষুদ্র স্থাময় অর্কাদ উৎপন্ন হইতেছে। ইহাতে চক্ষুর অপরাপর অংশ সকল সম্পূর্ণ স্বাভাবিক স্কন্থ অবস্থায় থাকিতেও পারে; কিন্তু উক্ত পীড়িত স্থানে অনেক রক্তবহা নাড়ী দেখিতে পাওয়া যায়।

এইরূপ অনেক স্থল উপদংশ পীড়াজনিত বলিয়া অনুসন্ধান পাওয়া গিয়াছে। শরীরের অন্যান্য অঙ্গপ্রত্যঙ্গ সমুদ্ভূত এবম্বিধ অর্ক্কুদের যদ্রূপ হইয়া থাকে, অত্যুৎপাদক ক্রিয়া জনিত (Hypergenetic process) স্কেরটিক হইতে উৎপন্ন উক্ত ক্ষুদ্র পিচ্ছিলাক্কুদের (Gummy tumour) গতিও ঠিক তদ্রুপ। এমত অবস্থায় ইহা লুপ্ত হইয়া গেলেও পুনরাবিভূতি হইতে পারে।

এই রোগ ক্রমশঃ ধীরেং বর্দ্ধিত হয় এবং কথনং অনেক মাদ পর্যান্তও স্থায়ী হইতে পারে। কিন্তু অবিবেচনা পূর্ব্ধক কম্থিকাদি ব্যবহার না করিলে উহা স্বভাবতঃ আরোগ্য মুথেই ধাবিত হইয়া, পরিশেষে অদৃশ্য হইয়া যায়।

চিকিৎসা।——প্যাড্ এবং ব্যাণ্ডেজ দারা সমাবদ্ধ করিয়া চক্ষ্কে বিশ্রাম প্রদান করা উচিত। সাধারণত আইওডাইড্ বা ব্রোমাইড্ অব্ পট্যানিয়ম্, বাইক্রোরাইড্ অব্ মার্করির সহিত একত্র করিয়া সেবন করিলে, এবং তংসঙ্গেং সংপথ্যাহারী হইলে, এই সকল প্যারেন্কাইমেটস্ উৎপত্তি লুপ্ত হইয়া যায়। পীড়িত স্থানে কোন প্রকার ঔষধ ব্যবহারের প্রয়োজন হয় না। কিন্তু মিষ্টার্ সোয়েল বার্গ বিবেচনা করেন যে ২ গ্রেণ ক্রোরাইড্ অব্ জিংক্ এক ঔন্স জলে লোশন্ প্রস্তুত করিয়া পরে ক্রমে ২ বৃদ্ধি করিয়া, ২ গ্রেণ এক ঔন্স জলে লোশন্ প্রস্তুত করিয়া ব্যবহার করা উপকার জনক। ডাক্রার ম্যাক্রামারা বিবেচনা করেন যে ছই গ্রেণ য্যাটুপিন্ এক ঔন্স জলের সহিত মিশ্রিত লোশন্, প্রত্যুহ একবার বা ছইবার করিয়া চক্ষ্তে ফোঁটাং প্রদান করিলে নিঃসন্দেইই অনেক স্ক্রিধা ও উপকার হইতে পারে বিশেষতঃ চক্ষ্তেও সম্বন্ধ পার্থে বেদন। থাকিলে ইহা বিশেষ উপকারক।

ক্ষেরটিকের ক্ষন্ত ( Ulceration )।——মিষ্টার ব্যোমান্ সাহেব এবম্বিধ একটা অত্যন্ত্ত রোগ বর্ণনা করিয়াছেন। উহা ''স্লেরটিকের ক্ষুদ্র ত্রপনেয় ক্ষত্ত"\*। সম্প্রতি ডাক্তার ম্যাক্নামারা সাহেবও এতজ্ঞপ রে†গাক্রান্ত একটি রোগীকে চিকিৎসা করিয়াছেন। রোগীর শারীরিক অবস্থা নিতান্ত

<sup>\*</sup> Bowman, "Parts concerned in Operations on the Eye," Appendix, p. 109.

মন্দ, কর্ণিয়ার নিকটে পর্য্যাক্রমে ছই চক্ষুতেই ক্ষত হইয়াছে। দেখিয়া বোধ হইল যে, স্কেরটিক্ হইতে অত্যল্প পরিমিত স্থান পাঞ্চ দারা উঠান হইয়াছে। দক্ষিণ চক্ষুতে উহা গভীর রূপে বিস্তৃত হওয়ায়, তন্দারা স্ক্লেরটিক্ সম্পূর্ণ বিদ্ধপ্রায় দৃষ্ট হইল। এবম্বিধ জ্রারোগ্য পীজায় রোগী চক্ষুতে যথেষ্ট যন্ত্রনা, আলোকাতিশয্য এবং অপরিমিত অঞ্চ-বিগলন ভোগ করিয়াছিল।

স্কের-কোরইডাইটিস্ য়াান্টেরিয়র (Sclero-Choroiditis Anterior ) ৷ — শব্দে এই ব্ঝিতে হইবেক বে, কোরইডের এবং স্থেরটিক পর্দার (Tunic) কোন দীমাবন্ধ স্থানে পীড়া হইরাছে। এই পীড়া প্রদাহ জনিত হউক আর নাই হউক, অভ্যস্তরম্ব প্রতিচাপে( Intra ocular pressure) উক্ত পীডিত স্থান পরম্পর নংলগ্ন, ক্ষয়িত ও বিবর্ণ, এবং পরিশেষে উচ্চ হইয়া উঠে। যথন কর্ণিয়া এবং চক্ষুর ইকোয়েটর বা মধ্য রেথার মধ্যবর্ত্তী স্থেরটিকের অংশ আক্রান্ত হয়, তথন ঐ পীড়াকে আংশিক (Partial) স্থেরো-কোরইভাইটিস্ য়্যান্টেরিয়র কহে। আর যথন সমুদ্র অক্ষিপোলকের পরিধি একেবারে আক্রান্ত হইয়া পড়ে, তথন উহাকে সম্পূর্ণ (Complete) স্ক্রো-কোরইডাইটিস্ য়াান্টেরিয়র শব্দে অভিহিত করা যায়। অধিকাংশ इल, क्वन मिनियाति विख अवः मिनियाति त्थारमरम् डेक शीषा मीमा-বন্ধ থাকে। অপিচ ফুরটিক্ অতিশয় অপকৃষ্ট হইয়া পডে; এবং তৎসময়ে অভ্যন্তর প্রতিচাপ বলবৎ হওয়ায়, অক্ষিগোলকের আয়াম বদ্ধিত হইয়া দ্বেরটিক্ শিথিল হওয়াতে চক্ষুর সন্মুথ প্রদেশ এত উচ্চ হইয়া থাকিতে পারে যে তদ্বারা সন্থ প্রদেশ বহির্গত হইয়া আইসে। এইরূপে চকুর সন্থভাগ কোটর হইতে অল্প বা অধিক পরিমাণে বহিঃস্ত হইয়া, অফিপুট নিমীলনে প্রতিবন্ধকতা প্রদান করিয়া থাকে। সমধিক প্রসারিত সিলিয়ারি রক্তবহা-নাড়ী সকল উক্ত বহিঃস্ত স্কেরটিকের উপরিভাগে দৃষ্ট হয়। এই বহিঃসরণের নাম স্থেরটিকের ষ্ট্যাফিলোমা (Staphyloma)।

নিম্ন লিখিত তিন্টা কারণের কোন না কারণে স্ক্রো-কোরইডাইটিস্

ন্যান্টেরিয়র রোগ উৎপন্ন হয়। ১ মতঃ,—পীড়িত স্থানের রক্তবহা-নাড়ী

সমূহ, সোত্রিক টিস্থ এবং স্ক্লেরটিকের অপক্ষপ্ততা; ২ য়তঃ—সিলিয়ারি

বিভির প্রদাহ হইয়া উহার কিয়দংশ ধ্বংশ হইলে, এবিধিব স্থলে সমীপবত্তী

স্লেরটিক সাক্ষাংভাবে কেবল প্রদাহের ফল ভোগ করিতে থাকে এমত

নহে; কিন্তু দিলিয়ারি বিভির পীড়া প্রযুক্ত উহার পরিপোষণের লাঘব হয় এবং উহা দেক গুরিডিজেনারেসন্ বা গোণাপকর্ষের ফলভোগ করিতে থাকে। মেদাপকর্ষ জন্মে ও আভ্যন্তরিক প্রতিচাপ বৃদ্ধি প্রায় ও ষ্ট্যাফিলোনার উৎপত্তি হয়। ৩য়তঃ—দিলিয়ারি বিভি প্রদেশে কোন বিদারক আঘাত লাগিলে, তৎফলেও স্কেরো-কোরইডাইটিস্ রোগ জন্মিতে পারে।

১। যে দকল স্থল প্রথমোক্ত কারণে উৎপন্ন হয়, তথায় এয়ত কোন পরিদ্থামান লক্ষণ অভ্যুদিত হয় না, য়াহাতে পীড়ার আগমন অথবা গতি ম্পিষ্ট অবগত হওয়া য়ায়\*। ক্রমশঃ নৈর্মাণিক পরিবর্ত্তন ঘটিতে থাকে; এবং বোধ হয়, উক্ত স্থানের কোরইড্ সম্বন্ধীয় রক্তবহা নাড়ীগুলি পীড়িত হইয়াই এই পরিবর্ত্তন আরম্ভ হইতে থাকে, ও সেই সঙ্গে২ তদধীন টিয়্ল সকলে প্রবলম্বণে ফ্যাটি ডিজেনারেসন্ বা মেদাপকর্ষ জন্মিতে থাকে। বর্ণকোষ সকল ব্যতীত এই সমস্ত নির্মাণ সংযোগচ্যুত ও অন্তর্হিত হইতে থাকে। কারণ বোধ হয়, বর্ণকোষ সকলের এমত কোন ক্ষমতা আছে, য়াহাতে তথায় উক্ত পরিবর্ত্তন সংঘটিত হইতে পারে না; স্লতরাং উহারা একাকী অসংশ্লিষ্টভাবে ক্ষেরটিকে সংযুক্ত হইয়া রহে।

পূর্বেই বলা গিরাছে যে, কেবল কোরইডের রক্তবহা নাড়ী সমূহ দারাই স্কেরটিক পুষ্ট প্রাপ্ত হইরা থাকে; স্কতরাং যথন ঐ দকল পরিবর্ত্তন সিলিয়ারি বিভি প্রদেশে প্রাবল্য প্রাপ্ত হইতে থাকে, তথন তদংশাবরক স্কেরটিক উপযুক্ত পুষ্টিদ পদার্থ প্রাপ্ত না হওয়ায়, স্বাভাবিক স্ক্ষাবন্থায় স্বায়ী থাকিতে পারে না।

২০ শ, প্রতিক্রতি।



ক্রমশঃ মেদাপকর্ষ জনিতে থাকে; এবং তদাংশিক স্ক্রেটিক্ আর অধিক কাল অভ্যন্তর প্রতিচাপের প্রতিবাধক হইতে না পারিয়া ক্রমশঃ
তাহার বশম্বদ হইয়া, বহিরাভিমুখে স্ফীত হওতঃ
দিলিয়ারি বডি প্রদেশে উন্নতাকার (২০শ, প্রতি
কৃতি) হইয়া উঠে। অপকর্ষ পরিবর্তনের দীমা

অনুসারে এই উন্নত স্থানের আকারের তারতম্য হইরা থাকে।

এইরপে উৎপন্ন স্কেরটিকের ষ্ট্যাফিলোমা দেখিতে গাঢ়-নীলাভ, ও প্রায়ই কৃষ্ণবর্ণ। কারণ সিলিয়ারি বডির বর্ণকোষ সকল উহার অভ্যম্ভর

<sup>\* &</sup>quot;Maladies des Youx," par M, Wecker, vol. i. p. 546.

# टकुत्रिकत स्माकित्नाम।

প্রাদেশে দৃঢ় সংলগ থাকায়, তাহাদের বর্ণ পাতলা স্কেরটিকের অভ্যন্তর দিয়া অনাগাসেই দেখিতে পাওয়া যায়। এইরূপ পীড়া সচরাচর মৃছ গতিতে বর্দ্ধিত হয়, এবং পরিশেষে রোগীর জীবিতাবস্থায় কোন সময়ে ইহা স্থগিত হইতেও পারে। কিন্তু সমীপবর্তী নির্মাণ উত্তেজিত ও তথায় রক্তাধিকা হইলে, যে অংশ পূর্ব্বেই রোগ প্রবণ হইয়াছিল, তাহা অধিকতর মন্দাবস্থায় পরিবর্ত্তিত হয়; এবং অধিকাংশ সিলিয়ারি বডি ও তদাবরক স্কেরটিক্ উক্ত অস্বাভাবিক ক্রিয়ায় আক্রান্ত হইতে পারে। এইরূপ স্থলে ভিট্রিয়্ম ও লেন্সের পরিপোষণেরও অনেক হানি হইয়া থাকে; ভিট্রিয়্ম তরল ও ফুর্কিউলেন্ট্র বা বুদ্রুদাকার (Flocculent) হয়; এবং লেন্দ্ অয় বা অধিক পরিমাণে অস্বচ্ছ ইইয়া স্থাপেন্ট দৃষ্টির অনেক ব্যাঘাত জন্মায়। এই রোগের অপেক্ষাকৃত উত্তম অবস্থায় যাহা ডিজেনারেটিভ্ বা অপকর্ষক স্কের-কোরইডাইটিস্ য়ান্টেরিয়র রোগ শন্ধে নির্দিন্ট হইতে পারে, তাহাতে দৃষ্টির কোন গৃঢ় হানি জন্ম না।

২। সিলিয়ারি বডিতে প্রদাহ হইয়া বে স্কের-কোরইডাইটিস্ রোগ উৎপদ হয়, তাহাও পরিশেষে পূর্ব্বরূপ সংপ্রাপ্তিক পরিবর্ত্তনে পরিবর্ত্তিত হইয়া পড়ে; এবং পূর্বোদাছত স্থলের ন্যায় ষ্ট্যাফিলোমায় পরিণত হয়। যাহাহউক রোগারভাবস্থায় আইরিডো-কোরইডাইটিস্ রোগের প্রাথমিক লক্ষণ সকল উদিত হইয়া থাকে; চক্ষুর অভ্যন্তরস্থ শোণিত সঞ্চালনের ব্যতিক্রম বশতঃ রক্ত পূর্ণ স্বেরটিক্ জোন্প্রকাশ পার; চক্ষুতে বেদনা থাকে, প্রদাহিত সিলিয়ারি ব্ডির উপর পীড়ন করিলে এই বেদনার বৃদ্ধি, এবং আলোক অসহা বোধ হয়। ভিট্রিয়ন্ অস্তছ হওয়ায় দৃষ্টি আবিল হয়; এবং অকিগোলকের আয়াম বৃদ্ধি স্পষ্ট জানিতে পাওয়া যায়। এই সকল লক্ষণ সচরাচর নাতি প্রবল ভাবে আবিভূতি হইতে থাকে; কিন্তু উক্ত অংশেই ইফিউসন্বা প্রদাহ জনিত রুমাদি আব হওয়ায় কোরইড স্কের-টিক্ হইতে বিশ্লিপ্ট হইতে পারে, অথবা প্রদাহ সময়ে কোরইডের রক্তবহা নাড়ী সকলে যে হানি হইয়াছিল, তদ্বারা স্কেরটিকে অপকর্ষক পরিবর্ত্তন সকল সচরাচর সম্বর প্রবল হইতে থাকে; এবং নে সকল হল প্রদাহ সম্ভূত নহে, তদিষয়ে যেরূপ পূর্দে উল্লিখিত হইয়াছে, তদ্ধপ স্কেরটিক ক্রমশঃ অভ্যন্তর প্রতিচাপ-পাওয়ায়, তথার স্ত্রাফিলোমা উৎপাদিত হয়। ৻য়ৢয়- টিকের এই উচ্চতা অত্যন্ত বৃহদাকার হইতে পারে; এমত কি শেষে উহা অক্ষপ্টেররে অন্তরাল মধ্য দিয়া বহির্গত হওতঃ অক্ষিপ্টের গতি অথবা চক্ষু মুদিত করণে সম্পূর্ণ বাধা প্রদান করিয়া থাকে। এবিষধ হলে রেটিনা সংস্রবচ্যুত হইতে পারে; এবং চক্ষু সম্পূর্ণ বিনম্ভ হইবার বিলক্ষণ সম্ভাবনা থাকে। অন্য পক্ষে, ষ্ট্যাফিলোমা বৃহদাকার না হইলে এবং যথেষ্ট পরিমাণে স্কৃত্ব কোর্ইড্ অবশিষ্ট থাকিয়া ভিট্রিয়ন্ এবং লেন্সকে পৃষ্টি প্রদান করিলে, রোগী কিছুদিনের নিমিন্ত উত্তমরূপ দেখিতে পায় বটে, কিন্তু এইরূপ অনেকানেক স্থলে কোন না কোন সময়ে রোগ গুরুতর হইয়া চক্ষু বিনষ্ট হইয়া যায়।

০। কোন আঘাত লাগিয়া দিলিয়ারি প্রদেশের উপরিস্থ দ্বেরটিক্
ভিন্ন হইলে, ভিন্ন স্থান মধ্যদিয়া কিয়দংশ দিলিয়ারি বিভ বহির্বৃদ্ধি (Hernia)
হইয়া আদিতে পারে; এবং সম্বর রোগের চিকিৎসা না করিলে, অভ্যন্তর
প্রতিচাপে ক্ষতের ধারে কেবল নিরাশ্রয়ভাবে থাকে এমন নহে, তন্মধ্য দিয়া
দিলিয়ারি প্রবর্ধনের অধিকাংশ বহিঃস্বত হইয়া আইসে। কালক্রমে এই
বহিঃস্বত অংশ স্ত্রময় টিস্ক দারা আবৃত হইয়া প্রাাফিলোমার উৎপত্তি করে।
আহত স্থানের অবস্থানুসারে এই প্রাফিলোমার অন্তর্দ্ধেশ দিলিয়ারি বিভর
অবশিষ্টাংশ অথবা কোরইডের দারা আবৃত হয়। অপিচ এই বহিঃস্বত
স্থান উত্তেজিত ও টানযুক্ত হইয়া নাতিপ্রবল প্রদাহযুক্ত হয়; এবং পূর্ব্বে
অন্যান্য স্থলে যেরূপ উক্ত হইয়াছে, তদ্ধপ ক্রমবর্দ্ধিত অপকর্ষক পরিবর্ত্তন
সকল ক্রমশঃ আনম্বন করে। এইরূপে স্কেরটিকের অধিকাংশ পীড়িত হইয়া
বৃহৎ প্রাফিলোমার উৎপত্তি হইয়া থাকে।

ত্রভাগ্য ক্রমে এইরূপ স্থলে কেবল এক চক্ষুতেই অপকারাদি ঘটিতে থাকে এমত নহে; পীড়িত চক্ষু হইতে স্থস্থ চক্ষুতেও উত্তেজনা সমানীত হয় এবং উত্তেজনার কারণ অপনীত না হইলে, পীড়িত ব্যক্তির দৃষ্টি একেবারেই বিলুপ্ত হইতে পারে।

যে কোন কারণে স্কেরটিকের ষ্ট্যাফিলোমা উৎপন্ন হউক না কেন, ইহা দেখা যাইতেছে যে, বহিঃস্বত অংশ বৃহদায়তন অর্থাৎ চক্ষুর সমুদ্য় অথবা অধিকাংশ পরিধিব্যাপক হইলে, অক্ষিগোলকাভ্যন্তরে দূরব্যাপী পরিবর্ত্তন সকল ঘটিয়া থাকে; এবং এই নিমিত্তই আমরা এবস্থিধ স্থলে আইরিসের বর্ণব্যতায়, লেন্দের আবিলতা ও কিয়ৎ বা অধিক দূরে স্থানচ্যুতি, ভিট্রিয় জলবৎ তরল এবং য়াাণ্টেরিয়র চেম্বারের গভীরতার বৃদ্ধি প্রত্যক্ষ করিয়া থাকি। বাস্তবিকই এবস্থিধ পীড়িত হইয়া চক্ষুর নির্মাণ একেবারেই বিচ্ছিন্ন হইয়া য়ায়।

চিকিৎ সা। —— ডিজেনারেটিভ্ বা অপকর্ষক স্কের-কোরইডাইটিস্
য়্যাণ্টেরিয়র রোগে প্রকৃত রোগ নিরাময় করিতে পারা যায় না; কারণ উহা
স্কুফ্লা অথবা লিক্ষ্যাটিক্ ধাতুর উপরই সম্পূর্ণ নির্ভর করে। যাহাহউক অতিরিক্ত
দৃষ্টি সংযোগে বিরত থাকিলে, স্থর্যের কিরণ এবং বাহ্য অপায় হইতে চক্ষুকে
কোন আবরণ দারা রক্ষা করিলে, এবং বাস্তবিক পীড়িত চক্ষুতে সম্ভব মত
যত্র লইতে রোগীকে উপদেশ দিলে, চক্ষুকে এতদধিক হানি হইতে রক্ষা করা
যাইতে পারে। নৈর্মাণিক পরিবর্ত্তন সকলও এইরূপে, বিশেষতঃ তৎসময়ে
রোগীর অবস্থার পরিবর্ত্তন এবং উপয়্ক আহারাচার দারা রোগীর শারীরিক
স্বাস্থ্য ও পৃষ্টি বৃদ্ধি হইলে, তিরোহিত হইতে পারে।

এই রোগ প্রদাহ জনিত হইলে, যাহাতে প্রদাহের আদি কারণ অন্তর্হিত হয়, তিবিষয়ক চিকিৎসা অবলম্বন করা উচিত। এই অভিপ্রায় সাধনের নিমিত্ত অন্যান্য উপায়ের মধ্যে সন্তবত আমরা প্যায়াসেন্টেসিদ্ অথবা আইরেডেকটমি উপায় অবলম্বন করি। এই বিষয়ের অন্যান্য বিবরণ জানিতে হইলে, যে অধ্যায়ে আইরিডো-কোরইডাইটিস্ রোগ বর্ণিত হইয়াছে তাহা অধ্যয়ন করা বিধেয়। চক্ষুতে ষ্ট্যাফিলোমা হইলে, য়াহাতে প্রদাহ ক্রিয়া পুনঃ২ আবিভূতি না হয় এবং ষ্ট্যাফিলোমা আর অধিক বর্দ্ধিত হইতে না পারে, তিবিষয়ে রোগী চিকিৎসক উভয়েই বিশেষ মত্ন করিতে হয়। যদি এবিষর স্থলে ষ্ট্যাফিলোমা অত্যন্ত রহদাকার হইয়া পড়ে এবং সেই চক্ষুর দৃষ্টিশক্তি বিনম্ভ হয়, তবে অন্ততঃ পীড়িত অক্ষিগোলকের সন্মুখন্থ অংশ য়্যাব্-সিদ্ন বা নিয়াশিত (Abscission) করা যে বৈধ, তিবিষয়ে আর কোন বিধা উপন্থিত হইতে পারে না। কিন্তু উহা সাধিত না হইলে, পীড়িত চক্ষুর উত্তেজনা সায় সংযোগ বশতঃ স্কন্থ চক্ষুরেও উত্তেজিত করিতে পারে।

অন্যপক্ষে, চফুর সন্মুগভাগ নিফাশিত করিয়া লইলে, রোগীকে যন্ত্রনা এবং অস্ক্রিধা ভোগ করিতে হয় না।

তৃতীয় শ্রেণীস্থ রোগে, যদি স্কেরটিক্ স্বল্প দিন আবাত প্রাপ্ত হইরা থাকে, এবং সেই আহত স্থানের মধ্য দিয়া যদি সিলিয়ারি বিজর কিয়দংশ বহির্গত হয়, তবে রোগীকে কোরোফর্মের অধীনে আনা সর্ব্ধতোভাবে বিধেয়; এবং উইস্ সাহেবের প্রপ্-স্পেকিউলম্ নিয়োজিত করতঃ কোরইডের বহির্গত অংশ ছেদন করিয়া, স্কেরটিকের ছিন্ন প্রান্ত একত্রিত করতঃ ঠিক্ মুখেং স্কুচার্ ছারা অবক্রদ্ধ করিতে হয়। অতঃপর অক্ষিপুট মুদ্রিত করিয়া প্যান্ত এবং ব্যাণ্ডেজ্ ছারা চক্রকে বিশ্রান্তভাবে রাথা উচিত। এইরূপ করিলে, প্রাক্রিলামা এবং তদারুসন্ধিক স্কুরো-কোরইডাইটিস্ উৎপন্ন না হইবার অনেক সম্ভাবনা থাকে।

রোগী যথন আমাদের নিকট প্রথমে আনীত হয়, তথন পীড়া দীর্ঘকালস্থায়ী বলিয়া জানা গেলে, এবং ষ্ট্যাফিলোমা বৃহদায়তন না হইলে, ও রোগীর দৃষ্টিশক্তি কিঞ্চিদবশিষ্ট থাকিলে, শস্ত্রোপচারে হস্তক্ষেপ না করাই বৈধ। কিন্তু দৃষ্টিশক্তি সম্পূর্ণ বিনম্ভ এবং ষ্ট্যাফিলোমা বৃহদায়তন বলিয়া প্রতীত হইলে, যত শীঘ্র অক্তিগোলকের বহির্গতাংশ ছেদ করিয়া লওয়া যায় ততই উত্তম।

এবম্বিধ স্থলে আর একটা বিষয়ও বিবেচনা করিয়া আমাদিগকে চিকিৎসা করিতে হয়। এই প্রস্তের কোন স্থানে উলিখিত হইরাছে যে, সিম্প্যাথেটিক্ বা সমবেদনা-সভূত আইরিডো-কোরইডাইটিস্ রোগ অত্যন্ত ছদ্মবেশী ও বিপদজনক রোগ; স্কেরটিকের আঘাত জনিত স্কেরো-কোরইডাইটিস্ রোগে আমাদিগকে সতত এই ঘটনার আশদ্ধা করিতে হয়। এই নিমিত্ত ডাক্তার ম্যাক্নামারা সাহেব বলেন যে, পীড়িত চক্ষুর আংশিক দৃষ্টিশক্তি থাকিলে, এবং স্কুস্ত চক্ষুর দৃষ্টি ক্রমশঃ হ্রাস হইরা যাইতে আরম্ভ হইলে, অথবা কর্ণিয়া বা চক্ষুর গভীরতর নির্মাণ সকলে উত্তেজনার লক্ষণ সকল আবিভূতি হইলে, পীড়িত চক্ষুর আংশিক ছেদন অথবা সমুদর অংশ নিদ্ধাশিত করিতে কালক্ষেপ করা কলাচ বৈধ হয় না। কালক্ষেপ করিলে, উভয় চক্ষুরই দৃষ্টি-শক্তি একেবারে বিনম্ভ হইবার সম্পূর্ণ সন্থাবনা থাকে। অন্যপক্ষে যথা সময়ে পীড়িত চক্ষু নিদাশিত করিলে, এই বিপদাবহ রোগ স্কুস্ত চক্ষুতে এতদ্ধিক খানি

জনাইতে পারে না। স্থন্থ চকু পীড়িত হইলে, তজ্জাত ফল-পরম্পরা আরোগ্য করিতে আমরা কোন ক্রমেই সমর্থ হই না।

ক্ষেরটিকের আঘাত (Wound)।—— অক্লিকোটরের অন্থিমর প্রাচীর দ্বারা বিলক্ষণ বেষ্টিত থাকায়, স্কেরটিক্ সচরাচর আঘাত দ্বারা বিদারিত হয় না। আবাত লাগিলেও কোরইডের বৃদ্ধি (Hernia) অর্থাৎ যজ্ঞপ সিলিয়ারি বিভতে আঘাত লাগিলে আহত স্থানের মধ্য দিয়া কোরইড বহির্গত হইয়া আইসে, কোরইডের সহিত স্কেরটিকের ঘনিষ্ঠ সম্বন্ধ থাকায়, ইহাতে তজ্ঞপ বহির্গত হয় না। যাহাহউক এইরূপ অবস্থায় রেটিনাও ছিল হয় এবং কিয়দংশ ভিট্রিম্ বহির্গত হইয়া যায়। রেটিনার ছিল প্রান্ত আহত স্থানে জড়িত হইতে পারে; এবং যথন এই আহত স্থান আরোগ্য হইয়া আকুঞ্জিত হইতে থাকে, তথন রেটিনা কোরইডের সংস্রব হইতে আকর্ষিত হইয়া আইসে এবং রোগীর দৃষ্টি বিনষ্ট হইয়া যায়।

সম্প্রতি একটা বালক চক্ষুর বহিঃ অর্থাৎ কর্ণদিকে একখণ্ড বন্দুকের পার্কাসন্ ক্যাপের দ্বারা আহত হইয়াছিল। উক্ত আঘাতে ক্ষেরটিক্ ছিল ও তৎপরে ছিল স্থান শুল্ক হইয়া যায়। কতিপয় মাস বিগত হইলে, যথন এই বালক ডাক্রার ম্যাক্নামারা সাহেবের নিকট আনীত হইয়াছিল, তথন উহার চক্ষু বাহতঃ স্কৃত্ব বলিয়া দৃষ্ট হইল। কিন্তু য়্যাট্রোপীনের দ্বারা কনীনিকা প্রসারিত করিয়া দেখা গেল যে, রেটিনা চক্ষুর পশ্চাদ্রতী কনকেভ্ দেশের মধ্য দিয়া একটা পর্দার ন্যায় ভিট্রিয়্য চেম্বারে পূর্কবর্ণতিরূপে আরুষ্ট হইয়া উপনীত হইয়াছে; স্কৃতরাং চক্ষুর দৃষ্টিশক্তিও সম্পূর্ণ বিনষ্ট হইয়া গিয়াছিল।

ইতিপূর্নে পূর্ন পৃষ্ঠার উল্লিখিত হইরাছে যে, স্কেরটিক্ কোন আঘাত দাবা বিদারিত হইলে, বিশেষতঃ সেই বিদারণ অত্যন্ত দীর্ঘারতন না হইলে, এবং অন্ধিগোলকের অধিকাংশ অন্তর্ন্নর্ত্তী পদার্থ তন্মধ্য দিয়া বহির্গত হইরা না যাইলে, যদি বিদারণের পরক্ষণেই স্ক্রম স্কুচার্ দারা বিদারিত প্রান্ত একত্র সংবদ্ধ করিতে পারা যায়, তবে তাহা করা স্ব্বতোভাবে বিধেয়।

ক্ষেরটিকের রপ্চার্ (Rupture) বা ছিন্ন।—কোন স্থলাগ্র শঙ্ক অথবা মৃষ্টি দারা, অথবা হঠাৎ পতিত হইয়া চক্তে সাক্ষাৎভাবে আঘাত লাগিলে, স্কেরটিকের এইরূপ অবস্থা ঘটিতে পারে। এইরূপ ঘটনায় স্কেরটিক্ কর্ণিয়ার প্রান্ত সমীপে, উর্দ্ধ অথবা নাসিকারদিকে, অথবা কর্ণিয়া এবং সরল পেশীর সংযোগ স্থল এতত্তয়ের ঠিক মধ্যবর্তী স্থানে, ফাটিয়া যায়।

নে গুরুতর আবাতে স্নেরটিক্ ভিন্ন অর্থাৎ ফাটিয়া যাইতে পারে, তাহাতে অক্ষিণোলকের অন্তর্মন্তী অপরাপর নির্মাণও আহত হয়; এবং যে সময়ে স্নেরটিক্ ভিন্ন হইয়া পড়ে, অর্থাৎ ফাটিয়া যায়, তথন লেন্দ্র্ আইরিদ্কে এবং সচরাচর কিয়দংশ কোরইড্ সঙ্গেং আকর্ষণ করিয়া উক্ত ভিন্ন স্থানের মধ্য দিয়া বহির্গত হইয়া আইসে। অপিচ ভিট্রিয়মও বহির্গত হইয়া আসিতে পারে, এবং বস্তুতঃ চক্ষু অবসন্ধ অর্থাৎ চুপ্সিয়া (Collapse) ও সম্পূর্ণ বিনম্ভ হইয়া য়ায়\*। অপেক্ষাকৃত সামান্যতর স্থলে, উক্ত আঘাততাড়নার অথবা কোরইডের কোন রক্তবহা নাড়ী ছিন্ন হইয়া তৎপশ্চান্তাগে রক্তপ্রাব হইতে আরম্ভ হইলে, রেটিনা স্বতম্ব হইয়া ঘাইতে পারে। এই-ক্রপে য়্যাণ্টেরিয়র ও ভিট্রিয়্র চেম্বার রক্ত পূর্ণ হইয়া পড়ে, এবং সেই রক্ত আশোষিত বা অবস্ত হইয়া না যাইলে, চক্ষ্র ফণ্ডদ্ অর্থাৎ তলদেশ কিরূপ আহত হইয়া থাকে, তাহা নির্দেশ করা অত্যন্ত অসম্ভব।

নিষ্পেষণ (Contusions)।—— স্কেরটিক্ কিঞ্চিৎ নিষ্পিষ্ট হইলে, তাহা যদিও বাহতঃ দামান্য বলিয়া বোধ হয়, কিন্তু তাহাতে কালক্রমে ভিট্রিয়দে ভয়ানক পরিবর্ত্তন হইতে পারে। বোধ হয়, রোগী নিষ্পেয়ণে যেই অবস্থা ঘটিয়াছিল তৎসমুদয়ই বিস্মৃত হইয়া য়ায়, এবং পরিশেষে চিকিৎসকের নিকট দৃষ্টি ক্রমশঃ হ্রাদ হইয়া আদিতেছে ও তাহার দৃষ্টি-ক্ষেত্রের দল্পথে ক্রফবর্ণ পদার্থ দকল ইতস্ততঃ ভাদমান রহিয়াছে বলিয়া অভিযোগ করিয়া থাকে। অক্ষিবীক্ষণ যন্ত্র দারা পরীক্ষা করিলে, ভিট্রিয়্ম তরল এবং তন্মধ্যে ক্ষ্রুই প্রতীয়মান হইতেছে যে, আঘাত-জনিত পরিপোষণ-বিশ্ভালায় ভিট্রিয়্ম পদার্থ ক্রমশঃ তরল হইতে থাকে; এবং রেটিনা প্রকৃত রক্ষক অভাবে স্বতন্ত্রিত হয়, ও তজ্জন্য রোগীর দৃষ্টিশক্তি একেবারে বিনষ্ট হইয়া য়ায়।

<sup>\*</sup> See several cases reported by Mr. Hulke, Ophthalmic Hospital Reports, vol. i p. 292.

# क्ष्त्रिकित कन्**रिष्ठे**यन्।

ভাবিফল।— ক্ষেরটিক্ ভয়ানক রূপে আহত অথবা উহার ক্ষতি হইলে, ভাবিফল অনুধাবন করিয়া আমরা অত্যন্ত অসন্তুম্ভ হইয়া থাকি। কারণ, সামান্যতর স্থলেও পূর্ব্বোল্লিখিত উপসর্গ সকল অর্থাৎ রেটিনার স্বতন্ত্রভাব অথবা ভিট্রিয়সের ডিজেনারেসন্ বা অপকর্ষ ইত্যাদি ঘটিয়া দৃষ্টিশক্তির স্থাস হইতে পারে। পরিশেষে ইহাও বক্তব্য যে, স্ক্লেরটিকের এবম্বিধ অপায়ে কোরইডও পীজিত হইতে পারে, এবং তদান্ত্রসন্ধিক মন্দফল সমূহ স্থাচিত হইয়া থাকে। এই বিষয় কোরইডের রোগ সমূহ প্রকরণে বর্ণিত হইবেক।

চিকিৎসা।—— স্কেরটিক্ ছিল ( Ruptured ) হইলে, যদি বিদারিত सान निया अधिक পরিমাণে ভিট্রিস্ বহির্গত না হয়, তবে উক্ত স্থানের প্রাপ্ত হক্ষার ছারা সমবেত করিয়া, যতদিন পর্য্যন্ত আরোগ্য না হয়, ততদিন পর্য্যস্ত বিশ্রাস্ত ভাবে রাখা সর্বতোভাবে উচিত। কিন্তু যদি স্ক্রেটিকের এই ছিদ্রের মধ্য দিয়া লেন্দ্ এবং অধিক পরিমাণে ভিট্রিয়ন্ বহির্গত হইয়া থাকে, তবে অক্নিগোলক অবসন্ন হইতে অর্থাৎ চুপ্দিয়া বাইতে দেওয়া উচিত; ইহাতে উক্ত চক্ষু একেবারে বিনপ্ত হইয়া যায়। হুর্ভাগ্য ক্রুমে, এইরূপ হইয়াই যে অপকারাদির শেষ হয় এমত নহে; স্তস্থ চক্ষুতেও সিম্প্যাথেটিক্ বা সমবেদন উত্তেজনা সচরাচর উপস্থিত হইয়া থাকে, এবং গীড়িত চক্ষু নিষাশন ব্যতিরেকে তাহা আরোগ্য হয় না। অতএব এবম্বিধ হুর্ঘটনার পর স্তস্থ চক্ষু পীড়িত হইতে না হইতেই সত্বর পীড়িত চক্ষু নিষাশিত করা যুক্তি সঙ্গত কিনা, ইহা সতত বিবেচনা করা উচিত। আমার মতে দরিদ্র লোকদিগের পক্ষে যথন দেথা গেল যে, চক্ষু অবসর হইয়া বা চুপ্সিয়া গিয়াছে, তথন এই উপায় অব-লম্বন করা সর্বতোভাবে উচিত। উহাদের পক্ষে কৃত্রিম চক্ষু পরিধান করিবার নিমিত্ত, চক্ষুতে অবলম্বন স্বরূপে কিয়দংশ অবশিষ্ট রাথা উচিত নহে; কারণ এবম্বিধ অলম্বার উহাদের পক্ষে কোন গুণকারক না হইয়া বরং অধিক কষ্টপ্রদ হইয়া থাকে। ধনাত্য ব্যক্তিরা কোন কর্ম কার্য্যাদির বশীভূত না হইয়া বুথা সময় অতিবাহিত করিতে পারেন, এবং তাঁহারা অলম্বারাদিরও সম্যক আদর করিয়া থাকেন; স্নতরাং তাঁহাদের পক্ষে পীড়িত চক্ষুর অবশিষ্টাংশ নিক্ষাশিত করিতে কিঞ্চিৎ বিলম্ব করা ৰাইতে পারে; এবং এই বিলম্বে সিম্প্যাথেটিক্ বা ममर्वान উত্তেজনার কোন লক্ষণ প্রকাশমান না হইলে, যে অক্তিগোলক

চুপ্দিরা গিরাছে, ( Collapsed ) তাহা ক্তিম চক্ষু অবলম্বন করিবার উত্তম আশ্রমস্থান হইতে পারে।

ক্রেনিটিকের টিউমার বা অর্কু দ (Tumour)।— যদিও স্বেরটিক্
সচরাচর অভ্যন্তরদিকে কোরইড্ হইতে উদ্ভূত, অথবা বহিদেশের অদিকোটরীয় টিস্ল হইতে উৎপন্ন টিউমার্ দারা আক্রান্ত হইয়া থাকে, কিন্তু তথার ক্যান্সারস্ অথবা অন্তান্ত উদ্বর্ধন প্রায়ই উৎপন্ন হয় না। মেকেঞ্জি সাহেব স্ক্রেটিক্
হইতে উৎপন্ন কতিপর সার্কোমেটস্ (Sarcomatous) অর্ক্রু দ রোগাক্রান্ত
রোগীর বিষয় উল্লেখ করিয়া গিয়াছেন। তিনি বলেন যে, এইরূপ টিউমার্
ক্রুল্লা রোগাক্রান্ত ব্যক্তিগণেই উৎপন্ন হইয়া থাকে। এই সকল টিউমার্
কথন একটী মাত্র, অথবা কথনং পুঞ্জং উৎপন্ন হয়। উহারা কোমল
অথবা কঠিন, রক্তবহা নাড়ীময় অথবা তদ্বিরহিত। উহারা স্বভাবতঃ ক্রমবর্দ্ধিত ক্ষতে পরিণত হইয়াবিলুপ্ত হইতে পারে; কিন্তু তজ্জনিত অস্বাভাবিক
ক্রিয়াদি দারা স্ক্রেটেক্ ছিদ্রযুক্ত হইয়া, চক্ষু হ্রাস এবং বিনম্ভ হইয়া যায়।

মেকেঞ্জি দাহেব বলেন যে, এই সকল ফাইব্রো-প্রাষ্টিক্ টিউমার্ সচরাচর তাক্ষিগোলকের কপোলদেশাভিম্থপার্শে উৎপন্ন হইয়া থাকে, এবং প্রথমতঃ তাল্ল খেতবর্ণ বিশিষ্ট হয়। উহারা ক্ষত হইয়া যে স্থান হইতে উৎপন্ন হয়, ক্রমশঃ তাহার চতুপার্শে বিস্তৃত হইয়া তত্তৎস্থানকেও পীড়িত করে"।

স্বেরটিকের বাহ্নদেশ হইতে উৎপন্ন মেলানোটিক্ অর্ক্র্নের কতিপ্র মাত্র উদাহরণ উল্লিখিত আছে; এবং ঐ সকল অর্ক্র্ন্ন অন্ততঃ কিছু কালের নিমিত্ত অফিকোটরের অন্তর্ক্ত্রী অন্তান্ত নির্দ্মাণকে যে পীড়িত করে না, তাহাও লিখিত আছে †।

<sup>\*</sup> Mackenzie "On Diseases of the Eye" 4th edit. p. 703.

<sup>†</sup> Mr. Poland on Protrusion of the Eyeball. Ophthalmic Hospital Reports, vol. i. p. 171, Where two such cases are referred to.

# অ্ফিত্ত্ ৷

# দ্বিতীয় ভাগ।

### नक्ष ज्याग्य।

### কন্জংটাইভার রোগসমূহ। DISEASES OF THE CONJUNCTIVA.

হাইপারিসিক্—-মিউরেন-পিটরিউরেন্ট্ ——পিউরিউরেন্ট্——

ভিক্থারিটিক্— এণানিউলার——পঃকিউলার কন্তংটিভাইটিস্——

অপায়প্রস্ত কন্তংটাইভা—হাইপারটোকি বা বিপ্লির এবং মাটেটাফি
বা হাস—টেরিভিম্ম্—কিলাক্সেশন্ বা জনীকরণ—কন্তংটাই—
ভাতে রস ও রভ্লোৎপ্রবেশ—কন্তংটাইভায় টিউমার বা অর্ফু দ
সকল—ক্যারস্কলের পীড়া।

### কন্জংটিভাইটিস। (CONJUNCTIVITIS)

একণে আমরা কন্জংটাইভা সংক্রান্ত রোগান্থনীলনে প্রবৃত্ত হইলাম।
আমাদিগকে স্বরাচর চকু সংক্রান্ত শে সকল রোগ চিকিৎসা করিতে হয়,
তর্মধ্যে অধিকাংশই কন্জংটাইভা সংক্রান্ত রোগ বলিরা, তদ্বিয়ে আমাদিগের বিশেষরূপে মনোযোগী হওয়া আবশ্যক। আমি নিয়লিবিভ আখ্যান
সম্হ দারা কন্জংটাইভার রোগ সকল বর্ণন করিব। যথা—হাইপারীমিয়া,
মিউকো-গিউরিউলেণ্ট্, পিউরিউলেণ্ট্, ডিক্থারিটিক্, প্রাানিউলার এবং
পঃষ্টিউলার কন্জংটিভাইটিন্।

উপরিলিখিত প্রথম তিন প্রকার রোগের মধ্যে একটীর আরম্ভ ও তৎপূর্ধ-বর্তিনীর বিরাম-স্চক কোন প্রভেদ নির্ণর করা অভিশন্ন কঠিন। বথা— নিউকো পিউরিউলেণ্ট্ কন্জংটিভাইটিসের অথ্যে সর্প্রদা কন্জংটিভাইটিসের ছাইপারীনিরা রোগ ঘটিরা থাকে; এবং পিউরিউলেণ্ট্ কন্জংটিভাইটিসের অথ্যে হাইপারী নিরা ও মিউকো-পিউরিউলেণ্ট্ উভরই ঘটিরা থাকে। তথাপি কার্যাতঃ ইহাদের স্বাভাবিক গ্রভেদ নির্ণন্ন করা অতীব প্রয়োজনীয়। ডিফ্পারিটিক, গ্রানিউলার ও প্রস্থিউলার কন্জ্টিভাইটিসের লক্ষণ সকল এত স্থাপিষ্ট যে, তাহাদের পরম্পর ও উপরিউক্ত তিনপ্রকার রোগ হইতে প্রভেদ নির্ণয় করা অনারাস-সাধ্য।

পিউরিউলেণ্ট্ কন্জংটিভাইটিস্ রোগাক্রাস্ত ব্যক্তির চক্ষ্র ক্লেন্ন (পূর্ব)
স্থান্থ-কন্জংটাইভা-বিশিষ্ট ব্যক্তির চক্ষ্যতে নিহিত হইয়া, অনেক খলে ঐ
রোগই জন্মাইয়া দিয়া থাকে। কিন্তু আমরা যেমন সচরাচর এই ঘটনা
অমুমান করি, কার্গ্যে উহা ততদ্র কলপ্রদ নহে। কারণ পিউরিউলেণ্ট্
কন্জংটিভাইটিস্ রোগাক্রান্ত ব্যক্তির চক্ষ্র কেন, ডিফ্থারিটিক্ কন্জংটিভাইটিস্
রোগ-প্রবণ কোন ব্যক্তির চক্ষ্তে সংস্পৃষ্ট হইলে, তাহা শেষোক্ত রোগই
উৎপাদন করাইয়া দেয়ঃ
। স্বতরাং কোন বিশেষবিধ কন্জংটিভাইটিসের
কেন্দ দ্বারা কোন ব্যক্তি সংক্রামিত হইলে, সে যে, কোনবিধ কন্জংটিভাইটিস্
দ্বারা আক্রান্ত হইবে, তাহা পূর্ব্বে যথার্থ অমুভব করিয়া বলা নিভান্ত
অসম্ভব। অতএব প্রত্যেক স্থলেই রোগের অবস্থা নির্মণণ করা আমাদের
কর্ত্ব্য। কারণ, এই সময়ে প্রকৃতরূপে রোগ নির্ণয় করিতে পারিলে,
এবং রোগ নিরাময়ার্থ সন্থাবস্থা প্রদান করিলে, সম্থরই পীড়া আরোগ্য
হইয়া উঠে। অপিচ একবিধ রোগের ঔষধ অন্যবিধ রোগের বিশেষ
অপকারক। যথা—পিউরিউলেণ্ট্ কন্জংটিভাইটিনের ঔষধ ভিদ্পারিটিক্
কন্ত্রংটিভাইটিসে বিপরীত ফলদায়ক।

এন্থলে ইহা বলা বাহুল্য যে, যাহাকে "নির্দোষ পূয়" ( Healthy pus ) কহা যার, অর্থাৎ যাহা ক্ষত শুদ্ধ হইবার সময়ে বহির্গত হয়, বা সামান্য ক্ষেত্রিক হইতে নির্গত হয়, তাহা সাবধানে কন্ত্রংটাইডার ভিতর প্রবিষ্ট করাইয়া দিলেও, তদ্মারা কোন প্রকার প্রদাহের উৎপত্তি হইতে পারে না। চিকিৎসাশাস্ত্রে যেমন অনেকানেক সংপ্রাপ্তিগত বিষয়ের অদ্যাপিও কোন মীমাংসা হয় নাই, তজ্ঞপ নির্দোষ বা স্থত্পুয় ও যে প্য়ের ক্পর্ম দ্বারা পীড়া সংক্রামিত হয়, এতত্ত্তয়ের প্রভিন্ন অবস্থাও অদ্যাপি অমীমাংসিত রহিয়াছে। কিছ আনরা সচরাচর এই ক্পর্ম দোষ দ্বারাই নানাবিধ কনজংটিভাইটিস্ য়েপ্র সংক্রামিত হইতে দেখিয়া থাকি। অনেকানেক কন্ত্রংটিভাইটিস্

<sup>\* &</sup>quot;Maladies des Yeux." par M. Wecker, vol i. p. 32,

রোগের এবস্থি সংক্রামক অবস্থা বলিয়া, এবং তাহাতে পিউরিউ-লেন্ট কন্জংটি ভাইটিমের ন্যায় পূরোৎপত্তি হয় বলিয়া, এইপ্রকার রোগাক্রান্ত ব্যক্তিকে সূস্থ ব্যক্তির সমাজ হইতে স্থানান্তরিত করা সর্মতোভাবে বিধেয়।

অনাহা পূর্মক এই নিয়ম প্রতিপালন না করিলে, যে কিপর্যান্ত রেশ পাইতে হয়, নিসরবাসী লোকেরা অধুনা পিউরিউলেন্ট কনুজংটিভাইটিস্ রোগাক্রান্ত হইয়া, ভাহার সম্পূর্ণ উদাহরণ হল হইয়াছে।
এই রোগ উক্ত দেখের সর্মন্থানব্যাপক, সর্মজনাক্রামক (Endemic)
ও পুরুষানুগ। নামান্যতঃ ইহা স্থিনীকৃত হইয়াছে, যে, ভূর্য্যের আলোক এবং শূন্যমার্ণে ভ্রান্যনাণ বহুনংখ্যক বালুকারেণু সমবেত
হইয়া, নিসরবাসী দরিদ্রদিগকে এই রোগাক্রান্ত করিবার আন্তর্মজক
কারণ হয়। যাহাহ্টক ইহা প্রকৃত বা মূলীভূত করেণ নহে। যেহেতু,
ভারতবর্ষবাসীদিগের চক্ত্তে ঐ প্রকার স্থ্যের প্রথর উত্তাপ ও বালুকাকণা প্রবেশ করে বটে, কিন্তু ভাহাদিগকে মিসরবাসীদিগের ন্যান্ন প্রায়ই
পিউরিউলেন্ট কন্জংটিভাইটিস্রোগাক্রান্ত হইতে দেখা যায় না।

এতদেশীয় লোকদিগের মধ্যে ডিক্থা রিটিক্ কন্ত্রংটিভাইটিস্ রোগ প্রায়ই চ্টিগোচর হয় না। কিন্তু ভাহা বলিয়া, ভদ্রোগ নিরাময়ার্থ আমাদিগকে অগ্রে প্রস্তুত থাকা অবৈধ নহে। কারণ, কালে এই রোগ সম্বিক প্রায়ন্ত্রত হইলেও হইতে পারে। ইউরোপে এই রোগের যে পরিমাণে প্রায়ন্ত্রাক, ভারতবর্ষে যদিও সেই পরিমাণে নহে, তথাপি উহা ভারতবর্ষে বিদানান আছে একথা অবশ্যই স্বীকার করিতে হইবে।

গ্রানিউলার কন্জংটিভাইটিস রোগের সংপ্রাপ্তি বিষয়ে, যে
নতামত চলিয়া আদিতেছে, তদ্বিষয়ে ডাক্তার ম্যাক্নামারা সাহেবের
এই মত, যে, এই রোগ প্রকৃতপক্ষে নবোদ্গত বিন্তুনিচয়ে (Neoplastic formation) প্রথমে উদ্ভূত হইয়া থাকে। আর কন্জংটাইভার সংযোজক বিল্লীর নির্দাপিক পর্মাণু সকলের (Corpuscles)
নংখ্যার্ক্ত্রি (Proliferation) হইয়া, এই রোগ উৎপাদিত হয়।
এই রোগ হইলে, গ্রৈত্মিক্রিল্লীর (Mucous membrane) ভিলাই
(Villi) সচরাচর বন্ধিত ও ক্ষাত হয় বলিয়া, উহা এই রোগের
প্রকৃত লক্ষণ বলিয়া গণ্য হইতে পারে না। উহা সামান্য ও
নাম্য়িক বা ভাৎকালিক লক্ষণ মাত্র। নিওপ্ল্যান্টিক গ্রোথ্ সকল

হইতে, রহত্তরী ভূত প্যাপিলির প্রভেদ বুঝিতে পারিলে, গ্রানিউলার কন্জংটিভাইটিশ ঘটনার প্রকৃত অবস্থা নির্ণীত হইয়া পড়ে। "গ্রানিউলার" (Granular) শক্ষে নিঃসন্দেহই নানাবিধ অর্থের সংশয় হইয়া থাকে। প্রথমতঃ, অধিকাংশ কন্জংটিভাইটিস্ রোগে পরিদ্রশামান প্যাপিলারি-টিম্র (Papillary tissue) বিরুদ্ধি দ্বারা এক প্রকার "গ্রানিউলার আকৃতি" অর্থাৎ সাগুদানার মত ক্ষুদ্র দির অমুভূত হয়। ২য়তঃ, গ্রানিউলার শক্ষে প্রকৃত "গ্রানিউললেশন্ ক্রিয়ার" ব্যুৎপত্তি অর্থাৎ ক্ষুদ্র ক্ষুদ্র দানার উৎপত্তিমাত্র বোধ হয় না। কিছু পরেই সবিশেষ বর্ণিত হইবে যে, গ্রানিউলেশন্ম অপেকা টিউবার্কলের সহিত, গ্রানিউলার কন্জংটিভাইটিসের নিও-প্রাটিক্ গ্রোথের বিন্যের যোসাদৃশ্য আছে।

আমি শিশুদিগের পিউরিউলেন্ট্ কন্জংটিভাইটিম্ বা মেহজ অর্থাৎ গনোরিয়াল্ (Gonorrhœal) কন্জংটিভাইটিমের কোন স্বভন্তর উল্লেখ করিয়া বর্ণনা করিব না। উহারা সাধারণ পিউরিউলেন্ট্ কন্জংটিভাইটিম্ প্রকরণের অন্তর্নিবিস্ট হইবে। স্বতরাং এই প্রকরণ ফুদ্র ক্ষুদ্র অনাবশ্যক কভকগুলি প্রেণীভে বিভাজিত হইয়া বর্ণিত হইলে, উহা আরো কঠিন ও তুর্বোধ্য হইয়া পড়ে। অপিচ হাম (Measles) বা লোহিভ জ্বর, স্কার্লেটিনা (Scarlatina) অথবা ইচ্ছাবমন্ত (Small-pox) রোগে কন্জংটাইভাতে যে সকল ত্বস্ফোটক (Exanthemata) লক্ষিত হয়, তাহাদিগকে সামান্য হাইপারীমিয়া বা মিউকোপিউরিউলেন্ট্ কনজংটিভাইটিম্ রোগের চিকিৎমা-প্রণালী অনুসারে চিকিৎমা করিতে হয়। ক্যাট্যার্যাল্ (Catarrhal) কন্জংটিভাইটিম্ সামান্যতর হইলে, ভাহা হাইপারীমিয়া প্রেণীতে বর্ণিত হইবে; উহা ক্টিমভর হইলে, মিউকো-পিউরিউলেন্ট্ কন্জংটিভাইটিমের আকার ধারণ করে।

হাইপারী মিয়া ।—(Hyperæmia) কনু জংটাইভার হাইপারীমিয়া বা রক্তাধিক্য রোগ, সচরাচর সামান্য কনজংটিভাইটিস্ বা
অপ্থ্যাল্মিয়া (অক্ষিপ্রদাহ) শব্দে উল্লিখিত হয়। কন্জংটাইভা
নিম্নলিখিত আকার ও লক্ষণাপন্ন হইলে, এই রোগসমাক্রান্ত বলিয়া
প্রতীয়নান হয়।

ইভিপূর্কেই চকুর শারীরস্থান প্রকরণে বর্ণিত হইয়াছে, যে,

সুস্থ কন্দংটাইভ। এক প্রকার স্বচ্ছ টিমু দাত্র। ইহার নধ্য দিয়া উজ্জ্বল, মসূণ ও শ্বেতবর্ণ স্ক্রারোটিক্ দেখিতে পাওয়া যায়। অকিপুট উল্টাইয়া দেখিলে, দেখা যায়, যে, কন্জংটাইভার নিম্নে কতকণ্ডলি কুদ্র কুদ্র স্কুল্ল ও ঈবং রক্তিম রেখা অক্ষিপুটপ্রান্ত হইতে পশ্চা-দিকে লখনান হইয়া গনন করিতেছে। ইহাদের দ্বারা মিবোমিয়ান গ্লাও সকলের অবস্থান নির্নাপিত হয়। আর ইহারা স্বয়ং নিউক্য মিয়েণের নিম্নে অবস্থান করে, স্ত্রাং যখন কন্জংটাইভা আরক্তিন হয়, তখন এই সকল গ্লাওও অপ্প বা অধিক পরিনাণে অদৃশ্য হইয়া পড়ে।

হাইপারীমিয়া রোগে অকিপুট উল্টাইলে, দেখিতে পাওয়া যায় যে, কন্জংটাইভ। কেবল আর্রক্রিম হইয়াছে এমত নহে; উগার উপ-রিভাগের মদুণভাও বিন্ট হইয়াছে। নিম্নে উহার ছুই নী কারণ নির্দেশ করা যাইতেছে। ১ম, ভিলাই মধ্যস্থ রক্তবহা-নাড়ী সকলের পীড়াজনিত যে রক্তাধিকা হয়, তাহাতে উহারা বিদ্ধিত হইয়া পড়ে। ২য়, কন্জংটাইভার গ্ল্যাণ্ড বা গ্রন্থিসকল অপেক্ষাকৃত কার্য্যশীল ও বৃহত্তর হইয়া পড়ায়, ও তংগজে গজে ভিলাই ক্ষীত হওয়ায়, মিউক্স্ নিষ্তে নস্ণতা বিন্ত হইয়া, বন্ধুর আকার হয়। বিশেষতঃ এই वसूत्र । हार्म - अर्वि ह्यान् किन्दिष्ठ स्थिए । वह छारम। अर्विछान् कान्छ आवात य मकन मिथिन को मिकतिली আছে, ভাছাও রসের উৎপ্রবেশ (Effusion) হেতু কিঞ্চিং ক্ষাত হয়। অক্সিপুট্বয়, ক্যারস্কল্ (Caruncle) এবং সেমিলুনার কোল্ড ভার-চন্দ্রাকৃতি ভাঁজ) সকলও কিঞ্চিৎ ক্লীত হয়। সামান্য হাইপারীমিয়াতে অবিট্যাল্ কন্ত্ৰং টাইভা অত্যম্প পরিমাণে পীড়িত হয় বলিয়া, এমতও বোধ হইতে পারে যে, উহার বাহিক পরিদুশ্যনান রক্তবহা-নাড়ী मकल हे क्विल आंतुक्ति इहेगारह। याहा इडेक, এই अवस्था এ সকল নাড়ীকে স্ক্রারোটিকের উপার দিয়া কর্ণিয়ার অভিমুখে জালা-কারে সতত সঞ্চালিত হইতে দেখা গিয়া থাকে।

বরোরদ্ধির সঙ্গেই আমাদের কনজংটাইভা ঈষং রক্তিন হইতে থাকে, স্কুরাং এই অবস্থাকে পীড়ার চিহ্ন বলিয়া গণ্য করা যাইতে পারে না।

রোগনির্বা । —কন্সংটাইভার হাইপারীনিয়া স্ক্রারোটিকের হাই-পারীনিয়া রোগ হইতে বিশেষ২ লক্ষ্য ও আকারে প্রভিন্ন। এই প্রতেদ ছাত্রদিগের বিশেষ অবগত হওয়। উচিত। কনজংটাইভার হাইপারীমিয়া কেবল বাহ্যপ্রদাহ মাত্র। ইহাতে কনজংটাইভা কিঞ্চিং স্ফীত ও আরক্তিম বলিয়া বোধ হয়। কিন্তু স্ক্রারোটিকের হাই-পারীমিয়া রোগে চক্ষুর আভ্যন্তরীণ পদার্থ সকল অপে বা অধিক পরিমাণে পীড়িত বোধ হয়।

নিম লিখিত বিষয় গুলির প্রতি দৃষ্টি রাখিলে, অবিট্যাল কনজং-টাইভার রক্তাধিক্যকে স্ক্রারোটিকের রক্তাধিক্য বলিয়া কথনই ভ্রম হইতে পারে না। কারণ অবিট্যাল কনজংটাইভার মিউকস্ মেয়েণের উপর অঙ্গুলির অগ্রভাগ দারা প্রতিচাপ দিয়া সঞ্চালিত করিলে, বুহতুরীভূত রক্তবহা-নাড়ীগুলিকে স্ক্রারোটিকের উপর সহজেই স্থানভ্রম্ট করিতে পারা যায়। অপিচ এই অবস্থায় রক্তবহা-নাড়ী গুলিকে প্যাণ্পি-ব্র্যাল কোল্ডের দিকে সর্ব্বাপেক্ষা স্পান্ট দেখিতে পাওয়া যায়। উহারা কর্ণিয়ার অভিমুখে যতই অগ্রসর হইতে থাকে, ততই সংখ্যায় এবং আকারে হ্রাস হইয়া যায়। অধিকন্ত, ব্লভ্তর রক্তবহা-নাড়ী সকল পরস্পর-বিভিন্ন ও সুস্পান্ট, এবং চীনদেশীয় সিন্দুরের ন্যায় উজ্জ্ব লোহিতবর্। কিন্তু ক্সারোটিকে হাইপারীমিয়া হইলে, ভাহা কর্ণিয়ার প্রান্তের চতুর্দ্দিকেই দৃষ্ট হইয়া থাকে। রক্তবহা-নাড়ী গুলি এত স্থক্ষা হয়, যে তাহাদিগকে পরস্পর ভিন্ন ভিন্ন দেখিতে পাওয়া যায় না। স্ক্রারোটিক যেন বিরল বায়লেট্ রন্ধ দারা রঞ্জিত বোধ হয়। এই রন্ধের গাঢ়তা, কর্নিয়ার চতুস্পাধ্যে, তাহার প্রান্ত হইতে প্রায় 🗟 ইঞ্চ দুর পর্য্যন্ত বিলক্ষণ ঘোর থাকে। পরে তথা হইতে ক্রমে বিরল হইয়া আসিয়া, পরিশেষে উহার প্রকৃত শ্বেত্বর্ণে পরিণত হয়। আমর। সচর।চর স্ক্রারোটিকের হাইপারীমিয়ার সঙ্গেহ কন্জংটাইভার হাইপারীনিয়া রোগও দেখিতে পাই। সুতরাং অনেক স্থলে এত-ছুভয়ের প্রভিন্নতা, অপরসাধারণ সকল দর্শকেরই চৃটিপথে উপনীত হইতে পারে।

রোগজ লক্ষণ।—রোগীর ধাতু বা মানসিক প্রকৃতি অনুসারে কন্জংটাইভার হাইপারীমিয়া রোগ অপে বা অধিক পরিমাণে যাতনা বা অমুবিধার কারণ হইয়া উঠে। কোন কোন ব্যক্তি অন্যান্য ব্যক্তি অপেকা এই যাতনা সমধিক তীক্ষ্ণ বলিয়া জ্ঞান করে। কিন্তু প্রকৃত কথা বলিতে গেলে, যে ব্যক্তির ক্লেশানুভবশক্তি অপেকাকৃত তীক্ষ্ণ, সে যদি এই রোগাক্রান্ত হয়, তবে নেও এই মাত্র যাতনা অভিযোগ করে,

যে, ভাহার চক্ষতে যেন বালুকারেণু পতিত হইয়াছে। ইহাতে বোধ হয়, যে, মিউক্স মিয়ে ণের বদ্ধশোণিত-রক্তবহা-নাড়ীগণ কর্ণিয়ার উপরিভাগে ঘর্ষিত হইয়া এব্যিধ ক্লেশানুভব করাইয়া দেয়। যাহা रुडेक आमार्द्रित नरमाञ्चमारत এই लक्षर्भत् । विजिन्न गिरिया थीरक। উহ। রদ্ধ ব্যক্তি অপেক। যুব। ব্যক্তিরাই অধিকতর অনুভব করিয়। পাকে। কারণ রদ্ধ ব্যক্তিদিগের অবিকিউলারিসের পৈশিক সূত্র সকল সক্ষোচনশক্তি বিরহিত হয়; এজন্য উহাদের অকিপ্টিয়য় অকি গোলককে আবরণ করিবার সময়, তত চূচ্ত্রপে প্রতিচাপ দিতে পারে না। ব্লুবয়নে অক্ষিকোটরাভ্যন্তরস্থ য়্যাডিপোজ টিসু (Adipose tissue) বা বসা-বিাল্লী সকল ক্রমশঃ অবসূত বা শোষিত (Absorb) হইয়া যাওয়ায়, অক্ষিণোলক কোটরমধ্যে মগ্ন হইয়া পড়ে। সুভরাং উহা প্টদ্বয় হইতে কিঞ্ছিৎ দুরে অবস্থান করে বলিয়া, ভাহারা উহার উপরিভাগে শিথিলভাবে ঝুলিতে থাকে। এই সকল অবস্থায়, রোগী যদিও কোনপ্রকার কট অনুভব করে না বটে, কিন্তু উহার কন্জং-होंडें विनक्ष यातिक्रिय इटेट शादा। कात्रण, जिक्तिश्वेष रसत শিথিনভাব হওয়ায়, রক্তবহা নাড়ীগুলি অপেকাকৃত অপিক রক্তপারণ করিতে স্থান পায়, অথচ তদ্বারা অকিগোলক ও অকিপ্টের পরস্পর প্রতিচাপ ও ঘর্ষণের আধিক্য হয় না। অপেকাকৃত সাগান্য কন্জং-টিভাইটিস রোগাক্রান্ত হইলে, মনুষ্য কিপ্রকার কট অনুভব করে, তাহা জানিতে হইলে, উপরিউক্ত বিষয় সকলের প্রতি দৃষ্টি রাখা সর্বতোভাবে বিধেয়।

হাইপারীনিয়া রোগ হইলে, রোগী যদি সূর্য্য কিয়া দীপের আলোকে দুটি নিক্ষেপ করে, তাহা হইলে উহা তাহার কট এবং বিরক্তির কারণ হইয়া উঠে। অধিকক্ষণ পর্যান্ত এইরূপ করিলে, উক্ত লক্ষণের রুদ্ধি হয়। সুতরাং রোগী অনবরতঃ কয়েক ঘনী পর্যান্ত তাহার নিত্য ও আবশ্যক কর্মাদি নির্মাহ করিতে অক্ষন হয়। \*

ল্যাক্রিম্যাল্ এবং কন্জংটাইভ্যাল্ গ্ল্যাণ্ড্ হইতে অধিক পরিমাণে রম নিঃসৃত হইতে থাকে। কিন্তু উহা কখনই বিকৃতিভাব ধারণ করে না। সুতরাং এই রোগ সংক্রোমক নহে। রোগী কেবল চকু হইতে অনবরত জল নিঃসৃত হইতেছে বলিয়া অভিযোগ করে। †

<sup>\* &</sup>quot;Augenheilkunde," Stellwag von Carion, p. 317.

<sup>† &</sup>quot;Maladies des Yeux," par M Weeker, vol. i, p. 11.

চালনার আতিশ্যা হইলে, কিয়া উজ্ঞ্জল আলোকে দৃষ্টি নিয়োগ করিলে, এই লক্ষণেরও রিদ্ধি হয়। নোধহয় কন্জংটাইভালি এবং ল্যাক্রিমাল প্রাণ্ডের উত্তেজনই উহার কারণ। অপিচ অক্ষিপুটের মিউকস্ মেয়েবুণের ক্ষীত ও আরক্তিন অবস্থা, পংটা ও ক্যানালিকিউলি বা অক্রাপ্রণালীর আবরক মেয়েবুণ পর্যান্ত বিস্তৃত হয়; এবং অক্রান্তর বাইবার প্রকৃত পথ রুদ্ধ হওয়ায়, উহা নাসাপাল্প দেশে প্রাবিত হইয়া, প্রবাহিত হইতে থাকে। রোগী এই বিষয়ই অভিযোগ করে। অপরন্ত হাইপারীমিয়া রোগের অনেক স্থলে, ঐ ক্ষীত অবস্থা বিপরীত দিক্ হইতে আরম্ভ হইয়া থাকে; অর্থাং প্রথমে নাসিকা প্রণালীর অর্থাং নেরিসের (Naris) অভ্যন্তরম্ভ মিউকস্ মেয়েবুণ উত্তেজিত হয়, তৎপরে অক্রাপথের, অবশেষে অক্ষিপুট্রয়ের মিউকস্নেরেবুণে বিস্তীণ হইয়া পড়ে। এইরূপে ঘটনা সচরাচর সামান্য শ্লোমাংক্রান্ত হইলেই দৃষ্ট হয়, এবং তাহাতেই ক্যাটার্যাল্ অপ্থ্যাল্-িম্যা নামক রোগের উৎপত্তি করে।

কারণ। — গ্রীষ্মপ্রধান দেশে নানা কারণে কন্জংটাইভায় হাইপারীমিয়া রোগের উৎপত্তি হয়। এখানে সম্বংসরের মধ্যে নয় মাস আমাদিগকে স্থারের ভয়ানক উত্তাপ সহ্য করিতে হয়। এদিকে গুহের বাহিরে আসিলেই বায়ু ধূলিয়য় লক্ষিত হয়; এবং গৃহাভান্তরে, দরিদ্রদিগকে অয়পাক করিবার সময় সতত জালানি কাঠের ধূম সহ্য করিতে হয়। চহুর্দ্রিকে পূতিগন্ধপ্রভাব, এমোনিয়া বা য়বক্ষারজান বাস্পের ধূম, অনারত ও তুর্গন্ধময় পয়ঃপ্রণালীর অপকারক বাষ্পা, এবং সর্ব্যাকার ময়লা ও পচা দ্রব্যের তুর্গন্ধ ইত্যাদি কারণে সতত চকুর উত্তেজন হইয়া, হাইপারীময়া রোগের উৎপত্তি হয়। শীতপ্রধান দেশে হঠাৎ ঋতু পরিবর্ত্তন দারা সচরাচর শ্লেমারোগ হইয়া, অপ্থ্যাল্নিয়া রোগের উৎপত্তি হয়। অপ্থ্যাল্নিয়া রোগের উৎপত্তি হয়। তদ্যতিরেকে তথায় অন্য কোন সাধারণ কারণে সামান্য কন্জংটিভাইটিস্ রোগের উৎপত্তি হইতে দেখা যায় না।

কোন বাহাপদার্থ (যেমন, মৃত্তিকা, কীট ইত্যাদি) কন্জংটাইভার উপর পতিত হইলে, তত্রতা মিউকস্মেম্বেণ আরক্তিম হইয়৷ উঠে। চকুর পক্ষা উল্টাইয়া অক্ষিগোলকে ঘর্ষিত হইলে, তজ্জনিত উত্তেজন ও রক্তাধিকাও এই শ্রেণীতে গণ্য হইবেক।

রেটিনা পীড়িত হইলে, প্রত্যাব্লন্ত বা প্রতিফলিত (Refraction)

কার্যারার কন্জংটাইভারও রক্তাধিক্য উপস্থিত হয়। দুরছ্টি চক্ষুর অক্মিমুকুরের সম্মুখভাগের ম্যুজ্ঞতা প্রকৃত অবস্থাতে রাখিবার নিমিত, উহার দর্শনোপ্যোগিতা অতিরিক্ত কার্য্য দ্বারা ক্লান্ত হয়; স্মুভরাং ভদ্মারা কন্জংটাইভায় হাইপারীমিয়া রোগের উৎপত্তি হয়।

পরিশেষে ইহাও বক্তবা, যে পাকছলী এবং রসদ-যন্ত্র সকল (Secreting organs সিক্রিটিং অর্ধান্স) দুষিত হইয়া, বিশৃষ্থানতা উৎপাদন করিলেও, কন্জংটাইভা মেদ্বে গে রক্তাধিক্য হয়। এইরূপে পাককৃচ্ছু, বাত, সূত্রপ্রির বিশৃষ্থানতা, বদ্ধরজ্ঞঃ, ও পোটাল্ কন্জেশ্চন্ প্রভৃতি রোগে, কন্জংটাইভায় হাইপারীনিয়া রোগ উৎপন্ন হইয়াধাকে। আর উদরিক এবং অপরিমিত ও অনিয়্যাচারী ব্যক্তিদিগের চন্ধু যে সর্বাদা মঙ্গল ও আরক্তিন থাকে, তাহা আমরা সকলেই সচরাচর দেখিতে পাই।

চিকিৎসা।—এই রোগ চিকিৎসা করিতে হইলে, যেসকল কারণে এই রোগের উৎপত্তি হইয়াছে, সাধামত সেই সকল মুনীভূত কারণের দুরীকরণ করা উচিত। যেমন, নীলবর্ণ বা অন্যতরবর্ণের (Neutral tint) চস্মা ব্যবহার করিলে, রোদ্রের উভাপ বা ধুলার উৎপাত্ত নিবারিত হইতে পারে। ক্রমাগত অধিক কণ পর্যান্ত বাহ্যবামুতে চকু নিয়োজিত রাখিলে, কন্জংটাইভার যে রক্তাধিকা জন্মে, তাহা উক্ত সহজ উপায় দারা অনায়াসেই নিরাময় হইতে পারে। কিন্তু তুর্ভাগ্যবশতঃ এই উপায় দরিদ্রদিগের সজতি ও ক্ষনতার অতীত; এবং তাহাদের কর্মকার্যাদির সম্পূর্ণ প্রতিকূল।

এক উন্দ্রপরিষ্কৃত জলে এক গ্রেণ হইতে ছই গ্রেণ পর্যান্ত সল্কেট্ অব্ জ্বিংক্ মিশ্রিত করিয়া, য়্যাফ্রিন্সেন্ট লোশন্ প্রস্তুত করতঃ চক্ষুতে প্রদান করিলে, এবম্বিধ রক্তাধিক্যের বিশোব উপকার দর্শে। অপিচ, ১ গ্রেণ য়্যামিটেট্ অব্ লেড্ ১ উন্দ্র জলে মিশ্রিত লোশন্ আরো উপকারক। কিন্তু এই ছুয়ের একতর পক্ষে, ভাইন্য্ ওপিয়াই বা টিংচার অব্ ওপিয়্ম, যাহা এইরপ ধোতকরণে সচরাচর ব্যবহৃত হইয়া থাকে, তর্যবন্থা যুক্তিসন্থত নহে। কারণ, উক্ত পরিমাণের আফিল রোগের কোন প্রতীকার করিতে পারে না; এবং টিংচারে যে স্পিরিট (উত্তেজক মাদক্রের্য) আছে, তাহা যত অপপপরিমাণে ইউক না কেন, কোন না কোন অপকার সাধন করিয়া থাকে। রোগীকে উর্দ্ধ্যুখ

করাইয়া ও তাহার নিরাক্ষিপুট উল্টাইয়া, নাসাপাশ্ব অপাদ্ধ দেশে, উক্ত ছই লোশনের একতর লোশন, ঢালিয়া দিতে হয়। তাহাতে লোশন্ সমুদায় চক্ষু ব্যাপ্ত হইয়া পড়ে। দিবাভাগে অনবরতঃ এইরপ করিতে হয়। ইহাতে কন্জংটাইভার প্রসারিত রক্তবহা-নাড়ীসকল স্ব স্থানে সন্ধু চিত হইয়া আইসে, এবং ভন্মধান্ত রক্তব্যোত ক্রতবেগে সঞ্চালিত হইয়া, চক্ষুর স্থাবন্থা সম্পাদন করে। রাত্রিতে রোগীর পীড়িত চক্ষুর অনাবৃত পুটপ্রান্তে নিয়লিখিত ঔষধদারা অয়েন্ট্ নেন্ট্ (নলম) প্রস্তুত করিয়া দিতে হয়।—অন্ত্রেন্ট্র্য হাইডার্জ, অক্লাইডাই রুব্রাই ডাইলিউটন্ ট্লাম; ক্যাকাও বটার ও ডাম।

কন্জংটাইভার সামান্য হাইপারীমিয়া রোগে, স্নায়বীয় শক্তির অসম্পূর্ণ প্রযুক্ত, বা শোণিভ এবং ঝিল্লীমমূহের কোন দূষিত পরিব্রুন প্রযুক্ত উদ্ভূত রক্তবহা নাড়ীর প্রসারপ ব্যতিরেকে, অন্য কোন সাংপ্রাপ্তিক পরিবর্ত্তন ঘটিতে দেখা যায় না। স্তরাং উপযুগপরি উষধ ব্যবহার করিলে, উক্ত প্রসারণ বিনম্ট হইয়া রক্তবহা-নাড়ীগণকে স্ত্রাব্রায় আনম্মন করে। এই নিমিত্তই আমরা রোগীকে প্রাতঃ সন্ধ্যা ছইবার ১০ মিনিট্ কাল পর্যান্ত মুদিত অক্তিপুটে শীতল জলের ছিটা প্রদান করিতে অনুমোদন করিয়া থাকি। শীতল জলে কাপড় ভিলাইয়া, স্তরেই অক্তিপুটের উপরিভাগে প্রদান করাও প্রসিদ্ধ। উহা শায়ন সময়ে অন্ততঃ ১৫ মিনিট্ কাল পর্যান্ত অবস্থিত রাখিলে বিলক্ষণ আরাম বোধ হয়। যাহাইউক, এই জল অতিশ্য় শীতল হওয়া উচিত নহে। তাহাইইলে কন্জংটাইভাতে একেবারে রক্তের লোপাপতি উপস্থিত হইবার সন্ত্যাবনা।

যেন্দ্রেল অধিকক্ষণ পর্যান্ত একদৃষ্টিতে চাহিয়া থাকিলে, চক্ষুর রক্তাধিক্য হয়, সেন্থলে প্রথমতঃ দর্শনেন্দ্রিয়ের বিশ্রাম, ও সুব্যবহার করিয়া
চক্ষুরক্ষা করিতে যত্ন পাওয়া উচিত। বর্ত্তমান সময়ে, যথন আমাদিগের
অবিশ্রান্ত পরিশ্রেম ব্যতীত জীবনোপায়ের আর কোন গতান্তর নাই,
ভখন আমাদিগকে নিয়ত পরিশ্রেমের নিমিত্ত যেসকল কন্ট সহা ও স্বাস্থ্য
ভদ্দ করিতে হয়, তাহাতে আমাদের চক্ষু অরুগ্ন থাকা নিতান্ত
অসম্ভব।

যখন কোন অন্তরন্ধের বিশৃত্যালত। (Visceral disorder) সহ-যোগে এই পীড়ার উৎপত্তি হয়, তথন কোন প্রকার স্থানিক ঔষধ ব্যবহার না করিয়া শরীর পরিবর্ত্তক (Alteratives) ও তদ্রপ অন্যান্য উষধ সেবন করিয়া, আরক্তিন কন্জংটাইভাকে নতত উপশনিত করা উচিত। তানাক ও নদ্যপান বিষয়ে সতত বিশেষরূপে বিরত থাকা বিধেয়। আকণ্ঠ বা অপরিমিত আহার করা অনুচিত। এক মাত্রায় বু পিল, (Blue pill) এবং বুয়াক্ ড্যাপ্ট (Black draught) কোন কোন স্থানে ব্যবস্থ। করা অনুমোদনীয়। আর কোন কোন স্থানে টনিক্স্ (Tonics বলকারক ঔষধ) ব্যবহার করা উচিত। অপ্পবয়ক্ষ ব্যক্তি অথবা অধ্যায়ীছাত্রেরা, যখন শারীরিক কিঞ্চিং দৌর্জন্য প্রযুক্ত হাইপারীমিয়া রোগগ্রস্ত হয়, তখন এই টনিক্স্ ঔষধ সেবন করাই সমধিক প্রাস্থিন। যদিও উহারা য়্যান্ট্রিক্তেন্ট (Astringent) ঔষধ ব্যবহার করে, এবং প্রত্যন্থ লিখন ও পঠন হইতে বিরত থাকে; তথাপি একেবারে রোগোন্ম্বান করিতে হইলে, স্বাস্থ্যকর আহার, ব্যায়াম, লৌহ্ঘটিত ঔষধ (Iron) সেবন, এবং শীতল জ্বের ছিটা প্রদান প্রত্যুক্তি কার্য্যাদি করিতে হয়।

চক্ষুর মধ্যে পক্ষা প্রভৃতি কোন বাহুপদার্থ প্রবিষ্ট ইইয়া রক্তাথিকা উপস্থিত করিলে, তংকণাং তাহা বহিক্ষত করা কর্ত্বা। চক্
পরীক্ষা করিবার সময়, উভয় অপান্ধবর্তী পক্ষগুলির প্রতি বিশেষ
করিয়া একবার দৃষ্টি-নিক্ষেপ করা উচিত। সামান্য একটা লোমদ্বারা কন্জংটাইভার এত পরিমাণে রক্তাধিক্য ইইতে পারে, যে যতক্ষণপর্যান্ত না উক্ত লোম বহির্গত হয়, ততক্ষণ পর্যান্ত রক্তাধিক্য
বিদ্যান্য থাকিয়া, রোগীকে সাংসারিক কার্যাদিতে বিরত রাখে।
এইস্থলে একটা স্থাচ, নাইট্রেট অব্ সিল্ভারে মাখাইয়া, পক্ষানী নির্মান
করতঃ তম্মূলহানে ক্রমণ্ড প্রবিষ্ট করিয়া, উক্ত লোমের অক্ষুর
পর্যান্তও উন্মূলিত করিয়া দিতে হয়। এই সন্দে সল্পে ঐ স্থানে
কিঞ্চিং প্রদাহও উপস্থিত করিয়া দিতে হয়। ইহাতে উক্ত পক্ষের
মূল বিনফ ইইয়া য়ায় এবং পুনর্বান্ধিত হইতেও পারে না। এই প্রক্রিয়া কি রূপে সাধিত হয়, ভাহা ইতিপুর্বে ট্রিকএসিস্ (Trichiasis)
রোগ বর্ণন সনয়ে উল্লিখিত হইয়াছে।

হাইপারনিট্রে পিয়। বা দূরদ্টিজনিত কন্জংটাইভার হাইপারী-নিয়া রোগ, দক্ষতা সহকারে একখানি স্তাজ চম্মা অনুমোদিত করিয়া ব্যবহার করিলে, নিরাময় হইতে পারে। কিন্তু চমনার গ্লাস্ ছখানি জবিরত-মাতিশ্য-ক্লান্ত চকুর পৈশিক যন্ত্রকে সুস্বোধ করাইতে সম্পূর্ণ উপযোগী হওয়া আবশ্যক। সে যাহাইউক, এই রোগ এবং রোট- নাইটিস্ (Retenitis) অর্থাৎ রেটিনা-প্রদাহ সংক্রোন্ত রক্তাধিক্য রোগ, পরবর্ত্তী অধ্যায়ে বর্ণিত হইবে বলিয়া, এক্ষণে আমরা ভদুর্ণনে স্থগিত থাকিলাম।

মিউকো-পিউরিউলেন্ট্ (Muco-Purulent) বা ক্যাটার্যাল্ কন্জংটিভাইটিস্ রোগ।—মিউকো-পিউরিউলেন্ট্ কল্জংটিভাইটিস্ রোগকে হাইপারীমিয়া রোগের বিদ্ধিত বা নদতর অবস্থা বলিলেও একপ্রকার বলা যাইতে পারে। তবে এই মাত্র প্রভেদ যে, এই রোগে কন্জংটাইভা হইতে যদিও জলবৎ তরল অঞ্চ নির্গত হয় বটে, কিন্তু উহা লালা-গুণাত্মক এবং ক্লেদ বা পিচুটীময় বীজে পরিপুরিত। অপিচ এই মিউকো-পিউরিউলেন্ট ক্লেদের সংক্রামকগুণই এতহ্তয় রোগের পরস্পর প্রভেদ বুঝাইয়া দেয়।

সংপ্রাপ্তি এবং আকৃতি ও অবস্থা।—মিউকো-পিউরিউলেন্ট
কন্জংটিভাইটিস্ রোগের প্রথমাবস্থায় কেবল অক্ষিপুর্টীয় কন্জংটাই—
ভার রক্তবহা-নাড়ী সকলকেই পীড়িত হইতে দেখাগিয়া থাকে। স্তেরাং মিউকস্ মেধ্বে নের রক্তাধিক্যপ্রযুক্ত তন্মিরবর্তী মিবোমিয়ান প্র্যাপ্ত
সকল দৃষ্টিগোচর হয় না। অক্ষিপুটের অন্তর্ভাগ সর্ব্বভঃ সমলোহিতবর্গ
দেখায়। কন্জংটাইভা বিশেষতঃ টার্মো-অবিট্যাল ফোল্ড কিঞ্চিং
স্কীত হয়। সেমিলুনার বা অক্ষিচন্দ্রাকৃতি ফোল্ড ও ক্যারক্ষল্ও
স্কীত হয়, এবং সাধারণতঃ তুই চক্ষুই পীড়িত হইয়া পাকে। কন্জংটাইভার রক্তবহা-নাড়ী সকল স্কীত হত্তয়ায়, ভিলাই গুলি সুস্থাবস্থা
হইতে কিঞ্চিং উন্নত দেখায়। প্যাপিলার অন্তর্ম্বর্তী রক্তবহা-নাড়ীবন্ধনী আরক্তিম হইয়া, উহার সংযোজক ঝিল্লীতে বছল রসোৎপত্তি
করে; সুভরাং ভিলস্ আচ্ছাদক বেস্মেন্টমেশ্বেণ (ভিত্তিদ-ঝিল্লী) ক্রমশঃ
বিদ্বিত হইতে পাকে।

অক্নিকোর্টরীয় কন্জংটাইভার রক্তবহা নাড়ীগণ সময়ে সময়ে এত পীড়িত হয়, যে, মিউকস্ মেশ্বেণ গাঢ় আরক্তিন ও রক্তসংঘাতিত হইয়া, নিম্নবর্তী ক্লারোটিক্কে সর্প্রভোভাবে অদৃশ্য করিয়া কেলে। এই সকল অবস্থায় কিনোসিন্ (Chemosis) দৃষ্ট হয়। এই কিনোসিন্ শক্ষী কন্জংটাইভাতেই ব্যবহৃত হইয়া থাকে। ইহাদারা এই বুঝা যায়, যে, সব্-মিউকস্ কনেক্টিভ টিমু অর্থাং অধীন-শ্লৈমিক সংযোজক বিল্লীতে রসাল্পারেশ হইয়া, কন্জংটাইভাত্তের ক্ষীতি উৎপাদন

করিয়াছে। সে যাহাইউক, অধিকাংশ স্থলে অবিট্যাল কন্জংটাইভার রক্তবহা-নাড়ীগুলি কেবল উল্লিখিতরূপে গাঢ় আরক্তিম হয় এনত নহে, প্যাম্পিব্র্যাল কন্জংটাইভা হইতে অনেক গুলি বৃহৎ ও পরস্পর-প্রভিন্ন রক্তবহা-নাড়ী কর্ণিধার অভিমুখে জালাকারে গতায়াত করিতে থাকে।

এই রোগের বিভিন্নভানুসারে কিমোসিদের পরিমাণেরও ভারতম্য ঘটিয়া থাকে। টার্মো-অবিট্যাল এবং সেমিলুনার কোল্ডে উহা সুস্পান্ট অনুভূত হয়। কোন কোন অবস্থায়, উহা কন্জংটাইভাকে সন্মুখ-দিকে ক্ষ্মীত করে, এবং ভাহা কর্ণিয়ার প্রান্তভাগে কিঞ্চিং উদ্ধৃত হইয়া পড়ে। এই কারণেই অর্থাং রক্তবহা নাড়ীসকলের অভি-প্রসারণ প্রযুক্ত নিউকো-পিউরিউলেন্ট্ রোগে, প্যাল্পিব্র্যাল্ ও অবিট্যাল্ উভয় কন্জংটাইভাতে ইকাইনোসিদের (Ecchymosis) কলম্ব সকল দেখিতে পাওয়া গিয়া থাকে। বহুল ক্ষুদ্র রক্তব্র লাকিক (Hæmorrhagic) চিল্ল সকল, বোধ হয়, নিউকস্নেম্থু ণের কোনং স্থ্যা রক্তবহা নাড়ীর উদ্ভেদ এবং শোণিতক্ষরণ অবস্থা হইতেই উৎপন্ন হইয়া থাকে।

সাধারণতঃ এই রোগে রোগীর অক্ষিপুট্বয়, বিশেষতঃ তাহা-দের প্রান্তদেশ অপ্পপরিমাণে ক্ষীত ও আরক্তিম হইয়া থাকে।

এই রোগে ল্যাক্ন্যাক্ ও কন্জংটাইত্যাল্ প্লাণ্ড হইতে যে জল সঞ্চারিত হয়, তাহা ভিন্ন ভিন্ন সময়ে ভিন্ন ভিন্ন প্রকৃতি ধারণ করে। রোগারস্তু সময়ে এই জল পরিমাণে বুদ্ধি হয়; কিন্তু উহার গুণের প্রকৃতিগত কোন পরিবর্ত্তন দেখিতে পাওয়া যায় না। রক্তবদ্ধ হইয়া যতই রক্তাধিক্য হইতে থাকে, ততই রক্তবহানাড়ীন্ধ্য দিয়া শোণিত সঞ্চালন স্থগিত হইতে আরম্ভ হয়; এবং এই নিমিত্তই প্রথমতং উক্ত নিঃসৃত জল লালাময় হইয়া উঠে। পরিশেষে কন্জংটাইভার এবং কন্প্রোমিরেট্ প্ল্যাগুগুলির ইপিথিলীয়্যাল্ স্তর্মকলে, যেমত ভূতন ভূতন ছিদ্র বা কোষ উৎপন্ন হইতে থাকে, অননি শ্লৈমিক, পূয় ও অসংখ্য ইপিথিলীয়্যাল্ বা উপস্থানকোৰ, অন্দিপুট দিয়া প্রবাহিত উক্ত জলপদার্থ সমন্বিত হইয়া পড়ে। ইপিথিলীয়্যাল্ পর্মাণু সকলের অসম্পূর্ণ অবস্থা ও অসাম্য়িক বিক্ষেপণ প্রযুক্ত প্র সকল শ্লৈম্বিক ও পূয়-কোষ উৎপন্ন হইয়া থাকে। আর ইন্টার-সেলুলার বেসিস্ বা অন্তঃকৌষিক ভিত্তির অনিলাদ্র্প ভারল্য

প্রযুক্ত, উক্ত লালাত্মক জল পিচ্ছিল হয়। এই নিউকো-পিউরিউলেন্ট্ (পিচ্ছিলক্ষেদ্নয়) বীজ সচরাচর ঈষৎ শ্বেতবর্ণ বুদ্বুদাকারে একত্রীভূত হয়, এবং অসংলগ্নরপে অক্রজলে ভাসিতে থাকে। নিয়াক্ষিপুট উল্টা-ইলে অক্রা বাহিরে প্রবাহিত হইয়া পড়ে, সুতরাং নিউকসের বুদ্বুদ্ নকল সচরাচর কন্জংটাইভার উপরিভাগে, বিশেষতঃ টার্সো-অবিট্যাল কোল্ডে সমাবদ্ধ হইয়া পড়ে।

কেবল কন্জংটাইভা এবং অশ্রু-যন্ত্র এই রোগাক্রান্ত হইয়া পড়ে, এমত নহে। কিছুদিন পরে, মিবোমিয়ান ম্যাণ্ড সকলের আবরক নেয়েন সমিটি, সমীপবর্তী উত্তেজিত স্থান হইতে উত্তেজনাক্রান্ত হয়। এই সকল হইতে আবার অধিক পরিমাণে বিকৃত জল নঞ্চারিত হইয়া, নিদ্রাবস্থায় অক্ষিপুটপ্রান্তে সঞ্চিত হয়। জাগরিত হইয়া দেখা যায় য়ে, উহা শুক্ষ হইয়া অক্ষিপুটদুয়কে সংযুক্ত করিয়া রাখিয়াছে। স্তরাং যতক্ষণ পর্যান্ত ধৌত করিয়া এই পিচুটা অপনীত করা না যায়, ততক্ষণ পর্যান্ত রোগী সহজে চক্ষু উন্মীলন করিতে সমর্য হয় না।

রোগজ লক্ষ। — নিউকো-পিউরিউলেন্ট্ কন্জংটভাইটিস্ রোগ হাইপারীমিয়া রোগের একপ্রকার বিদ্ধিত অবস্থা বলিয়া, উহা তদ্যোগজ লক্ষণ সকলের বিদ্ধিত অবস্থাকান্ত হইতে পারে, ইহা আমরা সহজেই অনুভব করিয়া থাকি। কনুজংটাইভার রক্তবহা-নাড়ীসকল হাইপারী-নিয়া রোগাপেকা সম্ধিক গাঢ়রূপে আর্ক্তিম হয় বলিয়া, রোগী বিশেষ ব্যতিব্যস্ত হইয়া অভিযোগ করে, যে, ভাহার চদুতে বালুকা বা কল্পরকণাবৎ কোন বাহ্যপদার্থ পতিত হইয়া ভাহাকে কন্ট প্রদান করিতেছে। তাহার এই বিশ্বাস অপনীত করিয়া দেওয়া অতিশয় इक्तर। এই द्वार्ट शीष्ट्रिंग ठक्क विलक्ष कछ्यनश्रेत रहेया थारक। প্রায় সকল সময়েই, বিশেষতঃ পরিশ্রমান্তে বা অধিককণ পর্যান্ত स्र्गा अथव। मीलाटक पृष्ठि निटकल कतिल, छिक्वािक नुष्ठे किञ्चि किंग ও ভाती निवा नाथ रत। नाकिगान भाष रहे उ अधिक পরিমাণে অশ্রু সঞ্চিত হইতে থাকে; এবং নিউক্স্ মেধে ণের ক্ষীতাবস্থা প্রযুক্ত পংটা অধিক বা অণ্প পরিনাণে রুদ্ধ হইয়া পড়ে; সুতরাং চফুতে অধিকতর অঞ্ সঞ্চিত হইয়া, অকিপুট-দ্য়নধ্যে আগমন করভঃ, কর্ণিয়ার সন্মুখভাগে ঝুলিয়। রোগীর চ্টির ব্যাঘাত জন্মায়। রোগী এই জল না মুচিলে স্পাট দেখিতে সমর্থ হয় না। দিবাশেষে এই সকল লক্ষণের আধিক্য হয়। কিন্তু

প্রাতঃকালে নিজা হইতে জাগরিত হইলে, অফি শুট-দ্র মিবোনিয়ান্ প্ল্যাণ্ডের শুদ্ধ ক্লেদ দারা পরস্পার সংলগ্ন হইয়া থাকে। \*

কর্ণিয়া উজ্জ্বল ও পরিষ্কার থাকে। কনীনিকা আলোক দুবা স্বাভাবিক সঙ্কুচিত হয়; সুতরাং এই ছুই অঙ্গে কোনকপ পীড়া হয় না।

মিউকো-পিউরিউলেন্ট কন্জংটিভাইটিস রোগাক্রান্ত ব্যক্তি,
চক্ষুতে কিয়া সুপ্রাঅবিট্যাল রিজনে (Supra-orbital region) কোন
রূপ প্রকৃত কন্ট অনুভব করে না। তাহার চক্তে আলোকাজিশ্য্য বোধ হয় না; কারণ, সে পুর্বোলিখিত লক্ষণাপার হইয়াও প্রোন্নীলিভ চক্ষুতে আমাদের নিকট সর্মান চিকিৎসার নিনিত্ত আইনে।

কোনপ্রকার উত্তেজক কারণ বিদ্যোন না থাকিলে, এই প্রকার কন্জংটিভাইটিস্রোগ অত্যম্পদিনের মধ্যেই নিরানয় হইতে পারে। কিন্তু উহা বিদ্যান থাকিলে, এই রোগ পরিবর্ত্তিত হইয়া, পিউরিউ-লেন্ট্ বা অন্য কোনপ্রকার প্রদাহের উৎপত্তি করে; অথবা বিভূত হইয়া পুরাতন হাইপারীমিয়া রোগের আকার ধারণ করে।

কারণ।—বছবিধ কারণে মিউকো-পিউরিউলেন্ট্ কন্জংটি-ভাইটিস রোণের উৎপত্তি হয়। কিন্তু অধিকাংশ হলে জলবায়ুর পরিবর্ত্তন অর্থাৎ শৈত্য, আর্দ্র তা এবং হঠাৎ ঋতু পরিবর্ত্তনই উহার কারণ বলিয়া গণ্য হয়। সময়েহ, এমত কি গ্রীম্মকালে, যখন এই রোগ দেশবাপ্তি ইইয়া পড়ে, তখন এই সকল কারণ কোনমতেই যথেন্ট বা সন্তোষজনকরপে গণ্য হইতে পারে না। এহলে, আমরা বিবেচনা করি যে, উহা শাস্যনাশক ব্লাইট্ (Blight) ও অন্যান্য প্রকার সর্মব্যাপী (এপিডেমিক্) রোগের ন্যায় কোন গুঢ় কারণমন্ত্ত † আর ইহাও শ্বরণ থাকা উচিত যে, এই রোগের সংক্রামক শুণও উহাকে দেশব্যাপিত করিতে কোন অংশেই ক্রটা করে না। এই

<sup>\*</sup> অকিপুট উটাইতে গেলে, কখন কখন আন্তা প্রকার কর উপস্থিত ছয়।
বিশোগতঃ এই কর প্রথম প্রথম ও প্রক্তরাবস্থায়, এবং দার্ঘকলে-স্থায়ী স্থলে,
অধিক বলিয়া বোধ হয়। প্রস্পের বিপ্রীত দিকস্থ কন্জংটাইভার উপরিভাগের উচ্চাব্যতা এবং সেই উপরিভাগ স্চরাচ্র যে রস্ক্রাবের দ্বারা মৃদ্ধ ও ক্রৈছিক
হয়, তাহার লাঘ্বই এই কটের কারণ।

<sup>† &</sup>quot;Lectures on Diseases of the Eye," by Mr. Critchett; Lance, vol. i. 1854, p. 510,

কারণেই বিদ্যালয়, দেনাচমূ, ও সাধারণ সমাজ হইতেই এই রোগ অথিক বিস্তীর্ণ হইয়া পড়ে। মৃত্তিকা হইতে উদ্ভূত বাস্প (Miasma), সন্ধীর্ণস্থানে বহুতর লোকের শ্বাসপ্রশ্বালোখ অপকারক বায়ু, নর্দ্দিনা, এবং স্থোতোহীন অপরিক্ষৃত পঢ়া জল হইতে সচরাচর যে তুর্গদ্ধ ও অপকারক বাষ্প উথিত হয়, তাহা সকলই এই রোগের আদিকারণ ও আধিক্যবন্ধিক।

চকুতে কোন বাছবস্তু পতিত হইয়। কন্জংটাইভাতে আবদ্ধ হইয়া পড়িলে, এই মিউকো-পিউরিউলেন্ট রোগের উৎপত্তি হইতে পারে। কোন পতন্দ চকুর মধ্যে প্রবিষ্ট হইয়া, কন্জংটাইভার স্তরে আবিদ্ধ হওতঃ, এই মিউকো-পিউরিউলেন্ট প্রদাহের উৎপত্তি করে। ইহা সকল দেশেই, বিশেষতঃ ভারতবর্ষে সর্বাচী দেখিতে পাওয়া যায়।

অতএব এই রোগ নচরাচর "ক্যাট্যার্যাল্" (Catarrhal) শদে আখ্যাত হয় বলিয়া, এই ক্যাট্যার্যাল শদের গুণ বিষয়ে অনেক সন্দেহ উপস্থিত হইতে পারে। ক্যাটার শদের অর্থ নেত্রমল বা পিচুটী। ইহাকে পূর্ব্বদেশে ক্যাতর এই অপজ্রংশ শদে উল্লেখ করিয়া থাকে। সঞ্চারিত জলের প্রকৃতি বিবেচনা করিলে, এই শদ্রের ব্যবহার উপযুক্ত বোধ হয়। কিন্তু পূর্ব্বেই উল্লিখিত হইয়াছে যে, নেত্রমলোৎপাদক কারণ ব্যতীত অন্যান্য অনেক কারণে এই রোগের উৎপত্তি হইয়া থাকে; স্কৃতরাং তাহাদের অবস্থা বিবেচনা করিলে, উক্ত ক্যাটার্যাল্ শদের প্রয়োগ সম্পূর্ণ উপযুক্ত বলিয়া বোধ হয় না। অপরন্ত, যে সকল অবস্থায় নিশ্বাস-প্রশাস-পথে সামান্য শ্লেখা বা কফের উৎপত্তি হয়, সেই সকল অবস্থায় অনপেক্ষ হইয়াই হউক, অথবা অনুনাসিক শ্লৈমার উৎপত্তি হয়। পরিশেষে ইহাও বক্তব্য, যে, এই মিউকো-পিউরিউলেন্ট ক্রুজংটিভাইটিস্ রোগ নানাবিধ এক্জ্যান্থিনিটা বা ত্র্কম্ফোটক রোগাবস্থায় উৎপন্ন হইতে পারে।

চিকিৎসা।— মিউকো-পিউরিউলেন্ট্ কন্জংটিভাইটিস রোগ

চিকিৎসা করিতে হইলে, প্রথমতঃ যে কারণে এই রোগের উৎপত্তি

হইয়াছে, ভাহা অপনীত করিতে সাধ্যমত চেন্টা করা বিধেয়। কোন

বাহ্যপদার্থ চক্ষুর মধ্যে পতিত হইয়া প্রদাহ উপস্থিত করিলে, এই চেন্টা

সহক্রেই সম্পাদিত হইতে পারে। কিন্তু সচরাচর যে সকল কারণে,

অর্থাৎ অধিকক্ষণ পর্যান্ত ধূলি-সংযোগ, অপকারক বায়ু, এবং রৌজ

কিয়া অপরাপর উত্তেজক পদার্থে অধিকক্ষণ পর্যান্ত চকুনিবেশ করিয়া, যদি এই রোগের উৎপত্তি হয়, তবে ঐ সকল ক্ষতিকর দাহদ-কারণ সহজে অপনীত করা, বিশেষতঃ দরিদ্র লোকদিগের পক্ষে বিশেষ ক্ষতকর।

চিকিৎসা সন্মে এই রোগের সংক্রানক গুণ বিষয়ে উদাস্য করা কোন নতেই বিধেয় নহে। স্কুরাং রোগীকে যভ্চুর পৃথক আসনে উপবিষ্ট রাখিতে পারা যায়, তত্ত্বে রাখাই বিশেষ কর্ত্তবা। উহার শারীরিক সুস্থতার প্রতি সম্পূর্ণ চৃষ্টি রাখিতে হয়। অপিচ রস্থাবী-যন্ত্র সকলকে সচরাচর দুষিত বলিয়া প্রতীয়নান হয়। ব্লু পিল, ব্যাক ড্যাপ্ট এবং কল্চিকন্ (Colchicum) সেবন করিলে, ও তংসত্বেং কোনং স্থলে চুই এক দিবস উপবাস দিলে, বিশেষ উপকার দর্শিতে পারে। বিশেষতঃ, রোগী আবার বাত কিয়া গোঁতবাত (Rheumatic or gouty diathesis) রোগপ্রবণ হইলে, উক্ত ঔষধ অপোকাকৃত বিশেষ কলপ্রদান করিয়া থাকে।

১ গ্রেন্ নাইটেট্ অবু সিল্ভার ১ ঔল জলে নিশ্রেভ লোশন্
এই রোগের এক মহং ঔষধ। উহা প্রত্যাহ তিন কিয়া চারিবার
চক্ষুতে ফোটা ফোটা করিয়া দিতে হয়। প্রথম কভিপয় প্রদানে
কিঞ্চিং যাতনা বোধ হয়, কিন্ত ভাহার পর কোন প্রকার যাতনা
বা অমুবিধা থাকে না। নাইট্রেট অব্ সিল্ভারে উত্তেজনার রুদ্ধি
হইলে, ভাহা ব্যবহার না করিয়া, ভংপরিবর্ত্তে কিয়দিন ক্ষীণবল
বা অমুগ্র অ্যাসিটেট্ অব্ লেড্ সলিউশন্, অথবা শীভল জল ব্যবহার
করা উচিত। এই জল বা ঔষধ, সর্বদা অক্ষিণ্রটের উপরিভাগে
রাখিতে হয়। যাহাইউক, এইরূপ স্থলে কোন প্রকার লাবণিক
বিরেচক (Saline purgative) ঔষধ ব্যবহার করা সর্মভোভারে

যদি রোগী অক্ষিপুটে সিলিয়ারি সংক্রান্ত যাতনায় এবং চকুর উত্তেজনায় সমধিক প্রপীড়িত হয়, তবে ভাহাকে অন্ধকার গৃহে আবদ্ধ রাখিয়া, অক্ষিপুটের উপরিভাগে এক্ট্যাক্ট অব বেলাডোনা প্রচুর রূপে শ্রকণ করিয়া দেওয়া আবশ্যক। চকুতে অনুগ্র সল্কেট্ অব্ য়াট্রোপাইন্ সলিউশন্ কোটা কোটা করিয়া প্রদান করিলে, বিশেষ উপকার দশিয়া থাকে। উত্তপ্ত টেড়া ফ্লের জলে প্রভাহ তিন কিয়া ঢারিবার উক্ত স্থানে সেক করিতে হয়। আর সেকের পরেই উক্ত বেলাডোনা ব্যবহার করিতে হয়।

অনেকানেক স্থলে, যখন নাইট্রেট্ অব সিল্ভার রোগজ লক্ষণসকল উপশ্যন না করিয়া, উত্তেজনার রুদ্ধি করিতেছে এরপে বোধ হয়; তখন ৩০ গ্রেণ ট্যানিন্ ১ জন্স জলে মিশ্রিভ লোশন ফোটা ২ করিয়া চক্ষুতে দিলে, বিশেষ ফল দর্শিভে পারে। এই ব্যবস্থায় শ্য়ন সময়ে অক্ষিপুটের চর্ম্মোপরি বেলাডোনা লেপন করিতে হয়।

ডাক্তার ক্রিচেট্ সাহেব সামান্য মিউকো-পিউরিউলেন্ট্ রোগ নিরাময়ের এক উত্তম লোশন্ প্রস্তুত করিয়াছেন। উহা ১ গ্রেন্ জ্বিংক্ ক্লোরাইড্, ১ ঔন্স জলে মিপ্রিভ করিয়া প্রস্তুত হয়। ইহা ফোটা২ করিয়া দিবসে ভূইবার চক্ষুতে প্রদান করিতে হয়।

যে কোন অবস্থাতে হউক না কেন, এই রোগে শয়ন সময়ে অনারত অকিপুট প্রান্তে গ্লিসিরীণ এবং ফার্চ অয়েন্ট্মেন্ট্ অথবা অলপ কোল্ড্ ক্রিন্ প্রলেপ দিতে হয়। অথবা ১ উন্স সিম্পন্ অয়েন্ট্মেন্ট্, ১০ গ্রেণ রেড্ প্রিসিপিটেটের সহিত সংযুক্ত করিয়া, এরপ প্রলেপ করিলেও যথেট উপকার হয়। অয়েন্ট্মেন্ট ব্যবহার করিলে, অক্ষিপুটদ্মেন্টাকালে পরস্পার সংলগ্ন হইতে পারে না।

কটদায়ক প্রবল লক্ষণসকল অতিক্রানিত হইলেই, নাইট্রেট্ অব্ সিল্ভার ব্যবহার না করিয়া, ২ গ্রেণ য়্যাসিটেট্ অব্ য়্যালম্ ১ ওকা জলে মিপ্রিভ লোশন্ ব্যবহার করা যাইতে পারে। কর্মকার্য্যাদি হইতে বিরত, এবং সূর্য্যের প্রথর উত্তাপ হইতে সভত অন্তরিত হওয়া আবশ্যক। সূর্য্যের উত্তাপ কিষা গুলিদারা আকান্ত হইতে হইলে, নিউট্যাল বর্ণের (অন্যতর বর্ণাত্মক) চম্মা ব্যবহার, বা চক্ষুতে সভত গাজ কাপড় বান্ধিয়া রাখা উচিত। কোন প্রকার কৃত্রিম আলোকে কর্মা কার্য্যাদি করা কোনমভেই বৈধ নহে। এই সময়ে যদি সে ক্রমাগত দুষ্টিসংযোগে চক্ষুকে নিতান্ত ক্লান্ত ক্রিয়া তুলে, তবে এই কন্জংটিভাইটিস রোগ নিরাময় করা নিতান্ত তুর্ঘট। স্কুতরাং এই মন্য়ে চক্কুকে বিশ্রাম দিয়া, ঔষধাদি ব্যবহার করিতে দেওয়া সৎপরামর্শ সিদ্ধ।

পিউরিউলেণ্ট্ (Purulent) কন্জংটিভাইটিস্।—ব্যক্তিভেদে এবং দেশভেদে এই ভয়ঙ্কর পীড়ার গাঢ়ভার প্রভেদ দেখিতে পাওয়া যায়।—যাহারা নিভান্ত দরিদ্র, যাহারা কদর্য্য আহার দ্বারা জীবিক। নির্মাহ করে, এবং যাহারা অনবরতঃ রোগগ্রস্ত হইয়া শারীরিক দৌর্মল্যভোগ করিতে থাকে, তাহাদের পক্ষে এই রোগ সম্পূর্ণ চল্ফু-বিনাশক। কিন্তু যে কোন অবডাক্রান্ত হউক না কেন, সচরাচর কর্ণিয়া বিচ্যুত (Sloughing) এবং চৃষ্টি সম্পূর্ণ বা অসম্পূর্ণ বিন্দি না হইয়া, রোগের উপশ্য হয় না।

সংপ্রাপ্তি ও লক্ষণ।—পূর্বেই বলা গিয়াছে যে, মিউকো-পিউ-রিউলেন্ট্ রোগের নিঃশেষ ও এই পূয়োৎপাদক পিউরিউলেন্ট্ কন্জংটিভাইটিসের আরম্ভ, প্রভিন্নরপে নির্ণয় করা নিভান্ত ছঃমাধ্য; এবং এই পূয়োৎপাদক কন্জংটিভাইটিস্রোগ মিউকো-পিউরিউলেন্ট্ রোগা-পেক্ষা কিঞ্চিৎ গাঢ়তর অবস্থা মাত্র। সকলপ্রকার কন্জংটিভাইটিস্রোগের প্রথমাবস্থায় শ্লৈত্মিক ঝিল্লী আরক্তিম হইয়া, মত্মর মিউকো-পিউরিউলেন্ট্ আকার ধারণ করে। কিন্তু এই প্রদাহ হইতে, পূয়োৎ-পত্তি ইইবেক কি না, ভাষা প্রথমাবস্থায়, নিশ্চিত বলা অভ্যন্ত অসম্ভব। অনেক স্থলে কয়ের ঘন্টার মধ্যেই এই সন্দেহ অগনীত হইয়া থাকে। বাস্তবিক সেইজ বা অন্য কোন প্রকার সংক্রামক বীজ চক্ষুতে সংস্পৃষ্ট হইলে যে রোগ উৎপন্ন হয়, ভাষাতে গাঢ় প্রদাহের লক্ষণ সকল অভিসত্ত্বর প্রকাশিত হইতে থাকে। এমত সকল স্থলে উক্ত পীড়ার ছর্দম্য প্রকৃতি বিষয়ে, লক্ষণ সকল দেখিয়া আনাদের কোন প্রকার সন্দেহ থাকে না।

পিউরিউলেন্ট্ প্রদাহাক্রান্ত চকুর কন্ত্রংটাইভ্যাল রক্তবহা-নাড়ী-গণের শোণিত-সঞ্চালনাভাব প্রযুক্ত, তথায় কোন২ বলবং পরিবর্ত্তন আসিয়া উপস্থিত হয়, সেই পরিবর্ত্তনক্রমে অতিরিক্ত কোষ বা ছিদ্রোৎপত্তি হইয়া থাকে। অপিচ রক্তাধিক্য প্রযুক্ত অক্টিস্বয়ের শিথিল সংযোজক-ঝিল্লী হইতে অপরিমিত সিরস ইন্ফিল্ট্েশন্ বা নাস্তকানুপ্রবেশ (Serous infiltration) সম্পাদিত হয়। এই সকল কারণ সংঘটিত হওয়ায় উক্ত স্থান ক্ষতি এবং রসক্ষীত (Œdema) হইয়া পড়ে। পূর্ব্বোক্ত ক্যাটার্য়াল্ কন্ত্রংটিভাইটিস রোগল সম্প্রাপ্তিক লক্ষণাপেকা, এবমিধ সংপ্রাপ্তিক লক্ষণ সকল অতিশ্র গভারস্থায়ী ও গাচ্ সন্নিবিক্ট। কিন্তু উহাদের জাতিগত পরস্পার সৌসাদৃশ্য আছে। নাস্তকানুপ্রবেশন অপেকাকৃত গভীররূপ হইয়া থাকে। অপিচ পূর্ব্বোক্ত ছিদ্রগুলি সম্বর সংখ্যায় বর্দ্ধিত হয় বলিয়া, তাহার। অসম্পূর্ণ হইয়া পড়ে; ও মেদাপকৃক্টভাতে পরিবর্ত্তি হইতে অনুধাবিত হয়।

অতএন বুঝা যাইতেছে, যে, উক্ত রসপ্রাবে (Secretion) অধিকতর ছিদ্রোৎপাদক ভূতপদার্থ আছে। অন্তঃকৌষিকভিত্তি (Inter-cellular basis) অপেক্ষাকৃত ভঙ্গুর। অপরিমিত পূয় এবং অপ্পসংখ্যক শ্লৈঘিক কোষও দেখিতে পাওয়া যায়। কেনাকার রসসমন্টি বিনন্ট হওয়ায়, রস-আবের পিচ্ছিলতা লাঘব হইয়া, তাহা সহজেই অপ্রায় সহিত মিশ্রিত হয়।

এই রোগে অক্ষিপুটদ্বয় যে আয়ন্তনে স্ফীত হয়, তাহা দেখিয়া রোগের অশুভাভিশ্যা কোন ক্রমেই নির্ণীত হইতে পারে না। আমি অনেক স্থলে অক্ষিপুটদ্ব্যকে অত্যাপ পরিমাণে ক্ষীত ও তথাপি কর্ণি-য়াকে অতি সত্তরই বিচ্যুত হইতে দেখিয়াছি। অক্ষিপুট অধিক পরি-মাণে ক্ষীত হউক আর না হউক, উহা স্পর্শ করিলে, কোমল এবং ক্লাথযুক্ত বোধ হয়। কিন্তু ডিক্থারিটিক্ কনজংটিভাইটিস্ রোগের ন্যায় ক্রিন পাটলবর্ণ হয় না। আর এই পিউরিউলেন্ট কন্জংটিভাই-টিস রোগে অনেক স্থলে রোগীর অক্ষিপুট, বিশেষতঃ উদ্ধাক্ষিপুট এত স্ফীত হয় যে, উহ। উল্টাইতে গেলে সম্পূর্ণ ক্লেশ প্রদান করিয়া থাকে; স্তরাৎ তদ্বিপরীত বিবেচনা করিয়া উহাদিগকে উল্টাইবার চেক্টা করা সম্পূর্ণ ভ্রম মাত্র \*। গ্রন্থকারগণ রোগীর ক্লেশের প্রতি पृष्ठिशां ना कतिया, এইরোগে অকিপুট উল্টাইয়া প্যাল্পিব্যাল্ কনজংটাইভাতে ক্ষিক্ প্রদান করিতে সতত উপদেশ দিয়া থাকেন। ডাক্তার ম্যাকনানারা সাহেব তনিমিত্তই এস্থানে প্রাপ্তক্ত বিষয়ের উল্লেখ করিয়াছেন। ভাঁহার যতদূর অভিজ্ঞতা আছে, তাহাতে তিনি উহা কখনই বৈধ বলিয়া বোধ করেন না। ইহা এত কটকর যে, অভ্যত্প যুবক্মাত্র এই ক্লেশ সহ্য করিতে সমর্থ হয়েন। তিনি এমত कान वालकरक प्रतथन नार्डे या, तम अकवात अहे खेराध अहंग कतिया, প্রবায় গ্রাহণ করিতে সাহস প্রকাশ করিয়াছে।

এই রোগে কন্জংটাইভার রক্তবহা-নাড়ীগণ এত সত্ত্ব আরক্তিন হইয়া উঠে, যে নিবোমিয়ান্ গ্ল্যাণ্ড্ সকল স্ফীত ও নকমল-দৃশ্য শ্লৈপ্রিক বিল্লীর দ্বারা সত্ত্ব সংগুপ্ত হইয়া পড়ে। অবিট্যাল্ও প্যালপিব্র্যাল্ উত্তয় কন্জংটাইভাই জবাফুলের নায় সমভাবে গাঢ়লোহিত বর্ণ হয়।

এই শোষোক্ত কন্জংটাইভা ক্ষীত ভিলাই দ্বারা সমায়ত হয় বলিয়া, উহা পূর্ব্ব বর্ণিভ মক্মলের ন্যায় দেখায়। কোন কোন স্থলে

<sup>\* &</sup>quot; Augenheilkunde," von K. Stellwag v. Carion, p. 354.

ভিলাই গুলি অক্ষিগোলক হইতে প্রতিচাপ প্রাপ্ত হইয়া চাপিত ও গোলাকার হয়। প্যালপিব্রাল কন্জংটাইভাতে কিঞ্চিং দানাযুক্ত ক্ষতও (Granulating sore) প্রতীয়নান হয়।

কোন্থ স্থলে কন্জংটাইভার সংয়োজক বিল্লীতে মাস্তকোংপ্রবেশের আধিক্য হওয়ায়, উক্ত নেমেণ এত ক্ষীত হইয়া পড়ে যে, অক্ষিপুটন্বয় অক্ষিগোলক হইতে দুরে বিক্ষিপ্ত হইয়া যায়। কিন্তু অবিকিউলারিস পেশী সকল দারা দুঢ়রূপে আকর্ষিত হওয়ায়, উহারা কিছুকালের নিমিত্ত উল্টাইয়া যাইতে পারে না। সে যাহাহউক, পরিশেষে অভ্যন্তর হইতে যে প্রসারিকা শক্তি আইদে, ভাহা বলবতী হইয়া, অক্ষিপুটকে পরীকা করিতে হইলে যেরপ উল্টাইতে হয়, চিক সেইরূপে পশ্চাদিণে উল্টা-ইয়া রাখে। ইহাতে প্রবল ইকটোপিয়ন রোগের উৎপত্তি হইয়া পড়ে। যুবা বাক্তি অপেকা বালকদিগেরই এই ঘটনা সর্বদা ঘটিয়। थांक। मूर्थ, जब्हानाम ଓ कांग्र-उर्भत तानीता आग्रहे, विस्थवडः রাত্রিকালে, চকুতে লোশন প্রদান করিবার সনয়, তাহাদের স্কীত অকিপট উল্টাইয়া ফেলে। কয়েক ঘনী পর্যান্ত তাহারা এই ভূর্ঘটনার বিষয় কিছুই অবগত হয় না; এবং ইতিমধ্যে অবি কিউলারিস পেশী-मकल, रयसान रहेट जिल्लिपुरे उन्होंहेट आवस रय उथाय पृत्तर्थ দলবদ্ধ হইয়া, গাঁচ প্রতিচাপ প্রদান করতঃ, অক্ষিপুটের যে অংশ উन्होरेया नियाटह, তাহাতে बक्तमकानटनब প্রতিরোধ প্রদান করিয়া থাকে। সুতরাং এই ইকটোপিয়ন্ সত্তর অপনীত না হইলে, ও অকি-পুট ভাহার প্রকৃত অবস্থা প্রাপ্ত না হইলে, কনজংটাইভা বিচ্যুত হইয়া পত্তে এবং চক্ষুর অনিবার্য্য চিরবিপদ সংঘটিত হইতে পারে।

কনজংটাইভার ক্ষীত অবস্থা প্রযুক্ত অন্য এক লক্ষণের আবির্ভাব হয়। রোগের প্রথমাবস্থায় পংট্য গুলি মুদিত ও অক্ষিগোলক হইতে দূরক্ষিপ্ত হইয়া পড়ে; সুতরাং তন্মধ্য দিয়া অঞা বহির্গত হইতে পারে না। এই ঘটনা প্রযুক্ত এবং ল্যাক্রিয়াল্ গ্লাণ্ড হইতে অতিরিক্ত জলবং রসন্তাব হওয়ায়, অপান্ধ দেশ হইতে অনবরতঃ অভিরিক্ত জল নির্গত হইয়া, গগুদেশ দিয়া প্রবাহিত হওতঃ রোগীকে বিলক্ষণ অসু-বিধা প্রদান করিয়া থাকে।

পূর্ষেই উক্ত হইয়াছে যে, মিউকো-পিউরিউলেন্ট্ কন্জংটিভাইটিস্ রোগে কন্জংটাইভাতে সচরাচর ইকাইনোসিসের ফুদ্র কুদ্র লোহিত-বর্ণ কনম্ব দেখা যায়। কিন্ত পিউরিউলেন্ট্ রোগে এই সকল রক্ত- অাবিক (Hæmorrhagie) উংপ্রবেশন অগণনীয় ও সচরাচর ব্রহদাকার।
ইহার। এই পুয়োংপাদক রোগসমূহে, রক্তবহানাড়ী সকলের গাঢ়
আরক্তিমতা প্রযুক্ত সম্পূর্ণ সম্ভাবিত হইতে পারে, এরূপ প্রত্যাশা
করা যায়। যাহাইউক, এই ইকাইনোসিস্কে সামান্য বিষয় বলিতে
হইবেক। কারণ প্রদাহ ক্রিয়া রহিত হইলেই অস্ত শোণিত সত্রে
চতুঃপার্শ্বে বিলাইতে বা অবসূত হইতে আরম্ভ হইয়া থাকে।

রোগের রুদ্ধি ও প্রকৃতি অনুসারে, কনজংটাইভা হইতে নিঃসৃত ক্লেদেরও প্রভেদ হইয়া থাকে। প্রথমতঃ উহা জলবং থাকে, পরে নিউকো-পিউরিউলেন্ট ক্লেদময় হয়, এবং পরিশেষে রক্তাক্ত পূয়বিশিষ্ট হইয়া থাকে। অনেক স্থলে পূয়পরিমাণ অতিরিক্ত বলিয়া বোধ হয় না; এবং অক্পিপুটদ্বয়কে পরস্পর সংযোগচ্যুত করিলেই যে, অপিরিমিত পূয় আনিয়া বহির্গত হইবেক, এরূপ প্রত্যাশাও করা যাইতে পারে না। কিন্ত কোনহ স্থলে এইরূপ দৃষ্টিগোচরও হইয়া থাকে।

পিউরিউলেন্ট্ কন্জংটিভাইটিস্ রোগে কন্জংটাইভাতে যে সকল পরিবর্ত্তন ঘটিয়া থাকে, অক্ষিপুটের ভাপাধিক্য দ্বারা ভাহার উৎকটভা একবিধ স্ক্রারূপে নির্ণীত হইতে পারে। আমাদের চর্ম্মের স্বাভাবিক ভাপাপেক্যা এই ভাপ কত ডিগ্রী অধিক ভাহা ভাপ-মান যন্ত্রদারা অনায়াসেই পরিজ্ঞাত হইতে পারা যায়। মিউকো-পিউরিউলেন্ট্ এবং ভদপেক্যা স্বত্পাক্রান্ত কন্জংটিভাইটিস্ রোগে, অক্ষিপুটে কোন রূপ ভাপাধিক্য অনুভব করা যায় না।

পূর্বেই উক্ত হইয়াছে যে, পিউরিউলেন্ট্ কন্জংটিভাইটিস রোগের আরম্ভ হইতে আটচল্লিশ ঘন্টার মধ্যে, তথায় পূয়োৎপত্তি হইতে আরম্ভ হয়; স্তরাং এই পীড়ার প্রথমাবস্থা অত্যম্পকাল স্থায়ী মাত্র। ডিক্থারিটিক্ কন্জংটিভাইটিস্ হইতে এই রোগের প্রভেদ নির্ণীত হইবার এই ঘটনাই প্রথান লক্ষণ। ডিক্থারিটিক্ কন্জংটিভাইটিস্ রোগে যত দিন পর্যান্ত না ফিব্রিন্স্ এক্জুডেশন্ বা ভক্তিনির্যাস (Fibrinous exudation বিকৃত হইতে আরম্ভ হইয়। পৃথক্ ভূত হয়, তত দিন পর্যান্ত হৈলিক বিল্লীর উপরিভাগ হইতে কোন প্রকার ক্লেদ্রাব হইতে দেখা যায় না। বিকৃত হইয়া পৃথগ্ভূত হইবার এই সময়, সচরাচর প্রাচ দিনের অনভিরিক্ত কাল নহে।

পি উরিউলেন্ট কনজংটিভাইটিস্ রোগের পূয় যে সংক্রানক, তবি-যয়ে কোনরূপই দ্বিণা উপস্থিত হইতে পারে না। এই কারণেই একটী চক্ষু পীড়িত হইলে, অপর চক্ষুতে পূয় সঞ্চালিত হইয়া তাহাকেও পীড়িত করে। কিন্তু দৃঢ় যত্ন করিলে, এই বিপদঘটনা হইতে রক্ষা

কর্ণিয়া সম্বন্ধীয় রোগ-সঞ্চরণ-অবস্থা: — পিউরিউলেন্ট্
কন্জংটিভাইটিস্ রোগের গুরুতর স্থলে, রক্ত প্রদাহকারণে স্থগিত
হইয়া, কন্জংটাইভাতে সঞ্চালিত হইতে পায় না। অপিচ ক্ষীত
কন্জংটাইভা আসিয়া কর্ণিয়ার চতুঃপার্ম আরত করে; এবং অনেকানেক স্থলে কিনোসিস এত অতিরিক্ত হয়, যে কর্ণিয়া চতুঃপার্ম বর্ত্তী
লোহিতবর্ণ নিউক্স মেহেণ স্তর্মকলে নিময় হইয়া পড়ে। কন্জংটাইভাতে এই রসোৎপ্রবেশ হওয়ায়, উহা তদভ্যন্তরস্থ গভীর রক্তবহানাড়ী-স্তর মধ্যে শোণিত সঞ্চালনের ব্যাঘাতাধিক্য জন্মায়। এই
সকল সমবেত কারণে কর্ণিয়ায় প্রান্তবর্তী স্থলে রক্ত গতায়াতের যথেক
বাধা জন্মিয়া থাকে। উক্ত স্থান পরিপোষক পদার্থ বিরহিত হয়;
এবং কর্ণিয়াতে সচরাচর অতি শীঘ্রং ক্ষন্ত এবং নিক্রোসিস্ উৎপার
হইয়া থাকে \*।

অতএব কিনোসিস্ আকাস্ত শ্লৈদ্মিক বিল্লীর তলবর্তী কর্ণিয়ার অবস্থা পরিজ্ঞানের নিমিত্ত, কন্জংটিভাইটিস্ রোগাক্রান্ত চক্ষু যতুপুর্মক পরীক্ষা করা অতীব প্রয়োজনীয়। সচরাচর এইরূপ স্থলে অক্নিপুট উন্মীলিত করিতে অতিশয় কন্ট হয়। উভয়াক্ষিপুটই, বিশেষতঃ উদ্ধাক্ষিপুট সচরাচর যে কেবল ক্ষাত হয় এমত নহে, চক্ষু পরীক্ষা করিবার সময় আলোক প্রবেশ করিতে গেলে, রোগী অনিচ্ছাপূর্মক তাহা প্রতিবাদ করিয়া থাকে। এইসকল অবস্থায় রোগীকে, বিশেষতঃ বালকদিগকে ক্লোরোফর্দ্মের অধীনে আনিতে ক্লাবিলম্ব করাও বৈধ হয় না। রোগীর দৃষ্টির বিনাশ ও স্থিতি, এই আমাদের প্রথম পরীক্ষায় প্রয়োজিত যত্মের উপর নির্ভর করে। কর্ণিয়াতে গভীর ক্ষত থাকিতে পারে বলিয়া,

<sup>\*</sup> অধ্যাপক ষ্টেল্ওয়াণ্ সাহেবের মতে, পিউরিউলেণ্ট্ ভাইরস্ (Purulent virus) অর্থাৎ ক্লেদাত্মক বিষের স্পর্শ দারা ক্ষত প্রক্রিয়ার রুদ্ধি সাধিত হইয়া থাকে, এবং উহা উক্ত প্রক্রিয়ার আমুবঙ্গিক (Accessory) কারণ। তিনি বলেন, প্রকৃত ক্লেদরস স্থাবের সহিত উক্ত ক্ষত কারক প্রক্রিয়ার কতক সামীপ্য সম্বন্ধ আছে। এবং উহার ক্রিয়া কণিয়ার উপাদানে একপ্রকার পরিবর্তনকার্য্য (Decomposing action) দারা উত্তেজন অথবা আমুকল্য প্রাপ্ত হইতে গারে।

অিরিপুটের উপরিভাগে প্রতিচাপ দেওয়া না উহাকে আকর্ষণ করা কখনই উচিত হয় না। কর্ণিয়াতে ক্ষত থাকিলে, চিকিৎসক অজ্ঞাত-রূপে অক্ষিণোলকে প্রতিচাপ প্রদান ও তৎপ্রযুক্ত ক্ষতস্থান ছিয় করিয়া, রোগের সম্পূর্ণ রুদ্ধি করিয়া তুলেন। এইরূপে চক্ষুর অনিবার্য্য ক্ষতি উপস্থিত হইয়া থাকে। যাহাহউক পরীক্ষা আরম্ভ করিবার অন্ততঃ পাঁচিমিনিট্ কাল পূর্কে রোগীকে ক্লোরোফর্দ্মের অধীনৈ আনিলে, এই ছুর্দেব ঘটনা কখনই সংঘটিত হইতে পারে না।

পিউরিউলেন্ট্ কন্জংটিভাইটিস রোগে কর্ণিয়। যে সতত বিন্ট হইতে পারে, তাহাই এক প্রধানতম ও ভয়প্রদ ছুর্ঘটনা বলিয়া, প্রধানতঃ এই নির্মাণে আমাদের মনোযোগ করা সর্বতোভাবে বিধেয়।

কখন২ কর্ণিয়ার সকল স্থানের মলিন অবস্থা দেখিয়া, এই ভয়য়য় 

য়র্ঘটনার প্রারম্ভকাল নির্ণীত হয়। কিন্তু সচরাচর কর্ণিয়ার পরিধিভাগে

এক বা তদিধিক পাংশুবর্ণ কলয়ের উদয় দেখিতে পাওয়া যায়। পরে

কিনোসিস্ প্রাপ্ত কন্জংটাইভার তলবর্তী কর্ণিয়ার প্রান্তভাগে কত

ইইতে আরম্ভ হয়; স্তরাং স্ফীত মিউক্স মেয়ে ণকে পশ্চাদিগে না
ঠেলিয়া ধরিলে, উক্ত বর্দ্ধনান ধ্বংস কখনই চ্টিগোচর হয় না। য়াহা
ইউক, এই ক্ষতসকল ক্রমশঃ বিদ্ধিত হইলে, পরিশেষে কর্ণিয়া ছিদ্রিত

হইয়া যায়, এবং আইরিস বহির্গত (Prolapse) হইয়া পড়ে। আর

কর্ণিয়ার কেন্দ্রন্থল এই রোগের আদ্যন্ত কাল পর্যান্ত উজ্জ্বল ও পরিষ্কৃত

দেখা যায়।

কোন কোন হলে, কর্নিয়ার সমুদায় পরিধিপ্রান্ত সম্পূর্ণ ক্ষত বিশিষ্ট হওয়ায়, কেন্দ্রন্থলের পরিপোষণ হাগিত হয়। স্তরাং উহা দলিন ও নিক্রোসিস্ অর্থাৎ পূতি সম্পন্ন হইয়া পড়ে; এবং পরিশেষে কর্নিয়ার একস্থান উদ্ভিন্ন হইয়া, তথা হইতে বোধ হয় অক্মিগোলকের অধিকাংশ আভ্যন্তরীণ-পদার্থ নিঃসৃত হইতে পারে। এই সকল পরিবর্তন এত সত্মর সম্পাদিত হইতে দেখা যায়, যে, প্রাতঃকালে যে কর্নিয়া উজ্জ্বল ও অতি পরিক্ষার থাকে, অপরাত্মে তাহা মলিন হইয়া পড়ে, এবং এমত কি, পর্দিন উহা একেবারে বিচ্যুত হইতেও পারে। এই কার্যাপরম্পরা যে অত্যান্প সময়ের মধ্যেই সম্পাদিত হয়, এমত নহে; কারণ, কিনোসিস্ প্রাপ্ত কন্জংটাইভাকে পশ্চাদ্দিকে প্রক্ষিপ্ত করিয়া, কর্নিয়ার প্রান্তভাগ পরীক্ষা করিলে, ইহা সম্পূর্ণ বোধ ও স্টিগোচর

হয় যে, কর্ণিয়ার পরিধিভাগ পূর্মবর্ণিতরতেপ গভীর ক্ষত বিশিষ্ট হইয়াছে।

অপরন্ত, আর কোন কোন স্থলে, এই রোগের প্রথমাবস্থায় পূরোৎ-পাদক কেরাটাইটিস্ (Keratitis) বা কর্ণিয়া-প্রদাহ রোগ দৃষ্ট হয়। কর্ণিয়া প্রসিদ্ধ ও ভয়প্রদ ধৌত-কার্য্যোপযোগী আর্দ্র সংস্কৃত চর্মের আকৃতি ধারণ করে। যাহা হউক, এই ভয়ন্কর ও হতাশজনক অবস্থা একবার মাত্র দর্শন করিলে দ্বিতীয়বারে নহজেই চিনিতে পারা যায়।

পরিশেষে অপরাপর কতিপয় স্থলে, কর্ণিয়া যেন কার্বনেট অব্ লেড সলিউশনে রঞ্জিত বলিয়া প্রভীয়মান হয়। উহার বর্ণ ঈষৎ গোলাপী শুক্ল; এবং উহা নাতিস্বচ্ছ। বোধ হয়, কর্ণিয়ার দে ত্রিক উপাদান বা ভূত-পদার্থের মেদাপকর্ষ প্রযুক্ত, এই সকল পরিবর্ত্তন ঘটিয়া থাকে; এবং এই অপকর্ষ প্রযুক্ত উক্ত উপাদানসমূহের পরত্পর সংশ্লেষ বিন্দ হয়, ও উহারা চক্ষর আভ্যন্তরীণ প্রতিচাপ আর সহ্য করিতে পারে না। এইকপে কর্ণিয়া, বিশেষতঃ উহার কেন্দ্রত্বন, শিথিল হইয়া সন্মুখদিকে উন্নত হইয়া উঠে; এবং পরিশেষে অভিবর্দ্ধিত মূত্রশিয়ের (Bladder) नाम कृ ि इहेगा याग्र । এই कृ ि दादनत मधा मिया आहे तिरमत একটী বৃহং হার্নিয়া বা বৃদ্ধি (Hernia) দেখিতে পাওয়া যায়। এই-রূপ স্বাসকলে রোগজ লক্ষণ সকলের প্রবলত। অনুভূত হয় না। কিমোসিস এই রোগের প্রধান লক্ষণ নতে; এবং এই রোগে চক্ষ হইতে অধিকতর ক্লেদ নিঃসূত হয় না। কিন্তু উক্ত অপকর্ষক পরিবর্ত্তন ক্রমশঃ কর্ণিয়ার সৌত্রিক-বিধানে সমুপস্থিত হইয়া, এই সপিউরেটিভ বা প্রয়োৎ-পাদক কনজংটিভাইটিম রোগের মহোৎপান ভয়ন্ত্র বিপদাবহ অবস্থা প্রকাশ করে।

উপর্যুক্ত কোন উপায় দ্বারা কর্ণিয়া বিনফ হইবার অব্যবহিত্ত পরেই, রোগী আপনাকে বিলক্ষণ সুস্থ বোধ করে। চক্ষুর আভ্যন্তরীণ প্রতিচাপ না থাকায় কন্টের উপশ্য হইয়া পড়ে। অপ্প পরিনাণে ক্লেদ্রাব হয়; এবং রোগীর মনে চূচ় বিশ্বাস হয় যে, সে ক্রেম্পাঃ নিরাময় হইয়া আসিতেছে; কিন্তু তাহা নহে। মিন্টার ডিক্সন সাহেব লেখেন যে, এরূপ স্থলে চিকিংসক স্থির করেন যে, ভাঁহার রোগীর চৃন্টিশক্তি একেবারে বিনক্ত হইয়া গিয়াছে। উক্ত সাহেব আরো বলেন যে, কর্ণিয়ার কোন অংশ যত দিন পর্যান্ত সভাবস্থ থাকে, তত দিন পর্যান্ত এই রোগ চ্রারোগ্য বলিয়া হতাশ্বাসের সহিত উহাকে অচিকিৎসিত রাখা

কখনই বৈধ হয় না। কারণ, যদি কর্ণিরার অত্যাপ্প অংশ, এনত কি এক-চতুর্থাংশেরও অনতিরিক্ত অংশ, বিনাশ হইতে রক্ষা করিতে পারা যায়, এবং যদি তাহাতে যজ্জ্তা থাকে, তবে কৃত্রিম কনীনিকা-সহযোগে ব্যবহারোপযোগী দৃষ্টিলাভ করিতে পার। যায় \*। এতদিবয়ে ডাক্তার ম্যাক্নামার। সাহেবের মত সম্পূর্ণ সন্তোযজনক। এই মতেরই প্রতিপোবণ করিবার নিমিত্ত, তিনি বলেন যে, যদি রোগী শারীরিক সুস্থাবস্থায় থাকে, এবং রোগের প্রথম অবস্থাতেই যদি আমাদের নিকট আইমে, ও আমাদের পরবর্ণিত ব্যবস্থায় যত্বপূর্মক অনুবর্ত্তী হয়, তবে পিউরিউলেন্ট্ কনজংটিভাইটিস্ রোগের অতিমন্দ-ত্নাবস্থাতেও কর্ণিয়া অতিকদাচিৎ ধ্বংম হইয়া যায়।

রোগজলক্ষণ। — এই রোগের প্রারম্ভ কালে, বারুকা বা ধুলি যেন চক্ষুর মধ্যে প্রবিষ্ট হইয়াছে, এতদ্বোধে চক্ষু কণ্ড য়িত হইতে থাকে। কিন্ত এই লক্ষণ রোগের প্রথম অবস্থার ক্ষণিক অনুরূপ মাত্র। ঐ অবস্থা ছত্রিশ ঘন্টার অনতিরিক্ত কাল স্থায়ী নহে।

দিতীয় অবস্থায়, অক্ষিপুটের কিমোসিদ্ এবং ক্ষীতি অপরিমিত দেখিতে পাওয়া যায়। যন্ত্রণা সতত অতি প্রবল থাকে। কিন্তু উহা ক্ষীতাবস্থায়ুযায়ী অবিরত্ত অপরিমিত নহে। চক্ষুর গভীরতর নির্দাণ যে পরিমাণে ক্ষীত হয়, এবং রোগীর যেরূপ থাতু, উহা তদমুসারেই হইয়া থাকে। গুরুতর পিউরিউলেন্ট্ কন্জংটিভাইটিস্ রোগের সকল স্থলেই, চক্ষুর যন্ত্রণা সতত ললাটদেশ পর্যান্ত বিত্ত থাকে। আর রোগী যেসকল লক্ষণের কথা সর্বপ্রথনে আমাদের নিকট অভিযোগ করে, ইহাও তয়প্রো একটা লক্ষণ। সচরাচর শয়ন সময়েই এই যাতনার বৃদ্ধি হয়, এবং প্র্যাবস্থা পর্যান্ত্র বিদ্যানান থাকে। রোগার-স্কের দশ্য দিবসে হঠাৎ এই যাতনার বৃদ্ধি হয়, এবং প্রাবস্থা পর্যান্ত্র বিদ্যানান থাকে। রোগার-স্কের দশ্য দিবসে হঠাৎ এই যাতনা রহিত হয়। বোধ হয়, কর্ণিয়া ছিদ্রিত হইয়া চক্ষুর আভ্যন্তরীণ অধিকাংশ পদার্থ নিঃসূত হইয়া পড়ে ব্রলিয়াই, এই ঘটনা অনুভূত হইয়া থাকে। যাহাহউক, যে মুহূর্ত্তে চক্ষুর এই আভ্যন্তরীণ প্রতিচাপা বহির্গত হইয়া যায়, সেই মুহূর্ত্ত হইতেই রোগী বিলক্ষণ শান্তিবোধ করিতে থাকে।

পীড়ার স্বংপতা বা গাঢ়তামুসারে যাতনার <u>হাসর্দ্ধি হইয়া থাকে।</u> প্রথমোক্ত স্থলে যাতনা প্রায়ই থাকে না; কেবল রোগীর অক্ষিপুট,

<sup>• &</sup>quot;A Guide to the Practical Study of Diseases of the Eye," by J. Dixon, p. 49.

বিশেষতঃ উদ্ধান্দিপুট কামড়াইতে থাকে। তাপিচ এবমিধ স্থলে বাহ্য-প্রদাহক্রিয়া এত গুরুতর হয় না যে, তদ্ধারা কোরইডে শোণিত সঞ্চালনের প্রতিবাধ জন্মে; স্বতরাৎ এই রোগের গুরুতর স্থলে, যেরূপ সিলিয়ারি স্নায়ুগণ পীড়িত হয় এবং চক্তুতে গাঢ়যন্ত্রণা বোধ হয়, এই রূপ স্থলসকলে তদ্ধপ কোনবিধ স্পান্ট লক্ষণ প্রতীয়মান হয় না। \*

সাধারণতঃ সপিউরেটিভ কন্জংটিভাইটিস্ রোগে যেসকল শারীরিক আবেগ ঘটিয়া থাকে, ভাহারা অভিশয় নামান্য। ইহাতে অপ্প অপ্প জ্বর হয় বটে, কিন্তু ডিক্থারিটিক্ কন্জংটিভাইটিস্ রোগে যদ্রপ হইয়া থাকে, ভদ্রপ গুরুতর বা লক্ষ্য করিবার যোগ্য নহে। মনশ্চাঞ্চল্য এবং চক্ষুর যন্ত্রণা প্রযুক্ত রোগী সর্বাদা বিশ্রানশূন্যতা ও নিদ্রারাহিত্য ভোগকরতঃ, চিকিংসকের নিকট ভদ্বিয়ক অভিযোগ করে।

গুরুতর স্থল সকলে, আলোক স্পাট অসহ বলিয়া বোধ হয়: এবং यिष्ठ अकिशुंठ ममिशक क्ली उ रहेश। एक्टक मूषि कतिश। तात्थ, उथाशि রোগী অন্ধকার গৃহে বাস করিতে নিতান্ত অভিলাষ করে। ভাহাকে আলোকাভিমুখে আনমন করিলে, তংক্ষণাৎ তাহার চক্ হইতে অক্দি-পট মধ্য দিয়া, অশ্রুত্রোত প্রবাহিত হইতে থাকে; এবং চক্ষর যন্ত্রণার আধিকা হইয়া উঠে। যেসকল স্থল তত গুরুতা নহে, তাহাতে রোগী অত্যম্পক্ষণ আলোক সহ্য করিলে, অধিক যন্ত্রণ। অনুভব করে ন।। কিন্তু অন্ধকার গৃহে অবস্থান মনোনীত করে। তাহার পক্ষে চক্ষতে যত অপ্প আলোক আমা মন্তব ততই উত্তম। নন্দরূপে আক্রান্ত পিউরিউলেন্ট রোগের বিতীয় অবস্থায়, রোগীর মুখাকুতি দেখিলে রোগের প্রকৃতি অনায়াদেই অবধারিত হয়। মুখ বিবর্ণ হয়, এবং আকৃতি দেখিলেই তাহার যাতনা ও ক্লেশ বোধগদা হইয়া পড়ে। দুর্ন্ট-হীনতা-প্রযুক্ত মে পথদর্শক দ্বারা চালিত হইয়া গমনাগমন করে। অক্সপট অধিক বা অপে পরিমাণে আরিক্তিম ও ক্ষীত হয়, ও তাহাদের অনারত প্রান্ত-ভাগ নচরাচর গাঢ় লোহিতবর্ণ দেখায়, এবং তহুতয় মধ্যদিয়া সতত পুয় এই নিমিন্ত রোগী সর্বান করপুট বা ভদগত রুমালদারা চকু আবুত করিয়া রাখে। যাহাহউক, উভয় চকুই যে একেবারে পীডিত হয় अगड नरह। किन्तु यूच एकू जारलारक डेग्रीनिड थाकिरन, उद्माता

<sup>\*</sup> Middlemore, " Treatise on Diseases of the Eye," vol. i. p. 116.

পীড়িত চক্ষুর যথেষ্ট যন্ত্রণা বোধ হয় বলিয়া, রোগী ভাহাও সভত মুদিত করিয়া রাখে। তাক্ষিপুট উমীলিত করিলে কন্জংটাইভার যে আকার দৃষ্ট হয়, ভাহা পূর্কেই বর্ণিত হইয়াছে।

ভানিফলতত্ত্ব। (Prognosis)—এই রোগের ভাবিফল নির্ণয় করিতে হইলে, বিশেষ মনোযোগ সহকারে কর্ণিয়ার অবস্থাই প্রধানতঃ দেখিতে হয়। যদি উহা উজ্জ্ব ও পরিক্ষ্ণত থাকে, এবং উহার পরিধিভাগে যদি কোন ক্ষত উৎপন্ন না হইয়া থাকে, ও রোগী যদি শারীরিক সুস্থ থাকে; তবে এই রোগের ভাবিফল নির্বিবাদে উত্তমতায় পরিণত হয়। অন্য পক্ষে, ক্ষত উৎপন্ন হইয়া থাকিলে, রোগোপশম বিষয়ে সাবধান পূর্ব্বক মত প্রকাশ করিতে হয়। আর কার্নিয়া পিচিয়া বিচ্যুত হইতে আরম্ভ হইলে, আমরা রোগোপশম বিষয়ে কোন প্রকার হির আশ্বাস প্রদান করিতে পারি না; তবে তিনি পীড়িত চক্ষুতে কিঞ্চিৎ দৃষ্টি পুনঃপ্রাপ্ত হইতে পারেন, এরপ বলিতে পারি। কিন্তু তাহা অসম্পর্ণ ও অম্পন্ট।

ভাবিফল নির্ণয় করিবার সময় আমাদিগের সতত শারণ রাখা উচিত যে, এই পিউরিউলেন্ট্ রোগ পুনঃপুনঃ আক্রমিত হইতে পারে। রোগী বাহতঃ বিলক্ষণ উপশমপথে অধিরোহণ করিয়াছেন, এনত সময়ে সমুদায় মন্দতম লক্ষণগুলি সহসা প্রত্যাব্বত হইয়া, তাঁহার নিঃশেষ-নিরাময়-পথে কন্টকারোপণ করে। যে সকল রোগ বাহিক সামান্য বলিয়া বোধ হয়, তাহাও এইরপে প্রত্যাব্বত হইতে দেখা-গিয়াছে; এবং উপশমার্থে যথেষ্ট চেষ্টা করিলেও উহা চক্লুকে নিতান্ত অকর্মাণ্য না করিয়া নিঃশেষিত হয় নাই।

কারণ ।—এই রোগ সংক্রামিত হইয়াই অধিকাংশ উৎপন্ন হয়।
অপর ব্যক্তির চক্ষুজ স্পাশীকোমক-ক্লেদ-পদার্থ, মেহজ বীজ, অথবা স্ত্রীযোনি সমৃদ্ভূত অসুস্থ রস ইত্যাদি, অন্যান্য কারণে এই পিউরিউলেন্ট্
কনজংটিভাইটিস্ রোগ জন্মিতে পারে।

অপিচ পূর্বে এরপ অনুমিত হইত, যে শূন্যমার্ণে সভত উদ্ভীয়মান
শুদ্ধ ক্লেদপদার্থ কন্জংটাইভাতে আবদ্ধ হইয়া, এই রোগের উৎপত্তি
করে। কিন্তু এই অনুমান অমূলক ও যুক্তিবিহীন। কুদ্র কুদ্র পতদ
বা কীটাণুগণ রুগ্ন চকু হইতে স্পর্শাক্রামক বীজ বহন করিয়া, সুস্থ চকুতে
প্রদান করতঃ এই রোগ যে আনয়ন করিতে পারে, ভদ্বিষয়ে আর
কোন সন্দেহ নাই। আকাশবায়ুজ কোন কারণ, মৃতিকা হইতে উথিত

দুর্গন্ধ বাস্প ও বালুকা-পরিপূরিত উত্তপ্ত বায়ু, ইহারা প্রত্যেকে বা দিলিত হইয়া যে, প্রকৃত পিউরিউলেন্ট্ কন্জংটিভাইটিস্ রোগোৎপত্তি করিতে পারে, তদ্বিষয়ে আমার অনেক নন্দেহ আছে। কারণ এইরূপ হইলে, আমরা এই ভারতবর্ষে কোনহ দেশে, এবং কোন কোন প্রেণীত্ব লোকের এই রোগ অপেক্ষা-কৃত অধিক পরিমাণে দেখিতে পাইতাম। যাহাহউক, অধিকাংশ স্থলেই ভাইর্স্ (Virus) বা বিষনামক এক প্রকার বিশেষ সংক্রামক পদার্য অবস্থিত থাকিয়া, এই রোগের উৎপত্তি করে।

চিকিৎসা।—পিউরিউলেন্ট্ কনজংটিভাইটিস্রোগ চিকিৎসা করিতে হইলে, কর্ণিয়া যাহাতে রক্ষিত হয়, অগ্রে ভাহারই বিশেষ চেন্টা করা উচিত। যদি এই রোগে কর্ণিয়া ক্ষত বিশিন্ট না হইয়া থাকে, তবে আপাততঃ এই রোগের চিকিৎসা না করিলেও করা যায়। কিন্তু শ্লৈমিক ঝিল্লীর বর্ত্তনান প্রদাহের কোন প্রকার প্রতীকার না করিলে, কর্ণিয়া রক্ষার্থে আমাদের তাবৎ যত্ন ও কৌশল র্থা হইবেক। এতন্মিনিত্ত এই রোগকে ছই প্রেণীতে বিভক্ত করিয়া, তদ্বিষয়ক চিকিৎসা বর্ণনা করিব। প্রথম প্রেণী অপেক্ষাকৃত সামান্য রোগ। ইহাতে কর্ণিয়ায় কোন রূপ পীড়া হয় না। দ্বিতীয় প্রেণীত্ব রোগ অতিশয় গুরুতর;—ইহাতে কর্ণিয়ায় বিলক্ষণ ক্ষত হইতে আরম্ভ হয়। \*

পিউরিউলেন্ট্ কন্জংটিভাইটিস্ রোগাক্রান্ত হইলে, বালকদিগের বিশেষতঃ সকল নমুয্যেরই কর্ণিয়া যেরূপে অবস্থাক্রান্ত হয়, ভন্নির্ণয় করা অত্যন্ত আবশ্যক বলিয়া এস্থলে ভাহা বর্ণনা করা যাইভেছে। এই ব্যাপার সংসাধনে উক্ত অংশ উত্তমরূপ পরীক্ষা করিবার নিমিন্ত, রোগীকে ক্লোরোফর্দ্মের অধীনে আনা আবশ্যক। কারণ, অথ্যে কর্ণিয়ার প্রান্তাবরক স্ফীত কন্জংটাইভার স্তরকে অন্ধুলির অগ্রভাগ দ্বারা পশ্চাদ্দিকে না ঠেলিলে, তাহার ভলবর্তী নির্দ্যাণের অবস্থা আমরা সম্যক্ অবগত হইতে পারিনা।

১। প্রথম প্রেণীস্থ স্থলসকলে রোগোৎপাদক কারণ, রোগীর বয়স—অর্থাৎ শিশু কি হৃদ্ধ, ইত্যাদি কোনরূপ অনুসন্ধান না করিয়া, চিকিৎসনীয় তদ্যোগে কর্ণিয়ায় কোনরূপ কত হয় নাই, এই বিষয়টীই সতত স্মৃতিপথে রাখিয়া, ও যেস্থল কোন বাহপদার্থ-প্রবেশ স্ইতে

<sup>\*</sup> Tyrrell " On Diseases of the Eye," vol. i. p. 62.

সমুদ্ত তাহার কারণ অনুসন্ধান করতঃ, ৩ ড্যাম জলে ১ ড্যাম্ লাইটেট্ট অব্ সিল্ভার মিপ্রিত তীক্ষ্বল সলিউশন্ (মিপ্রাণ) রোগীর অক্সিপুটোপরি প্রলেপিত করিতে হয়। ১ উন্সাজলে ৩ গ্রেণ উক্ত উম্বর্ধ দিয়া আর একটা ক্ষণিবল সলিউশন্ প্রস্তুত করিয়া, প্রত্যেক দ্বিতীয় ঘন্টায় চক্ষুতে কোটা কোটা করিয়া প্রদান করিতে হয়। এইরূপ চিক্সিশ্র ঘন্টা পর্যান্ত করিয়া, পরিশোষে অক্ষিপুটে পুনরায় উক্ত তীক্ষ্বল সলিউশন প্রলেপিত করিতে হয়। এইরূপে যত দিন পর্যান্ত কন্জংটাইভার আরক্তিন অবস্থা বিন্ট না হয়, এবং ক্লেদ্র্যাব তরল ও পরিন্দাণে অপ্পানা হয়, তত দিন পর্যান্ত প্ররূপ লোশন্ ব্যবহার করিতে হয়।

অধিকাংশ হলে, ছই বারের অধিক অক্ষিপুটে নাইটেট্ অব্ সিল্ভারের সলিউশন্ প্রলেপ দেওয়া অনাবশাক। কিন্তু এক সপ্তাহ বা দশ দিন পর্যান্ত অপর লোশনটা চক্ষুতে ফোটা ফোটা প্রদান করিতে হয়। এই সময়ের মধ্যে রোগের বলবং লক্ষণ গুলি প্রায়ই লুপ্ত হইয়া যায়; এবং নাইটেট্ অব্ সিল্ভারের পরিবর্তে, ১ ঔস জলে ২ গ্রেণ সল্ফেট্ অব্ জিংক্ মিপ্রিত লোশন ব্যবহার করা বিধেয় হইতে পারে। ছই তিন দিনের অতিরিক্ত কালে নাইটেট্ট অব্ সিল্ভার লোশন্ ছই ঘন্টা অন্তর চক্ষুতে ব্যবহার করা আবশাক হয় না। উহা ছয়ঘন্টা অন্তর, ও পরে ক্রমশঃ দিবনে ছই বার করিয়া ব্যবহার করা পরাম্পিদিদ্ধ।

এই রোগে চকুতে বিশেষ যাতনা বোধ হয় না। যদি কিঞ্চিং বোধ হয় তাহা পোস্তার টেডি ফলের সেঁক প্রদান করিলে, নিরারিত হয়। জঠনাবস্থার প্রতি বিশেষ মনোযোগ রাখা আবশ্যক; এবং সংপথ্য ব্যবস্থা করা উচিত। প্রদাহ নিবারক (Antiphlogistic) ঔষধ ব্যবস্থার অপেক্ষা, কুইনাইন এবং পরিমিত পরিমাণে তেজক্ষর (Stimulants) ঔষধ সেবন করা প্রোয়ক্ষর। কিন্তু নাড়ীর গতি দেখিয়া, এইস্থলে আনাদের ঔষধাদি ব্যবস্থা করা সর্বভোভাবে আবশ্যক।

শিশুসন্তান এবং অপেবয়ক্ষ বালকেরা চক্ষুর মধ্যে নাইট্রেট্ অব্ সিলভার সলিউশনের কোটা পাতিত করিতে দেয় না; সুতরাং তাহা-দের এই রোগ হইলে, আমাদিগকে বিলক্ষণ কন্টে পতিত হইতে হয়। এই অবস্থায় পিচ্কারী ব্যবহার কোন মতেই বৈধ নহে। তাহাতে বালকেরা যে কেবল ভীত হইয়া থাকে এমত নহে, পিচকারীর অগ্রভাগ অক্পিপুটদ্র মধ্যে একবার প্রবিষ্ট হইলে, উক্ত অংশ উত্তেজিত হইতে পারে; এবং তাহ। হইলে, অশেষবিধ ক্ষতি উপস্থিত হইয়া পড়ে। পীড়িত বালকের মন্তক চূঢ়রপে ধারণপূর্মক অকিপুট্নর আন্তে আন্তে বিষুক্ত করিয়া, ও উক্ত লোশন চক্লুর মধ্যে কোটা কোটা করিয়া প্রদান করিয়া, উহাকে অকিপুট মুদিত করিতে অনুমতি দিবে। তিন কিষা চারি বার এইরূপ করিয়া রোগীর অকিপুট্নর কর্ম্য জলে ধৌত করিয়া দিতে হয়। তাহার পর রোগীকে তুই কিয়া তিন ঘন্টার নিমিন্ত বিশ্রাম লইতে দিয়া, পুনশ্চ উক্ত লোশন্ উক্ত প্রকারে চক্লুনিবিন্ট করিয়া দিতে হয়। যত দিন পর্যান্ত ক্লেদ্বান প্রায় হণিত হইয়া না আইসে, তত দিন পর্যান্ত উক্ত লোশন্ উক্ত প্রকারে দিবারাত্রি ব্যবহার

অধিকাংশ ত্তল দৃঢ়রপে উপায়্ব ভ উপায়ের অনুবর্তী হইলে, বালকদিগের চক্ষুতে নত্বই অনেক উপাশন দেখিতে পাওয়া যায়। তাহারা
আট চল্লিশ ঘন্টার মধ্যেই চক্ষুক্রন্মীলিত করিতে আরন্ত করে; এবং
আলোক অসহ বলিয়া বোধ করে না। অক্ষিপুটের ক্ষাতি ও কন্জংটাইভার আরক্তিনতা অপানীত হইতে আরম্ভ হয়। এক্ষণে নাইটেট্ট্
অবু সিল্ভারের পরিবর্তে সল্কেট্ অবু দ্বিংক্ (১ ঔন্স ললে ১ গ্রেণ)
সলিউশন্ দিবসে তিন বার করিয়া ব্যবহার করা বিধেয়। এত্বলে
ইহাও ম্বরণ থাকা উচিত যে, এই রোগের অপারাপর ত্বলে যেরূপ রোগ
প্রত্যাবর্ত্তন করে, ইহাতেও তদ্ধপ প্রত্যাবৃত্ত হইবার সন্তোবনা আছে;
স্কুতরাং যত দিন পর্যন্ত বালক নম্পূর্ণ আরোগ্য প্রাপ্ত না হয়, তত দিন
পর্যান্ত উক্ত লোশন্ ব্যবহার পরিত্যাণ করা কোন মতেই বৈধ হয় না।
আরোগ্যের পর যদি রোগ আবার প্রত্যাবর্ত্তন করে, তবে নাইটেট্ট্
অবু সিল্ভার সলিউশন্ পুনব্যবহার করা অত্যাবশ্যক। এই ঔষ্পই
এই রোগের বিশেষ উপকারক।

যে পিউরিউলেন্ট্ কনজংটিভাইটিস্রোগে কর্ণিয়ায় কোনবিধ রোগ হয় নাই, তাহাতে উপযুক্তি চিকিৎসা প্রণালী, কিরূপ কার্যাকর হয়, তাহা ডাক্তার ম্যাকনামারা সাহেবের রোগচিকিৎসার পুস্তক হইতে একটা উদাহরণ উদ্ধৃত করিয়া নিম্নে প্রদর্শিত হইতেছে।—

১১ই অক্টোবর; রোগিণীর নাম—''ক" বয়স পঞ্চবিংশতি বর্ষ, ও দেখিতে সুস্থারীর। বিগত চারি দিবসের পূর্বের সে বিলক্ষণ সুস্থ ছিল, ও তাহার চক্ষুতে ইতিপূর্বের কথন কোন রোগ হয় নাই, এই কথা সে ব্যক্ত করিল। বিগত চতুর্থ দিবসে সে বর্ত্তমান রোগাক্রান্ত হইয়াছে—তাহার দক্ষিণ চক্ষু হইতে অঞ্চ নির্গত হইতে আরম্ভ হইয়াছে, ও উহা

একণে অতিরিক্ত কণ্ড্রিত হইতেছে। উক্ত দিবসের পরবর্তী প্রাতে উহা আরক্তিন, যন্ত্রণা-দায়ক ও ক্ষীত হইয়া বর্ত্তনান অবস্থায় পরিণত হইয়াছে।

এই দ্বিতীয় দিবস অপরাহ্নসময়ে, সে ডাক্তার ম্যাক্নানারা সাহেবের অধীন চিকিৎসালয়ে রোগশান্তির নিনিত্ত আগনন করিয়াছিল। তিনি দেখিলেন যে, তাহার উভয়াকিপুট, বিশেষতঃ উদ্ধাকিপুট অপরিমিত ক্ষীত হইয়াছে, ও উভয় চকুরই নাসাপাদ্ধ দেশ হইতে পূয় নিঃসৃত হইয়া পুটপ্রান্ত আরত করিয়া রাখিয়াছে। অপিচ অক্মিপুটদ্বয় উল্টাইয়া দেখা গেল যে, উভয় চক্মুরই কন্জংটাইভা সমভাবে গাঢ়লোহিত বর্ণ ও ক্ষীত হইয়াছে। ভিলাইগুলি উন্নত ও দানাবৎ (গ্র্যানিউলেশন্) প্রতীয়মান হইল। কন্জংটাইভা কিনোসিস্ প্রাপ্ত, ও উহার উপরিভাগে একিমোসিমের বহুতর কলঙ্কচিত্র দেখা গেল। অপিচ উহা আবার কর্ণিয়ার চতুঃপ্রান্তে অপ্প পরিমাণে আসিয়া পড়িয়াছিল। সে যাহাহউক, উভয় চক্মুরই কর্ণিয়া সুস্থ ছিল। কেবল দক্ষিণ চক্মুর কর্ণিয়ার সুপীরিয়র মার্জিন্ (উপর প্রান্ত) সন্নিকটে সঙ্কীর্ণ ও রেখাবৎ একটী মাত্র অগভীর ক্ষত দর্শন করিয়াছিলেন।

রোগী চকুর যন্ত্রণা বিজ্ঞাপন করিয়াছিল। প্রাতঃ সময়েই এই যন্ত্রণা বিদ্ধিত হইত; উহা ললাট প্রান্ত পর্যান্ত বিস্তৃত হইয়া ছিল বটে, কিন্তু এত ভয়ানক হইয়া উঠে নাই যে, রাত্রিকালে নিদ্রার বাধাজ্যাইয়া তাহাকে জাগরিত রাখে। জ্বর কিম্বা শারীরিক অন্য কোন প্রকার পীড়া লক্ষণ দৃষ্ট হয় নাই। কোঠ নিয়মিত রূপে সম্পাদিত হইত। কুদ্বোধও স্বাভাবিক প্রবল ছিল। সে কখন মেহল পীড়াক্রান্ত হয় নাই; এবং যত দূর অনুসন্ধান হইয়াছিল, তাহাতে যে তাহার শরীরে কোন প্রকার সংক্রামক বীজ সংস্পৃষ্ট হয় নাই, ইহা জানা গিয়াছিল।

প্রতি প্রটিকার সময় তাহার চক্ষুতে কর্ম্য জল দ্বারা নতত পৌত করিতে আদেশ করিয়া, নিম্ন লিখিত ব্যবস্থানুবর্তী হইতে অনুমতি করি-লেন। পূর্ণ নাত্রায় নাইট্রেট্ অবু সিল্ভার জলে নিপ্রিত করতঃ, তিনিপ্রেণ উভয়াক্ষিপুটোপরি প্রালিপ্ত করিতে, এবং ১ উন্স জলে ৩ গ্রেণ মিপ্রিত করিয়া তিনিপ্রাণ প্রত্যেক দ্বিতীয় ঘন্টায় চক্ষুর মধ্যে কোটাই করিয়া দিতে ব্যবস্থা দিলেন। পথ্য—অবাধে উভ্য খাদ্য দ্ব্য!

এই সকল আদেশ নিয়মিত রূপে প্রতিপালন করিলে, তিনি পর

দিন ১৩ই অক্টোবর তারিখে দেখিলেন যে, অক্সিপুটের ক্ষীতির অনেক ক্রাস হইয়াছে; কন্জংটাইভা বাহতঃ প্রায়ই পূর্ববং রহিয়াছে। কিন্তু চক্ষু বিলক্ষণ পরিষ্কৃত করিয়া রাখাতে, উহাদের ক্লেদস্রাব বিষয়ে কোন পরিমাণ নির্দেশ করিতে পারিলেন না। অক্ষিপুটে পুনরায় নাইট্রেট অব্ দিল্ভার দলিউশন্ চিত্রিত করিয়া দেওয়া হইল, এবং বস্তুতঃ পূর্বদিনের সমুদায় ব্যবস্থাসুবর্তী হইতে আদেশ করিলেন।

১৪ই তারিখে দেখিলেন যে, চক্ষুংদ্বয়ের অবস্থার বিলক্ষণ উপশ্য হইয়া আদিয়াছে। অন্পিট্র ক্ষীতি অনেক পরিমাণে হ্রাদ হইয়াছে, রোগী একণে অক্ষিপুট্রয়েকে উন্মীলিত করিতে পারে, এবং চকুতে আলোক অসহ্য বলিয়া বোধ হয় না। কিনোদিস্ অবস্থা প্রায়ই নাই; এবং দক্ষিণ চক্ষুর কর্ণিয়ার উদ্ধাংশস্থ সন্ধীর্ণক্ষত রক্তবহা-নাড়ী দ্বারা আহ্বত হইয়া পড়িয়াছে। একণে নাইট্রেট্ অব সিল্ভার অক্ষিপুটে আর বাবহার করিতে নিষেধ করিয়া, পূর্ব্বোক্ত উহার ক্ষীণবল নিশ্রণ ছয় ঘন্টা অন্তর চকুতে কোটা কোটা করিয়া দিতে অনুমতি দিলেন। পর দিবস চক্ষুর অবস্থা ক্রমশঃ উন্নতিশীল হইতে দেখিয়া, উক্ত নিশ্রণে নাইট্রেট্ অব্ সিল্ভারের মাত্রা ১ উন্স জলে ১ গ্রেণ এইরপে লাঘ্ব করিয়া দিয়া, এবং পূর্ববং অধিক বার ব্যবহার করিতে নিষেধ করিয়াও দিলেন। ইহাতে রোগ প্রত্যাবর্ত্তন করিল না; এবং চিকিৎসালয়ে আসিবার বিংশ-তিত্ব দিবসাতীতে রোগী সম্পূর্ণ রোগোন্মুক্ত বলিয়া নির্দ্ধিট হইয়াছিল।

২। এক্ষণে দ্বিতীয় শ্রেণীস্থ হল সকলের চিকিৎসা বিষয়ক বর্ণনে প্রেক্ত হইলাম। এই সকল হলে চিকিৎসার প্রারম্ভ সময়ে বা তাহার প্রের্মে রোগীর কর্নিয়া রোগাক্রান্ত হইয়া থাকে। এম ওয়েকার সাহেব এই বিষয়ে অনেক তর্কবিতর্ক করিয়া গিয়াছেন। তাঁহার মতে কর্নিয়া এবিষধে রোগাক্রান্ত হইলেই যে, নিম্ন লিখিত চিকিৎসা প্রণালীর অমুবর্তী হইতে হয় এমত নহে। সাধারণতঃ পিউরিউলেণ্ট কন্জংটিভাইটিস্ রোগের সকল গুরুতর হলেই, এই চিকিৎসা বিশেষরূপে ব্যবহার্য্য ও ফলোপধায়ক হইতে পারে। প্যাল্পিব্র্যাল্ কন্জংটাইভার উপরিভাগে এবং সেনিলুনার ফোল্ড সকলে ক্টিক প্রদানই এই রোগের চিকিৎসা। কিন্তু আক্ষিক শ্লৈভাকবিল্লীতে (কনজংটাইভা) কার্ট্টক সংস্পর্শ করিবার কোন আবশ্যকতা নাই।

त्य किंग्रिकत कथा উল्लिथिত रहेन, ভाষাতে विश्वक्व वां निर्मेहि

অन् गिल्जादतत वावरात कथनरे दिश नदर। এই कछिक् लिनन, नाइट्रोहे अर् मिन्छात्र এवर नाइट्रोहे अत् लाहिटमत जूनारम, অথবা এক ভাগ নাইটেট অব্ সিলভার ও ছুই ভাগ নাইটেট্ অব পোটানের দারা প্রস্তুত হরা আবশাক। উক্ত ছুই লাবণিক দ্রব্য উপযুক্ত পরিমাণে গালিভ করিয়া, ভাহা কাচের একটা সঙ্কীর্ণ নলে ঢালিয়া দিলে, ভৎক্ষণাৎ কঠিন হওতঃ পেন্সিলের আকারে বাবহারোপযোগী হয়। এইরূপ স্থলে, বিমিশ্র কটিক প্রস্তুত করিয়া ব্যবহার করিবার কারণ এই যে, এভদ্বারা ক্রজংটাইভার কেবল देशिथिनीयान छत्रकनरे विनष्टे रहेया याय। आत विश्वष्त पृष् नारे-টেট অব্ সিলভার ব্যবহার করিলে, কনজংটাইভার সংযোজক ঝিলী বিগলিত হইয়া, তথায় ক্তচিত্র সমুৎপাদিত করিতে, ও পরিশেষে হ্লৈত্মিকবিল্লীর সক্ষোচনও ঘটাইতে পারে। কিন্ত বিমিশ্র পেক্সিল ব্যবহার করিলে, এই সমস্ত একেবারেই ঘটিতে পারে না। বিশুদ্ধ নাই-টেট্ অব্ সিল্ভার ব্যবহার করিলে, উক্ত কত চিহ্নের বন্ধুর উপরিভাগ উত্তেজনা বিরহিত হইতে পারে না ; উহা কর্ণিয়ায় সভত ঘর্ষিত হইয়া পরিশেষে উহাকে অস্বচ্ছ করে। খাহাহউক, এই ঔষধ কর্ণিয়ার উপরিভাগে প্রদত্ত হইলে, তাহাও আশু-বিনাশ হইতে নিষ্কৃতি পায় না 1

অনেকে পিউরিউলেন্ট কন্জংটিভাইটিস্ রোগাক্রান্ত হইয়া, অপ-রিনিভ স্লায়ুপ্রধানতা (Nervousness), যাতনা ও মনশ্চিন্তায় উত্তেজিভ হইয়া জুদ্ধ স্বভাবপিন্ন হয়েন। তাহারা অধিক যাতনা সহ্য করিতে নিতান্ত অনিচ্ছুক ও অপারগ। এবিষধ স্থলে কন্জংটাইভায় কটিক ব্যবহারের পূর্বের, তাহাদিগকে ক্লারোফর্মের অধীন আনা, কথন কখন পরামর্শ সিদ্ধ বলিয়া বোধ হয়। সকল অবস্থাতেই, পীড়িত চক্ষু সম্পূর্ণ আলোকিত হইবে বলিয়া, রোগীকে গুহমধ্যে কোন একটী গবাক্ষ বিপ্রসাধ্যে উপবিট্ট হইভে দিয়া, সাবধানে উহার নিম্নাক্ষিপুট সম্পূর্ণ উল্টাইবে। পরে ক্ষুদ্র এক থণ্ড অনাদ্র পিট্রবন্ধ দারা কন্জংটাইভা মুছাইয়া লইয়া, অক্ষিপুটীয় শ্লৈমিক ঝিল্লীর সমুদায় উপরিভাগে, বিশেষতঃ টার্মো অবিট্যাল্ ফোল্ডে কন্টিক্ পোন্সাল প্রদান করা উচিত। কন্টিক্ প্রদান নাত্রেই উক্তম্থান একপ্রকার শুক্র পদার্থাত্বত হইয়া পড়ে; স্তরাৎ তৎসনয়েই একজন সাহায্যকারী আদিয়া একবিক্ষু শীতল জল উক্ত উল্টান অক্সিপুটে প্রদান করিলে, যদি তথায় অতিরিক্ত নাই-

টেট অব্ সিল্ভার থাকে, ভবে ভাহা উক্ত দলে নিশ্রিত হইয়া থৌত হইঁয়া পড়ে। একণে নিমাকিপুটকে প্রকৃতাবস্থায় নীত করিয়া, উদ্ধা-ক্ষিপুটেও ঐরপে কটিক প্রদান করিতে হয়। এই শেষোক্ত অক্ষি-পুট যখন অতিরিক্ত ক্ষীত হয়, তখন কন্জংটাইভার উর্দ্ধ টার্সো-অবি है।। का नुष्ठ करिक् अमान क्षिट्ड विटम्य क्छेटवाध इहेग्रा थाटक। याशश्चिक, देक्षिमिक विलीत ममूनाम এতদংশে এবং मिसलूनात काल्फ मकरने किं विभाग करा मर्वा किंदि विधिय। धेर निमिष्टरे ডাক্তার ম্যাকনামারা সাহেব এবম্বিধ স্থলসকলে ক্লোকের্ম ব্যবহার করা উচিত বলিয়াছেন। ইহাতে আমরা ঔষধ প্রদান করিতে অধিক সময় প্রাপ্ত হই, এবং রোগীও অপরিমিত যাতনাভোগ হইতে নিষ্কৃতি পায়। যাহাহউক, এই বিষয়তী সামান্য উপকারজনক নহে। অনেক স্থলে গুরুতর পিউরিউলেন্ট রোগাক্রান্ত হইয়া, রোগী অতিশয় ব্যাকুল ও স্নায়ুপ্রধান হইয়া পড়ে; এবং অক্ষিপুট উল্টাইতে ও তাহাতে किंकि अनीन कितिएं, जानता जाशीटक य उप्तिष्न अ जग्नानक करके পাতিত করি, তাহা এত অতিরিক্ত বলিয়া অমুমিত হয় যে, এই ক্ষিক ব্যবহারে (Cauterization) যে পরিমাণে উপকার দর্শে, উহা দ্বারা স্নাযুদওলের তদতিরিক্ত চুর্মলত। জন্মে। অন্য পক্ষে, যদি রোগী সহজেই উপায়ু ্যক্ত চিকিৎসার বশবর্তী হইতে সাহস প্রকাশ করে, ভবে তিনি ক্লোরোফর্মা ব্যবহার করিতে কখনই অনুমতি প্রদান করেন না।

নাইট্রেট্ অব্ সিল্ভার পেন্সিল্ কনজংটাইভার উপরিভাগে উপযুঁক্তি প্রকারে প্রদান করিলে, পুয়োৎপাদক ইপিথিলীয়াল্ স্তরসকল
বিনক্ট ইইয়া যায়; সুভরাং যে পর্যান্ত না উক্ত ইপিথিলীয়ন্ পুনক্দিত
হয়, প্রায় দেপর্যান্ত প্রদাহিত চক্ষু হইতে স্বল্প পরিমাণে ক্লেদ নির্গত
হইতে দেখা যায়। অবস্থার ব্যতিক্রমান্ত্রসারে এই সকল পরিবর্ত্তন
সংঘটিত হইতে সময়েরও ব্যতিক্রম ঘটিয়া থাকে। কিন্তু সাধারণতঃ
প্রায় চরিশে ঘন্টার মধ্যে, বিনক্ট কৌষিক স্তরসকলের অবস্থান স্থানে
সূতন সূতন স্তর উৎপন্ন হয়; এবং ভংসক্ষে সজে চক্লুর ক্লেদ্রাবও পুনকদিত হয়। এই ঘটনাম্বারা পুনর্মার কর্টিক ব্যবহার উপযোগী
হইয়া পড়ে। বাস্তবিক, বারঘন্টার মধ্যেই হউক, কিয়া চর্মিশে ঘন্টা
অথবা আটচলিশে ঘন্টার নধ্যেই হউক, যে সময়ে পুর পুনক্ষিত
হইবে, ভৎসময়ে পুর্মবর্ণিত প্রণালী অমুসারে ক্টিক ব্যবহার করিতে
হয়। দ্বিতীয়বার প্রদানের সন্য়, এই ক্টিকের বল কিঞ্চিৎ থর্ম্ব

করিয়া দেওয়া উচিত। উহা ১ভাগ নাইটেট্ট অব্ নিল্ভার ৩ভাগ নাইটেট্ট অব্ পোটাদের সহিত মিশ্রিত করত প্রস্তুত করিলে, সাধা-রণতঃ পুনর্ব্যবহারপক্ষে যথেট তীক্ষ্ হয়। পাঁচ কিয়া ছয় দিবন পর্যান্ত এই শেষোক্ত চিকিৎসার অমুবর্তী হইলে, প্রদাহিত কন্জং-টাইভার অভিরিক্ত রোগ-কার্য্য বিন্ট্ট, ও ক্লেদন্রাব সম্যক্ স্থানিত হইয়া যায়। সাধারণতঃ প্রতি ক্টিক্ ব্যবহারের অধিকক্ষণ পরে প্রোৎপত্তি হইয়া থাকে; এবং পরিশেষে তাহা একেবারে অদৃশ্য হইয়া যায়।

এম্ ওয়েকার সাহেব নিম্নলিখিত রূপে কফ্টিকের কার্য্য বর্ণনা করিয়া গিয়াছেন। প্রদাহিত টিমুর রক্তবহানাড়ী সকলের অভ্যন্তর দিয়া, অতি মুছুরূপে শোণিত-সঞ্চালন হওয়ায়, তথায় অতিরিক্ত কার্য্য (Hyperaction) উৎপাদিত হইতে থাকে। নাইটেট অবু সিলভার ব্যবহারে, এই সকল অপ্রাকৃতিক কার্য্য পরিবর্তিত হইয়া, শীত্র২ শোণিত ভ্রোত প্রবা-হিত হয়। এইরপে উক্ত টিসু সকলের প্রভিপোষক অবস্থার বিলক্ষণ উন্নতি হইতে থাকে। তিনি আরো বলেন যে, অধিকক্ষণ পর্যান্ত কটি-কের এই কার্য্য স্থায়ী রাখিবার নিমিত, কটিক পেন্সিল ব্যবহার করি-বার অব্যবহিত পরেই, অক্ষিপুটে আদ্র বস্ত্র সংলগ্ন করা অত্যাবশ্যক। অবিরত এইরূপ আর্দ্রবস্ত্র সংলগ্ন করিলে, রক্তবহা নাড়ী সকল পুনঃ প্রসারিত হইতে পারে না; অর্থচ ভদ্ধারা অস্বাভাবিক স্রস্ত রস ধৌত হইয়া উক্ত স্থান বিলক্ষণ পরিষ্কৃত হইয়া পড়ে। এই রোগের সকল স্থলেই চকু পরিষ্কৃত থাকাই প্রধান বিষয়। অক্ষিপুট আরত হইতে পারে, এমত এক খণ্ড লিন্ট রাশীকৃত বরফের মধ্যে রাখিয়া তাহা বিলক্ষণ শীতল হইলে, অক্ষিপুটে সংলগ্ন করিতে হয়। পরে, উহা তথায় ঈষদুষ্ণ হইলে, তৎপরিবর্ত্তে এরপ আর এক খণ্ড লিন্ট সংলগ্ন করিয়া, তাহাকে আবার বরফ মধ্যে ন্যস্ত রাখিতে হয়। অক্ষিপুটের উপরিভাগ অবিরভ শীতল হইবে বলিয়া, এইরূপ শীতল জলার্ড লিন্ট অনবরতঃ ব্যবহার করিতে হয়। ইহাতে রক্তাধিক্য-কার্য্য ক্ষণপ্রতিরুদ্ধ হওয়ায়, তথায় শোণিতভোত শীভ্ৰ শীভ্ৰ সঞ্চালিত হইতে থাকে; এবং এইরপে উক্ত পীড়িত স্থান পুনঃ পরিপোষিত হইলে, রক্তবহা-নাড়ী সকলের গর্ভ প্রায়ই প্রকৃতাবস্থা প্রাপ্ত হইয়া থাকে। তদভ্যন্তরম্ব সুত্ব-শোণিত উহাদের সঙ্কোচক ঝিল্লীর উত্তেজক কার্য্য করিয়া থাকে।

চক্ষুকে পরিষ্কৃত রাখিবার নিমিত্ত, ইহাতে পিচকারি ব্যবহার করা

বৈধ হয় না। সময়ে সময়ে অক্ষিপুট স্বল্প উল্টাইয়া, তন্মধ্যে শীতল জলের সঙ্কীর্ণধারা প্রবেশ করাইলেই যথেট হয়।

নাইট্টে অব সিলভার ব্যবহার করিয়। পূর্মলিখিত নিয়মগুলিতে বিশেষ রূপ ননোযোগ দেওয়া, এম্ ওয়েকার সাহেবের মতে অত্যন্ত আবশ্যক বলিয়া, ডাক্তার ম্যাকনামারা সাহেবও তদ্বিষয় সংক্ষেপে পুনরুল্লেখ করিয়াছেন। পূয়োৎপত্তির পূর্বেষ এই ঔষধ ব্যবহার করা কখনই উচিত নহে; করিলে নিশ্চয় বিপদ ঘটিতে পারে। অপিচ ইহা ব্যবহার করিয়া, যতকণ পর্যান্ত কন্জংটাইভার উপরিভাগে मिक्छ उत्नोवध अनुभा इहेशा ना यांग्न, এवर भूनः भूत्यारभि ना হয়, ততক্ষণ পর্যান্ত উহা পুনর্ব্যবহার করা উচিত নহে। এইরূপ ना कतिरल, आमता अनाइंड कामल विम्दम है निरम् एवं के छिक् मरास्त्री कतिया, जारात्क ও जीममवर्जी मश्रया क्रक विलीटक विनये वा अकर्मना করিয়া ফেলিতে পারি; এবং পরিশেষে এই সকল স্থানের ক্ষত শুষ্ক হইলে, কন্জংটাইভার উপরিভাগ চিরকালের নিমিত্ত উচ্চাবচ হইয়া পড়ে। আমি পুর্কেই বলিয়াছি যে, পুনঃ পুনঃ কঠিক ব্যবহারের পূর্বে শ্লৈষ্মিক ঝিল্লীর উদয়াপেকা করা বিধেয়। কারণ, পুনঃ পূয়োৎ-পত रहेटलहे वृक्षिट পारित त्य, हेि थि नी यन उपित हहे या है। ভাহা হইলেই নিরাপদে ডায়েলিউটেড (থর্মশক্তি) পেন্সিল পুনর্ব্যব-হার করিবার সময় আসিয়া উপস্থিত হয়। উল্লিখিত নিয়মগুলি মনো-যোগ সহকারে প্রতিপালন করিলে, ডিক্থারিটিক কন্জংটিভাইটিস রোগের প্রথমাবস্থা বা ভাদুক বর্ণিত অন্যান্য রোগাক্রান্ত চকুতে কৃষ্টিক ব্যবহারে শঙ্কার লেশ্যাত্রও নাই। এই নিশিত্ত এই সকল রোগে উক্ত অমুল্য ঔষধ বিধান করিয়াও অনেক চিকিংসক বিলক্ষণ অ্যশের ভাগী হইয়াছেন।

যে স্থলে অবিট্যাল্ কন্জংটাইভা স্ফীত এবং বোধ হয়, প্রায় কর্ণিয়ার উপর আসিয়া পতিত হয়, তথায় নাইটুেট অব্ দিল্ভার ব্যবহার না করিয়া, শ্লৈম্মিক ঝিলীতে, কর্ণিয়ার উপরে পতিত কিনোসিস্ অংশের মূল ইইতে বহির্দেশে অক্ষিপুট পর্যান্ত, চারি কিয়া পাঁচ স্থানে চিরিয়া দেওয়া (Incisions) ব্যবস্থাসদ্ধ ।\* ডাক্তার ম্যাকনামারা সাহেব ক্যাটার্যাকট কর্তনোপযোগী ছুরিকা বা তদ্ধপ তীক্ষ্পার অস্ত্র দ্বারা, যাহাতে ঝিরীগুলি

<sup>\*</sup> Lectures "On Diseases of the Eye," by J. Morgan. 2nd edit. p 72.

বিদারিত হইতে না পারে এমত করিয়া, স্পারোটিক পর্যান্ত গভীর চারি স্থানের অনপ্প স্থান চিরিয়া দিয়া থাকেন। কন্জংটাইভাকে এইরূপে চিরিয়া দেওয়ায়, তাঁহার বোধ হয় য়ে, রক্তবহা নাড়ীসকলের গভীরস্তর আর কিনোসিস্ হইতে প্রতিচাপ প্রাপ্ত হইতে পারে না; স্তরাং কণিয়া অরুগ্ন ও রক্ষিত থাকিতে মথেন্ট পোষকভা প্রাপ্ত হইয়া থাকে। ইহাতে এই এক প্রতিবন্ধক য়ে, উক্ত গভীর বিদারিত স্থান সকল আরোগ্য হইলে, কন্জংটাইভায় মাবজ্জীবন চারিটা ক্ষতকলক্ষ জন্মিয়া থাকে। মাহাইউক তাঁহার মতে এই প্রতিবন্ধক কার্যাকারক নহে; কারণ এতদ্বারা আমরা কণিয়াকে আশুবিনাশ হইতে রক্ষা করিয়া সম্পূর্ণ স্থাবস্থায় নীত করিতে পারি।

উলিখিত মহাত্মা, কিমোসিস্প্রাপ্ত কন্জংটাইভায় অসংখ্য বা পুনঃপুনঃ বিদারণ করিতে কথনই অমুমতি প্রদান করেন না। পুর্বোলিখিত মতে অস্ত্রপ্রক্রিয়া সনাধা করিতে হয়। য হাইউক, আরক্তিম ও ব্দ্ধরক্ত বক্তবহা নাড়ীগণকে রক্ষাকরাই যথন আমাদের মুখ্য উদ্দেশ্য, তথন অফ্পিপুটকে উন্মীলিত রাখিয়া, অস্ত্রবিদারিত স্থান হইতে রক্ত নিঃসৃত হইতে দেওয়াই উচিত। পরে দশ মিনিট্বা তদধিক কাল পর্যান্ত উক্ত স্থান উত্তপ্ত জলদারা ধৌত করা বিধেয়। কন্জংটাইভাকে বিদারিত করিবার অব্যবহিতপরেই যদি অফ্পিপুট মুদিত করিতে বলা যায়, তাহাইলৈ উহাদের নিম্নে রক্ত জনাট্ বাদ্ধিয়া যায় এবং রক্তবহা নাড়ীগুলি উহাদের দারা প্রতিচাপিত হইয়া রক্তপ্রার স্থাত করতঃ, আমাদের উক্ত স্থান বিদারিত করিবার মুখ্য উদ্দেশ্যের ব্যাঘাত জন্মাইয়া দেয়। স্ত্রাং দশমিনিটকাল প্র্যান্ত যাহাতে ঐ রক্ত জনাট বান্ধিতে না পারে এনত করিয়া, পরিশেষে অফিপুট মুদিত করতঃ তর্পরিশীতল জলাদ্র বন্ধ্র করা বিধেয়।

শ্লৈদ্মিক বিল্লীতে বাবস্থার গভীর কর্তন করা অতিকদাচিৎ পরাসর্শসিদ্ধ বলিয়া বোধ হয়। কিন্তু অক্ষিপুর্টীয় কনজংটাইভাতে কর্টিক্
পেন্সিল সংস্পৃষ্ট করিয়া, অক্ষিকোটরীয় কিমোসিস্প্রাপ্ত শ্লৈদ্মিক
ঝিল্লীতে, চতুর্দ্ধিক্ অনুসরণ করিয়া অগভীর কর্তন করত, তিহ্নিদারিত
রক্তবহা নাড়ীগণ হইতে, উত্তপ্ত জলের সেক প্রদান দ্বারা রক্তপ্রাব
করিতে চেন্টা করা উচিত।

বিশেষ অনুধাবন করিয়া কর্ণিয়ার অবস্থা পরীক্ষা করতঃ, পরিশেবে চিকিৎসা ব্যবস্থাকরা বিধেয়। কারণ অধিকাৎশস্থলে, এই পরীক্ষা ও চিকিৎসা দ্বারা রোগীর দৃষ্টি রক্ষিত বা বিনাশিত হইয়া থাকে।

কর্নিয়া ছিদ্রিত হইলে, উহা অস্বচ্ছ অথবা আইরিসে ফাকিলোনা হইয়া, আমাদিগকে ভয়ানক বিপদাশিক্ষিত করে। আইরিসের পশ্চা-দ্বর্ত্তী স্থিতিস্থাপক নির্দ্মাণ আইরিসকে কর্নিয়ার উক্ত ছিদ্রনধ্যে প্রবিষ্ট করিয়া দেয়; এবং উহা একবার প্রবিষ্ট হইলে, পুনরায় উহাকে স্বস্থানে অর্থাৎ য়্যানটেরিয়র চেম্বারে প্রত্যাবর্ত্তন করিতে দেয় না।

ঘেন্তলে ক্ষত উৎপদ্ন হইয়া কর্ণিয়ার কিয়দংশ এত বিন্ট হইয়া যায় যে, কেবল উহার পশ্চাদ্বর্তী স্থিতিস্থাপক ল্যামিনা অরুগ্ন থাকে, ভথায় কোন২ সময়ে. পশ্চাদ্বভী বিস্তারক বেগে Distending force) এই কোমল স্থিতিস্থাপক ল্যামিনা উদ্ভিন্ন হইয়া যাইতে পারে। এতন্নি-নিত্ত, একটা সূঁচ দারা কর্ণিয়াকে বিদ্ধ করতঃ, তন্মধ্য দিয়া য্যাকিউয়স পদার্থ বহিঃমৃত হইতে দিলে, উক্ত আভ্যন্তরীণ প্রতিচাপ কাম্ত হইয়া পডে। এই সকল অবস্থায়, কর্ণিয়ায় প্যারাদেনিটিস্ন (Paracentesis) অর্থাৎ বিদ্ধকরারূপ এই সামান্য অস্ত্র-প্রক্রিয়া দারা, সর্মদাই সুথকর करनार्शिख इहेग्रा शिक। हेहा दांता त्य त्करन सी किरनांग उर्शन হইতে পারে না এমত নহে। আভান্তরীণ প্রতিচাপ লাঘ্র হওয়ায় অক্ষিগোলকের বিভানেরও অনেক শান্তি হয়; সুতরাৎ রোগীকে সিলিয়ারি নিউরোসিস যাতন। হইতে অপরিমিত কট পাইতে হয় না। আরু আমার বোধ হয় যে, এই সকল অবস্থায় কর্ণিয়াকে অচিকিংসিত রাখা অপেকা, উহাকে বারষার অন্তব্যারা বিদারিত করায়, কোনরূপ মন্দ ফলোৎপত্তি হয় না। কর্ণিয়া ও স্কারোটিক্ যেস্থলে পরস্পর শিলিত হইয়াছে, ভাহার নিকটেই কর্ণিয়াকে একটা অতি ফুক্ম সুঁচ দার। বিদ্ধা করতঃ, সেই স্থাঁচের অগ্রভাগ চিক য়্যান্টেরিয়র চেম্বারের কিয়দভান্তরে প্রবিষ্ট করিতে হয়। নতুবা চক্ষুর লেন্স অপায়িত হইতে পারে। অন্ত্র করিবার সময়, কেবল এই বিষয় নী আরণ রাখা ভিন্ন ইহাতে অন্য কোন বিশেষ নিয়ম নাই। এইরূপ রোগ চিকিংনায়, কর্ণিয়াকে কেবল একবার বিদ্ধ করিলেই যথেন্ট হয় এমত নহে; কোন কোন স্থলে দ্বিতীয়বার এমত কি তৃতীয় বারও বিদ্ধ করিতে হয়। কারণ, কর্ণিয়ার উক্ত বিদ্ধস্থান চবিদশ ঘন্টার মধ্যেই শুক্ত হইয়া আইনে এবং য়্যাকিউয়্স হিউমার সত্তরই পুনরুৎপন্ন হয়। যাহাহউক, এইরুপে ছুই ভিন্নার অস্ত্র করা অভি কদাচিৎ আবশ্যক হইয়া থাকে।

সংক্ষেপে এই চিকিৎসা প্রণালী বলিতে গেলে, অধিকাৎশ স্থলে, ১মতঃ — চকুকে বিশেষরূপ পরীক্ষা করিয়া দেখিতে হয়; উহাতে কত দেখিতে পাইলে, ২য়তঃ — অক্ষিপুটীয় শ্লৈত্মিক বিল্লীতে এবং সেমিল্লার কোল্ড সকলে ডায়েলিউট্ কফিক পেন্সিল ঘর্ষিত করিয়া দিতে হয়। ৩য়তঃ, — আক্ষিক কন্জংটাইভাকে বিদীর্ণ করা, ৪র্থতঃ — কর্ণিয়ায় এক বা তদধিক গভীর ক্ষত দৃষ্ট হইলে এবং তদ্বারা উহা সমুদায় বিন্ফ না হইলে, উহাকে ভিন্নহ স্থানে বিদ্ধা (Puncture) করা। পরিশেষে, কেতঃ, — অক্ষিপুটদ্বয় সমধিক ক্ষীত হইলে, পূর্ণ নাত্রায় নাইট্রে অব্ সিল্ভার সলিউশনদ্বারা তত্নপরি চিত্রিত করিয়া দেওয়া অত্যাবশ্যক। তৎপরেই চকুতে শীতল জলার্জ বস্ত্র সংলগ্ন করিয়া রাখিতে হয়।

যাহাহউক, আমরা এই চিকিৎসা প্রণালী মধ্যে আর একটা বিশেববিধ চিকিৎসার কথা উল্লেখ করিতেছি।—উহা, ১ ড্যাম জলে ১৫এণ য়্যাট্রোপাইন্ মিপ্রিত করতঃ, প্রস্তুত করিয়া ৬মন্টা অন্তর কোটাই করিয়া চক্ষুতে প্রদান করিতে হয়। চক্ষুর আভ্যন্তরীণ এবং কণিয়া প্রতিপোষক স্নায়্ম সকলকে স্পদ্দরহিত ও অবশীকৃত করাই এই ঔষধ ব্যবহারের মুখ্য উদ্দেশ্য। অপিচ ক্ষত হইয়া যদি কণিয়া আংশিক বিন্দি হইয়া যায়, তবে এই চিকিৎসায় কণিয়া ও সিলিয়ারিপেশীর বিতান রক্ষিত হওতঃ, কণিয়াকে ক্ষুটিত হইতে অনেক বাধা প্রদান করিয়া থাকে। য়্যাট্রোপাইন্ ব্যবহাত হইলে, আইরিস্ স্থান হইতে পশ্চাদিকে কল্প চিত হইয়া, স্বকীয় রক্তবহানা ড়ীগণকে কিয়ৎপরিমাণে শূন্যণর্ভ করে; এবং তলিমিতে য়্যাকিউয়স্ হিউমার অপ্পপরিমাণে নির্ণত হওতঃ চক্ষুর আভ্যন্তরীণ প্রতিচাপ হ্রাস করে। অধিকন্ত কণিয়া ক্ষুটিত হইয়া পড়িলে, তচ্ছিদ্র মধ্যে আইরিস্কে প্রায়ই প্রবেশ করিতে দেয় না। কিন্তু উহা স্বস্থানে য়্যান্টেরিয়ার চেয়ার মধ্যে অবস্থিত থাকিলে, এই প্রবেশনের অধিক সন্ত্রাবনা আছে।

পিউরিউলেন্ট্ কনজংটিভাইটিস্রোগে ক্ষত হইয়া কর্ণিয়া ছিদ্রিত হইলে, উল্লিখিত চিকিৎসা অত্যন্ত প্রয়োজনীয়, ও একমাত্র উপায় বলিয়া বোপ হয়। কর্ণিয়া পীড়িত হউক আর নাই হউক, এবিষধ স্থলে সাধারণ চিকিৎনা প্রণালীর চুই এক বিষয় লইয়া, এক্ষণে আমরা আন্দোলন করিতেছি। পিউরিউলেন্ট্ কন্জংটিভাইটিস্রোগে কেবল এক চক্নু পীড়িত হইলে, তাহা হইতে ক্লেদ অন্য চক্নুতে নীত হইয়া তাহাকেও তদ্রপা রোগাক্রান্ত করে বলিয়া, অত্যে উক্ত সুস্থ চক্নু রক্ষা

করাই বিধেয়। এই নিমিত্ত সুস্ত চক্ষুতে তুলার প্যাড় ও ব্যাণ্ডেজ্ বন্ধন করা সমধিক উপকারক। এই প্রক্রিয়ার উপকারিতা রোগী স্বয়ং বুঝিতে পারে; এবং ভজ্জন্যই ক্লেদস্পর্শনিরাকরণার্থে সুস্ত চক্ষু যুদিত রাখিতে, তাহার কোন কন্ট বোধ হয় না। ভজ্জনিত সামান্য অসুবিধা সন্থ করিতে সে সহজেই স্বীকৃত হইয়া থাকে।

এই রোগে অনেকানেক রোগী যে যাতনা সহ্য করে, তাহা নিরাকরণার্থে ললাটনেশে একুটুগাক্ট অব্ বেলাডোনা লেপন, এবং মর্কিয়।
সেবন করিতে ব্যবস্থা দেওয়া উচিত। এই শেষোক্ত ঔষধ পূর্ণ মাত্রায়
শয়ন কালে সেবন করিতে হয়; কারণ সচরাচর তৎসময়েই যত্রণা
বিদ্ধিত হইয়া রোগীর নিজার বাধা প্রদান করিয়। থাকে।

জলোকা সংলগ্ন করিবার বিষয়ে ডাক্তার ম্যাকনানারা সাহেব এই মাত্র বলেন যে, যদি প্লেখোরা (Plethora) বা দেদপ্রস্ত ব্যক্তির এই রোগ জন্মে, তবে তাহার একতর ললাটপান্থে আটনী কিয়া দশটী জলোকা সংলগ্ন করা বিধেয়। নতুবা পিউরিউলেন্ট কন্জংটিভাইটিস্ রোগাক্রান্ত হইয়া, যাতনা ভোগ করিতেছে বলিয়া, বিবেচনা শূন্য হওতঃ যে কোন ব্যক্তির ললাটপাশ্বে জলোকা সংলগ্ন করিতে অনুনতি দেওয়া, কতদুর অবৈধ ও ভয়য়র কার্য্য, তাহা বর্ণনা করা যায় না। এবিষয়ে ডাক্তার ম্যাকনামারা সাহেবের যতদুর অভিজ্ঞতা আছে, তাহাতে তিনি বলেন যে, পূর্ব্বোক্ত মবৈধ কার্য্যে ভাঁহার কিছুতেই মত নাই। বস্তুতঃ জলোকা কোন্ সময়ে সংলগ্ন করিতে ব্যবস্থা দেওয়া যাইবে, তাহার কোন বিশেষ নিয়ম কখনই বিধিবদ্ধ করা যাইতে পারে না। এই পিউরিউলেন্ট্ কন্জংটিভাইটিস্ রোগের আক্রমণে ক্ষাণ, উদ্বিশ্ন এবং রক্তশ্ন্য ব্যক্তিদিগের শরীর হইতে রক্তনোক্ষণ করা, যেনন অবিবেচনার কার্য্য, সকল স্থানেই উক্ত ব্যবস্থা স্থগিত রাখাও তদসুরূপ অবৈধ ব্যবহার। চিকিৎসক ভাঁহার বিবেচনামুযায়ী কার্য্য করিবেন।

যাহাহউক, উক্ত সাহেব জলোকা সংলগ্ন করিতে এইরূপ পরাজ্ম খ হইয়া, এই রোগে তেজকর ঔষধের ব্যবস্থা করা অতীব প্রয়োজনীয় বলিয়া উল্লেখ করেন। সংপথ্য অর্থাৎ অনপকারক দ্রব্য আহার করা এবং তং নজে২ কুইনাইন, মর্ফিয়া ও রম মিকশ্চার অনুক্রণ সেবন করা উচিত। রোগীর নাড়ীর অবস্থা দেখিয়া এই ঔষধের পরিমাণ ও ব্যব-হারকাল নির্ণয় করিতে হয়। অনেকানেক স্থলে ইন্ফিউজ্বন্ অব্ বার্কের সহিত য়্যানোনিয়া সেবন করিলে, সর্কাপেক্ষা অধিক উপকার দর্শিতে পারে। ইহাতে চক্ষুর যাতনা বৃদ্ধি হইলে, তদ্ব্যবহারে বিরভ হওয়া উচিত। কিন্তু তাহা না হইলে, এই ঔষধ ব্যবহার করিয়া রোগীর উপকার হইবার সম্ভাবনা আছে।

পূর্বেই বর্ণিত হইয়াছে যে, পিউরিউলেন্ট্ কন্জংটিভাইটিস্ রোগে সচরাচর শারীরিক অন্য কোন রোগলক্ষণ আবিভূত হইতে দেখা যায় না। স্বম্পদ্ধর বোধ হইলে, স্বেদনিঃসারক (Diaphoretics) কোন ঔষধ ব্যবস্থা করিতে হয়। কোঠপরিষ্কার রাখিবার নিনিত্ত, প্রয়োজন হইলে, স্বম্প জোলাপ (Mild laxatives) ব্যবস্থা করিতে হয়। কিন্তু পাকস্থলী বা যকৃতের দূষণ কার্য্যের সহিত পিউরিউলেন্ট্ কন্জংটিভাইটিস্ রোগের কোন সম্পর্ক নাই বলিয়া, অধিক মল পরিষ্কারাশয়ে যদৃষ্ছাক্রমে বিরেচক (Purgative) বা তদ্বিধ গুরুতর কোন মলনিঃসারক ঔষধ ব্যবস্থা করা কোনমতেই উপযুক্ত বোধ হয় না। আবশ্যক হইলে, উক্ত ঔষধে বিশেষ উপকার হয় বটে; কিন্তু এস্থলে সাধারণতঃ এই ঔষধে সম্পর্ণ অপকার হইয়া থাকে, তদ্বিষয়ে আর কোন সন্দেহ নাই।

এই রোগ চিকিৎসায় পারদৌষধের (মার্করি) প্রদাহক্রিয়া প্রতি-রোধ করিতে শক্তি আছে কি না, তদ্বিষয়ে কোন বিতর্ক না করিয়া, ডাক্তার ম্যাকনামারা সাহেব বলেন যে, উক্ত ঔষধ ব্যবস্থায় পূয়োৎ-পাদক কনজংটিভাইটিস রোগে কোন সুফল ঘটিতে দেখা যাই নাই।

এই রোগে সর্বপ্রেকার টনিক্ ঔষধাপেক। সাধানতে বিশুদ্ধ বায়ু সেবন করাই উচিত। সতত শ্যাায় বা একগৃহে আবদ্ধ থাকা অসুচিত ও পরিহার্যা।

এই রোগে রোগীকে সাধ্যমত পরিষ্কার থাকা উচিত। অপরাপর ব্যক্তিরা তাহাদের সহিত শয়ন উপবেশন ইত্যাদি না করিয়া, মত পৃথক্ থাকিতে পারে ততই উত্তম। ক্লেদআবের সংক্রামক গুণবিষয়ে, রোগীর পরিচারকগণকে বিশেষ করিয়া সাবধান করিয়া দেওয়া উচিত। সাধারণ চিকিৎসালয়ে, পিউরিউলেন্ট্ কয়ুজংটিতাইটিস রোগালাম্ভ ব্যক্তিকে স্থানান্তরীকৃত করিয়া না রাখিতে পারিলে, উহাকে তদ্গৃহে কখনই অবস্থান করিতে দেওয়া উচিত নহে। তাহাদের ক্লেদাক্ত বা ব্যবহৃত চীরখণ্ড এবং ড্রেসং সকল তৎক্ষণাৎ দয়্ধ করিতে অমুমতি দেওয়া উচিত। ধৌত করিবার পাত্র এবং বস্তুতঃ অপরাপর যে যে দ্রব্য এই রোগালার ব্যক্তির সংস্পৃত্ত হয়, তাহা তাহার স্বকীয় ব্যবহারের নিমিত্ত পৃথক্ করিয়া দেওয়া উচিত। বিদ্যালয়ের কোন বালকের এই রোগ

হইলে, তাহাকে তৎক্ষণাৎ স্থানাস্তরিত ও অন্যান্য বালকগণের সহিত অসংস্পৃষ্ট করিয়া রাখা আবশ্যক। সৈনিকদিগের পক্ষেও এই নিয়ন। বস্তুতঃ পরিবার মধ্যেই হউক, বিদ্যালয়েই হউক, সৈনিকদলেই হউক, আর কোন প্রকার সাধারণ সমাজেই হউক, বহুতরলোকসংস্তবে এ ব্যক্তিকে অবস্থান করিতে দেওয়া কোন মতেই বৈধ হয় না। উহাকে অসংস্পৃষ্ট ভাবে একাকী একস্থানে অবস্থান করিতে দেওয়া উচিত।

ডিফ্থারিটিক্ (Diphtheritic) কন্জংটিভাইটিস্—সম্প্রতি ভারতবর্ষে এই রোগ কন্জংটাইভার অন্যান্য রোগাপেকা অত্যপ্রপরিদাণে দেখা যায়, অথবা প্রায়ই দেখা যায় না। তির্নিদিত্ত এই রোগের প্রাকৃতিক ঘটনা ও চিকিৎসা প্রণালী বিষয়ে আ্যাকে অন্যের মত, বর্ণনা ও অভিজ্ঞতার অনুবর্তী হইয়া চলিতে হইবেক। \*

জর্মনি দেশের কোনহ হলে নিম্ন শ্রেণী হ ব্যক্তিরা এই রোগ হইতে ভয়য়র বিপদ সহকরিয়া থাকে। কারণ একবার এই রোগাকান্ত হইলে, পুনদ্ ফিপ্রাপ্ত হওয়া অভান্ত সুক্রিন; বরঞ্চ পিউরিউলেন্ট কন্জংটিভাইটিস্ রোগেও অপেক্ষাকৃত আরোগা সম্রব আছে। যাহউক, এই বিষয়ের প্রকৃত কারণ এই যে, কন্জংটাইভার এই কোগ ডিকুথিরিয়া নামক ভয়ানক রোগের প্রকাশক একপ্রকার হানীয় (Local manifestation) রোগ মাত্র। ইহাতে শ্রৈদ্মিক বিলৌর সামান্য প্রদাহও ভয়ানক অসুস্থ আকার ধারণ করিয়া থাকে; এবং ভাহাই এই রোগের বিশেষ লক্ষণ।

ডিক্থারিয়া রোগ সর্বদেশ ও সর্বজন বাগিক নহে; উহা দেশবিশেষক (Endemic) বা এন্ডেনিক রোগ বলিয়া, আগরা সচরাচর
এই রোগ দেখিতে পাই না। কিন্তু যে দেশে এই রোগ প্রাত্তপূত
হইয়া থাকে, তত্রভা কোন ব্যক্তি এই রোগপ্রবণ হইলে, কন্জংটাইভা
উত্তেজিত হইতে পারে এরূপ কোন কারণ ঘটিলেই, উক্ত রোগের
উংপত্তি হয়। এইরূপে পিউরিউলেন্ট্ রোগাক্রান্ত ব্যক্তির চফুর
ক্রেদন্সাব হইতেও, এই অবস্থাক্রান্ত রোগ উৎপন্ন হইতে পারে।

সংপ্রাপ্তি এবং লক্ষণ।—শরীরের অন্যান্য স্থানে ডিফথারিয়া

<sup>\*</sup> See "Maladies des Yeux," par M. Wecker, vol i. p. 70; Cyprion Raynaud, "Thesis," Paris, 1866; "Lehrbuch der Praktischen Augenheilkunde," von K. Stellwag von Carion, p. 378, 1864, Wien.

রোগ হইলে, তাহার যেরপে বিশেষ আকৃতিপ্রকৃতি ও লক্ষণাদি দেখিতে পাওয়া যায়, তাহা শারণ রাখিলে কন্জংটাইভার উক্ত রোগে রোগজপ্রকৃতি অনায়াদেই বোধগয়া হইয়া পড়ে। জিহ্বামূলের পশ্চাদ্রাগস্থ গলনলীর উর্দ্ধদেশে (Fauces), এবং শরীরের অপরাপর অংশে শ্লৈত্মিক ঝিল্লীর উপরিভাগে যক্রপ কাইব্রীন্সমন্ধীয় নিঃমরণ (Fibrinous exudation) বিনির্গত হইতে দেখায়য়য়, ডিক্থারিয়া রোগাক্রান্ত কন্জংটাইভার উপরিভাগে, ও তাহার নিউক্স মেয়ে গের সংযোজক ঝিল্লীতেও তদ্রপ নিঃমৃত পদার্থ বিনির্গত হইতে স্পার্ট দেখা যায়। অক্ষিপুটদ্বয় স্ফীত, কচিন এবং পৈশিক হইয়া পড়ে; সুতরাং অক্ষিপুট উল্টাইতে বা পরস্পার অমংলক্ষীভূত করিতে, ও করিবার চেন্টাতে রোগী ভয়ানক কট্ট অনুভব করিয়া থাকে। বিশেষতঃ উহা-দিগকে উল্টাইতে প্রায়ই পারা যায় না।

কন্জংটাইভাকে পরীক্ষা করিয়া দেখিলে দেখা যায় যে, উহা ঈষৎ পীতবর্ণ; কেবল মধ্যেহ লোহিত বর্ণ চিত্র আছে। আর অক্ষিপুটের সেম্বর্ভাগ নানাবর্ণের চিত্র ঘারা চিত্রবিচিত্রীকৃত। পীতাভ ফাইব্রীনস্ এক্জুডেশন বা ভিন্ত্র-নির্যাস সকল উক্ত অংশে অনুপ্রবেশিত হইয়া রক্তবহানাড়ী সকলে প্রতিচাপ ও তাহাদের ক্ষুদ্রহ শাখা সমূহে শোণিভ সঞ্চালনের প্রতিরোধ প্রদান করিয়া থাকে। ইহাতে কতকগুলি ব্হত্তর রক্তবহা-নাড়ী প্রকৃত অবস্থায় শয়িত থাকে, আর কতকগুলি ছিল হও-য়ায়, তন্মধান্থ পরিবর্তিত পদার্থ উহাদের চতুঃপাশ্ব তিল্রিনিঃসরণ পদার্থকে বিবর্ণীকৃত করিয়া, পূর্কোলিখিত নানাবিধ বর্ণচিত্র উৎপত্তি করে।

ডিক্থারিয়া রোগের এই প্রথমাস্থায় অক্ষিপুটের শ্লৈমিক ঝিলীর আকার, পিউরিউলেন্ট্ রোগের প্রথমাবস্থার তত্তংস্থানের আকার হইতে যে সম্পূর্ণ প্রভিন্ন, ভাহা স্পাই প্রভীয়মান হয়। শেষোক্ত স্থলে, শ্লৈম্মিক ঝিলী ক্ষীত ও সমভাবে গাঢ়-লোহিত-বর্ণ হয়। উহার উপরিভাগে ইকাইমোসিসের কলস্কমকল দেখিতে পাওয়া যায়। ভিলাই গুলি বর্দ্ধিত ও উন্নত হওয়ায়, উহা দানামুক্ত কত বলিয়া বোধ হয়। কিন্তু ডিক্থারিটিক কন্জংটিভাইটিস রোগে, মিউকস্ মেয়েলুণ ঈষৎ পীত বা ধূসর বর্ণ, ও অপেকাকৃত মসৃণ নানাবর্ণ বলিয়া প্রভীয়মান হয়। উহার উপরিভাগে নিঃসৃত পদার্থের উৎপ্লাবিত রক্তিছ্ল এবং কতকভাল রহৎ ও ভঙ্গীমান রক্তবহা-নাড়ী সচরাচর দৃষ্ট হয়।

উক্ত ফাইব্রীনস্ এক্জুডেশন্ বা তক্তিনির্য্যাসকে দুরীভূত করিতে গেলে দেখা যায় যে, উহা কন্জংটাইভার উপরিভাগে দৃঢ়সংলগ্ন আছে। উহাকে উত্তোলিত করা যায় বটে, কিন্তু উত্তোলিত করিবার সময় উহা খণ্ড২ হইয়া বহির্গত হয়; এবং উক্ত উচ্চাবচ ক্ষতভান হইতে রক্তাক্ত তরল পদার্থ নিঃসৃত হয়। অপিচ কেবল কনজংটাইভার উপরিভাগেই নির্য্যাদ পদার্থ অবস্থান করে এমত নহে, উহা প্রধানতঃ অধীন-শ্লৈদ্মিক সংযোজক বিল্লীতে অবস্থান করে।

উপর্যুক্ত পরিবর্ত্তন এবং আকৃতি কেবল অক্মিপুর্টীয় কন্জংটাইভা সম্বন্ধে সংঘটিত হয় এমত নহে; ক্ষারোটিকের আবরক শ্লৈপ্মিক ঝিল্লী সম্বন্ধেও তদ্ধপ আকৃতি ও পরিবর্ত্তন সংঘটিত হইতে দেখা যায়। উত্ত ফাইব্রীন্স্ এক্ জুডেশন কনজংটাইভায়, এমত কি, অনেক সময়ে কর্ণিয়া পর্যান্তও অনুপ্রবেশ করে।

যে সময়ের মধ্যে কন্জংটাইভার সংযোজক বিল্লীতে তান্ত্র নির্মাস নির্পত হইয়া পড়ে, তাহা এই ডি চ্থারিটিক্ রোগের প্রথম অবস্থা সচরাচর এই প্রথমবস্থার পরিমাণ কাল ছয় দিন। ইহাতে রোগীকে জ্বর এবং মস্তক হইতে ললাট পাশ্ব পর্যন্ত চক্ষুর নিদারুণ যাতনা ভোগ করিতে হয়। অক্টিপুট স্ফীত ও পৈশিক কঠিন হয় বলিয়া, তাহা উন্মীলিত করিতে গেলে এই যাতনার রুদ্ধি, ও স্পর্শ করিলে এ অংশে তাপাধিক্য অমুভূত হইয়া থাকে। এই সময়ে অত্যপ্প পরিমাণে তয়ল রম নির্পত হয়। অধিকন্ত সচরাচয় উভয় চক্ষুই আক্রান্ত হয়। থাকে; কারণ ইতিপুর্বেই উল্লিখিত হয়য়াছে যে, এই পীড়া সার্ব্বাল্কিক বিশ্ব্যালতার স্থানিক বিশেষ উনাহরণ মাত্র।

বিতীয় অবস্থা।—এই অবস্থায় তান্ত্রিনির্য্যাদে অপকৃষ্ট পরিবর্ত্তন জনিয়া, কোনল ও খণ্ডশঃ ভঙ্গী ভূত হইয়া পড়ে। এই সকল খণ্ড ও সংযোজক ঝিল্লী হইতে উংপদ্ধ পূয়কোষ এবং পারস্পার অনিপ্রিত্ত শোণিতাগুকোষ (Blood corpuscles) এই সকল একত্রে কন্জংটাইভার উপরিভাগ হইতে রক্তাক্ত ক্লেদ্র্যাববং নির্গত হইতে থাকে। এই ক্লেদ্রাবে তন্ত্রি নির্যাদের খণ্ড সকল অবস্থান করে; এবং বোধ হয়, উহাদের বিলক্ষণ উত্তেজক ক্ষণতা আছে। অক্লিপুট উল্টাইলে, উহার আকৃতি সম্পূর্ণ পরিবর্ত্তিত ও প্রায় পিউরিউলেন্ট্ কন্জংটিভাইটিস্বোগের দ্বিতীয় অবস্থাবং প্রতীয়নান হয়। রক্তবহা-নাড়া গুলি প্রসাবিত ও অধিকতর রক্তপূর্ণ হইয়া পড়ে। উপরিভাগ যদিও গাঢ়

লোহিত বর্ণ, তত্রাপি উহাতে পীতবর্ণ কতকগুলি নিঃসরণ কলঙ্ক বিদ্য-নান থাকে। অবন কার্য্য অভিরিক্ত রূপে সম্পাদিত হয়, ও রোগী প্রায়ই যন্ত্রণা বিরহিত হইয়া পড়ে।

ক্রপ (Croup) সদৃশ রসের প্রাথমিক অনুপ্রবেশের পরিমাণ ও গভীরতামুসারে এই দ্বিতীয় অবস্থার স্থায়ীকাল নির্দ্ধিট হইয়া থাকে। উহা অধিক হইলে পূয়োদ্গদনাবস্থাও দীর্ঘকালব্যাপী হয়; এবং স্বপ্প বা বাহিক হইলে, স্বপ্প কালের মধ্যেই পূয়োদ্গদ নিঃশেষিভ হইয়া পড়ে।

এই রোগের তৃতীয় অবস্থায় প্রদাহকার্য্য স্থানত হইয়া যায়;
এবং কন্জংটাইভাতে, প্রথম ও দ্বিতীয় অবস্থায় যে সকল পরিবর্ত্তন
ঘটে, তাহারই ফল উপলক্ষ হইতে থাকে। তমধ্যে তন্ত্রি নিঃসরণের
দ্বারা বিনাশিত সব্ কন্জংটাইভ্যাল টিসু সকলের বিনাশই সমধিক
পরিদুশ্যমান হয়; এবং এই ক্ষতি পূর্ণ হইয়া ক্ষতকলঙ্কের উৎপত্তি
হয়। এই সকল ক্ষতকলঙ্ক সঙ্কু চিত হইয়া, কন্জংটাইভার অবশিই
কতিপয় রক্তবহা-নাড়ীকে চাপ, ও প্রতিরোধ প্রদান করতঃ, পরি-শেষে দ্বৈদ্মিক বিল্লীকে একেবারে বিনাশিত করে; এবং তৎপরিবর্ত্তে
ভথায় শ্বেতবর্ণ ও চিক্কণ ক্ষতকলঙ্কিত টিসু উৎপন্ন হইয়া থাকে। এই
বিনাশের পরিনাণাসুসারে তৃতীয় অবস্থায় স্থায়ীকালেরও বিভিন্নতা
হয়; সুতরাং ক্ষতিপূরক প্রক্রিয়ার ন্যায়, উহা সচরাচর কিঞ্ছিৎ দীর্ঘকালব্যাপী হইয়া থাকে।

রোগনির্বা ।— এন্ ওয়েকার সাহেব বর্ণনা করেন যে, ব্যক্তি-ভেদে ডিফ্থারিটিক্ কনজংটিভাইটিস্রোগের এই ভিন অবস্থার ভয়ান-কত্বেরও প্রভেদ হইয়া থাকে; এবং প্রথম অবস্থা স্থাপ সময়ের মধ্যে নিঃশেষিত হইলে, এই রোগ পিউরিউলেন্ট্ কন্জংটিভাইটিস্রোগ বলিয়া ভম হইতে পারে। যাহা হউক, এইরূপ ভন হইলে চিকিৎসা দ্বারাও কোন বিপদ ঘটিবার সম্ভাবনা নাই। কারণ, এবম্বিধ স্থলে উত্যাবিধ রোগেই নাইট্টে অব্ সিল্ভার সলিউশন অথবা ডায়েলিউট ক্ষিক্ পেন্সিল্ ব্যবহৃত হইয়া থাকে।

যে সকল ব্যক্তির শরীরের অবস্থা নিতান্ত অসুস্থ হইয়া কনজংটিভাইটিস্রোগ জন্মে, এবং কন্জংটাইভাতে অপ্রাকৃতিক মেয়েণ উংপদ্ম হইবার সম্ভাবনা থাকে, ভাহাদের পক্ষে ঐ রোগ ডিক্থারিক্
কন্জংটিভাইটিস্রোগ বলিয়া যে ভ্রম হইতে পারে না, ভদ্বিষয়ে আমার

কোন উল্লেখ করিবার আবশ্যকতা নাই। কারণ, প্রথম দৃষ্টিতে এত
হুভয় রোগের কিঞ্চিং দৌলাদৃশ্য ব্যতিরেকে, উক্ত অংশে উহাদের অনাকোন সাদৃশ্যভাব লক্ষিত হয় না। উক্ত অপ্রাকৃতিক নেয়ে ণ গুলিকে

অনায়াসেই কনজং টাইভার উপরিভাগ হইতে উত্তোলিত করিয়।

লওয়া যাইতে পারে। উহাদের তলস্থ মিউকস মেয়ে ণ জবাপুপ্পের

ন্যায় রক্তবর্ণ দেখায়। কিন্তু ডিক্থারিটিক কনজংটিভাইটিস্ রোগে,

তক্রিনিঃসরণ গুলিকে কেবল খণ্ড২ করিয়া বহিঃসূত করিয়া লওয়া যাইতে
পারে। ক্ষত স্থানের উপরিভাগ পীতবর্ণ ও দানাবং প্রতীয়্রমান হয়;

এবং তথাহইতে পীতাভ-রক্তবর্ণ ভরল রস নিঃসৃত হইতে থাকে।

রোগের জটিলতা এবং ফল।—সপিউরেটিভ কনজংটিভাইটিস্রোগে, যেমত নৈর্দাণিক পরিবর্ত্তন দ্বারা কর্ণিয়া পীড়িত হওতঃ রোগীর দৃষ্টি বিনাশিত হইয়া থাকে, ডিক্থারিটিক্ কনজংটিভাইটিস্রোগেও উহা তদ্ধপ সঙ্কটে পতিত হয়; এবং তুর্ভাগ্যক্রমে রোগের বিযাক্ত বা সংক্রামক অবস্থা-প্রযুক্ত আমরা চক্ষুরক্ষা করিবার সমুদায় চেন্টায় সচরাচর বিফল-প্রযুক্ত হয়য়া থাকি।

এই রোগে কর্ণিয়াকে চুইবার বিপদে পতিত হইতে হয়। প্রথমতঃ, তব্রিনিঃসরণ কণিয়ার স্তরান্ধ মধ্যে অনুপ্রবিষ্ট হইতে পারে, ও তথায় অপকৃষ্ট অবস্থায় পরিগত হইয়া উহাকে সম্পূর্ণ বিন্দ্র্য করে। এই অনুপ্রবেশ প্রযুক্তই আমরা কখন২ ডিক্থারিটিক কনজংটিভাইটিস রোগাকান্ত ব্যক্তির চকুরুমীলন করিয়া দেখিলে, কর্ণিয়াকে পীতপাংশু বৰ্ণ দেখিতে পাই; এবং রোগের দ্বিতীয় অবস্থা উপনীত হইলে, কণিয়া নিঃসূতপদার্থের সহিত অনেক স্থান পর্যান্ত ভাঙ্গিয়া পড়িতে থাকে, ও এক নী ব্লহৎ ফ্ট্যাফিলোমার (বায়ুক্ষীতি) উৎপত্তি হয়। অন্যান্য স্থলে, কর্ণিয়া বেষ্টন করিয়া পরিধিবৎ একটা গভীর ক্ষত দেখিতে পাওয়া যায়। এই লক্ষণী এই রোগের ভয়ানক লক্ষণ, —ইহাতে যতু করিলেও ক্ষত সচরাচর অতি শীঘ্রহ বিস্তারিত হইয়া পড়ে। এমত কি, তুই এক ঘন্টার মধ্যেই ভয়ানক বিপদ ঘটিয়া কর্ণিয়া একেবারে বিনাশিত হয়। এই ক্ষতপ্রক্রিয়া কখন২ আশ্চর্য্য রূপে আশাদের অভিপ্রায়ের সম্পূর্ণ বিপরীত কার্য্য করিয়া থাকে। ইহাতে কর্ণিয়া প্রথমতঃ আবিল বলিয়া বোধ হয়; — উহা যেন চিক্ কেরাটাইটিস্ ( Keratitis ) রোগাক্রান্ত হইয়াছে। কতিপয় দিবদের মধ্যে এই অবস্থা অপ-নীত হইয়া গেলে, কণিয়ার অগ্র ও মধ্যস্তর পরস্পার অসংলগ্নীভূত হইতে থাকে, ও পরিশেষে বিনষ্ট হইয়া যায়। চক্ষু পরীক্ষা করিয়া দেখিলে, প্রথমতঃ কর্নিয়া উজ্জ্বল ও পরিক্ষৃত বলিয়া বোধ হয়, কিন্তু গুঢ়তর পরীক্ষা করিয়া দেখিলে, আমাদের এরূপ প্রতায় হইবে যে, কেবল পশ্চাদ্বর্তী স্থিতিস্থাপক স্তরই পীড়াক্রনিত হয় নাই, উহা তংপশ্চাদ্বর্তী য্যাকিউয়স্ হিউমারের প্রতিচাপ দারা সন্মুখদিকে উন্নত হইয়া উচিয়াছে। যাহাহ উক উহার এই বিতান অধিক দিন স্থায়ী থাকে না; উহা ক্ষুটিত হইয়া তচ্ছিদ্র মধ্যদিয়া লেন্স্, য়াকিউস্ হিউনার, এবং আইরিসের কিয়দংশ বহির্গত হইয়া পড়ে।

দিতীয়তঃ। যদি রোগী উপযুঁতি বিপদাক্রান্ত না হয়, এবং পীড়ার বলবৎ অবস্থাসময়ে যদি কর্নিয়া বিনাশিত না হয়, তথাপিও রোগের শেষাবস্থায় কর্নিয়ার অনেক বিপদ ঘটিবার আশস্কা
আছে। রোগের তৃতীয় অবস্থায় ক্ষতশুদ্ধ হইয়া অক্ষিপুরীয় কন্জংটাইভায় যে সকল উচ্চাবচ ক্ষতিচেত্ন উৎপাদিত হয়, তাহা কর্নিয়ার
উপরিভাগে নতত ঘর্ষিত হইয়া, কর্নিয়ার স্বছতা ও রোগীর দৃষ্টি
সম্পূর্ণ ধ্বংস করে। যাহাহউক, এইরূপ হইলেই যে, মন্দাবস্থার
শেষ হইল এমত নহে। কিছু দিনের মধ্যেই এ সকল ক্ষতিছ্ন
সাদ্ধুতিত হইয়া, অক্ষিপুটের সিলিয়ারি প্রান্তভাগকে ক্ষুদ্রতর ও স্থানচ্যুত্ত করতঃ, প্রদ্নিয় ইন্ট্রোপিয়ম্ রোগের উৎপত্তি করিয়া দেয়।
পরিশেষে, ক্ষতসংস্কার প্রক্রিয়ায় অক্ষিপুটীয় ও আক্ষিক উত্তয়
কন্জংটাইভাই পরস্পার মিলিত; এবং কন্জংটাইভ্যাল্ স্যাক্ লুপ্ত
হইয়া পড়ে।

ভাবিফলত ত্ব।—এই ভয়ানক পীড়ায়, পূর্ব্ব বর্ণত বর্ণনা দারা ইহা প্রমাণীকৃত হইডেছে যে, উহার শেষকল প্রায়ই শুভ হয় না। যদি রোগের প্রথমাবস্থা ভয়ানক হয়, তথে আমাদিগকে ভাবিফলের নিমিত্ত অভিশয় চিন্তিত হইতে হয়। ইহাতে কর্ণিয়ার নির্মাণ অবশাই বিশৃঞ্জাল হইয়া পড়ে; এবং তাহা দেখিয়াই অন্যান্য বিষয়ের মন্ত স্থির করিতে হয়। যে সকল স্থল বাহ্নিক সামান্য বলিয়া বোধ হয়, তাহাতেও ভাবিফলের নিমিত্ত আমাদিগকে অভিশয় সতর্ক হইতে হয়। কারণ, পিউরিউলেন্ট্ কনজংটিভাইটিস্ রোগের ন্যায় এই পীড়াও একবার আরোগ্য হইয়া পুনঃপ্রত্যারত্ত হইতে পারে; এবং যে রোগ প্রথমবার অশুভজনক বলিয়া বোধ হয় নাই, দ্বিতীয় বারে ভাহা ভয়ঙ্কর অশুভজনক হইয়া উঠিতে পারে।

পুনর নুশীলন (Recapitulation)।—পূর্ব্বাক্ত বিষয়ক বর্ণনা শেষ করিবার পূর্ব্বে ডিক্থারিয়া রোগের লক্ষণ বিষয় সংক্ষেপে পুন-র্বাণ্ড হইতেছে। এই রোগ তিন অবস্থায় বিভাজিত হইতে পারে। প্রথমাবস্থা—তক্ত্রিনিঃসরণাবস্থা। দ্বিতীয় অবস্থায়— ঐ সকল নিঃসূত্ত পদার্থ থণ্ডশঃ ও ভঙ্গীভূত এবং স্থানাস্তরিত হয়। তৃতীয় অবস্থায়—ক্ষতশুদ্ধ ও ক্ষতিছে সকল উৎপন্ন হইয়া কন্জংটাইভার পুনঃসংস্কার আরম্ভ হয়।

প্রথম অবস্থার স্থিতিকাল প্রাণিচ দিবস হইতে দশা দিবস পর্যান্ত ।

এই অবস্থায় রোগী, জ্বর এবং চক্ষু ও তন্নিকটবর্ত্তাস্থানে ভয়ানক যন্ত্রণা
ভোগ করে। অক্ষিপুটদ্বয় ক্ষাত ও মাংসপিগুরৎ কঠিন (Brawny
hard) হয়। উহাদিগকে পরস্পার সংযোগচ্যুত করিলে, কন্জংটাইডাকে ঈয়ৎ পীতবর্গ দেখায় ; এবং উহার উপরিভাগে কতকগুলি
বিজ্ত রক্তবহা-নাড়ী বিচরণ করিতে থাকে, ও উহাতে মধ্যেহ ইকাইমোসিসের কতকগুলি কলম্ব দৃষ্ট হয়। বিষ্ণুহ শোণিত সমন্বিত পীতাভ
তরল-বসবৎ-পদার্থ কখনহ কন্জংটাইভার উপরিভাগ হইতে নিঃসূত
হইতে থাকে। অধিকাংশ স্থলে কর্ণিয়া অপ্প বা অধিক পরিমাণে
অক্ষ্ড হওয়ায়, উহা দেখিতে কার্যনেড্ অব্ লেড্ সলিউশন্ দ্বারা
রঞ্জিতবৎ প্রভীয়মান হয়।

দিতীয় অর্থাৎ রোণের পূয়োৎপাদক অবস্থার স্থিতি কালের কোন নির্দ্দেশ নাই। এই অবস্থায় চক্লুর যাতনা প্রায়ই রহিত হইয়া পড়ে; কিন্তু চক্লু হইতে সতত অপরিনিত রস অস্ত হইতে থাকে। উহা অক্ষিপুট্রেয় উন্মীলিত করিলেই তন্মধ্য দিয়া বিগলিত হইয়া পড়ে। এই রস সঞ্চারী-ক্লেদব্যঞ্জক। বস্তুতঃ উহা পূয়, রক্ত ওএই ডিক্লথারিয়া রোগসম্বনীয় নিঃসূত পদার্থের পরস্পর মিশ্রণে উৎপন্ন। কন্জংটাইতা উজ্জ্বললোহিতবর্ণ ও ক্ষীত হয়, এবং উহার উপরিভাগে পূর্ব্বাবস্থায় বর্ণিত নিঃসূত পদার্থের কলম্কচিত্নও দেখা গিয়া থাকে। এই অবস্থাতেই কর্ণিয়ায় ধ্বংসকারক পরিবর্ত্তন সকল অতি শীঘ্র শীঘ্র আবিভূত হইতে থাকে। বিশেষ করিয়া না দেখিলে, কর্ণিয়া উজ্জ্বল ও পরিক্ষার বলিয়া বোধ হইতে পারে। কিন্তু বাস্তবিক তাহা নহে, উহা তখন অনেক দূর পর্যান্ত বিনাশিত হইয়াছে। কোন কোন স্থলে পূয়োদ্র্গন আরম্ভ হইলেই কর্ণিয়া আর্দ্র ধ্বৌভকার্য্যাপ্রেশ্বাপ্র গরিধিভাগে গভীর ক্ষত সকল

সত্তর উংপন্ন হইতে থাকে। যাহা হউক, এই রোগের পুয়োৎপাদক অবস্থার আদ্যন্ত পর্যান্ত কর্ণিয়াকে অতি কদাচিত্ প্রকৃত অবস্থায় স্থায়ী থাকিতে দেখা যায়।

যে অবস্থায় ক্ষত-কলন্ধিত টিমুসকল শ্লৈদ্মিক বিল্লীর পরিবর্তে উং-পদ্ম হয়, তাহাই এই ডিক্থারিটিক্ কন্জংটিভাইটিস্ রোগের তৃতীয় অবস্থা। এই অবস্থায় দ্বিভীয় অবস্থার রক্তবহা-নাড়ী-সমাবেশন জ্ঞনশঃ অদৃশ্য হইতে আরম্ভ হয়; এবং রসন্তাব রহিত হইয়া পড়ে। অক্ষিপুটের অম্বর্ভাগ চিত্রণ ও শুকুবর্ণ এবং সীতাম্বিতবং প্রতীয়নান হইয়া থাকে। এই ভূতন টিমু অতিশ্র সক্ষোচক এবং ইন্ট্রোপিয়ম্রেরাগোৎপাদক। ইহার উক্তাবচ উপরিভাগ তদ্বিপরীতদিকস্থ কর্ণিয়ার উপরিভাগে সতত ঘর্ষিত হওয়ায়, তাহা নিতান্ত আবিল হইয়া পড়ে; স্মৃতরাং দ্বিতীয় অবস্থায় কর্ণিয়াতে কোনয়প বিপদ না ঘটলেও, এবিমধ গৌণ পরিবর্ত্তন দারা এই অবস্থায় রোগীর দৃষ্টিবিনাশ হইতে পারে।

কারণ।—বেসকল স্থানিক উত্তেজনায় শরীরের অপরাপর অংশে ডিক্থারিটিক প্রদাহোৎপতি হইয়া থাকে, ঠিকু সেই সকল উত্তেজনাই কন্জংটাইভাতে উক্তবিধ রোগের উৎপত্তি করিয়া দেয়। যে প্রদেশে ডিক্থারিয়া রোগ দেশবিশেষজ্ঞ অর্থাৎ এন্ডেনিক্ (Endemic), কেবল তথায়ই এই রোগের অধিক প্রাত্তাব। অপিচ ইহাতে জানা গিয়াছে যে, এই রোগ কন্জংটাইভা হইতে নাসারস্কা, মুখ ও গলদেশ পর্যান্ত বিস্তৃত হইয়া থাকে। অধিকন্ত ডিক্থারিয়া রোগাকান্ত শ্লৈমিক বিল্লী হইতে নির্গত পদার্থ, যদি ভদ্রোগ-বিরহিত কোন সুস্থ চক্লুতে স্পর্শিত হয়, তাহাহইলে সেই চক্লুতেও ভদ্রপ রোগোৎপত্তি হইয়া থাকে। বাস্ত্রিক ইহা বিলক্ষণ সংক্রাবক রোগ বলিয়া, পীড়িত চক্লুর কোন-প্রকার অস্ত্র পদার্থ যাহাতে সুস্থ চক্লুর মধ্যে প্রবেশ করিতে না পারে, এরূপ যত্ন করা সর্বতোভাবে প্রয়োজনীয়।

অন্ত্যনবরের ভানবয়ক্ষ বালকদিগেরই সচরাচর এই পীড়া হইয়া থাকে; এবং অধিকাংশ স্থলে এই পীড়ায় উভয় চক্ষুই পীড়িত হইয়া থাকে।

চিকিৎসা।—ডিক্থারিটিক কন্জংটিভাইটিস ডিক্থারিয়া নামক হর্দ্দন্য রোগবিশেষের স্থানীয় রোগ বলিয়া, এই রোগারস্তে যে সকল অপায়চয় প্রায়ই ঘটিয়া থাকে, তাহা সম্যক্ নিবারণ করা অতিশয় কঠিন ও অসম্ভব কর্মা।

জার্মান চিকিৎসক দিগের মধ্যে কেহ২ প্রাদাহের আতিশ্যা অনু-সারে তারিবারক ব্যবস্থাদি (Antiphlogistic regimen) অর্থাৎ রুগ্ন द्यात कार्यामाध्याभ्याभी सूमी उन जनमः योग, उत्दान इहेट इक-শোক্ষণ এবং যেসকল বস্তু আহার করিলে প্রদাহ নিবারিত হইতে পারে তাহা পথ্য স্বরূপে আহার করিতে দেওয়া, ইত্যাদি চিকিৎসাপ্রণালী অবলম্বন করিতে আদেশ করিয়া থাকেন। আর কেহহ আবার এইরূপ ব্যবহারের পর অধিক মাত্রায় পুনঃ২ গারদৌষধ (মাকরি) সেবন করিতে অনুমতি দিয়া থাকেন। কারণ, রোগীকে যত শীঘ্র এই প্তিয়ধের কার্য্যাধীনে আনা যায় তত্ত উত্তম। ক্যালমেল এবং মার্করি প্র্যাপ্ত পরিমাণে শ্রীরে অকণ করা, রোগের রুদ্ধি স্থূগিত রাখিবার এক প্রধানতম উপায়। ইউরোপ মহাদেশবাসী অন্যান্য চিকিৎসকগণও এই ঔষধ প্রায় ঠিক এইরূপে ব্যবহার করিয়া থাকেন। এম ওয়েকার সাহেব ডিক্থারিটিক কনজংটিভাইটিস রোগের প্রথমাবস্থায়, অক্সিপুটে শীতল জলাদ্র বস্তুখণ্ড ও কপোলপাথে জলোকা সংলগ্ন করিতে ব্যবস্থা প্রদান করিয়া থাকেন। এতদ্যতীত তিনি প্রত্যেক দ্বিতীয় ঘন্টায়, ক্যালমেল ব্যবহার করিতে দৃঢ় অসুনতি প্রদান করিয়া থাকেন। ভাঁহার मटा वह शांत्रम वावहादत यथन त्तांगीत मूथ-जाहित्म, अर्थां मूथहहैट অনবরত লালা নির্গত হইতে থাকে. তখন কনজংটাইভার পীতপাং শু বর্ণ বিন্ট হইয়া যায়; এবং সভার দ্বিতীয় অবস্তা আ'সিয়া সমুপান্তিত হয়। তিনি আরে। বলিয়া থাকেন যে, স্বংপ জ্বজ লকণগুলি অপনীত क्तिटं क्विन होतेत सारमिटिकतरे वित्नय अन बाट्य। \*

<sup>\*</sup> ডাক্রার পেজনট্রেচার সাহেব এই ডিক্থারিটিক্ কন্জংটিভাইটিস্রোগের চৃদ্ধি স্থানে রিক্রার কালি বিশ্বরাগের চৃদ্ধি স্থানে রক্তান কালি কন্জংটাইভার কৃষ্টিক্ ও রাটিট্রাপাইন প্রদান করিয়া ছিলেন। ইহাতে ছর জন রোগীর কোন উপকার দর্শে নাই, আবশিষ্ঠ স্থলে অপ্প বা অধিক পরিমাণে উপকার দর্শিরা ছিল। অফথ্যাল্মিক্ রিভিউ, ডল্১, পৃঠা ১৯০।

অধ্যাপিক ষ্টেলওয়াগ দাহেব এই পীড়ার প্রাবল্য সময়ে, যখন ম্যাণিটিকু জি-ছিক্ অর্থাৎ প্রদাহ নিবারক ঔষধ অবলম্বন করিতে সংগুর্গ মত প্রকাশ করেন, তথন মার্করি এবং অপরাপর বিখ্যাত ম্যাণিটি সুমৃষ্টিক্ (Antiplastic) ওমহতেক "সর্প্র-ভোভাবে নিশ্চয়ই অনুপ্রারক" বলিয়া, তদ্যবহার পরিত্যাশ করিবার উল্লেখ করিয়া গিয়াছেন।

তাপিচ ''তাক্প্যাল্মিক ছম্পিট্যাল্রিপোর্টস্'' ১ম গণ্ড, ৩৬৩ পৃষ্ঠা দেগ।
তথার ক্যালমেল ব্যবহার করিয়াও এই রে'গ সত্তর নর্নিত হইয়াছে বালয়া
লিখিত হইয়াছে।

ইউরোপ মহাদেশবাসী চিকিংসকদিগের এই ডিক্থারিটিক কন্জংটিভাইটিস্ রোগে বিশেষ বহুদর্শিতা আছে; এতদ্বিয়ে কোন সন্দেহ
না থাকায়, ভাহাদের চিকিৎসা-প্রণালীর অনুবর্জী হওয়া আনাদের
সর্বতোভাবে উচিত। কিন্তু ডাক্রার ন্যাকনামারা সাহেব স্থকীয় বহুদর্শিতা গুণে ঐ প্রণালীর অনুবর্জী হইতে কখনই পরামর্শ দেন না।
ভদবল্যিত একটা মত, ইংলণ্ড ও আমেরিকা উভয় স্থানেই সর্ব্ধ সাধারণ
জনগণ ডিক্থিরিয়া রোগ চিকিৎসায় সমাদরে গ্রহণ করিয়া থাকেন †।
রোগের প্রথমাবস্থায় তিনি অন্যান্য ঔষধাপেক্ষা অধিক মাত্রায় সেক্ষুই
ক্রোরাইড্ অব্ আইরণ, ক্রোবেট অব্ পোট্যাসের সহিত মিশ্রিত করিয়া
সেবন করিতে দিয়া থাকেন। ত্রিশ কোটা সেক্ষুই ক্লোরাইড অব্
আইরণের টিংচার, বিংশতি গ্রেণ ক্লোরেট অব্ পোট্যাসের সহিত
মিশ্রিত করিয়া, প্রত্যেক তৃতীয় ঘন্টায় সেবন করিতে হয়। রোগী
জ্বর ভোগ করিতে থাকিলেও এই ঔষধ সেবনের কোন ব্যতিক্রম করা
উচিত নহে। কোঠ পরিষ্কার আছে কি না, বিশেষ করিয়া তদলুসন্ধান
লইতে হয়।

শয়নের পূর্বেষ্ট উত্তপ্ত জলে শরীর ধৌত করিলে, ঘর্মা নির্গত হইয়া শরীর স্মিন্ধ ও সুশীতল হয়। সাধারণতঃ এই রোগে দুর্ববলকারক কোন ঔষধ (Lowering plan) ব্যবস্থা করা কদাচ যুক্তিযুক্ত নহে। মাংসম্প এবং তদ্ধপ অন্যান্য সংপথ্য ব্যবস্থা করা উচিত। রাজি কালে শয়ন সময়ে রোগীর নিদ্রাকর্ষণের নিমিত্ত, মর্ফিয়া বা আফিক্স-ঘটিত তদ্ধপ অন্য কোন ঔষধ অধিক মাত্রায় রোগীকে সেবন করিতে দেওয়া অত্যন্ত আবশাক।

স্থানিক চিকিৎসার পক্ষে, এই রোগের প্রথমাবস্থায় কটিক ব্যব-হার করা কদাচ বৈধ নহে। কারণ, কন্জংটাইভার রক্তবহা-নাড়ী-

শ অধ্যাপক ষ্টেলওয়াগ লাহেবের কৃত গ্রন্থ আমেরিকা সংক্ষরণে লিখিত আছে—
"বে কোন আকারে হউক না কেন, ইউনাইটেড্ফেট্স্ প্রদেশে, এই ডিকথারিয়া রোগোপশমে মতদিন পর্যান্ত রোগী রোগাক্রমণ হইতে উতীর্গ না হয়েন,
তত দিন পর্যান্ত আইরণ এবং পুষ্টিকর ক্রব্য (Nutrients) অর্থাং বিক্-টি (Beef tea)
ইত্যাদি সেবন ও আহার করাই সর্ক্রসাধারণ জনাবল্যাত উৎকৃষ্ট চিকিৎসা
প্রণালী। আমাদের বোধ হয়, ইহা যেনন এই ডিক্থারিটিক্ কন্জংটিভাইটিস্
রোগোপশমে উপযুক্ত প্রযোজ্য, তক্রপ ডিক্থিরিয়া শোণিতাময়ের (Blood disচক্ষেতি) অন্যান্য প্রকার রোগেও সম্যুক্ত প্রযোজনীয় হইতে পারে"।—৩২৫ প্রতা

সঞ্চরণ চতু স্পাশ্বর্জী রোগজ তল্তিনিঃসরণ দারা গতি বিহীন থাকায়, এই কন্টিক প্রলেগনে উক্ত গতি-বিহীনতার রুদ্ধিই হইবেক। বাস্তবিক এই রোগে, এবং পূর্ব্বোক্ত সকল প্রকার কন্জংটিভাইটিস্ রোগে, যে সকল নিয়নোলিখিত হইয়াছে. এন্থলে তৎসমুদায়ই ম্মরণ রাখিয়া কার্য্য করিতে হয়। ক্লেদ্প্রাব ব্যতিরেকে কন্টিক্ ব্যবহার করা কোন মতেই বৈধ হয় না।

যখন ক্লেদ্সাব একবার হইতে আরম্ভ হয়, এবং কনজংটাইভা আরক্তিন ও রক্তবহানাড়ী-সম্বলিত হইয়া পড়ে, তথন স্থানিক ঔষধ প্রলেপনের ব্যবস্থ। পরিবর্ত্তন করিয়া, পিউরিউলেন্ট কনজংটিভাইটিস রোগে যেরূপ ব্যবস্থা প্রদত্ত হইয়াছে, নেইরূপ ব্যবস্থার অনুবর্তী হওয়। আবশ্যক। কর্ণিয়ায় কোন প্রকার ক্ষত উৎপন্ন না হইলে, পাঁচ গ্রেণ নাইট্টে অব সিল্ভার, এক ঔন্স জলে নিশ্রিত করতঃ সেই সলিউশন মধ্যে মধ্যে চক্লতে ফোটা২ করিয়া প্রদান করিতে হয়। কিন্তু কন্জংটাইভার উপরিভাগে ডায়েলিউট কটিক পেন্সিল ঘর্ষিত করিয়া দিতে হয়। তৎপরে অক্ষিপুটের উপরিভাগে শীতল জলার্দ্র বস্ত্র সংলগ্ন করা, ও চক্লুকে সতত পুখালুপুখ রূপে পরিষ্কৃত রাখা সর্বতে!-ভাবে বিধেয়। আর ইহাও শারণ থাকা অতীব আবশাক যে, কন জং-টাইভার ক্লেদআবের স্পর্শ-সঞ্চারী ও উত্তেজক উভয় গুণই আছে; সুতরাং উহা চকুতে অপরিষ্কৃতভাবে অবস্থিত থাকিলে, পীড়া আরোগ্য না হইয়া বলবৎ থাকে। সাধারণ চিকিংসার পক্ষে, এই অবস্থায়ও টিংচার অব্ আইরণ এবং ক্লোরেট অব্ পোট্যাস্, মর্ফিয়া এবং উত্তপ্ত कत्व स्नान वा शोकरथोक हेलामि मसूमांस वावस् वावस्व हहेस। थोरक।

এই রোগের তৃতীয় অবস্থায় রোগীকে অমুগ্র য়াফ্রিন্জেন্ট্রোশন্ দিবসে ছই বার করিয়া চক্ষুতে প্রদান করিবার ব্যবস্থা দেওয়া যাইতে পারে। সর্বাধা কত্ন্থ জলে চক্ষু ধৌত করিতে হয়। এই রোগজ বিনাশক কার্য্যাদি দ্বারা টিমু সকল ধ্বংস হয়, তলিমিত্ত ঐ সকল স্থান শুদ্ধ ও সন্ধু চিত্ত হইয়া যে চিহ্নিত হইয়া পড়ে, তলিবারণ করিতে আনাদের কিঞ্চিমাত্রও সাধ্য নাই।

গ্র্যানিউলার কনজংটিভাইটিস্ (Granular conjunctivitis)
—কন্জংটাইভার এই রোগকে সচরাচর মিলিটারী অফ্থ্যাল্মিয়া রোগ

কহিয়া থাকে \*। যে সকল নিম্নশ্রেণীস্থ লোকের। সতত ন্যালেরিয়া এবং অন্যান্য প্র্রলকারক ঘটনা ভোগ করিয়া থাকে, এই রোগ সাধারণতঃ ভাহাদের পক্ষে ঘটিয়া থাকে। এই রোগে কন্জংটাইভার সংযোজক বিল্লীতে, বিশেষতঃ টার্মো অবিট্যাল কোল্ডে, এবং কখন২ কর্ণিয়াতে, অসংখ্য ক্ষুত্র২ দানাবৎ পদার্থ বিস্তৃত থাকিতে দেখা যায়। এই সকল পদার্থ কনজংটাইভার সংযোজক বিল্লীর কোষ সকল হইতে সমুদ্ভূত হয়। উহাতে রক্তবলা-নাড়ী কিম্বা স্নায়ু কিছুই নাই, ভলিনিত্ত উহারা ভিলাই সমূহ হইতে সম্পূর্ণ প্রভিন্ন। বাস্তবিক উহারা নবোৎ-পদ্ম পদার্থ; কোন প্রকার পূর্ব্বহায়ী পদার্থের সমুন্নত অবস্থা নহে।

গ্রাণনিউলার কন্জংটিভাইটিস্রোগাক্রান্ত ব্যক্তির অক্সিপুট উল্টা-ইলে, অধিকাংশ স্থলে দেখা যায় যে, ক্রজংটাইভাস্থ প্যাপিলি গুলিতে অধিক বা অপপ পরিমাণে রক্ত সংঘাত এবং ব্লহতঃী হৃত অবস্থা হই-য়াছে। উহাদের বর্ণ পীড়ার অবস্থানুসারে প্রভিন্ন হইয়া থাকে। এই রোগ পুরাতন অর্থাৎ দীর্ঘকাল স্থায়ী হইলে, প্যাপিলা আচ্ছাদক ইপি-পিলীয়ন্ স্ল হইয়া পড়ে। প্রাপিলাগুলি উন্নত ও পাংশুপাটল আরক্তিম হইয়া, টার্সাল কন্জংটাইভাতেই আবদ্ধ থাকে। অপিচ এই রোগে নিওপ্লাফিক গ্রোথ সকল সুপেরিয়র টার্মো অবিট্যাল কোলতে অপর্যাপ্ত রূপে দেখিতে পাওয়া যায়। উহারা কথন২ অর্বি-ট্যাল কনজংটাইভায়, যেখানে কোন প্রকার ভিলাই নাই, তথায়ও বিস্তত হইয়া পডে। যাহাইউচ সচরাচর উহারা এত ক্ষুদ্র যে, এক খণ্ড লেন্স ব্যতিরেকে উহাদিগকে স্পান্ট দেখিতে পাওয়া অতিশয় কঠিন হইয়া পতে। কিন্তু উহারা অক্ষিপটীয় অথবা আক্ষিক শ্লৈপিক विल्लीट यथारन इ जावस्न कक़क ना कन, मर्सव हे शूर्सवर्गि कूजर দানাবৎ আকার ধারণ করে। কন্জংটাইভার অব্যবহিত নিম্নভাগে, উহাদিগকে ঠিকু মিলেট শদ্যের ন্যায় বলিয়া প্রতীয়্মান হয়। পীড়ার এবং তংসনয়ে উহাদিগকে প্যালপিব্রাল এবং অবিট্যাল কন্জংটাইভার

<sup>\*</sup> See "Maladies des Yeux" Par M. Wecker, vol. i. p. 98; "Lehrbuch der Augenheilkunde," von Stellwag v. Carion, p 385; "L' Ophthalmie Militaire a' l' Acade mie Royale de Medecine de Belgique," par le Dr. Warlomont, Ann. d' Oculistique, tom. xlii, 127.

বৃহত্তরীভূত ভিলাই সমূহ মধ্যে সুস্পন্ট অনুভূত হইয়া থাকে। উহারা কখন২ কর্ণিয়া পর্যান্তও বিস্তৃত হয়। এই রোগ দীর্ঘকালব্যাপী হইলে, অন্তঃকৌষিক পদার্থের অতিরিক্ত উদ্ভব প্রযুক্ত উহারা পিচ্ছিল গুণাত্মক হইয়া পড়ে। উহাদের আকার ও স্বচ্ছতা সিদ্ধ টেপিওকা শস্যের ন্যায়। কোন২ সংপ্রাপ্তিজ্ঞ চিকিৎসক উহা ভেকডিয় সদৃশ বলিয়া বর্ণনা করিয়াগিয়াছেন।

এই সকল দানাবৎ পদার্থের প্রথমাবস্থায়, তত্তৎস্থানবর্তী টিসুতে অত্রে য়ামোনিয়া মিজিত কার্মাইন সলিউশন্ প্রদান করতঃ, যদি অণু-वीकन यञ्ज घाता दम्या याम, তारा रहेटल उरामिनाटक देविकक श्रमार्थ (Germinal matter) সংঘটিত ব্যতিরেকে আর কিছুই বলিয়া বোধ হয় ন। পরে এই সকল পদার্থ ক্রমশঃ মেদাত্মক অপকৃষ্ট অবস্থায় পরিণত হইলে. তখন আর উহাদিগকে কামাইনের ছারা রঞ্জিত করা যায় না। আর দীর্ঘকাল ব্যাপী যে সকল স্থলে, কোযোপাদানের পরিবর্তে পূর্ব্ব-বর্ণিত পিচ্ছিল অন্তঃকৌষিক পদার্থ বিদ্যানান থাকে, তথায়ও উহা-দিগকে কার্যাইনের দ্বারা রঞ্জিত করা যায় না। সংযোজক ঝিল্লীর সুস্থ বৈজিক পদার্থ ও গ্র্যানিউলার কনজংটিভাইটিস রোগল নিওপ্ল্যাফিক গ্রোথস্, এভতুভয়ের প্রভেদ সচরাচর সম্পূর্ণ চুরব্গন্য। যাহাইউক यिप इंटांता आकारत सूच देविकिक श्रामार्थित जुना, किन्छ छाए। উटाएमत পরস্পর কোন সাদৃশ্য নাই। কারণ উক্ত গ্র্যানিউলার অর্থাৎ দানাবৎ পদার্থ সকল পরিপুট হইয়া, সংযোজক ঝিলীতে পরিণত না হইয়া. বসা কিয়া অন্য কোন ধ্বংসশীল পদার্থে অপকর্ষিত হয়। এই সকল ধ্বংস্শীল পদার্থ ক্রম্মঃ চতুষ্পাধ্বে অবসূত হইয়া, ততুং স্থানকে সঙ্কু চিত করতঃ ফুদ্র ক্ষুদ্র শুষকত চিহের উৎপত্তি করে। কনজৎ টাইভা সম্বনীয় টিসুর এইরূপ সঙ্ক চিত অবস্থা, ও শক্ষ ক্ষতচিছ্বীথিকার বিদ্যাদানতাই এই রোগের অশুভ ফলোৎপত্তির প্রধান ঘটনা। ক্ষত-চিহ্ন থাকায়, কন্জংটাইভার উপরিভাগ উচ্চাব্চ হয়, এবং তাহা সতত কর্ণিয়ার উপরিভাগে ঘর্ষিত হইয়া তংস্থানকে উত্তেজিত, ও পরি-শেষে তাহাতে রক্তবহানাড়ী সমাবেশনরূপ অস্বচ্ছভাব আনয়ন করে।

এই অধ্যায়ের প্রথমেই বর্ণিত হইরাছে যে, এই সকল গ্র্যানিউলার পদার্থের সহিত টিউবার্কলের (Tubercle) অনেক সৌসাদৃশ্য আছে। উহারা উভয়েই কনেকটিভ টিমু কর্পসল্ম অর্থাৎ সংযোজক ঝিল্লীর কোষাণু সকলের প্রলিকারেরণ (Proliferation) বা সংখ্যাইদ্ধি হইতে সমুদ্ধ ভ বলিয়া, এবং এই সংখ্যাবৃদ্ধির পরিণামফল ক্ষণিক, এবং তদ্ধারা সনীপবর্তী সুস্থ টিসুগণ বিনাশিত হয় বলিয়া, উহাদের উভয়ের উৎপত্তি ও পরিণামগত সৌনাদৃশ্য আছে। সে যাহাহউক, এতদ্বাতীত ইহাদিগের আর কোন সম্বন্ধ সাদৃশ্য নাই; এবং গ্র্যানিউলার কন্জংটিভাইটিস্রোগে এমত কোন শারীরিক মন্দাবস্থা ঘটে না যে, তাহার সহিত্
টিউবার্কল বা সুফুলা রোগ সম্বন্ধীয় কোন প্রকার শারীরিক মন্দাবস্থার প্রক্য আছে।

অপরস্ত কনজং টাইভার রহন্তরীভূত গ্ল্যাণ্ড্ সকলকে গ্রানিউলার কন্জংটিভাইটিস্ রোগের নিওপ্ল্যান্টিক্ গ্রোথ্স্ বলিয়া ভ্রম হইবার সম্পূর্ণ সন্তাবনা আছে। এই রোগের যে যে স্থলে শ্লৈমিক ঝিল্লী উত্তোজিত হয়, তত্তংস্থলে উক্ত গ্লাণ্ডগুলি স্ফীত হইয়া সচরাচর কন্জংটাইভার নিম্নভাগে চৃন্টিগোচর হয়। উহাদিগকে দেখিতে, চিক্ এই রোগজ পূর্মবর্ণিত ভূতন উন্নত দানাবং স্থান সকলের ন্যায় বোধ হয়। ডাক্তার ন্যাকনামারা নাহেব এমত কোন বিশেষ নিয়ম বিধিবদ্ধ করেন না যে, যদ্বারা উহাদিগকে পরস্পর পৃথক বলিয়া জানা যায়। অদ্যাপি অনেকানেক সংপ্রাপ্তিক্ত চিকিৎসকেরা এই সকল রহন্তরীভূত গ্ল্যাণ্ডকে কন্জংটাইভার পরিদৃশ্যমান এই রোগজ দানাবৎ পদার্থের অঙ্কুর বা মৌলক উপাদান বলিয়া বিশ্বাস করিয়া থাকেন। \*

লক্ষণ। এম্ ওয়েকার সাহেব এই রোগকে প্রবল ও পুরাতন ছুই শ্রেণীতে বর্ণনা করেন। সুবিধার নিমিত্ত প্রথমোক্ত শ্রেণীও আবার তিন অংশে বিভাজিত হইতে পারে।

১। প্রথমাবস্থা আট কিয়া দশ দিনের মধ্যেই পরিসমাপ্ত হয়।
আলোক অসহ্য বলিয়া বোধ হয়; এবং সূপ্রা অবিট্যাল্ প্রদেশে রোগী
বিলক্ষণ যাতনা ভোগ করিতে থাকে। চকু হইতে অপরিমিত অঞ্চু
নির্গত হয়। রোগীর বিলক্ষণ বোধ হয় য়ে, তাহার চকুতে মেন
বালুকাকণা পতিত হইয়াছে। অক্ষিপুটের প্রাস্তদেশ ক্ষীত হইয়া
থাকে; এবং ভাহাদিগকে উল্টাইলে প্যাল্পিব্র্যাল্ কন্জংটাইভায় রক্ত
সংঘাত হইয়াছে বলিয়া বোধ হয়। আর দ্বৈত্মিক ঝিলীতে কতকগুলি

<sup>\*</sup> Ophthalmic Surgery, by Dr.P. Frank: Army Medical Department Report for 1860. | अध्रान्थक दष्टेल्खांग नाट्स्टवर मट्ड देश जिक्कि नम्भ देव स्नान ; अवर देश मिंगटक विद्वित्त थि। श्री धिश्च विलिया विद्यास स्मान होता ।

মান্তদানার ন্যায় শ্বেতবর্ণ ক্ষুদ্র ক্ষুদ্র উন্নতস্থানও দেখা যাইতে পারে \*।
উর্নাক্ষিপুটে, বিশেষতঃ টার্সো অবিট্যাল ফোল্ডে এই সকল অবস্থা
বিশেষ অনুভূত হইয়া থাকে। অপিচ কেবল প্যান্পিব্রাল কনজংটাইভায় যে এই সকল লক্ষণ দৃষ্ট হইয়া থাকে এমত নহে, অক্ষিণোলকের শ্লৈদ্মিক ঝিল্লীতেও উহা বিস্তৃত হইয়া পড়ে। পূর্ব্ববর্ণিত শ্বেতবর্ণ স্থানের ন্যায় কর্ণিয়াতেও অনেকগুলি স্ক্র্মা স্থায় দাগ দেখা যাইতে
পারে। অসংখ্য ক্ষুদ্র ক্ষুদ্র রক্তবহা-নাড়ী কর্ণিয়ায় সতত সাক্ষাৎপরিদৃশ্যমান আকারে ভাগ্যমাণ থাকিয়া, তন্ধির্মাণেও রক্তবহা-নাড়ীজ অস্বদৃশ্যমান করিয়া থাকে।

২। প্রথমাবস্থা দশ দিবদের মধ্যে নিঃশেষিত হয়; এবং তৎপরে দিতীয় বা প্রাদাহিক অবস্থার আরম্ভ। এই অবস্থায় কন্জংটাইভায় গাঢ় রক্তমংঘাত হয়; এবং কিয়দিবস মধ্যেই উহার উপরিভাগ হইতে ক্লেদ নিঃসূত হইতে পাকে। বাস্তবিক এই অবস্থা সপিউরেটিভ কন্জংটিভাইটিস্ রোগাবস্থায় পরিণত হইয়া পড়ে; এবং পিউরিউলেন্ট ও ডিক্থারিটিক্ রোগের দিতীয় অবস্থা, অথবা প্রবল গ্রাণনিউলার কন্জংটিভাইটিস্ রোগের এই অবস্থা, ইহাদের মধ্যে কোন প্রাভেদ দেখিতে পাওয়া যায় না। কারণ, এই রোগে ভিলাই গুলি বিদ্ধিত, ও দ্বৈদির বিল্লীতে রক্তমংঘাত হওয়ায়, নিওপ্রাণ্টিক্ উৎপত্তি গুলি একেবারে লৃক্কায়িত হইয়া পড়ে।

এই রোগের পূয়োৎপাদক অবস্থায় অক্ষিপুট স্বন্দ পরিমাণে ক্ষীত ও উহাতে কিমোসিস্ দৃষ্ট হয়। পিউরিউলেন্ট কন্জংটিভাইটিসের ন্যায়, এই রোগেও কণিয়ার নিমিত্তে আমাদিগকে ভয়ানক চিন্তিত হইতে হয়। কিন্তু সৌভাগ্যক্রমে পিউরিউলেন্ট্ কন্জংটিভাইটিস্রোগে কণিয়া যক্রপ শীঘ্র শীঘ্র বিগলিত হইতে থাকে, এই গ্রানিউলার কন্জংটিভাইটিস্রোগে উহা তক্রপ শীঘ্র শীঘ্র বিগলিত, বা ক্ষত দ্বারা বিনাশিত হয় না। কণিয়ার উপরিভাগে যে সকল নিওপ্লাম্টিক গ্রোথ্স জন্মে, তাহা গভীরস্থায়ী ক্ষতের কারণ বলিয়া অনুমিত হইতে পারে; কিন্তু কার্যাতঃ তাহা নহে। যাহাইউক উহারা অনেকগুলি

<sup>\*</sup> Dr. H. Snellen on Diseases of the Conjunctiva: Ophth. Hosp. Reports, Vol iV. p. 61.

অভ্যুদিত হইলে, কর্ণিয়ায় রক্তবহা-নাড়ীসমাবেশনরূপ অম্বছতা উং-

অনেকস্থলে এই দ্বিতীয় অবস্থা অধিক দিন পর্যান্ত স্থায়ী থাকে। किछ ভावःकान दांभनका मकन शूर्ववर्गिजवः धावन थादक न। इक अ की । कटलवत वा कि पिरण तहे अहे अले घरेना विटम यक्त पिया थारक। উল্লিখিত অবস্থা-পরম্পারায় এই রোগ দীর্ঘকালব্যাপী হইয়া থাকে; অপ্প পরিমাণে আলোক-ভীতি (Photophobia) উপস্থিত হয়; এবং সূপ্রা অবিট্যাল প্রদেশে যদি যাতনা থাকে, তবে রোগী তাহাও অপপ পরি-মাণে ভোগ করিয়া থাকে। পূর্বাবস্থাপেকা সহজে অক্সপুট উন্মীলিভ করিতে সমর্থ হয়, এবং কর্ণিয়া পীড়িত না হইলে, সে সচ্ছদে গমনা-গমনোপ্রোগী দৃষ্টিপ্রাপ্ত হইয়া থাকে। সে যাহাহউক প্যাণ্পিব্রাল কন্ জংটাইভা গাঢ় রক্তমংঘাতিত হইয়া লোহিতবর্ণ হয়; ভিলাই উন্নত হইয়া একটা গ্র্যানি উলেটিং ক্ষতের আকৃতি ধারণ করে, ও তাহার উপরিভাগ হইতে অভ্যত্প পূয় নিঃমৃত হইতে দেখা যায় \*। একমাস বা তদ্ধিককাল প্র্যান্ত এইরূপ অবহা প্রত্যক্ষীভূত হইয়া থাকে। যদিও এই রোগের লক্ষণগুলি প্রবল নহে, তথাপি উহারা অতিশয় চুর্দ্দম্য; এবং কর্ণিয়ায় বাহিক ক্ষত হইয়া, এই রোগকে সচরাচর জটিল করিয়া তুলে। ইহাতে কর্ণিয়া আবিল হইয়া পড়ে, এবং এমত কি, ট্যাফি-লোমাও উৎপন্ন হইতে পারে।

এই রোগের প্রবলস্থল সকলের ক্লেদাবস্থা প্রায় পঞ্চদশ দিবস পর্যান্ত স্থায়ী থাকে। তৎপরে কিনোসিস্ তিরোহিত ও ক্লেদ্সাব স্থাতি হয়, এবং পীড়া তৃতীয় অবস্থায় পদার্পণ করে।

০। এই অবস্থায় আমাদিগকে গ্রানিউলার পদার্থ সকলের পুনরা-বির্ভাব অপেক্ষা করিতে হয়। যদি উহারা পুনকদিত হইয়া পড়ে, তবে আমাদিগকে এই রোগকে পুরাতন গ্রানিউলার কন্জংটিভাইটিস্ রোগ. বিবেচনা করিয়া, উপশ্যের চেন্টা দেখিতে হয়। এদিকে যদি প্রদাহ-ক্রিয়া বলবতী হইয়া নিএপ্ল্যান্টিক্ উৎপত্তি বিনাশিত করে, তবে এই রোগের ভৃতীয় অবস্থা তত ভয়প্রদ অবস্থা নহে।

চিকিৎসা। প্রাবল্যাসুসারে প্রবল গ্র্যানিউলার কন্জংটিভাই-টিস্ রোগের চিকিৎসাপ্রণালীরও প্রভেদ হইয়া থাকে। আমাদের ইহা

<sup>\*</sup> Dr. Marston on Ophtalmia : Beale's Archives, vol. iii. p. 194.

শ্বনণ থাকা উচিত যে, এই সকল অবস্থায় প্রদাহ-ক্রিয়া রোগোপশনার্থেই হইয়া থাকে; সুতরাং প্রথমাবস্থায় কন্জংটাইভাতে য়্যান্তি,ন্জেন্ট লোশন্ ও তদ্রপ অন্য কোনপ্রকার ঔষধ ব্যবহার না করিয়া,
এই রোগকে অচিকিৎসিতভাবে রাখিয়া দিতে হয়। এইরূপ করিলে,
যদি চকুর উত্তেজনা অপর্য্যাপ্ত বিদ্ধিত হয়, তাহাহইলে রোগীকে কোন
অন্ধকারময় গৃহে রুদ্ধ রাখিয়া ও দিবসে চারি বা পাঁচবার করিয়া কছ্ষ্ণ
জলে চক্ষু ধৌত করিয়া দেওয়াই বিধেয়। রাক্রিকালে শায়নসন্ত্রে,
জদেশে ও অক্রিপুট-চর্ম্যোপরি এক্ট্যাক্ট্ অবু বেলাডোলা প্রলেপিত
করিয়া দিতে হয়। রোগীর নিম্রোগ্য না হইলে, বা রোগী বিশ্রামবিহীন হইলে, এই সময়ে তাহাকে দশ গ্রেণ ডোভার সাহেবের প্রস্তুত্ব

পূর্বেই উক্ত হইয়াছে যে, স্বাস্থ্যরক্ষার ব্যতিক্রম ঘটিলে, এই রোগের উৎপত্তি হইয়া থাকে; স্কুতরাং চিকিৎসাসময়ে অগ্রে তদ্বিয়ের বিশেষ মনোযোগ দেওয়া কর্ত্ব্য। বিশুদ্ধ বায়ুদেবন, সৎপথ্যাহার, সভত পরিক্ষত থাকা ও অন্ততঃ কিঞ্চিৎকাল ব্যায়াম করা, ইত্যাদি বিষয়-সকলে কখন পরাত্মুখ থাকা উচিত নহে। নতুবা এই রোগ কন্জংটা-ইতায় দীর্ঘস্থাই ইয়া, পরিশেষে কর্ণিয়াকে রক্তবহা-নাড়ী সমাবিক্ত অস্কৃছ করে।

এই রোণের দ্বিতীয় অবস্থায়, কন্জংটাইভায় প্রকাশিত প্রদাহকার্যাের, বিশেষতঃ কর্ণিয়ার অবস্থা দেখিয়া চিকিৎসার ব্যব্সা করা
উচিত। যতদিন পর্যান্ত কর্ণিয়ায় কোন ক্ষত না ঋয়ে, বা উহা বিনাশিত হইতে আরম্ভ না হয়, ততদিন পর্যান্ত চক্ষুতে কোন প্রকার ঔষধ
ব্যবহার না করিয়া অচিকিৎসিত ভাবে রাখাই উচিত। চক্ষুকে পরিক্ষৃত
রাখা বিধেয়, এবং উহাতে পোস্ত টে ড্রির সহিত সিদ্ধ উল্ফোদকে দেক
দিলে, অনেক উপকার দর্শিয়া থাকে। অপিচ এইরূপ করিলে, রোগীরও মনে ক্ষতক সম্ভোষ জন্মিতে পারে। সচরাচর বলকারক ঔষধ
(Tonics) সেবন করা উচিত। ডোভার্স পাইডার, কুইনাইন ও সোডার
সহিত একত্র করিয়া, দিবসে ছুই কিয়া ভিনবার সেবন করিয়া, তংপরক্ষণেই ক্লোরেট অব্ পোট্যাস, টিংচার মিউরিয়েট অর্ আইরণের
সহিত একত্র করিয়া সেবন করিতে হয়। যেখানে এই দ্বিতীয় অবস্থা
প্রবল্প থাকে, বিশেষতঃ যখন প্রদাহকার্য্য মৃত্রগতিতে ও ফ্রীণভাবে গমন
করে, তখন এই সকল ঔষধ ও তৎসঙ্গে২ সৎপ্র্যোর্থ ব্যবস্থা দিতে হয়।

এই শেষোক্তস্থলে প্রত্যাহ একবার করিয়া সল্ফেট্ অব্ কপার প্রদান করতঃ, কন্ জংটাইভার উপরিভাগ উত্তেজিত করিয়া দিতে হয়; এবং যত দিন পর্যান্ত এই উত্তেজনায় প্রদাহক্রিয়া পরিবদ্ধিত হইয়া সর্ধা প্রকার ক্ষতির আকর ও কারণ নিওপ্ল্যাটিক্ গ্রোথ্ গুলিকে বিনাশিত না করে, ততদিন পর্যান্ত তদ্বাবহারে রত থাকা সর্বতোভাবে বিধেয়।

যে স্থলে প্রদাহকার্য্য উপযু্তিক অভিপ্রায় সংসাধন করিবার পক্ষে অতিরিক্ত ও অপ্রয়োজনীয়, এবং কর্ণিয়ার জীবনীশক্তির হানিকর বলিয়া বোধ হয়, তথায় নাইটেট অব্ সিলভার এবং শীতল জলার্ড বস্ত্র-সংলগ্ন করিয়া ভশ্মিবারণ করিতে হয়। প্রথমতঃ পাঁচ গ্রেণ নাইটেট অবু সিলভারের সলিউশন চকুতে ফোটা২ করিয়া ছুই ঘনী অন্তর প্রদান করতঃ, তৎপরে অক্ষিপুটে সভত শীতলজলাক্র বস্ত্র সংলগ্ন রাখি-তে হয়। এই সময়ে বিরেচক ঔষধের ব্যবস্থা করাও বিশেয়। যদি চক্ষুতে যাতনা বোধ হয়, ভবে প্রত্যাহ তিনবার করিয়া এক এক গ্রেণ আফিন্স সেবন করিতে হয়। যদি ইহাতেও পীড়া স্থগিত না হয়, তবে দিবসে তিনবার করিয়া তুই২ গ্রেণ আফিন্স সেবনের ব্যবস্থা দিয়া এবং রোগীকে ক্রোরোফর্মের অধীন আনিয়া, কিমোসিস্প্রাপ্ত কন্জংটাই-ভার উপরিভাগে, ডায়েলিউট কটিক পেন্সিল স্পর্শিত করিয়া দিতে হয়। যাহাহউক ইহা বিলক্ষণ জ্ঞাত হওয়া উচিত যে, কর্ণিয়া বিপদগ্রস্ত इटेटलंटे এই मकल চिकिৎमांत প্রয়োজন। ডাক্তার ম্যাকনামারা সাহেব সম্রতি এবম্বিধ স্থলে টার্শনিন্ ব্যবস্থা করিয়া অনেক উপকার পাইতে দেখিয়াছেন। ট্যানিন য়্যাসিডের চুর্ণ দিব্দে এক বা তুইবার করিয়া চকুতে দিতে হয়। এই রোগের প্রথমাবস্থায় যথন কর্ণিয়া আবিল ও রক্তবহা-নাড়ী নমাবিষ্ট হয়, এবং কনজংটাইভা হইতে সতত পিউরি-উলেন্ট্ অথবা মিউকো-পিউরিউলেন্ট কেন নিঃমৃত হইতে থাকে, তথ-নও এই ট্যানিন্ স্থানীয় ঔষধস্ত্রপে ব্যবহার করিয়া, বিশেষ উপকার मर्भन कतिशारहन।

দ্বিতীয় অবস্থার রোগকার্য্যাদি ফলদায়করপে সমুদায় নিঃশেষিত হইলে, তদ্বিষয়ে আমাদের আর হস্তক্ষেপের কোন প্রয়োজন রাখে না। প্রদাহক্রিয়া ক্রমশঃ স্থাতি হইতে থাকে, এবং রুগুস্থান প্রকৃত অবস্থায় নীত হয়। এই সময়ে কোন অলুগ্র য়্যাফিন্জেন্ট লোশন্ দিবদে দুইবার করিয়া কন্জংটাইভার উপরিভাগে ব্যবহার করিলে, পীড়া সত্তর ভাবোগ্য হইতে পারে। নিদ্রাবস্থায় অক্ষিপুট্ছয় পরস্পর সংযুক্ত হয় বলিয়া, শয়ন সনয়ে উহাদের প্রান্তভাগে ডায়েলিউট্ সিট্রীন্ অয়েন্টনেন্ট্প্রলেপিত করিয়া দিলে, বিশেষ কল দর্শিয়া থাকে।

কারণ। যেসকল কারণে পরিপোষক যন্ত্র (Nutritive functions) অকর্মণ্য দশায় উপানীত (Impaired) হয়, সেই সকল কারণই গ্রাণনিউলার কন্জংটিভাইটিসের কারণ। তন্মধ্যে বহুজনাকীর্ণ জনতা, মল ও মূত্র প্রভৃতি তুর্গন্ধিত ও অপরিক্ষত স্থানে বাস, অপরিক্ষত বায়ুল্যবন, উপযুক্ত থাদ্যের অভাব, এবং বাস্তবিক, সাধারণতঃ যে সকন কারণে স্বাস্থ্যতন্দ হয়, সেই সকল কারণেই এই রোগ উৎপন্ন হইয়া থাকে। কেবল মন্ত্রাদিগেরই এই সকল কারণে উক্ত রোগ ইইয়া থাকে এমত নহে, ইতরজন্তরাও ঐনকল কারণে কন্জংটিভাইটিস্রোগে প্রপীড়িত হইয়া থাকে।

বোধ হয়, নিওপ্লাফিক্ গ্রোথের উংপত্তিই এই রোগের মুখ্য কারণ। এই গ্রোথ্ সকল অধিক দিবস পর্যান্ত অদুশ্যভাবে অবস্থান করিয়া, পরিশেষে সামান্য উত্তেজনা দ্বারাই প্রকাশনান হয়। এই কারণেই পিউরিউলেন্ট ক্লেন্ন পদার্থ আনীত হইয়া চক্ষুতে স্পৃষ্ট হইলে, গ্রাণানিউলার কন্জংটিভাইটিস্ রোগোৎপত্তি করিতে পারে। বাস্তবিক চক্ষুতে ক্লেন্ন সংস্পৃষ্ট হইবার পূর্বেই উহাতে পীড়ার সঞ্চার হইয়া থাকে; এবং অগ্নিতে কাঠনিক্লেপ করিলে, যক্রপ উহা প্রদ্ধলিত হইয়া উঠে, তক্রপ উহা বৈজিকপদার্থ সকল স্পর্ণনে সতেজে রোগাক্রমিত হইয়া উঠে। এন ওয়েকার সাহেবের মতেও এই রোগ সংক্রামক। প্রোৎপাদক অবস্থায় কন্জংটাইভার উপরিভাগ হইতে পুয় লইয়া, অপর কোন সুস্থ ব্যক্তির চক্ষুতে প্রবিষ্ট করিয়া দিলে, পিউরিউলেন্ট কন্জংটিভাইটিস্ রোগোৎপত্তি হইতে পারে, ভদ্বিয়ের আর কোন সন্দেহ নাই।

গ্রেট্রিটন বা অন্যান্য দেশবাসী নিম্নপ্রেণীস্থ আইরিস লোকদিগের যদ্রপ এই রোগ সচরাচর ঘটিয়া থাকে, তদ্রপ আর কুক্রাপি কোন
জাতিতে দৃষ্ট হয় না। কি ভারতবর্ষে, কি পৃথিবীর অন্যান্য দেশে,
উক্তপ্রেণীস্থ ধনীলোকাপেকা নিম্নপ্রেণীস্থ দরিদ্র ব্যক্তিরাই অধিকাংশতঃ
এই রোগাক্রান্ত হইয়া থাকে। কিন্ত যে স্থানে এই রোগ জয়য়, সেই
স্থানের কোন বিশেষগুণই এই রোগের প্রকৃত কারণ; এবং তলিনিত্তই
উহা দেশবিশেষক বা এন্ডেনিক হইয়া পড়ে। কলিকাতার কোনহ
স্কল এই বিষঃয়য় এক মহং উদাহরণ স্থল। এই সকল স্কুলে ভিয়হ

জাতীয় ছাতেরা অধ্যয়ন করে। কেহ বাঙ্গালি বা এতদেশীয়, কেহকিরিজী বা সঙ্করজাতীয়, আর কেহবা ইউরোপীয়। বিদ্যালয়ও
নগরের অপরিক্ষত স্থানে স্থিত। উহার চতুর্দ্দিকে অনাত্রত মলবাহী
প্রণালী এবং অপরাপর অত্রতবনীয় ঘৃণিত হুর্গন্ধ পদার্থ সর্ব্ধদা অবস্থান
করে। এই সকল কারণে গ্রাণনিউলার কন্জংটিভাইটিস্ সর্ব্ধদাই উহাদিগকে আক্রমণ করিয়া থাকে। কিন্তু নগরের স্বাস্থ্যকর জনস্থানে
নির্দ্দিত তদ্ধপ অন্যান্য বিদ্যালয়ে, একটা মাত্র ছাত্রকেও এই রোগে
আক্রান্ত হুইতে দেখা যায় না।

ইহা প্রসিদ্ধ আছে যে, অধিক দিন পর্য্যন্ত কনজংটাইভার উপ-রিভাগে য়ৢৢাটে।পিন্ ব্যবহার করিলে, এই রোগের উৎপত্তি হইতে পারে। বাস্তবিকই যে ব্যক্তি অধিকদিন পর্যাম্ভ চক্ষুতে ফোটা ফোটা করিয়া য়াট্রাপিন ব্যবহার করিয়া থাকে, তাহাকে এই রোগাকান্ত হইতে দেখা গিয়াছে। সে যাহাহউক, চক্ষুতে এই য়্যালকালোইঙ (Alkaloid) পদার্থ (য়ৢৢৢৢাটেশপন্) প্রবিষ্ট হইবার পূর্বের, এই রোগজ নিওপ্লাষ্টিক গ্রোথ্স্ গুলি উদিত হয় না, এরূপ সন্ধান যতদিন পর্যান্ত পাওয়া না যায়, ততদিন পর্যান্ত আমি উক্ত কার্য্যকারণ সম্বন্ধে কিছুই উল্লেখ করিতে চাহি না। এই রোগাক্রান্ত অনেক রোগী ইতিপূর্বে আইরাইটিস্ রোগাক্রান্ত হইয়া, অপরিমিত মার্করি সেবন এবং প্রদাহ-নিবারণার্থে য়ানিফুপজিটিক ঔষধ ব্যবহার করিয়৷ নিতান্ত তুর্বল হওতঃ, গ্রাানিউলার কন্জংটিভাইটিস রোগবৃদ্ধির তাবৎ ঘটনাগুলি আনয়ন করিয়া থাকে; স্তরাৎ য়্যাট্রোপিনের এমত কোন বিশেষ গুণ আছে যে, তদ্বারা গ্রানিউলার কন্জংটিভাইটিস্ রোগের রুদ্ধি হয়, এই কথা বলিবার পূর্কে, অগ্রে সম্পূর্ণ সুস্থচকুতে উহা প্রদান করিলে কিরূপ কার্য্যকর হয়, ভাহা নিরীক্ষণ করা উচিত। উহা উত্তেজক এবং পূর্বস্থায়ী রোগের ব্লদ্ধিসাধক মাত।

পুরাতন গ্রানিউলার কন্জংটিভাইটিস্। ট্রাকোমা (Tra-choma)—প্রবল গ্রানিউলার কন্জংটিভাইটিস রোগের প্রথম বা দ্বিতীয় অবস্থায়, যদি নিয়মাতিরিক্ত চিকিৎসা দ্বারা প্রদাহের গতি রুদ্ধ হয়, এবং সেই গতিরোধে যদি প্রকৃতিও (Nature) রোগোপশন করিতে অক্ষম হয়, তাহা হইলে প্রদাহ স্থানিত হইবার অব্যবহিত পরেই, এই ভয়ানক রোগজ পূর্কোল্লিখিত দানাবৎ পদার্থ পুনরাগত হইয়া, আনাদিগকে এই ছুর্দ্বন্য রোগ চিকিৎসা করিতে প্রন্থ করায়।

যাহাইউক পুরাতন গ্রানিউলার কনজংটিভাইটিস্ রোগ সর্বান এই রূপে আরম্ভ হয় না; বরং অনেক সময়ে কোন প্রকার উত্তেজনা বা প্রদাহের লক্ষণ পূর্বে প্রকাশ না করিয়া, কন্জংটাইভার নিম্নভাগে নিওপ্লাফিক্ পদার্থের উৎপত্তি দারা আরম্ভ হইয়া থাকে। এই সকল গ্রানিউলার পদার্থ এত কুদ্র যে, অগুরীক্ষণ প্ল্যাস্ ব্যতিরেকে ভাহা-দিগকে দেখিতে পাওয়া যায় না। এই অবস্থায় ইহারা রোগীকে কোনরূপ অসুবিধা প্রদান করে না। রোগী উহাদের বিদ্যানানতা কিছুই অনুভব করিতে পারে না; তবে সে, "চক্ষু উচিয়াছে" (Sore eyes) এই মাত্র বলিয়া অভিযোগ করে। পাকস্থলীর বিশৃষ্টালতা বা অধিকক্ষণ প্রথম রৌদ্রভোগ প্রভূতি অতি সামান্য কারণেই, বস্তুতঃ কোনরূপ উত্তেজন। প্রাপ্ত হইলেই তৎক্ষণাৎ কন্জংটিভাইটিস্ রোগ জন্মে। এই বিরক্তিকর সময়ে নিওপ্ল্যাফিক্ পদার্থ সকল আকারে বিদ্ধিত হইতে থাকে; এবং ইহারাই কন্জংটাইভার এই অতিরিক্ত কার্য্যের (Hyperaction) প্রকৃত কারণ \*।

এই প্রকার পুরাতন রোগাক্রান্ত ব্যক্তিরা কন্জংটিভাইটিস্ রোগের ভাবং যাতনা সহ্ন করিয়া থাকে। এভদ্বারা ভাহারা প্রাভ্যহিক সাংসারিক কর্মাদি নির্মাহ করিতে সম্পূর্ণ অপারগ হয়। সৈন্যেরা সর্মদা, বিশেষতঃ গ্রীম্মনগুলে কার্য্য করিতে আদিলে, প্রায়ই এই রোগাক্রান্ত হইয়া থাকে। গ্রীম্মনগুলের ভাপাধিক্যে ভাহারা এই রোগাপ্রবণ হয়। রোগের লক্ষণ দেখিলে বোধ হয় যে, উহা কিছুই নহে; কেবল ভাহারা নিয়মিত কার্য্য হইতে বিরত থাকিবার ছল করিতেছে মাত্র। উহাদের চক্ষু বিলক্ষণ সুস্থ বলিয়া বোধ হয়। এই সময়ে যদি উহারা এমত কোন কার্য্যে নিয়ক্ত হয়, যাহাতে উহাদিগকে রৌদ্র ও ধূলি বিলক্ষণ ভোগ করিতে হইবে, ভাহা হইলে উহারা তৎক্ষণাৎ কন্জংটিভাইটিস্ রোগাক্রান্ত হইয়া পড়ে। এইরূপ স্থল সকল প্রেথমতঃ দ্বিধান্তনক বলিয়া বোধ হয়; কিন্তু এবিম্বধ অনেকানেক স্থলে, কর্ণিয়ার বিনাশরূপ ভয়ানক কলোৎপত্তি হইয়া থাকে।

এই প্রকার পুরাতন রোগ ভিলাইদিগকে অধিকতর বিবর্দ্ধিত না করিয়া, ক্রমাগত কিছুকাল পর্যান্ত স্থায়ী থাকিতে পারে। কিন্ত

<sup>\*</sup> Dr. Marston, On Ophthalmia : Beale's Archives, vol. iii. p. 201.

<sup>†</sup> Ophthalmie Surgery by Dr. p. Frank; Army Medical Reports for 1860.

সম্বরেই হউক আর বিলয়েই হউক, উহারা বিদ্ধিত ও কঠিন হইয়া পড়ে। যে শ্লৈমিক ঝিল্লীর নিম্নে দানবিৎ পদার্থ অবস্থিত ছিল, তাহা অপকৃষ্ট অবস্থায় পরিবর্তিত হওয়ায়, এই ভিলাইদিগের মধ্যবর্তী স্থানে শ্বেতবর্ণ ক্ষতকলক্ষীয় টিমুর চিহুসকল দেখিতে পাওয়া যায়। এই-রূপে শ্লৈমিক ঝিল্লীর উপরিভাগ উচ্চাব্চ হওয়ায়, উহা কণিয়ার উপ-রিভাগে সতত ঘর্ষিত হইয়া, ভাহাকে রক্তবহা-নাড়ীসম্বন্ধীয় অম্বছ্দ করিয়া কেলে; এবং ইহাতে সম্পূর্ণ দৃষ্টিধ্বংসও হইতে পারে।

লক্ষণ।—পূর্ব্বোলিখিত বর্ণনাপরম্পরায় পুরাতন গ্রানিউলার কন্জংটিভ ইটিস্ রোগের লক্ষণ সকল স্ক্রমন্ত উলিখিত হইয়াছে। আদি সুবিধার নিমিত্ত তদ্বিষয় পুনরস্থালন করিতেছি। রোগের প্রথমারস্থায় কন্জংটাইভার নিম্নে কেবল ক্ষুদ্রহ দানাবং পদার্থের প্রকাশ দারাই রোগের আরম্ভ উপলব্ধি হইয়া থাকে। এই সকল পদার্থ সময়ে সময়ে কন্জংটিভাইটিস্ রোগানয়ন করিয়া থাকে। শ্লৈপিক বিল্লীতের রক্তর্সংঘাত হওয়ায়, ভিলাই গুলি অপ্প বা অধিক পরিমাণে ক্ষীত হইয়া উঠে। রোগী চক্ষতে যাতনা ও আলোক অসহ্য বলিয়া বোধ করে। ভাহার চক্ষু হইতে অঞ্চ অনবরন্ত নির্গত হইতে থাকে। এইরূপ প্রত্যেক অবস্থা আক্রমিত হইলে, নির্প্রাণ্ডিক্ গ্রোথস্ গুলি ক্রমশঃ বিদ্ধিত হইয়া, কথন কথন প্রায় সাগুদানার মত আকার ধারণ করে।

এইরপ অবস্থা অধিক দিন পর্যান্ত স্থায়ী থাকিতে পারে। কিন্তু সত্ত্বেই হউক আর বিলম্বেই হউক, দানাবৎ পদার্থ গুলি চতুপ্পার্থে নিশাইয়া যায়; সুতরাং উক্ত স্থানীয় সংযোজক ঝিলীতে স্থান-পরিপুরণের নিমিত্ত শুক্ষ ক্ষতকলক্ষের উৎপত্তি হয়। এই সকল সুক্ষ ফ্রন্ম কলঙ্ক যখন পরস্পার মিলিত হইয়া যায়, তখন কন্জংটাইভার উপরিভাগে বা তৎপরিবর্ত্তে, ঘন সৌত্রিকবিধানের কতকগুলি কলঙ্ক আবি ভূত হয়। অক্ষিপুটীয় শ্লৈম্মিক ঝিলীর সমুদায় অংশ অতিকদাটিৎ এইরূপে বিনন্ট হয়। ভিলাই গুলি বিব্দ্ধিত হওয়ায় অক্ষিপুট উল্টাইলে, উহাদিগকে উচ্চাব্রচ বলিয়া বোধ হয়। শ্বেত্রণ শুক্ষকত চিক্লিত টিসুর পরিবর্ত্তে তৎস্থানে বন্ধুর মকমলসদৃশ চিক্লমকল দৃষ্টি-গোচর হয়।

এইরপে উৎপন্ন কন্জংটাইভার উঠাবচ উপরিভাগ কর্ণিয়ার উপ-রিভাগে নতত ঘর্ষিত হইয়া, উহার অগ্রবর্তী স্তরকে এত উত্তেজিত করে যে, তাহাতে রক্তবহা-নাড়ী সম্বন্ধীয় অম্বন্ধতা আবিভূত হইয়া পড়ে। কর্ণিয়াতে যথন এই সকল পরিবর্ত্তন ঘটিতে থাকে, তখন দূ উপক্তি ক্রমশঃ হ্রাস হইয়া, পরিশেষে রোগীকে সম্পূর্ণ অন্ধ করে। এই পীড়া সচরাচর শরীরের সার্ঝান্ত্রিক কারণে উৎপন্ন হয় বলিয়া, তদত্র-সারে ইহাতে উভয় চকুই পীড়িত হইতে পারে।

চিকিৎসা !—প্রবল গ্রানিউলার কনজংটিভাইটিস রোগে যদ্রপ উত্তম পরিচ্ছদ ও স্বাস্থ্যকর স্থানে বাস প্রভৃতি বাহাবস্থা, ও যে সকল অবস্থায় শরীর সুস্থ থাকিতে পারে (Hygienic conditions) ভদ্বি-যয়ে মনোযোগ দিতে হয়, এস্থলেও ভদ্রপ। নতুবা, এই গুলি নিয়-মিভরূপে সম্পাদিত না হইলে, অন্যান্য ঔষধ কোনপ্রকার গুণকারক ইইবেক না।

ন্তিষ্ণ মনোনীত করণে, যাহাতে শ্লৈষ্মিক ঝিল্লী সন্ধিক প্রদাহেশ-তেজিত হইয়া, তদংশের পীড়িত কার্য্যাদি নিবারণ করে, তৎসাধনই আনাদের উদ্দেশ্য। অতথ্য এই অভিপ্রায় সংসাধনের নিমিত্ত প্রত্যেক দিবসীয় প্রাতঃকালে, নির্মাল সল্ফেট্ অব্ কপার (তুঁতে) অক্ষিপুর্টীয় কন্জংটাইভার উপরি স্পর্শিত করা বিধেয়। \* এই উপায় দারা কেবল যে দানাবৎ পদার্থসকল চতুর্দ্দিকে অবসৃত হইয়া যায় এমত্ত নহে, তৎসঙ্গেহ রোগীর শারীরিক অবস্থার উন্নতি করিলে, এ সকল দানাবৎ পদার্থ প্রত্যাবৃত্ত হইতে পারে না।

পুরাতন গ্রানিউলার কন্জংটিভাইটিস রোগোপশমার্থে য়্যাসিটেট্
অব্ লেড্ ব্যবহৃত হইয়া থাকে। চূর্ণ য়্যাসিটেট্ অব্ লেড্ প্রতিসপ্তাহে
এক বা তুইবার করিয়া, চক্ষুর পীড়িত শ্লৈমিক ঝিল্লীর উপর ছড়াইয়া
দিবার বিধি আছে। লাইকর পোট্যাসি কন্জংটাইভার উপর প্রদত্ত
হইয়া যে, উপকারজনক হইয়া থাকে, তদ্বিষয়ে বিশেষরপ কথিত হইয়া
থাকে। ডাক্তার ম্যাকনামারা সাহেব এবম্বিধ অনেকানেক ঔমধ এই
রোগোপশমার্থে প্রয়োগ করিয়া থাকেন, কিন্তু পূর্ব্বোল্লিখিত ঔমধ ও
ভানয়মাদি অবলম্বন না করিয়া, কুত্রাপিও রোগোপশম করিতে সমর্থ
হন না। আর এবম্বিধ ঘটনা হইলেও সল্ফেট্ অব্ কপার এই পুরাতন
গ্র্যানিউলার কন্জংটিভাইটিস রোগোপশমের একমাত্র ঔমধ একথাও

<sup>\*</sup> মহাত্মা ওয়ার্লোমণ্ট্ সাহেব চক্ষুতে ক্লেদবীজ সংস্পর্শের পরিবর্তে, অন্য কোন ওপধ দিলে এরপ উপকার হয় কি না, তালা পরীক্ষা করিয়া দেখিয়াছেন। ভাঁহার মতে সলকেট্ অব্ কপার বিশোষ উপকারজনক। অপ্থ্যাল্মিক্ রিভিউ, ভল ১ন, পৃষ্ঠা ১৮৬।

বলিতে পারি না। কারণ, যে কোন ঔষধ হউক না কেন, যাহাতে কন্জংটাইভার উপরিভাগ যথেন্ট প্রদাহান্তিত হইয়া দানাবৎ পদার্থ-দিগকে একেবারে বিনন্ট করিয়া চতুম্পাশ্বে অবসৃত করাইতে পারে, তাহাই এই রোগের ঔষধ। অপিচ যদি রোগীর বিলক্ষণ স্বাস্থ্য রুদ্ধি হইতে থাকে, ও নিওপ্ল্যান্টিক গ্রোথ্ম হইয়া যদি কন্জংটাইভার পরিবর্তে ক্ষতকলক্ষিত টিমু অবস্থিত হইয়া না থাকে, তাহা হইলে পীড়া স্বয়ংই উপশ্বনিত হইতে পারে। এই পুরাতন গ্রানিউলার কন্জংটিভাইটিস রোগে, কর্ণিয়া সতত অল্প বা অধিক পরিমাণে আবিল হইলেও, পূর্ম্বর্ণিত সাধারণ চিকিৎসার সঙ্গেহ, প্রত্যহ এক বা ছই বার করিয়া ট্যানিক য়্যামিড চক্ষুতে চূর্ণবং ব্যবহার করিলে, অন্যান্য ঔষধাপেক্যা বিশেষ উপকার দর্শিয়া থাকে। পাঠকগণ এই রোগচিকিৎসার অন্যান্য ঔষধ জানিতে ইচ্ছুক হইলে, যে অধ্যায়ে কর্ণিয়ার পীড়া ও অম্বচ্ছতার বিষয় বর্ণিত হইয়াছে, সেই অধ্যায়টী মনোযোগ-সহকারে পাঠ করিতে পারেন।

ডাক্তার ম্যাকনামারা সাহেব বলেন যে, সৈনিক পুক্ষেরা গ্রীপ্দন্ডলে আসিয়া এই রোগাক্রাস্ত হইলে, তাহাদিগকে ইউরোপ খণ্ডে প্রেরণ করা উচিত। সাধারণতঃ, তাহারা স্বং কার্য্যাধন পক্ষে এক প্রকার গলগ্রহমাত্র হইয়া, সম্পূণ অকর্দ্যা হইয়া পড়ে। এদিকে কোন না কোন সময়ে চক্ষুতে কার্যাক্ষম পরিবর্ত্তন সকল উদিত হইয়া, পিউরিউলেন্ট ক্লেদ-আব আনয়ন করে। এই ক্লেদ স্বকীয় স্পর্শসংক্রামক দোষে অন্যান্য ব্যক্তির চক্ষুতেও পূয়োৎপাদক কন্জংটিভাইটিস রোগ আনয়ন করিতে পারে; স্তরাং এ সকল সৈনিক তাহাদের সহতরদিগকেও এই রোগাক্রনিত করিয়া, বহুব্যাপী অপকারের কারণ হইয়া উঠে।

মহাত্মা ওয়ালোমন সাহেব, বেল্জিয়ম্ দেশের রাজকীয় চিকিৎসালারে এতদ্বিষয়ে যে সুদীর্ঘ তর্কবিতর্ক হইয়াছিল, তাহার স্থূল মর্মাছহতে, মিলিটারি অফ্থ্যাল্মিয়া বা সৈনিক অক্ষিপ্রদাহ (গ্রানিউলার কন্জংটভাইটিস) রোগসম্বন্ধে নিম্নলিখিত সিদ্ধান্ত স্থির করিয়াছেন।—

১ ম। মিলিটারি অফ্থ্যালমিয়া, স্পর্শাক্রানক অক্ষিপ্রদাহ (Contagious ophthalmia) ও দানাযুক্ত অক্ষিপ্রদাহ (Granulous ophthalmia) প্রভৃতি বহুতর নামে খ্যাত। এই রোগের প্রকৃতি সঞ্চারিণী; ইহা সহজেই পুনঃ পুনঃ আগনন করিয়া থাকে; ও এই রোগাক্রান্ত ব্যক্তিরা সম্পূর্ণ আরোগ্য লাভ করিতে পারে না।

হয়। কেহ কেহ বলেন যে, এই রোগ ভদ্রসনাজেও স্বভাবতঃ
স্বয়ং আবিভূত হইয়া থাকে। অন্যপক্ষে ইহা বিলক্ষণ জানা হইয়াছে যে, সমস্ত ইউরোপ খণ্ডের মধ্যে যে যে দেশে এই রোগের
প্রাত্তাব, তথায় এই রোগ সভত সৈনিক দলেই প্রথমে আরম্ভ হইয়।
থাকে; এবং তথা হইতেই অন্যান্য জনসমাজে সংক্রামিত হয়।

তয়। বিশেষতঃ বেল্জিয়য়্ দেশে, খৃঃ ১৮৩৪ অন্দের পূর্বের এই রোগ কেবল দৈনিক দলেই আক্রমিত হইত, এরপ প্রমাণ পাওয়া গিয়াছে। উক্ত বৎসরে দৈন্যদিগের স্যানিটারি ইনম্পেক্টর-জেনা-রেলের প্রস্তাবপত্র, তত্ত্বাবধারক কনিশনর, ও বর্লিন নগরের চিকিৎসা-ধ্যাপক জক্ষেন্ সাহেব দ্বারা স্বাক্ষরিত হইয়া, যুদ্ধমন্ত্রীর সমীপে তাবেদিত হইলে, এই আদেশ হয় যে, "অতঃপর যেসকল দৈন্য প্রানিউলার কন্জংটিভাইটিম্ রোগাক্রান্ত হইবে, ও অধুনা যাহারা তদ্যোগাক্রান্ত আছে, তাহারা সকলেই স্ব স্থাহে প্রত্যাগনন করিতে পারিবেক"। এই নিমিত্ত পূর্বেগাল্লিখিত সময়ের পর হইতেই যখন প্র সকল পীড়িত ব্যক্তি স্ব স্ব গৃহে প্রত্যাগনন করিয়াছিল, তখন হইতেই এই রোগ ভদ্রন্যান্তেও বিস্তৃত হইতে আরম্ভ হইয়াছে।

৪র্থ। মিলিটারী অফ্থ্যাল্মিয়া রোগের সংক্রামক গুণ থাকার, তাদোগাক্রান্ত ব্যক্তিকে সাধ্যমত পৃথক স্থানে অসংস্পৃষ্ট করিয়া রাখা বিধেয়, তাহা না করিলে এই রোগকে দুরীকৃত করিবার আর কোন উপায় নাই। এই নিমিত্ত রোগীদিগকে গৃহে গমন করিতে অনুমতি প্রদান করা অত্যন্ত ভয়ানক ও অবিবেচনার কর্ম।

ধে। যদি কোন সেনা তাহার কর্মান্তল হইতে এই রোগোনা কুত্র হইয়া, এবং কর্মাতাগকালে রোগের কোন প্রকার লক্ষণ থারণ না করিয়া, গৃহে প্রত্যাগত হয়, তাহা হইলে তথায় এই রোগোৎপাদক কোন প্রকার কারণ ভোগ না করিয়াও সে পুনরাক্রমিত হইতে পারে। আমাদের শাস্তে এই পুনরাক্রমণের সময় নির্দ্ধিট নাই। উহা অপ্পবা অধিক দিনের মধ্যেই পুনরাগমন করিয়া থাকে। যত দিন অন্তরে ইউক না কেন, এই রোগ পুনরাক্রমিত হইলে, রোগী তল্পেনীয় রাজ-প্রতিনিধির নিকট ভবিষ্যতের নিমিত্ত সাহায্য প্রার্থনা করিবার সম্পূর্ণ উপযুক্ত। \*

<sup>\*</sup> L'Ophthalmie Militaire, a l'Acade mie Koyale de Me decine de Belgique, par M. le Dr. Warlomont, extrait des Annales d'Oculistique, tom. xlii. p. 126.

পংষ্ঠি উলার কন্জংটিভাইটিস্\* (Pustular conjunctivitis) আমি এই শ্রেণী মধ্যে অন্যান্য গ্রন্থকার দিগের "কন্জংটিভাইটিস্ ফুকটিনিউলোজা" (Phlyctenulosa) এবং "পংটিউলোজা" (Pustulosa), "কুফিউলস কর্ণিয়াইটিস্" (Scrofulous corneitis) অথবা কন্জংটাইভা ও ক্ণিয়ার হার্পিজ্ (Herpes) রোগ বর্ণন করিব।

পঃষ্টিউল কিয়া হার্গিজ্ সকল কন্জংটাইভার যে স্থানে অবস্থান করে, সেই অবস্থানালুসারে এই রোগকে ছুই শ্রেণীতে বিভক্ত করিয়া বর্ণনা করা পরামর্শসিদ্ধা আনেক স্থলে উহাদিগকে কেবল আদিক শ্রেলিক বিল্লীতে অবস্থিত থাকিতে দেখা গিয়া থাকে; এবিষধ কন্জংটিভাইটিস্ রোগ সামান্য প্রকার মাত্র। আর এই সকল পঃষ্টিউল (পুয়বটি) কর্ণিয়াতে প্রকাশমান হইলে রোগীর বিলক্ষণ কর্টদায়ক হয়। কোন কোন স্থলে কর্ণিয়া ও কন্জংটাইভা উভয়েই এ সকল পঃষ্টিউল দ্বারা এককালে আক্রমিত হয়; অথবা উহা কেবল কর্ণিয়ার চতুম্পাশ্বে মালাকারে ব্যাপ্ত থাকে। অন্য সময়ে উহাদিগকে আবার কিয়দংশ কর্ণিয়ায় এবং কিয়দংশ কন্জংটাইভায় অবস্থান করিতে দেখা যায়।

১। প্রথনোক্ত অবস্থার পঃষ্টিউল সকল কন্জংটাইভার আবদ্ধ থাকে। এই অবস্থার উহারা ছইটি কিয়া তিনটা পর্যায়ক্রমে উদিত হইয়া, রোগীকে ভয়ানক বিরক্ত করে। প্রথমাবস্থার এই সকল পঃষ্টি-উলু সিরম (Serum) রসপূর্রিত ইপিথিলীয়মের সামান্য উন্নতি মাক্র বিলয়া বোধ হয়। এই সকল স্থায় ভেসিকলের আকার আলুপিনের মস্তকের ন্যায়। অপিচ উহাদিগকে, শ্বেভাভ ও আলুপিনের মস্তক সদৃশ স্থায় পিশ্পল্ (Pimple) বা ফুক্কু ড়ি, য়াহার শীর্ষভাগে তদ্রপ আর একটা ফুক্কু ড়ি সত্ত্বর পরিবর্দ্ধিত হইয়াছে, এরূপ বলিয়াও বোধ হইতে পারে। এই সকল ক্ষুদ্র ক্ষুদ্র পদার্থ কন্জংটাইভার রক্তসংঘাতিত কোন ফতস্থানে অবস্থান করে; ভদ্ব্যভীত শ্রৈদ্মিক ঝিল্লীর অপরাপর অংশ সম্পূর্ণ সুস্থ বলিয়া বোধ হয়। মদি কতকগুলি পঃষ্টিউল্ একত হইয়া এক চক্ষুর কন্জংটাইভায় অবস্থান করে, তাহা হইলে প্রায় সমস্ত বা অধিকাংশ বিল্লী (কন্জংটাইভা) লোহিত বর্ণ ও প্রদাহিত বলিয়া দৃষ্ট হয়। এই লোহিতবর্ণস্থানোপরি শ্বেভাভ-পীতবর্ণ উন্নত

<sup>\* &</sup>quot;Maladies des Youx," par M. Wecker, vol. i. p. 139.

পঃটিউন্দিগকে সর্মদা স্পট দেখিতে পাওয়া যায়। এই সকল অবস্থায় উক্ত পঃটিউল গুলি কর্ণিয়ার প্রান্ত-সন্নিকটে অবস্থান করভঃ, কখন কখন তাহার উপর আসিয়াও বিস্তৃত হয়; অর্থাৎ কিয়দংশ কন্জং-টাইভায় ও কিয়দংশ কর্ণিয়ায় অবস্থান করে।

প্রথমে এই সকল কুদ্রহ পংটিউলের মধ্যে অপপ পরিমিত পরিষ্ণৃত ও তরল রসপদার্থ থাকে। এই রস সত্ত্বর পরিবর্ত্তিত হইয়া ঈষৎ পীতবর্ণ ও আবিল হওতঃ, লিম্ফ্ ভেসিক্ল (Lymph vesicle) অর্থাৎ লমীকাবিষের আকার ধারণ করে। আট কিয়া দশ দিনের মধ্যেই এই পংটিউল্ সকলের অন্তর্ম্বর্ত্তী উক্ত রস চারিদিকে হয় আশোষিত হইয়া যায়, নতুবা ইপিথিলীয়ম ছিন্ন হইয়া বহিঃসৃত হইয়া পড়ে। ইহাতে কেবল বাহুদেশে একটা ক্ষত উৎপন্ন হয়; এবং অধিকাংশ হলে সেই ক্ষত ইপিথিলীয়াল সেল্সের সূত্রহ স্তরদারা সত্র পরিপ্রিত হয়। পরিশেষে কন্জংটাইভাতে যে রক্তসংঘাত হইয়াছিল, তাহা অদুশ্য হইয়া, তাহাকে প্রত্বত অবস্থায় পুনরুপনীত করে। \*

লক্ষণ।—এই রোগজ লক্ষণ গুলি গুরুতর বলিয়া বোধ হয় না। রোগী চকুতে বালুকা বা চূর্ণ প্রস্তরকণা পতিত হইয়াছে বলিয়া বোধ করে। আর কন্জংটাইভার ধে সকল রক্তবহা-নাড়ীতে রক্তসংঘাত হইয়াছে, তাহার বিপরীতদিকে রোগী অক্ষিণোলক বিবৃর্ণিত করিলে, কিঞ্চিং যাতনা বোধ করে। অপ্যক্ষণ চকু উন্মীলিত করিয়া রাখিলে, ক্লেশ বোধ হয়; এবং উহা হইতে ক্রমশঃ অপ্যাপ্প অশ্রুদ পতিত হইতে থাকে। কর্ণিয়ায় পাঃষ্টিউল উদিত না হইলে, আলোক অসন্থ বলিয়া বোধ হয় না। রোগী প্রোন্মীলিত চকুতে আমাদের নিকট চি কিংসিত হইতে আসিয়া, কেবল পূর্কোক্ত যাতনা গুলিই উল্লেখ করিয়া থাকে। অধিকন্ত নিদ্রাবিশ্বায় অক্ষিপুটদ্বয় সংযুক্ত হয় বলিয়াও অভিযোগ করে। পারীক্ষা করিয়া দেখিলে, কর্ণিয়ায় বা কর্ণিয়ার প্রান্ত সন্ধিকটে এক বা তদ্ধিক পাঃষ্টিউল দেখিতে পাওয়া যায়। চতুপ্পাশ্ব হ কন্জংটাইভায় রক্তসংঘাত হয়, এবং তদ্বাতীত চক্ষুর অপ্রাপর অংশ সম্পূর্ণ সুত্ত থাকে।

চিকিৎসা।—উক্ত ভেসিকল সকলে এবং রক্তপূর্ণ কন্জংটাইভার উপরিভাগে প্রতাহ একবার করিয়া, ক্যালমেল্ প্রদান করা ব্যতীত

<sup>\* &</sup>quot;Pathology of the Human Eye." Dalrymple Plate XIII. description.

ডাং ম্যাক্নামারা সাহের এই রোগের অন্য কোন বিশেষ উপকারক চিকিৎসা জ্ঞাত नहरून। এই ক্যালদেল চূর্ণ উফ্রালোম-তুলিকা দারা সুবি-পামত চক্ষুতে প্রদান করিতে পারা যায়; এবং তৎপরেই কিয়ংক্ষণের নিমিত্ত অক্ষিপুটদ্য়কে মুদিত করিয়া রাখিতে হয়। উহা নিকেপ করিলে, চক্ষুতে সামান্য যাতনা ও কণস্থায়ী উত্তেলনা বোধ হয় বটে, কিন্তু তদ্বারা এই কন্জংটিভাইটিসু রোগ নিশ্চয়ই অতি সত্তর আরোগ্য হয়। অপিচ এই ক্যালমেল ব্যবহারের সঙ্গে২ প্রত্যহ শয়ন সময়ে অক্সিপুটপ্রান্তে ডায়েলিউট অক্সাইড অব মার্করি অয়েন্ট্ মেন্ট (তিনভাগ ক্যাকাও বটারে ১ ভাগ) প্রলেপিত করা উচিত। কোন্থ চিকিংসক অনুগ্র য়াসিটেট অব লেড অথবা জ্বিংক সলিউশন প্রত্যহ তুইবার কিলা তিনবার চক্ষতে ফোটা২ প্রদান করিতে আদেশ করেন। কিন্তু রোগী ক্ষীণ ও চুর্বল না হইলে, কোন প্রকার ঔষধের সাহায্য ব্যতিরেকেও রোগ স্বয়ৎ উপশ্নিত হইতে পারে। ক্ষীণ ও চুর্ব্বল হইলে, পঃষ্টিউল সকল বারংবার প্রত্যাব্লত হইয়া রোগীকে যথেট অসুবিধা প্রদান করে, এবং উপযুক্ত ঔষধ বা উপায় দারা রোগীর শারীরিক অবস্থা স্বল ও সুস্থ না হইলে, এ সকল পঃষ্টিউল কোন মতেই অদুশ্য হয় না। \*

২। দ্বিতীয় প্রেণীস্থ পঃষ্টিউলার কন্জংটিভাইটিস্, অথবা বিশুদ্ধরূপে বলিতে গেলে, যাহাকে কন্জংটাইভার হার্পিজ্ রোগ হইতে
পৃথক্ বোধে, কনি য়ার হার্পিজ্ রোগ বলা যায়, সেই রোগে সচরাচর
উভয় চকুই পীড়িত হইয়া থাকে। অধিকন্ত সচরাচর ছয় বৎসর হইতে
দ্বাদশ বর্ষবয়ক্ষ বালকদিগেরই এই পীড়া হইয়া থাকে। কখন২ এই
পীড়া স্কৃফ্লস কেরাটাইটিস্ নামেও বর্ণিত হয়। †

কর্নিয়া পারীক্ষা করিলে, আনরা ততুপরি কতিপয় ক্ষুদ্রহ শ্বেতবর্ণ পঃষ্টিউল বা ভেনিকল্ম সমন্বিত চিহ্ন দেখিতে পাই। পূর্ব্ধে কন্জং-টাইভায় যদ্রপ পঃষ্টিউল বা ভেনিকল্ম উদিত হইবার কথা উল্লি-থিত হইয়াছে, এই সকল পঃষ্টিউলের আকার ঠিক তদ্রপ। কিন্তু, আক্মিপুটদ্বয়ের হঠাৎ মুদ্রণ এবং চক্ষুতে আলোকাভিশ্যা-বোধ এই রোগে আলুবিদ্দিক হইয়া, উক্ত কর্ণিয়া পরীক্ষা করিতে অত্যন্ত কন্ট

<sup>\*</sup> Lectures on Diseases of the Eye, by Mr. Critchett: Lancet, vol. i., 1854, p. 509.

<sup>†</sup> Dixon "On Diseases of the Eye," p. 95, 3rd edition.

প্রদান করিয়া থাকে। এই উভয় স্থানীয় পঃষ্টিউলের পরিণতিও তুলা-রূপ। উহাদের অন্তর্মন্তী পদার্থ হয় আশোষিত হইয়া যায়, নতুবা তদা-বরক ইপিথিলীয়ন ছিন্ন করতঃ তমধ্য দিয়া কিঞ্চিৎ রসবং পদার্থ নিঃসূত্র হয়। এই সকল পঃষ্টিউল্ কর্ণিয়ার বাহাস্তরেই অধিকাংশতঃ দেখিতে পাওয়া যায়। কিন্তু উপযুক্তি ছিন্ন বা উদ্ভিন্ন আরোগ্য হইতে কখন২ অনেক নময় লাগে; এবং উহা ক্রমশঃ অপকৃষ্ট হইতে পারে, এবং পরিশেষে অসুস্থ কতে পরিণত হইয়া গভীরতর স্তরসকলকেও পীড়িত করিতে পারে \*। এই সকল পঃষ্টিউল্ অনেক দিবস পর্যান্ত, এমত কি কতিপয় মাস পর্যান্তও পুনঃ পুনঃ উংপন্ন হইতে থাকে। ইহাতে রোগীকে রোগের যাতনা ভোগ, ও চিকিংসককে তর্পশান করিবার কন্ট বা অসুবিধা ভোগ করিতে হয়।

এই রোগের সুস্পান্ট হলদকলে কর্ণিয়। সতত আবিল হয়; উহার উপরিভাগে পংটিউল্ স্থানীয় অস্বচ্ছ চিত্র সকল ইতস্ততঃ দেখিতে পাওয়া যায়। রক্তবহা-নাড়ী সকল কন্জংটাইভার প্রান্তভাগ হইতে এই পংষ্টিউল্ অভিমুখে ভঙ্গীমান গতিতে আগমন করিতে থাকে। যাহা-হউক এই রোগে কর্ণিয়া সচরাচর রক্তবহা-নাড়ী দারা দীর্ঘকাল আছ্মন্থাকে, এমত নহে; সাধারণতঃ কন্জংটাইভাস্থ রক্তবহা-নাড়ীতেই বিরল ও সর্ব্বেসমান রক্তসংঘাত হইয়া থাকে। স্কারোটিকও ইহাতে পীড়িত হইয়া পড়ে; এবং কর্ণিয়ার পরিধিবেন্টিত স্ক্রারোটিকে স্ব্রুখ লোহিত্বর্ণ নাড়ীমণ্ডল সচরাচর রোগস্থাককরপে চ্নিগোচর হইয়া থাকে।

অনবরতঃ পতিত অঞ্চসংবরণ ও আলোকনিবারণ করিবার নিমিন্ত, রোগী অক্ষিপুটে সতত হস্তক্ষেপ করায়, চক্ষুর নাসাপান্দ সন্নিকটস্থ স্থানে অপ্তক্ষোচিত হইয়া যায়। নিমাক্ষিপুট ও এই স্থানের অপ্তন্মোচন প্রযুক্ত রোগী বিলক্ষণ কট ভোগ করিয়া থাকে। অপিকন্ত এই রোগের অনেকানেক স্থলে, নাসারক্ষ্য, ওপ্তাধর এবং গওস্থলের চতুস্পাধ্যে এক্জিমা (Eczema) অথবা হার্পিজ্ সম্বন্ধীয় অনেক ক্ষত এবং তৎসন্থে গ্রীবাগ্রন্থির ব্লহত্তাও আবিভ্ ত হইয়া থাকে।

এই রোগের বিশেষ পরিচায়ক অথবা মুখ্যলক্ষণ এই যে, ইহাতে স্বায়বীয় ঘটনা-পরম্পর। অর্থাৎ অপরিমিত আলোকাসহিষ্ণৃতা এবং অকিপুটদ্বয়ের সহসামুদ্রণ ঘটিয়া থাকে। অধিক পরিমাণে সিলিয়া

<sup>\* &</sup>quot;Maladies des par Youx," par M. Weeker, vol. i. p. 141.

সমন্ধীয় যাতনা ভোগ করিতে হয়; কিন্তু তাহা সর্বদ। বিদ্যান থাকে না। ফটোফোবিয়া (Photophobia) অর্থাৎ আলোকভীতি এবং বুফার পাজ্য (Blepharospasm) অর্থাৎ সহসা পুনঃ পুটমুদ্রণ এই ছুই লক্ষণ পরস্পার সাপেকভাবে অভ্যাদিত থাকে। তন্মধ্যে পূর্কোক্রটী রেটিনা বা দর্শনস্বায়ুর রূদ্ধিপ্রাপ্ত চেতনাশক্তি (Hyperæsthesia) সম্ভ। এই চেতনাশক্তি দারা মৃত্ আলোকপ্রভাও চকুতে কটা মুভব করিয়া দেয়। শেষোক্ত অবস্থা, কগ্ন দর্শনস্নায়ুর, কিয়া কর্ণিয়া ব্যাপ্ত সিলিয়ারী স্নায়ুগণের উত্তেজনা দার। উদ্ভূত হইয়া, পটিও ডিউরা (Portio dura) নানক অবি কিউলারিজের গতিদ স্নায়ুর মধ্যদিয়া প্রতি-ফলিত হইয়া থাকে। রেটিনায় আলোক স্পর্শ হওয়াই অক্ষিপুটের এই সহসা মুদ্রণ ঘটাইবার এক প্রধান উত্তেজক কারণ। যেহেতু রোগী অন্ধকার গৃহে স্থানান্তরিত হইলে, এই স্পাজনোটিক মুদ্রণের অনেক লাগব হয়; এমন কি, সে চক্ষুরুন্মীলিত করিতেও সমর্থ হয়; এবং ভথায় অকিপুটন্বয় সম্পূর্ণরূপে শিথিল না হওয়াতে, দর্শন ও পঞ্ম-স্নায়ুর পরস্পর সন্মিলিত কার্য্যাবলী দ্বারাই এই পুটমুদ্রণ ও বিকাশন-ক্রিয়া সম্পন্ন হয়, ইহা স্থির করাই যুক্তিসত্বত বোধ হইতেছে। ক্ষুৎ-ক্রিয়ার বিষয় অবগত হইলেও ইহার এক দৃষ্টান্ত পাওয়া যায়। সাধারণতঃ এই ক্ষুৎ-ক্রিয়া যেমন পঞ্চমস্নায়ূর উত্তেজন দারা ঘটিয়া থাকে, তদ্রপ কখন২ উহা প্রভূত আলোকমণ্ডলের সম্পর্ক দারাও উৎ-পাদিত হইতে পারে।

সচরাচর চক্ষু পরীক্ষা না করিয়াও, রোগীর আকৃতি ও অঙ্গভঙ্গী দর্শন করিয়া এই প্রকার কন্জংটিভাইটিস্ রোগ নির্ণয় করা
যাইতে পারে। রোগীর অক্ষিপুট্রয় দৃঢ়রূপে মুদিত; মস্তক অবনত;
এবং রেটিনায় আলোকাণু পর্যান্তও উপনীত হইবে না বলিয়া, রুমাল
অথবা হস্তব্য দারা চক্ষুরাবৃত। বলপূর্বক অক্ষিপুট উন্মীলিভ
করিতে গেলে, চক্ষু হইতে অঞ্চধারা নিপতিত হয়। অক্ষিণোলক
স্বেচ্ছাপ্রতিকূলে স্বয়ং উদ্ধাদিকে উথিত হইয়া পড়ে। রোগী চক্ষ্
মুদিত করিতে চেন্টা করে এবং কখন২ উচ্চ ক্ষুৎশক্ষও করিয়া থাকে।

অতএব কর্ণিয়ার অস্বচ্ছতা এবং চক্ষুতে আলোকাতিশয্য এই রোগের মুখ্য লক্ষণ। চক্ষুতে স্বস্প যাতনা বোধ হইতে পারে, কিন্তু তাহা সতত অনুভূত হয় না।

ममागिनारत महत्ताहत এই लक्ष्म मकरलत वित्रीम इहेट थारक।

বে রোগী দিবাভাগে নিবিড় অন্ধকার গৃহের এক পাশ্বে বাস করতঃ
সামান্য আলোকাণুও চকুর মধ্যে প্রবিষ্ট হইবে না বলিয়া, কোমল
উপাধান মধ্যে চকু লুক্কায়িত রাখে, সে এক্ষণে সন্ধ্যাকালে প্রফুল্লচিত্তে
গাক্রোখান করত, বন্ধুবর্ণের সহিত সম্মুখ-কথোপকথনে প্রবৃত্ত হয়।
চিকিৎসা।—কর্ণিয়ার হার্পিজ্ রোগ সচরাচর অতি কটে উপ-

শমিত হইয়া থাকে। ইহা একবিধ দৃতৃস্থায়ী রোগ। এই রোগের চিকিৎসা করিতে হইলে অত্যে যাহাতে শারীরিক স্বাস্থ্যের রদ্ধি হয়, ভিদ্বিধান করা বিধেয়। কড় লিভার অইল এবং আইওডাইড অব্ আইরণ, ও তৎনত্ত্ব২ পুষ্টিকর খাদ্য, পরিষ্কারপরিচ্ছন্নভাবে অবস্থান, এবং সতত বিমল বায়ুদেবন ইত্যাদি উপায়ের উপর সম্পূর্ণ নির্ভর कता याहेट भारत। आहेत्राभित भितियार्छ, आधा कार्यनिष् अव् সোডার সহিত ছই এক গ্রেণ কুইনাইন প্রত্যহ ছই বার করিয়। সেবন করিতে ব্যবস্থা দিয়া, চিকিৎসা আরম্ভ করা উচিত। আইও-ডাইড অব্ আইরণের সহিত এই ঔষধদ্বয় ব্যবহার করিলেও বিলক্ষণ উপকার मर्ल। এই রোগে, একজিনা অর্থাৎ ত্বক্স্ফোটক অথবা অন্য कानथकात हम्मदांश उलमलीं छुड इहेग्रा, दाशीत मूथमध्य वावि छूंड थोकित्ल, आरमीनक वित्भिष कार्याकातक इया। এই क्रश दल मकत्ल कर्या-রোগ আরোগ্য করিলেই চকুর রোগও আরোগ্য হয়। আর্ফেনিক সেবন করিতে হইলে, ভোজনের পর লাইকর আর্ফেনিকেলিম, অধিক स्रात्व गिर्धिं कतिय। সেবন করিলে অনেক উপকার দর্শে। রোগীর বয়স অনুসারে ঔষধের নাতারও প্রতেদ হইয়া থাকে। যুবা ব্যক্তি-দিগকে ডাক্তার ম্যাকনামারা সাহেব সচরাচর ৬ মিনিম ও পরে ক্রমশঃ ১০ মিনিন পর্য্যন্ত ব্যবহার করিতে দিয়া থাকেন। এইরূপে रम शर्यान हम्म ଓ हक्तांश विनक्षा आंदांशा हहेट आंतन ना इय, অথবা উক্ত ঔষধের বিশেষ২ গুণ রোগীর পক্ষে উপকারক বলিয়া প্রতীয়দান না হয়, ততদিন পর্যান্ত এই ঔষধ প্রতাহ তিনবার করিয়া সেরন করা সর্বতে।ভাবে উচিত।

এই চিকিৎসা প্রণালীর সঙ্গেহ প্রত্যাহ সন্ধ্যাসময়ে অক্ষিপুট চর্দ্মো-পরি, টিংচার আইওডাইন্ প্রলেপন, অথবা কপোলদেশে পর্যায়ক্রমে বিষ্টার সংযোজন বা বেধনকরণ দারা উক্ত অংশ প্রত্যুত্তিজিত করা সমধিক প্রয়োজনীয়। ভাক্তার ম্যাক্নামারা সাহেব ম্যাট্রোপীনের উগ্র সলিউপন্ প্রভাষ্থ্র হইবার করিয়া চক্ষুতে ব্যবহার করিতে আদেশ দিয়া থাকেন। ইহাতে চক্ষুর আলোকভীতি দুরীভূত হয়; এবং সচরাচর রোগের অনেক উপকার করিয়া থাকে।

কোন্থ স্থলে য়্যাট্যোপীন চক্ষুকে উত্তেজিত করে, এজন্য তত্তৎ স্থলে অদ্ধি ঔন্স একুট্যাক্ট অব্ বেলাডোনা এক গ্রেণ য়াণট্পেনির সহিত নিশ্রেত করিয়া, প্রতাহ চুইবার জ্রদেশে ঘর্ষিত করা বিধেয়। যতদিন পর্যান্ত কনীনিকা বিস্তৃত ভাবে পরিপ্রসারিত না হয়, ততদিন পর্যান্ত চফুর অভান্তরেই হউক আর বাহিরেই হউক, এইরূপ য়াাটোপীন ব্যবহার স্থগিত রাখা কোনমভেই বৈধ হয় না; সুতরাং অতন্তঃ দশ বা পানর দিবস পর্যান্ত উক্ত ঔষধ ব্যবহার করা সচরাচর অত্যন্ত প্রয়োজ-নীয় হইয়া উঠে। অপিচ পূর্ব্বোক্ত প্রকারে য়্যাট্রোপীন বা বেলা-ডোনা ব্যবহারে, কনীনিকা সম্পূর্ণ প্রসারিত হইয়া, সচরাচর রোগীকে অনেক শান্তি প্রদান করিয়া থাকে। উত্তেজনা স্থগিত হইবার অব্যব-হিত পরেই যত দিন পর্যান্ত কর্ণিয়ার আবিলতা ও উহাতে রক্তবহা-নাড়ী-সমাবেশন বিনাশিত না হয়, ততদিন প্র্যান্ত প্রত্যহ একবার করিয়া ক্যালমেল্ তহুপরি চূর্ণবং বিলক্ষণ প্রদান করিতে হয়। রেড্ প্রিসিপিটেট অয়েন্ট্যেন্ট্ অপেক্ষা ক্যালনেল্ ব্যবহার করা আমার মতে উত্তম বলিয়া বোধ হয়; কিন্তু অত্যন্ত স্নায়ুপ্রধান বালকদিগের পক্ষে তদ্বাবহার অপেক্ষা উক্ত ক্যালমেল ব্যবহার অত্যন্ত সহজ। এই অয়েন্ট-মেন্ট প্রত্যাহ একবার করিয়া ব্যবহার করিতে হয়। প্রথমতঃ নিম্নাকিপুট উল্টাইয়া, তহুপরি একবিন্দু অয়েন্ট্ মেন্ট্ প্রদান করতঃ, কিয়ৎক্ষণের নিমিত্ত চক্ষু মুদিত করিয়া রাখিতে হয়; তৎপরে উহা পুনর্মার উল্টা-ইয়া প্রলেপাবশিষ্ট অয়েন্ট্ যেন্ট্ একখণ্ড কোমল চীরবাস দারা তহুপর इहेट मूहिय़। लहेट इय ।

দিবাভাগে অন্ধকার গৃহে আবদ্ধ থাকা, প্রাতঃসন্ধ্যা ব্যায়াম করা, ও যে২ কার্য্য ও উপায় দ্বারা শারীরিক স্বাস্থ্যের উন্নতি হয়, তত্তৎ বিধান করা সর্বতোভাবে উচিত। চক্লুতে কম্প্রেস্ ও ব্যাণ্ডেজ বন্ধন করিলে, যদি ক্লেশ বোধ না হয়, তবে তাহা করা বিধেয়। কারণ ইহাতে রোটনায় আলোক স্পর্শ করিতে পারে না; এবং কেবল অন্ধকার গৃহে আবদ্ধ না থাকিয়া, মধ্যে২ বিশুদ্ধ বাহ্যায়ু সেবন ও বন্ধুবর্ণের সহিত কথোপকথনজনিত সুখভোগ্যও করিতে পারা যায়। বালকেরা এই কম্প্রেস্ ও ব্যাত্তেক্ষ সর্মদা ধারণ করিতে সমর্থ নহে; এবং তাহারা স্বাভাবিক বাল্যস্বভাব প্রযুক্ত অন্ধকার গৃহে আবদ্ধ থাকিতে কোন কষ্ট বোধ করে না। তাহারা এই কন্ট যুবা ব্যক্তি অপেক্ষা অধিকতর সহা করিতে পারে।

যখন চক্ষুর অপাক্ষচর্ম উন্মোচিত বা ক্ষত সমবেত হয়, তখন তথায় ট্যানেট্ অব্ গ্লিসিরীণ অথবা চল্লিশ ভাগ কছ লিভার অইলে এক ভাগ কার্বলিক্ য়্যাসিছ্ মিশ্রিত করিয়া প্রদান করিতে হয়; তদ্যতীত উক্ত অংশ জলদ্বারা ধৌত করা, কদাচ বৈধ হয় না। উহা বাহ্যবায়ু বা ধূলি হইতে সতত রক্ষিত করা, এবং তরুপরি উপযুক্ত একতর ঔষধ প্রলেপিত কর। সর্মতোভাবে বিধেয়; অথবা উপযুক্ত ঔষধদ্বয়ের পরিবর্তে, বেন্দ্বোয়েটেছ অক্লাইছ অব্ জ্বিংক্ অয়েন্ট্ মেন্ট্ ব্যবহার করিয়া, পরিশেষে শিথিল ব্যাণ্ডেজ দ্বারা আর্ভ করিয়া রাখা উচিত।

क्ति। - य शः छिडेनात कन् अर् छिंडा हे छिम् दो श क्वन आकिक কনজংটাইভাকে পীড়িত করিয়া থাকে, তাহা কখন২ বাহ্য কোন পরিদুশ্যমান কারণ ব্যতীত্ত আবিভূত হইতে পারে। কিন্তু অধি-কাংশ স্থলেই, রোগীর শারীরিক স্বাস্থ্যের কিঞ্চিং ব্যাঘাত জন্মিয়া थाকে। আর যথন কর্ণিয়ায় এই পীড়া জন্মে, তথন উহা স্কৃত্লস ভায়েথেসিস রোগের সহিত এত সম্বদ্ধ থাকে যে, এই প্রকার পঃটি-উनात कनक १ कि । हिम द्वां भ कु कु नम् कि ता विद्या वर्षि इहेट शादत \*। म याहाइडेक अदनकाटनक ऋत्न, ऋत्ना রোগের কোন চিহুই দেখিতে পাওয়া যায় না; কিন্তু তত্রাচ এই রোগ त्य सूद वाक्तित्क आक्रमन करत मां, हेह। आमामिनरक अवभाहे स्रीकांत করিতে হইবেক। আর ইহাও নিঃসন্দেহ বোধ হয় যে, দরিদ্র সন্তান-দিগের পক্ষে, স্বত্প ও অস্বাস্থাকর আহার, এবং উপযুক্ত আলোক, বায়ু ও শারীরিক স্বাস্থাবদ্ধিক সাধারণ বস্তুর অভাব, এই সকলই রোগের উৎमायक रहेगा थाटक। किन्छ आमाटनत हेहा स्मृतन ताथा উচিত या, সিলিয়ারি স্নায়ু নানা কারণে অর্থাৎ নিরপেক্ষভাবেই হউক, অথবা সাপেকিত হইয়া পঞ্চন স্নায়ুর অন্য কোন শাখা দ্বারা উত্তেজিত হইলে, কর্ণিয়ায় হার্পিজ রোগ উৎপন্ন হইতে পারে। এক্জিমা, অথবা গণ্ডস্থল

<sup>\*</sup> ইহানিশ্চর বোধ হইতেছে যে, এই রোদের আত্মান্সক মুগ ও কর্ণের সমীপস্থ অসুস্থ ক্ষত ও ভজ্জনিত গ্রীবা গ্রন্থির হততা দেখিরাই এই নামের কম্পনা স্থাতে।

বা নাসা-দ্রৈত্মিক বিল্লীর অপরাপর চর্ম্মরোগও এই কারণে উৎপন্ন হইতে পারে।

এক্জ্যান্থিমেটস্ কন্জংটিভাইটিস্ (Exanthematous conjunctivitis)।—কন্জংটিভাইটিন রোগ প্রকরণ শেষ করিবার পূর্বের আমি এক্জ্যান্তিমেটস্ কনজংটিভাইটিস রোগ বর্ণনায় কিঞ্চিৎ প্রব্তুত হইতেছি। অনেক স্থলে মিদল্স অর্থাৎ হাম এবং স্কার্লেট্ অর্থাৎ লোহিত জ্বাক্রাস্ত ব্যক্তির কন্জংটিভাইটিস রোগ ঐ সকল রোগের সঙ্গে সঙ্গেই উপশ্যিত হইয়া থাকে; উহাতে কোন বিশেষ ঔষধ ব্যবস্থার প্রয়োজন হয় না। যদি এই কন্জংটিভাইটিস্ রোগে কর্ণিয়ায় কত ইত্যাদি অন্য কোন উপদর্গ আবিভূত হয়, তবে পরবর্তী অধ্যায়ে 'কর্ণি-য়ার ক্ষত" নামকরোগবর্ণনায় তদ্বিয় বিশেষরূপ বর্ণিত হইয়াছে বলিয়া, এস্থলে উল্লিখিত হইল না। সাধারণতঃ পোস্ত টেড্রির সেক দিলে উত্তে-জনা ও ক্ষণস্থায়ী অকিঞ্চিৎকর আলোকাসহিষ্ঠা সহজেই দুরীভূত ইইয়া যায়; কেবল রোগীকে কতিপয় দিবদের নিমিত্ত অন্ধকার গুহে আবদ্ধ থাকিতে হয়। সাধারণতঃ য়্যালম্ এবং সল্ফেট অব্ জ্বিংক্ প্রভৃতি য়্যাষ্ট্রিন্জেন্ট্ লোশন কন্জংটাইভায় ব্যবহার করিলে, উপ-কার না দর্শিয়া বরৎ সম্প্রিক অপকারই হইয়া থাকে। বাস্তবিক শান্তিকর চিকিৎনা প্রণালী অবলম্বন করাই প্রেমঃ; এবং ইহাতে আদিন রোগাপনয়ন হইলেই কন্জংটাইভার রোগও সত্র উপশামিত হইয়া যায়।

পৃথিবীর যে দেশে বসন্ত রোগের (Variola) প্রাত্তাব, এবং যেখানে গোবীজ দ্বারা টিকা দিবার প্রথা অদ্যাপিও প্রচলিত হয় নাই, তথায় এই রোগ দ্বারা চক্ষুর ভয়ানক বিনাশ হইয়া থাকে। অন্যান্য কারণ অপেক্ষা ভারতবর্ষবাসী অনেকে এভদ্বারা অন্ধ হইয়া থাকেন।

বসন্তের উদ্ভেদাবস্থায় কর্ণিয়ায় কোন প্রকার পাঃষ্টিউল্ উৎপন্ন হয় না\* । কিন্তু গৌণজ্বরাবস্থায় (Secondary fever) উহাতে সত্ত্বর ক্ষত এবং টিসুবিনাশ আবিভূতি হইয়া থাকে । চিকিৎসা কার্য্যসময়ে এই বিষয় অত্যন্ত প্রয়োজনীয় ; কারণ অন্যান্য অবস্থাপেকা রোগের প্রথমাবস্থায় অক্সিপুট যে অত্যন্ত ক্ষীত হয়, সেই ক্ষীতিপ্রযুক্ত তৎসময়ে

<sup>\*</sup> Article by Mr. Marson, Reynolds, "System of Medicine." vol. i. p. 444,

চক্ষুর অবস্থা পরীক্ষা করা তত প্রয়োজনীয় বলিয়া বোধ হয় না।
কিন্তু এই ক্ষীতি অপনীত হইলে রোগী ক্ষীণ ও ক্লান্ত হইয়া পড়ে,
এবং তৎসময়েই চক্ষুর অবস্থা পরিজ্ঞাত হওয়া বিধেয়। এই পরীক্ষায়
কর্নিয়া সামান্য আবিল বা অস্বচ্ছ দৃষ্ট হইলে, চিকিংসক অত্যন্ত চিন্তিত
হইয়া থাকেন। কারণ এই অবস্থা প্রযুক্তই কর্নিয়ায় বিনাশক পরিবর্ত্তন সকল সত্ত্বর ব্লি প্রাপ্ত হইতে থাকে। অত্যন্প দিন মধ্যেই কর্নিয়া
সম্বন্ধীয় টিমু সকল চূর্ণ বিচূর্ণিত হইয়া বিনাশিত হয়। তদনন্তরে আইরিস বহিঃসূত হইয়া আইদে এবং সচরাচর চক্ষুর সম্পূর্ণ বিনাশ উপস্থিত
হইয়া পড়ে।

চিকিৎসা।—সাধারণতঃ স্থানীয় কোন প্রকার ঔবধ অপেকা টিনিক্ বা বলকারক চিকিৎসা প্রণালী অবলম্বন করা বিধেয়। যে উপায়ে হউক না ফেন, রোগীর বলয়্দ্ধি করা আবশ্যক। চক্লুকে বিশেষরূপ পরিস্কৃত রাখিতে হয় এবং শয়ন লনয়ে অক্ষিপুটপ্রান্তে বিশুদ্ধ শ্লিসরীণ বা সুইট্ অইল্ প্রলেপিত করিলে, উহারা নিজাবস্থায় পরস্পার সংযুক্ত হইতে পারে না। কনীনিকা প্রসারিত রাখিবার নিনিত্ত, বিশেষতঃ কর্ণিয়ায় ক্ষত হইলে, প্রতাহ প্রাতঃকালে চক্লুতে উগ্র য়্যাট্রোপীন্ সলিউশন্ ফোটাই করিয়া প্রদান করা বিধেয়। যদি এই সকল চিকিৎসা সত্ত্বে বিনাশক-ক্রিয়া রদ্ধি পাইতে থাকে, তবে অক্ষিগোলকের বিভান ক্রাস করিবার নিগিত্ত, কর্ণিয়াকে বিদ্ধা করতঃ তদভান্তরম্থ য়্যাকিউয়্ল হিউনার নিঃসৃত হইতে দেওয়া অত্যন্ত আবশ্যক। কোনই স্থলে লেন্স্ সমবেত বা অসমবেত আইরিস নিকাশন করা বিধেয় হইয়া থাকে। এই বিষয় পরবর্তী অধ্যায়ে 'ক্রিয়ার ক্ষত'' বর্ণনায় বিশেষ বর্ণিত হইয়াছে।

জারক্থ্যাল্মিয়া (Xerophthalmia)।—এই রোগ সচরাচর দেখিতে পাওয়। যায় না। ইহাতে কন্জংটাইভার প্রস্থিত সকলের যাক্তিক ক্রিয়াদি বিন্ট হয়; এবং তাহারা উপযুক্ত রস নিঃসৃত করিয়া ধ্রৈত্মিক ঝিল্লীর উপরিভাগ মসৃণ রাখিতে পারে না।

কন্জংটাইভা বলিত চর্দ্যের আকার ধারণ করে। কর্ণিয়ার স্বাহতা হ্রাস হইয়া সচরাচর চুফিশক্তির সম্পূর্ণ ব্যাঘাত জন্মে। দীর্ঘ-ভায়ী উত্তেজনা প্রযুক্তই এই জ্বারক্থ্যাল্মিয়া রোগের উৎপত্তি হইয়া শাকে। গ্লিসিরীণ বা ক্যান্টর অইল্চকুতে প্রদান করিলে, এই রোগ উপশ্মিত হইতে পারে; কিন্তু এই রোগ নিরাময়ের কোন ঔষদ আমরা পরিজ্ঞাত নহি।\*

## কন্জংটাইভার অপায় ৷

কনজংটাইভার উপরিভাগে বাহ্য পদার্থের স্থিতি।—
কন্জংটাইভার উপরিভাগে কোন পদার্থ পতিত হইয়া যে প্রকার অপায়
আনয়ন করে, তাহা সচরাচর বাহ্যিক মাত্র। সাধারণতঃ ধূলিকণা বা
তদ্রপ অন্যান্য পদার্থ সহসা চক্ষুতে পতিত হইয়া, পঞ্চম স্নায়ুর পেরিফির্যাল্ শাখা সমূহকে অপরিমিত উত্তেজিত করে; এবং প্রতিফলিত
কার্য্য দ্বারা ল্যাক্রিয়াল প্লাণ্ড বা অপ্রত্তান্তি হইতে অপরিমিত অশ্রু
নিঃসূত হইয়া, আঘাতক উক্ত স্থার বাহ্য পদার্থকে ধৌত করিয়া, হয়
চক্ষুর বহির্দেশে আনয়ন করে, নতুবা ক্যারংকলের অভিমুখে আনিয়া,
তৎস্থানে স্থায়ী রাখে।

কিন্তু সচরাচর রোগী এই প্রাকৃতিক কার্য্যের বাাঘাত প্রদান করিয়া থাকে; কারণ চক্ষতে কোন বাহ্য পদার্থ পাতিত হইলে, তৎক্ষণাৎ তৎপদার্থের সম্মুখবর্তী অক্ষিপুটের পক্ষা ধৃত করিয়া, অক্ষিপুটকে অক্ষিণোলক হইতে আন্তে আন্তে সম্মুখদিকে আকর্ষণ করা উচিত। তাহা হইলে উক্ত বাহ্য পদার্থ অনায়াসেই অশ্রু দারা ধৌত হইয়া বাহির হইতে পারে। কিন্তু এইরূপ না করিয়া, অধিকাংশ ব্যক্তিই উন্মত্ত প্রায় হইয়া, অক্ষিপুটদ্বয়ে ঘর্ষণ করিতে আরম্ভ করেন; এবং এইরূপ ব্যবহারে উক্ত কন্টপ্রদ বাহ্য পদার্থ বহিঃসৃত না হইয়া, বরং কন্জংটাইভায় সমধিক দৃত্বদ্ধ হইয়া পড়ে।

কর্নিয়ার সন্মুখন্থ অক্ষিপুটীয় শ্লৈষ্মিক ঝিল্লীর কোন অংশে যদি উক্ত বাছ পদার্থ সন্নিবিউ হয়, তবে অক্ষিপুট নিমীলনোমীলন সময়ে, তদ্বারা, কর্নিয়া ঘর্ষিত হওতঃ সমধিক যাতনা ও উত্তেজনা প্রদান করিয়া থাকে। ইহাতে দেখা যাইতেছে যে, কর্নিয়ার সহিত সংস্পর্শ হওয়াই এই কন্টের কারণ, সূতরাং কর্নিয়ার সন্মুখন্থ পুটীয় কন্জংটাইভা ব্যতীত অকিউলো-প্রাল্পিব্রাল ফোল্ড অর্থাৎ অক্ষিও অক্ষিপুট মধ্যন্থ ভাঁজ প্রভৃতি অন্য কোন স্থানে আবদ্ধ হইলে, উক্ত পদার্থ তত যাতনা বা

<sup>\* &</sup>quot;Handy-Book of Ophthalmic Surgery," by J. Z. Laurence and R C. Moon, p. 58.

উত্তেজনার করিণ হয় না; এমত কি, আমরা মধ্যে মধ্যে এরপ স্থল দেখিতে পাই যে, কোন প্রকার বাহ্য পদার্থ চক্ষুতে স্থিত হইয়া অনেক দিবস পর্যান্ত কন্জংটিভাইটিস্ রোগ আনয়ন করিয়াছে, এবং তাবৎ কাল পর্যান্ত রোগী উক্ত পদার্থের বিদ্যমান্তা বিষয়ে কিঞ্চিন্মাত্রও সন্দিহান হয় নাই \*।

পতদ্ব সকলও সচরাচর চক্ষুতে পতিত ও আবদ্ধ ইইয়া, তাহাদের উপ্র গলপ্রাব (Acrid secretions) দ্বারা ভয়ানক প্রদাহ উপস্থিত করিয়া থাকে। ভারতবর্ষের উড্ডীয়মান মশা এই বিষয়ের এক উত্তম দুটাত্ত স্থল। উহারা শরীর হইতে উত্তেদ্ধক গুণ বিশিষ্ট কোন এক পদার্থ নির্গত করিয়া সচরাচর ভয়ানক কন্দ্রংটিভাইটিস রোগ উৎপাদন করে। এই রূপ স্থল ব্যতীত, সাধারণতঃ অন্য কোন বাহ্য পদার্থ কন্দ্রংটাইভায় আবদ্ধ হইলে, যদ্রপ উত্তেদ্ধনা প্রদান করিয়া থাকে, এই পত্ত দ্বারাও উহাতে ভদ্ধপ উত্তেদ্ধনা উত্তেদ্ধিত হয়।

চূর্ণ এবং অপরাপর কপ্তিক্ পদার্থ।—এই দকল পদার্থ টিমু
সকলের সহিত সমবেত হইয়া, রাসায়নিক কার্য্য দারা শ্লৈপিক ঝিলী
বিনাশিত করে; স্কুতরাং তাহা বিগলিত হইয়া, কেবল শুক্ত কত চিহ্ন
দারাই পরিপূরিত হইয়া আইনে। এই শুক্ত কলম্ব সম্মু চিত হইবার
সময় এন্ট্রোপিয়ম রোগের উৎপত্তি করিতে, অথব। সিদ্ধিফেরণ
(Symblepharon)) অর্থাৎ শ্লৈপিক ঝিলীর আক্ষিক ও পুরীয় উপরি
ভাগদ্বয়ের সংযোজন ঘটাইতেও পারে। †

চক্ষুতে দ্রবীভূত দিসা নিক্ষিপ্ত হইয়াছে, এরপ স্থলও আনরা সময়ে সময়ে দেখিতে পাই; এবং কখন কখন নেই সকল স্থলে কিরপে চক্ষুর উপরিভাগে যথার্থতঃ বাষ্পপ্তর সংঘটিত হইয়া চক্ষুকে উক্ত উত্তপ্ত পদার্থপ্রদ অপায় হইতে রক্ষা করিয়া থাকে, তাহা অভ্যন্ত আশ্চর্যোর বিষয়। কিন্তু এই দ্রবীভূত দিসা-জনিত বিনাশক কার্য্যাদি কন্জংটাইভার সংযোজক ঝিল্লী পর্যান্ত বিস্তৃত হইলে, উহা বিগলিত হইয়া থাকে; এবং সেই বিগলনজাত ক্ষত আরোগ্য হইয়া তথায় ক্ষত-কলঙ্ক উৎপন্ন, অথবা সিম্মি ফেরণ অর্থাৎ অক্ষিগোলকের সহিত অক্ষিপুটের সংযোগ হয়।

<sup>\* &</sup>quot;Injuries of the Eye, Orbit, and Eyelids," by Mr. G. Lawson, p. 3. † See case reported by Mr. Hutchinson, Ophth. Hospital Reports, vol, i. p. 217.

চূর্ণ দারা কনজংটাইভার কেবল বাহ্য স্তরেই অপকার ঘটিভে পারে। কিন্তু সচরাচর তাহা না হইয়া, উহা যদংশো সংস্পাদিত হয়, তদংশোর যান্ত্রিক বিকার উৎপন্ন করে। চূর্ণ পতিত চক্ষু পারীক্ষা করিলে, কর্নিয়ার যে যে অংশো চূর্ণ সংস্পাদিত হয়, কেবল সেই সেই অংশা বিলক্ষণ অস্বচ্ছ বলিয়া বোধ হয়। এই আবিলতা যদিও সত্তর অপনীত হয় বটে, কিন্তু তদ্বারা যে অপকার আনীত হয়, তাহাতে কর্ণিয়ায় নিক্রোণস্থিতি) এবং চক্ষুর বিনাশ ঘটনা সচরাচর ঘটিয়া থাকে।

বিদারিতাঘাত (Lacerated wounds)।—কন্জংটাইভার এই অবস্থা সচরাচর দেখিতে পাওয়া যায়; ইহাতে কোন তীক্ষাগ্র বস্তদারা শ্লৈত্মিক ঝিল্লী অপ্প বা অধিক পরিমাণে ছিন্নবিচ্ছিন্ন হয়। এইরপ স্থলে সচরাচর অধিক পরিমাণে ইকিমোসিস উৎপন্ন হইয়া, রোগীকে ভয়ানক চিস্তিত করে; কিন্তু তদ্যতীত সচরাচর এইরপ স্থলে ভয়ের কোন কারণ নাই। বিদারিত স্থান সত্ত্বই আরোগ্য হইয়া উঠে।

কনজং টাইভার অপায় চিকিৎসা।—পতত্ত্ব, চূর্ণ অথবা অন্য কোন বাহ পদার্থ পতিত হইয়া অপায় আনয়ন করিলে, তৎক্ষণাৎ ভাহাদিগকে বহিষ্কৃত করা বিধেয়, ইহা আমার বলা বাহুল্য মাত্র।

উদ্ধাক্ষিপুট কিরূপে উন্টাইন্ডে হয়, তাহা ইতিপূর্ব্বে ২৮ পৃষ্ঠায় (২য় অধ্যায়ে) বর্ণিত হইয়াছে। অনুসন্ধেয় পদার্থ আবিষ্কার করিবার পূর্বের্ব টার্দো-অবিট্যাল্ ফোল্ড এবং দেনিলুনার ফোল্ড বা অদ্ধিচন্দ্রাকৃতি ভাঁজ সমবেত সমুদায় শ্লৈত্মিক ঝিল্লী বিশেষ করিয়া অনুসন্ধান করা আব-শ্যক। অপরস্ত ইহাও অধিক কন্টের বিষয় যে, বাহু পদার্থের চতুপ্পা-শ্ব কনজংটাইভা সচরাচর ক্ষণিত ও কিমসিস্ সম্বলিত হয় বলিয়া, তদন্তর্ব্বর্তী আঘাতক বাহু পদার্থ সম্পূর্ণ অদৃশ্য হইয়া পড়ে; সূত্রাং বিশেষ মনোযোগসহকারে অনুসন্ধান না করিলে উহা কথনই দৃষ্টি-গোচর হয় না। দৃষ্টিগোচর হইলে, নিড্ল বা স্পড় নামক অস্ত্রেদারা উহাকে অনায়ামেই কন্জংটাইভা ইইতে উত্তোলিত করিয়া লওয়া যাইতে পারে। উহা দৃঢ়রূপে আবদ্ধ হইলে, এক খানি কাঁচি দ্বারা কন্জংটাইভার কিঞ্জিৎ হুর পর্যান্ত ও কর্তুন করিয়া, উক্ত বাহু পদার্থকে বহির্গত করা আবশ্যক। ভৎপরে এক বা ছই দিন পর্যান্ত চক্লুকে প্যাড্ ও ব্যাণ্ডেজ দ্বারা শিথিল ভাবে বন্ধন করিয়া রাখা উচিত।

চক্ষুতে চূর্ণ পতিত হইলে, এত বাতনা উপস্থিত যে, রোগীকে

কোরোফর্মের অধীনে না আনিলে চক্ষু উত্তমরূপ পরীকা করা যায়

শা। অভ্যন্ত সাবধান হইয়া একখানি ক্ষুদ্র স্প্যাচুলা বা নিড্ল দারা

ফন্জংটাইভা হইতে চূর্ণরেণু সকল উত্তোলিত করিয়া লইতে, ও তৎপরে

চক্ষুতে বিলক্ষণ করিয়া উত্তপ্ত জলের পিচকারী দিতে হয়। এই পিচ্কারী উদ্ধাক্ষিপুটের নিম্নে বিশেষ করিয়া প্রদান করিলে, প্রত্যেক

চূর্ণরেণু ধৌত হইয়া বহির্গত হইয়া থাকে। স্পূলি বা তদ্রপ অন্য কোন
পদার্থ চক্ষুতে পতিত হইলে, এরূপ পিচকারী দেওয়া অত্যন্ত আবশ্যক;
ভদ্যতিরেকে উহা বহিক্ষৃত করা অত্যন্ত কউকর হইয়া উঠে।

এইরপ ঘটনার পর কন্জংটাইভা এবং চক্ষুর গভীর নির্দাণ ভয়ানক প্রদাহিত হইতে পারে; স্তরাং তাহা হইলে, পূর্বে তাহার চিকিৎসাপ্রণালী বিষয়ে যেরপে বর্ণিত হইয়াছে, তদমুরপ চিকিৎসাকরিতে হয়। উত্তপ্ত টেড়িজলে সেক, কতিপয় জলৌকা সংলয় এবং আফিল্প সেবন ইত্যাদিই উহার প্রধান ব্যবস্থা। আইরিস্ পীড়িত হইতে পারিবে না বলিয়া, কনীনিকা প্রদারিত করিবার নিমিত, চক্ষুতে উগ্র য়্যাট্রোপীন সলিউশন ফোটাহ করিয়া প্রদান করা উচিত। চক্ষুতে অতিরিক্ত যাতনা বোধ হইলে র গ্রেণ মর্ফিয়া এবং ৣ গ্রেণ য়াট্রোপীন দারা জনেশোপরি ত্রগধঃ পিচ্কারী দিলে রোগীর যাতনার লাঘব হয়, এবং চক্ষুর উত্তেজনা ও প্রদাহ শাস্তিলাভ করে।

যদি কিয়দংশ কন্জংটাইভা চূর্ণ বা ভদ্রপ কোন পদার্থের সংস্পর্শে, কিয়া দাহিভ হইয়া বিনাশিত হয়, ভবে যাহাতে আঘাতিত আফিক কন্জংটাইভা পুরীয় কন্জংটাইভার সহিত সংযুক্ত না হয়, প্রথমতঃ ভদ্বিধান করাই প্রেয়ঃ। এই বিষয় সম্পাদন করা অভিশ্য় কচিন। ইহাতে সচরাচর আমরা যতই কেন চেন্টা করি না, সকলি বিফল হইয়া যায়; এবং উক্ত ছই য়ৈছিক ঝিল্লী সত্তরই বিলক্ষণ সংযুক্ত হইয়া পড়ে।

অনেক বংসর বিগত হইল, মিন্টার টিরেল সাহেব মাহাতে উভয় স্থানীয় কন্জংটাইভা পরস্পর মিলিত না হয়, তমিমিত ধাতুনির্দ্যিত পাত তহুভয়মধ্যে স্থাপিত করিতেন; কিন্তু ভাহাতে কোন বিশেষ ফল

<sup>\* &</sup>quot;Wounds and Injuries of the Eye" by W. White Cooper, p. 277. The eye douche of vulcanized india-rabber, with a rose jet, is recommended for this purpose.

প্রাপ্ত না হইয়া বিফলপ্রযত্ন হইয়াছিলেন \*। সম্প্রতি এরপ কপেনা হইয়াছে, যে এইরপ অবস্থায় রোগীকে কৃত্রিম চক্ষু পরিধান করা উচিত্ত। রোগীর কর্ণিয়ার চিক্ সন্মুখে এই কৃত্রিম চক্ষুতে একটা ছিদ্র থাকে। উহা সর্মাণ চক্ষুতে দৃঢ়রপে পরিধান করিলে, আঘাতিত আক্ষিক ও পুটীয় কন্জংটাইভার উপরিভাগদ্বয় পরস্পর মিলিত হইতে পারে না। এই কপেনা সঙ্গত ও বিবেচনাসিদ্ধ বলিয়া বোধ হয়; কিন্তু ছুর্ভাগ্যক্রমে সত্ত্রেই হউক আর বিলম্বেই হউক নিম্নদিক হইতে এই সংযোজন আরম্ভ হইয়া, ক্রমশঃ উথিত হওত, কৃত্রিম চক্ষুকে স্থানান্তরিত করে। অপরন্ত অক্ষিগোলকে বিলক্ষণ সংস্পর্শিত করিয়া কৃত্রিম চক্ষু পরিধান করিতে পারে, এমত রোগীও ছুম্প্রাপ্য। সচরাচর উহা চক্ষুকে অসহনীয় রূপে উত্তেজিত করে।

সামান্যরূপ স্থল সকলে অন্দিপুটকে অক্ষিগোলক হইতে পৃথদ্ধুত রাখিবার নিমিত্ত, একখণ্ড লিন্ট্, গ্লিসিরীণ কিয়া তৈলে আদ্রু করিয়া তত্ত্তয়ের মধ্যে স্থাপিত রাখা বিধেয়। কিন্তু আমি ইতিপুর্কেই উল্লেখ করিয়াছি যে, আমরা যতই কেন চেন্টা করি না, তাহা উক্ত উভয় স্থানীয় কন্জংটাইভার পারস্পার সংযোজনে সচরাচর কোন-ক্রমেই পর্যাপ্ত বাধা প্রদান করিতে পারে না।

শ্লৈত্মিক বিলীর বিদারিতাঘাত ছুই এক স্থল ব্যতীত সকল স্থলেই অতি সত্ত্বেই উপশ্যিত হইয়া থাকে; এবং চক্লুকে প্যান্ত এবং ব্যাণ্ডেজ দারা কতিপয় দিবস পর্যান্ত বন্ধ করিয়া রাখা ভিন্ন, অন্য কোন চিকিং-সার প্রয়োজন হয় না। অপরন্ত স্থান্ত রেসমের স্কুচার দারা বিদারিত স্থানের প্রান্তগুলিকে সংযুক্ত করিয়া রাখিতে পারিলেও উত্তম হয়।

সিন্ধি ফেরণ (Symblepharon)—অর্থাৎ কন্জংটাইভার আক্ষিক ও পুটার উপরিভাগদ্যের পরস্পার সংযোজন কখন সম্পূর্ণ ও
কখন বা অসম্পূর্ণ হইরা থাকে। যেন্থলে অসম্পূর্ণ হইরা থাকে, তথার
পরস্পার সম্মুখন্থ উপরিভাগ হইতে এক বা তদ্ধিক স্থানের টিমু আসিয়া
সংযুক্ত হয়, ও শুক্ত কাতকলক্ষ সমুৎপাদিত করে; এবং সম্পূর্ণ বিশ্বিফেরণ স্থলে, এক বা উভয় চকুর উদ্ধি কিয়া নিয়াকিপুটের সমুদায়
কনজংটাইভা আক্ষিক কনজংটাইভার সহিত মিলিত হইয়া পড়ে।

<sup>\*</sup> See article by Mr. Wordsworth, Ophthalmic Hospital Reports, vol. iii. p. 216.

ডিক্থারিটিক কন্জংটিভাইটিস্, ক্ষত, অপায়, কিষা দাহ প্রভৃতি সহনা কোন ঘটনা ঘটিলে, তদ্বারা শ্লৈমিক ঝিল্লী পীড়িত হইয়া, উভয় স্থানীয় ও কন্জংটাইভায় বিনাশক পরিবর্ত্তন সংঘটিত করতঃ এই ব্যাপারের উৎপত্তি করে। কিন্তু বোধ হয়, চক্লুতে চূর্ণ সংস্পৃষ্ট হওয়াতেই সচরাচর এই সিম্বিফেরণ সংঘটিত হইয়া থাকে।

যদি এই সংযোজনে কণি য়া সমাক্রান্ত না হয়, তবে উহাতে রোগীর দৃষ্টির কোন হানি হয় না। কিন্তু যে অবস্থাতে হউক না কেন, সংযোজনজনিত অক্ষিগোলকের আবদ্ধগতিতে অপ্প বা অধিক পরিমাণে রোগীর অসুবিধা জন্মে; এবং অধিকাংশস্থলে পংটা অধিক বা অপ্প দুরে অন্তরিত হওয়ায়, চক্ষু ইপিফোরা অর্থাৎ অশ্রুপূর্ণ হইয়া কন্ট প্রদান করিয়া থাকে।

চিকিৎসা।—সাধারণতঃ আংশিক বা অসম্পূর্ণ সিদ্ধি ফেরণ চিকিৎসা করিতে অগ্রে অস্ত্রপ্রক্রিয়ার প্রয়োজন হয়। সম্পূর্ণ সিদ্ধি-ফেরণ করিনে পরিভিত্ত না হইলে, অস্ত্রপুক্রিয়ায় রোগীর অবস্থা উন্নতি লাভ করিতে পারে না। আক্ষিক ও পুরীয় ক্ষত কন্ জংটাইভার উপরিভাগ পরস্পর বিভিন্ন রাখিবার নিমিন্ত নানাবিধ কৌশল উদ্ভাবিত হইয়াছে; কিন্তু সাধারণতঃ তাহার কোন উপায়ই ফলোৎপাদন করিতে সমর্থ হয় নাই।


অংশিক সিম্বিকেরণ স্থলে, যদি পীড়া নামান্য প্রকারের হয়, তবে সংযোজক বন্ধনীগুলি বিভাজিত করিয়া যতদিন পর্যান্ত কন্জংটাইভার উপরিভাগের উক্ত ক্ষত পরিপূর্ণ হইয়া আরোগ্য প্রাপ্ত না
হয়, ততদিন পর্যান্ত এই বিভাজিত প্রান্ত অসংলগ্ন রাখিবার নিমিত্ত
সময়েহ্ অক্ষিপুট উল্টাইতে হয়। এই সিম্বিকেরণ অপেক্ষাকৃত
অধিক আয়তন হইলে, প্রথমতঃ অক্ষিগোলক হইতে সংযোজক
বন্ধনীগুলিকে সমুদায় সংযোগ হইতে চ্যুত করিতে হয়। তংপরে
আক্ষিক কন্জংটাইভার ক্ষতপ্রান্ত স্ক্রাহ্ স্কাহ্ স্কার দারা সংলগ্ন করিয়া,
ক্ষত আরোগ্য হইতে সময় প্রদান করা উচিত। পরিশেষে পুটায় ক্ষতও
এইরপে আরোগ্য করিতে হয়। পুনরায় নিম্বিকেরণ হইতে পারিবে
না বলিয়া, অক্ষিপুটকে সদাসর্ম্বনা উল্টাইবার চেকটা করিতে হয়।


মিফার টীল সাহেব এই আংশিক সিম্বিকেরণ রোগে নির লিখিত উপায় অবলম্বন করিতে বলেন। এই উপায় অবলম্বন করিয়া আমিও অনেক স্থলে কৃতকার্য্য হইয়াছি। প্রথমতঃ—আরুত কর্ণিয়াপ্রান্তের সম্ব বস্থানস্থিত সংযুক্তাক্ষিপুটের মধ্যদিয়া অস্ত্র নিমক্ষিত করিতে হয়; (২০শ∗, I. ৫ প্রতিকৃতি দেখ) পরে যতক্ষণ পর্য্যন্ত অক্ষিপোলক অস্থা-

২০শ,\* প্রতিকৃতি।

I

II





ভাবিক বন্ধনচ্যুত হইয়া অবলীলাক্রমে বিঘূর্ণিত হইতে না পারে, ততক্ষণ পর্যান্ত অক্ষিগোলক হইতে অক্ষিপুটকে কর্ত্তন করিয়া বিচ্ছিন্ন করিতে হয়। এইরপে এস্থলে সিম্মিকেরণের শীর্ষকোণ (প্রতি কৃতি, 11. A) নিম্মাক্ষিপুটের চর্মাংশ বলিয়া, কর্ণিয়াতে সংলগ্ন হইয়ারহিয়াতে।

পরিশেষে তুই খণ্ড লোল কন্জংটাইভা, একখণ্ড নাসাপাঙ্গদিকস্থ অপরিশুষ অক্ষিগোলকোপরি হইতে, অপর খণ্ড অক্ষিগোলকের বহির-পাঙ্গদিক হইতে, কর্তিত করিতে হয়।

ডাক্তার ম্যাক্নামারা সাহেব প্রথমে একখানি বিয়ার্স নাইফ্ নামক ছুরিকা লইয়া, দীর্ঘে ই ইঞ্চি এবং প্রস্তেই ইঞ্চি পরিমিত এক খণ্ড কন্জংটাইভা (B, প্রতিকৃতি III) চিহ্নিত করেন। এই খণ্ডের ভূনি সুস্থ কন্জংটাইভার উপর অন্তরাপাল্পেম্থ উন্মোচিত স্থানে সংলগ্ন

TTI



হইয়া থাকে, এবং উহার শীর্ষকোণ অক্ষিগোলকের উর্দ্ধ-দেশাভিমুখে প্রথাবিত হয়।
অতঃপর ইহাকে উক্ত ক্ষতস্থান অতিক্রম
করিয়া, অক্ষিগোলক হইতে বিভাজিত
করিয়া লয়েন, ও উহার ভূমিদেশে যাহাতে বিলক্ষণ ঘন টিমু অবশিষ্ট থাকে,
ভদ্মিয়েও বিশেষ যত্ন করেন। এইরপে

চক্ষুর বহিরপান্দদিক হইতেও আর একখণ্ড উন্মোচিত করিয়া লয়েন। খণ্ড বিতাজিত করিয়া লইবার সময়, কেবল কন্জংটাইভা ছেদিত করিতে হয়; ভৎসন্দে সন্দে উহার নিম্নবর্তী ফেসিয়া কর্ত্তন

করা উচিত নহে। উপযুক্তি ছুই খণ্ড এক্ষণে তাহাদের মূতন অবস্থান স্থানে (III প্রতিকৃতি, দেখ) নিয়োজিত হয়। অন্তর অর্থাৎ নাদিকা-দিকস্থ খণ্ড (B) অক্ষিপুটের উন্মোচিত স্থান অতিক্রম করিয়া ক্রমাগত তাহার বহিঃপ্রান্তস্থ সুস্থ কন্জংটাইভার শীর্ষকোণে নিঃশেষিত বরতঃ, বহির্দেশ অর্থাৎ কর্ণদিকস্থ খণ্ড (c) অক্ষিগোলকের উন্মোচিত স্থান অতিক্রম করিয়া ক্রমাগত অন্তরদিকস্থ খণ্ডের ভূমিসন্নিকটে শীর্ঘকোণে কনুজংটাইভায় বন্ধন করিয়া দেওয়া হয়। এরুপে ছুই খণ্ড ক্ষত কন্জংটাইভা ঘুঘু পক্ষীর পুচ্ছবৎ দৃষ্ট হইয়া, থাকে। এ হুই খণ্ড এইরূপে ভূতন অবস্থানে স্থায়ী হইলে, তাহাদের ভূমি সলিকটে যেদিকে অযথাবিতান থাকে সেই দিক অনুসরণ করিয়া অস্ত্র বিদারণ করিলে, উহারা জীবিত থাকিতে পারে; এবং অস্ত্র বিদারণ সময়ে, ষেস্থান হইতে কন্জংটাইভা আনীত হইয়াছে (অর্থাৎ D, E, III, প্রতিকৃতি) সেই খাত স্থানের প্রান্ত একটা সুচার দারা সংবদ্ধ করিতে হয়। এই আনীত কন্জংটাইভার প্রান্ত যাহাতে উল্টাইয়া যাইতে না পারে, ত্রিমিত অপর ছুই একটা সুচার নিয়োজিত করা গিয়া থাকে।"\*

## বিবৰ্দ্ধন ও হ্ৰাদ (Hypertrophy & Atrophy)।


টেরিজিয়ম্ (Terigium)।—আক্ষিক কন্জংটাইভা ও তলবর্ত্তী
টিম্ন কিয়ৎপরিমাণে বিবিদ্ধিত হইলে, তাহাকে টেরিজিয়ম্ কহে। এই
টেরিজিয়ম্প্রায় সচরাচর রক্তবহা-নাড়ী সম্বলিত এবং দেখিতে ত্রিভুজের
ন্যায়। এই ত্রিভুজের ভূমি সেমিলুনার কোলডের অভিমুখে এবং
শীর্ষকোণ কর্নিয়া পর্যায় অবস্থিত থাকে (২১শ, প্রতিকৃতি); কিন্তু টেরি-জিয়ম্ সর্মাই যে, চক্ষুর অম্ভরাপালদেশ হইতে বিস্তৃত হয় এমত নহে।
উহা কন্জংটাইভার উর্দ্ধি, নিম্ন ও কপোল দেশ হইতে অভ্যুদিত হইতে
পারে। কিন্তু উহার শীর্ষকোণ সচরাচর কর্নিয়ায় বা কর্নিয়ার অভিমুখে, এমত কি, কোনহ স্থলে কনীনিকা মধ্যাদিয়া আলোক প্রবিষ্টি হইতেও বাধা দিয়া অবস্থান করে। অন্যান্য স্থলে, অর্থাৎ যেখানে উহা দৃষ্টির অবরোধক নহে, তথায় এই টেরিজিয়ম্ রোগে শীত্রৎশ ভিন্ন
রোগী অন্য কোন অস্ববিধা বোধ করে না।

<sup>\*</sup> OPhthalmic Hospital Reports, iii. p. 253.

সচরাচর ভারতবর্ষবাদীদিণের কন্জংটাইভায় এইরপ বিরুদ্ধি ঘটিয়া থাকে। অধিকাংশ স্থলে কর্ণিয়ারপ্রান্তে বাহাতঃ ক্ষত জনিয়া এই টেরিজিয়য় রোগের উৎপত্তি হয়; পরে উহা তথাহইতে ক্রমশঃ বহিদ্দেশে ব্যাপ্ত হইতে থাকে। অন্যান্য স্থলে, বালুকারেণু বা গুলি চক্ষুতে পতিত হইলে, তাহা তৎক্ষণাৎ অপ্রুদ্ধারা ধৌত ও পুটপ্রণালী দারা প্রবাহিত হওতঃ অপ্রুদ্ধে পতিত হইয়া, তহুতেজনায় এই রোগের উৎপত্তি করে। যাহাহউক সর্বদা এইরপ উত্তেজিত হইলে, নানাপাদ্ধি দেশে কন্জংটাইভার বিরুদ্ধি ঘটিয়া থাকে।

চিকিৎসা।—অক্ষিংগালকের উপরিভাগ হইতে টেরিজিয়্ম বিদাবিত করা অত্যাবশ্যক। প্রথমে উপ্ স্পেকিউল্ম দারা অক্ষিপুট্দ্রকে বিশ্লিষ্ট রাখিয়া, হুক্ কিয়া ফরসেপ্স দারা ঘন কন্জংটাইভাকে সেনিল্লুনার কোল্ড হইতে কর্ণিয়াপর্য্যন্ত দূরের ঠিক মধ্যত্তলে ধৃত করিয়া, উক্ত কন্জংটাইভাল্ গ্রোথের নিম্নে কাঁচি কিয়া ক্যাটার্যাক্ট নাইফ্লাক্ ছুরিকা (২১শ,প্রতিকৃতি) নিমজ্জিত করতঃ, স্কারোটিক্ হইতে

২১শ, প্রতিকৃতি।




বাহদেশে সেমিলুনার ফোল্ড পর্যান্ত বিদারিত করিয়া ফে-লিতে হয়। উহা কর্ণিয়াতে বিস্তৃত হইলে, তৎসম্মুথ হইতে উহাকে বিদারিত ক-রিয়া লওয়া উচিত। পরে এই বিদারিত স্থানের প্রাক্ত

একটী বা তুইটা সূক্ষা রেসনের সুচার দারা বন্ধন করা বিধেয়। অস্ত্র প্রক্রিয়ার পরে যত দিন পর্যান্ত এই ক্ষত আরোগ্য না হয়, ততদিন পর্যান্ত চক্ষুতে শীতল জলের পটি সংলগ্ন করা যাইতে পারে।

কন্জংটাইভার বির্দ্ধি।—কন্জংটাইভার বির্দ্ধিন সচরাচর ঘটিতে দেখা যায়। ইহা সপিউরেটিভ বা অন্য কোনপ্রকার কন্জংটিভাইটিস্ রোগের পরে আবিভূত হইয়া থাকে। ইহাতে ভিলস্ নির্দাণ গুলিই প্রধানতঃ পীড়েত হইয়া থাকে; স্তরাং পীড়া সচরাচর পুটাংশেই প্রকাশনান হয়। কন্জংটাইভার বির্দ্ধিন সচরাচর গ্রাদিন্টলার কন্জংটিভাইটিস্ বা 'গ্রাদিউলার লিড্স্' নামে ভ্রমক্রমে বর্ণিত হইয়া থাকে। কারণ, ব্রহত্তরীভূত ভিলাইগুলি ক্ষত দানার (Granul-

ation) আকৃতি ধারণ করে (২২শ, প্রতিকৃতি)। এই অধ্যায়ের প্রথমেই উহাদিগের প্রস্পার প্রভেদ বর্ণিত হইয়াছে। \*

২২শ, প্রতিকৃতি।



এই রোগ সম্পূর্ণ বা আংশিকরূপে, এক বা উভয়াক্ষিপুটে, অথবা উভয়াক্ষিপুটের কিয়দংশে আক্রমিত হইতে পারে।

অক্লিপুট উল্টাইয়া দেখিলে, শ্লৈপ্ৰিক ঝিল্লী আৰক্তিম ও উচ্চাবচ দেখায়। উহা দেখিতে চিক্ সুস্থ দানাময় ক্ষতের আকার ধারণ করে। ক্ষ্পুটাইভার উচ্চাবচ উপরিভাগ কর্ণিয়ায় সতত ঘর্ষিত হইয়া, সময়-ক্রমে তাহাকেও অস্বচ্ছ করিতে পারে। কিন্তু প্রাানিউলার কন্জং-টিভাইটিস্ রোগে যেমন কর্ণিয়ায় রক্তবহা-নাড়ী সম্বন্ধীয় অস্বচ্ছতা উপ-স্থিত হয়, ইহাতে সচরাচর তাহা ঘটিতে দেখা যায় না।

চিকিৎসা।—অধিকাংশ স্থলে রোগীর শারীরিক অবস্থা অসুস্থ বলিয়া বোধ হয়; সুতরাং কন্জংটাইভার এই অবস্থা উপশন প্রত্যা-শা করিবার পূর্বের, টনিক্স বা অপরাপর উপযুক্ত ঔষধ বিধান দ্বারা বোগীর শারীরিক স্বাস্থ্যের উন্নতি চেক্টা করা আবশ্যক।

এই রোগোপশনার্থে সময়ে সময়ে প্রায় অনেকবিধ স্থানীয় ঔষধ ব্যবহৃত হইয়াছে, কিন্তু তৎসমুদায় কোন কার্য্যকারক হয় নাই। কঠিন-তর স্থলে, ডাক্তার ম্যাক্নামারা সাহেব নিম্ন লিখিত প্রকার চিকিৎসা ব্যবস্থা করিয়া থাকেন। ২২শ, প্রতিকৃতিতে যদ্রপ প্রদর্শিত হইয়াছে,

<sup>· &</sup>quot;Lehrbuch der praktischen Augenheilkunde," von K. Stellwag von Carion, P. 404.

ভদ্রপে অক্মিপুটকে উল্টাইয়া, বিবদ্ধিত কন্জংটাইভাকে চিরিয়া দিতে হয়। ইহাতে যে রক্ত নিঃসৃত হইবে, তাহা উত্তপ্ত জল দারা পৌত করিলে, রক্ত জমাট না বান্ধিয়া বরং পরিষ্কৃত ভাবে বহির্গত হইতে থাকে। রক্ত কদ্ধ হইলে, একখণ্ড ক্ষুদ্র চীর-বাস দারা দ্রোদ্মিক ঝিল্লীকে অনাদ্র করতঃ, ভতুপরি ট্যানিক্ য়্যাসিডের উগ্র সলিউশন্ প্রতিসপ্তাহে ছই বার করিয়া প্রলেপিত করিতে হয়। এইরপ করিলে, যদি উক্ত ভিলাই সকল ক্ষয়িত বা হ্রম্ব না হয়, তবে ট্যানিক্ য়্যাসিডের পরিবর্তে ক্রোনিক্ য়্যাসিড সলিউশন্ তদ্ধপে ব্যবহার করা পরামর্শ সিদ্ধ।

অপেক্ষাকৃত সামান্য স্থল সকলে, অক্ষিপুট উল্টাইয়া কন্জংটাইভার উপরিভাগে চূর্ণ য়্যাসিটেট্ অব্ লেড্ প্রদান করিতে হয়, অথবা বিবিদ্ধিত টিমুর উপরিভাগে সল্ফেট্ অব্ কপার স্পৃষ্ট করিতে পারা যায়। বিশুদ্ধ ও নির্মল সল্ফেট্ অব্ কপার প্রতিসপ্তাহে তুই কিয়া তিন বার করিয়া ক্রমাগত এক মাস পর্যান্ত ব্যবহার করিলে, বিশেষ উপকারদর্শে। অনেকানকে চিকিৎসকেরা চূর্ণ ট্যানিক্ য়্যাসিড্ চক্ষুতে প্রদান করিতে বিশেষ পরামর্শ দিয়া থাকেন। বাস্তবিক এইরূপে রোগে উহা একপ্রকার মহৌন্ধ বলিয়া গণ্য হইতে পারে।

কন্জংটাইভার হ্রাস।—সচরাচর ডিফ্থারিটিক্ বা গ্র্যানিউলার কন্জংটিভাইটিস্ রোগ হইতে কন্জংটাইভা হ্রাস হইয়া থাকে। রাসায়-নিক গুণে উক্ত টিমু বিনাশিত হইলেও চিক্ তদ্রপ ফলোৎপত্তি হইতে পারে।

ক্রানিত নির্দাণ দেখিতে শুকুবর্ণ ও উজ্বল; উহা সচরাচর কলম্ব-বং বলিয়া প্রতীয়দান হয়। ক্রানিত ঝিলী শ্রৈপ্মিক ঝিলীর স্বাভাবিক মসূণও কোমল উপরিভাগে আবিভূত হইয়া, কর্ণিয়াকে উত্তেজিত করে; স্তরাং তাহা সচরাচর রক্তবহা-নাড়ী সম্বনীয় অস্বচ্ছ হইয়া পড়ে। অধিকন্ত ক্রজং টাইভা আকু্ঞিত হইতে পারে; স্তরাং অফিপুট এক পাশ্ব হইতে অপর পাশ্ব পর্যান্ত ক্রম্ব হইয়া পড়ে, এবং উহা-দের প্রান্তব্য় অন্তর্দিকে বক্র হইয়া (এন্ট্রোপিয়ন্) যায়।

যদিও আমরা হ্রাসিত শ্লৈত্মিক বিল্লীকৈ সুস্থাবস্থায় পরিণত করিতে সম্পূর্ণ অসমর্থ, তথাপি সৌভাগ্যক্রমে আমরা তজ্জনিত অপকারক ফল-পারম্পারা সংশোধন বা নিবারণ করিতে পারি। ইহার উপায় এন্ট্রো-পিয়ম্ এবং কণিয়ার অস্বচ্ছতা প্রকরণে বর্ণিত হইয়াছে।

কন্জং টাইভার লোলতা (Relaxation of the conjunctiva)।—রদ্ধাবস্থা ব্যভিরেকে কন্জংটাইভা প্রায়ই লোল হয় না। ব্রদ্ধাবস্থা ব্যভিরেকে য়াডিপোজ টিমু চতুর্দ্ধিকে অবসূত হইয়া যায় ও অক্ষিণোলক অন্তর্দ্ধিকে মগ্নায়মান হয় বলিয়া, কন্জংটাইভা সমুদ্য সংযোগ হইতে শিথিল হইয়া, অক্ষিণোলকের উপরিভাগে যুলিতে থাকে। এভজ্জনিত বলিপরম্পরা নাসাপাদ্দিকেই প্রধানতঃ দেখা গিয়া থাকে।

এই অবস্থায় রোগী যেরপে কট বা অসুবিধা ভোগ করক না কেন, কোনপ্রকার য়্যাফ্রিন্জেন্ট ঔবধ ব্যবহার করিলে, ভৎসমুদায় অপ-নীত হইয়া যায়। ঐ ঔবধে যদি কোন উপকার না দর্শে, ভবে অভিরিক্ত ঝিল্লীর কিয়দংশ কর্ভন করিয়া লইলে ও ক্ষতপ্রান্ত সংযুক্ত হইলে, এই অবস্থা সম্পূর্ণ উপশমিত হইতে পারে।

দিরম নামক রুসোৎপ্রবেশ (Serous Effusion)।—রুদ্ধ ও ম্যানিমিয়া বা রক্তাম্পে রোগগ্রস্ত (Anæmic) অর্থাৎ যাহারা অধিক দিন পর্যান্ত শ্লৈম্মিক বিল্লীর শিথিল অবস্থা ভোগ করিয়া আদিতেছে, ভাহাদের কনজংটাইভার সংযোজক বিল্লীতে প্রায়ই রুসোৎপ্রবিষ্ট হইয়া থাকে। সামান্য কনজংটিভাইটিস্ রোগ বা তদ্রপ অন্য কোন সামান্য কারণেও এই রোগ উৎপন্ন হইতে পারে। সচরাচর সহসা উৎপ্রবেশন আদিয়া সমুপস্থিত হয় এবং কন্জংটাইভা এত অভিরিক্ত স্ফীত হয় যে, তাহা কর্নিয়া অভিক্রম করিয়া উন্নত হইয়া উঠে। এই উন্নত স্থান দেখিতে প্রায় জেলি নামক মোরক্রার ন্যায় পীতাত। চক্ষু হইতে কোন প্রকার ক্রেদ নির্গত বা ভাহাতে কোন প্রকার যাতনা বোধ হয় না; যদি যাতনা হয়, ভাহাও অত্যম্প মাত্র। অধিকন্ত যদিও রোগী সচরাচর এই রোগে বিলক্ষণ আশক্ষিত হইয়া থাকে, কিন্তু এই উৎপ্রবেশনে সামান্য ক্রিনতা ব্যতীত অন্য কোন মন্দ্রতম ফলোৎপত্তি হইতে পারে না, এই কথা নিশ্চিতরূপে বলিয়া, ভাহার সেই আশক্ষা একেবারেই দুরীকৃত করিতে পারা যায়।

সে যাহাহউক, ব্লবয়স ব্যতীতও, কন্জংটাইভা বা নিকটবর্ত্তী অন্য কোন নির্দ্যাণের প্রদাহে, অথবা হৃৎপিণ্ড কিয়া ব্লক্ক অর্থাৎ কিড্নীর পীড়া প্রভৃতি দূরবর্ত্তী কারণে, এই রনোৎপ্রবেশ উপস্থিত হইতে পারে। এই সকল স্থল ব্যতীত সামান্য রসোৎপ্রবেশন স্থলে ভয়ের কোন কারণ নাই। উহা সহসা উপনীত হয়; এবং অক্লিপুটোপরি কম্প্রেদ্ এবং ব্যাণ্ডেজ দারা সামান্য প্রতিচাপ দিলেই সহসা তুই এক ঘন্টার মধ্যেই অপনীত হয়। স্ফীতি অতিরিক্ত হইলে, একটা নিজ্ল দারা উক্ত জ্বেলিবৎ স্তৃপ বিদীর্ণ করিয়া, তন্মধ্য হইতে রম বহির্গত হইতে দেওয়া আবশ্যক। পরক্ষণেই চক্লুতে প্যাজ্ এবং ব্যাণ্ডেজ বন্ধন করিতে হয়।

রজে প্রাবেশন (Effusion of blood)।—কোন আঘাত বা অত্যন্ত চাড় লাগিলে, যেমন ছপিং-কৃপ্ Whooping-cough) প্রভৃতি স্থলে, কন্জংটাইভার সংযোজক বিল্লীতে রজেংপ্রেবেশ হইতে পারে। অপিচ অক্ষিকোটরের কোন অন্থি ভণ্ণ হইলে, অর্থাৎ যে কোন কারণে হউক না কেন, উক্ত অংশের রক্তবহা-নাড়ীচয় উদ্ভিন্ন হইলেও এই রোগ জনিয়া থাকে। এই উৎপ্রবিষ্ট শোণিত প্রথমতঃ গাঢ় লোহিত-বর্গ দেখায়; উহা সচরাচর কর্ণিয়া বেটিত কন্জংটাইভার নিম্নে অপ্পরা অধিক পরিমিত্ত স্থান লইয়া কলঙ্কবৎ প্রতীয়মান হয়; এবং যথন এই কলঙ্ক লুক্কায়িত অর্থাৎ চতুর্দ্দিকে অবসূত হইয়া যায়, তথন নানাবিধ বিকৃত বর্ণের উৎপত্তি করে। এইরূপে এক খণ্ড রক্তপিণ্ড দ্বারা শ্রৈমিক বিল্লী প্রকৃত স্থানাপেকা সচরাচর কিঞ্চিং উন্নত হইয়া পড়ে। যে কোন অবস্থায় হউক না কেন, এতদ্বারা রোগী দেখিতে অত্যন্ত বিশ্রী হয়; স্প্তরাৎ রোগী যাতনা ও অস্ববিধার প্রতি মনোযোগ না দিয়া, অগ্রে যাহাতে এই শ্রীভ্রুণ উপশ্নিত হয়, তাহার নিমিত্ই আমাদের নিকট আইসে।

এই স্থানে রক্তোৎপ্রবিষ্ট হইলে, সচরাচর তাহা শীঘ্র শীঘ্র চতুর্দিকে আন্দোষিত হইয়া যায়; এবং চক্ষুতে কন্প্রেস্ ও ব্যাণ্ডেজ বন্ধন করিলে, এই আন্দোষণক্রিয়া সত্ত্বর সম্পাদিত হয়। ছপিং-কক্ রোগগ্রস্ত ব্যক্তির কাশাকর্ষণজনিত আকৃষ্ট অবস্থা দারা যদি এই রক্ত উৎপ্রবিষ্ট হয়, তবে যত দিন পর্যান্ত সেই রোগের প্রাবল্য উপশ্যানত না হয়, তত দিন পর্যান্ত উৎপ্রবিষ্ট রক্ত চতুর্দিকে আন্দোষিত হইয়া যাইতে পারে না। যাহাহউক, আমরা রোগীর বন্ধুবর্গকে এই রোগের পরিমাণফল বিষয়ে আশ্বাস প্রদান করিয়া, তদ্বিষয়ক ছিচন্তা হইতে প্রতিনিক্তি

কন্জংটাইভার টিউমার (Tumours of the Conjunctiva)

এনেটাজোয়া (Entozoa)।—কন্জংটাইভার সংযোজক ঝিল্লী-তে কখন২ এন্টোজোয়া জন্ম। হাইডেটিড সিফট্ \* এবং ফাইলেরিয়া (Filaria) † এই অবস্থানে দেখিতে পাওয়া গিয়াছে।

পলিপস্ (Polypus)।—কন্জংটাইভার দ্লৈমিক বিল্লী হইতে পালিপস্ নামক পদার্থ উৎপন্ন হইতে পারে। উহার আকার সচরাচর একটা কুদ্র টিউমারের ন্যায়; কিন্তু কখন২ তদপেকা কিঞ্চিং রহং হইয়। থাকে। অপিচ এই সকল উংপত্তির এক একটা রন্ত থাকে; উহারা কোমল এবং উহাদের বর্ণ প্রায়তঃ গোলাপ পুপ্পের ন্যায়। বাস্তবিক নাসারন্ধু ও শরীরের অন্যান্য স্থলে উৎপন্ন হইলে উহারা যেরূপ দেখিতে হয়, এস্থলেও দেখিতে ঠিক তদ্রপ; এবং এই উভয়স্থানীয় পালিপসের নির্দাণগতও সাদৃশ্য আছে। প্রকাণ্ড আকার বিশিষ্ট না হইলে, পলিপস্ সকল এই অবস্থানে কোন প্রকার যাতনা বা অস্থবিধা প্রদান করিতে পারে না। একখানি কাচি দ্বারা এক ভাঁজ কন্জংটাইভা সমেত উহাদিগকে কর্ত্তিত করা যাইতে পারে।

মেদার্ক্র দ (Fatty tumours)।—ক্ষুদ্রহ নেদার্ক্রদ কখনহ আক্ষিক কন্জংটাইভার সংযোজক ঝিলী হইতে সমুখিত হইয়া থাকে। উহা পীতবর্ণ ও চিক্কণ, কিন্তু অসুবিধা বা যাতনাপ্রদ নহে; কেবল তদ্ধারা রোগী দেখিতে কিঞ্চিং বিশ্রী হয়। উহাদিগকে কর্ত্তিত করাও কর্টকর নহে;—একখানি ফরসেপ্স্ দ্বারা উহাদিগকে ধূত করিয়া, উহারা যে স্থান হইতে উখিত হয়, তথাকার এক ভাঁজ কন্জংটাইভা সমেত কর্ত্তিত করিয়া, পরিশেষে যতদিন পর্যান্ত কন্জংটাইভার এই ক্ষত আরোগ্য না হয়, তত দিন পর্যান্ত প্যান্ত এবং ব্যাণ্ডেজ দ্বারা চক্ষুকে বন্ধ রাখা উচিত।

ওয়ার্ট অর্থাৎ আঁচিল ( Warts )।—সচরাচর কন্ত্রংটাইভায় অনেকানেক আঁচিল উৎপদ্ধ হইয়া থাকে। এই আঁচিল প্রায়তঃ কর্থি-য়ার প্রান্তসন্নিকটে শ্লৈমিক ঝিল্লীর উপরিভাগে সমুথিত হয়। উহারা

<sup>\* &</sup>quot;Ophthalmic Medicine and Surgery;" W. Jones, p.685, 3rd edit,

<sup>† &</sup>quot;Aunales d'Oculistique, " t. xv. p. 183...

দেখিতে ঈষৎ পাংশুবর্ণ; উপরিভাগ মসূণ এবং ভচুপরি কভিপয় স্থক্ষম২ লোম উৎপন্ন হইতে সচরাচর দেখা গিয়া থাকে।

কন্জংটাইভার যে অংশে এই সকল ক্ষুদ্রহ অর্ক্র্যুদ উংপন্ন হয়, সেই অংশের সহিত উহাদিগকে কর্তিত করিয়া লইতে হয়; নতুবা উহারা পুনকদিত হইয়া থাকে।

দিফ্ অর্থাৎ থলী (Cysts)।—কন্জংটাইভায় দিফ্ জন্মিতে অতি কদাটিৎ দেখা যায়। উহারা একটা মটর অপেকা রহৎ হয় না। উহাদের অন্ধিক্ষতা ছারা, বিশেষতঃ তির্যাক রশ্মি দ্বারা পরীকা করিলে, উহাদের প্রকৃতি বিশেষরূপে বোধগম্য হয়। এই সকল থলীর মধ্যে হাইডেটিড আছে, এরূপ অবগতও হওয়া গিয়াছে।

কন্জংটাইভার যে অংশে উহারা উৎপন্ন হয়, সেই অংশের এক-পর্দ্ধা স্তর সমেত উহাদিগকে নিন্ধাশিত করিতে হয়।

ইপিথিলিওমা (Epithelioma) অক্ষিণোলকের শ্লৈদ্মিক বিলী হইতে প্রায়ই উৎপন্ন হয় না। কিন্তু অধিকাংশ স্থলে এরূপ অবগত হওয়া যায় যে, উহারা পুরীয় কন্জংটাইভার সংযোজক ঝিল্লী হইতেই প্রথমে উৎপন্ন হইয়া থাকে। অক্সিপুটের রোগ বর্গনে এই পীড়ার লক্ষণ বিষয়ে উল্লেখ করা গিয়াছে; স্তরাৎ এস্থলে পুনর্বর্ণনা করা আবশ্যক বোধ হইতেছে না।

ক্যান্সার (Cancer) ।— মেডলারি (Medullary) এবং মেলা-নোটিক্ গ্রোথ্স কথন২ কন্জংটাইভা হইতে উথিত হইয়া থাকে। এই বিষয়ক কতিপয় স্থল এম্ ওয়েকার সাহেব বর্ণনা করিয়া গিয়াছেন \*।

ক্যারগুলের রোগসমূহ।—ক্যারক্ষিউলা ল্যাক্রিম্যালিস্ (Caruncula Lachrymalis) দেখিতে কুন্ত, রক্তিম এবং স্থচীর ন্যায় আকার বিশিক্ত (Conical) পদার্থ। উহা চক্ষুর নাসাপাঙ্গ সংযোগ স্থল (Inner Canthus) হইতে উথিত, মিবোমিয়ান প্লাণ্ডের স্তৃপ দারা বিনির্দ্যিত এবং কন্জংটাইভা দারা আরত হইয়া থাকে। উহার উপরিভাগ হইতে কতকগুলি সুক্ষাৎ লোম উৎপন্ন হয়।

যে কোন রোগ হউক না কেন, কনজংটাইভাকে আক্রমণ করিলে,

<sup>\* &</sup>quot;Maladies des Yeux" tom. i. P. 199. See also a case in "flandy-Bock of Ophthalmic Surgery" by J. Z. Laurence and R. C. Moon, p. 60.

ভৎসমভিব্যাহারে ক্যারশ্বলও পীড়িত হইয়া থাকে। তবে অত্যপ্প সংখ্যক স্থলে, উহা স্থায়ীরূপে ব্রহত্তরীভূত হয়, দেখিলে একটা গাঢ় লোহিতবর্ণ গ্রাানিউলেশনের স্তূপ বলিয়া বোধ হইয়া থাকে। এই সকল অবস্থায় উহা উদ্ধি ও নিম্ন উভয়াক্ষিপুটের পশ্চাদিকে বিস্তৃত হইতে পারে, এবং স্পর্শ করিলে তম্বধ্য দিয়া রক্ত ক্ষরিত হইতে থাকে।

প্রতাহ উট্লোম-তূলিকা দারা রহন্তরীভূত প্লাণ্ডে টিংচার অব্ ওপিয়ম্ সংলগ্ন অথবা সলকেট্ অব্ কপার সংস্পৃষ্ট করিলে, সচরাচর এই রোগ উপশমিত হইয়া থাকে। এই অপ্রাকৃত অতিরিক্ত বদ্ধন কর্তন করা বৈধ হয় না। কারণ যদি অতঃপর ক্যারস্কল হ্রাস হইয়া পড়ে, তবে ল্যাক্রিম্যাল্ পংটা অন্তর্দিকে স্থানান্তরিত হয়; এবং চক্ষু অপ্রুপ্র হইয়া, ও তদানুষ্দ্বিক ক্লভোগ করতঃ ভয়ানক কন্ট পাইতে থাকে।

যদি ক্যারঙ্কল হইতে একটা পলিপস্ উত্থিত হয়, ভবে একথানি কাঁচি দারা তাহাকে কর্তিত করিয়া ভথায় কটিক সংস্পৃষ্ট করিয়া দেওয়া উচিত। এই সামান্য অস্ত্রোপচারের পর উক্ত কর্তিত স্থান হইতে অত্যাপ্প মাত্র রক্ত বিগলিত হয়; কিন্তু কিয়ৎক্ষণ পর্যান্ত চকুর নাসাপান্দে একখণ্ড স্পঞ্জ চূচ্রূপে ধৃত করিলে, এই রক্তক্ষরণ স্থানিত হইয়া যায়। কন্টিক ব্যবহার করিলেও এই অভিপ্রায় সাধিত হইতে পারে।

## অফ্টন অধ্যায়।

## DISEASES OF THE CORNEA. কর্ণিয়ার রোগসমূহ।

লাধারণ সংপ্রাপ্তি—রক্তবছা-নাড়ী-সম্বন্ধীয় অস্বচ্ছতা—কেরাটাইটিস্ বা কণিয়া প্রদাহ—কেরাটাইটিস্ পংটেটা—প্রবল পুরোংপাদক কেরাটাই-টিস্—নাজিপ্রবল—ক্ষত—হাণিয়া—স্ট্রাফিলোমা—নালী—বহুল অস্বচ্ছতা —কনিক্যাল্বা স্থাবং কণিয়া—কণিয়ার স্বচ্ছ ও মণ্ডলাকার বহির্দ্ধিন— কণিয়ার অপায়চয়—য়াব্রাসন্বা ম্ট্রক্—নিম্পেষণ—বিদারিভাষাত— বাহ্পদার্থ—আর্ক্ সিনাইলিস্বা ধনুর্দ্ধি—অর্ক্র্ সমষ্টি।

কর্ণিয়ার নানাবিধ রোগ বর্ণনা করিবার পূর্বের, তদীয় সংপ্রাপ্তি-গত পরিবর্ত্তন বিষয়ে সাধারণতঃ পর্য্যালোচনা করা অতীব শ্রেয়ঃ।

আমরা অবগত আছি যে, কর্ণিয়া রক্তবহা-নাড়ী দ্বারা নির্দ্দিত নহে। পূর্মকালে, যখন রক্তাধিকাই প্রদাহের প্রথম ও প্রধান ঘটনা বলিয়া বিবেচিত হইত, তথন কর্ণিয়ায় কি প্রকারে প্রদাহকার্য্য সমুপ্রিত হইতে পারে, তাহা নির্ণয় করা তুরুহ হইতে। কিন্তু এক্ষণে জানার্ণিয়াছে যে, প্রদাহজনিত পরিবর্ত্তন শরীরস্থ বিল্লীর উপাদান ক্ষুদ্রহ পরমাণুতে প্রথমে আরম্ভ হয়; এবং রক্তাধিক্য ও রক্তবহা-নাড়ী সমাবেশ প্রভৃতি ঘটনা যত কেন গুক্তর বিষয় হউক না, ক্রমান্থয়ে তৎপরে
হইয়া থাকে। কর্ণিয়াও কৌষিক সংপ্রাপ্তি-বিষয়ক (Cellular Pathology) আধুনিক মতের পাঠ্য ও বর্ণনীয় বিষয়ের প্রতিপোষক এক্টী

তৎপরে, শরীরের অন্যান্য অঙ্গ-প্রত্যান্তর ন্যায়, কর্ণিয়াতেও প্রাদাহিক পরিবর্ত্তন নকল, সমীপবর্ত্তী রক্তবহা-নাড়ীগণ হইতে লিউকো-সাইটিস্ (Leucocytes) নামক রক্তমধ্যস্থ একপ্রকার শ্বেত পদার্থ উপ-নিবেশিত করিয়া, ও উহার কৌষিক আদিম উপাদান সকলকে সত্তর সংখ্যায় বিদ্ধিত করতঃ, আরম্ভ হইতে থাকে। সামান্যতর স্থলে এই প্রক্রিয়া বাহ্যিক মাত্র বলিয়া প্রতীয়্মান হইতে পারে, এবং কেবল ইপিথিলীয়্যাল্ বা উপস্থান স্তর সকলেই সীমাবদ্ধ থাকে। কিন্তু গুরুতর

স্থলে অগ্রবর্তী স্থিতিস্থাপক স্তরের তলদেশস্থ কর্ণিয়ার প্রকৃত ঝিল্লির কর্পসলস্ (Corpuscles) বা কোষাণু সকলও সংখ্যায় বিদ্ধিত (Proliferation) হইতে থাকে। উপস্থান অথবা গভীরতর স্তর সকলের, অথবা এতহুভয়েরই কৌষিক আদিন উপাদান সকলের এবিষধ বহুলতা ও তৎ-माप्त्र असुरकोषिक छेशामानगं जुनाक्तर्भ शतिवर्छन मकनहे, य রোগকে আমরা কর্ণিয়া-প্রদাহ শকে উল্লেখ করিব, তাহার প্রথমাবস্থা-গত অক্ষতার মূলীভূত কারণ। এই অক্ষতায় কর্ণিয়ার উপরিভাগ ঘর্ষিত কাচথণ্ডের ন্যায় বাহ্যিক আবিল হয়, অথবা তদ্বারা কর্ণিয়ার গভীর অভান্তর দেশও আবিল হইতে পারে। পাান্স ( Pannus ) নামক ভূতন ঘন ও অস্বচ্ছ পদার্থ যাহা কর্ণিয়ার রক্তবহা-নাডী সমাবে-শনজনিত আবিলতা মাত্র, তাহা একপ্রকার সংযোজক ঝিল্লির কৌষিক আদিন উপাদান সকলের বিদ্ধিত অবস্থা ব্যতীত আর কিছুই নহে।

मकल एटल है भीन काया होता तक्तवहा-नाजीत उर्शिक हहेगा थात्क। উহ। প্রধানতঃ চতুস্পাশ্বর্তী রক্তবহা-নাড়ী বিধানের বিস্তার দ্বারা সমুৎপন্ন হয়।

পরিশেবে অন্যান্য স্থানীয় পুয়োৎপত্তির ন্যায়, কুদ্তর জাতীয় কোষের সত্ত্র উৎপত্তি, অন্তঃকৌষিক পদার্থের অপকর্ষ ও তর্নতা, এবং চতুष्পाश्च वर्जी तक्तवहा-नाष्डी-मधन हटेट निछेटकामाटें हिम् नामक পদার্থের আগমন প্রযুক্ত, এস্থলেও পূয়োৎপত্তি হইয়া থাকে। ক্ষত रहेटल यक्तर रहेश थारक, उक्तर वह मकल को यिक शमार्थ उर्शतिजान হইতে নিঃসূত হইয়া পড়ে; অথবা কর্ণিয়ার স্তর সকলের মধ্যে আবিদ্ধ থাকিয়া একটা স্ফোটকাকারে পরিণত হয়।

প্যান্স্বা রক্তবহানাড়ী সম্বেশন-জনিত কর্ণিয়ার অস্ব-চ্ছত। ।— यिन अर्गनम् কেরাটাইটিস্ বা কর্ণিয়া-প্রদাহ কারণে উৎপন্ন হইয়া থাকে, তথাপি এতহুভয়ের প্রভেদ অনায়াদেই স্পাট্রপে নির্ণয় করা যাইতে পারে। কারণ, প্রথমোক্ত স্থলে কর্ণিয়া সচরাচর সমভাবে আবিল হয়; দেখিলে ঠিক বোধ হয় যে, উহা কোন স্থক্ষ্ম পাত বা বস্ত্র দারা আরত রহিয়াছে। রক্তবহানাড়ীর রহৎ২ শাখা ভদ্দীনতী ও পরস্পর অসংলগ্না হইয়া উহার উপর ধার্বিত হয়, এবং কেবল স্ক্রারোটিক ও কনজংটাইভ। অপ্প পরিমাণে রক্ত সংঘাতিত হইয়া পড়ে। কিন্তু কেরাটাইটিদ্ রোগ হইলে, কর্ণিয়া স্বকীয় বিাল্লীগত পরিবর্ত্তন সকল

দারা স্পর্টরপে আংশিক অম্বচ্ছ হইয়া, ঘর্ষিত কাচখণ্ডের আকৃতি ধারণ করে। কর্ণিয়ার পরিধি অপে বা অধিক দূর পর্যান্ত অতি স্থান্থ রক্ত-বহানাড়ীর চক্র দারা বেটিত হয়, এবং এই নাড়ীচক্র প্রান্তভাগ হইতে কেন্দ্রাভিমুখে অত্যাপ দূর পর্যান্ত বিস্তৃত হইয়া থাকে। পীড়ার প্রকুপিতাবস্থায় স্ক্রারোটিক জ্বোন্ অব ভেনেল্ন্ ও বিলক্ষণ দৃষ্টিগোচর হয়; এবং কনজংটাইভা অপে বা অধিক পরিমাণে রক্ত-সংঘাতিত হইয়া পড়ে।

কেরাটাইটিস্ রোগের কোন কোন স্থলে, ভঙ্গীনতী ব্রহৎ ব্রহৎ রক্তবহা-নাড়ী কর্ণিয়ার উপরিভাগে প্রধাবিত হয়। কিন্তু তত্তংস্থলে, সচরাচর কন্জংটাইভা হইতে প্রদাহ আসিয়া ক্রতপদে বিস্তৃত হইতে থাকে। রোগী চক্ষুতে অপরিমিত যন্ত্রণা ও সিলিয়ারি নিউরোসিস অনুভব করে; এবং কর্ণিয়া সমভাবে আবিল হইয়া পড়ে। রোগ যত্তই পুরাতন হইতে থাকে, তংসঙ্গে২ যন্ত্রণারও তত্তই লাঘ্ব হইতে থাকে, এবং স্ক্রারোটিক ও কন্জংটাইভার রক্তসংঘাত অদৃশ্য হইয়া যায়; কিন্তু কর্ণিয়া অস্বছ্ন ও রক্তবহা-নাড়ী-সমাবিষ্ট থাকে। বাস্তবিক এই সময়ে প্যান্স অবশিষ্ট থাকে এরূপ বলিতে পারা যায়।

কর্নিরা ক্ষতবিশিষ্ট হইয়াও প্যানস্ আনয়ন করিতে পারে। ক্ষতোপশন কালে কর্নিয়ার পরিধি ভাগের এক বা তদধিক বিন্তু হইতে একটা রক্তবহা-নাড়ীদল আবিভূত হইয়া ক্ষতাভিমুখে প্রধাবিত হইতে দেখা গিয়া থাকে। আর যদি উহা কিছুকাল পর্যান্ত স্থায়ীভাবে উত্তেজিত থাকে, বিশেষতঃ যদি উত্তেজিত স্থানের উক্ত অংশ পূর্বাজ ক্ষত-রোগ দারা উচ্চাব্চ এবং উত্তেজনাপ্রদ হয়, তবে রক্তবহা-নাড়ী সমা-বেশাবস্থা স্থায়ী থাকিতে পারে।

কিন্তু কর্ণিরা-সম্বন্ধীয় বিল্লীর প্রদাহ এবং ক্ষতরোগ এই প্যানস্ রোগের আনুক্ষণিক কারণ নহে। পুরাতন গ্র্যানিউলার কন্জংটিভাই-টিস্ রোগে কর্ণিয়ায় রক্তবহা-নাড়ী-জনিত অস্বচ্ছতা প্রায়ই ঘটিয়া থাকে। কারণ উক্ত রোগে অক্ষিপুর্টীয় বিল্লী শুদ্ধ ক্ষত-কলম্ব দ্বারা উচ্চাবচ হইয়া উন্মীলন ও নিমীলন কালীন কর্ণিয়াকে ঘর্ষিত করতঃ সতত উত্তেজনা প্রদান করে। এই সকল অবস্থায় কর্ণিয়ার বাহ স্তর সকল অস্বচ্ছ হইয়া পড়ে; এবং বৃহং২ রক্তবহা-নাড়ী ভঙ্গীমতী গতিতে ক্রমশঃ কর্ণিয়ার উপরিভাগে সমুপস্থিত হয়। এই নিমিত্তই স্থল-বিশেষে উক্ত রক্তবহা-নাড়ী সমাবেশনের বেধেরও ভারতমা দৃষ্ট হইয়া প্রধিক। কোনং স্থলে উহা এত ঘন বলিয়া বোধ হয় যে, কর্ণিয়ার চতুः भीमा क्यादतारिक इटेट्ड शृथक् वित्रा अञ्चर कता अमसुव इट्रा উঠে। অপরাপর স্থলে অদ্ধি-স্বচ্ছ ও রক্তবহা-নাড়ী সমার্বিট কর্ণিয়ার অভান্তর দিয়া পশ্চাদ্বর্তী আইরিস এবং কনীনিকা অস্পট চৃষ্টিগোচর इहेग्रा थारक।

কখন কখন সপিউরেটিভ এবং ডিফথারিটিক কন জংটিভাইটিসের পরে এই প্যানস রোগ উৎপন্ন হইয়া থাকে। শেষোক্ত স্থলে উহা পুর্বীয় কন্জংটাইভায় আবিভূত বিনাশক পরিবর্তন সকল দারাই উৎপন্ন হয়। কোন প্রকার মেকানিক উত্তেজনা অর্থাৎ টাইকিয়েসিস্ অথবা এন্ট্রোপিয়্ম রোগজ পক্ষের বক্তা প্রভৃতি দারা যদি চক্ষু কিছুকাল পর্যান্ত উত্তেজিত থাকে, ভাহা হইলেও উপর্যাুক্ত ফল উৎপাদিত হইতে পারে।

চিকিৎদা। - কর্ণিয়ার রক্তবহা-নাড়ী সম্বন্ধীয় অম্বচ্ছত। উপশ্ম করিতে হইলে, যে কারণে উহা উৎপন্ন হইয়াছে, অগ্রে তদমুসন্ধান করা বিধেয়। কারণ, উহা টাইকিয়েসিস্ অথবা এন্টোপিয়ন্ হইতে উৎপন্ন হইলে, বক্র পক্ষমন্টি অথবা পুটপ্রান্তকে নিষ্কাশিত অথবা স্বাভাবিক স্থানে ন্যস্ত রাখিবার চেউ। করা বিধেয়; নতুবা আমরা কথনই রোগোপশম করিবার প্রত্যাশা করিতে পারি না। যদি উত্তেজনার কারণ অপনীত করিতে সমর্থ হই, তবে আমরা এরূপ প্রত্যাশা করিতে পারি যে, কর্ণিয়া সত্ত্র স্বয়ৎই সুস্থাবস্থা প্রাপ্ত হইবেক।

গ্রাণনিউলার অথবা ডিকথারিটিক কন্জংটিভাইটিস রোগজ এই প্যান্স রোগের অনেকানেক স্থলে, তত্তৎ রোগজ ক্ষতকলক্ষিত টিসু সকল অক্পিপুটদ্মকে এক পাশ্ব হইতে অপর পাশ্ব পর্যান্ত হ্রস্ব করিয়া তুলে; সুতরাং তাহারা অপরিমিত ও অনিয়মিত রূপে অক্ষিগোলকে চাপ প্রদান করে। এই ঘটনার সঙ্গে২ আবার অক্সিপুটের অভ্যন্তর প্রদেশ উঞ্চাবচ হওয়ায়, অক্ষিগোলকের উন্মীলন, নিমীলন ও বিঘূর্ণনাদি গতি সময়ে, তদ্বারা কর্ণিয়া ঘর্ষিত হইয়া থাকে। সকল অবস্থায় প্রথমতঃ অক্লিপুটদ্বয়ের হ্রাস সংশোধন করা অত্যাবশ্যক। অক্লিপুটের পীড়া প্রকরণে (১২৩ পৃ) অক্ষিপুটদ্বয়ের বাছ্য সংযোগ স্থল (External commissure) যদ্রপ বিদারিত করিতে বলা হইয়াছে, তাহাকে তদ্রপ বিদা-রিত করিলে, উপরি লিখিত অভিপ্রায় সংসাধিত হইতে পারে। এই প্রক্রিয়া দারা আমরা কেবল পুর্টীয় অন্তরাল আলম্বিত করিয়া সঙ্কু চিত

অকিপুট দারা কর্নিয়ার উপর যে চাপ পতিত হয়, তাহা অনপেকভাবে উপশম করিতে পারি এমত নহে; তদ্বারা অবি কিউলেরিজ্ পেশীর কোন কোন স্ত্র বিভেদিত হওয়ায়, উক্ত পেশীর ক্রিয়াদি ক্ষীণ হইয়া পড়ে; স্তরাং তাহাতে অক্ষিণোলকোপরি অক্ষিপুটের যে চাপ পড়িয়াছিল, তাহাও অপনীত হইতে আরম্ভ হয়়। যদি এই সামান্য প্রক্রিয়া দ্বারা আমরা পুটীয় কনজংটাইভাকে পীড়িত কর্নিয়ার উপর ঘর্ষিত হইতে প্রতিবাধা প্রদান করিতে পারি, তবে অন্য কোন প্রকার চিকিৎসা না করিলেও বোধ হয় এই প্যানস্ রোগ অনেকাংশে উপশমিত হইতে পারে। যাহা হউক যতদিন পর্যাম্ভ কর্নিয়ার আবিলতা বিনাশিত না হয়, তত দিন পর্যাম্ভ প্রতাহ প্রাতঃকালে ট্যানিন্ কর্নিয়ার উপরিভাগে যথেট পরিমাণে ধূলিবৎ প্রদান করিলে, উক্ত অভিপ্রেভ বিষয় সত্রর সম্পাদিত হইতে পারে। কর্নিয়ার আবিলতা বিনাশিত

যাহা হউক, এইরূপ চিকিৎসায় কোন প্রকার উপকার না দর্শিলে, অথবা অক্ষিপুটদ্বয়ের সঙ্কোচন ব্যতিরেকে অন্য কোন কারণে এই রোগের উৎপত্তি হইলে, পীড়িত চক্ষুতে পূয়জনক প্রদাহ (Purulent inflammation) আনমন করিয়া আমরা কর্ণিয়ার উক্ত অবস্থা উপশম করিবার অনেক প্রত্যাশা করিতে পারি। কর্ণিয়া যতই রক্তবহা-নাড়ী-সমাবিষ্ট হয়, সপিউরেটিত প্রদাহে কত উৎপন্ন হইবার ভয়েরও তত লাঘব হইয়া থাকে।

এই প্রকার চিকিৎসা প্রণালীর অমুবর্তী হইবার পূর্বেই রোগীর শারীরিক সুস্থতার প্রতি বিশেষ দৃষ্টি রাখিতে হয়, কারণ যদি রোগী ক্ষীণ ও চুর্বাল থাকে, ভবে কর্ণিয়া বিগলিত হইতে পারে।

পীড়িত চক্ষতে পিউরিউলেন্ট অর্থাৎ পুয়য়নক প্রদাহ উত্তেজিত করিতে প্রায় কোন প্রকার কন্ট নাই। কিন্তু কোন কোন স্থলে, অধিক দিন স্থায়ী গ্র্যানিউলার কন্জংটিভাইটিস্ রোগের পর কন্জংটাইভার প্রকৃতি এত পরিবর্ত্তিত হয় যে, আমি কতিপয় স্থলে পুয়য়নক প্রদাহ আনয়ন করিবার নিমিত্ত চক্ষ্তে অনেকবার পূয় প্রদান করিতে বাধ্য হইয়াছিলাম।

চক্ষুতে যে পূয় প্রদান করিতে হয়, ভাহা পিউরিউলেন্ট কনজংটি-ভাইটিস রোগাক্রাস্ত অন্য কোন ব্যক্তির চক্ষু হইতে গ্রহণ করা উচিত। অথবা তৎপরিবর্ত্তে মেহবীক্স (Gonorrhæal matter) ব্যবহার করিতে পারা যায়। নিমাকিপুট উল্টাইয়া ও তাহাতে উত্ত পূয় বা নেহবীজ প্রদান করিয়া একথানি ল্যান্সেটের অগ্রভাগ দ্বারা তথায় কন্জংটাই-ভার উপরিভাগে কতকগুলি সামান্য বিদ্ধ করিয়া দিতে হয়; ইহাভে উক্ত বীজ নিশ্চয়ই তন্মধ্যে অবস্ত হইয়া যায়। ছত্রিশ ঘনীর মধ্যেই প্রদাহ ও উত্তেজনার লক্ষণ সকল অত্যাদিত হইয়া চক্ষ্র হইতে ক্লেদ ক্ষরিত হইতে থাকে।

যত দিন পর্যান্ত কর্ণিয়ায় কোন প্রকার ক্ষত দুষ্ট না হয়, তত দিন পর্যান্ত আমরা প্রদাহ ক্রিয়াকে স্বেচ্ছাগামিনী হইতে দিতে পারি। কিন্তু অত্যন্ত সাবধান হইয়া ভাবৎকাল চক্ষুকে পরিক্ষতভাবে রাখা সর্বতো-ভাবে বিধেয়। পীড়ার উন্নতি সময়ে যদি কর্ণিয়ায় ক্ষত উপস্থিত হয়. তবে यেस्टल এই পीड़ा खंडावंडः खार उर्भन्न रहेगा बादक. उथांग वा প্রকার ডায়েলিউট কটিক পেন্সিল ব্যবহার করিতে হয়, এন্থলেও চিক সেই প্রকার চিকিৎসা প্রাণালী অবলম্বন করা উচিত \*। দীর্ঘকাল স্থায়ী तक्कवर।-नाडी मधकीय कर्नियात जमक्डांय श्रामशक्तिया कि श्राकात ফলোপধায়ক হয়, ভাহা সমতে প্রভীক্ষা করিলে অনেক উপকার দর্শিতে পারে। পুয়োৎপাদক কার্য্য অপনীত হইলেই কর্ণিয়ার রক্তবহা-নাড়ী मयक्तीय अवष्टा इत्रा रहेया भट्ड ; এवः পরিশেষে রোগী কিয়ৎ পরিমাণে পুনদু টি প্রাপ্ত হইতে পারে।

প্রদাহক্রিয়া সম্পূর্ণরূপে অপনীত হইলেই ক্লোরীন মিপ্রিত জল প্রতাহ তিন কিমা চারি বার চক্ষতে ফোটা কোটা করিয়া প্রদান করিলে অনেক উপকার দর্শিতে পারে। ইহা ক্ষীণোত্তেজক ঔষধের (mild stimulants) नाम्य कांगा करत. এवर এই तुल श्रीष्टांय देशहे वावहांगा खेयभ ।

अम् अरहकांत मारहर वरलन (य, भानम त्रांश हहेरल हक्कुरल প্রতিঃ সন্ধ্যা ছুই বার ছুই ঘনী পর্যান্ত উত্তপ্ত কম্প্রেস প্রদান করা विरिंग । उँ। दांत मर्ड अदेतरिंग या आपार मर्गाविके द्य, जमाता সচরাচর উক্ত প্যান্স রোগ বিলক্ষণ বিনাশিত হইতে পারে। আমরা পূয়জনক বীজোৎসাহিত প্রদাহ অপেক্ষা এই প্রকারে উত্তেজিত প্রদাহ-ক্রিয়া অনায়াসেই দন্দ করিতে পারি; কিন্তু যখন রোগী শারীরিক বিলক্ষণ সুস্ত থাকে এবং কর্ণিয়ায় অনেক গুলি রক্তবহা-নাড়ী

<sup>·</sup> Ophthalmic Hospital Reports, vol. iv. p. 29: Repoet by Dr. C. Bader on Cases of Granular Conjunctivitis treated by Inoculation of Pus.

मृष्ठे इय, उथन शृद्धां क डेंशाय अवनयन कता है विद्या। आंत दांशी यथन कीन उ भी फिंड थारक व्यव यथन वह भागम रतांश अधिक तक-বহা-নাড়ী সমাবিট না হয়, তখন উত্তপ্ত কম্প্রেস, কিয়া প্রত্যেক দ্বিডীয় দিবসে কন্জৎটাইভার উপরিভাগে নির্মাল সল্ফেট অব্ কপার সংশ্রকণ कता श्रतांमर्गिक इटेट शादा। कातन, এटे तश कति कीन उ দমনীয় পূয় উত্তেজিত হইয়া থাকে। এইরূপ অবস্থায় ক্লোরীন মিপ্রিত জলও ব্যবহার করা যাইতে পারে। ডাক্তার ম্যাকনামারা সাহেব কোন কোন দীর্ঘকালস্থায়ী চুরারোগ্য স্থলে উহা ব্যবহার করিয়া অনেক উপশ্ন ও উপকার অবলোকন করিয়াছেন। তিনি যে লোশন ব্যবহার করিয়া থাকেন, ভাহা সাধারণ লাইকর ক্লোরাই বি. পি : উহা চক্ষতে প্রত্যহ তিন কিয়া চারি বার করিয়া ফোটা ফোটা প্রদান করিতে হয়। তিনি উপকার প্রত্যাশা করিয়া অনেক রোগীর কর্ণিয়ার উপরিভাগে প্রতাহ চূর্ণ সল্ফেট অব্ সোডা চুর্ণবং প্রদান করিয়া-ছিলেন, কিন্তু ভাহাতে কোন উপকার হইতে অবলোকন করেন নাই। অপিচ. এদিকে ট্যানিন ব্যবহার করিয়া তিনি অনেক হলে কুতকার্য্য হইয়াছেন।

রক্তবহা-নাড়ী সম্বন্ধীয় কর্ণিয়ার অস্বচ্ছতা উপশ্নার্থে আর এক প্রকার উপায় অবলম্বিত হইয়া থাকে। সেই উপায়ে কর্ণিয়ার চতু-স্পাশ্ব হইতে কন্জংটাইভা এবং অধীন কন্জংটাইভার এক দল বিল্লী (tissue) প্রস্থে প্রায় 🖁 ইঞ্চি পরিমাণে ছেদিত করিয়া লইতে হয়। ইহাতে কর্ণিয়ার উপরিভাগে আগত রক্তবহা-নাড়ী সকলের সহিত কনজংটাইভার রক্তবহা-নাড়ীগণের সংস্রব বিনাশিত হইয়া यांग्न \*। किन्छ आंगारमंत किवन এই উপায়ের আশ্রা গ্রহণ করা উচিত নহে। কারণ যখন উক্ত উপায় অবলম্বন করিবার সঙ্গে সঙ্গে চক্ষুতে ক্লেদময় বীজ সংস্পৃষ্ট করিয়া দেওয়া যায়, কেবল তথনই উক্ত উপায়ের আবশ্যকতা উপলব্ধি হইয়া থাকে। অন্যত্র কেবল উক্ত উপায় দারা প্যান্য রোগ উপশ্নিত হইতে কখন দেখা যায় না।

প্রাচীন কালে, উল্লিখিত প্রকারে কন্জংটাইভাকে ছেদিত করিয়া, সেই ছিল্ল ক্তোপরি নাইটেট অব্ দিল্ভার সংলিপ্ত করিয়া দেওয়া হইত। কিন্তু সাধারণতঃ এই উপায়ে কোন ফল দর্শিত না; এবং পরিণানে, অধুনা যেরূপ ক্লেদময় বীজ সংস্পৃষ্ট করিয়া উপকার লাভ

<sup>\*</sup> Ophthalmic Hospital Reports, vol. iv. p. 23; Bader On Syndectomy.

করা যায়, ভাহার সহিত উক্ত প্রণালী-লক্ক উপকার কোন অংশেই উপমিত হইতে পারে না \*।

অভএব সংক্ষেপে বলিতে গেলে, সাধারণতঃ বলবান এবং শারী-রিক সুস্থ ব্যক্তিরা যদি এই প্যান্স রোগাক্রান্ত হয়, তবে অক্ষিপুটের সক্ষোচন, ট্রাই কিয়েসিস্ অথবা এন্ট্রোপিয়ন প্রভৃতি মেকানিক্যাল্ উত্তেজনার কারণ সকল অপনীত করিয়া উপকার লাভ না হইলে, পীড়িত চক্ষুতে ক্লেদময় বীল্প সংস্পৃষ্ট করিয়া দেওয়া উচিত। কিন্তু যথন রোগী চুর্ব্বল থাকে, বা যথন এই প্যান্স রোগ অধিকতর রক্তনহা-নাড়ী সমাবিই হয় না, তথন ক্লেদবীজ সংস্পৃষ্ট না করিয়া, প্রত্যহ প্রাতঃ সন্ধ্যা ছই বার ক্রমাগত ছই ঘন্টাকাল চক্ষুতে উত্তপ্ত কম্প্রেস সংশালপ্ত করা বিধেয় হইয়া থাকে; অথবা যত দিন পর্যান্ত না প্রায়েশক প্রদাহ পর্যুত্তেজিত হয়, তত দিন পর্যান্ত কন্দ্রংটাইভার উপরিভাগে সল্ফেট অব কপার সংস্পৃষ্ট করিয়া দেওয়া যাইতে পারে। তৎপরে অন্য কোন প্রকার চিকিৎসা অবলয়ন না করিয়া, পীড়ার গতিতে কর্ণিয়ার জীবনীশক্তি যাহাতে বিনাশিত না হয়, এরূপ সাবধান হইতে হয়।

কেরাটাইটিস্, ডিফিউজ্ কর্ণিয়াইটিস্, অথবা কর্ণিয়া-প্রাদাহ
Keratitis, Diffuse Corneitis, or Inflammation of the
Cornea ।—যদিও কেরাটাইটিস্ রোগ কখন কখন কর্ণিয়া-প্রদাহ বা
ডিফিউজ কর্ণিয়াইটিস্ শন্দে অভিহিত হইয়া থাকে, তথাপি উহারা
কখনই একবিধ রোগ বলিয়া সম্যক্ নির্দ্দিউ হইতে পারে না। বোধ হয়,
ঝিল্লীগত কৌষিক উপাদান সকলের প্রাথনিক বিশুদ্ধলা বা অপ্রয়োদ্ধাতা প্রযুক্ত, অথবা শোণিত হইতে যে পরিপোষণোপকরণ আইসে,
তাহার কোন দোষ বা অভাব ঘটিলে, উহার উৎপত্তি হয়। মে যাহা
হউক, এই কেরাটাইটিস্ রোগে কর্ণিয়ার ভৌতিক নির্দ্দাণনকলে অণু
এবং মেদ সম্বনীয় অপকর্ষ ঘটয়া, উহার ক্বছে নির্দ্দাণ অক্সাক্ষ্ম পদার্থে
আহিশিক পরিবর্তিত বা পরিণত হইয়া পড়ে। এই অধ্যায়ের প্রারম্ভ
ভাগেই উপক্রমণিকা মন্তব্যে প্র সকল পরিবর্তনের প্রকৃতি নির্দ্দেশিত

<sup>\*</sup> Ophthalmic Hospital Reports, vol. iv. p. 65: Case of Vascular Cornea and Granular Lids, by Mr. G. Lawson. One eye treated by inoculation, and the other by peritomy.

হইয়াছে। সাধারণতঃ এই কেরাটাইটিদ রোগ যুগপৎ অথবা পর্যায়-ক্রমে ত্রই চক্ষুকেই আক্রমণ করিয়া থাকে।

লক্ষণ।—এই রোগের প্রাকৃতিক লক্ষণ সংক্ষেপে বর্ণিত হইতেছে। সমস্ত কর্ণিয়া অথবা উহার কিয়দংশ অস্বচ্ছ আকার ধারণ করে; অব-শিষ্ট অংশ স্বাভাবিক স্বচ্ছ থাকে৷ যে কোন অবস্থাতে হউক না, এই পীড়া সচরাচর কর্ণিয়ার একাংশ হইতে অপরাংশে অধিকতর বিদ্ধিত হইয়া পড়ে। সচরাচর কর্ণিয়ার পরিধিভাগেই এই রোগের আরম্ভ হয়, পরে তথা হইতে উহা অভ্যন্তরদিকে প্রসারিত হইতে থাকে। উহা যথন অভ্যন্তরদিকে গমন করিতে পাকে, তখন প্রথমাক্রান্ত পরিধি-ভাগ পুনরায় স্বচ্ছ হইতে আরম্ভ হয়। কেবল কর্ণিয়ার পীড়িত অংশ অম্বচ্ছ হয় এমত নহে, উহার উপরিভাগের মস্ণতা বিনাশিত হইয়া, ঘর্ষিত কাচথণ্ডের আকৃতি ধারণ করে। পাশ্ব হইতে আলোকরিশ্র আনিয়া চকুকে আলোকিত করিবার যে প্রণালী উক্ত হইয়াছে, তদ্ধারা কর্ণিয়ার অগ্রবর্ত্তী স্তরের এই উচ্চাব্য অবস্থা সুস্পন্ট অনুভত হইয়। পাকে। বাস্তবিক উক্ত প্রণালী অবলম্বন না করিয়া চক্ষু পরীক্ষা क्तिल. এই বিষয় সচরাচর জ্ঞানগোচর হয় না। এই সকল নৈর্মাণিক পরিবর্ত্তন ক্রমে, রেটিনায় আলোক পাতিত হইতে প্রতিবাধা প্রাপ্ত হওয়ায়, রোগী সত্তরেই অপ্প বা অধিক পরিমাণে অন্ধ হইয়া পড়ে।

পীড়ার প্রকোপ সময়ে কর্ণিয়ার সমুদয় অথবা প্রায়ই কিয়দংশা পরিধিভাগ, আইরাইটিস্ বা আইরিস-প্রদাহ রোগে যদ্রপ দৃষ্ট হইয়া থাকে তদ্রপ, এক দল স্ক্রারোটিকের রক্ত সংঘাতিত নাড়ীচক্র দ্বারা বেটিত হইয়া পড়ে। কেরাটাইটিস্ রোগের অধিকাংশ স্থলে, উক্ত স্ক্রারোটিক জ্বোনের সঙ্গেহ অসংখ্য ক্ষুদ্রহ রক্তবহা-নাড়ী কর্ণিয়ার উদ্ধি, ও নিমাংশের পরিধিভাগে অদ্ধিরভাকারে অথবা রভাকারে সমুদয় কর্ণিয়া বেটন করিয়া দৃষ্ট হইয়া থাকে। ঐ সকল ক্ষুদ্রহ রক্তবহা-নাড়ী কর্ণিয়ার প্রান্তভাগ হইতে অভ্যন্তরদিকে কেন্দ্রাভিমুখে প্রায় ইঞ্চি পরিমিত স্থান পর্যান্ত গমন করে। কোন কাচখণ্ডের সাহায়্য ব্যতিরেকে সাধারণ চক্ষতে ঐ সকল রক্তবহা-নাড়ী পরস্পর প্রভিম্ব বলিয়া নির্ণাত হইতে পারে না। কেবল উক্ত অংশ একটা সঙ্কীর্ণ লোহিতবর্ণ রেখা অথবা শোণিত দ্বারা রঞ্জিত বলিয়া বোধ হয় \*।

<sup>\* &</sup>quot;Diseases of the Eye," by Dixon, 3rd edition, p. 88.

অত্যপ সংখ্যক হলে এই রক্তবহা-নাড়ী-জাল অভ্যন্তরদিকে অধিক দূর পর্যান্ত কর্ণিয়ার কেন্দ্রাভিমুখে গমন করে। এবম্বিধ হলে, রোগী সচরাচর আলোকাতিশয্য এবং অক্ষিকোটরের সুপ্রা-অবিট্যাল প্রদেশে যাতনা অসুভব করে।

কেরাটাইটিস্ রোগের আধিক্য এবং রুদ্ধি অনুসারে কর্নিয়া ও ক্লারোটিকে রক্তবহা-নাড়ী-সমাবেশনেরও তারতম্য ঘটিয়া থাকে। নাতিপ্রবল এবং পুরাতন হল সকলে, এই সকল লক্ষণের একবারেই অভাব হয়; কিন্তু তত্রাপি কর্নিয়া ঘর্ষিত কাচখণ্ডের ন্যায় কেরাটাই-টিস্ রোগের বিশেষবিধ আকৃতি ধারণ করে। বংশামুগ উপদংশ-সম্ভূত কেরাটাইটিস্ রোগে, কর্নিয়ার এই অবস্থা বিশেষরূপ অনুভূত হইয়া থাকে। এই রোগের অধিক প্রবলতর স্থলে, আক্ষিক কন্জং-টাইভায় রক্তসংঘাত হইতে দেখা যায়।

রোগী অশ্রুবিগলন এবং স্বন্প আলোকাতিশয্যের বিষয় অভি-যোগ করিতে পারে; এবং আবিল চৃষ্টির পক্ষে সতত চিন্তিত থাকে। অধিকন্ত ঐ আবিলতা কর্ণিয়ার কেন্দ্রন্থলে আসিয়া উপনীত হইলে, তাহার মানসিক কফের আর পরিসীমা থাকে ন । ইহাও অভ্যন্ত আশ্চর্য্যের বিষয় যে, ঠিক চৃষ্টিমেরু স্থলে কর্ণিয়া কিঞ্চিৎ আবিল হইলে, তাহা ব্যবহারোপ্যোগী চৃষ্টির সম্পূর্ণ প্রতিবাধা প্রদান করিয়া থাকে; এবং যত দিন পর্যান্ত এই আবিলতা বর্তুমান থাকে, ততদিন পর্যান্ত রোগী স্বভাবতঃ তদ্বিষয়ে রুথা শক্ষিত হইয়া থাকে।

অপিচ, যতদিন পর্যান্ত কর্ণিয়ার ইপিথিলীয়্যাল্ লেয়ার বা উপস্থান স্তর অপ্প পরিমাণে পীড়িত থাকে, ততদিন পর্যান্ত আলোকাতিশয়া এবং অপ্রান্থনান এই কেরাটাইটিস রোগের প্রধান লক্ষণ নহে। যদি এ সকল কোষ সম্পূর্ণরূপে বিনাম্থিত হয় এবং স্নায়ু সকলের পেরিফিরাল্ বিভাগ অনাত্রত হইয়া পড়ে, তবে রোগী যে কেবল ফটোফোবিয়া (Photophobia) অর্থাৎ আলোকভীতিতে অভিভূত হয়েন এনত নহে, তিনি চক্ষুর যক্রণা এবং নিলিয়ারি নিউরোসিস্ বিষয়েও অভিযোগ করেন। যাহা হউক, এইরূপ হল সকল নিয়মের বিপর্যায় মাত্র। সাধারণতঃ কেরাটাইটিস্ রোগে অধিকতর যাতনা বা আলোকাতিশয়া ভোগ করিন্তে হয় না। কিন্তু কর্ণিয়ার অসক্ষতা প্রযুক্ত দুর্ফির আবিলভা ঘটয়া থাকে।

এই কেরাটাইটিন রোগ স্বভাবতঃ স্বয়ংই আরোগ্যমুখে ধাবিত

হয়। কিন্তু সম্পূর্ণ আবোগ্য হইতে অধিক দিন, এমত কি কতিপয় মাস পর্যান্তও অভীত হয়। প্রথমতঃ এক চক্ষুতে পীড়া হয় এবং তাহা আরোগ্য হইতে না হইতেই অপর চক্ষু আবার পীড়িত হইয়া পড়ে। চিকিৎদা করিবার অগ্রে রোগীকে এতদ্বিষয় জ্ঞাত করা চিকিৎদকের অত্যন্ত কর্ত্তব্য। এই কেরাটাইটিস রোগে অযতু ও তাচ্ছীলা প্রকাশ করিলে, আইরিস্ও পীড়িত হইতে পারে, এবং যতদিন পর্যান্ত কর্ণিয়। পরিষ্কৃত না হয়, ততদিন পর্যান্ত এই বিপদের বিষয় কিছুই অবগত হইতে পারা যায় না। যদি কোন বাহিক কেরাটাইটিস রোপের আক্রমণ সময়ে, রোগী সিলিয়ারি নিউরেলজিয়া, সিলিয়ারি বডির উপর প্রতিচাপ দিলে যাতনা এবং ফটোফোবিয়া বা আলোক-ভীতি ইত্যাদির বিষয় সম্পিক অভিযোগ করে. তবে আমরা উক্ত প্রকার বিপদের বিষয় সন্দেহ করিতে পারি ; অথবা পীডা কোরইড পর্যান্ত ধাবিত হইয়াছে এরপ অনুমানও করিতে পারা যায়। এই রূপ অবস্থায় রোগের ভাবিফল কখনই শুভদায়ক বলিয়া নির্দ্দিট হইতে পারে না। অন্যান্য রোগের সহিত জটিল না হইলে. অধি-কাংশ স্থলে, এবম্বিধ কেরাটাইটিস রোগ উত্তমরূপে আরোগ্য হইয়া याय ।

রুদ্ধ, যুবা, ধনী বা নির্ধন সকল ব্যক্তিকেই এই রোগ হইতে দেখা যাইতে পারে। কিন্তু অধিকাংশ স্থলে শিশু এবং পীড়িত সন্তান-দিগেরই এই রোগ হইয়া থাকে। যে সকল স্থল কেবল বংশানুগ উপদংশ পীড়া কারণে উৎপন্ন হইয়া থাকে, তাহা আমি ইতিপরেই বিশেষ করিয়া উল্লেখ করিব। যাহা হউক, কোন বিশেষ কারণ ব্যতীতও এই কেরাটাইটিস রোগ স্বয়ং আবিভূত হইতে পারে, এবং উহার উৎপত্তির কোন নিশ্চিত কারণ নির্দেশ করাও সহজ নহে। কখন২ কোন বাহ্য পদার্থ পতিত হইয়া কর্ণিয়ায় উত্তেজনা প্রদান করিলে, অথবা তথায় ক্ষত হইলে, এই রোগ উৎপন্ন হইয়া থাকে।

চিকিৎনা।—এই কেরাটাইটিস রোগ স্বয়ংই আরোগ্যমুখে ধাবিত হইয়া থাকে, এই বিষয় স্মরণ রাখিয়া উহা আরোগ্য করিতে যথেট ভাবিত হওয়া কোন নতেই বিধেয় নহে। যে স্থলে এই কেরাটাইটিস রোগে অন্য কোন রোগের সংঅব নাই, ভথায় কেবল এই নিয়ম খাটে; কিন্তু যেখানে কর্ণিয়া ব্যতীত অপরাপর নির্দ্মাণ্ড পীড়িত হইয়া পড়ে, ভথায় আইরাইটিস, আইরো-কোরইডাইটিস্ প্রভৃতি রোগ

বর্ণনায় যেরূপ চিকিৎসা-প্রণালী উলিখিত হইয়াছে, তদলুসারে চিকিৎসা করিতে হয়।

কপোলোদ্ধনেশে একটা কুদ্র ক্ষত (issue) করিয়া, প্রত্যুত্তেজনা (Counter-irritation \*) প্রদান অথবা তথায় পর্যায়ক্রমে ব্লিন্টার সংলগ্ন করিলে, নিঃসন্দেহই এই কেরাটাইটিস রোগ সত্তর উপশমিত হইতে পারে। আমরা চকুর এমত কোন পীড়া অবগত নহি, যাহাতে প্রত্যুত্তেজনা দারা এতাদৃক্ উপকার দর্শে, অতএব উহা এস্থলে আমা-দের চিকিৎসার মধ্যে অবশ্যই সন্নিবেশিত হইবেক।

কনীনিকা প্রদারিত রাখিবার নিনিত, পীড়িত চকুতে ক্ষীণ-বল 
য়্যাট্রোপীন্ সলিউশন কোটা২ ব্যবহার করা উত্তম উপায় বলিয়া গণ্য
হইয়া থাকে। এই উপায় দ্বারা এতদ্রপ রোগের চিকিৎসা-বিষয়ক ছইটী
অভিপ্রেত বিষয় সিদ্ধ হইয়া থাকে; অর্থাৎ উহা দ্বারা ম্যাকিউয়স্
নিঃসরণের লাঘবতা হয় এবং আইরিস্ও বহিঃসৃত হইয়া আসিতে পারে
আ। এই অভিপ্রায় প্রতিপোষণের নিমিত্তই আনি প্রায়ই আমার
রোগীদিগকে দিবাভাগে অক্ষিপুটের উপরিভাগে সতত প্যাড় এবং
ব্যাণ্ডেক্ষ বন্ধন করিয়া রাখিতে বলি এবং রাত্রিকালে তাহা অপনীত
করিতে অনুমভি দিয়া থাকি। এইরূপে স্থলে স্থানীয় অপর কোন
চিকিৎসার প্রয়োজন নাই।

রোগীর শারীরিক স্বাস্থ্যের প্রতি চুষ্টি রাখা নিতান্ত প্রয়োজনীয়।
টনিক্স্ অর্থাৎ বলকর ঔষধ, উত্তম ও উপকারক খাদ্য, বিশুদ্ধ বায়ু,
ব্যায়াম এবং ষ্টিমুল্যান্ট্র্য বা উত্তেজক ঔষধ দ্বারা স্বাস্থ্য আনীত হইতে
পারে। এই কেরাটাইটিস্ রোগে জলোকা এবং প্রদাহ-নিবারণোপযোগী ঔষধাদি কোন ক্রমেই ব্যবহার্যা হইতে পারে না।

কোন বাহ্য-পদার্থ চক্ষুতে প্রবিষ্ট হইয়া এই রোগ জন্মিলে, উক্ত উত্তেজক বাহ্য-পদার্থকে তৎক্ষণাৎ বহিস্কৃত করা বিধেয়। যদি উক্ত আঘাতের পরক্ষণেই চক্ষুতে অত্যন্ত উত্তেজনা এবং যাতনা উপস্থিত হয়, তবে তথায় শীতল জলের পটী সতত সংলগ্ন এবং তিন কিয়া চারি বার পূর্ণ মাতায় অহিফেন সেবন করিলে, উক্ত উত্তেজনা নিবা-রিত হইতে পারে।

<sup>\*</sup> কেহ২ এই শব্দকে প্রত্যুগ্রভাসাধন শব্দে ভাষাত্তরীকৃত করিয়াছেন।

উপদংশ-সন্তুত কেরাটাইটিস্, নন্-ভ্যাস্কুলার ডিফিউজ কর্নিইটিস্। (Syphilitic Keratitis, Non-vascular Diffuse Corneitis)।—বংশামুগ উপদংশসন্তুত কেরাটাইটিস্রোগের বিষয় যৎকিঞ্চিং বর্ণিত হইতেছে। মিন্টার হিচন্সন্ সাহের চক্ষুর এই রোগ এবং ভথায় উপদংশ-সন্তুত অপর যে যে রোগ ঘটিতে পারে, তাহার সম্পূর্ণ আবিদ্ধার করিয়াছেন। পীড়িত ব্যক্তির দেহ ও রোগ-পরীক্ষোপযোগী নানাবিধ যন্ত্র এবং পদার্থ সংগ্রহ করিয়া তিনি এরূপ প্রদর্শিত করিয়াছেন যে, যে সকল রোগ পূর্ব্বে "ক্ট্রম্ন্" (Strumous) এবং ইন্টার্ফিশিয়াল (Interstitial) কর্ণিয়াইটিস্ রোগ বলিয়া বিবেচিত হইত, তাহার অধিকাংশ রোগ উপদংশ পীড়াসন্তুত । নিম্নলিখিত দৃষ্টান্ত এই রোগের উৎপত্তির ও বৃদ্ধির উত্তম উদাহরণ বলিয়া লিখিত হইতেছে।

হরা সেপ্টেম্বর তারিখে যোগেক্রনাথ দে নামক ষোড়শ বর্ষরক্ষ
এক যুবক, এই কেরাটাইটিস রোগাক্রান্ত হইয়া তাহার পিতার সমভিব্যাহারে অক্ষিচিকিৎসালয়ে আনীত হইয়াছিল। তাহার পিতা বলিলেন, তাঁহার পাঁচটি পুক্র। সপ্তদশ বর্ষ পূর্বে জ্যেষ্ঠ পুত্রের জন্ম হইলে
পর, তাঁহার উপদংশ পীড়া হইয়াছিল। স্কুরাং এই সময়ে তাঁহার
শ্যাক্ষার (Chancre) অর্থাৎ প্রাথমিক উপদংশ ক্ষন্ত যথাস্থানে হইয়াছিল, তদ্বিষয়ে আর কোন সন্দেহই নাই। এই সঙ্গেং নিঃসন্দেহ উরুসিক্ষিম্বান অর্থাৎ কুচ্কির (Groins) গ্রন্থি সকল ব্লহৎ (বাগী) এবং গৌণ
লক্ষণ সকলও প্রকাশিত হইয়াছিল। এক বৎসর পরে যোগেক্রের জন্ম
হয়; সুত্রাং যোগেক্র তৎসময়ে তাহার পিতা যে উপদংশ রোগ ভোগ
করিতেছিলেন, তাহারও অধিকারী হইয়াছিল। এই সময়ে তাহার
জ্যেষ্ঠ ভাতাকেও পরীক্ষা করিবার উত্তম সুযোগ পাওয়ায়, দেখা গিয়াছিল যে, তাহার উপদংশ রোগের কোন চিহুই নাই। কিন্ত দ্বিতীয় পুক্র
যোগেক্র এবং তাহার কনিষ্ঠ অপর ছই ভাতার সন্মুখ দন্ত গুলিতে উপদংশ পীড়ার বিদ্যমানতা বিষয়ে সম্পূর্ণ প্রমাণ পাওয়া গেল।

যোগেন্দ্র অভ্যন্ত বিদ্ধিষ্ণু এবং বুদ্ধিমান বালক। সে বলিল, ''আমার বিলক্ষণ শারণ হইতেছে যে আমি এতাবৎ কাল পর্যান্ত অবিশ্রান্ত স্কু-

<sup>\*</sup> Ophthalmic Hospital Reports, vol. i. pp. 191 and 226; and vol. ii. pp. 54 and 258.

শারীরে কাল্যাপন করিয়া আসিতেছি এবং এক্ষণে আমার যে চক্চ্রোগ হইয়াছে, তাহা এই চিকিৎসালয়ে আসিবার ছয় সপ্তাহ পূর্ব হইতেই আরক্ষ হইয়াছে। প্রথমতঃ আনার বাম চক্ষুতে সম্মুখস্থ পদার্থ সকল আবিলবং চৃষ্টিগোচর হইত, পরে দক্ষিণ চক্ষুর চৃষ্টিও এ রূপে আবিল হইয়া পড়ে; সুতরাং আমি এক্ষণে এক প্রকার অকা; এবং ক্রমশঃ চৃষ্টির হ্রাসতা ব্যভিরেকে এতাবং কালপর্যান্ত অন্য কোন অসুবিধা বা যাতনা ভোগ করি নাই"।

ডাক্রার ম্যাকনামারা সাহেব দেখিলেন যে, হুই চক্লুরই অবস্থা প্রায়ই তুলারূপ। স্ক্রারোটিক এবং কন্জংটাইভা সম্পূর্ণ স্বাভাবিক অবস্থাতে আছে। কিন্তু কর্ণিয়া, কেরাটাইটিস্ রোগে ঘর্ষিত কাচখণ্ডের আকৃতি ধারণ করিয়াছে। উহার প্রান্তভাগ রোগলক্ষণ-স্থাক রক্তবহা-নাড়ী-চক্ল দ্বারা বেষ্টিত ছিল। এই সঙ্গেহ, আনিলাংশাপেকা ধবল, ফেনবং পরস্পার সংস্পৃষ্ট চিহ্ন সকল কর্ণিয়ার প্রায় সর্বস্থানেই সুস্পাট লক্ষিত হুইয়াছিল।

এই বালকের দন্ত পরীক্ষা করিয়া দেখা গেল যে, উপরের সন্মুখস্থ ছইটা দন্ত (Superior incisors) বিজ্ততাবে পরস্পার অন্তরিত হইয়া পড়িয়াছে; এবং দেখিতে গদাকার (Club-shaped), হইয়াছে। উহা-দের পাতলা অগ্রভাগে যে সকল গহার (Notches) লক্ষিত হইল, তাহা নিন্দার হচিন্দন্ সাহেব বংশালুগ উপদংশ পীড়ার সাংপ্রাপ্তিক চিহ্ন বিল্যা নির্দেশ করিয়াছেন। সেই গহার দেখিয়া স্পন্টই বোধ হইয়াছিল যে, যে রোগ ভাহাকে এত দিন আক্রমণ করিয়াছে. উপদংশ রোগই ভাহার মুখ্য কারণ। এই সকল বিষয় অবগত হইয়া, নিম্ন-লিখিত নিক্শ্চার (মিগ্রাণ) সেবনের নিমিত্ত ব্যবস্থা করা হইয়াছিল।

হাইড়ার্জ বাইক্লোরাইড্ ১ গ্রেণ্ পোট্যাদ্ আইওডাইড্ ১ ড়াা্দ্ পরিষ্কৃত জল ৮ জন্দ

প্রতাহ আহারান্তে তুই বার করিয়া অদ্ধ ক্তন্স পরিমিত সেবন করিবেক।
প্রতি রাত্রিতে বিশ মিনিট কালপর্যান্ত এক ড্যান্ মার্কুরিয়াাল অয়েন্টনেন্ট্ (পারদঘটিত মলম) এবং বেলাডোনা অয়েন্টমেন্ট্ ললাটদেশে ও
ক্রেদেশে ঘর্ষিত করিতেও আদেশ করা হইল। কপোলোদ্ধদেশে বিন্টার
সংলগ্ন করা হইয়াছিল, এবং পরিশেষে নিয়মিত ব্যায়াম করিতে এবং
নানাবিধ ভোজাদ্রব্যে উদরপূর্ণ করিয়া আহার করিতে আদিষ্ট হইল।

ঔষধ গুলি সমত্বে ব্যবহৃত হইয়াছিল; এবং পরিশেষে ২০শে সেপ্টেম্বর দিবসে মন্তব্যপুস্তকে দেখিতে পাওয়া গেল যে, এই বালকের বান চক্ষুর কর্ণিয়া মাসের প্রারম্ভ নময়াপেক। একণে অপ্প অম্বচ্ছ আছে। পারদ্যটিত মলম ব্যবহার করা স্থগিত হইল। কিন্তু উক্ত নিক্শ্চার পুনর্ব্যবস্থাপিত হইয়াছিল। ১৫ই অক্টোবর তারিখে চক্ষুর্দ্ম পূর্বা-পেকা অনেক উত্তম বোধ হইল, এবং বাইক্লোরাইড্ অবু মার্ক-রির পরিবর্তে আইওডাইড্ অবু আইরণ ব্যবহার করিতে ব্যবস্থা প্রদত্ত হইল। এক মাস পরে, তুই চক্ষুরই কর্ণিয়া সম্পূর্ণ স্বচ্ছ হইয়া উচিল; করাটাইটিসু রোগের কোন চিত্নই অবশিষ্ট রহিল না।

ইহা আমার উল্লেখ করা বাহুলানাত্র যে, যখন পিতামাতা উপদংশ-রোগাত্রান্ত থাকেন, তখন ভাঁহাদের ঔরসে ও গর্ভে যে সকল
সন্তানসন্ততি হয়, তাহাদেরও উক্ত পৈত্রিক উপদংশ রোগের অধিকারী
হইবার সম্পূর্ণ সন্তাবনা থাকে। যে সকল হলে রোগ নির্ণয় করিতে
সন্দেহ উপস্থিত হয়, তথায় পারিবারিক ইতিহাস, পিতামাতা ও
সন্তানসন্ততির স্বাস্থ্য, পূর্ব্ববর্তী পীড়ার বিশেষ ব্যাখ্যা এবং রোগীর
আকৃতি ও মুখন্ত্রী, এবং প্রকৃতি ও প্রবৃত্তিজ্ঞাপক মুখিচিহ্লাদি (Physiognomy) অবগত হইয়া আমরা রোগনির্ণয় করিতে সন্থ হইয়াথাকি।

মিন্টার হচিন্সন্ সাহেব, এই সকল অবস্থাজনিত কেরাটাইটিস্ এবং আইরাইটিস্ রোণে রোগীদিগের সম্মুখন্থ দন্তনীথিকার গঠন এরপে বিশেববিধ হইতে দেখিয়াছেন যে, ভাহা লক্ষ্য করিয়া তিনি পরিশোষে এই সিদ্ধান্ত করিয়াছেন যে, বংশানুগ উপদংশ রোগেই এ সকল দন্তের তক্রপ অবস্থা ঘটাইয়াদেয়। মধ্যবর্ত্তী সম্মুখদন্তের অগ্রভাগে কতকভিলি কোমল উন্নত স্থান দেখিতে পাওয়া যায়; এবং ভৎসমুদ্য়ই কিছু-কাল ব্যবহারের পর ক্ষয়িত হওয়ায়, দন্তের অনাম্বত প্রান্ত ভাগ বক্রাকারে পরিণত হইয়া পড়ে। গদ্ধরিত এবং সকোণসূচী অথবা কীলকবৎ সম্মুখীন দন্তই উপদাংশিক দন্তের সাধারণ আকার। ইহারা স্থায়ী দন্ত; বাল দন্ত নহে। সম্পেকাল স্থায়ী অর্থাৎ তুপে দন্তের পক্ষে, যদিও ভৎসমুদ্য প্রায়তঃ বিকৃতাকার বিশৃজ্বল এবং ক্ষয়িত হইয়া থাকে, তথাপি তাহাদ্যিকে দেখিয়া বংশানুগ উপদংশ রোগের লক্ষণ অবগত হওয়া যায় না।

যোগেন্দ্রনাথ দে এবং ভাহার কনিষ্ঠ ভ্রাতাদিগের দন্তপংক্তি গহ্ম-রিভ এবং বিশৃঞ্জাল ছিল। কিন্তু কেবল যোগেন্দ্র নাথেরই চক্লুর অবস্থা দেখিয়াই বোধ হইয়াছিল যে, যে কেরাটাইটিস্ রোগে সে পীড়িত, তাহা উপদংশ-রোগ-সমূত। কর্ণিয়ার নির্বিশেষ শ্রেণীস্থ (Non-specific) প্রদাহে, তত্রত্য কিয়দংশ স্তর-নির্দ্যাণ স্বচ্ছ থাকে, অপরাপর অংশ ঘর্ষিত কাচথণ্ডের আকৃতি ধারণ করে। উপদংশসমূত কেরাটাইটিস্ রোগেও সচরাচর এবিষধ অবস্থা দৃষ্টিগোচর হয়। কিন্তু আরোগ্যসময় নিকটবর্তী না হইলে, এইরূপ পীড়ায় আবিল কর্ণিয়ার উপরিভাগ বিন্তু বিন্তু ঘনতর অস্বচ্ছ চিহ্ল দারা আরত থাকে, অবশিষ্ট প্রদাহিত বিল্লীতে তদ্রপ দেখিতে পাওয়া যায় না। আর আরোগ্যসময় উপস্থিত হইলে, উক্ত বিন্তু বিন্তু শেতবর্ণ চিহ্ল সকল ক্রমশঃ অদৃশ্য হইতে থাকে, এবং পরিশেষে কর্ণিয়া স্বকীয় স্বচ্ছাবস্থা প্রাপ্ত হয় \*।

উপদংশাসমূত কেরাটাইটিস্ রোগের প্রারম্ভ কালে, যদি সত্মর চিকিৎসা করা যায়, তবে তাহার অবস্থানকালের সমন্টিগত পরিমাণ তিন কিয়া চারি মাসের অধিক হইবেক না। কিন্তু কখন২ উহা অপ্পাতর সময়ের মধ্যেও তিরোহিত হইতে পারে। দরিদ্রু ও কন্টান্ন ব্যক্তিদিগের অর্থাৎ যাহারা তাচ্ছীল্য করিয়া রোগোপশমার্থে প্রথমতঃ কোনবিধ উপায় অবলম্বন করে না, সচরাচর এই কেরাটাইটিস্ রোগের পার তাহাদেরই কর্ণিয়ায় কত হইয়া থাকে। যদি এই রোগ আইরাইটিস্ এবং আইরিডো-কোরইডাইটিস্ রোগ সমন্বিত না হয়, তবে অধিকাংশ স্থলে, যদিও কেবল প্রকৃতির (Nature) উপর নির্ভর করিয়াই রোগো-পশম হইয়া থাকে, তথাপি, পীড়িত কার্যাদি তিরোহিত হইয়া রোগোপশম হইতে অধিক দিবস লাগে। অন্য পক্ষে, যদি উহা উপম্ফুক্রপে চিকিৎসিত হইতে থাকে, তবে আমরা অপেকাকৃত অপ্পস্ময়ের মধ্যে উক্ত রোগ উপশামত হইবার প্রত্যাশা করিতে পারি।

চারি বংশরের ন্যুনবয়ক্ষ বালকের বংশানুগ উপদংশনস্তুত কেরাটাইটিস্রোগ হইতে প্রায়ই দেখা যায় না। আর প্রোটাবস্থার পূর্বের
বংশানুগ উপদংশ কারণে, ভিট্রিয়স্ এবং লেন্সের অস্বচ্ছাবস্থা ঘটিতেও
আতি কদাচিৎ দেখা গিয়া থাকে। কিন্তু অন্যপক্ষে, বংশানুগ উপদংশসম্ভুত আইরাইটিস্রোগ কভিপায় মাসের শিশুসন্তানেও আবিভূত
হইতে দেখা গিয়া থাকে।

চিকিৎসা।—উপদংশসম্ভ কেরাটাইটিস্ রোগ চিকিৎসায়, রোগীর শারীরিক স্বাস্থ্যের প্রতি বিশেষ মনোযোগ দিতে হয়। সামান্য

<sup>\*</sup> Ophthalmic Hospital Reports, vol. i p. 232: Mr. Hutchinson on Syphilitic Inflammation of Cornea.

পুষ্টিকর খাদ্য, সতত বিশুদ্ধ বায়ু সেবন এবং ব্যায়ান ইত্যাদি ছারা রোগীর অঙ্গ-প্রত্যঙ্গাদি যাহাতে বিলক্ষণ কার্যাক্ষম অবস্থায় থাকে, তদ্ধি-ষয়েও সাবধান হওয়া উচিত। পীড়িত চক্ষুকে তূলার একথানি প্যান্ত এবং ব্যাণ্ডেজ দ্বারা সতত বিশ্রান্তভাবে রাখিতে হয়।

আমার বোধ হয় এইরূপ পীড়ায়, অন্যান্য ঔষধ ব্যবহার করা অপেকা মার্করি ব্যবহার করাই ন্যায়সত্মত। গাত্রলগ্ন করাই (Inunction) উহা ব্যবহার করিবার অত্যুত্তম পদ্ধতি। উরুদেশে এবং বাহ্ন মার্করিয়াল প্রতিষ্ঠাহে ছইবার করিয়া অন্ততঃ বিশ মিনিট কাল পর্যান্ত মার্কুরিয়াল অয়েন্টমেন্ট (পারদ্যটিত মলম) ঘর্ষিত করিতে হয়। বালকদিগকে আমি মার্করি সেবন করিতে কখনই ব্যবহা দিই না। অথবা যাহাতে উক্ত ঔষধ ব্যবহারে দম্ভমূল পর্যান্তও (Gums) পীড়িত হয়, তাহারও কোন আবশাকতা দেখি না। এতরিমিত্ত উপদংশসম্ভূত কেরাটাইটিম রোগপ্রস্ত সুস্থ এবং বলবান ব্যক্তিদিগের পক্ষে, চক্ষুর পীড়া আরোগ্য হউক বা নাই হউক, ক্রনাগত চারি কিম্বা পাঁচ মাস পর্যান্ত এক পর্যায় মার্করি সেবন করা বিধেয়। যাহাহউক রুগ্ন বালকেরা এই চিকিৎসার বশবর্তী হইতে পারে না। তাহাদের পক্ষে, মার্করির পরিবর্তে কডলিভার অইল্ এবং আইওডাইড্ অব্ আইরণ, এবং সাধারণ, মাত্রায় হাইডার্জ, কম্, ক্রিটা, কুইনাইন এবং সোডার সহিত ব্যবহার, করা সর্মতোভাবে প্রয়োজনীয়।

যনি ক্লারোটিক কিয়া কন্জংটাইভার রক্তবহা-নাড়ী সকলে রক্তসংঘাত হইয়া না থাকে, তবে চক্তে প্রতাহ হুই বার করিয়া, ১ ঔল
জলে ২ গ্রেণ আইওডাইন্ মিপ্রিত সলিউশন, ফোটা২ প্রদান করিলে
যথেট উপকার দর্শে। প্রায় অধিকাংশস্থলে কপোলদেশস্থ চর্মে একটী
বিন্ধান করিয়া দিলে অনেক উপকার পাওয়া ফায়। তত্রতা কিয়দংশ
চর্মা, অঙ্কুঠ ও তজ্জনী দারা ধৃত ও উল্ডোলিত করিয়া, সেই ভাজের
মধ্যে একটী নিড্ল বিদ্ধা করতঃ নিডলের পরিহিত রেসমের স্থ্র দারা
চ্চ্বদ্ধ গ্রন্থি দিতে হয়; এবং সেই স্থ্রকে তিন সপ্তাহ কিয়া এক মাস
পর্যান্ত তদবস্থায় রাখা উচিত। আমাদের ভারতবর্ষীয় লোকেরা সচরাচর যে প্রকার করিয়া বিন্ধান করিয়া থাকেন, ডাক্তার ম্যাকনামারা সাহেবত্র অনেক স্থলে সেইরূপ উপায় পরীকা করিয়াছেন, কিন্তু ভাহাতে
উক্ত বন্ধনী সেই কোমলাংশে সত্তর প্রেরণিভি করিয়া কেলে; স্কুতরাং

ভথায় বারষার অপরাপর বিন্ধন করিলে, তদংশের অনেক অপায় বা বিপদ ঘটিতে পারে। যদি রোগী কিষা রোগীর বন্ধুবর্গ বিন্ধন করিতে প্রতিবাদ উপস্থিত করে, তবে কপোলচর্ম্মে পর্য্যায়ক্রমে কতিপয় ক্ষুদ্রহ বিষ্টার সংলগ্ন করা উচিত। কিন্তু পূর্ব্বোক্ত বিন্ধনে যদ্রপ উপকার দর্শে, ইহাতে তদ্রপ উপকার দশিবার কোন সম্ভাবন। নাই।

(कर्ता है हिन् श्राहि (Keratitis l'unctata)।—त्यदकञ्जी এবং অন্যান্য গ্রন্থকারের যাহাকে ''য়্যাকিও-ক্যাপ্সিউলাইটিস''(Aquocapsulitis) রোগ বলিয়। বর্ণনা করিয়া গিয়াছেন, ভাহার সহিত এই রোগের অনেকাংশে সৌসাদৃশ্য আছে। নিষ্টার ওরেকার এবং অন্যান্য আধুনিক গ্রন্থকারেরা কেরাটাইটিস্ পংটেটা, কেরাটাইটিস্ পংটু, (Keratite Ponctue'e) এবং ডটেড কেরাটাইটিস্ (Dotted KERATITIS) ইত্যাদি শব্দে এই রোগ বর্ণনা করেন\*। এই রোগ সচরা-চর হইতে দেখা যায় না, এবং এই রোগ হইলে, কর্ণিয়ার পশ্চাদ্বর্তী স্থিতিস্থাপক স্তরোপরি কতকগুলি ক্ষুদ্র্ব শ্বেতবর্ণ চিহ্ন অত্যাদিত হইতে দেখা যায়। সেই সকল চিহ্ন অপকৃষ্ট ইপিথিলীয়নের কলম্বনাত। পশ্চাদ্বর্তী স্থিতিস্থাপক স্তরের কোষ সকলের এই অবস্থার সঙ্গে২ প্রায় সচরাচর সমুদ্য কর্ণিয়। একেবারে আবিল হইয়। পড়ে। এই আবিলতা, রেটিনায় আলোক প্রবেশ করিবার বাধা প্রদান করতঃ, রোগীর দুষ্টির विनक्ष श्रीन जन्मारेया (मय । आविन रेशियिनीयान वा उर्शकान কোষ সকল কথন২ ছিল হইয়া য্যাকিউয়দের মধ্যে ইতস্ততঃ ভাসমান হইতে থাকে; সুতরাং উক্ত স্থান অধিক বা অপ্প পরিমাণে বিলো-ড়িত বা আবিল হইয়া পড়ে।

যদিও কর্ণিয়ার স্থাক্তত। কিয়ৎপরিমাণে বিদ্ধিত হইতে পারে, তথাপি এরূপ বিবেচনা করা উচিত নহে যে, য়ৢাাকিউয়স্ অপ্রকৃত পরিমাণে
নিঃসৃত হইয়াছে। কর্ণিয়ার নির্দ্মাণগত বিকৃতিই উক্ত পরিবর্ত্তিত মুক্তিত
ভার কারণ। প্রসারণশীল পশ্চাদ্বর্তী স্থিতিস্থাপক স্তর এবং বোধ হয়
স্তরান্থিত ঝিল্লী, এবম্বিধ রোগে য়ৢাাকিউয়সের প্রসারিকা শক্তিকে অপ্প
মাক্র বাধা প্রদান করিতে পারে। আর এই ডটেড কেরাটাইটিস্ রোগে

<sup>\*</sup> Mr. Hutchinson on Syphilitic Inflammation of the Eye: Ophthalmic Hospital Reports, vol. ii, P. 279.

অন্য প্রকার উপদর্গ না ঘটিলে, অক্ষিগোলকের বিভান কথনই বিদ্ধিত হয় না। তবে যে স্থলে অপরিমিত য়াাকিউয়স্ হিউমার নির্গত হইয়। থাকে, কেবল তথায়ই উক্ত বিভান বিদ্ধিত হইতে দেখা যায়। এতদ্বারা পূর্ববিতী সিদ্ধান্তের সভ্যতা অধিকতরক্রপে প্রমাণীকৃত হইতেছে।

লক্ষণ।—যে সকল লক্ষণে কেরাটাইটিস্ পংটেটা রোগ আবি-ভূত হইয়া থাকে, তৎসমুদায়ের কোনটাও বলবৎ নহে। রোগী পীড়িত চক্ষুতে প্রায়ই যাতনা অনুভব করে না; বাস্তবিক কর্ণিয়ার অম্বছতা-প্রযুক্ত কেবল তাহার দৃষ্টির আবিলতাই উপস্থিত হয়। তদ্বাতিরেকে অন্য কোন অমুবিধা বা উপসর্গের উদয় হয় না।

পীড়ার প্রাবল্যসময়ে চক্ষু পরীক্ষা করিলে, কর্ণিয়ার চতুষ্পাশ্বে এক দল ক্লারোটিকের রক্ত-সম্মাতিত নাড়ীচক্র, এবং সচরাচর তত্রত্য কন্জংটাইভার রক্তপূর্গ অবস্থাই দৃষ্টিগোচর হইয়া থাকে। কর্ণিয়ার পশ্চাদ্দেশাপরি মেদময় ইপিথিলীয়মের আবিল চিহ্ন সকল সচরাচর সহজেই অনুসন্ধিত হইয়া পড়ে। এই সকল আবিল চিহ্ন, বিশেষতঃ যখন তাহারা অত্যন্ত বিরল হয়, তখন কেবল ভিন্ন স্থান হইতে আলোক-রশ্ম আনিয়া চক্ষু পরীক্ষা করিলেই দৃষ্টিগোচর হইয়া থাকে। এই পরীক্ষায় য্যাকিউয়দ্ কিঞ্চিৎ অপরিক্ষৃত অর্থাৎ ঘোলা বলিয়া বোধ হয়; এবং কখন২ তত্নপরি অপকৃষ্ট ইপিথিলীয়মের খণ্ড সকল ভাসনান থাকিতে দেখা যায়। এই সকল খণ্ডের কতিপয় আবার আইরিমে সংযত হইয়া, তাহাকেও চিহ্নিত করিয়া তুলে।

পশ্চাঘন্তী স্থিতিস্থাপক স্তরের সহিত সম্বন্ধ বিবেচনা করিয়া দেখিলে, ইহা স্পাইই বোধ হইবে যে, তথায় পীড়া হইলে, তাহা আইরিস্
এবং সিলিয়ারি বিডি পর্যান্ত বিস্তৃত হইতে পারে। ফলতঃ চিকিৎসা
কার্য্যে আমরা তাহা প্রায়ই দেখিতে পাই। এবম্বিধ অবস্থায়, কর্ণিয়ার
অপ্রাকৃত অবস্থার সঙ্গে২ চকুর গভীরতর নির্দ্ধাণের পীড়াস্থচক অকিগোলকের বাদ্ধিত বিতান, চকুতে যাতনা, সিলিয়ারি নিউরোসিস্ (কেশপূতি), আলোকাতিশ্যা, আলোক অথবা কোন প্রকার প্রসারক ঔরধ
(Mydriatics) স্পর্শে আইরিসের প্রসারিত হইবার অক্ষমতা ইত্যাদি
লক্ষণ সকল প্রকাশমান হয়। কিন্তু কেরাটাইটিস্ পংটেটা রোগের
সহিত অন্য কোন রোগ উপস্থাতিত্ব না হইলে, এই সকল লক্ষণের
কোন লক্ষণই প্রকাশিত হইতে দেখা যায় না। বালকেরা, বিশেষতঃ যে
সকল বালক সিফিলিটিক্ অথবা স্কুকুলস্ ডায়েথিসিস্ অর্থাৎ উপদংশ

এবং বাতধাতুবিশিক, তাহারাই সতত এই রোগাক্রাম্ভ হইয়। থাকে ।\* এই রোগ প্রায়ই পর্যায়ক্রমে এবং কখন২ যুগপৎ উভয় চক্ষুতেই ইইয়া থাকে।

পূর্ব্বোক্ত প্রকার উপসর্গ উপস্থিত না হইলে, এই কেরাটাইটিস্ রোগ প্রায়ই আরোগ্যমুখে ধাবিত হয়। যাহাহউক, উপশম হইভেও সচরাচর অধিক দিবস লাগে। যত দিন পর্যান্ত চক্ষুর গভীর আভ্য-ন্তুরিক নির্মাণ পীড়াশূন্য বলিয়া নিশ্চিত বোধ না হইবে, তত দিন পর্যান্ত পীড়ার ভাবিফল শুভজনক বলিয়া ব্যক্ত করা কদাচ বৈধ নহে।

চিকিৎসা।—সাধারণতঃ কেরাটাইটিস্ রোগ হইলে যেরূপ
চিকিৎসা করিতে হয়, ইহাতেও চিক্ ভদ্রপ চিকিৎসা করিতে হয়।
পীড়িত চক্ষু পাাড় এবং ব্যাণ্ডেজ দারা সতত আরত রাখা উচিত; এবং
কনীনিকা প্রসারিত রাখিবার জন্য চক্ষুতে য়্যাণ্টোপীন প্রদত্ত হইয়া
খাকে। উপদংশ-সন্তুত স্থলে, কড্লিভার অইল, আইওডাইড্ অব্ পটাসিয়ম্, এবং ক্ষীণবল পারদ্যটিত ঔষধাদি ব্যবহার করা বিধেয়। যে
স্থলে পীড়ার কারণ বিশেষরূপে নির্ণীত না হয়, তথায় আইরণ ও
কুইনাইন এবং কোন প্রকার টনিক্ ঔষধ সেবন করিলে, পীড়া সত্ত্রর
উপশনিত হইতে পারে। এই রোগের সমুদয় স্থলে, একলী বিন্ধন করিয়া
অথবা পর্যায়প্রদত্ত বিষ্টার দারা কপোল দেশে প্রত্যুত্তেজনা আনয়ন
করা অভ্যন্ত শ্রেয়ঃ। আইরাইটিস্ অথবা আইরিডো-কোরইডাইটিস্
প্রস্তুতি উপসর্গ উপস্থিত হইলে, তাহাদের প্রত্যেককে যে উপায়ে
উপশন্য করিতে হয়, তাহা তত্তং রোগবর্ণন সময়ে উল্লিখিত হইয়াছে।

সপিউরেটিভ কেরাটাইটিস্ (Suppurative Keratitis) সপিউরেটিভ কেরাটাইটিস্ রোগ ও কর্ণিয়ার স্ফোটক এবং ওনিক্ল রোগ (Onyx), বর্ণনার স্বিধার নিমিত্ত প্রবল ও নাতিপ্রবল চুই নামে প্রকটিত ইইতেছে।

১। প্রবল সপিউরেটিভ কেরাটাইটিস্রোগ হইলে, পীড়িত চক্ষুতে যথেক এবং সতত-প্রবল যাতনা উপস্থিত হয়। এই যাতনা জদেশ

<sup>\*</sup> জে. হচিন্সন্ সাহেব অকৃত ''চক্ষুর উপদংশপ্রদাহ'' গ্রন্থে, যে উপদংশ পীড়া আইরিসকেও পীড়িত করে, তাহার রন্তান্ত উত্তমরূপে বর্ণনা করিয়া গিয়া-ছেন; এবং ঐ পীড়ার ''কেরাটো-আইরাইটিস্ (Kernto-iritis) নামও প্রদত্ত হইয়াছে। Ophthalmic Hospital Reports, vol. i p. 192, and vol. ii. p. 278,

এবং কপোলদেশ পর্যান্ত বিকৃত হইয়া থাকে। রোগীর চক্ষু অনবরত অপরিমিত অশ্রুপূর্ণ হইয়া রহে; আলোকাতিশ্যা উপস্থিত হয়; এবং কন্জংটাইভায় সমধিক রক্তসংঘাত ও তথায় কিনোসিস্ অভ্যুদিত হইয়া, কর্ণিয়ার পরিধিবেটিত স্থারোটিকের বদ্ধরক্ত নাড়ীচক্রকে লুক্কা-য়িত রাথে। কর্ণিয়াও আবিল হইয়া পড়ে; এবং রোগের বুদ্ধিসহকারে উহার স্তর্মর্ম্মাণে পূয় উৎপন্ন হইতে থাকে। উক্ত পূয় একটা কত উৎপাদন করিয়া বহির্দেশ হইতেই নির্গত হইয়। পড়ে, নতুবা য়াাকিউ-য়স চেম্বার মধ্যে বিকিপ্ত হইয়া যায়; অথবা, কর্ণিয়ার নিম্নবিভাগের खुतमकरलत मधावर्जी चारन जाकर्षिङ इस। এইक्रभ इहेरल, छैहा তথায় একটা পীতবর্ণ অফছ চিত্রের উৎপত্তি করে। নথের প্রারম্ভ-ভাগে আমরা সচরাচর যেরূপ শ্বেতবর্ণ চিহ্ন হইতে দেখিয়া থাকি. উক্ত চিত্রের আকার ও গঠন ঠিক তদ্রপ। এই নিমিত্ত উহা ওনিক্র নামে অভিহিত হইয়া থাকে। এই সঞ্চিত্ত পূয়ের উপরিভাগের আকার ম্যুক্ত ; এবং চকুতে হাইপোপিয়ন্ (Hypopion)\* হইলে, যদি রোগী একপাশ্বে মন্তক অবনত করে, তবে যক্রপ তাহার উপরিভাগের আকার পরিবর্ত্তিত হয়, তদ্রপ উক্ত পূয় কর্ণিয়ার স্তরসকলের অন্তর্বর্তী থাকায়, উহার উপরিভাগের ন্যুক্ততার ব্যতিক্রম হয় ন। অপিচ এবিষধ কেরাটাইটিস্রোগজ উক্ত সঞ্চিত পূয় কনীনিকার নিম্নপ্রান্তের সম্সীম-রেখা পর্যান্ত অতিকদাচিৎ উথিত হইয়া থাকে।

কর্ণিয়ার উদ্ধি ও নিম্ন উভয় বিভাগেই পূয়োৎপত্তি হইয়া থাকে, এবং এই উভয়বিধ স্থলেই তুলারূপ ফলোৎপত্তি হয়। যদি উহা বহি-র্নির্গত হইয়া না পড়ে, তবে নিম্নগ হইয়া হয় কর্ণিয়ার স্থল্লচয় মধ্যে, নতুবা স্তরনির্মাণ এবং পশ্চাদ্বর্জী পর্ল। এভত্নভয়ের মধ্যে প্রবেশ করিয়া থাকে।

স্ফোটকের অবস্থাসুসারে এই রোগের গতিরও তারতম্য ঘটিয়া থাকে। যদি উহা বাহুদেশে উৎপন্ন হয়, তবে পূয় বাহুদেশে একটী দ্বার বা মুখ প্রস্তুত করে; এবং কর্ণিয়া অপেক্ষাকৃত অপ্পপরিমাণে অপা-য়িত হয়। পশ্চাদিক হইতে য়াকিউয়স্ যে প্রতিচাপ প্রদান করে, তদ্বারা উক্ত পূয় কেবল বহির্দেশে আসিবার গতি প্রাপ্ত হয় এমত

<sup>\*</sup> য়্রাকিউয়স্ চেয়ারে পুয়সকিত হইলে, তাহাকে ইংরেজীতে হাইপো-পিয়ন্কতে।

নহে, স্কোটক শূনাগর্ভ হইলে, উহার প্রাচীরচয়ও ভদ্বারা স্থিরভাবে স্বস্থানে স্থায়ী থাকে; সুতরাং উক্ত পূয়গর্ভ ক্ষন্ধ হইয়া পড়ে। এই-ক্রপে কর্ণিয়ার সাদান্য আবিলতা ব্যতিরেকে রোগের আর কোন চিছ্ন মাত্রও থাকে না। যাহাহউক, যদি এই আবিলতা দৃষ্টির মেরুদণ্ডের উপরিভাগে ঘটে, তবে উহা নামান্য হইলেও, তদ্বারা রোগীর দৃষ্টি অত্যন্ত ক্ষণি হইয়া সতত অনুভাপের কারণ হয়।

অন্যপক্ষে, যদি উক্ত ক্ষোটক কর্ণিয়ার স্তরান্বিত বিল্লীতে গভীর-রূপে অবস্থিত থাকে, তবে ভয়ানক ঘটনা সকল উপস্থিত হইতে পারে। এবিষিধ স্থলে, সঞ্চিত পুয় কর্ণিয়ার স্ক্রচয় মধ্যে বিস্তৃত হইবার বিলক্ষণ সম্ভাবনা আছে. এবং তাহা হইলে কর্ণিয়ায় নির্মাণগত অনিবার্ষ্য ক্ষতি-উপস্থিত হইয়া থাকে; অথবা, পূয় পশ্চাদ্বর্তী স্থিতিস্থাপক স্তরাভান্তরে প্রবেশ করিয়া তাহাকে সমুদায় সংযোগ হইতে চ্যুত করে। উক্ত পুয় এই স্থিতিস্থাপক স্তরের অভ্যন্তর দিয়া য়াকিউয়দ চেমারে উপনীত হই-বার কোন পরিক্ষত পথ প্রাপ্ত হয় না। কারণ উহাতে পথ হইলেই তৎক্ষণাৎ তাহা বহিরভিমুখীয় য়্যাকিউয়দের প্রতিচাপ দারা রুদ্ধ হইয়া যায়। এই সকল অবস্থায় পীডার কার্য্যাদি আইরিম এবং চফুর গভার-ভর নির্দ্মাণ সকলে বিস্তত হইতে পারে। আলোক পাশ্বে রাখিয়া ঢকু পরীক্ষ। করিবার প্রগালী অনুসারে এবিষধ স্থলে ঢকু পরীক্ষ। করিলে, উক্ত অংশের অবস্থা সচরাচর বিশেব অবগভ হওয়া যায়। কর্ণিয়ার পশ্চাদ্বর্ত্তী পর্দ্ধ। পশ্চাদিকে ক্ষীত হইয়। উঠে, এবং প্রায়তঃ আইরিসকে স্পর্শ করে। সচরাচর পূর এবং খণ্ড২ লিম্ফ (Lymph) অর্থাৎ লসিকা নামক পদার্থ আবিল য়্যাকিউয়্স হিউমারের উপরিভাগে ভাস্মান হইতে দেখা যায়। আইরিসের ফুত্রনয় নির্দ্মাণ অপে বা অধিক পরিমাণে আবিল হয়, এবং য়ৢৢৢাটোপীন প্রদত্ত হইলেও কনীনিক। প্রায়ই প্রসারিত হয় না। অথবা, যদি আইরিস প্রসারিত হয়, কিন্তু কনীনিকায় য়াপন্টেরিয়র সাইনেকিয়া (Anterior synechia) বিদ্যা-মান থাকায়, অর্থাৎ উহার অগ্রভাগ আইরিমের মহিত সংযুক্ত হওয়ায়, উহা নানাবিধ আকার ধারণ করে। এই সকল অবস্থায় রোগী চক্ষুতে এবং কপোলদেশে ভয়ানক কন্টপ্রদ যাতনা ভোগ করিতে থাকে।

অত এব দিতীয় প্রোণীস্থ রোগের ভাবিফল অত্যন্ত মন্দ। কারণ, যদি পশ্চাদ্বর্তী স্থিতিস্থাপক স্তর পীড়িত হয়, তবে সমুদ্য় অক্ষিগোল-কের সাধারণ-প্রদাহ কোন না কোন সময়ে অকন্মাৎ উপস্থিত হইতে পারে। অন্যান্য স্থলে, যভদিন পর্যান্ত কর্নিয়া চক্ষুর আভান্তরিক প্রতিচাপ-সহিষ্ণু থাকে, তভদিন পর্যান্ত উহাতে পূয়োৎপত্তি হইয়া উহা বিনাশিত হইতে থাকে; কিন্তু যে সময়ে উহা উক্ত প্রতিচাপ সহ্য করিতে নিভান্ত অসমর্থ হয়, তখন উহার অপকৃষ্ট নির্দ্যাণ সকল ফাটিয়া যায় এবং তরম্য দিয়া অক্ষিণোলকের অন্তর্ম্থ সমুদয় পদার্থ বহির্ণত হইয়া চক্ষু চুপ্রিয়া যায়। অথবা, যদি কর্নিয়া কিঞ্জিয়াত্র ফাটিয়া যায়, তবে আইরিস বহির্ণত (Prolapse) হইয়া আইনে; এবং উটাকিলোমা হইয়া পড়ে।

চিকিৎসা।—শরীরের অন্যান্য অংশে ক্ষেতিক হইলে, যে উপায় অবলম্বন করিয়া চিকিৎসা করিতে হয়, কর্ণিয়াতে ক্ষেতিক হইলেও সেই উপায় অবলম্বন করা উচিত। সাধারণতঃ যেরূপ দেখিতে পাওয়া যায়, যদি তদ্রপ অত্যন্ত যাতনা এবং সিলিয়ারি নিউরোসিস্থাকে, তবে ক্যানোমাইলের উত্তপ্ত সেক চক্ষুতে সতত প্রদান করা বিধেয়। কপোলচর্ম্মের নিম্ন দিয়া পিচকারী দ্বারা চর্ম্মনিয়ে মফিয়া প্রবেশ করান (Subcutaneous injection) সর্মতোভাবে উচিত। অপিচ এবিষধ স্থলে ছয় ঘনী অন্তর চক্ষুতে য়্যাট্রোপীন সলিউশন্ ব্যবহার করিতে হয়।

যথন কর্নিয়য় পূয়োৎপত্তি হয়, তথন পূয় বহির্ণত হইবার নিমিত্ত
সত্ত্বর একটা পথ প্রস্তুত করিয়া দেওয়া সর্ব্যভোভাবে বিধেয়। কোন২
স্থলে উক্ত পূয় ক্ষীরবৎ ঘন হয়, সুতরাৎ কর্নিয়ার উক্ত বিদারিত
পথন্যা দিয়া সহজে নির্গত হইয়া আইসে না। এইরপ হইলে,
একখানি ক্ষুদ্র স্কুপ নামক অস্ত্র স্ফোটকের মধ্যে প্রবেশিত করিয়া
তন্মধ্যম্থ পদার্থ টানিয়া বহির্গত করিতে হয়। তিয়য়তভাবে কর্নিয়ার
তন্মধ্যম্থ পদার্থ টানিয়া বহির্গত করিতে হয়। তিয়য়তভাবে কর্নিয়ার
অস্ত্র নিমজ্জিত করিলে, অস্ত্রের তীক্ষ্ অগ্রভাগ য়ালেটরিয়র চেয়ার
মধ্যে প্রবেশিত হইতে পারে না; তথায় প্রবেশিত হইলে, অনেক
বিপদ ঘটিতে পারে। কারণ, তত্রতা য়াকিউয়স্ পদার্থ অস্ত্রপ্রবেশিত
স্থানের মধ্যদিয়া বহির্গত হইয়া আইসে, সুতরাং উহা পশ্চাদিক
হইত্তে প্রতিচাপ প্রদান করিয়া কর্নিয়ার বাহ্যদেশস্থ উক্ত প্রস্তুত
প্রথের মধ্যদিয়া পূয় নির্গত হইতে যে পোষকতা করিত, তক্রপ পোষকতা করিতে পারে না \*। কিন্তু সচরাচর এবস্থিধ ঘটনা হইবার অপ্প

<sup>\* &</sup>quot;Traite des Maladies des Yeux," par A. P. Demours, t. i. p. 281.

আশিষ্কা আছে। কারণ পশ্চাদ্বর্তী স্থিতিস্থাপক পর্দ্ধা পশ্চাদ্দিকে স্ফীত হইয়া, কর্ণিয়ার অগ্ন এবং পশ্চাং উভয় স্তরের মধ্যে অনেক স্থান শূন্য রাখে, যদ্ধারা আমরা কোন প্রকার আশঙ্কা না করিয়া অনা-য়ানেই উক্ত অস্ত্র নিমজ্জিত করিতে পারি।

এইরূপ অন্ত্রচিকিৎসা করিতে হইলে, ডাক্তার ম্যাকনামারা সাহেব রোগীকে সচরাচর ক্লোরোফর্মের অধীনে আনিয়া থাকেন। আমার বোধ হয়, সেরূপ না করিলে, রোগীর চক্ষুকে স্বেচ্ছাসুরূপ বশীভূত রাখিয়া, অত্যন্ত সাবধান পূর্বক স্ফোটক বিদারণ করা নিভাস্ত অসম্ভব হইত। পূয় নিঃসৃত হইয়া গেলে, সচরাচর রোগী বিলক্ষণ আরাম বোধ করিতে থাকে। তৎপরে উক্ত স্থানে হুই কিয়া তিন ঘন্টা অন্তর চেঁড়ী ফলের উত্তপ্ত জল দারা সেক প্রদান করা উচিত; এবং ইত্যবকাশ মধ্যে মর্ফিয়া, বেলাডোনা এবং এতদ্দেশীয় গাঁজা (Hemp) এই তিনে একত্র করিয়া মলম প্রস্তুত করতঃ অক্ষিপুটদ্বয়ে প্রলেপিত করিতে হয়। অপিচ চক্ষুকে সত্রত শিথিলভাবে প্যাড্ এবং ব্যাণ্ডেক্স দ্বারা মুদিত রাখা উচিত।

আইরিস এই রোগের সঙ্গেই পীড়িত বোধ হইলেও উক্ত উপায়ে
কর্ণিয়ার স্ফোটক আরোগ্য করিতে হয়। কনীনিকাকে সত্ত্র প্রসারিত
করিবার নিমিত্ত চক্ষুতে সর্ব্রানা য়্যাট্রোপীন ফোটাই করিয়া প্রদান করা
বৈধ। ইহাতেও যদি কর্ণিয়ার বিনাশন স্থগিত না হয়, বিশেষতঃ যদি
কনীনিকা য়্যাট্রোপীনের গুণে অনিয়নিতরূপে প্রসারিত হইয়া পড়ে,
তবে আইরিসকে কর্ত্তন করা (Tridectomy) অত্যাবশ্যক।

সপিউরেটিভ্ কেরাটাইটিস্ রোগের চুই এক স্থলে চক্ষুর যন্ত্রণা এবং উত্তেজনা স্থগিত হইয়া যাইলেও অতিশীঘ্রই রোগ আদিন স্থান হইতে চতুর্দিকে বিস্তৃত হইয়া পড়ে। এই ভয়ঙ্কর শ্রেণীস্থ রোগে স্থানিক ঔযথের মথ্যে ক্লোরাইন্ মিশ্রিত জল চক্ষতে ব্যবহার করা যে অত্যুক্তন, তদ্বির্য়ে আর কোন সংশয়ই নাই। উহা প্রত্যুহ তিনবার চক্ষুতে ফোটাই প্রদান করিতে হয়, এবং তৎপরে চারি কিয়া পাঁচ ঘন্টা কাল পর্যান্ত ব্যাণ্ডেজ এবং কম্প্রেম দ্বারা চক্ষুকে বন্ধ করিয়া রাখিতে হয়। এই বন্ধনে যদি চক্ষুর যন্ত্রণা ব্লি হয়, তাহা হইলে উহা খুলিয়া কেলা অথবা শিথিল করা বিধেয়। উত্তপ্ত ক্যানোমাইলের সেক প্রদান করিলে অনেক উপকার দর্শিতে পারে; কিন্তু কন্জংটাইভায় রক্তসংঘাত এবং কিনোসিস্ বিদ্যমান থাকিলে, উহা দ্বারা রক্তস্থানকার্যের (Blood

statis) বৃদ্ধি হইয়া বিশেষ অনিষ্ট সংঘটন করে। ইতিপূর্ব্ধে, কর্ণিয়ার পরিপোষক উপাদান আসিতে যে অভাব ঘটিয়া ছিল, উহা দারা তাহা-রওবৃদ্ধি হইয়া কর্ণিয়াকে সত্ত্ব বিনাশিত করিবার উদ্যোগ করিয়া দেয়।

২। নাতি প্রবল (Sub-acute) ও প্রবল (Acute) সপিউরেটিজ্ কেরাটাইটিসু রোগের পরস্পার প্রভেদ এই যে, নাতিপ্রবল প্রকার রোগে কর্ণিয়ায় কোন প্রদাহ-কার্য্য উপস্থিত হয় না। পরবর্ণিত উপসর্গ গুলি না হইলে, রোগী চফুর যন্ত্রণা কিয়া আলোকাতিশয্যের বিষয় কিছুই অভিযোগ করে না।

যে সকল লোকের শরীর নিতান্ত অসুস্থ এবং চুর্মল থাকে, ভাহাদিগেরই সচরাচর এই রোগ জনিতে দেখা যায়। উপবাস, ওলাউঠা,
অথবা বসন্ত রোগের পর, বিশেষতঃ বালকদিগেরই এই রোগ জন্মে;
এবং জনিলে, তৎপরে দ্রুতবেগে প্রাত্তভূত হইতে থাকে। কর্নিয়ার
স্তরান্থিত টিসুতে পীতবর্ণ পূয় চিহ্ন উৎপন্ন হইয়া এই পীড়ার আরম্ভ হয়। এই সকল চিহ্ন স্বয়ং বিস্তৃত হইয়া পরস্পর মিলিত হয়, ও তুই
এক দিবসের মধ্যে, এমত কি কতিপয় ঘন্টার মধ্যেই কর্নিয়ার অধিকাংশ পীড়িত হইয়া পড়ে এবং উহার নিমাংশে কিয়ৎপরিমাণে পূ্যসঞ্চিত হইয়া থাকে।

অপকর্ষীভূত পরিবর্ত্তন নকলের বিস্তার ও প্রাহ্রভাব হইবার শীঘ্রতা এবং সঞ্চিত্ত পূয়ের অবস্থানুসারে, এই পীড়ার পরবর্তী অধিবেশনের বিভিন্নতা ঘটিয়া থাকে । যদি কর্ণিয়ার অগ্রবর্তী স্তর নকলে পূয়োৎপত্তি হইয়া থাকে, তবে স্ফোটক স্বয়ং বহির্দেশ হইতেই স্ফুটিত হইয়া যায় । কিন্তু গভীরতর স্তর সকলে পূয়োৎপত্তি হইলে, অর্থাৎ যাহাতে পশ্চাদ্রতী স্থিতিস্থাপক স্তর পীড়িত হইতে পারে এমত হইলে, আইরিম্পর্বাহ চক্লুর গভীরতর নির্দাণসকলেও পীড়িত কার্য্যাদি বিস্তৃত হইবার সম্পূর্ণ সন্ত্রাবনা আছে; এবং তাহা হইলে কন্জংটাইভায় সচরাচর অধিক রক্তমংঘাত হইয়া থাকে। কর্ণিয়া সচরাচর শীঘ্র২ বিনাশিত হইতে থাকে; এবং পরিশোষে উহা বিগলিত হইয়া চক্লুকেও সম্পূর্ণ বিনাশিত করে।

চিকিৎসা।—রোগীর পরিপোষিকা শক্তি যাহাতে পুনর্ঝার আনীতা হয়, এইরূপ স্থলে তদ্বিষয়ে মনোযোগ দিয়া চিকিৎসা করা উচিত। কারণ পরিপোষণের অভাব না থাকিলে, কর্ণিয়ার ক্ষয় ওবিনাশন স্থগিত হইবারও অনেক সম্ভাবনা থাকে। ফিমুল্যান্টস্ অর্থাৎ উত্তেজক ঔষধ, টনিক্স্ অর্থাৎ বলকারক ঔষধ এবং যে সকল খাদ্যের বিলক্ষণ পরিপোষিকা শক্তি আছে, এবিষধ স্থলে তাহা ব্যবস্থা করা সর্ম-তোভাবে বিধেয়। টনিক্সের মধ্যে, এক গ্রেণ সলকেট অব্ কুইনাইনের সহিত বিংশতি মিনিন্ মাত্রায় টিংচার অব্ নিউরেট অব্ আইরণ, ছয় ঘন্টা অন্তর সেবন করিলে, কখন২ অনেক উপকার দর্শিয়া থাকে।

যদি কণিয়ায় কিয়ৎপরিমাণে পূয় সঞ্চিত হয়, তবে তাহা পূর্বেণলিখিত মতে অতি সত্তর নিঃসৃত করিয়া দেওয়া উচিত। সতত, বিশেমতঃ পীড়ার প্রারম্ভ সময়ে, চকুতে য়ৢয়ঢ়্রোপীন প্রদান করা বিধেয়।
যত্বপূর্বেক চকুতে কল্প্রেম বন্ধন এবং ক্লোরাইন মিপ্রিত জল প্রদান
করিলে, এই রোগের অনেক উপকার দর্শিতে পারে। যদি কল্প্রেম
বন্ধন করিলে চক্ষুতে যাতনা উপস্থিত হয়, তবে তাহা কিঞ্চিং শিথিল
করিয়া দেওয়া উচিত; অথবা দিবাভাগে কতিপয় ঘন্টা পর্যায়্ম উহা
অপনীত করিয়ারাখা উচিত। তাহা না করিলে, তদ্বারা কোন উপকার
দর্শে না। যদি কন্জংটাইভায় অধিক রক্তসংঘাত হইয়া না থাকে,
তবে ক্যামোনাইল এবং চেঁড়ের সেক দেওয়া বিধেয়। ত্র্ভাগ্যক্রমে
আমাদের সকল যতুই বিফল হইয়া যায়। অপকৃষ্ট পরিবর্তন সকল
কর্ণিয়ায় এত শীভ রদ্ধি পাইতে থাকে যে, রোগীর স্বাস্থ্যবদ্ধিন করিবার
কোন অবকাশ পাওয়া যায় না। অধিকন্ত, এই রোগ মার্মাভিক
(Constitutional) রোগ বলিয়া সর্মদা তুই চকুই পীড়িত হইতে পারে,
এবং তাহা হইলে রোগনিরাময়ের আর কোন আশা থাকে না।

যদি অন্যান্য উপায় সকল বিফল হইয়া যায় ও কণিয়া অপ্রতি-রোধিতভাবে ক্রমাগত বিনাশিত হইতে থাকে, তবে এবম্বিধ স্থলে কণিয়ার কোন অংশ স্বচ্ছ থাকিলে, আইরিস কর্ত্তন করা যে কেবল ন্যায়সঙ্গত এমত নহে, উহা অতি শীঘ্র সম্পন্ন করা উচিত। এবম্বিধ স্থলে স্বচ্ছ কণিয়ার পশ্চাদেশ হইতে অধিকাংশ আইরিস নিঙ্কাশিত করা উচিত। মনে কর, কণিয়ার নিম্নাদ্ধিভাগ বিনাশিত হইয়াছে এবং উদ্ধাংশভাগ অদ্যাপিও স্বচ্ছ আছে, এমত স্থলে স্ক্রারোটিকের উচ্চাং-শের (Superior part) অভ্যন্তর দিয়া য়্যান্টেরিয়র চেম্বারে অস্ত্র করিয়া, অন্ততঃ এক চতুর্থাংশ আইরিস কর্ত্তন করা সর্মতোভাবে বিধেয়। ডাক্তার ম্যাক্নামারা সাহেব এই সকল অবস্থায় আইরিস্ কর্তন অর্থাং আইরিডেক্টমী অস্ত্রপ্রণালী কিরূপ কার্য্যকারিণী হইয়া থাকে, তম্বর্ণনায় র্থা চেন্টা না করিয়া, স্বকীয় বিশ্বাসক্রনে উল্লেখ করেন যে, একস্থলে কোন রোগীর চক্ষু নিশ্চয়ই অন্ধ হইয়া প্রারোগ্য হইত, কিন্তু তিনি উক্ত উপায় অবলম্বন করিয়া তাহার চ্টিরক্ষা করিয়াছেন। ঈদৃশস্থলে কেবল কর্ণিয়ার প্যারাসেন্টিসিস্ (Paracentisis)
অর্থাৎ কেন্দ্রভেদকারিণী অস্ত্র প্রণালী অবলম্বন করিয়া উল্লিখিত লক্ষণ
নকল অপনয়ন করিতে চেন্টা করা তাহার নতে উপযুক্ত কার্য্য নহে।
কারণ, এইরূপে অধিক সময় অতীত হইয়া যায় এবং তৎপরে আইরিস
কর্তন করিলে কোন বিশেষ ফল দর্শেনা।

সায়ুর পীড়াজনিত কেরাটাইটিস্ (Keratitis from Nervous Lesion)।— ডাক্তার ন্যাকনাশারা সাহেব কেরাটাইটিস্ রোগবর্ণনা শোষ করিবার পূর্বের, এক প্রকার অন্যবিধ সপিউরেটিভ কেরাটাইটিস রোগ বর্ণনা করেন। এই রোগ কর্ণিয়ার স্নায়ু-কার্য্যের (Innervation) অভাব হইলেই হইয়া থাকে। এই অভাব বা লাঘবতায় কর্ণিয়ার পরিপোষকোপাদানের অভাব এবং পূর্ব্বোলিখিত অপকৃষ্ট পরিবর্ত্তন সকল সংঘটিত হয়। পঞ্চম স্নায়ুর বাছ্ছ (Superficial) শাখা সকল অপায়িত এবং আঘাতিত হওয়াই এই রোগের সাধারণ কারণ। এইরূপে আমরা, কন্জংটাইভার ভাঁজে কোন বাহ্য-পদার্থ সন্নিবিষ্ট থাকিলে, তহুতেজনায় কর্ণিয়াকে শীঘ্রহ বিনাশিত হইতে সর্বাদা দেখিয়া থাকি। অপিচ স্নায়ুর মূলদেশ অপায়িত হইয়াও উল্লিখিত লক্ষণ সকল আনয়ন করিতে পারে; এবং সেই সকল লক্ষণ একবার আরম্ভ হইলে, সচরাচর ভাহাদের গতিরোধ করা অত্যন্ত ত্রঃমাধ্য হইয়া উঠে।

চিকিৎসা।—যে সকল হলে স্নায়ুর পেরিফির্যাল্ প্রদেশের উত্তেজনা প্রযুক্ত এই রোগ জন্মে, তথায় উত্তেজনার কারণ গুলি অপনীত করিলেই কর্ণিয়ার রোগও উপশনিত হইয়া পড়ে। এয় স্মিলেন সাহেব বলেন যে, এবিষধ লক্ষণাক্রান্ত কর্ণিয়ার ক্ষত রোগ, ও যাহা বাহতঃ পঞ্চম স্নায়ুযুল্য়ের অপায় দারা উৎপাদিত হয়, তাহাতে ধূলি এবং বালুকারেণুই চক্ষুতে প্রবিষ্ট হইয়া বিনাশক পরিবর্ত্তন সকল আনয়ন করে। তিনি বলেন যে, যদি উক্ত স্নায়ুর অপায়ের পর অক্ষিপুটদ্মাকে উত্তন রূপে মুদিত করিয়া রাখা যায়, তবে ক্ষত উৎপন্ন হইলে তাহা কেবল আংশিক মাত্র হইয়া থাকে। \*

<sup>\*</sup> Annales d'Oculistique, t. liii. p. 178; sec also a case strongly confirming this view by Mr. Hulko, Ophthalmic Hospital Reports, vol. v. p. 177.

এদিকে ডাক্তার সিনিজিন্ সাহেব বলেন যে, চক্ষু উত্তমরূপে রক্ষিত হউক আর নাই হউক, পঞ্চম স্নায়ুতে অপায় ঘটিবার পরে, নিউরো-প্যারালিটিক (Neuro-paralytic) ঘটনা উদিত হইয়া থাকে। ভিনি, সিম্প্যাথেটিক অর্থাৎ সমবেদন স্নায়ুর সুপিরিয়র সার্ভিক্যাল গ্যাংগ্লি-য়নকে বহিঃসূত্ত (Ablation) করিলে চক্লুতে সে সকল ফল সংঘটিত হইয়া থাকে, তাহা অনেকানেক পরীক্ষা দ্বারা স্থির করিয়া নিম্নলিখিত विषयुक्षिति मिक्कां छ कतिया एक । - > উक्त भारिशियन विश्व इहेवां ब অব্যবহিত পরেই তৎপাশ্ব চক্ষুর কণ্ডদ্ অর্থাৎ তলদেশবিধানে রক্তবহা-নাড়ীগণের অধিকতর রক্তাধিক্য অবস্থা সতত দুটিগোচর হইয়া ছिল। অकितीकन यञ्ज दाता शतीका कताम, कातहराउत तक्तवहा-नांड़ी সকল আকারে এত বদ্ধিত বলিয়া অনুভূত হইয়াছিল যে, ভাহাদের পর-স্পার সংমিলন (Anastomoses) সম্পিক স্পান্ত লক্ষিত হইয়াছিল। যে দিকে অস্ত্র করা হইয়াছিল, তদ্দিকস্থ চক্ষুর ফণ্ডস সাধারণতঃ অন্য চক্ষু অপেকা অধিকতর গাঢ়লোহিত বর্ণ দুট্ট হইল।—যে চক্ষতে অস্ত্র করা रहेग्रां हिन, मिरे हकूत जार्यमान विद्वा रहेग्रां हिन। कन्जर ही हेजात পলি (Sac) এবং ক্যাপ্সিউল অব্টিননের নিমু দেশে ভাপমানের প্রভেদ ০.৯° হইতে ২.৪° ডিগ্রি সেনিগ্রেড লক্ষিত হইল।—৩ যে দিকে অস্ত্র করা হইয়াছিল সেই দিকের কর্ণিয়া অপর চক্ষুর কর্ণিয়ার সহিত তুলনা করিলে, বাহুপদার্থ বা অন্য কোন পদার্থ যাহার কোন প্রকার রাসায়নিক কার্য্য নাই (Neutral substances), তাহার কার্য্যাদি সহ্ করিতে অধিকতর সক্ষম দৃষ্ট হইল। মনে কর, যদি এক খানি উত্তম দর্শনোপযোগী কাচখণ্ড তুই চকুর কর্ণিয়ায় সমগভীররূপে সংলগ্ন করা হয়, তবে সুস্থদিকে উক্ত কাচখণ্ড অপ্প বা অধিক পরি-मार्ग अठछ कन् कर विंडोडे हिम्, भागम्, कर्गियां प्र शिक्ठे ति छेर कर् ফিল্ন্টে শন্ (Infiltration) অর্থাৎ ক্লেদানুপ্রবেশ, ও তৎসঙ্গে২ ক্ষত-রোগ এবং সমীপবর্তী টিসুগণের সম্পূর্ণ যোগ ও সম্বন্ধচ্যুতি, অথবা অপ্প বা অধিক পরিমাণে প্রখর আইরাইটিস্ এবং প্যান্অপ্থ্যাল্মাইটিস্ (Panophthalmitis) রোগের আশকা ইত্যাদি ঘটনা সভত নি∞চয়ই অভ্যুদিত হইয়া থাকে, ইহা দেখা গিয়াছে; কিন্তু এদিকে যে চক্ষুতে অস্ত্র করা হইয়াছিল, ভাহাতে এবিশ্বিধ কোন প্রকাশ্ব প্রদাহ কার্য্য ঘটিতে দেখা যায় নাই; অথবা যদিও ভাহা সচরাচর ঘটে, কিন্তু সে সকল স্থলে অভি সামান্য প্রকার নাত্র ঘটিয়া ছিল। অপিচ ইহাও দেখা গিয়াছিল

যে, জস্ত যভ বলবান হয়, তাপমানেরও তত অধিক আধিকা হইয়া পাবে; এবং অস্ত্রপ্রক্রিয়ার পর যন্ত শীত্র কোন বাহপদার্থ চকুর্নিবিষ্ট করা হইবে, তাহা সুস্থ চকুতে অন্য চকু অপেকা তত অধিক পরিমাণে প্রদাহ প্রতিরোধ করিতে পারে; এই বিষয় ক্লড বার্ণার্ড সাহেব উল্লেখ করিয়া গিয়াছেন। — ৪ অস্ত্রপ্রক্রিয়ার কিঞ্চিদ্প্রে অথবা অব্যবহিত প্রক্ষণেই मार्ভिकान गारिधियन निकाभन कतितन, निউत्ता-भारतानि कि नामक যে প্রাসদ্ধ ঘটনা মন্তিক্ষাবরণ মধ্যস্থ গ্যাদেরিয়ান গ্যাণ্ফ্রিয়নের (Gasserian gangleon) অব্যবহিত সন্মুখবর্তী পঞ্চম স্নায়ুর বিভাল্পন প্রযুক্ত অভ্যুদিত হইয়া থাকে, ভাহা কখনই ঘটিতে পারে না।—৫ এমত কি, যখন পঞ্চম স্নায়ু ছেদন করিয়া কোন কোন নিউরো-প্যারালিটিক ঘটনা অভ্যাদিত হইয়াছে, তথনও গ্যাংগ্লিয়ন বহিষ্কৃত করিলে, উক্ত ঘটনা সকল কভিপয় দিবসের মধ্যেই ( ছুই দিবসের পর চারি দিনের মধ্যেই) অপনীত হইয়া যায়।—৬ যত দিন পর্যান্ত কর্ণিয়ার উপরিভাগ আত্র, উজ্জ্বল ও মসুণ থাকে, তত দিন পর্য্যন্তই এই সকল ঘটনা ভিরোহিত इहेवांत मञ्जावना थाटक। किन्छ यमि हेलिखिनीय्रास्त अमरनभूछा, কর্ণিয়ার আবিলতা, এবং আইরিসের রক্তাধিক্য এবং ক্ষীতাবস্থা উপস্থিত হইয়া পড়ে, ভবে উক্ত ঘটনা সকল (Phenomena) কোন মতেই অন্তহিত হয় না। - ৭ পঞ্চন স্নায়ু বিভাগ করিলে, চকুর বে সম্পূর্ণ হ্রাস বা বিনাশ সমুপস্থিত হয়, পরিবর্ত্তন সকলের প্রাবলাসগয়ে গ্যাই গ্লিয়নকে নিষ্কাশিত করিলে ভাহা উপস্থিত হইতে পারে না; এ সকল অবস্থা সমভাবে থাকে, অথবা অপে বা অধিক পরিমাণে আরোগ্য হয়। —৮ সিম্প্যাথেটিক্ স্নায়ু ছেদন করিয়া দিলে, পঞ্চন স্নায়ু বিভাজনে উৎপন্ন ওপ্তাধারের, বিশেষতঃ অধরের ক্ষত এবং অক্ষিপুটের ক্ষত, সম্পূর্ণ অপনীত হইয়া যায়।—৯ শেষোক্ত চারি বিষয়ে যে রোগোপশ্ম হইয়া থাকে, তাহাতে চকুকে প্রাপ্তাঘাত হইতে রক্ষিত করিবার নিমিত্ত কোন বিশেষ যত্ন করিবার আবশ্যক হয় না। কারণ, ভাক্তার সিনিজেন্ সাহেব বলেন যে, চক্ষুর যে পাশ্বে অস্ত্রকরা হয়, তাহা উত্তেজনা হইতে রক্ষিত হউক আর নাই হউক, পঞ্চম স্নায়ু বিভাজিত হইলেই নিউরো-প্যারালিটিক্ ঘটনা অবশ্যই অভ্যুদিত হইয়া थारक। - ১० অনেকানেক গুণপরীক্ষাদক্ষ ব্যক্তিরা, পঞ্চ স্নায়ু বিতা-জিত হইবার পর সেই পাশ্ব' যু চক্ষুতে যদ্রপ ভাপমানের লাঘবতা অনু-ভব করিয়াছেন, সিম্প্যাথেটিক্ গ্যাংশ্লিয়নকে পঞ্চম স্নায়ুর সহিত যুগপৎ

নিম্বাশিত করিলে, তাপমানের তদ্রপ লাঘবতা হয় না। ডাঃ সিনি-জেন সাহেব বলেন যে, বোধ হয় শোণিতসঞ্চালনের পরিবর্তনই এই সকল ঘটনার গুঢ় কারণ। পঞ্চম স্নায়ুর বিভান্ধন-জনিত এই নিউরো-প্যারালিটিক্ ঘটনায় সিম্প্যাথেটিক্ গ্যাংশ্লিয়নকে নিম্বাশন করিলে, যে সকল প্রতিবাধক ফলোৎপত্তি (Inhibitory effects) হইয়া থাকে, ভাহা ক্যারোটিড্ ধননীতে লিগেচার বন্ধন অথবা হৃংপিণ্ডের ডিপ্রেসর বা অবসাদক অর্থাৎ নিউনোগ্যাফ্রিক্ (Pneumogastric) স্নায়ুকে উত্তেজিত করিলে অপনীত হইয়া যায় \*।

যে উপায়ে ক্ষোটক উণাশনিত হয়, পূয়োৎপত্তি হইলে এই সকল স্থলে তদমুরূপ চিকিংসা করিতে হয়। কর্ণিয়ার স্বচ্ছ অংশ রক্ষা করিবার নিমিত্ত কথন২ আইরিডেক্টমি অর্থাৎ আইরিস কর্তুন করাও প্রয়োজন হইয়া থাকে।

## ক্ষত এবং তদানুষঙ্গিক বিষয়।

ক্রিরার ক্ষতরোগ বর্ণনার সুবিধার জন্য ছই প্রেণীতে বিভাগ করা গেল; প্রবল এবং নাতিপ্রবল। ডাক্তার ম্যাক্নামারা সাহেব এই ছুই বিভাগকে স্থেনিক এবং য়্যাস্থেনিক অর্থাৎ বলবৎ এবং ক্ষীণ শদেও উল্লেখ করিয়াছেন। যাহাহউক চিকিংসাসময়ে আমরা যে সকল স্থল দেখিতে পাই, তাহাতে এই সকল ক্ষত কোন প্রেণীভুক্ত তাহা প্রভেদ করিতে পারা যায় না। কারণ তাহাদের প্রভেদের কোন নির্দিট লক্ষণ নাই; এবং চিকিৎসাসময়েও ঐ প্রভেদ আবশ্যক বলিয়া বোধ হয় না।

সাধারণতঃ কেরাটাইটিস্ রোগ হইতে কর্ণিয়ার ক্ষত রোগের এই প্রতেদ যে, এই ক্ষতরোগে কর্ণিয়ার অন্তর্ভূত পদার্থের বিনাশ হয় এবং ক্ষত স্বয়ং স্বভাবতঃ আরোগ্যপথে পরিণত হয়। এইরূপে এই ক্ষতরোগে, আমরা কর্ণিয়াকে চিরকালের নিমিত্ত অপায়গ্রস্ত হইতে দেখিতে পাই; এবং ক্থন২ স্থূল ক্ষতকলঙ্ক কিয়া ছিদ্র এবং ক্যাফিলোমা জনিয়া উহার স্বস্থৃতা সম্পূর্ণ বিনাশিত হইয়া য়ায়।

১। কর্ণিয়ায় প্রবল বা স্থেনিক ক্ষত হইলে, ভৎসঙ্গেহ চকুতে ভয়ানক যন্ত্রণা এবং আলোকাতিশয্য উপস্থিত হয়। এই সকল লক্ষ্ণ সময়ে২ এত প্রচণ্ড হয় যে, রোগী চক্ষুরুন্মীলিত করিতে পারে না; করিলে, তৎক্ষণাৎ দরদর ধারায় অঞ্চ প্রবাহিত হইয়া আইনে; এবং অক্ষিপুট স্বেচ্ছাপ্রভিকূলে স্বয়ং মুদিত হইয়া যায়। এইরূপ স্থলে চক্ষুতে অনুক্ষণ যাতনা থাকে এবং শয়নসময়ে সেই যাতনার রুদ্ধি হইয়া রোগীকে অনেকক্ষণ পর্যান্ত নিজিত হইতে ব্যাঘাত প্রদান করে। কেবল চক্ষুতেই যে যাতনা হয় এমত নহে, উহা লগাট এবং মন্তক্ষণ পার্শ্বেও প্রসারিত হইয়া পড়ে।

সচরাচর প্যাল্পিব্রাল্ এবং অবিট্যাল্ কন্ত্রংটাইভায় ভয়ানক রক্তসংঘাত হয় এবং কর্ণিয়াবেষ্টিত স্ক্লারোটিকের রক্তবহা-নাড়ীচক্র গাঢ়রূপে রক্তপূর্ণ হয়। অধিকাংশ স্থলে কর্ণিয়ার সমুদয় ইপিথিলী-য়্যাল্ বা উপস্থান স্তর বন্ধুর ও আবিল হইয়া পড়ে; এবং প্রায়ই উহার ছই এক স্থান ক্ষয়িত এবং বিনাশিত হইয়া যায়। প্রায় প্রত্যেক স্থলেই ক্ষতের গভীরতা, বিস্তীর্ণভা এবং অবস্থিতি বিষয়ে তারতয়্য ঘটিয়া থাকে।

রোগের প্রকৃতি এবং অবস্থানুসারে ক্ষন্ডের আকারেরও প্রভেদ হইয়া থাকে। প্রথমতঃ উহাকে কর্ণিয়ার একটা পাংশুবর্ণ আবিল চিচ্চ্ বলিয়া বোধ হয়। উহা কর্ণিয়ার উপরিভাগ হইতে উন্নত এবং উহার চত্তুঃসীমা ক্রদশঃ কর্ণিয়ার পরিদৃশ্যমান সুস্থ নির্দ্দাণে মিলিত। কিছু-কাল পরে এই চিছ্লের কেন্দ্রন্থল অপকৃষ্ট এবং উৎক্রিপ্ত হইয়া কর্ণিয়ায় একটা গহ্মররূরপে দৃষ্ট হয়। এই ক্ষতের আধার স্থান পরিষ্কৃত ও স্বচ্ছ থাকিতে পারে, বিশেষতঃ নিয়দিকে পশ্চাদ্বর্তী স্থিতিস্থাপক স্তর পর্যান্ত সমুদ্র নির্দ্দাণ ক্ষরিত হইয়া বাইলেও তত্রতা স্বচ্ছতার কোন বাধা হইতে পারে না। কারণ সাধারণতঃ ইহা দেখা যায় যে, পশ্চাদ্বর্তী স্থিতিস্থাপক স্তর এ সকল অপকর্ষক পরিবর্ত্তনকে বিলক্ষণ প্রতিরোধ করিতে পারে; স্কতরাং তত্রপরিস্থ কর্ণিয়ার স্তরান্বিত ঝিলী সম্পূর্ণ বিনাশিত হইয়া যাইলেও উহা সম্পূর্ণ পরিষ্কৃত অবস্থায় থাকিন্তে পারে। এই স্থেনিক ক্ষতের চতুঃসীমা স্ক্র্পেষ্ট; কিন্তু ভঙ্গীন্মান, বক্র ও পাংশু-শ্বেত্বর্ণ।

কত আরোগ্য হইতে আরম্ভ হইলে, উহার পরিধি ক্ষুদ্র হইতে থাকে। সংস্কারকিয়া প্রথমে সীনাভাগেই আরম্ভ হইয়া, ক্রমশঃ অভ্য-স্তর্নিকে ধাবিত হয়। আরোগ্য সময়ে রক্তবহা-নাড়ীসকলকে কর্ণিয়ার উপর কত স্থানের সীমা পর্যান্ত সঞ্চালিত হইতে দেখা যায়, এবং কত যতই আরোগ্য হইতে থাকে, উহারাও ততই ক্ষীণ হইতে থাকে। ইপিথিলীয়্যাল কোষ সকল পুনর্নির্দ্মিত হইলে, রোগী ইতিপূর্বের্ব যে সকল যন্ত্রণা এবং আলোকাতিশগ্য সহ্য করিয়া আসিতেছিল, তাহা হইতে সম্পূর্ণ শাস্তিলাভ করে।

কর্ণিয়ার ক্ষন্ত যে সকল আকার থারণ করে, তৎসমুদয় বর্ণনা করা অন্তান্ত অসম্ভব। কিন্তু তন্মপ্রো কয়েক প্রকার চিকিৎসাসনয়ে এত সচরাচর দেখিতে পাওয়া যায় যে, তদ্বিষয়ে কিঞ্চিৎ বর্ণনা করা আব-শাক বোধ হইতেছে। এই সকলের মধ্যে কর্ণিয়ার উঞ্চীষবৎ (Crescentic) ক্ষত অত্যন্ত তয়ানক ও কৃছুসাপ্য রোগ। উহারা মণ্ডলাকারে কর্ণিয়ার প্রান্তভাগ হইতে আরক্ষ হয়; এবং দেখিলে বোধ হয় যে, কর্ণয়া হইতে এক অতি ক্ষুদ্র অংশ উৎকীর্ণ করিয়া লওয়া হইয়াছে। এই সকল ক্ষত কেবল কর্ণিয়ার পরিধি বেন্টন করিয়াই বিস্তৃত হইয়া থাকে এমত নহে, উহারা কর্ণয়াকে ক্ষয়িতও করে; স্কুতরাৎ কর্ণয়ার মধ্যস্থানে আর কোন পরিপোষক পদার্থ আসিতে না পারায়, তদংশ সহজেই বিচ্যুত হয়। এই সকল ক্ষতের পরিণতি যদিও পিউরিউলেন্ট কনজংটিভাইটিস্ রোগজ ক্ষত সকলের সমান, তথাপি তাহার। কন্জংটিভাইটিস্ রোগজ ক্ষত সকলের সমান, তথাপি তাহার। কন্জংটিভাই প্রান্তিরেকে স্বয়ং অভ্যুদিত হইতে পারে।

অন্যান্য স্থলে এই ক্ষত ফনেলের ন্যায় ক্রম সঙ্কীর্ণ; উহা গভীর রূপে কর্ণিয়ার অভ্যন্তরে বিস্তৃত হয়, এবং আনরা যতই কেন উপ-শনের চেন্টা করি না, উহারা প্রায়ই কর্ণিয়াকে বিদ্ধ করিয়া থাকে।

২। নাতিপ্রবল অথবা য়াতে নিক কত। কর্ণিয়ার প্রবল কত রোগে চক্ষুতে যদ্রপ ধাতনা, আলোকভীতি এবং অপরাপর উত্তেজক লক্ষণ উপস্থিত হইয়া থাকে, নাতিপ্রবল রোগে তদ্রপ কিছুই দেখিতে পাওয়া যায় না। ইহাতে স্ক্লারোটিক কিয়া কন্জংটাইভার রক্ত-বহানাড়ীসমূহে অধিকতর রক্তসংঘাত প্রায়ই হয় না। কতক্রিয়া অতিদীর্ঘকালব্যাপী এবং বিরক্তিকর। কিন্তু সোভাগ্যক্রমে, এইরপ কতরোগে কর্ণিয়ার গভীরতর স্তর সকল অপতর পরিমাণে পীড়িত হয় স্তরাং ইহাতে ট্যাফিলোমা হইবার প্রায়ই সম্ভাবনা থাকে না।

এই য়াত্রেনিক কত সচরাচর অগভীর অর্থাৎ উপরিভাগেই আবদ্ধ থাকে; উহাদের প্রান্তদেশ উত্তমরূপে সীমাবদ্ধ এবং অতিশায় পাতলা; দেখিলে বোধ হয় যেন, কিয়দংশ কর্ণিয়া উৎকীর্ণ হইয়াছে। কন্ত্রুংটাইভা হইতে কোন রক্তবহানাড়ী উহার উপর গতায়াত করে না। বাস্তবিক উক্ত অংশের কোন কার্যাই উপলব্ধি হয় না। ক্ষড় আরোগ্য অথবা বর্দ্ধিত কিছুই হইতে থাকে না; হইলেও ভাহা অভি মৃত্রগতিতে হইয়া থাকে।

ভাবিফল।—প্ররল বা নাজিপ্রবল অবস্থা বিবেচনা না করিয়া ক্ষত স্থানের গভীরতা এবং অবস্থান বিবেচনা করিয়াই এই রোগের ভাবিফল স্থিনীকৃত হয়। এই নিমিত্ত নাজিপ্রবল স্থলেও ক্ষত দীর্ঘন স্থায়ী থাকে বলিয়া, পশ্চাদ্রভী স্থিতিস্থাপক স্থর পীড়িত হইয়া, পরিশেষে চক্ষুর অভ্যন্তরস্থ নির্দ্মাণও পীড়িত হইয়া পড়ে। বাস্তবিক এই সকল ঘটনা প্রবল ক্ষত রোগে সভত ঘটিবার সম্ভাবনা আছে। কারণ, প্রবল ক্ষতসকল কেবল আয়তনে বিস্তৃত হয় এমত নহে, উহারা কর্ণিয়ার গভীর পদ্দা সকলকেও পীড়িত করিয়া তুলে।

অপিচ, প্রবল ক্ষত রোগের গতি অত্যন্ত প্রবল বলিয়া, উহা একবার আরোগ্য হইতে আরম্ভ হইলে সত্ত্রই আরোগ্য হইয়া পড়ে। শুভ
সংস্কার হইতে আরম্ভ হয়; সুতরাং ভাবিফলও শুভজনক। কিন্তু
প্রবল অথবা নাভিপ্রবল ক্ষত কারণে যদি কর্নিয়ার অত্যন্তরবর্তী পদার্থের বিনাশ হয়, তবে বিনাশিত স্থান অপ্প বা অধিক পরিমাণে
আবিল হইয়া চিরকালের নিমিত্ত রোগের চিহ্নস্বরূপ হইয়া রহে।
আর যদি এই আবিলতা দৃষ্টিমের স্থলে জয়েয়, তবে রোগীর দৃষ্টিও
চিরকালের নিমিত্ত মন্দ হইয়া যায়। কৃত্রিম কনীনিকা প্রস্তুত করিলে
আনেক সুবিধা হইতে পারে, কিন্তু তথাপি ক্ষতোৎপন্ন অপায় চিরকলস্ক-স্বরূপ হইয়া রহে।

ছুর্ভাগ্যক্রমে, উল্লিখিত মন্দ ঘটনা সকল ঘটিয়াই যে কর্ণিয়ার ক্ষত রোগ নিঃশেবিত হয় এমত নহে। গভীর ক্ষত সকলের স্থানে ঘন ক্ষত কলঙ্কিত টিমু উৎপন্ন হইবার বিলক্ষণ আশস্কা আছে, এবং ক্ষতের আধার স্থানস্থ পাতলা কর্ণিয়াও চক্ষুর আভান্তরীণ প্রতিচাপে ফাটিয়া যাইতে পারে; সুতরাং তাহাতে কর্ণিয়া এবং আইরিসের ফ্ট্যাফিলোমা হইয়া পড়ে।

অভ এব ভাবিফল স্থির করিতে হইলে ক্ষতের অবস্থান এবং গভী-রভা-বিষয়ে সভভ বিবেচনা করিতে হয়। অগভীর ক্ষত সকল আরোগ্য ছইলে তৎস্থান পূর্ম্ববং স্বচ্ছাবস্থা প্রাপ্ত হইতে পারে, কিন্তু গভীর ক্ষত সকলের ফল সকল অভিক্রম করা অতিশয় ছঃসাধ্য। গভীর ক্ষত রোগে, যদি ক্ষত কর্ণিয়ার কেন্দ্র স্থল পর্যান্ত বিস্তৃত না হয়, তবে উহাতে অপেক্ষাকৃত অপ অপকারের সন্তাবনা আছে। কিন্তু কর্ণিয়ার ক্ষণিতা প্রযুক্ত যদি উ্যাফিলোমা হইয়া পড়ে, তবে যদিও চক্ষু একেবারে বিনা-শিত না হয়, কিন্তু তদ্বারা আইরিস পর্যান্ত আক্রান্ত হইয়া ভয়ানক বিপদ ও মন্দ ঘটনা উপস্থিত হইতে পারে। আইরিসের এই হুর্ঘটনার বিষয় আমি ইতিপরেই বর্ণনা করিব।

চিকিৎ না।—ভাবিফলতত্ত্ব যেরপে বর্ণিত হইল, তদ্বারা ইহা
স্পান্টই বুঝা যাইতেছে যে, যাহাতে ক্ষত আয়তনে অথবা গভীরতায়
বিদ্ধিত না হয়, চিকিৎসা সময়ে তদ্বিষয়েই আমাদিগকে চেন্টা দেখিতে
হয়। কারণ, ক্ষত ঐরপ বিস্তীর্ণ হইলে, পরিণানে কর্ণিয়ার স্বচ্ছতার
হানি জন্মিতে পারে।

আঘাত-জনিত হল (Traumatic cases) অথবা কনজংটিভাইটিস্ রোগজ হল ব্যতীত অধিকাংশ ক্ষত রোগে, রোগী শারীরিক অত্যন্ত অসুস্থ থাকে \*। শারীরের যে ক্ষমতা দারা আহার্য্য বস্তু পুর্ফিশাধক হইয়া থাকে এবং অবাধে জীর্ণ হইয়া উপযুক্ত শোণিতপ্রদ হয়, † এই রোগে সেই ক্ষমতার উন্নতি করিয়া রোগাক্রমণ করা যাদৃশ প্রয়োজ-নীয়, চক্ষুর অপর কোন পীড়ায় উহা তাদৃশ প্রয়োজনীয় নহে। সাধা-রণতঃ টনিক্ এবং যে গকল চিকিৎসা দারা শারীরে বল প্রাপ্ত হওয়া যায়, তদমুষ্ঠান করাই বিধেয়। প্রবল ও নাতিপ্রবল উভয়বিধ কর্ণিয়ার ক্ষতরোগে, আইরণ এবং কুইনাইন, উত্তম থাদ্য, পরিক্ষার পরিক্ষদ এবং বিশুদ্ধ বায়ুসেবন ইত্যাদি রোগোপশ্য করিতে প্রয়োজন হইয়া থাকে।

যেন্থলে চক্ষুতে অপরিনিত যাতনা ও উত্তেজনা উপদর্গীভূত হয়, তথায় আফিন্স দেবন করিলে মহৎ উপকার দর্শে। বাস্তবিক প্রবল প্রেণীস্থ রোগে উহা সচরাচর বিশেষ উপকারসাধন কবিয়া থাকে। ডাক্তার ম্যাক্নামারা সাহেব সচরাচর প্রৌচ ব্যক্তিদিগকে ১ গ্রেণ পরিমিত আফিন্স ছয় ঘন্টা অন্তর সেবন করিতে বিধান করিয়া থাকেন, প্রবং কথন কথন উহাতে সোডা এবং কুইনাইন মিপ্রিত করিয়া সেবন

<sup>\* &</sup>quot;Lectures on Diseases of the Eye," by J. Morgan, 2nd edition, p. 111.

<sup>†</sup> Assimilative and nutritive functions of the body.

করিতেও বলেন। কিন্তু যে কোন উপায়ে হউক না কেন, আফিলের মাদকতা দ্বারা অভিভূত হওয়া আবশ্যক। ঐ সঙ্গে সঙ্গে প্রভাহ তিন কিয়া চারি বার চক্ষুতে য়াট্রোপীন্ সলিউশন্ ফোটা২ করিয়া প্রদান করা বিধেয়; এবং কপোল ও জ্বদেশে এক্ট্রাক্ট অব বেলাডোনা লেপন করিয়া পাতলা প্যাড ও ব্যাণ্ডেক দ্বারা চক্ষুকে শিথিলভাবে আবদ্ধ রাখা সর্বতোভাবে প্রয়োজনীয়।

পীড়িত কর্ণিয়াকে বিপ্রান্ত রাখাই উল্লিখিত সমুদায় অনুষ্ঠানের অভিপ্রায়। আফিন্ধ দারা স্নায়ু এবং রক্তবহানাড়ীর উত্তেজনা নিবারিত হয়, সুভরাং রোগী সহজেই নিদ্রা যাইতে পারে। ফার্ট্রোণ্পীন দারা আইরিস পশ্চাদাকর্ষিত হয়; এবং উহার উপরিভাগ হইতে যে রস অস্ত হয়, তাহার এবং সঞ্চিত য়্যাকিউয়সের পরিমাণেরও লাঘব হয়; এবং এই ঘটনা দারা চক্ষুর আভ্যন্তরীণ প্রভিচাপ লঘু হইয়া কর্ণিয়ার বিতান অপনয়ন করে। পরিশেষে, অক্ষিপুটদ্বয়কে মুদিত রাখায়, আলোক প্রবেশ করিয়া চক্ষুকে উত্তেজিত করিতে পারে না এবং ভদ্বারা ক্ষত কর্ণিয়াও ঘর্ষিত হইতে পায় না। ইহা আনাদের শ্বরণ রাখা উচিত যে, অনেকানেক স্থলে কেবল উল্লিখিত উপায় গুলি দারাই উক্ত ক্ষত রোগ নিরাময় হয় না। তত্তংস্থলে বায়ু পরিবর্ত্তন এবং টনিক্ ঔষধের বশ্বর্তী হইতেও হয়।

প্রবল শ্রেণীস্থ ক্ষত রোগে ক্ষত স্থানে নাইটেট্ অব্ দিল্ভার, বিশেষভঃ সলিড্ নাইটেট্ অব্ দিল্ভার কথনই প্রয়োজ্য হইতে পারে না। অভিজ্ঞ ও হস্তনিপুণ চিকিৎসকেরা কথনই ডায়েলিউট্ কটিক্ পেন্দিল্ সত্ত্র-পরিবর্দ্ধিনান কর্ণিয়ার ক্ষতোপরি আস্তেই বুলাইয়া অনেক উপকার দর্শাইতে পারেন। যাহাইউক, অধিকাংশ স্থলে নাইটেট দিল্ভার ব্যবহারে উপকার অপেক্ষা প্রায়ই অপকার দর্শিয়া থাকে। সাধারণতঃ, ডাক্তার ম্যাক্নামারা সাহেব এরপ স্থলে উক্ত ঔষধ ব্যবহার করিতে অনুমোদন করেন না \*। বাস্তবিক কর্ণিয়ার ক্ষতরোগে য্যাট্রোপীন সলিউশন ব্যতিরেকে অন্যান্য সমুদায় লোশন এবং প্রলেপন (Application) চক্ষুতে ব্যবহার করা কোন মতেই উপযুক্ত বলিয়া বোধ হয় না; বিশেষতঃ যদি কর্ণিয়ার পরিধিভাগ হইতে ক্ষতপ্রান্তিমুথে রক্তবহা-নাড়ী সকলকে ভ্রামিত হইতে দেখা যায়, তবে এই নিষেধ ও আদেশ বিধি অনুসারে কার্য্য করা অরশ্য কর্ত্ব্য কর্ম।

<sup>\* &</sup>quot;Iconographic Ophthalmologique," par J. Sichel, p. 365.

এন্দ্রেল এরূপও জিজ্ঞান্য হইতে পারে যে, কণিয়ার পরিবর্জনান কর রোগের গতি নিবারণ করিতে চক্লুকে বিশ্রান প্রদান এবং রোগীকে সবল ও সুস্থাবস্থায় (Hygienic condition) আনমন করা বাতীত অন্য কোন উপায় অবলয়ন করা কি যায় না ? বোধ হয় করা যায় । ডাক্রার ম্যাক্নানারা সাহের বলেন যে, অন্তর্মবর্তী পদার্থের বিনাশজনিত কর্ণিয়ার অক্ষ্রভাবিষয়ে ইতিপুর্মে যাহাহ লিখিত হইয়াছে, ভাহা য়য়ঀ রাখিয়া, ইহা বিবেচনা হয় যে, কর্ণয়ার যে অংশে কত হইয়াছে, ভাহা অবশাই অবছে হইবে; সুতরাং তৎপশ্চাদ্বর্তী আইরিসের বিদ্যানাতায় কোন প্রকার কলোদয়ই নাই । উহা থাকা আর না থাকা তুলারূপ। এইরূপ আবিদান করিয়া কর্ণয়ার এতদ্রূপ বর্জনান এবং কেল্রাভীতস্থ (Eccentric) ক্ষত্ত রোগে, যদি অন্যান্য উপশ্রোপায় বিকল হইয়া যায়, তবে আইরিসকে নিক্ষাশিত করা যে শ্রেয়ঃ ইহা সকলেই অনুমোদন করিয়া থাকেন। কর্ণয়ার অছ্ব অংশের পশ্চাৎ হইতে আইরিসকে নিক্ষাশিত করিলে, তংস্থান কৃত্রিম ক্নীনিকার ন্যায়্

ইতিপূর্বে সপিউরেটিভ কেরাটাইটিন্ রোগে যে২ নিয়ম অবলম্বন করিয়। আইরিস্ কর্ত্তন করিতে হয়, এন্থলে আইরিস্ কর্ত্তন করিতেও সেই২ নিয়ম অবলম্বন করা উচিত। এই অন্ত্রপ্রক্রিয়া অত্যন্ত ভয়ানক বলিয়া, যেন্থলে অন্যান্য চিকিৎসাপ্রণালী দ্বারা কোনপ্রকার উপকার দর্শে না, কেবল তথায়ই উহা অবলম্বন করিতে হয়। যদি উপযুক্ত বিবেচনার সহিত অবলম্বিত হয়, তবে এতদ্বারা রোগীয় যাতন। উপশম হইয়া থাকে। সত্তর রদ্ধিশীল ক্ষত সকল অন্ত্র করিবার পর হইতেই সুস্থাবস্থা গ্রহণ করিতে থাকে; এবং পরিশেষে শুভপরিণামে পর্যাব্রনাত হইবারও অনেক সন্ত্রাবনা থাকে।

যাহাইউক, মনে কর, ক্ষত সত্তর বিদ্ধিত ইইতেছে না, এবং লক্ষণ সকল দেখিয়া আইরিডেক্টনী অস্ত্রপ্রক্রিয়ার সদৃশ গুরুতর অস্ত্রপ্রক্রিয়ার আবশ্যক বোধ হয় না, এনত স্থলে একটা প্রশস্ত নিড্ল লইয়া য়্যান্টেরিয়র চেম্বারে নিমজ্জিত করতঃ ম্যাকিউয়স্ হিউমারকে বহির্গত ইইতে দেওয়া উচিত; তাহা হইলে ষ্ট্যাফিলোমা কিম্বা কর্ণিয়াছিদ্রিত ইইতে পারে না। এইরূপে আমরা কর্ণিয়ার অতিরিক্ত বিতান তিরোহিত করিয়া দিই; সুতরাং ক্ষত স্থানের পাতলা নির্মাণ ভেদ করতঃ য়্যাকিউয়স্ পদার্থ বহির্গত হইতেও অপ্প অবকাশ প্রাপ্ত হয়।

এই সকল অবস্থায় প্যারাসেনেটিসিস অর্থাৎ কর্ণিয়াকে কেন্দ্রন্তল ছিদ্রিত করিয়া য়াকিউয়্ম পদার্থ নির্গত করিতে হইলে, নিডলের অগ্রভাগ ঠিক ক্ষত স্থানের তলদেশ দিয়া কেবল ম্যান্টেরিয়র চেম্বার মধ্যে নিমজ্জিত করিতে হয়; নতুবা আইরিস্ এবং এমত কি, লেস পর্যান্তও আঘাতিত হইতে পারে। প্যারাদেন্টেসিস্ সম্পাদন করিবার পূর্বের, কর্ণিয়ার গভীরতর স্তরসকল অগ্রে পীড়িত হউক বলিয়া অপেক। করা কোন মতেই বৈধ হয় না। বরঞ্চ উক্ত গভীরতর স্তর সকল পীড়িত হইবার পূর্ব্বেই এই অস্ত্রপ্রক্রিয়া সম্পাদন করিলে অনেক উপকার দর্শিতে পারে। কারণ, তাহা হইলে উক্ত নিডলের স্থলতামু-সারে কর্ণিয়ায় ছিদ্র হয়; নতুবা ক্ষত স্থানের তলদেশ ফাটিয়া পিয়া ব্লহৎ ছিদ্র উৎপন্ন হইতে পারে। স্থক্ষ একটা নিড্ল দারা এই বিদারণ করা আবশাক। কারণ, তাহা হইলে য়াকিউয়স্ অপে২ বহির্গত হয়। এদিকে, যেমন য়ৢৢাকিউয়স্ নিঃসৃত হইয়া পড়িতে থাকে, আইরিস্ও তৎসজে২ ক্রমশঃ সম্মুখদিকে অগ্রসর হইতে পাকে; এবং পরিশেষে কর্ণিয়ার উক্ত ছিদ্র পর্যান্ত আসিয়া ক্ষান্ত হয়। এই স্থানে উহ। নিওপ্লাফ্টিক্ ফর্মেশনস্ব। নবোদগত বিন্তুনিচয় দার। কর্ণিয়ায় সংযুক্ত হইতে পারে, এরপত বিলক্ষণ সম্ভাবনা আছে। কিন্তু যখন কণিয়ার উক্ত ছিদ্র রুদ্ধ হইয়া যায়, তখন য়াকিউয়স্ আইরিস্ ও লেন্সকে স্বস্থানে প্রত্যাবৃত্ত করায়; নবোগদত বিন্ফুনিচয় তাহাতে কোন প্রতিবাধা প্রদান করিতে পারে না। ক্ষত স্থান বিদ্ধ করিবার কতি-পায় দিবস পারে, যদি দেখা যায় যে, উহার আধার-দেশ পুনরায় স্ফীত তবে পুনরায় প্যারাদেনেসিম্ করা বৈধ; এবং স্থলবিশেষে উক্ত প্রক্রিয়া এই তুই বারের অধিক বারও সম্পাদন করিতে হয়। যে২ সময়ে কর্ণিয়াকে ছিদ্রিত করিতে হয়, তাহার প্রত্যেক সময়েই অক্ষিপুটে এবং करिशानरमा अक् हो। कहे अव् तिनारिशन। अथवा ग्राटिशिन अरम-নি মেনি অক্ষণ করা উচিত; এবং চক্ষুকে সাবধান পূর্বক হালকা কম্প্রেস্ এবং ব্যাপ্তেন্দ দারা সভত মুদিত রাখা বিধেয়।

ক্ষত নাতিপ্রবল ( য়ার্যান্থেনিক ) প্রকারের হইলে, অর্থাৎ আরোগা হইতে না থাকিলে, এবং কন্জংটাইভা হইতে কোনং রক্তবহা-নাড়ী তথায় গমন না করিলে, প্রত্যহ এক বা ছই বার করিয়া ক্রমাগত এক ঘন্টা কাল পর্যান্ত অক্ষিপুটোপরি উত্তপ্ত কম্প্রেস্ বন্ধন করিয়া উক্ত স্থান উত্তেজিত করা বিধেয়। অথবা, সময়ে২ ক্ষত স্থানে ক্যালোমেল্ চূর্ণবং প্রদান করিলেও অনেক উপকার দর্শিতে পারে।

দীর্ঘকালস্থায়ী কর্নিয়ার এই সকল ক্ষতরোগ পুনরংপন হইতেও পারে। মিন্টার ক্রিচেট্ সাহেব এই সকল স্থলে সিটন ((Seton) ব্যব-হার করিতে অনুমতি দিয়া থাকেন। কেশের নিম্নে টেম্পোর্যাল রিজন অর্থাৎ কপোলবিভাগের কোন নির্দ্দিন্ট স্থানে একটা নিডলে শক্ত রেশন বা পশনের স্ত্র প্রবেশিত করিয়া, উক্ত নিডল্ দারা প্রায় ১ ইঞ্চি পরিনিত ত্বক্ অবরোধ করতঃ, পরে অবরুদ্ধ স্থান বেন্টন করিয়া উক্ত স্ত্র বন্ধন করিতে হয়। প্রাতঃ সন্ধ্যা তুইবার ইহার পরিবর্ত্তন অর্থাৎ ডেসিং করিতে হয়। সচরাচর তুই কিয়া তিন মাস পর্যান্ত এই স্থান দিয়া ক্লেদ নির্গত হইতে থাকে; তৎপরে, হয় উহা কর্ত্তিত হইয়া পড়ে, নতুবা উক্ত স্থান শুক্ষ হইয়া যায়।

কিন্তু যদি কর্ণিয়ায় রক্তবহানাড়ী সমাবিক্ট হইতে থাকে, অর্থাৎ উহার পরিধিভাগ হইতে ক্ষতসীমা পর্যান্ত গমন করে, তবে কিয়দিনের নিমিত্ত কোন প্রকার চিকিৎসা না করিয়া কেবল কনীনিকাকে
প্রসারিত এবং চক্লুকে কম্প্রেস এবং ব্যাণ্ডেজ দ্বারা দৃঢ়ভাবে মুদ্রিত
রাখা বিধেয়। বায়ু পরিবর্ত্তন, নিয়মিত সৎপথ্য আহার, এবং শারীরিক স্বাস্থ্যবন্ধিক সর্বপ্রকার উপায় অবলম্বন করিলে, ক্ষত নীত্রহ উপশমিত হইতে পারে। বাস্তবিক এই সমুদায় ব্যতিরেকে স্থানীয় ঔষধাদি
অনেক সময়ে কোন কার্য্যকারক হয় না।

যে হলে এই ক্ষতরোগের সঙ্গেই কর্ণিয়া ছিদ্রিত ইইয়া পড়ে, তথায় যে উপায়ে চিকিৎসা করিতে হয়, তাহা পাঠকগণ আইরিসের প্রোল্যাপ্স্ (Prolapse) বা বহিঃপতন নামক প্রকরণ পাঠ করিলেই জানিতে পারিবেন।

কর্নিরার হার্নিরা (Hernia) বা বিবৃদ্ধি।—কর্নিরার পশ্চাদ্বর্ত্তী স্থিতিস্থাপক স্তর যদি ক্ষতবিনাশিত বাহস্তর সকলের অভ্যন্তর দিয়া উন্নতাকারে বহির্গত হইয়া আইসে, তবে তাহাকে কর্নিয়ার হার্নিয়া বা বিরৃদ্ধি শব্দে অভিহিত করা যায়। বিনাশক পরিবর্ত্তন উক্ত স্থিতিস্থাপক স্তরকে আক্রমণ করিতে পারে না; স্তরাং কর্নিয়ার স্তরান্থিত (Laminated) টিমু বিনাশিত হইলেও উহা অরুয় অবস্থায় থাকিতে পারে; এবং পশ্চাদ্দিক হইতে বহির্দ্ধিগভিমুখে য়াকিউয়সের প্রতিচাপ স্থারা বেগ প্রাপ্ত হইয়া, কর্নিয়ার উপ্রিভাগে উন্নত হওতঃ কাচস্বচ্ছ ও

উজ্জ্বল একটা ক্ষুদ্র গ্রন্থিকের ন্যায় প্রতীয়দান হয়। ক্ষতের ভদ্দীনান সীমার অভ্যন্তর দিয়া সমুখিত এই টিউদারের স্বচ্ছ আকৃতি দেখিয়া আমরা রোগের প্রকৃত্তি অনায়াসেই নির্ণয় করিতে পারি।

পশ্চাদ্র্তী ন্থিতিস্থাপক স্তর অত্যন্ত পাতলা বলিয়া, যখন হার্ণিয়া হয়, তথন চক্ষুতে সামান্য চাপ প্রদান করিলেও উহা কাটিয়া যাইতে পারে। এই হেতু কর্নিয়ার হার্নিয়া রোগ অত্যণ্প কাল মাত্র স্থায়ী থাকে; এবং অতি কদাচিৎ চ্টিগোচর হয়। কারণ, কর্নিয়ার পশ্চাদ্র্তী স্থিতিস্থাপক স্তর সচরাচর য়্যাকিউয়ন্সের প্রসারক বেগ সহ্থ করিতে না পারায়, ছিন্ন হইয়া পড়ে; এবং কর্নিয়ার হার্নিয়া বা বিরুদ্ধির পরিবর্ত্তে আইরিস প্রোল্যাপ্স বা বহিঃপতিত হয়। সে যাহা হউক, এই হার্নিয়া কতিপয় সপ্তাহ পর্যন্ত অবস্থিত থাকে এবং অবশ্বে ক্রমশঃ ক্ষতকলক্ষ্মত টিসুতে পরিবর্ত্তিত হয়।

চিকিৎসা।—রোগীকে ক্লোরোফর্মের অধীনে আনিয়া এক-খানি উপস্পেকিউন্স্ চকুতে উপযুক্তরূপে নিহিত করতঃ, একটা প্রশস্ত নিডল্ নামক অস্ত্র কর্ণিয়ার অভ্যন্তরে নিমজ্জিত ও তাহার প্রান্তদেশ নত করিয়া, আস্তে আস্তে য়্যাকিউয়্স্ পদার্থ নিঃস্ত করা বিধেয়। তৎপরে নিডল্ বহিস্কৃত করিয়া য়্যাট্রোপীনের কোন সলিউশন্ চক্তুতে কোটা কোটা প্রদান করতঃ অক্লিপুট মুদিত রাখিয়া, ততুপরি কম্প্রেম এবং ব্যান্ডেজ প্রায় আটচলিশ ঘন্টা পর্যান্ত চ্চবদ্ধ করিয়া রাখিতে হয়। অতঃপর চক্তুকে পরীক্ষা করা যাইতে পারে। কিন্তু এখনও আরো কিছু দিন পর্যান্ত কম্প্রেম ব্যবহার করা উত্তম পরামর্শ।

এইরপ চিকিৎসা করিবার প্রয়োজন এই যে, এভদ্বারা য়াকিউয়ন পদার্থ নিঃসৃত হইয়া কণিয়ার হার্ণিয়া অর্থাৎ পশ্চাদ্বর্তী স্থিতিস্থাপক স্তরকে স্বস্থানে প্রত্যাবৃত্ত করায়; এবং যত দিন পর্যান্ত তর্পরি ক্ষতকলক্ষিত টিসু সমুৎপাদিত না হয়়, ভতদিন পর্যান্ত উহাকে তদব-স্থানে কম্প্রেস দ্বারা স্থায়ী রাখা উচিত। ক্ষত শুখাইয়া যাইতে না থাকিলে, অক্ষিপুটোপরি কম্প্রেস বা ব্যাণ্ডেল বন্ধন করিবার পূর্কো ক্ষত স্থানের সামাভাগে ডায়েলিউট্ ক্ষিক্ পেন্সিল্ স্পৃষ্ট করিয়া তৎস্থানকে উদ্রুক্ত করিয়া দিতে হয়।

আটিচল্লিশ ঘন্টার পার, যখন আনরা অকিপুট উন্নীলিভ করিয়া দেখি, ভখন উহাতে পুনর্কার হার্ণিয়া উৎপান হইতেও কখন কখন দেখিতে পাই। হার্নিয়া পুনর্মার হইলে, উহাতে পুনর্মার পারান্দেন্টেসিন্ বা কেন্দ্রভেদ অস্ত্রোপচারের আবশাক হইয়া থাকে; এবং ভৎপরে কফিক পেন্দিল্ স্পৃষ্ট করিয়া চক্লুকে দৃঢ় কম্প্রোন্থ ও ব্যাণ্ডেজ দারা রুদ্ধ করিয়া রাখা উচিত। এইরূপ চিকিৎসায় পর্যাপ্ত পরিনাণে প্রদাহ উদ্রিক্ত হইয়া ক্ষত স্থানের হানিকর পরিবর্ত্তন নকল বিনাশিত হইয়া যায়। ইহাতে ক্ষতস্থান যদিও চিরকালের নিমিত্ত কলক্ষিত হইয়া রহে, তথাপি সেই কলক্ষ দ্বারা আইরিসের প্রোল্যাপ্স্বা বহিঃপত্তন এবং তদানুষ্দ্রিক নন্দ অবস্থা সকল ঘটতে পারে না।

কর্ণিয়া এবং আইরিসের উ্যাফিলোমা (Staphyloma) ।—

যদি কর্ণিয়ার সৌত্রিক নির্দাণের প্রতিবাধাপ্রদায়িনী শক্তি বিনট

হইয়া যায়, অথবা ক্ষতক্রিয়া দারা যথেই ক্রীণ হইয়া পড়ে, ভবে স্তরা
বিত টিসুর ক্ষতাবশিই ভাগ এবং পশ্চাদর্ভী স্থিতিস্থাপক স্তর য়্যাকিউ
য়সের প্রসারক বেগ সহ্থ করিতে না পারিয়া সন্মুখদিকে অপ্প বা অধিক
পরিমাণে স্ক্রীত হইয়া উঠে। ইহাকেই আমরা কর্ণিয়ার ই্যাফিলোমা

কহিয়া থাকি।

আইরিস এবং কর্ণিয়ার পরস্পর অবস্থান বিবেচনা করিয়া, ইছা দেখা যাইতেছে যে, যখন কর্ণিয়ার আংশিক বহিঃসরণ উপস্থিত হয়, তখন আইরিস ঐ বহিঃসরণের সঙ্গে সঙ্গে সন্মুখদিকে আকৃষ্ট হইতে পারে। অধিকন্ত, এইরূপে অধিকাংশ হলে, উক্ত ফ্ট্যাফিলোনার নর্ব্বাগ্রদেশে একটা ক্ষুদ্র ছিদ্র হইয়া, তয়প্য দিয়া য়্যাকিউয়স্ প্রবাহিত হইয়া পড়ে; অথবা কর্ণিয়ার যে অংশ পাতলা হইয়া গিয়াছে, তাহার অভ্যন্তর দিয়া উক্ত য়্যাকিউয়স্ ছাঁকিয়া ২০শ, প্রতিকৃতি।

অভ্যন্তর দিয়া ডক্ত য়্যানিড্য়স্ ছানিয়া আদিয়া নিঃসৃত হইতে থাকে। এই উভয়-বিধ স্থলেই য়্যান্টেরিয়র চেমার শূন্যগর্ভ হত্তয়ায়, ভিট্রিয় লেককে ঠেলিতে থাকে, এবং আইরিস লেকের সঙ্গে সঙ্গে অগ্রনর হইয়া আদিয়া কর্ণিয়ায় লগ্ন হইয়া যায়। আইরিস এইরূপে উক্ত বহিঃসরণের অন্তর্ভা-গোপরি জড়িত, সংযুক্ত ও দূঢ়রূপে একত্রীভূত হইয়া পড়ে; (২০শ, প্রতিকৃতি দেখ)।

উহার বাছ উপরিভাগ এক প্রকার সৌত্রিক (ক্ষতকলক্ষিত) টিমু দারা

অচ্ছাদিত হয়। এই প্রকারে উক্ত ফ্যাফিলোমা এক প্রকার ঘন অস্তত্ত্ব আকার ধারণ করে এবং উহার অভ্যস্তরদেশ কিয়দংশ আইরিসের দ্বারা আত্মত থাকে \*।

এবিষধ দ্যাফিলোমা প্রায়ই নানাবিধ আকারের হইয়া থাকে।
উহা কখন কখন এত বৃহৎ হয় যে, তাহা অক্ষিপুটদ্বয়ের অন্তর্গল
দিয়া বহির্গত হইয়া আইদে; এবং কখন২ এত ক্ষুদ্র হয় যে, তাহা চিক্
একটা আল্পিনের মন্তক সদৃশ। উহাদের আবরণের বেধেরও তারতম্য
ঘটে। কারণ, অনেকানেক স্থলে দ্যাফিলোমার শিখরভাগ অত্যন্ত
পাতলা হয়; এদিকে অপরাপর স্থলে, তাহা অপেকাফৃত স্থল বলিয়া
দৃষ্ট হয়। উহাতে অধিক পরিমাণে কোলেটেরীণ (Cholesterine)
অন্তর্ভ থাকিতে দেখা যায়।

ইতিপূর্বেই উল্লিখিত হইয়াছে যে, ফ্যাফিলোমার শিখরভাগ বিক্ষত হইতে পারে, এবং একটা ফিশ্চালা বা নালী হইয়া ভন্মধ্য দিয়া য়্যাকিউয়স্ প্রবাহিত হইয়া আইসে। অথবা, ফ্যাফিলোমা ফাটিয়া গিয়া, সেই ফাটলের মধ্য দিয়া লেন্স এবং বাস্তবিক অক্ষিণোলকের অভ্যন্তরস্থ সমুদয় পদার্থ নির্গত হইয়া পড়িতে পারে। ভংপরে অকিগোলক আকুঞ্চিত হইয়া স্বকীয় কোটর মধ্যে মগ্ল হয়।

কখন২ এক কর্ণিয়াতেই একাধিক ফ্রাফিলোমা উৎপন্ন হইতে দেখা যায়। উহা দেখিতে চিক ব্রাম্বলবেরী (Bramble-berry) ফলের ন্যায়। ফ্রাফিলোমা উদিত হইবার পূর্বের, কতকগুলি ক্ষত উৎপন্ন হইয়া কর্ণিয়ার এতদবস্থা ঘটাইয়া দেয়। ঐ সকল ক্ষত অনেকানেক স্থানে চক্ষুর আভ্যন্তরীণ প্রতিচাপ সহ্য করিতে পারে না, সুতরাং উহাদের পরস্পর মধ্যবর্তী স্থানগুলির সৌত্রিক বিধান বিনাশিত না হওয়ায়, তাহারা পশ্চাদ্বর্তী প্রসারক বেগ সহ্য করিতে পারিয়া দলবন্ধ হইয়া পাড়ে, এবং তাহাদের অন্তর্বাল দিয়া কতিপয় ক্ষুদ্রহ ফ্রাফিলোমা উদিত হইয়া থাকে।

কর্ণিয়ায় ন্ট্যাফিলোমা ইইয়া যে নকল লক্ষণ আবিভূতি হয়, তন্মধ্যে দ্যানাতিরেক লঘুদ্নিকৈই প্রধান লক্ষণ বলিয়া গণ্য করিতে ইইবেক। ন্ট্যাফিলোমার অবস্থান এবং আকৃতি অমুসারে এই লঘুদ্নির অনেক বিভিন্নতা ঘটিয়া থাকে। ন্ট্যাফিলোমা উৎপন্ন ইইয়া পরিণামে রোগীর

<sup>\* &</sup>quot; Augenheilkunde," Stellwag von Carion, p. 12I.

চৃষ্টির কি পরিমাণে অপকার সাধন করিতে পারে, যখন এই বিষয় চিন্তা করা যায়, তথন অগ্রে, যে স্থলে কর্ণিয়ার কিয়দংশ মাত্র পীড়িত হইয়াছে, তথায় রোগীর আইরিমের বিষয়ে অগ্রে অনুধাবন ও চিন্তা করা প্রধান আবশ্যক। যদি উহা বহিঃসরণের সন্দেহ আনীত হইয়া থাকে, তবে কনীনিকাও তৎসঙ্গেহ আনীত হইবার অনেক সম্ভাবনা আছে, স্তরাং রোগী সেই চক্ষুতে বিশেষরূপ দেখিতে পাইরেন, এমত কোন সম্ভাবনা নাই। অন্যান্য স্থলে, কিয়দংশ কনীনিকা অনাকৃষ্ট থাকিতেও পারে, এবং যদি সেই অনাকৃষ্ট কনীনিকার সন্মুখস্থ কর্ণিয়া স্বচ্ছ থাকে, তবে রোগী এক প্রকার পরিষ্কার চৃষ্টিলাভ করিতে পারেন। অপিচ মনে কর, ষ্ট্যাফিলোমা কর্ণিয়ার ঠিক কেন্দ্র স্থল হইতে অন্ত্যু-দিত না হইয়া, তৎস্থানকে পরিষ্কৃত রাথিয়াছে। এমত স্থলে, উহা ঠিক দৃষ্টিনেকত্বল হইতে অনুস্বিত হইলে 'যেরূপ দৃষ্টির ব্যাঘাত জন্মাইত, তদ্রুপ ব্যাঘাত জন্মাইতে পারে না।

চিকিৎসা।—আকৃতি এবং অবস্থিতিকাল অনুধাবন করিয়া ফ্যাফিলোমার চিকিৎসা করা উচিত।

১। এই বহিঃসরণ ক্ষুদ্র এবং অপপদিন মাত্র উৎপন্ন হইলে, একটি প্রশস্ত নিডল্ দারা উক্ত ফ্যাফিলোমার তলদেশ বিদ্ধ করিয়া য়্যাকিউয়স্ নিঃসৃত হইতে দেওয়া ও তৎপরে চক্ষুকে কম্প্রেদ্ এবং ব্যাগুজ্জ দারা দৃঢ়রূপে বন্ধন করা সৎপরামর্শ। এই সঙ্গে সজ্জে চকুতে য়াট্টাপীন সলিউশন্ ফোটা ফোটা বাবহার করাও বিধেয়। এইরূপ স্থলে, য়্যাকিউয়সের য়্যান্টেরিয়র চেমারকে শূনাগর্ভ করাই আমাদের মুখ্য উদ্দেশ্য। কারণ, য়্যাকিউয়স্ ফ্যাফিলোমাকে প্রায়ই সন্মুখদিকে প্রধাবিত করে; স্তরাং উহা নির্গত হইয়া পড়িলে, চক্ষুর আভ্যন্তরীণ প্রতিচাপ অপনীত হয়। তৎপরে, কম্প্রেদ বাবহার দারা ফ্যাফিলোমাকে বেকেল পুনর্মার উৎপন্ন হইতে পারে না, এমত নহে; তদ্বারা উক্ত স্থান অতিরিক্ত কার্য্যাদিতে উদ্রক্ত এবং তাহাতে তথায় শীভ্র শীভ্র ক্ষতকলক্ষ উৎপন্ন হয়; স্তরাং এই ক্ষতকলক্ষ দারা উক্ত অংশ পুনর্মার প্রকৃতাবস্থায় স্থায়ী থাকে। এদিকে, য়্যাট্টোপীন ব্যবহার করিবার উদ্দেশ্য এই যে, তদ্বারা আইরিস প্রভ্যাত্বত হইতে পারে এবং সাধ্যাম্বত হইলে, তৎনময়ে উহাকে কর্ণিয়া হইতে বিশ্লিফ করাও উচিত।

এক থানি তীক্ষণার কাঁচি দারা উক্ত বহিঃদরণকে কর্তুন করিয়া লইতে হয়। তৎপরে য়াট্টোপীনের উগ্র সলিউশন চক্ষুতে ফোটা ফোটা প্রদান করতঃ যত দিন পর্যান্ত সেই ক্ষত আরোগ্য না হয়, তত দিন পর্যান্ত কম্প্রেস এবং ব্যাপ্তেজ দ্বারা চক্ষুকে দৃঢ়রূপে বান্ধিয়া রাখিতে হয়।

২। ফ্রাফিলোমা প্রকাণ্ড আকারের ছইলে, এমন্ত কি তদ্ধারা কর্ণিয়ার চতুর্থ বা তদপেকা অধিকাংশ ভাগ আক্রমিত হইলে, আইরিডেক্টনী অস্ত্রপ্রক্রিয়া দ্বারা আইরিমকে কর্তুন করিয়া ফেলিলে নিশ্চয়ই পীড়া আরোগ্য হইতে পারে। যদি উপেকা করিয়া এইরপ করা না যায়, তবে তৎপরে আইরিস্ এবং কনীনিকা করিয়া আকর্ষিত্র ও সংযুক্ত হইয়া পড়িতে পারে। আমরা এই দ্র্যটনার বিষয় পূর্ব্বেই অনুমান করিয়া, ভাহা ঘটিবার পূর্ব্বেই, কর্ণিয়ার স্থত্ত অংশার পশ্চাৎ হইতে আইরিমের প্রায় চতুর্যাংশ নিক্ষাশিত করিয়া, আইরিমকে সমুদয় সংযোগ হইতে নিক্ষত্তি প্রদান করিয়া থাকি; এবং এইরপে আইরিমের উপরিভাগের রসন্ত্রাবের থর্ম্বতা সম্পাদন করায়, য়াাকিউয়স্ অধিক পরিমাণে সঞ্চিত হইতে পারে না। আইরিডেক্টমী সম্পাদন করিবার অব্যবহিত পরেই চক্ষুতে যতুপূর্ব্বক কম্প্রেম এবং ব্যাণ্ডেজ বন্ধন করিলে, উক্ত ফ্রাফিলোমার আকারও লঘু হইয়া যায়।

এই প্রক্রিয়া দারা যে কেবল উল্লিখিত উপকার ও আশু সুবিধা সাধিত হইয়া থাকে এমত নহে। এন্থলে ইহাও শ্মরণ করা উচিত যে, যদি আইরিস্ ক্টাফিলোমার সহিত চিরকালের নিমিত্ত সংশ্লিষ্ট হইয়া পড়ে, তবে উহা অপর চক্ষুতেও তুল্যরূপ সমবেদনাপ্রদ উত্তে-জনা প্রদান করিতে পারে; এত্রিমিত্তও এবিষধি স্থলে সত্তর আই-রিডেক্টনী করা বৈধ।

০। ন্ট্যাফিলোনা প্রকাণ্ড হইলে ও দীর্ঘকালস্থায়ী থাকিলে, এবং যদি তথায় কণিয়ার কিয়দংশ স্বচ্ছ থাকে, তবে উল্লিখিতরূপ চিকিৎসা-প্রনালী অবলয়ন করা উচিত। প্রথমতঃ চক্ষুতে য়াট্রোপীন প্রদান করিলে, কনীনিকা আংশিক উন্মুক্ত অথবা সম্পূর্ণ মুদিত এবং ক্যাফিলোনার সহিত আকর্ষিত কি না, তাহা অবগত হওয়া যায়। কনীনিকা আংশিক উন্মুক্ত থাকিলে, য়াট্রোপীনের গুণে তাহা প্রনারিত হইয়া পড়ে এবং সাধ্যায়ত হইলে এই সময়ে আইরি-

ডেসিস্ (Iridesis) অস্ত্রপ্রণালীর দ্বারা আইরিস্ কর্ত্তন করিয়া কুত্রিম কনীনিকা করা উচিত।

অন্যপকে, কনীনিকা ন্টাকিলোমায় আকৃন্ট হইয়া আসিলে, চক্ষুর য়্যান্টেরিয়র এবং পোন্টেরিয়র চেম্বার অর্থাৎ অপ্ত-পশ্চাৎ কুর্নীর ছুইটির পরস্পার গভায়াভপথ কদ্ধ হইয়া যায়; সুভরাৎ এই পোন্টে-রিয়র চেম্বারে রস সঞ্চিত্ত হইয়া, রেটিনা এবং চক্ষুর গভীরতর বিধান সকলের উপর অস্বাভাবিক চাপ প্রদান করে; এবং এই চাপ স্থাতিত হইয়া না যাইলে, রোগীর দৃষ্টি নিশ্চয়ই সম্পূর্ণ বিন্ট ইইয়া যায়।

এই সকল অবস্থা ঘটিলে, তুই প্রকার উপায় অবলম্বন করা যাইতে পারে; কুলিম কনীনিকা প্রস্তুত অথবা আইরিডেক্টমী। ডাক্তার ম্যাক্নামারা সাহেবের মতে. শেষোক্ত উপায় অবলম্বন করাই প্রেয়ঃ। কারণ, কুলিম কনীনিকা ছারা চক্ষুর উক্ত তুই চেম্বারের গভায়াত-পথ এমত পরিস্কৃত্ত ভাবে উন্মুক্ত থাকে না যে, তদ্ধারা আভ্যন্তরীণ প্রতিচাপ প্রতিক্রন্ধ হইতে পারে। ২য়তঃ, কুলিম কনীনিকা প্রস্তুত করিলেও আইনিমের পশ্চাদ্দেশে অম্বন্ধ লেন্দ্র অবশিক্ত থাকে। কিন্তু আইরিডেক্টমী অবলম্বন করিলে, কেবল চক্ষুর উক্ত তুই চেম্বার পরস্পর উন্মুক্ত থাকে এমত নহে, রোগীকে ক্লোরোফর্ম্মের অধীন আনিয়া আইরিম কর্তুন করিলে, যদি লেন্দ্র অম্বন্ধ বলিয়া দৃক্ত হয়, তবে ভাহাকেও স্কুপ্র নামক অস্ত্র-প্রণালী (Scoop operation) দ্বারা উৎকীর্ণ করিয়া বহিত্বত করিতে পারা যায়।

ন্দ্রাফিলোমা প্রকাণ্ড অথচ কর্ণিয়ার একপাথ্যে অবস্থিত হইলে,
নিম্নলিখিত চিকিৎসা-প্রণালীর অনুবর্তী হইয়া ভাহাকে বিনাশিত
করিতে হয়। তুইটা নিজল পরস্পার সমকোণে ফ্যাফিলোমার আধারদেশে বিদ্ধা করিয়া, ভাহাকে একটা রেসমের লিগেটার দিয়া বেফন
করত বন্ধন করিতে হয়। নিজল থাকায়, উক্ত লিগেটার থুলিয়া
পড়িতে পারে না। পরিশোবে বিদ্ধান্থানসিকটে কর্ত্তন করিয়া এই
নিজল তুইটাকে বহির্গত করিতে হয়; এবং অভঃপার প্যাড় এবং ব্যাত্তেপ
বন্ধন করিলে, তিন কিয়া চারি দিনের মধ্যেই উক্ত ফ্যাফিলোমা চ্যুত
হয়য়া পড়ে। অবশিষ্ট অংশে কৃত্রিম চক্ষু পরিধান করিবার সুযোগ
হইতে পারে।

৪। প্রকাণ্ড (সম্পূর্ণ) ক্ট্যাফিলোমা, যাহা সমুদয় কর্ণিয়াকে লইয়া
 বহিঃসৃত হয় এবং যাহাতে রোগী কেবল বিগতমুখনী হয় এমত নহে,

ভদ্ধারা অক্ষিপুটের উন্মীলননিমীলনাদি কার্য্যেরও অনেক হানি হইয়া

২৪শ, প্রতিকৃতি।




থাকে (২৪শ, প্রতিকৃতি দেখ)। এবিষধ তলে নিম্নলিখিত নিয়মে উক্ত বহির্গত অংশকে নিষ্কাশিত করিয়া লওয়া উচিত।

রোগীকে ক্লোরোফর্যের অধীন আনিয়া, চক্ষুতে একথানি উপ্-স্পোকিউলম্ নিয়োজিত করত অক্ষিগোলককে স্থিরভাবে রাখিয়া,

ঠিক সিলিয়ারি প্রোমেনের একরেখায় শক্ত রেসমের সুচার পরিছিত ছুইটী নিড্ল দ্বারা উহাকে বিদ্ধ করিয়। লইতে হয় (২৫শ, প্রতিকৃতি দেখ)। তৎপরে উক্ত ফ্যাফিলোমাকে দম্বযুক্ত একখানি কর্মেপ্স্ দ্বারা ধৃত করিয়। একখানি ছুরিক। কিয়। কাচি দ্বারা অক্ষিগোলকের

২৫শ, প্রতিকৃতি।



যে অংশ বিদ্ধাহাননান্ত সুচারের অগ্রদেশে অবস্থিত, তাহ। কর্তুন করিয়া লইতে হয়। তৎপরে সুচারের চুই প্রান্ত লইয়া গ্রন্থি প্রদান করত ছিন্নপ্রান্ত সংলগ্ন করিয়া রাখা উচিত। অতঃপর স্পেকিউলম্ অপন্য়ন করিয়া চক্ষুতে শীতল জলের পটি লগ্ন

করিয়া রাখিতে হয়। কতিপয় দিবদ বিগত হইলে সুচার ছুইটীকে খুলিয়া লওয়া যাইতে পারে, এবং কর্ত্তিত স্থানের প্রান্ত হইয়া আরোগ্য লাভ করিলে, তথায় কৃত্রিম চক্ষু সংলগ্ন হইবার একটী উপযুক্ত স্থান অবশিষ্ট থাকে।

মিন্টার কিচেট সাহেব সর্বপ্রথমে এইরপ অন্ত্রপ্রণালীর অনুবর্তী হয়েন। এই প্রণালীর নাম অক্ষিগোলকের য়্যাব্দিশন (Abscission) অর্থাৎ কিয়েচ্ছেদন। তিনি যে স্থানে অক্ষিগোলককে ছেদন করিবার মনন করেন, ঠিক তিরিয়ে উহাকে চারিটী কিয়। পাঁচটী স্থক্ষা ও বক্র নিড্ল দারা বিদ্ধা করিয়া, নিড্লের পরিহিত কৃষ্ণবর্গ রেসমের দারা স্থিরভাবে অবরুদ্ধা রাখেন; এবং যতক্ষণ পর্যান্ত তিনি চক্ষুকে যতদ্ব ছেদন করা আবশাক, ততদ্ব ছেদন না করেন, ততক্ষণ পর্যান্ত ঐ সকল রেসমের স্থানকেও ছিল্ল করেন না। কারণ, তাহারা থাকিলে, ভিট্রিয় এবং লেন্স বহির্গত হইয়া আসিতে পারে না। তিনি বলেন যে, সাধি-

কাংশ হলে আঘাতিত হান অপ্রদাহিত হইয়া হয়ংই আরোগ্য প্রাপ্ত হয়। তিনি কতিপয় সপ্তাহ পর্যান্ত সুচারগুলিকে উক্ত অবহানে হায়ী রাখেন, তাহাতে উক্ত সুচার সকল কখন২ হয়ং স্থালিত হইয়া আইসে \*। ডাক্তার গ্যাক্নামারা সাহেব সম্প্রতি এবম্বিধ সুচার ব্যবহার করেন না। কিন্তু সম্পূর্ণ ক্ট্যাফিলোমা হইলে, মিফার ক্রিচেট সাহেবের উল্লিখিত অন্ত্রপালীর ন্যায় তিনিও অক্লিগোলকের সমুদয় অপ্রবর্তী গোলকার্দ্ধ (Anterior hemisphere) নিক্ষাম্লিত করিয়া লয়েন। তৎপরে হয়ারেটিক্স্থিত উক্ত ছিয় স্থানকে সুচার দারা একত্রিত না করিয়া, কিয়দিন পর্যান্ত তথায় শীতল জলের পটি এবং অক্লিপুটোপরি শিথিলভাবে ব্যাপ্রেক্ত কর্মন করিতে আদেশ করিয়া থাকেন। এইরূপ প্রক্রিয়ায় অপেকাকৃত অনেক অপ্প উত্তেজনা ও যাত্রনা প্রদান করিয়া থাকে এবং ইহাতেও কৃত্রিম চক্ষু সংলগ্ন হইবার উত্তম অবলম্বন অব-শিষ্ট থাকে।

कर्शियात मन्त्रीर्भ क्योकिटलामा इहेटल, या या अवस्थाय अकि-शीलकरक এकেবারে निकाभन ना कतिया कियुट्छनन कता विरध्य. তিদ্বিষয়ে ভাক্তার ম্যাকনামারা সাহেব মিন্টার ল্যান সাহেবের গ্রন্থ হইতে যে মত উদ্ধৃত করিয়াছেন, নিম্নে তাহ। লিখিত হইতেছে।— "তিনি বলেন যে, কেবল ধনীব্যক্তিদিগের পক্ষেই উক্ত কিয়চ্ছেদন করা শ্রেয়ঃ। কারণ, তাঁহাদের শারীরিক নৌন্দর্য্য অন্যান্য শ্রেণীস্ত মনুষ্য অপেকা বিশেষ আদরণীয়। তাঁহারা, কুত্রিম চকু সংলগ্ন হইবার নিমিত্ত যে আগ্রায়ান অবশিক্ত থাকে, ভজ্জনিত সুবিধা ও অসুবিধার প্রতি বিশেষ মনোযোগ দিতে পারেন এবং যে সময়ে কোন गन्দ लकन जाकुा पिछ इस, जरकार हि किरमदकत् । माहासा लहेर । সুতরাং যদি কোন সময়ে উহ। কন্টজনক এবং অপার চক্ষুর বিপংপ্রাদ হইয়া পড়ে, তবে উহাকে তৎক্ষণাৎ নিক্ষাশিত করিয়া লইতেও পারেন। যাহাহউক, এদিকে দরিদ্রব্যক্তিরা রোগের প্রাথমিক লক্ষণ নকলে প্রায়ই উপেক্ষা করিয়া থাকেন; সুতরাং ভাঁহাদের পক্ষে, উভয় চক্ষুতেই বিপদ না ঘটিয়া যখন এক চকু দারাই বিপদ অতিক্রামিত হয়, তথন উক্ত छै। कित्नागांक मन्य इहेट किश्र ष्ट्रिक न। कतिश अटकवादत নিষ্কাশিত করিয়া লওয়াই বিধেয়।" †

<sup>\*</sup> Ophthalmic Hospital Reports, vol. iv. p. 8.

<sup>† &</sup>quot;Injuries of the Eye, Orbit, and Eyelids," by G. Lawson, p. 98.

কর্ণিয়ার ফিশ্চু লো বা নালী প্রায় কত হইলেই তৎপরে হইলা থাকে। এই নালী কর্ণিয়ার অভ্যন্তরে সচরাচর তির্যাগ্ভাবে অবস্থান করে; এবং তন্মধ্যদিয়া অনবরতঃ য়্যাকিউয়স্ প্রবাহিত হইতে থাকে বলিয়া, উহা আরোগ্য হইতে পায় না।

কর্ণিয়া ছিজিত হইলেই, আইরিস্ এবং লেকাও বহির্দ্দিকে ঠেলিয়া আইসে, এবং যদি লেকাকোষ (Capsule) উক্ত নালীর অন্তরহ মুখদ্বারে লগ্ন হইয়া পড়ে, তবে তদ্বারা আংশিক ক্যাপ্সিউলার ক্যাটার্রাক্ট রোগের উৎপত্তি হয়। কিন্তু যদি এই নালী উন্নুক্তভাবে থাকে, তবে ইহা অপেকাও অন্যান্য ভয়ানক অপকারাদি ঘটতে পারে। কারণ, য়্যাকিউয়স্ অনবরত বিন্তু২ নির্গত হওয়ায়, চক্লুর আভ্যন্তীণ প্রতিচাপ হ্রাস হয়; এবং তাহাতে কোরইড এবং রেটিনার অভ্যন্তর দিয়া শোণিত-সঞ্চালনেরও বিশৃদ্ধালতা জয়ে, ও পরিশেষে চক্লুর ফণ্ডস অর্থাৎ গভীরতম অভ্যন্তরের দ্রায়ত পীড়ায় পর্যাবসিত হইতে পারে। অপিচ, এবম্বিধ নালীতে কর্ণিয়ার সহিত আইরিস সংযুক্ত হইয়া, অপ্রবর্তী বা য়ান্টে-রিয়ার সাইনেকিয়া উৎপন্ন হইতেও পারে; এবং তাহা উৎপন্ন হইলে, আইরিসও উত্তেজিত হইয়া থাকে। এই উত্তেজনা কোরইড পর্যান্ত বিস্তৃত্ত হইয়া, সমুদ্র চক্লুকে প্রীড়িত করত সম্বেদনাপ্রদ উত্তেজনা দ্বারা অপর সুস্থ চক্লুকেও প্রীড়িত করিয়া থাকে।

ক্ষতব্যতিরেকে অন্যান্য কারণেও কর্ণিয়ায় ফিশ্চুলা হইতে পারে।
মনে কর, একটা বিদীর্ণ আঘাত;—এই আঘাতে বিদারিত স্থান হইতে
ম্যাকিউয়স প্রবহনান হইয়া আসিতে থাকায়, উহা সম্পূর্ণ সংযুক্ত হইয়া
উপশ্বিত হইতে না পারায়, নালী হইয়া পড়ে। কিন্তু যে কোন কারণে
উৎপন্ন হউক না কেন, ফিশ্চুলা হইলে কোন না কোন সময়ে পূর্কবিত উপসর্গ সকল আসিয়া উপস্থিত হইয়া থাকে।

কর্ণিয়ায় ফিশ্চুলা ইইলে, আমরা তাহা আরোগ্য করিতে প্রায়ই অবহেলা করি না। সচরাচর উহার বহির্দ্দেশস্থ মুখ স্পাই দেখিতে পাওয়া যায় এবং অক্লিগোলকে আস্তে২ প্রতিচাপ প্রদান করিলে একবিন্দু জল তন্মধ্য দিয়া নিঃসৃত হইয়া আইসে। য়ার্নেইরিয়ার চেম্বারের গভীরতার হ্রাস হয়; এবং অনেকানেক স্থলে আইরিস্ সন্মুখনিকে আসিয়া কর্ণিয়ার পশ্চাৎপ্রদেশে লগ্ন হইয়া পড়ে \*।

<sup>\* &</sup>quot;Traité des Maladies des Yeux," per A. P. Demours, tome i. p. 308.

চিকিৎসা।—এইসকল নালীর অভ্যন্তর দিয়া অনবরত য়াকিউয়স্ প্রবহমান থাকায়, উহাদিগকে উপশনিত করা সচরাচর অভ্যন্ত
চুক্ষর। অধিকন্ত, সচরাচর লেন্স নালীর অন্তর্দেশস্থ মুখে বিক্ষিপ্ত
হইয়া আসিয়া সেই স্থানকে সতত উত্তেজিত রাখে বলিয়াও এই
নালী আবার আরোগ্য হইতে পায় না।

পূর্বেই উল্লিখিত হইয়াছে যে, এই সকল কিশ্চুলা তির্বাগ্ভাবে কর্ণিয়ার অভ্যন্তরে গমন করে। এবম্বিধ স্থলে রোগীকে ক্লোরোফর্দ্মের অধীন আনিয়া চিকিৎসা করাই উচিত; এবং অক্লিপুট্ন্য়কে স্পিণ্ডুত রাখিয়া কিশ্চুলার অভ্যন্তরে একটা ভীক্ষুধার অভীক্ষাগ্র নিড্ল্ প্রবেশিত করত উর্দ্ধ হইতে নিম্নদিকে এবং এক পাশ্ব হইতে অপর পাশ্ব পর্যান্ত কর্ণিয়ার সমুদ্য় বেধ চিরিয়া দিতে হয়। এইরূপ আড়াআড়ি চিরিয়া দিলে, কর্ত্তিত প্রান্তগুলি সত্বরে স্বস্থানে প্রত্যাবর্ত্তন করে; এবং যদি যত্ন পূর্বেক উহাতে কম্প্রেশ এবং ব্যাণ্ডেজ বন্ধন করা যায়, তবে আটচল্লিশ ঘন্টার মধ্যেই উহা নিশ্চয়ই সংযুক্ত হইয়া ফিশ্চুলাকে আরোগ্য করে।

এস্থলে আমার ইহা বলা বাহুল্য যে, অত্যন্ত যত্ব না লইলে,
নিড্লের অগ্রভাগ দ্বারা আইরিস্ এবং লেন্স আঘাতিত হইয়া পড়ে।
কিন্তু এই কিশ্চুলা সচরাচর তির্যাগতিমুখীন বলিয়া, উহারা প্রায়ই
আঘাতিত হইতে পারে না। অধিকন্ত রোগীকে বিলক্ষণ ক্লোরোফর্মের
অধীন আনায়, সে উর্দ্ধমুখে শায়ত থাকে বলিয়া, লেন্স কর্ণিয়া হইতে
দূরে পতিত থাকে; সুতরাং উল্লিখিত বিপদ প্রায়ই ঘটিবার সম্ভাবনা
থাকে না।

মহাত্মা ওয়েকার সাহেব বলেন যে, এইরপ ফিশ্চালার অভ্যন্তরম্থ নালীমুখ যাহা পশ্চাদ্বর্জী স্থিতিস্থাপকস্তর এবং তাহার ইপিথিলীয়ন্ দারা সংঘটিত, তাহা প্রায়ই উল্টাইয়া যায়; এবং উক্ত পথের গর্জ-দেশকে আরত করিয়া তাহাকে সংযুক্ত হইতে বাধা প্রদান করে। এই নিমিত্ত তিনি একখানি অভিসূক্ষা মসৃণাগ্রা ফরসেক্ষা উক্ত নালীর অভ্য-ন্তরে প্রবেশিত করিতে অনুমতি প্রদান করেন। এই ফরসেক্ষা দারা নালীর চতুম্পাশ্ব প্রাচীর ধৃত করিয়া উক্ত পথের আবরণ ছিল্ল করিলে, কর্ণিয়ার প্রকৃত টিমু বাহির হইয়া পড়ে। তৎপরে চক্ষুতে য়াট্ডাপীন প্রদান করতঃ কম্প্রেস এবং ব্যাণ্ডেল দারা বান্ধিয়া রাখিতে হয় \*। এই

<sup>\*</sup> Ophthalmic Hospital Reports, vol. v. p. 395.

প্রক্রিয়ায় যাহাতে লেন্সকোষ অপায়িত না হয়, তদ্বিয়ে সাবধান হওয়া সর্বতোভাবে বিধেয়।

এইরপ চিকিৎসার বশবর্তী হইবার পূর্বের চক্ষুর উপরিভাগে কম্প্রেদ এবং ব্যাণ্ডের বন্ধন করিলে, কিরপ উপকার দর্শিতে পারে, ভাহা পরীক্ষা করা উচিত। এই সময়ে কনীনিকাকে প্রসারিত করিবার অভিপ্রায়ে, আমরা প্রভাহ তুইবার করিয়া চক্ষুতে য়্যান্ট্রোপীন প্রদান করিয়া থাকি। এই কিঞ্চিদাশ্বসনীয় চিকিৎসাপ্রণালীর সঙ্গেহ প্রত্যেক দ্বিতীয় অথবা তৃতীয় দিবসে বাহ্মনালীমুখের অভ্যন্তরে একটা অভিস্ক্রাপ্র ডায়েলিউট কম্ফিক পেন্সিল্ স্প্র্ট করিয়া দেওয়া উচিত। কিন্তু ডাক্তার ম্যাক্রানারা সাহেবের মতে এইরপ চিকিৎসায় অধিক সময় অভিক্রামিত হইতে দেওয়া কখনই পরামর্শসিদ্ধ নহে। ইহা অভি কদাচিৎ ফলোপধায়ক রূপে অভিপ্রেভ বিষয় সিদ্ধ করিয়া থাকে; ভিনি অধিকাংশ স্থলে, ফিশ্চুলাকে সত্তর পূর্বেরালিখিত্মতে আড়াআড়া চিরিয়া দেওয়াই অপেকাকৃত প্রোয়ঃ উপায় বলিয়া বিবেচনা করেন।

এবয়িধ স্থলে আইরিসকে কর্তুন করিতেও পারা যায়। কিন্তু এই ফিশ্চুলা টুমাটিক্ ক্যাটার্যাক্ট অর্থাৎ আঘাতজনিত মন্তরোগ সম্বরেত না হইলে, ডাক্তার ম্যাক্লামারা সাহেব আইরিডেক্ট্মী করিতে কখনই প্রামর্শ দেন না। এবয়িধ স্থল লেন্সের অপায় প্রকরণে বর্ণিত হইয়াছে।

কণিয়ার অস্বচ্ছতা (Opacity)।—উৎপাদক কারণ অনুসারে কণিয়ার অস্বচ্ছতার আয়তন, ঘনতা এবং স্থায়ীত্বের প্রভেদ ইইয়। থাকে। কখন২ সমুদয় কণিয়া ব্যাপিয়া অথবা উহার কিয়দংশে ছয়ের নায় আবিল অস্বচ্ছতা জয়ে; এবয়িধ আবিলতা আবার কখন২ কেবল স্পারফিশিয়াল লয়ার্স অর্থাং বাহা স্তর সকলে আবদ্ধ থাকে, অথবা কখন২ কণিয়ার প্রকৃত টিসুর (Corneal tissue) অন্তর্ভুত পদার্থকেও আক্রমণ করে। অন্যান্য স্থলে, যেখানে কণিয়ার অন্তর্ভুত পদার্থকি বিনাশ ইইলে সংস্কার ক্রিয়া দারা অস্বচ্ছতা জয়ে, তথায় উহা সমধিক ঘন হয় এবং অপে বা অধিক পরিমাণে ক্ষতকলয়ের প্রকৃতি ধারণ করে। ঘন অস্বচ্ছতা সচরাচর লিউকোনা (Leucoma) নামে বর্ণিত হইয়া থাকে, এবং আবিল পাতলা অদ্ধাস্বচ্ছতা নেবিউলি (Nebulæ) নামে খ্যাত।

অপেকাকৃত বাহ্ ও ভাসমান অস্বচ্ছভায় ইপিথিলীয়াল কোষ সকলে মেদাণৰ (Fatty molecular) আবিলভা সমুপস্থিত হয়; এবং ভাহা সচরাচর বাহ্যিক কেরাটাইটিস, ক্ষত এবং কর্ণিয়ার কোন প্রকার যান্ত্রিক উত্তেজনা (Mechanical irritation) প্রযুক্ত জানিয়া থাকে। গভীরতর অম্বচ্ছত। কর্ণিয়ার প্রকৃত টিমুর অন্তর্ভূত পদার্থকে অবরোধ করে। কেরাটাইটিস্ রোগ ইপিথিলীয়াল স্তর সকলে আবদ্ধ না থাকিয়া প্রবল হইতে আরম্ভ হইলে, তৎসময়ে কর্ণি-য়ায় যে সকল কোষ জন্মিতে থাকে, এই অম্বচ্ছতা সেই সকল কোষের সংখ্যারদ্ধি (Proliferation) প্রযুক্তই উৎপন্ন হয়। কেরাটাইটিস্ त्तारशत थावल विशृद्धाल। मकल अर्थनी उ इहेग्न। याहरल, विलीन निडे-क्रियां रे (Nuclei) मकरनत दाता এवर अनुः को यिक श्रेपारर्थत स्मापव অপকর্ম প্রায়ুক্ত কর্নিয়ার স্বচ্ছতার অভাব হইয়। থাকে। যেমন, ইন্টার-ষ্টিশিয়াল এবং সিফিলিটিক কেরাটাইটিস্ রোগন্ধ অসম্বন্ধ অস্বচ্ছতা। পরিশেষে, কতবা অন্যান্য অপায়ে কর্ণিয়াল টিসু বিন্ট হইয়া যাইলে, ভজ্জনিত গহার নবোদ্ভ পদার্থে পরিপূরিত হয়। ইহাতে যদিও স্ঘটনাক্রমে কর্ণিয়ার স্বচ্ছ সূত্র সকল পুনরুদ্ভ হয় বটে, কিন্ত তথাপি এ ক্রিয়া অসম্পূর্ণ এবং উহা কেবল গভীরতর প্রদেশেই হইয়া থাকে। উপরিপ্রদেশে যে সকল সূত্র থাকে, তাহ। অপ্প বা অধিক পরিমাণে আবিল সৌত্রিক বা ক্ষতকলক্ষিত টিসুর আকার ধারণ कदत्।

ইপিথিলীয়াল এবং ইনীর্টিশিয়াল অম্বচ্ছতা কৌষিক ও অন্তঃ-কৌষিক অপকর্ষক পদার্থসকল হইতে উদ্ভূত হয়, এবং এতদ্রপ অস্বচ্ছ-ভায়, এ নকল পদার্থ সময়ক্রমে চ্যুত অথবা অবসৃত হইয়া যাইতে পারে; এবং তত্তৎ স্থান উৎকৃষ্টতর উৎপত্তি সকল (Higher formations) দারা পরিপূরিত হইয়া প্রায়ই অস্বচ্চতাকে সম্পূর্ণরূপে তিরো-হিত করে। বিশেষতঃ, পীড়া স্থাপদিনের হইলে এবং রোগী যুবা এবং বলিষ্ঠ হইলে, আমরা এইরূপ শুভকল প্রায়ই প্রত্যাশা করিতে পারি। অন্য পকে, যথায় কর্ণিয়ার অন্তর্বন্ত্রী পদার্থ অনেকদুর পর্য্যন্ত বিনাশিত হইয়া তৎপরিবর্ত্তে কতকলক্ষিত টিসু সকল উৎপন্ন হয়, তথায় কর্ণিয়ার স্বচ্ছত। পুনরানয়ন কর। অত্যন্ত অসন্তব। যাহাইউক, অনেক সময়ে এইরূপ নবোৎপত্তির চতুর্দ্দিকে পাংগুর্বর্ণ পাতলা অস্বচ্ছতা ব্যাপ্ত হইয়া থাকে এবং তাহা সমং স্থাবতঃ অন্তহিত হইয়া যাইতেও পারে। উহা অন্তর্হিত হইলে, রোগের অনেক উপশ্য বোধ হয়; এবং আবিলতা বাহ্যতঃ বিলক্ষণ স্বম্প বলিয়া অনুভূত হইয়া থাকে।

ভাবিফল।—কর্ণিয়ার অশ্বচ্ছতায় ভাবিফল নির্ণয় করিতে হইলে, অস্বচ্ছতার অবস্থান এবং তাহাতে কর্ণিয়ার কতদূর নির্দ্যাণ পরিবর্ত্তিত হইয়াছে, ভদ্বিয়েই প্রধানতঃ অনুধাবন করিতে হয়। লিউকোনা অর্থাৎ ঘন অক্ষছতা যে কখনই অপনীত করা যায় না, তাহার কারণ পূর্বেই লিখিত হইয়াছে। এই লিউকোমা দৃষ্টিমেরুতে অবস্থিত হইলে এবং কর্নিয়ার অপরাপর অংশ স্বচ্ছ থাকিলে, কুত্রিম কনীনিকা ব্যতীত অন্য কিছু আশা করা রূথা মাত্র। কিন্তু লিউকোনা কর্ণিয়ার কেন্দ্রন রুদ্ধ না করিলে, এবং কনীনিকা প্রকৃত অবস্থানে স্থায়ী থাকিলে, তদ্ধারা কোন রূপ হানি জন্মিতে পারে না। যাহাহউক, সচরাচর ইহা দেখিতে পাওয়া যায় যে, এতদ্রপ লিউকোমার পরিধি-ভাগ প্রায়ই ক্রমশঃ পাতলা হইয়া আসিয়াছে; এবং যদি সেই পাতলা আবিলতা কর্ণিয়ার সম্মুখভাগ আবরণ করে, ভবে ঘন আবিলতার ন্যায়, উহা অপনীত হইয়া না যাইলে, তদ্বারা সুস্পাফ চৃষ্টির অনেক ব্যাঘাত জন্মিতে পারে।

নেবিউলি অর্থাৎ পাতলা অম্বচ্ছতা হইলে, যে সকল কারণে তাহা উৎপন্ন হয়, তাহা স্থগিত হইয়া যাইলে, এবং রোগী যুবক, বলিষ্ঠ ও দ্রুটি ইইলে, অস্ক্তা স্বভাবতঃ স্বয়ংই অন্তহিত ইইয়া যায়, অথবা অনেকাংশে স্বন্প হইয়া পড়ে। কিন্তু এই অন্তর্ধান হইতে অনেক সময় লাগে। কোন্থবিধ নেবিউলি, বিশেষতঃ সিফিলিটিক্ কেরাটাইটিস রোগসম্ভুত নেবিউলি কর্ণিয়ার এক অংশ হইতে অন্য অংশে স্থান পরিবর্ত্তন করে; সুতরাং তাহা চৃষ্টিনেরুতে উপনীত इहेटन, जम्माता पृक्षित विनक्षन वर्गायांच यहिटल शादत । यनि এह निविष्ठ-লি কর্ণিয়ার স্তরান্বিত গভীরতর পর্দা সকলে অথবা উহার পশ্চাদ্বর্ত্তী পর্দায় অবস্থান করে, তবে ভিন্ন স্থান হইতে আলোকরশ্যি আনিয়া চকু পরীক্ষা না করিলে, তাহা কোনমভেই অনুভূত হয় না। এতরিমিত রোগী দৃষ্টির হ্রাসতার বিষয় অভিযোগ করিলে, চক্ষুর ঐ সকল অবয়ব পরীকা করিয়া দেখা সর্বতোভাবে উচিত। কারণ, যদিও এতদ্রপ পাতলা অস্বচ্ছতা সহজ চকুতে অতিক্ষেও দৃষ্টিগোচর হয় না, তথাপি উহা ভিন্ন স্থান হইতে আনীত আলোকরশ্মিকে ইতন্ততঃ বিক্ষিপ্ত করিতে বিলক্ষণ সক্ষম; সুতরাং তাহা সুস্পান্ত দৃষ্টির অনেক ব্যাঘাত জন্মান ইয়া দেয় এবং রোগীর চিরবিরক্তিকার হইয়া উঠে।

কর্বিয়ার সামান্য অস্বছত অধিক দিবস স্থায়ী হইলে, মাইওপিয়া বা অদূরদৃষ্টি জন্মাইতে পারে। চক্ষুর যে স্বছ্ম পথ দিয়া ভদভান্তরে আলোক গমন করে, ভাহাতে আবিলভা ঘটিলে, দৃশ্যপদার্থের প্রতিফুর্ত্তির (Visual image) অস্পষ্টভা জন্মে; এবং ভদ্মিনিভই রোগী, সুস্পষ্ট দেখিবার নিমিত্ত, চক্ষুর দর্শনোপযোগিভাশক্তিকে সভত রুখা দূরনিয়োজিত করিতে থাকে। এই দূরনিয়োজনে পরিশেষে চক্ষুর সঙ্কোচক বিল্লীর (Contractile tissue) বিরুদ্ধি (Hypertrophy) ঘটিয়া লেন্সকে বিল্লুকণ স্থাক্ত করে। লেন্সের উপরিভাগ এইরূপে অস্থাভাবিক স্থাক্ত থাকিয়া, চিরকালের নিমিত্ত অদূরদৃষ্টি জন্মাইয়া দেয়। আতঃপর কর্ণিয়ার আবিলভা অপনীত হইলেও এই অদূরদৃষ্টি দোষ কোনরূপেই ঘুচে না।

কর্ণিয়ার কেন্দ্রন্থলে অক্তন্ত। জনিয়াও কথন২ তির্নাগৃদ্ধি
(Strabismus) জনিতে পারে। চকুর দর্শনোপযোগিত। গাঢ়নিয়োজিত হইলে, এবং তৎসঙ্গে২ চকুর অন্তর্মন্ত্রী সরল পেশী (Internal rectus muscle) যে অতিরিক্ত কার্যাশীল হইয়া থাকে, তাহাতে জ্ঞীণতর চকুতে তির্নাগৃদ্ধি (টেরা) হইতে পারে। তির্নাগৃদ্ধি হইলে স্বভাবতঃ ছই চকু দ্বারা নিরীক্ষণ করা যায় না বলিয়া, যে চকু আবিল হইয়াছে তদ্বারা নিরীক্ষণ না করায়, ও কেবল এক চকু দ্বারা দৃশ্য পদার্থের প্রতি দৃষ্টি নিয়োজিত রাখায়, উক্ত তির্নাগৃদ্ধির বিলক্ষণ পোষকতাই হইয়া থাকে। যদি এই অস্বচ্ছত। কিছুকাল পর্যাম্ভ স্থামী থাকে, তবে রেটিনার চেতনাশক্তি (Sensibility) বিনাশিত হইয়া যায় এবং চকু একেবারে দৃষ্টিজ্ঞান-বিবজ্জিত হইয়া পড়ে। কিন্তু কর্ণিয়ার অস্বচ্ছতায় মাইওপিয়া এবং ফ্যাবিস্মস্ সচরাচর জন্মে না। রোগী সচরাচর অব্দ্রুতার অবস্থান এবং ঘনতা অনুসারে তংকারণজ দৃষ্টির আবিলতা এবং বিনাশ বিষয়েই অভিযোগ করিয়া থাকে।

কারণ।—নানাবিধ কারণে কর্ণিয়া অস্বচ্ছ হইতে পারে। যেমন, গ্লাকোনা (Glaucoma) রোগে কর্ণিয়া অস্বচ্ছ হইয়া থাকে। কারণ, গ্লাকোনা রোগে কোরইডে যে সকল পরিবর্ত্তন হয়, ভাহা লঙ্ সিলিয়ারি স্থায়ু সকলকে পীড়িত করে, সুতরাং তদ্ধারা কর্ণিয়ার পরিপোবিকা ও স্নায়ুশক্তির (Innervation) ব্যাঘাত হওয়াতে উহা অসদ্ভ হইয়া পড়ে। আইরাইটিস্ রোগের কোন২ স্থলে, কণিয়ার পশ্চাদ্বর্তী স্তর সকল সচরাচর পীড়িত হইয়া পড়ে বলিয়া, তাহাতেও কর্ণিয়া অসদ্ভ হইভে পারে। কেরাটাইটিস্ পংটেটা এবং কর্ণিয়ার নানাবিথ প্রদাহ এবং ক্ষতরোগ হইতেও সচরাচর লিউকোমা এবং নেবিউলি অর্থাৎ ঘন এবং পাতলা অস্ত্রুভা জনিয়া থাকে।

রাসায়নিক পদার্থ সকল (Chemical agents) দ্বারাও টিসুর জীবনীশক্তি বিনাশিত হইয়া কর্ণিয়া অস্বচ্ছ হইতে পারে। য়্যাসিটেট্ অব লেড্ চকুতে লোশন্ স্রূপে ব্যবহার করিলে, বিশেষতঃ সেই সময়ে কর্ণিয়ায় কত বা উহার উপরিভাগ উচ্চাব্চ থাকিলে, সেই লেড্ অঞ্র সহিত মিলিত হইয়া রাসায়নিক পরিবর্তনে কার্বনেট বা কার-গুণে পর্য্যবসিত হয় এবং কর্ণিয়াকে চিরকালের নিমিত্ত অস্বচ্ছ করিয়া ফেলে। এইরূপে, নাইটেট অব সিল্ভারও অধিক দিন ব্যবহার করিলে, কর্ণিয়া কুষ্ণবর্ণে সমাক রঞ্জিত হইতে পারে। খুঃ ১৮৭১ অদে আমাদের চিকিৎসালয়ে এইরূপ একটী ব্লদা রোগিণী ছিল। অনেক বৎসর বিগত হইল, ভাহাকে নাইট্টে অবু সিল্ভার সলিউশন বাম চক্ষতে ফোটা২ করিয়া দিতে ব্যবস্থা দেওয়ায়, সে ক্রমাগত সুদীর্ঘকাল পর্য্যন্ত উহা ব্যবহার করিয়া আসায়, তাহার কর্ণিয়া এবং কন্জংটাইভা এত ঘন কৃষ্ণবর্ণাবৃত হইয়াছিল যে, তদভাত্তর দিয়া আইরিস এবং কনী-নিকা আর দেখিতে পাওয়া যাইত না। উক্ত চক্ষু এই অবস্থায় ক্রমাগত বিংশতি বর্ষ পর্যাস্ত ছিল এবং তাহাতে রোগের কিঞ্চিমাত্র প্রতীকারও লক্ষিত হয় নাই। কেহ২ বিবেচনা করিয়া থাকেন যে, কর্ণিয়ার ল্যানি-নেটেড টিসু অর্থাৎ স্তরান্থিত ঝিল্লী এইরূপ রাসায়নিক কার্য্যে সত্বর সংস্রবচ্যুত ও বিনাশিত হইয়া যায়; কিন্তু সৌভাগ্যক্রনে, উহা তত সত্তর বিনাশিত হয় না। অপিচ কর্ণিয়ার উপরিভাগে চুর্ণক্ষরসংহতি (Calcareous matter) সঞ্চিত হইয়া থাকিলেও উহাতে অক্ছতা জিমতে পারে।

যে সকল আঘাত এবং অপায়ে কর্ণিয়ার অন্তর্ভুত পদার্থের বিনাশ হয়, তাহাতে বিনাশিত স্থান আরোগ্য হইয়া তথায় লিউকোমা অর্থাৎ ঘন অস্বচ্ছতা জন্মে। আর সামান্য মেকানিক্যাল্ ভায়লেন্স (Mechanical violence) অর্থাৎ কোন যান্ত্রিক বিম্লে যে অস্বচ্ছতা জন্মে, তাহা কখনই চিরস্থায়ী হইয়া রহে না। কিন্তু এই সকল কারণের মধ্যে, ক্ষত এবং প্যাল্পিব্রাল্ কনুজংটাইভার পীড়াজাত মেকানিক্যাল্ ইরিন টেশন্ প্রযুক্তই কর্ণিয়ায় সচরাচর প্রবলরূপে অম্বচ্ছতা জন্মিতে দেখা গিয়া থাকে।

চিকিৎসা।—পূর্বেই উল্লেখ করা গিয়াছে যে, ঔষধাদিতে কর্ণিয়ার লিউকোন। অর্থাৎ ঘন অম্বছত। অপনীত হয় না। এরূপ স্থলে কেবল কৃত্রিন কনীনিকা দারাই রোগীর চ্টিশক্তির যাহা কিছু উপকার দর্শাইতে পারা যায়। কিন্তু কর্ণিয়ার অম্বছতা বিষয়ে কোন উপকার দর্শাইবার চেন্টা করা র্থা নাত্র। লিউকোন। নবজাত হইলে, তাহার চতুঃপাশ্ব বর্ত্তী কর্ণিয়ার আবিলত। ক্রনশঃ তিরোহিত করিতে পারা যায় এবং তাহা হইলেই অম্বছতার বিস্তারও অপ্প হইয়া পড়ে।

নেবিউলি অর্থাৎ পাতলা অম্বছত। হইলে, বিশেষতঃ যুবা ব্যক্তিদিগের পকে, প্রায়ই কালবশে এবং স্বতঃই রোগোপশন হইতে দেখা
গিয়া থাকে। কিন্তু এই সন্দেহ স্থানিক ঔবধাদি প্রদান করিয়া আমর।
কখনহ অতি সত্ত্রেই রোগনিবারণ করিতে সমর্থ হইয়া থাকি। যেস্থলে
উত্তেজনা না থাকে, তথায় ডাক্তার ম্যাকনামারা মাহেব ১ ঔল জলে
১ গ্রেণ আইওডিন্ এবং ২ গ্রেণ আইওডাইড্ অন্ পোট্যামিয়ন্ মিপ্রিত
করিয়া সেই লোশন্ প্রতাহ প্রাতঃকালে কতিপয় বিন্তু করিয়া চক্তুতে
প্রদান করিতে ব্যবস্থা দিয়া থাকেন। কিন্তু এই লোশন প্রয়োগে চক্তুতে
কোন প্রকার, উত্তেজনা উৎপন্ন হইলে, উত্থা পুনরায় প্রয়োগ করিতে
থাকা কদাচ উচিত হয় না।

অবছতা সুপারফিশিয়াল অর্থাৎ বাহিক হইলে, প্রতি দিতীয় দিবসের প্রাতঃকালে কর্ণিয়ার উপরিভাগে কালোমেল ধূলিবৎ প্রদান করিতে
হয়। বাস্তবিক এই অম্বছতা অগনীত করিবার নির্মিত্ত, সময়ে২ ডায়েলিউট্ রেড্ অক্লাইড্ অব্ মার্করি অয়েন্টমেন্ট, ক্ষীণবল য়ায়্টিন্দেন্ট
লোশন সকল এবং অন্যান্য য়্যায়্টিন্জেন্ট্ ঔষধাদি ব্যবহৃত হইয়া থাকে।
চক্ষর পাশ্ব বর্তী হানে উত্তেজনা থাকিলে, অক্লিপুটের উপরিভাগে এক্কট্রাক্ট অব্ বেলাডোনা প্রলেপিত করিয়া প্রাড্ এবং ব্যাণ্ডেক দারা
চক্লকে শিথিলভাবে বন্ধন করত বিশ্রোভভাবে রাখিতে হয়।

নাইট্টে অব্ সিল্ভার প্রভৃতি কোন প্রকার পদার্থের রন্দ দার। কর্ণিয়ায় অবচ্ছতা জনিলে, তাহা অপনীত করা অত্যন্ত হুরুহ। নাই-ট্রেট অব্ সিল্ভার জাত অবচ্ছতায়, অন্য কোন প্রকার উৎকৃষ্টতর ঔষধ্যভাবে ক্রিণ্বল সায়েনাইছ্ ভাব্ পোট্যাসিয়ন্ সলিউশন্ প্রয়োগের বাবস্থা প্রচলিত আছে; এবং তাহা ব্যবহার করিয়া দেখাও উচিত।
আর কার্বনেট্ অব্ লেড্ সঞ্চিত হইয়া অক্ষত্নতা জন্মিলে, তাহা সহজেই দুরীভূত করিতে পারা যায়। রোগীকে ক্লোরোফর্ম দ্বারা অচৈতন্য করত ফপ্-স্পেকিউলম্ নিয়োজিত করিয়া অক্ষিপুটদ্বয়কে অন্তরিভ রাখিতে হয়। পরে অন্ত্রচিকিৎসক এক থানি ফর্মেপ্স দ্বারা
চক্ষুকে ধৃত করিয়া কর্ণিয়ার ল্যামিনেটেড্ টিমু অর্থাৎ স্তরান্থিত ঝিল্লী
হইতে উক্ত সঞ্চিত কার্বনেট্ অব লেড্ পদার্থকে চাঁচিয়া লইবেন। এই
অভিপ্রায় সাধনের নিমিত্ত ক্ষুদ্র গড়-ব্যাটের সদৃশ যে অন্ত্র প্রস্তুত হইয়াছে, তদ্বারা অথবা একটা প্রশস্ত নিড্ল দ্বারাও এই কার্য্য উত্তমরূপে
সমাধা হইতে পারে। উক্ত সঞ্চিত পদার্থকে চাঁচিয়া লইয়া, তৎপরে
চক্ষুতে হুই এক বিন্তু তৈল প্রদান করা উচিত; এবং অক্ষিপুট মুদিত
করিয়া কতিপয় দিবস পর্যান্ত চক্লুকে প্যাড্ এবং ব্যাণ্ডেজ দ্বারা আবদ্ধ
রাখিতে হয়।

চূর্ণ বা তৎসদৃশ অন্য কোন পদার্থের রাসায়নিক কার্য্য দ্বারা, অথবা কোন যান্ত্রিক অপায়ে (মেকানিক্যাল ইন্জুরি) কর্ণিয়ার কিয়দংশ বিনাশিত হওত যে লিউকোম। বা ঘন অম্বচ্ছতা জন্মে, তাহা ক্ষতন্ত্রাত অম্বচ্ছতা হইতে কোন অংশেই প্রভিন্ন নহে; স্কুরাং তাহার চিকিৎসাপ্রধালীও তদমুক্রপ।

টুন্যাটিক্ অর্থাৎ আঘাতজনিত স্থলে, সচরাচর লেন্সেরও পীড়া হইয়া থাকে। ক্যাটার্যাক্ট্ অর্থাৎ মন্থরোগ প্রকরণে এবম্বিধ উপদর্গ টিকিৎদা করিবার বিষয় সবিশেষ বর্ণিত হইয়াছে। যেথানে কর্ণিয়ার কেন্দ্রস্থল অম্বচ্ছ হয়, তাহার ছই এক বিশেষ২ স্থলে, প্রিজ্যাটিক্ কাচের চসমা (Prismatic glass) ব্যবহার করিলে, চক্ষুতে আলোকর শি স্থাক্ষাকোণে পতিত হইয়া, কেন্দ্র ভিন্ন অন্য পথ দিয়া চক্ষুরভান্তরে প্রবেশ করত একেবারে ছই চক্ষুদ্বারাই দৃষ্টিজ্ঞান জন্মাইয়া দেয়। কৃত্রিম কনীনিকা করিতে হইলে, তাহার নিয়মাদি ''কৃত্রিম কনীনিকা'' প্রকরণে

ডাক্তার ম্যাক্নামার। সাহেব এই সমস্ত বর্ণনা করিয়া পরিশেষে মিন্টার বোম্যান্ সাহেবের বর্ণিত অন্য একবিধ কর্ণিয়ার অস্বচ্ছত। এস্থলে বর্ণনা করিয়াছেন \*। কর্ণিয়ার উপরিভাগে পার্থিব প্রমাণু সঞ্চিত হইয়া এই অস্বচ্ছতা উৎপন্ন হয়। "উহা দেখিতে অতি স্ক্রম্

<sup>\* &</sup>quot;Lectures on the Parts Concerned in the Operations on the Eye," P. 117.

চিত্রবিচিত্রীকৃত কুষ্ণবর্ণ চিহু মাত্র। এই চিচ্ছের নধ্যে কতকগুলি এক স্থা যে, দর্শনোপ্যোগী কোন কাচখণ্ড ব্যবহার না করিলে, ভাহা-দিগকে দেখিতে পাওয়া যায় না। এবম্বিধ অম্বচ্ছতার সীমা অধিক দুর পর্যান্ত বিস্তৃত হয় না, এবং যেস্থলে অস্বচ্ছতা না থাকে, তথাকার কর্ণিয়া বিলক্ষণ পরিক্ষত ও সম্ছ থাকে। দেখিলেই বোধ হয় যে, এই অম্বচ্ছতা বাহ্যদেশে মাত্র অবস্থিত আছে, এবং তথায় কেবল অত্যাপ উন্নতভাবে রহিয়াছে। কর্ণিয়ার অপরাপর অংশে যদ্রপ আলোক প্রতিফলিত হইয়া থাকে, এই অস্বচ্ছতার উপরিও তদ্ধপ উজ্জ্বলরপে প্রতিকলিত হয়"। এই অম্বচ্ছত। ক্রমে২ প্রকাশিত হইতে থাকে: এবং কর্ণিয়ার অগ্রবর্ত্তী স্তরের ইপিথিলীয়মের নিম্নে চূর্ণলবণ (Salt of lime) मिश्रिंड हरेग्रा छेर। छेरशन हरेग्रा थात्क। कार्यत्मे अव् तिष्ठ तिश्रिंड एटल यक्तरे हिकिटम क्रिटिंड इये. बरे मकल इटलंड हिक उक्तरे চিকিৎসা করা বিধেয়। ডাক্তার ম্যাক্নামারা সাহেব অনেক স্তলে এই-রূপ সঞ্চিত আবিল পদার্থকে চাঁচিয়া লইয়া রোগাপনয়ন করিয়াছেন। কিন্তু এইরূপ পদার্থ পুনঃ২ সঞ্চিত হইতে পারে; এবং তদ্ধারা রোগী অবিরত উত্তেজনা ও কফ ভোগ করে। এই উত্তেজনা ও কফ এত অধিক হয় যে, চফুতে উত্তেজনা স্থায়িভাবে থাকিতে দেখিয়া, সম্প্রতি উক্ত সাহেব আমাদের চিকিৎসালয়ত্ত কোন রোগীর চক্ষু হইতে সমু-मग्न किर्माटक এटकवाटन कर्डन किन्न ।

কনিক্যাল্ বা সূচীবৎ কর্ণিয়া (Conical cornea)—সক্তা বিনাশিত না হইয়া সমস্তবা কিয়দংশ কর্ণিয়া পাতলা ও স্ফীত হওত বহি-

দিকে ঠেলিয়া আসিলে তাহাকে কনিক্যাল কর্ণিয়া কহা যায়। উহা কখনহ
কেবল কর্ণিয়ার কেন্দ্রভাগ হইতেই
ঠেলিয়া আসিয়া ভতুপরি একটা সূচীর
ন্যায় অবস্থান করে; এবং কখনহ
কর্ণিয়ার অন্যান্য অংশ হইতেও
ঠেলিয়া আইসে। সাধারণতঃ সমস্ত
কর্ণিয়া ঠেলিয়া আইসে; এবং উহার

২৬শ প্রতিকৃতি।



কেন্দ্রন্থল উক্ত সূচীর শিথরভাগ হয় (২৬শ, প্রতিকৃতি)। অতএব এতদ্রপ অবস্থায় আলোকরশ্যি সকল চফুর মধ্যে প্রবেশ করিলে, তাহাদের গতি- ভঙ্গ শক্তি (Refraction) বিদ্ধিত হইয়া পড়ে, এবং তাহারা রেটিনায় কেন্দ্রায়িত না হইয়া তংসদ্মুখভাগেই কেন্দ্রায়িত হইয়া পড়ে; এই নিমিত্তই রোগী নাইওপিক অর্থাৎ অদূরদর্শী হইয়া থাকে। মিফার বোমান সাহেব বলেন যে, এই রোগ প্রায়ই পঞ্চদশ বর্ষ হইতে পঞ্চবিংশতি বর্ষবয়ক্ষ ব্যক্তিদিগেরই ঘটিয়া থাকে। কিন্তু এতদপেক্ষা অপবয়সে অথবা পঞ্চাশৎবর্ষবয়ক্ষ ব্যক্তিদিগেরও এই রোগ জন্মিতে পারে। প্রদাহ হইলেই যে, তৎপরে এই রোগ হয় এমত নহে; কিন্তু সাধারণতঃ তুর্বল এবং করা ব্যক্তিদিগেরই এই রোগ হইয়া থাকে। উভয় চক্ষুতে সমভাবেই এই রোগ বিদ্ধিত হইতে পারে; কিন্তু কোনহ স্থলে এক চক্ষু অপেক্ষা অন্য চক্ষুতে শীত্রহ বৃদ্ধি পাইয়া থাকে ।

কনিক্যাল কর্ণিয়া সচরাচর প্রকাণ্ড হইলেও তাহাতে কর্ণিয়া ফাটিয়া यांग्र ना । इंशां अञ्चत तिवा दाध इग्न त्यां नित्ति हिं हिंदू त्यमन পাতলা হইতে থাকে, অমনি উহা য়্যাকিউয়স নামক তরল পদার্থকে सूद्धावद्यारशका जनायारमह स्रकीय जसर्वर्डी शनार्थ गया निया मिक्षिड হওত নিঃমৃত হইতে (Transudate) স্থান প্রদান করিতে থাকে; স্তরাৎ ভাহাতে চক্ষুর আভ্যন্তরীণ প্রতিচাপ কিঞ্চিৎ স্থািত হইয়া যায়। এই প্রতিচাপ কিঞ্চিৎ স্থগিত হইলে, অন্য কোন ঘটনা আর ঘটে না; অর্থাৎ কর্ণিয়ার পাতলা টিমুও ফাটিয়া যাইতে পারে না এবং চকুর অন্তর্বর্তী পদার্থও নিঃসৃত হয় না। ইহা নিঃসন্দেহ বোধ হই-তেছে যে, এইরূপ পরিবর্ত্তনের প্রথমেই কর্ণিয়ার ল্যামিনেটেড টিসু স্বকীয় সৌত্রিক বিধানের চুর্ব্বলতা প্রযুক্ত চক্ষুর আভ্যন্তরীণ প্রতিচাপে বিতানিত হইয়া বহির্দিকে ঠেলিয়া আইনে। কিন্তু যখন উক্ত টিসু যত দুর পাতলা হইবার ততদুর পাতলা হয়, তখন একুস্মোসিস্ (Exosmosis) প্রযুক্ত উক্ত টিসু আর অধিক ঠেলিয়া আসিতে পারে না; উহা একুস্নোসিস্ প্রযুক্ত সেই পর্যান্ত আসিয়াই স্থগিত হয়। কর্ণিয়ার কেন্দ্রভাগের সৌত্রিক স্তর সকলেরই প্রতিরোধিনী শক্তি অগ্রে শীঘ্র২ পরিবর্ত্তিত হইয়া পড়ে এবং সেই স্থান অপকর্ষক পরিবর্ত্তন সকল দারা অপ্প বা অধিক পরিমাণে কেবল আবিল হইয়া যায়; ভদ্তির কর্ণিয়ার অপরাপর অংশ বিলক্ষণ স্বচ্ছ থাকে। আকারগত বৈসাদৃশ্য সত্ত্বেও, এই স্বচ্ছতাই এই রোগ এবং কর্ণিয়ার ষ্ট্যাফিলোমা এতহুভয় রোগের প্রভেদ-জাপক।

<sup>\*</sup> Ophthalmic Hospital Reports, vol. ii. p. 157, 1856.

এই রোগের গতিরও তারতমা আছে; অর্থাৎ কখন২ উহা অতি
শীত্র বিদ্ধিত হয় এবং কখন২ অনেক বৎসর লাগিয়া বিদ্ধিত হইতে থাকে।
শারীরিক স্বাস্থ্যের ব্যতিক্রম অনুসারেই সচরাচর এই প্রভেদ ঘটিয়া
থাকে। কোন কারণে কর্ণিয়ার পরিপোষণের বিশৃষ্খালা হইলে, অথবা
তদ্ধারা কোরইডে রক্তসংঘাত এবং চক্ষুর আভান্তরীণ প্রতিচাপ
বিদ্ধিত হইলে, উক্ত উন্নত স্থান সমধিক উন্নত হইয়া উঠে। এই সকল
কম্প্রিদ কারণ না ঘটিলে, পীড়া সচরাচর কোন নির্দিন্ট সীমা পর্যান্ত
বিদ্ধিত হয়; এবং তথায় যাবজ্জীবন অথবা ক্তিপেয় বৎসর পর্যান্ত স্থিরভাবে অবস্থান করিয়া থাকে।

লক্ষণ।—এই কনিক্যাল কর্ণিয়ায় চক্ষুর আকৃতিবৈলক্ষণ্য ভিন দৃষ্টিরও হানি হয়। কর্ণিয়ার ন্যুক্ততার নুন্যাধিক্য অনুসারে এই দৃষ্টিলঘুতার তারতন্য ঘটে। ডায়প্টিক মিডিয়া অর্থাৎ দৃষ্টিপথের গতিভদ্দ শক্তির রুদ্ধি হেতু রোগের প্রথমাবস্থাতেই রোগী অদুরদৃষ্টি হইতে থাকে এবং ভাহা ক্রমশঃ অভিরিক্ত হইয়া পড়ে। কুজ কাচের চসম। ব্যবহার করিলে, এই অদুরদৃটিদোষ কিছু কালের নিমিত্ত সংশোধিত হইতে পারে; কিন্তু পীড়ার ব্লদ্ধিসহকারে গতিভঙ্গ শক্তি এত বিদ্ধিত হয় যে, তখন উক্ত কুজ চসমায় আর কোন ফলোদয় হয় না; এবং কর্ণিয়ার এতদ্রপ স্থাক্ত অবস্থার পূর্বেও উহার পরিবর্তিত মুক্তে উপরিভাগ সচরাচর সর্বস্থানে সমন্মুক্ত না থাকায়, মাইওপিয়া রোগের পরিবর্তে য়াষ্টিগ্নাটিজম্ (Astigmatism) অর্থাৎ বিষমদৃষ্টি জন্মে। এই য়াষ্টিগনাটিজম রোগ যখন স্থায়ী হইয়া পড়ে, তখন স্তন্ত্রাকার চসমা (Cylindrical glass) ব্যবহার করিলে, তজ্জনিত চ্টিদোষ দূরীভূত হইতে পারে। পরে যদি অপকর্ষক পরিবর্তন সকল ক্রমশঃ বিদ্ধিত হইতে থাকে, তবে কণিয়ার কেল্রুলত্ অস্ত্তা ক্রমশঃ রদ্ধি পাইয়া পরিশেষে চক্ষু একেবারে বিন্ট হইয়া যায়।

সন্মুথ হইতে সরলভাবে আলোক পাতিত করিয়। চক্ষু পরীকা করিলে, প্রথমাবস্থা-প্রকাশক কর্ণিয়ার অত্যুপ্প ম্যুক্তভা অনুভব করা যায় না। এই নিমিত্ত আলোক পাশ্বে রাখিয়া চক্ষু পরীক্ষা করা উচিত; এবং তাহা হইলেই অনেক স্থলে কর্ণিয়ার কেন্দ্রন্থলের এতদ্রুপ স্ফীতি অনায়াসেই সম্যক্ দৃষ্ট হইয়া থাকে। এইরূপ পরীক্ষায়ও যদি সন্দেহ উপস্থিত হয়, তবে অক্ষিবীক্ষণ যন্ত্রের সন্মুখে ম্যুক্ত লেন্স না পরিয়া কেবল সেই যন্ত্র দারাই ভিন্ন২ কোণে কর্ণিয়ার ভিন্ন২ স্থানে

জালোক পাতিত করিয়া দেখিলে, তালোকের বিপরীতদিকস্থ রিশ্যা সূচীর পাশ্ব ছায়ারত অথবা অন্ধকারময় বলিয়া বোধ হয়। এই সুন্দর পরীক্ষা মিফার বোম্যান সাহেব প্রথমে প্রকাশ করেন। যেখানে সাধারণ পরীক্ষায় কোনরূপ অনুসন্ধান করা যায় না, তথায় এইরূপে পরীক্ষা করাই উচিত।

চিকিৎসা। প্রথমতঃ, রোগের প্রথমাবস্থায় সাধ্যায়ত্ত হইলে, অগ্রে রোগীকে একথানি স্থাক্ত অথবা স্তন্তাকার কাচের চন্দ্র। ব্যবহার করিতে দেওয়া উচিত। উহা ব্যবহার করিলে, চক্লুতে নিপুণভাবে কট করিয়া দেখিবার অনেক লাঘব হয়। নিপুণভাবে কট করিয়া দেখিলে, চক্লুর অভান্তরে রক্তসংঘাত এবং অক্লিগোলকের বিতান বিদ্ধিত হয়। মাইওপিয়া এবং য়াটিগ্র্যাটিজন্ হইলে, সাধারণতঃ যে নিয়্মে চস্মার কাচ ব্যবহার করিতে হয়, ইহাতেও তাহা সেই নিয়্মে ব্যবহার করা উচিত।

দ্বিতীয়তঃ, যাহাতে রোগীর শারীরিক স্বাস্থাব্রদ্ধি হয়, তদ্বিধান করাও অবশাকর্ত্ব্য। কনিক্যাল কর্ণিয়া হইলে, প্রায়ই রোগীর স্বাভা-বিক বলবীযোঁর হানি হইয়া থাকে। এত স্লিমিত্ত তাহাকে টনিক ঔষধ সেবন করান উচিত। পরিশেষে, ছুর্দমা ও রুদ্ধিশীল রোগে, আইরি-ডেকট্নী অস্ত্রপ্রক্রিয়া অবলম্বন করিয়া, আইরিদের উর্দ্ধবিভাগ নিন্ধা-শিত করিলে, য়ৢাকিউয়ুস নিঃসরণের লাঘ্ব হয়। যদি আইরিস নিকা-শন করিয়া সম্পূর্ণ উপকার পাইতে ইচ্ছা থাকে, তবে এবিষধ অস্ত্র-প্রক্রিয়া অবলম্বন করিতে বিলম্ব করা কোন মতেই উচিত বলিয়া বোধ হয় না। কারণ, আইরিস নিঙ্কাশিত করিলে, য়াাকিউয়মের পরিমাণ লঘু হয়; সুতরাং তাহাতে কর্ণিয়া যে বেগ প্রযুক্ত বিতানিত হইতে ছিল, ভাহাত থকা হইয়া যায়। এই বিভান থকা করাই আইরি-ডেক্টনী অস্ত্রপ্রক্রিয়ার উদ্দেশ্য; এবং তাহা করিলেই উহা উপকার-জনক হইয়া থাকে। অপিচ এরপে বলা যাইতে পারা যায় না যে, আইরিডেকটমী করিলেই পীড়া একেবারে স্থগিত হইয়া যাইবে। কিন্তু প্রথমাবস্থায়, বিশেষতঃ যেখানে রোগ সত্তর বিদ্ধিত হইতেছে, সেখানে এতদ্বারা রোগের প্রকোপ নিবারিত হইতে পারে, এরূপ বলিতে পার। যায়।

কর্ণিয়ার ভিন্ন২ স্থানে ভিন্ন২ রূপে আলোকের গতিভদ্ধ হয় বলিয়া, দৃটির যে বৈলক্ষণ্য ঘটে, তাহা সংশোধন করিবার নিমিত, মিটার

विभाग मारहत कनीनिकारक निम्नलिथिङ करण भीर्यकथ छ कतिरङ বলেন। কর্ণিয়ার উদ্ধবিভাগের পরিধি মধ্য দিয়া একটা প্রশস্ত নিডল প্রবিষ্ট করিতে হয়; পরে সেই ছিদ্র মধ্য দিয়া স্বাগ্র একটী হুক নামক অস্ত্রে ফ্লান্টেরিয়র চেম্বারে প্রবেশিত করিয়া, আইরিসের পেরি-ফির্যান প্রান্তভাগ হইতে নমুদ্র আইরিসের এক তৃতীয়াংশ দুর পর্যান্ত স্থান পর্দ্ধ। করিয়া ধুত করিতে হয় ; এবং সেই পর্দ্ধার্টীকে কর্ণিয়ার উক্ত ছিদ্রের মধ্য দিয়া টানিয়া আনিয়া, একখণ্ড স্থল্ম রেসমের স্থত দারা বন্ধন করিয়া রাখিতে হয়। কারণ, এইরূপ বন্ধন করিলে, উহ। পুন-র্বার য়্যান্টেরিয়র চেম্বারে প্রভ্যাব্রত হইতে পারে ন। ( ৩১শ, প্রতি-कुछ (म्थ)। कनीनिक। এই ऋপে छिक्वे পরি लग्नगान इरेश। পডে। এদিকে কর্ণিয়ার উক্ত ছিদ্র সত্ত্রই আবেগাগ হয় এবং আইরিসকে বর্ত্ত-মান অবস্থাতেই অবস্থিত রাখে। অতঃপর নিম্নদিকেও এরপে অস্ত্র করিতে হয়। তাহাহইলেই কনীনিকা শীর্ষকথণ্ড অর্থাৎ উদ্ধাধঃপরি-লম্মান হইয়া পড়ে। এই অস্ত্রপ্রক্রিয়ায় আইরিনের ব্রভাকার সূত্র সকল (Circular fibres) বিভাগিত না হওয়ায়, তাহারা সঙ্গ চিত ব। প্রসারিত হইতে কোন বাধা প্রাপ্ত হয় না।

ডাক্তার ভূন গ্রেফ সাহেব ক্রম-বদ্ধান কনিক্যাল কর্ণিয়ায় নিম্ন-লিখিত অস্ত্রপ্রক্রিয়া অবলম্বন করিতে অনুমতি দিয়া থাকেন। একথানি সঙ্গীর্ণকলক ক্যাটার্যাকট নাইক উক্ত স্থচীর চিক শিখর ভাগের মধ্য দিয়া কর্ণিয়ার মধাস্তর মধ্যে প্রবেশিত করিতে হয়। তৎপরে তাহা এরপে বহির্ণত করিয়া লইতে হইবে যে, তদ্ধারা কর্ণিয়ায় কেবল একটী বাহ্যিক কুদ্র চিড় বং খণ্ড হইতে পারে। উক্ত ছুরিক। য়ার্যন্তিরিয়র চেম্বারে নিহিত করা কদাচ উচিত নহে। তদ্বারা কেবল কর্ণিয়ার বাহ স্তরগুলি উল্টাইয়া লইয়া, সেই স্ক্ খণ্ডের তলদেশ একখানি কাঁচি षाता कांग्रिश निट्ठ इस । देनवक्तरम यनि मसूनस कर्निस विका इहेसा পড়ে, তবে যত দিন পর্যাম্ভ বিদ্ধস্থান আরোগ্য না হয়, তত দিন পর্যাম্ভ অন্ত্রপ্রক্রিয়া বন্ধ রাখিতে হয়। অস্ত্র করিবার পরদিবদে কর্ণিয়ার य स्न रहेट अक थंछ श्रमी कर्डन कित्रमी लखरा यास, ज्यास फारस-লিউট অব্ কটিক্ পেন্সিল (১ অংশ নাইটেট্ অব্ সিলভার, ২ অংশ नाइति छ ज् लाहिएम्) अथरम अछा अवात्स्य म्लू के कतिया त्म अया উচিত। যত দিন পর্যান্ত একটী ক্ষত উৎপন্ন না হয় এবং দেই ক্ষতের চত্বঃপাধে রদামুপ্রবেশ হইতে না থাকে, তত দিন পর্যান্ত প্রতিদ্বিতীয়

দিবসে এইরপ ব্যবহার করিতে হয়। অতঃপর অতান্ত দাবধান হইয়া, ক্ষত স্থানের তলদেশ দিয়া একটা স্থূল প্রোব্ প্রবিষ্ট করত য়ানেটেরিয়র চেম্বারকে ছিদ্রিত করিয়া দিতে হয়। তিন কিয়া চারি দিবস পর্যান্ত প্রতাহই ঐ স্থান এইরপে ছিদ্রিত করা বিধেয়। তংপরে, চক্ষুকে বন্ধ রাখিয়া ক্ষতস্থান আরোগ্য হইতে দেওয়া উচিত। ইহাতে কর্ণিয়ার অতিরিক্ত স্থাক্ততা কমিয়া যাইয়া চেপটা হইয়া পড়ে, এবং উহার যে স্থান অত্যন্ত পীড়িত ও ছিদ্রিত হইয়াছিল, তথায় ঘন অযুচ্ছতা ক্রেয়। অতঃপর আইরিডেক্টমী অন্ত্রপ্রক্রিয়া অবলম্বন করিয়া কনীনিকাকে স্থানাভরিত করাও বিধেয় হইয়া থাকে।

কর্ণিরার মণ্ডলাকার সম্ভচ্ছ বহিরুরর্ব (Spherical, PELLUCID PROTRUSION OF THE CORNEA) 1—এই রোগ পূর্ক-কালে কখন২ য়াকিউয়স্ চেম্বারের ডুপ্সি (Dropsy) রোগ বলিয়া উল্লিখিত হইত। কোন প্রকার লক্ষণের ভুচনা না হইয়া এইরোগ অকত্মাৎ আবিভূতি হয়; এবং সচরাচর প্রথন গ্রানিউলার কন্জংটিভাইটিল অথবা কেরাটাইটিস রোগের পারেই প্রকাশিত হইতে পারে। কারণ ঐ তুই পীড়ায় কর্ণিয়ার সৌত্রিক বিধানের বিস্তীর্ণতা শক্তি লঘু হয়; সুতরাৎ বিস্তীর্ণতা শক্তি লঘু হইলে, উহার অভ্যন্তর-প্রতিচাপ-রোধিনী-শক্তিও লঘু হইয়৷ যায় ; এবং তরিমিত্ত উহা দেই চাপ সহু করিতে না পারিয়া, অবশেষে ক্রমশঃ বহির্দিকে অপপ বা অধিক পরিমাণে ক্ষীত হইয়া পড়ে। কর্ণিয়ায় অগ্রে কোন প্রকার প্রবল রোগ বা আঘাত না হইলে, এই রোগ জল্মে না বলিয়া, কনিক্যাল কর্ণিয়া হইতে এই রোগের সংপ্রাপ্তিগত বিলক্ষণ প্রভেদ আছে। কখন২ এই রোগ গাঢ়স্থায়ী পীড়া হইতেও উৎপন্ন হইয়া থাকে। এই গাঢ়স্থায়ী পীড়ায় চফুর আভান্তরীণ প্রতিচাপের রৃদ্ধি হয়; এবং সেই সঙ্গেহ সিলিয়ারি বা পক্ষস্নায়ুসকলও পীড়িত হওত কর্ণিয়ার স্নায়ুশক্তির অভাব হইয়া পড়ে। জন্মসহানুবর্তী হইয়া এইরোগ প্রায়ই উংপন্ন হয় না। সম্প্রতি একটী গৃহত্তের পুত্র ও কন্যাগণ প্রভৃতি সমুদ্য পরিবারই এই রোগে ভয়ানক কন্ট সহ্ করিয়াছিলেন।

কর্ণিয়ার এই সম্বছ বহিরুয়য়ন রোগে স্ক্রারোটকও প্রীড়িত হয়;
বাস্তবিক অন্ধিগোলকের সমস্ত সম্মুখভাগ বহির্দিকে স্ফ্রীত হইয়া
আইনে। এই স্ফ্রীতির আয়তন এবং ল্যাব্রুতা এত বর্দ্ধিত হয় য়ে,
চক্ষু আর্ত করিয়। অন্ধিপুটিধ্য়কে মুদিত করা অত্যন্ত অমন্তব হইয়া

উঠে। কর্ণিয়া অবশেষে অস্বচ্ছও হইতে পারে; এবং ক্রমে বর্দ্ধিত ক্ষতরোগ দ্বারা বিনাশিত হইবারও সম্ভাবনা আছে।

এই রোগের প্রথমাবস্থায় আইরিসের কার্যাদি (Functions)
প্রায়ই ক্ষীণ হইয়া পড়ে। আলোকোত্তেরে উহা অত্যন্ত অপপ সম্ধুচিত হইতে থাকে। অতঃপর সাইনেকিয়া হওয়ায়, আইরিস লেন্সের
সহিত সংযুক্ত হইয়া পড়ে। যতদিন পর্যান্ত এই রোগ বিদ্ধিত হইতে
থাকে, ততদিন পর্যান্ত রোগী কোনরূপ কর্ত ভান্তুত্ব করে না; কিন্তু
যখন কর্ণিয়া অত্যন্ত উন্নত হইয়া উঠে, তখন ক্রমশঃ অদুরদ্ধি হইতে
থাকে। এই সময়ে রোগী অক্ষিকোটরাভান্তরে কোন বস্তু বিস্তৃত হইতেছে বলিয়া বোধ করেন। তিনি উন্নত অক্ষিগোলককে অতিকর্কে
কোটরময় করিতে পারেন এবং মেই সময়েই চক্ষুকে একপাশ্ব হইতে
অপর পাশ্বে বিঘূর্ণন করিতেই উক্ত বিস্তৃতি বিশেষরূপে অনুভব
করিয়া থাকেন।

চিকিৎসা।—এই রোগ প্রায়ই আরোগ্য হয় না। তবে রোগের প্রথমাবস্থায় টনিক্স এবং তদিপ অন্যান্য ঔষধ বিপান দারা রোগীর পরিপোষিকা শক্তির উন্নতি করিয়া রোগের প্রকোপইদ্ধিস্তাতি করিতে পারা যায়। কারণ, রোগীর পরিপোষিকা শক্তির উন্নতি হইলেই, কর্ণিয়া এবং তৎপাশ্ব বর্তী স্থানসকলের স্থানিক অপকর্ষ স্থানত হইয়া যায়!

এই রোগের সত্তরবদ্ধিনান হলে, আইরিডেক্টনী অবলম্বন করা আদিট হইতে পারে। কিন্তু আনার বোধ হয়, যদি এই অস্ত্র-প্রক্রিয়ার কিছু উপকার দর্শে, তাহা কখনই চিরকালের নিমিত্ত স্থবিধা-জনক হয় না। য়্যান্টেরিয়র চেমারকে রোগাবস্থাপেকা কিঞ্চিৎ শূন্য-গর্ভ রাখিয়া চফুর আভ্যন্তরীণ প্রতিচাপ থর্ম করিবার আশায়, কণিযায় পুনঃপুনঃ প্যার্রাদেন্টেসিস বা কেন্দ্রভেদ অস্ত্রপ্রক্রিয়া অবলম্বন
করিবার বিধি আছে।

আইরিডেক্টনী অথবা প্যারাদেন্টেসিস যে কোন প্রক্রিয়া অবলমন করা যাউক না কেন, এইরূপ স্থলে আভ্যন্তরীণ প্রতিচাপ ক্রেন্থ থর্ম করিবার নিনিত্ত ম্যাকিউরসকে আস্তেহ নিঃসূত করা সর্মতোভাবে উচিত। ভাষা করিলে, কোরইডের রক্তবহা নাড়ীগণ প্রায়ই পীড়িত থাকিয়া হঠাৎ ছিল হওত বিনাশক রক্তপ্রাব করিয়া দেয়; সূত্রাৎ ভাষাতে সমুদ্য় অক্ষিণোলককে নিদ্ধাশিত করিবার

প্রয়োজন হইয়। পড়ে। কিন্তু য়াকিউয়স্কে আল্তেং নিঃসৃত হইতে দিলে, এই তুর্ঘটনা ঘটিবার অপে সম্ভাবনা আছে; এবং ভাহাতে আক্ষিগোলকের বিতান ক্রমশঃ লঘু হওয়ায়, চক্ষুর অভ্যন্তরে সুস্থাবস্থার ন্যায় শোণিতসঞ্চালন হইতে থাকে।

যদি এইরোগ এত বিদ্ধিত হয় যে, তাহাতে অফিপুট নিনীলিত করিতে পারা যায় না, তবে সেই চকুর দৃষ্টিশক্তি না থাকায়, য়াাব্দিশন অস্ত্রপ্রক্রিয়া দ্বারা তাহার দন্মুথাদ্ধভাগ নিদ্ধানিত করিয়া লওয়া বিধেয়। অপর চকুটী পীড়িত না থাকিলে, এইরূপ অন্ত্রপ্রক্রিয়া অবলম্বন করাই উচিত। তাহা হইলে, সমবেদনাপ্রদ উত্তেজনা উপস্থিত হইয়া উক্ত সুস্থ চক্ষুকে বিনাশিত করিতে পারে না।

কর্ণিয়ায় আঘাত এবং অপায়। (Wounds and Injuries)

কর্ণিয়ায় নানাবিধ অপায় ঘটয়া থাকে। মিন্টার কুপার সাহেব \*
বলেন যে, চিকিৎসকের নিড্ল অন্তের অগ্রভাগ দ্বারা বিদ্ধ হইলে,
যক্রপ ক্ষুদ্ধ, এমত কি যাহা হইতে য়াকিউয়স্ও নিঃসৃত হইবার সুযোগ
পায় না, কর্ণিয়ায় তাদৃশ ক্ষুদ্র আঘাত অথচ রহৎ২ বিদারণ ও ছেদন
প্রভূতি নানাবিধ অপায় ঘটতে পারে। কিন্তু এই সকল বিদারণ
যতই কেন স্কুন্ধ হউক না, তাহাতে অনেক বিপদ ঘটবার সন্তাবনা
আছে; এবং যত্নপূর্বাক চিকিৎসা করিলে, সুবিধাজনক স্থলসকল প্রায়
কিয়াদিবসের মধ্যেই নিরাপদে আরোগ্য হইয়া যায়। বয়সের যতই
স্থানতা হয়, রোগ তত শীঘ্রই আরোগ্য হইয়া থাকে; এবং রোগী সুস্থ
ও সবল থাকিলে, চক্ষুতে প্রদাহ হইবারও অপ্প সন্তাবনা আছে। এই
রোগ অধিক বয়সেও আশ্চর্যাজনকরপে আরোগ্য হইতে দেখা গিয়াছে।

ঘূলী কুক্ বা য়া ব্রেশন (Abrasien)।—কর্ণিয়া অনেক সময়ে ঘূলীও হইয়া থাকে। কোন বাহ্পদার্থে কর্ণিয়ার উপরিভাগ আঁচড়াইয়া যাইলে, তদ্ধারা কর্ণিয়ার কিয়দংশ ইপিথিলীয়ন্ উন্মোচিত হইয়া যায়। যে সকল থাত্রী শিশুসস্তানদিগকে নতত ক্রোড়ে করিয়া রাথে, তাহারাই কখন২ এই পীড়া ভোগ করে। শিশু সন্তানেরা থাত্রীর মুখ আঁচড়াইয়া নখাঘাত দ্বারা তাহার কর্ণিয়া হইতে কিয়দংশ ইপিথিলীয়ন উন্মোচিত করিয়া লয়। কশাঘাত দ্বারাও এইরপ ঘটনা ঘটিতে পারে। কলতঃ বহুতর কারণে এইরপ রোগ উৎপন্ন হইয়া থাকে।

<sup>\*</sup> W. White Cooper on "Wounds and Injuries of the Eye," p. 98.

কর্ণিয়া এইরূপে ঘৃষ্ট হইলে, চকুতে সাতিশয় যন্ত্রণা উপস্থিত হয়,
এবং রোগোপশনে তাচ্ছীল্য করায়, কোনং স্থলে বিনাশক প্রদাহ
আসিয়াও উপনীত হয়। এইরূপ রোগাক্রান্ত রোগী চকুকে সচরাচর
দূচ্বদ্ধ করিয়া, অপরিমিত যাতনা, অশ্রুবিগলন এবং আলোকভীতি
দ্বারা অভিভূত হওত আমাদের নিকট আসিয়া, চক্ষুতে কোন বাহ্যপদার্থ সন্ধিবিষ্ট আছে বলিয়া অভিযোগ করিতে থাকে।

অকিপুটদ্র উন্মীলিত করিবানাত্রেই চকু হইতে অপ্রত্থিবাহ প্রবাহিত হইয়া আইনে। প্যাপিব্রাল্ এবং অবিট্যাল্ উত্য় কন্দং-টাইভায় অপ্প বা অধিক পরিমাণে রক্তসংঘাত হয়। তির্যাগ্ভাবে আলোক রশ্যি পাতিত করিয়া কর্ণিয়াকে পরীক্ষা করিলে দেখা যাইবে যে, উক্ত উন্মোচিত স্থান উজ্জ্বল এবং তাহার চতুঃসীমা ইপিথিলীয়াল্ কোষের উন্নত ও ছিন্ন প্রান্ত দারা বোষ্টত হইয়া রহিয়াছে। এই উন্মো-চিত স্থানের চতুঃসীমা অতান্ত অসম; এবং উহার আকৃতি, আয়তন ও অবস্থান অনুসারে নান্ধিধ হইয়া থাকে।

কোন সুস্থ ব্যক্তির কর্ণিয়া কেবল ঘৃষ্ট হইলে, যদি উত্তমরূপে চিকিৎসা করা যায়, তবে তিন কিয়া চারি দিবসের মধ্যেই আরোগ্য হইয়।
যায়। পুনর্কার ইপিথিলীয়ন্ জন্মে এবং ঘৃষ্টাংশ প্রকৃতাবস্থা ধারণ
করে। কিন্তু যদি রোগী এই অপায় ঘটিবার সময় অসুস্থ থাকে এবং
যদি রোগোপশম করিতে অবহেলা করে, তবে সামান্যরূপ দৃষ্ট হইলেও
তদ্ধারা এমত ভয়ানক কেরাটাইটিন্ রোগ জন্মিতে পারে যে, পরিশেষে কর্ণিয়ায় ক্ষত বা ক্ষোটক উৎপন্ন হয়।

চিকিৎসা। —কর্নিয়ার ইপিথিলীয়ন্ উন্মোচিত হইলে, অক্নিপুট উন্মীলিত করিয়া চক্ষুতে চুই এক বিন্দু অলিভ অয়েল প্রদান করিতে হয়। তৎপরে অক্নিপুটদ্বয়ের উপরিভাগে এক্ট্যাক্ট অব বেলাডোনা প্রলেপিত করিয়া তুরার পা।ড্ এবং ব্যাণ্ডেজ দ্বারা চক্ষুকে চিক্সিশ্বন্টা কাল বিশ্রাম দিতে হয়। অতঃপর এইরূপ করিলেও যদি যন্ত্রণা অপনীত না হয়, তবে সেই চক্ষুতে চুই এক বিন্দু য়াট্রোপীন প্রদান করা উচিত; এবং নথাে২ পোস্তর্গেড়ি ফলের সহিত সিদ্ধা উত্তপ্ত জলের সেক প্রদানের ব্যবস্থা দিতে হয়। ইত্যবকাশ মধ্যো চক্ষুকে প্যাড় এবং ব্যাণ্ডেজ দ্বারা বন্ধন করিয়া রাখা উচিত।

এইরূপ ঘৃত্তব্বকে যে উত্তেজনা হয়, যদি সেই উত্তেজনায় প্রদাহ জথবা তৎপরে কত জন্মে, তবে পুর্মে কেরাটাইটিম এবং কর্ণিয়ার কত রোগে যজপ চিকিৎসার ব্যবস্থা উল্লিখিত হইয়াছে, তজ্রপে চিকিৎসা করিতে হয়। এই অবস্থায় কোনরূপ উত্তেজক লোশন প্রয়োগ করা কোন মতেই উচিত নহে; চক্ষুকে বিশ্রাম দেওয়াই সংব্যবস্থা। চক্ষুকে বিশ্রাম দিলে, অনেক স্থলেই ইপিথিলীয়্যাল্ বা উপস্থানীয় কোষ সকল পুনকদিত হয় এবং চক্ষুর কার্যাদি পূর্কবিৎ সুপৃষ্ঠালে চলিতে থাকে।

নিজেবিণ (Contusions) ।—সাধারণতঃ সন্মুথ হইতে আঘাত লাগিয়া কণিয়া প্রায়ই নিজিফ হয় না। কারণ, অক্ষিপুট তৎক্ষণাৎ মুদিত হইয়া কোন বাহুপদার্থকৈ সহসা চকুতে আঘাত প্রদান করিতে দেয় না। কিন্তু তথাপিও কণিয়াকে কখন২ নিজ্পিফ ইইতে দেখা যায়। ব্লুল্ল ও ক্রগ্নবাক্তিদিগের কণিয়া নিজ্পিফ ইইলে, বিনাশক পরিবর্ত্তন সকল সবেগে ধাবমান হইয়া আইসে; এবং কোরইড অথবা রেটিনার বিশ্লেষ (Detachment) প্রভূতি উপসর্গ আসিয়া সচরাচর উপস্থিত হয়। কিন্তু কথনং এই সকল উপসর্গ সমবেত না হইয়াও উক্ত পরিবর্ত্তন ইইতে থাকে। নিজ্পেষণের পরক্ষণেই কণিয়া দেখিতে আবিল হয়, রোগী চকুতে যাতনা ভোগ করিতে থাকে এবং কন্জং- টাইভায় গাঢ় রক্তসংঘাত হয়। অশুভক্তনক হলে, আমরা যতই কেন রোগোপশানের চেটা দেখি না, ঐ সকল পরিবর্ত্তন সপিউরেটিভ্ কেরা-টাইটিস্ রোগে পরিণত ইইয়া পড়ে; এবং যদি আবার কণিয়ায় নিজোল সিস্ হইতে আরম্ভ হয়, তবে চক্ষু প্রায়ই বিনফ ইইয়া যায়।

কর্ণিয়ার প্রান্তবর্তী স্ক্রারোটিক্ সন্মুখাঘাত দ্বারা ছিন্নবিচ্ছিন্ন হইয়া যাইতে পারে; কিন্তু তাহাতে কর্ণিয়া প্রায়ই ছিন্ন হয় না।\*

বিদারণ বা পেনিট্টিং উশুস্ (Penetrating wounds) ।—
কোন তীক্ষ্ণার বস্তু দারা কর্ণিয়া বিদারিত হইলে, যদি তন্মপা দিয়া
আইরিস্ প্রোল্যাপ্স বা বহিঃসৃত হইয়া না আইসে, এবং যদি ঐ
বিদ্ধানর প্রান্তভাগ পরম্পর মুখে২ পতিত থাকে, তবে তাহা
সচরাচর অতি সত্রেই আরোগ্য হইয়া যায়। কিন্তু ঐ স্থানের প্রান্তভাগ ইতন্ততঃ বিচ্ছিন্ন হইলে, অথবা কর্ণিয়ার অন্তর্বর্তী পদার্থের বিনাশ
ঘটিলে, তাহা অতিক্ষে আরোগ্য হয়; এবং আরোগ্য হইলে, উহার
আখার স্থান অস্বচ্ছ ক্ষতকলক্ষিত হইয়া পড়ে। এই অস্ক্ছতা যদি
চ্ষিনেরস্থলে হয়, তবে তাহা চ্ষ্টির বিশেষ হানিকর হইয়া থাকে।

<sup>\*</sup> W. White Cooper on "Wounds and Injuries of the Eye," p. 192.

উপদর্শের মধ্যে এইরূপ স্থলে, প্রধানতঃ আইরিসই বহিঃসৃত হইয়া কণিয়াস্থ বিদারিত স্থানের প্রান্তগুলিকে সমভাবে স্থিত হইতে না দিয়া, আরোগ্য হইবার বাধা প্রদান করিয়া থাকে। তাহাতে আইরিস্ও অলপ বা অধিক পরিমাণে সংপ্রাপ্তিগত পরিবর্তনে পীড়িত হয়। ছুর্তাগাক্রমে রহং২ বিদারণে আইরিস্কে য়াান্টেরিয়র চেয়ারের মধ্যে নিহিত করা ও তথায় অবস্থিত রাখা, অত্যন্ত অসম্ভব হইয়া উঠে। কিন্ত যদি অবস্থিত করিতে পারা যায়, তবে য়্যাকিউয়স সঞ্চিত হইয়া বিদারিত স্থানের প্রান্তগুলিকে উম্বুক্ত করিয়া দেয়; এবং যেমন উক্ত য়াাকিউয়স্ নিঃসৃত হইতে থাকে, অমনি স্থিতিস্থাপক ভিট্য়িস্, লেন্স ও আইরিস্কে কণিয়ার অভিমুখে ঠেলিতে থাকে এবং আইরিস্ আরও অধিক দূর প্রোল্যাপ্স বা বহিঃসৃত হইয়া আসিতে পারে।

তিকিৎসা ৷—আমরামনে এরপ কম্পনা করিতে পারি যে, আইরিসকে কর্ণিয়ার বিদারিত স্থান হইতে অভান্তরদিকে লইয়া याই-नात निमिन्त, कनीनिकारक ग्राटि शिरनत हात। প্রসারিত অথব। ক্যালাবার বীন দারা সঙ্কু চিত করাই এই রোগের যুক্তিযুক্ত ও ফলোপ-ধায়ক চিকিৎসা। কিন্তু তুর্ভাগ্যক্রমে য়ান্টেরিয়র চেম্বার শূন্যগর্ভ হইয়। পড়িলে, এবং আইরিস, লেন্স ও কর্ণিয়া এত হুভয়ের মধ্যে প্রতিচাপিত इहेटल अभावत छेवथ यउहे किन छनकावक वा काराजील इडेक ना. তদ্বার। উক্ত আইরিস কখনই প্রসারিত হয় ন।। অতএব যদিও এই রোগে য়াটেণপীন সর্বাব ব্যবহৃত হইয়া থাকে, তথাপি উহা কর্ণিয়ার ব্লহৎ বিদারণে সচরাচর কোনপ্রকারে ফলোপধায়ক হয় ন। ক্ষুদ্র বিদারণে কনীনিকাকে প্রসারিত করা সম্ভব বলিয়া, এবং আঘাতিত স্থানের প্রান্তগুলি পরস্পার ঠিক মুখে মুখে অবস্থান করিয়া য়াকিউ-शमरक निःमृ इहेर दम् ना विनया, यारिहां भीतन जातनक उपकात দর্শিতে পারে। এবিষধ স্থলে, যত দিন পর্যান্ত আইরিস উক্ত বিদারিত शास्त्र मधा मिया अयारन नीच ना इय़, उठ मिन श्रयां गारिषे।-পীন ব্যবহার না করিলে, উহার কার্য্যকারিতা অনুভব করা যায় না।

মনে কর, কর্ণিয়ার ব্লহচ্ছিন্ন কোন আঘাতের অভ্যন্তর দিয়া আইরিস্ কিন্নৎপরিনাণে বহিঃসৃত হইয়াছে। এস্থলে, উক্ত আঘাত অপপ
দিনের হইলে, একখানি কাঁচি দার। আইরিসের উক্ত বহিঃসৃতাংশ
কর্তন করিয়া লইতে হয়। তৎপরে আঘাতিত স্থানের প্রান্তগুলিতে
আইরিসের যে সকল সৌত্রিক বিধান সংলগ্ন থাকে, ভাহাদিগকে এক-

খানি স্প্যাচুলা দারা আন্তে২ ছাড়াইয়া লইতে হয়। তাহা হইলে, উক্ত প্রান্তগুলি পরস্পর ঠিক মুখে মুখে আদিয়া পতিত হইতে পারে। অতঃপর চক্ষুতে বিন্তু২ য়াট্রোপীন প্রদান করত অক্ষিপুট মুদিত করিয়া চক্ষুকে প্যাড় এবং ব্যাণ্ডেজ দারা স্মত্নে আবদ্ধ করিয়া রাখিতে হয়। এইরূপ করিলে বোধ হয়, আইরিস্ আর অধিক বাহির হইয়া আসিতে পারে না। কিন্তু উক্ত আঘাত অধিক দিনের হইলে, এইরূপ চিকিৎসাপ্রণালী রুখা মাত্র। কারণ, তৎস্থলে আইরিস্ আঘাতিত স্থানের প্রান্তদেশস্থ ক্ষতকলক্ষিত টিসুর সহিত এত সংমিলিত হইয়া যায় যে, তাহা অসংলগ্ন করা অত্যন্ত অসম্ভব।

যাহাহটক, যথায় আইরিসের বহিঃসরণ উপদর্গীভূত না হয়, তথায় প্রতাহ তিন কিয়া চারি বার করিয়া চক্ষুতে য়াট্রোপীন সলিউ-শন্ কোটাই করিয়া দেওয়া উচিত। এই ঔষধে উত্তেজনা স্থলিত হইয়া পড়ে; এবং চক্ষুতে যত্নপূর্প্রক প্যাঙ্ এবং ব্যাণ্ডেজ বন্ধন করিলে, উহা বিপ্রান্তভাবে থাকে। চক্ষুকে বিপ্রাম নেওয়াই এইরপ স্থলে সর্পান্ধানিকা বিশেষ প্রেয়োজনীয় বিষয়। যদি চক্ষুতে যত্রণা এবং উত্তেজনা থাকে, তাবে তথায় পেঢ়ি ফলের নহিত সিদ্ধ উত্তপ্ত জলের নেক দিতে হয়। এক কিয়া তুই পূর্ণনাত্রা আফিল্প সেবন করা উচিত। যদি ইহাতেও প্রদাহ স্থলিত না হয়, তবে কপোলদেশে কতিপয় জলোক। সংলগ্ন করিলে, সচরাচর অনেক উপকার দর্শিতে পারে।

চক্ষু এবম্বিধ আবাতিত হইলে, সর্বাহ্নেই শরীর ও মন উভয়কেই বিশোম দেওয়া অত্যন্ত প্রয়োজনীয়। সামান্য প্রকার আঘাতে কিঞ্চিং ধৈর্যাবলম্বন করিয়া থাকিতে পারিলে, অনায়াসেই বিপদ অতিকামিত হইতে পারে। স্নায়ু-প্রবল ভীত ব্যক্তিদিগের পক্ষে, এই সঙ্গে২ ইন্কিউজন্ অব্ বার্ক এবং ছুই চারি ফোটা লাইকর ওপিয়াই সেডেটাই-ভুমু প্রত্যহ তিন কিয়া চারি বার করিয়া সেবন করা উচিত।

নিষ্পিষ্টই হউক আর বিদারিতই হউক, কর্ণিয়ায় ভয়ানক আঘাত হইলে, চক্ষুর গভীর অভ্যন্তরে রেটিনার বিশ্লেষণ প্রভৃতি ভয়ানকহ বিপদ্ উপস্থিত হইয়াছে কি না, তদ্বিদয়ে আমাদিগকে সর্মানাই অমু-গাবন করিয়া দেখিতে হয়।

এই আঘাত ক্ষুদ্র এবং তাপদেনের হইলে, এবং তন্মধ্য দিয়া কিয়দংশ আইরিস কেবল গ্রন্থিকবৎ বহির্গত হইয়া আসিলে, আমরা আইরিসকে য়ানেটরিয়র চেমারের মধ্যে পুনর্শিহত করিতে পারি। এবিষধ স্থলে, আইরিসের বহিঃসূতাংশ একটা প্রশাস্ত নিজ্ল দারা বিদ্ধা করিয়া দেওয়া উচিত। তাহা হইলে, উহার রক্তবহা-নাড়ীতে যংকিঞ্জিং রক্তনংঘাত হইয়া থাকিলে, তাহাও অপনীত হইয়া যায়; এবং তৎপশ্চাৎ হইতে য়াকিউয়দ নিঃসূত হইয়া আইদে। এবিষধ স্থলে, এই ছই বিষয়ই প্রধানতঃ মনোযোগের বিষয়। অতঃপর চফুতে য়াট্রোপীন প্রদান করিয়া যত্নপূর্মক প্যাত্ এবং ব্যাণ্ডেল বন্ধন করিয়া রাখা উচিত। এইরূপ করিলে, উক্ত আঘাতিত স্থান আরোগ্য হইতে পারে, এবং আইরিস্ও স্বস্থানে প্রত্যাবর্ত্তন করে।

কর্ণিয়ার রহৎ আঘাতে, যেখানে আইরিসের অধিকাংশ ভাগ আঘাতিত স্থানের অভ্যন্তর দিয়া বহিঃমৃত হইয়াছে, তথায় আমরা উল্লিখিত চিকিৎমা অবলম্বন করিয়া কোন রূপ উপকার লাভ করিতে যে পারি না, তাহার কারণ পূর্কেই উল্লেখ করা গিয়াছে। আইরিসের বহিঃমৃতাংশের কিঞ্চিং কাটিয়া দিলে, যখন মেই কর্ত্তিত অংশ আরোগ্য হইবে, তখন তাহার কিয়দংশ ক্ষতকলক্ষিত টিমুর সহিত সমবেত থাকিয়া স্মৃত্ত চক্ষুতেও তুলারূপ উত্তেজনা প্রদান করিতে পারে। এই বিষয়ের নিমিত চিকিৎসকের সতত সতর্ক হইয়া থাকা উচিত। যাহাহউক, এবম্বিধ স্থলে সচরাচর আইরিডেক্ট্রী করাই উপযুক্ত ও উত্তন উপায়। সমস্ত বহিঃমৃতাংশ একেবারে নিক্ষাশিত করিলে, উহা পুনরায় বহিঃমৃত অথবা ক্ষতকলক্ষিত টিমুর সহিত সমবেত হইয়া অগুভ ফল সংঘটন করিতে কখনই পারে না।

বাহ্যপদার্থ (Foreign Bodies)।—সচরাচর দেখিতে পাওয়া যায় যে, ধূলি, মৃদদার কণা এবং কূটা প্রভৃতি বাহ্যপদার্থ চক্ষুতে পতিত হইয়া কর্ণিয়ার ইপিথিলীয়াল স্তর সকলে সংবদ্ধ হওত অপরিমিত উত্তেজনা, যাতনা, আলোকাতিশযা এবং অশ্রুবিগলন ইত্যাদি ঘটনা অত্যুদিত করে। সচরাচর, বিশেষভঃ আলোকপাশ্বেরাখিয়া চক্ষু পরীক্ষা করিবার প্রণালী অমুদারে চক্ষু পরীক্ষা করিয়া দেখিলে, এই সকল বাহ্যপদার্থকে কর্ণিয়ায় অবস্থিত থাকিতে অনায়াসেই দেখা যায়। উহাদিগকে সত্তর বহির্গত করিয়া লওয়াই শ্রেয়ঃ; কারণ রোগী অক্ষিপুট দ্বারা অনব্যত্ত ঘর্ষিত করিয়া উহাদিগকে কর্ণিয়ার গভীর অভ্যন্তর মধ্যে প্রবেশিত করিতে পারে এবং সেই প্রবেশনে চক্ষুতে ভয়ানক প্রদাহ উপস্থিত হইতেও পারে।

এইরূপ বাহ্যপদার্থ অপনীত করিবার সময়, অস্ত্রতিকিৎসক

रतां भीतक कांन निर्माल आंतांकित मस्तुत्थ छेशितके तांथिता समूर চিকিৎসক রোগীর অক্ষিপুটন্বয়কে বিজ্তভাবে উন্মীলিভ করিবেন, এবং রোগী চিক সন্মুথদিকে স্থিরভাবে একদৃষ্টিতে দৃষ্টি নিকেপ করিতে থাকিবেন। অতঃপর উক্ত অফ্রচিকিৎসক একথানি কুদ্র স্পাড় অথবা ক্যাটার্যাক্ট নিডল লইয়া আঘাভক উক্ত বাহ্যপদা-র্থকে কর্ণিয়া হইভে উত্তোলিত করিয়া লইবেন। যদি এই বাহ্য-পদার্থ একখণ্ড লৌহ বা মৃদঙ্গারকণা অথবা অপর কোন পদার্থ, যাহাতে ভত্রত্য কর্ণিয়া বিবর্ণীভূত হইয়া যাইতে পারে, এমভ কোন বস্তু হয়, তবে তাহাকে উভোলিত করিয়া লইলেও উক্ত বিবর্ণ তিরোহিত হয় না। এই বিবর্ণ ভিরোহিত করিবার চেফ্টা করা উচিত নহে। কারণ. কিছু দিনের মধ্যেই যখন ভূতন ইপিথিলীয়াল কোষ সকল উৎপন্ম হইবে, তখন উক্ত বিবৰ্ণতা স্বয়ংই তিরোহিত হইয়া যাইবেক।

সচরাচর ইহা দেখিতে পাওয়া যায় যে, রোগী আমাদের নিকট আসিবার পূর্বের উক্ত বাহ্য পদার্থ কভিপয় দিবস পর্যান্ত চক্ষতে গাচ অবস্থিত আছে; এবং তাহাতে এত উত্তেজনা ও অক্লিপুটের স্পান্দন উপস্থিত হইয়াছে যে, যে সময়ে চিকিৎসক উক্ত পদার্থ উত্তোলিত করিবেন, সে সময়ের নিমিত্ত তিনি স্থিরচুটিতে চকু নিয়ে জিত রাখি-তে পারেন না। এই সকল অবস্থায় রোগীকে ক্লোরোফর্ম্মের অধীনে আনিয়া উক্ত পদার্থকে উত্তোলিত করিয়া লইলে, ভাঁহার কোন প্রকার কভ হয় না। উক্ত পদার্থাণু উত্তোলিত হইলে, ছই চারি বিন্দু ক্যান্টর অইল চকুতে প্রদান করিয়া, ভাহাকে প্যাড় এবং ব্যাণ্ডেজ দারা চিবাশ ঘটো কাল পর্যান্ত আরুত করিয়া রাখিতে হয়।

গাঢ়লগ্ন বাহ্যপদার্থ (Cases of IMPACTION) ।—কোন বাহ্য-পদার্থ সবেশে কর্ণিয়ার স্তরান্বিত বিল্লীমধ্যে প্রবিষ্ট হইয়া আঘাত প্রদান করিতে পারে, এবং সেই আঘাতে ভয়ানক উত্তেজনা এবং এমত কি সমুদ্য চকুতে প্রদাহ আর্সিয়াও উপস্থিত হয়। অতিরিক্ত কার্য্যাদি (Hyperaction) এইরূপে আনীত হইয়া কেবল আঘাত-কারী উক্ত বাহ্মপদার্থের চতুম্পাঞ্চেই বিস্তৃত হইতে পারে; এবং পূরোৎপত্তি হইলে, উক্ত পদার্থ চতুস্পাশ্বর্তী টিসু হইতে ক্রমশঃ সংস্রবচ্যুত হইয়া পরিশেষে চকু হইতে স্বলিত হইয়া পড়ে। এইরূপে যে ক্ষত উৎপন্ন হয়, তাহা সত্ত্র আরোগ্য হইয়া যায়। কেবল

নেবিউলি অর্থাৎ পাতলা আবিলতা যুক্ত স্বপ্প স্থান অবশিষ্ট থাকিয়া বাহ্যপদার্থের অবস্থান নির্দেশ করিতে থাকে।

অন্যান্য স্থলে, আঘাতক পদার্থের চতুষ্পাশ্বে কোন প্রকার প্রদাহ হয় না নটে; কিন্তু তাহাতে উক্ত প্রদাহ অপায়িত স্থান হইতে ক্রমশঃ চতুর্দ্দিকে বিস্তৃত হইয়া, পরিশেষে সমুদয় কর্ণিয়াকে এবং ভংপরে চক্ষুর গভীরতর টিমু সকলকে পীড়িত করত, সমুদয় অক্চিগোলকের প্রদাহ উপনীত করে।

বাহ্যপদার্থ কর্নিয়াতে প্রবিষ্ট হইয়াছে, এনত কোন রোগীকে চিকিৎসা করিতে হইলে, প্রথমতঃ বাহ্য হইতেই উক্ত পদার্থকে সত্তর ও সহজে উত্তোলিত করিয়া লইতে হয়। কিন্তু চক্ষু যন্ত্রণাদায়ক এবং উত্তেজনাগীল বোধ হইলে, রোগীকে ক্লোরোকর্মের আত্রাণে আনিয়া একটা ক্যাটার্রাক্ট নিড্র অথবা একখানি স্প্যাচুলার অগ্রতাগ উক্ত সিম্নিবিষ্ট পদার্থের নিম্নে প্রবেশিত করিয়া, তাহাকে তদবস্থান হইতে উত্তোলিত করিতে হয়। ধূলি অথবা লোহকণা প্রভূতি বাহ্যপদার্থ স্তরাবিত বিল্লী মধ্যে যেরূপে গাঢ় সম্নিবিষ্ট থাকে, তাহা দেখিলে চমংকৃত হইতে হয়; এবং ক্লোরোকর্মের সাহায্য ব্যত্তিরেকে উহা-দিগকে উত্তোলিত করিতে হইলে, রোগী ও চিকিৎসক উত্যুকেই সাতিশ্য বৈর্যাবলম্বন করিতে হয়। বাহ্যপদার্থ উত্তোলিত করিয়া লইলে, জাক্ষপুট্ছয় মুদিত করিয়া চকুকে প্যাজ্ এবং ব্যাণ্ডেজ দ্বারা এক কিয়া ত্রই দিবস পর্যান্ত সংবদ্ধ রাখা উচিত।

যদি এই বাহ্যপদার্থ দ্বারা কর্ণিয়ায় পূরোৎপত্তি অথব। ক্ষেটিক হয়, তবে এই প্রকরণে তত্তৎপীড়াবর্ণনে যেরূপ চিকিৎসা উল্লিথিত হুইয়াছে (৮জ, ১১৬ পৃষ্ঠা), তদ্মুরূপ চিকিৎসা করা বিধেয়।

এই দকল বাহ্যপদার্থ কখন২ কর্নিয়ায় থলীস্থ বা ইন্সিটেড (Encysted) হইয়া রহে। এইরপে বারুদের দানা প্রভৃতি পদার্থ কর্নিয়াতে দরিবিট হইয়া প্রথমভঃ চক্লতে কিঞ্চিমাত্র উত্তেজনা প্রদান করে। এই উত্তেজনা ক্রনশঃ অপনীত হইয়া যায়; এবং উক্ত পদার্থ থলীস্থ থাকিয়া অন্য কোন অসুবিধা প্রদান করে না। এইরপে স্থলে, উক্ত পদার্থকে উত্তোলিভ করিবার চেক্টা করা কখনই উচিভ নহে। কিন্তু এইরপে বিধি সাধারণ নিয়দের অনুকূল নহে বলিয়া, তদ্বারা কর্নিয়ায় কোন বাহ্যপদার্থ সলিবিট হইলে ভাহাকে সত্তর উত্তোলিভ করা বিধি, এই সাধারণ নিয়দের কোন হানি হইতে পারে না।

ছিদ্রীভূত স্থল সকল (CASES OF PERFORATION)।—আমরা কখন২ এরপে স্থলও দেখিতে পাই, ষাহাতে স্থল্ম ইস্পাত বা অন্য কোন কঠিন পদার্থ কর্ণিয়ায় সবেগে প্রবিষ্ট হইয়া তাহাকে ছিদ্রিত করত, পরিশেষে আইরিস এবং লেন্সকেও আঘাতিত করে। এই পদার্থের আয়তন ও অবস্থান এবং তজ্জনিত উপসর্গ অনুসারে এতদ্রুপ স্থলের ভাবিফল এবং চিকিৎসা নির্ণীত হইয়া থাকে। ইহা স্পষ্টই দেখা যাইতেছে যে, বাহাপদার্থ রহদায়তন হইলে, তাহা চক্ষুতে ক্ষুদ্রায়তন কোন পদার্থ অপেক্ষা অধিক পরিমাণে উত্তেজনা এবং প্রদাহ আনয়ন করিতে সমর্থ হয়। অবস্থান সম্বন্ধেও এইরূপ। কারণ, যদি উক্ত পদার্থ দৃষ্টিমেরুস্থলে প্রবিষ্ট হয়, তবে উহা কর্ণিয়াকে এত দূর বিনাশিত করে যে, রোগী সেই চক্ষুতে আর দেখিতে সমর্থ হয়েন না।

এইরপ অবস্থা সকল সুস্পান্টই বুঝা গিয়া থাকে। কিন্তু কিঞ্চিৎ
অভিজ্ঞতা না থাকিলে এবং মনোযোগ সহকারে না দেখিলে, কর্ণিয়ার পরিধিতাগে প্রবিন্ট বাহ্যপদার্থ, যদ্ধারা কর্ণিয়া ছিদ্রীভূত হইয়াছে, তদ্ধারা লেন্স অথবা আইরিস আঘাতিত হইয়াছে কি না, তাহা
নির্ণয় করা অত্যন্ত ভুঃসাধ্য হইয়া উঠে। অপিচ কর্ণিয়া এইরূপে
ছিদ্রীভূত হইলে, অনেক স্থলেই তন্মধ্য দিয়া য়্যাকিউয়স্ নিঃসৃত হইতে
থাকে; এবং আইরিস ও লেন্স উক্ত বাহ্যপদার্থের অভ্যন্তর প্রান্তাভিন
মুখে ক্ষিপ্ত হইয়া আমিয়া আশুবিপদ ঘটাইতে পারে।

কর্ণিয়ার এইরপে ভয়ানক অপায়ে চক্কুতে অসহ্য যাতনা, আলোকাতিশয় এবং অনবরত অঞ্চবিগলন ইত্যাদি ঘটনা ঘটে; সুতরাং রোগীকে ক্লোরোফর্মের অধীন আনয়ন করা উচিত। কারণ, ভাহা হইলে, আমরা উক্ত স্থান বিলক্ষণরপে অসুসন্ধান করিতে পারি, অথচ তদ্ধারা উক্ত বাহ্যপদার্থকে উত্তোলিত করিয়া লইবারও সুবিধা হয়। একটা ক্পিং স্পেকিউল্ম দ্বারা অক্ষিপুট্দ্মকে পরস্পর অস্তরিত রাখিয়া, ভিন্ন স্থান হইতে আলোকরিশ্য আনয়ন করত আঘাতকারী উক্ত পদার্থের অবস্থান স্থান, এবং পাশ্ব বর্তী স্থানের সহিত তাহার সম্বন্ধাদি, যজুপুর্বাক নির্ণয় করা উচিত। যদি আইরিস স্বাভাবিক অবস্থানে কর্ণিয়া হইতে স্কুরে অবস্থিত থাকে, তবে বিবেচনা করিতে হইবে যে, য়্যাকিউয়্স হিউমার য়্যাকেরিয়র চেয়ার মধ্যে পরিপূর্ণ আছে; এবং উক্ত বাহ্য পদার্থের অভ্যন্তরম্থ প্রান্ত আর কিছু দ্ব প্রবিষ্ট না হইলে, আইরিস কিয়া লেন্সকে আঘাত প্রদান করিতে পারিতেছে না। যদি

গভীরস্থায়ী কোন প্রদাহ আসিয়া উপস্থিত না হয়, তবে এইরপ স্থলসকলকে অপেক্ষাকৃত সামান্য বলিতে হইবেক। এদিকে, য়্যাকিউ-য়েমর নিঃসরণ অথবা বিদ্ধা স্থানের গভীরতা দেখিয়া, আমরা জানিতে অথবা অনুমান করিতে পারি যে, লেন্স বা আইরিস আঘাতিত হই-য়াছে। যদি আইরিস আঘাতিত হয়, তবে তাহাতে আইরাইটিস্ রোগ উপসর্গীভূত হইয়া পড়ে; এবং যদি লেন্সকোব অপায়িত হয়, তবে ট্র্যাটিক কাটোর্যাক্ট রোগ উপসর্গ স্বরূপে আসিয়া, রোগোপ-শ্মে ভয়ানক কট প্রদান করে।

যাহাহউক, আইরিস এবং লেন্সে কোন আঘাত না হইলেও রোগীকে ক্লোরোকর্মা দারা অচৈতন্য করা উচিত। কারণ, তাহা হইলে চক্লুতে একটা উপ্-স্পেকিউল্ম নিয়োজিত করিয়া সন্নিবিষ্ট বাহ্যপদার্থকে একখানি ফর্সেপ্স্ দারা ধৃত করত সচরাচর সহজেই উত্তোলিত করা যাইতে পারে।

অক্লিপুটের চঞ্চলতা হেতু, অথবা চকু হইতে উক্ল বাহ্যপদার্থকে বহির্গত করিবার চেন্টায়, যদি রোগী উক্ল পদার্থকে ঘর্ষিত করত তাহার বাহ্য প্রান্তকেও কর্ণিয়ার অভান্তরে প্রবেশিত করে, অথবা উহা যদি স্তরান্বিত বিল্লী মধ্যে গাঢ়রূপে অন্তর্নিবিট্ট হয়, তবে ফরনেপ্সদারা উহাকে ধৃত করা যায় না। তদ্ধারা ধৃত করিতে গেলে, উহা একেবারেই য়্যান্টেরিয়র চেম্বারের মধ্যে নিহিত হইতে পারে; স্ক্তরাং এতদ্রপ স্থলে একটা প্রশস্ত নিডল্ কর্ণিয়ার প্রান্তদেশ মধ্য দিয়া, উক্ল বাহ্যপদার্থের অভান্তরম্থ প্রান্তেব চিক নিম্নে প্রবেশিত করিতে হয়। তংপরে সেই নিডল্কে সন্মুখার্ভিমুখে কিঞ্চিং চাড় দিলে, যখন উক্ল পদার্থের বাহ্য প্রান্ত উন্নত হইয়া উচিবে, তখন তাহাকে কর্সেপ্সদারা ধৃত করিয়া উত্তোলিত করা যাইতে পারে।

তংপরে, আইরিসকে কর্নিরার উক্ত আঘাতিত স্থান হইতে দুরে রাখিবার নিমিত্ত, প্রতাহ তিন অথবা চারি বার করিয়া য়াট্রোপীন সলিউশন চকুতে ফোটাই করিয়া দিতে হয়; এবং তংপরে প্যাও এবং ব্যাণ্ডেজ দ্বারা চক্তুকে বত্নপূর্মক আরুত রাখিতে হয়। যদি চকু অত্যন্ত প্রদাহিত হইয়া পড়ে, তবে তথায় শীতল জলের পদী সংলগ্ন করিলে, অনেক উপকার দর্শিতে পারে। উক্ত অংশের উত্তেজনা নিবারণ করিবার নিমিত্ত রোগীকে আকিন্দ সেবন করিতে অনুমতি দেওয়া উচিত। যদি প্রদাহের প্রকোপ অত্যন্ত প্রবল হয়, তবে জলোকা

সংলগ্নাদি প্রদাহ নিবারক ঔষধ ব্যবস্থা করা বিশেষ আবশ্যক হইয়া উঠে।

চকুপরীক্ষায়, উক্ত বাহ্যপদার্থ আইরিস কিয়া লেন্সকে আঘাতিত করিয়াছে, অথচ কর্নিয়ার উপরিভাগ হইতেই উল্ভোলিত হইতে পারে এরপ দৃষ্ট হইলে, উহাকে সত্ত্বর উল্ভোলিত করা উচিত। কিন্তু যদি উহা কর্নিয়া অতিক্রম করিয়া য়াক্টেরিয়র চেয়ারে পতিত, অথবা আইরিস বা লেন্সে সংলগ্ন হইয়াছে বলিয়া দৃষ্ট হয়, তবে উহাকে করসেন্স দারা ধৃত করিবার চেটা করা রথা মাত্র। উহা যে সময়ে কর্নিয়া অতিক্রম করিয়া যায়, তখন কর্নিয়ার স্থিতিস্থাপক স্তর তহুপরি আসিয়া বিদ্ধস্থানকে কদ্ধ করিয়া ফেলে; তাহাতেই আমরা উক্ত পদার্থকে সেইস্থান দিয়া আর ধৃত করিতে পারি না। অতএব এস্থলে আন্যবিধ উপায় অবলম্বন করা অবশ্য উচিত। 'আইরিস্ও লেন্সের আঘাত' নামক প্রকরণে এইরূপ স্থলসকলের স্বিশেষ চিকিংসা লিখিত হুইয়াছে বলিয়া, এস্থলে তদ্বিয়ে আর কিছু লেখা হুইল না।

কর্ণিয়ার বার্দ্ধক্যাপকর্ষ (Senile degeneration)।—রদ্ধবয়সে
কর্ণিয়ার পরিধিভাগ যে শ্বেভবর্ণে পরিণত হয়, তাহাকে আর্ক্স সিনাইলিস্ (Arcus senilis) অর্থাং ধরুর দ্ধ অথবা শ্বেভপ্রান্ত কহে।
মিন্টার ক্যান্টন সাহেব এই শ্বেভপ্রান্তকে নিম্নলিখিতরূপে বর্ণনা
করেন। "নিগুড়রূপে পরীক্ষা করিলে, এই আর্ক্স সিনাইলিস তুই
অংশে বিভক্ত বলিয়া বোধ হয়। বাহুদেশাংশ পাংশুশ্বেত অথবা
ধূসর বর্ণ; এবং অন্তর্দেশাংশ হুগ্ধাবিল বর্ণ। এই তুই অংশ আ্বার্ক্র কর্ণিয়ার একটা অবিকৃত রেখা দ্বারা পৃথগ্ভুত; এবং এই রেখার নধ্যদিয়া আইরিসকে স্পান্ট দেখিতে পাওয়া যায়" \*।

অত্যে উভয় কর্ণিয়ার উদ্ধিবিভাগের পরিধিভাগ যুগপৎ ঐরপে পরিবর্তিত হইতে আরম্ভ হয়; এবং ভৎপরে নিয়বিভাগও আক্রান্ত হইয়। পড়ে। দেখিলে বোধ হয়, যেন উদ্ধিও নিয় ছইটা ধন্মকের মন্ত শেতবর্ণ রেখা কর্ণিয়াকে বেউন করিয়। রহিয়াছে। এই ছই রেখা ক্রেম অগ্রনর হইয়া, পরিশেষে পরস্পর নিলিত হওত কর্ণিয়াকে পূর্মো-লিখিত রূপ শেতবর্ণ রেখা দার। মঙলাকারে বেউন করে। সচরাচর

<sup>\*</sup> E. Canton on "The Areus Senilis, or Fatty Degeneration of the Corner," p. 6.

এই রেথা কর্ণিয়ার প্রান্তভাগ হইতে কেন্দ্রাভিমুথে অত্যন্ত্র দূর মাত্র বিস্তৃত হয়; এবং কথন কথন অপেক্ষাকৃত অধিক দূরে কেন্দ্রাভিমুথে যাইয়া অধিকাংশ কর্ণিয়াকে আক্রমণ করে। কিন্তু এরূপ স্থল কদাচিৎ দৃষ্টিগোচর হইয়া থাকে।

স্বেরটিকের যে পাংশুবর্ণ রেখা কর্ণিয়াকে স্কেরটিক্ হইতে পৃথক্
করিতেছে, সেই রেথাকে আর্কস সিনাইলিস্ ধলিয়া ভ্রম হওয়া কদাচ
উচিত নহে। প্রকৃত আর্কস সিনাইলিসের আকার মিষ্টার ক্যান্টন সাহেব
যজ্রপ উল্লেথ করিয়াছেন, ঠিক তজ্ঞপ। উহা মেদাপকর্ম প্রযুক্তই
উৎপদ্মহয়। এই মেদাপকর্মে কর্ণিয়ার স্বচ্ছ; ২৭শ, প্রতিকৃতি।
নির্মাণ অদ্ধাস্বচ্ছ পদার্থে পরিণত হইয়া,
যাদৃশ আকার ধারণ করে, ও যতদুর পর্যান্ত

हिजिত रहेन।

পঞ্চতারিংশৎ বা পঞ্চাশৎ বর্ষ বয়সের পূর্ব্বে নাধারণতঃ "এই রোগ আবিভূতি হয় না। কিন্তু উহা কথন কথন অপেকাকত

বিস্তৃত হয়, তাহা ২৭শ, প্রতিকৃতিতে

কোরইডের পীড়া হেডু লংসিলিয়ারি ধমনীর মধ্যদিয়া শোণিত সঞ্চালনের ব্যতিক্রম ঘটিয়া, অথবা কর্ণিয়া প্রতিপোষক স্নায়্মণ্ডল পীড়িত করিয়া এই রোগ উৎপন্ন হইলে, আমরা তাহা কোরইডের পীড়া হইতে উৎপন্ন হইরাছে এরপ অন্ত্যান করিতে পারি; এবং চকুর দৃষ্টিকীণতা প্রভৃতি লক্ষণ দেখিরা, কোরইডের দেই পীড়ার প্রকৃতিও অবগত হওরা যার।

ডাক্তার ম্যাক্নামারা সাহেব বলেন যে, এই রোগ কর্ণিয়ার কেন্দ্রা-ভিমুখে এত দূর আইসে না যে, তদ্বারা স্পষ্ট দৃষ্টির সম্পূর্ণ ব্যাঘাত হয়। যাহাহউক, এই পুস্তকে এত দ্বিষয়ক বিস্তৃতি বর্ণনার কোন প্রয়ো-জন নাই।

উক্ত সাহেব বলেন যে, ক্যাটার্যান্ট্ রোগে অস্ত্রোপচার করিবার সময় আর্কিন্ সিনাইলিসের বিদামানতা দেখিয়া কোন্বিধ প্রণালী অমুনারে লেন্স্ নিফাশন করা উচিত, এরূপ দ্বিধা তাঁহার কথনই জন্মে নাই। তিনি দ্রবিস্তৃত আর্কস সিনাইলিসে সচরাচর ফ্যাপ্ এক্ট্র্যাক্ষন্ (Flap extraction) নামক অস্ত্রপ্রধালী অবলম্বন করত লেন্দ্র নিফাশন করিয়া শুভ ফল লাভ করিয়াছেন।

চিকিৎ সা। — স্থানিক কোন প্রকার ঔষধ প্রদান করিয়া কর্ণিয়ার এই সকল মেদাপকর্ষ অপনীত করা যার না। যাহাহউক, যুবা ব্যক্তিদিগের এই রোগ হইলে, ন্যায়মত শারীরিক সাধারণ বিষয়ে চিকিৎসাদি করিয়া এই রোগ স্থগিত করা উচিত; এবং এই চিকিৎসার সঙ্গে সঙ্গে প্রত্যন্থ নিয়মিত আইরণ দেবনের ব্যবস্থা দেওয়া উচিত। যে সকল অসৎকার্য্যে শরীর নিতান্ত তুর্বল হইয়া পড়ে, যাহাতে অনভিজ্ঞ ইন্দ্রিয়দেবী যুবকেরা নিয়ত রত, এবং যাহার পরিণাম অকাল বার্দ্ধকা, সেই সকল কার্য্যাদি হইতে বিরত থাকিতে রোগীদিগকে ভূয়োভূয়ঃ নিষেধ করিয়া দিতে হয়। অত্যন্ত পরিশ্রম এবং অমুস্ততা প্রভৃতি ছুর্মলকারক অন্যান্য ঘটনা দারা যে সকল ব্যক্তির শরীর নিতান্ত ভগ্ন হইয়া যায়, তাহাদের গকে, যাহাতে শরীর ও মনঃপ্রবৃত্তি উদ্দীপিত হয়, সেই সকল ঔষধের ব্যবস্থা করিয়া, বিস্তীর্ণ আর্কুস সিনাইলিস্ অপনীত করা উচিত, এরপ অনেক দৃষ্টান্ত অনেকানেক হলে উল্লিখিত আছে যে, আর্কস সিনাইলিস অপনীত হইয়া গেলে, কর্ণিয়ার পরিপোষণ কার্য্যাদি পুনর্কার নিয়মিতরূপে চলিতে থাকে, এবং অপকৃষ্ট মেদপদার্থের পরিবর্ত্তে স্বস্থ টিস্থ সকল উৎপর হইতে থাকে। পরিপোষণ প্রতিপাদনের বিশুখলাজনিতই হউক, व्यथवा वार्क्वकारिक्य श्रमुक्ट रेडिक, धेर रमित्र वर्षरे वार्क्म मिनारेनितृन মথা কার্ণ

# অকিতভু।

তৃতীয় ভাগ।

## নব্ম অধ্যায় !

তাইরিদের রোগ সমূহ।

#### DISEASES OF THE IRIS.

রক্তাধিকা ও প্রদাহ (Hyperæmia and Inflammation)।

আইরিসের রোগাবনি বর্ণনা করিবার প্রারম্ভে, তদীয় স্কৃত্ব বিধানের ভিন্ন ভিন্ন উপাদান সকলের বিষয় অথ্যে সংক্ষেপে উল্লেখ করা উচিত। কারণ ঐ সকল উপাদান স্বতন্ত্রপে সংপ্রাপ্তিগত পরিবর্ত্তনে পরিবর্ত্তিত হইতে পারে।

আইরিসের বর্ণকোষ সকলের অন্তর্ভ প্রমাণ্ড্লির সংখ্যা ও বর্ণের উপর ভদীর বর্ণ নির্ভর করে বনিরা, অভাবতঃ প্রত্যেক সন্থ্যারই আই-রিসের বর্ণ নিভিন্ন রূপ হট্রা থাকে। সাধারণতঃ উভয় চক্ষ্র আইরিসের বর্ণ জ্লারূপ, কিন্তু আমরা কথন এরূপও দেখিতে পাই যে, স্থাবিত্যি ও জ্লাব্যি ভাষা বিগের বর্ণ ভিন্ন প্রকার হইয়া থাকে।

সুত্ব আইরিদের বর্ণ বেরপে হউক না কেন, উহা দেখিতে উজ্জ্বল, চাক্টিকা ও স্থানর। বিধানোপাদান সম্বন্ধে উহার যে কিছু পরিবর্তন হয়, তাহা উহার ব্যাধির লক্ষণ-স্বরূপ জানিতে হইবে। এই পরিবর্তন এত সানান্য হইতে পারে বে, পীড়িত চক্কে সুস্থ চক্ষ্র সহিত তুলনা না করিলে, তাহা অনুভূত হয় না।

অপিচ, আইরিষ্ এবং চক্র গভীরতর বিধান সকলের গীড়া নির্ণ-বার্থ কনীনিকার অবত। অবগত হওলা অতীব প্রয়োজনীয়। সূত্ চক্তে षारेतिस्मत छेण्य थाराम प्रवर जारास्त कनीनिकाथा उत्ताकि उत्त हिंछ मात्र मधा जाममान् वर्धार मण्ण् त्राण छेण्य छात्र थारक । कनीनिका उत्ताव उत्ताव विकास प्रवाक विकास वितास विकास वितास विकास विकास

কিন্তু মানু-শক্তির কোন তাটি হইলেও কনীনিকা হীনজির হইয়া থাকে।
যথা কোরইডের (Choroid) পীড়াবশতঃ লং দিলিয়ারি (Long ciliary)
মায়ুগুলি পীড়িত হইলে আইরিসের চেতনাশক্তির অন্যথাভাব দৃষ্ট হইয়া
থাকে। অতএব কনীনিকার কার্য্যদক্ষতার কোনরূপ পরিবর্ত্তন ঘটিলে
তাহা যে কেবল আইরিসের সৌত্রিকবিধান সম্বনীয় রোগের অভ্রান্ত লক্ষ্ণ
স্বরূপ হইবে. এমত নহে। কারণ তাহা অধিকতর দূরবর্ত্তী কারণের উপর
নির্ভর করিতে পারে। এয়লে এই দূরবর্ত্তী কারণের বিষয় বিশেব রূপে
তাহ্মন্ধান করা আমার অভিপ্রেত নহে।

#### ভাইরিদের রক্তাধিকা (Hyperæmia of the Iris) !

আইরিসের সংপ্রাপ্তির (Pathology) বিবরণ কালে তদীর শোণিতাথিক্যের বিষয়ে মনোনিবেশ করা আবশাক। কারণ এই রক্তাথিকাই
আইরিসের স্তুত্ত গীড়িত অবস্থার নীত হইবার প্রথম প্রক্রম। যদিও
ইহা কথন কথন স্বাধীনভাবে ও অন্য পীড়ার সহিত জটল না হইরাও
প্রকাশ পায় বটে, কিন্তু প্রায় সর্ক্রদাই অপরাপর কতকগুলি রোগের
আক্রমঙ্গিক হইরা নিয়ত প্রকাশ পাইরা থাকে বলিয়া তির্বিয়ে আমাদের
বিশেষরূপ মনোনিবেশ করা আবশাক। ইহা কথন কথন কণিয়ার
অপায় বা আঘাত জন্য লক্ষিত হয়। কিন্তু সচরাচর আইরিসের প্রদাহ
অপবা কোরইডের রক্তসঞ্চয় রোগের প্রথমাবস্থার দৃষ্ট হয়; এবং উহা
সভ্যাতর ক্রণিক বা পূরাতন আইরাইটিদ্ রোগ বলিয়া বণিত ইইরা থাকে

লক্ষণ (Symptoms.)—এই শোণিতাধিক্য যে কোন কারণে উৎপন্ন হউক না কেন, ইহাতে কর্ণিয়া ও স্কেরটিকের সংযোগ স্থলে অতি স্ক্ষা রক্ত-পূর্ণ নাড়ীর যে একটি গোলাপীবর্ণ চক্র দৃষ্ট হয়, তদ্ধারা উহাকে জানা যায়। পীড়ার হ্রাস বৃদ্ধি অনুসারে এই চক্রের বিস্তৃতি ও বর্ণের গাঢ়তারও পরিবর্ত্তন ঘটিয়া থাকে। এস্থলে ইহা উল্লেখ করা আবশ্যক যে, এই রোগে কর্ণিয়া এমত স্বচ্ছ থাকে যে, আইরিসের শোণিতাধিক্য রোগে স্ক্রেটিকে স্ক্ষা স্ক্যান্তরাল নাড়ীগুলির যে চক্র দৃষ্ট হয়, তাহাকে কের্যাটাইটিস্ (Keratitis) রোগের লক্ষণ-স্করপ বলিয়া কখনই ভ্রম হইতে পারে না।

নিপাতিত আলোক দারা আইরিদ পরীক্ষা করিলে উহার উপরিস্থ পূর্ণ রক্তবহা নাড়ীগুলি স্পষ্ট লক্ষিত হয়। সাধারণতঃ উহার সৌত্রিকবিধানের বর্ণের কোন পরিবর্ত্তন ঘটে না। যাহা হউক, এতজ্রপ অবস্থা ঘটিলে কোর-हेर्डित वर्गरकां मकरनत यद्भेश शिववर्डिन घरि, रकान रकान श्राम अधिक দিবদ স্থায়ী রক্তাধিক্যের পর, তজ্ঞপ আইরিদের পিগ্মেণ্টদেল্দ বা বর্ণ-কোষ সকলেরও পরিবর্ত্তন ঘটিয়া থাকে। এই পরিবর্ত্তনক্রমে ঐ সকল কোষ অধিকতর কৃষ্ণবর্ণ ও সন্ধুচিত হয়। সচরাচর এই পরিবর্ত্তন কনীনিকার প্রান্তভাগে আইরিদের সঙ্কোচক স্থ্রাবরক ইউভিয়া (Uvea) অর্থাৎ আব-त्रत्। जात्र इरेग्रा थात्क। এই ममरा उरामिगरक मिथिए वसूत अवः विन्त বিন্দু রূপে বিচিত্রিত বোধ হয় এবং তন্মধ্য হইতে ক্ষুদ্র ক্ষুত্রর্থ এক্স-ক্রিসেন্ (Excrescences) বা অকর্মণ্য উৎপত্তিগুলি কনীনিকার দিকে লম্বিত হয়। আলোক অথবা হীন বীর্ঘ্য মাই ডি্য়্যাটিক্স্ (Mydriatics) বা প্রসারক ওঁষধে কনীনিকা অতি অল্লে অলা প্রদারিত হয়; কিন্তু এবম্বিধ দীর্ঘকাল স্থায়ী রক্তাধিক্যের পরেও আইরিসের সঙ্গোচক বিধানোপাদান সকল প্রায় কথনই বিনষ্ট হয় না; এবং রক্তাধিক্য তিরোহিত না হইতে হইতেই উহা পুনরায় পূর্ব্ববং স্বকার্য্য সম্পাদন করিয়া থাকে ।

এই রোগে রোগী চক্ষুতে কদাচিৎ বেদনা অনুভব করে, কিন্তু অল্প বা অধিক দৃষ্টিলাঘব হয়, যাহা স্থ্যান্তের পরেই বিশেষ রূপে অনুভূত হইয়া থাকে। রক্তপূর্ণ রক্তবহা নাড়ীদারা আইরিদের সঙ্গোচনশীল ও স্নায়ুবিধান-গুলিচাপিত হওয়াতে উহার ক্রিয়ার যে ব্যাঘাত ঘটে, তাহাতেই উহার রক্তাধিক্য হইলে এবম্বিধ লক্ষণ প্রকাশ পায়। সেই হেতু রাত্রিকালে কনীনিকা প্রসারিত হইতে অসমর্থ হইয়া পড়ে। স্থতরাং তমধ্য দিরা প্রচুর পরিমাণে আলোক-রশ্মি রেটিনায় যাইতে না পারাতে স্ক্রম্পন্ত দৃষ্টির বিলক্ষণ ব্যাঘাত জন্মে। আইরাইটিস্ রোগ হইতে এই সকল রক্তাধিক্য রোগ ভিন্ন প্রকার। স্বতরাং ইহাতে অ্যাকিউয়স্ পদার্থ কল্ষিত না হওয়াতে, দিবাভাগে রোগী সামাত্র রূপ দেখিতে পায়।

আইরিসের এই রক্তাধিক্য রোগের সহিত আইরাইটিদ্ রোগ বর্ত্তমান থাকে অথবা উহা তাহাতে পরিণত হয় বলিয়া, আইরাইটিদ্ রোগের চিকিৎসার বর্ণনা কালে ইহারও চিকিৎসা উল্লেখ করা যাইবে।

তাহিনাইটিস্ বা আইনিসের প্রদাহ (Iritis, or Inflammation of the Iris.)—ডাক্তার ম্যাক্নামারা মহোদয় এম্ ওয়েকার্ সাহেবের সংজ্ঞাবলি অনুসারে আইরাইটিস্ রোগকে নিম্নলিখিত তিন শ্রেণীতে বর্ণনা করেন, ১ম, সিম্প্র অথবা প্র্যাষ্টিক্ আইরাইটিস্; ২য়, সিরস্; ৩য়, প্যারেঙ্কাইমেটস্ অথবা সপিউরেটিভ্ (Suppurative) আইরাইটিস্\*। এই রোগে যে কতকগুলি লক্ষণ লক্ষিত হয়, তাহারা উক্ত তিন প্রকার আইরাইটিসেই সাধারণভাবে প্রকাশ পাইয়া থাকে; অতএব উক্ত তিন প্রকার রোগের বর্ণনা কালে সেই লক্ষণ সমূহের পুনক্তি দোষ পরিহারার্থে উহাদিগকে এক স্থানে বর্ণন করাই স্থবিধাজনক বোধ হইতেছে।

বেদনা (Pain.)—পীড়িতাক্ষিতে বেদনান্তব এই রোগের নিত্য লক্ষণ।
কিন্তু ব্যক্তিবিশেষে ইহার প্রবলতার অতিশয় বিভিন্নতা হইয়া থাকে। কোন
কোন রোগীর চক্ষু হইতে তদ্দিকস্থ ললাট-পার্শ্ব পর্যান্ত, কিঞ্চিন্মাত্র অন্তথ্
অনুভূত হয়। আর কাহারও কাহারও অত্যন্ত যন্ত্রণাদায়ক বেদনা অনুভূত
হয়। ঐ বেদনা ধক্ ধক্ বা ছুরিকা কর্ত্তনবৎ হয়, আর তাহাদারা যে কেবল

<sup>\*</sup> ইংলণ্ডের কোন কোন অস্ত্রচিকিৎসক এই পীড়াকে বাত, উপদংশ নম্ভূত ইত্যাদিভাগে বিভক্ত করেন। কিন্তু উপযুর্গুন্ত নামকরণ প্রণালী সংপ্রাপ্তিগত কারণ সম্বন্ধে অপেক্ষাকৃত ন্যায়সংগত বলিয়া বোধ হয়। বিশেষতঃ এই প্রণালী এম ওয়েকার, ভন্গ্যাফ্ প্রভৃতি ইউরোপের প্রধান চক্ষুম্বর্ধিৎ কর্ত্ত্বক অবলম্বিত হইয়াছে এবং এই সকল বিষয়ের একতা রক্ষণে যতদূর সাধ্য চেষ্টা করা কর্ত্তব্য। অবশেষে ব্যক্তব্য এই যে, উক্ত রূপ সংজ্ঞা প্রণালী ভাবলম্বন করিলে তাহা দ্বারা কোন প্রধান মত খণ্ডন করা হয় না, বরং তাহাতে এই পীড়া সহজে বোধগম্য হইতে পারে।

পীড়িত চক্ষুই আঁক্রান্ত হয় এমত নহে, কিন্তু নেই বেদনা মুখমগুল ও মন্ত-কের পার্শ্পর্যান্ত ব্যাপৃত হয়। যে অবস্থাতেই হউক্ না কেন, উহা পর্যায়-ভাব ধারণ করে ও সচরাচর সায়ংকালে বুদ্ধি পাইয়া রজনীর গভীরতার সহিত অধিকতর যন্ত্রণাদায়ক হইয়া উঠে। আর কতকগুলি স্থলে অর্থাৎ ৰাহাতে আইরিদ্ অধিক স্ফীত হয় না কিম্বা চক্ষুর আভ্যন্তরিক সঞ্চাপন (ইন্ট্া-অকিউলার্ প্রেদার্) তাদৃশ বৃদ্ধি পায় না, তত্তৎস্থলে এতৎসম্বন্ধে বিশেষরূপ অনুসন্ধান না করিলে রোগী কদাচিৎ এ বিষয়ের উল্লেখ করিয়া পাকে। যাহাই হউক, অকিগোলক চাপিলে সচরাচর বেদনা বুদ্ধি পায়।

স্কের্টিক্ জোন্ (Sclerotic Zone.)—এই রোগে সচরাচর কর্ণিয়া ও স্বের্টিকের সংযোগ স্থলে কন্জংটাইভার নিমন্থ সমান্তরালভাবে বিহাস্ত तक्र १ वक्त वर्ग नाष्ट्री भारत व कि एक पृष्ठ रय। वस्त का रेतारे हिम् इरेल आरेतिरमत (भागिजाधिका अवश्रेर थाकिरव अवः जित्रक्रम रेश निक्ष वला याहेरज शारत (य, कन्षः हो हे जात निमन् नाष्ट्रीहरक त्रकाधिका इहेरव। কারণ উক্ত নাড়ীগুলি আইরিদ্ ও কোরইড্স্থিত নাড়ীগুলির সহিত সংযুক্ত আছে। প্রদাহের প্রাবল্য ও অবস্থাভেদে কন্জংটাইভার নিয়স্থ রক্তাধিক্যেরও বিভিন্নতা হইয়া থাকে। এবং কোন কোন স্থলে রক্তপূর্ণ ও কিমোজ্ড অর্থাৎ রমস্রাববশতঃ কন্জংটাইভার ফীত অবস্থায় উহা অলক্ষিত রূপে থাকিতে পারে। পরিশেষে যেমন আইরাইটিদ্ রোগ আবোগ্য হইতে থাকে এবং রক্ত সঞ্লনের সমতা পুনরাবিভূত হয়, অমনি এই নাড়ীচক্র ক্রমশঃ অদৃশ্র হইতে থাকে এবং স্কেরটিক উহার স্বাভাবিক আকৃতি প্রাপ্ত হয়।

ডিম্নেস্ অব্ সাইট্ বা অস্পান্ট দৃষ্টি (Dimness of sight.)— দৃষ্টিমান্দ্য আইরাইটিস্ রোগের অপর এক্টি স্থপরিজ্ঞাত লক্ষণ। প্রথমতঃ ইহা আইরিদের পরিবর্ত্তন অপেক্ষা অ্যাকিউয়দ্ হিউমারের কলুষিত অবস্থার উপর বিশেষ নির্ভর করে। দৃষ্টির আবিলতার আর একটি কারণ এই যে, কর্ণিরার পশ্চাঘতী স্থিতিস্থাপক স্তরন্থ এপিথিলিয়মের মধ্যে পরিবর্ত্তন ঘটে, যাহা চক্ষুর পার্মভাগ নামক পরীক্ষার উপায় (ল্যাটারেল মেথড্ অব্ এক্জামিনেসান) দারা উত্তম রূপে লিক্ষিত হয়। কিরেটাইটিদ্ রোগে কর্ণিয়ার সম্মুখবর্তী স্তরের

(Anterior layer) যেরপ অবস্থা হয়, এই রোগে উক্ত কোষগুলির তজ্ঞপ অস্বচ্ছভাব হইয়া থাকে। এইরপ হইলে অভ্যন্তর নিপাতিত আলোকরশ্মি (ট্রান্শ্মিসান্ অব্ লাইট্) দ্বারা অপকৃষ্ট ও ছিল্ল এপিথিলিয়ম্গুলির খণ্ড সকলকে জলীয় হিউমারে ভাসমান্ থাকিতে দেখা যায়। এই রোগের অধিকতর বৃদ্ধির অবস্থায় আইরিস্ ও অক্ষিদর্পণ কোষের (Capsule of the Lens) মধ্যে অনেক সংযোগবন্ধনী (Adhesions) উৎপন্ন হইয়া উহাদিগকে পরস্পরের সহিত সংযুক্ত করে। এই অবস্থাকে সাইনিকিয়া কহে। এইরূপে কখন কখন কনীনিকা রুদ্ধ হইয়া যায়; তাহাতে দর্শনশক্তি সম্পূর্ণ বিলুপ্ত হয়। যদি অধিক পরিমাণে দর্শনশক্তির হ্রাস হয় এবং কনীনিকাও সম্কুচিত না হয়, আমরা সম্ভব্যত ইহা অনুমান করিতে পারি যে, সিলিয়ারী বভি এবং ভিট্রির্স (Ciliary body and vitreous) এই উভয় পদার্থ মিশ্রিত হইয়া গিয়াছে। কিন্তু এই সকল স্থলে সিলিয়ারী বভির প্রদেশ চাপপ্রাপ্ত হইলে, সচরাচর কিঞ্চিৎ বেদনা অনুভব হয়।

আইরিদের বর্ণ ও বিধান পরিবর্ত্তন (Changes in the Colour and Texture of the Iris.)—সকল প্রকার আইরাইটিস্ রোগে এই সকল ঘটনা লক্ষিত হয়। নীল বা ধূদর আইরিস্ অল্প বা অধিক পরিনাণে হরিদর্গ, হরিদর্গ আইরিস্ অত্যন্ন পরিমাণে পীতবর্ণের সহিত মিশ্রিত হরিদর্গ, ঘোর কপিশবর্ণ আইরিস্ ঈষৎ লোহিত হইয়া উঠে। ইহার উজ্জ্বল স্থ্রময় আকৃতি বিনম্ভ হইয়া অস্পষ্ট এবং অন্তজ্জ্বল মূর্ত্তি ধারণ করে। ঘদি কেবল মাত্র একটি অক্ষিই পীড়িত হয়, উহাকে স্থন্থ চক্ষুর সহিত তুলনা করিলে উক্ত পরিবর্ত্তন সকল স্পষ্ট রূপে লক্ষিত হয়। কিন্তু এই লক্ষণ এমত স্পষ্টভাবে প্রকাশ পায় যে, কোন ক্রমেই এতৎসম্বন্ধে ভ্রম হইবার সম্ভাবনা থাকে না। এই বিকৃতিভাব কতক আইরিদের সোত্রিক বিধানের পরিবর্ত্তন ও কতক বা জলীয় হিউমারের কল্বিত ভাবের উপর নির্ভর করে।

কনীনিকার আকৃতি ও সঞ্জনের পরিবর্ত্তন (Alteration in the Mobility and Form of the Pupil.)—আইরাইটিদ্ রোগের প্রথমাবস্থায় যে রক্তবহা নাড়ীগুলি রক্তপূর্ণ ও তৎসঙ্গে যে সিরম্প্রাব (Serous effusion) হয়, তাহা আইরিসের সঙ্গোচক উপাদান সকলের ক্রিয়ার লাঘব

ও তরিবন্ধন উহার সঞ্চলন শক্তির হ্রান সমুৎপাদন করে। এই হেডু আলোক উত্তেজনায় আইরিদ্ হীনক্রিয় হওয়া আইরাইটিন্ রোণে প্রথমতঃ প্রকাশ পায়। পরে আইরিদ্ ও লেন্সের মধ্যে সংযোগ উৎপর হইলে, তদ্বারা যে কেবল আইরিসেরই ক্রিয়ার ব্যাঘাত হয়, তাহা নহে, কিন্তু আট্রোপাইনের ক্রিয়াতে কনীনিকা বিষম আকার ধারণ করে, কিন্তা ইহাও হইতে পারে যে, নিউয়ো-প্র্যাষ্টিক্ বিধানোপাদানের বন্ধনী দ্বারা সম্পূর্ণ রূপে আবদ্ধ হওয়াতে, প্রদারিত হইতে একেবারে অসমর্থ হইয়া উঠে। অতএব প্রদাহের প্রারম্ভ হইতে ও যত দিন প্রদাহ বর্ত্তমান থাকে, আই-রিদ্ আলোক উত্তেজনায় অথবা মিড্রিয়াটিক্রের দ্বারা অতি অল্লে ও অসম্পূর্ণ ভাবে বিস্তৃত হয়।

আ'লোক'সহিফুতা ও অপ্রাপ্তন (Intolerance of light and Lachrymation.)—আইরাইটিন্ রোগের সহিত ইহাদিগকে সচরাচর এত দেখিতে পাওয়া যায় য়ে, ইহারা সকল প্রকার আইরাইটিসেরই সাধারণ লক্ষণ বলিয়া গণ্য হইতে পারে। পুরাতন ও নাতিপ্রবল স্থলে এই লক্ষণ কদাচিৎ দৃষ্টিগোচর হয়। কিন্তু ব্যাধি প্রবলতর হইলে তাহার প্রবল অবস্থায় রোগী আলোকাভিমুখে অগ্রসর হইবামাত্র অসহ্য যন্ত্রণাতিশয় ভোগ করে এবং গওদেশ বহিয়া যে অশ্রু নিপতিত হয়, তাহা অজ্ঞ বিমোচন করিতে থাকে।

কন্জং টাইভার রক্তপূর্ণতা (Congestion of the conjunctiva.)
— আইরাইটিদ্ রোগে এই লক্ষণ অল্ল বা অধিক পরিমাণে সর্ব্বলাই বিদ্যমান থাকে। অনেক স্থলে উহার সিরাগুলি এমত অধিক পরিমাণে রক্তপূর্ণ হয় যে, তদ্বারা কর্ণিয়ার চতুপার্যবর্তী স্কেরটিক্ নাড়ীচক্র হইতে ইহার বিভিন্নতা নিরূপণ করা হঃসাধ্য হইয়া উঠে। এমত স্থলে যদি কর্ণিয়ার পশ্চাদ্বর্তী স্তর সকলও আক্রান্ত হয়, তাহা হইলে যে আইরিদ্ এই পীড়ার কেক্রস্বরূপ, তাহারই অবস্থা অলক্ষিত থাকিতে পারে। এমত সন্দেহ স্থলে চক্ষুতে কয়েক বিন্দু আ্যাট্রোপাইন্ সলিউসান্ নিক্ষেপ করিলে যথার্থ পীড়া নিরূপিত হইতে পারে, অর্থাৎ কনীনিকার বিষম ভাবে প্রসারিত হওয়া, যাহা আইরাইটিদ্ রোগের অলান্ত লক্ষণ তাহা প্রকাশ পায়।

অকিগোলকের বিবৃদ্ধ বিতান (Increased Tension.)—দিরদ্ আইরাইটিনে এই লক্ষণ সর্বাদা বর্ত্তমান থাকে। ইহা অনেক রোগীর যন্ত্রণার একটি প্রধান কারণ। যেহেতু কনীনিকা বিদ্ধ করিয়া অ্যাকিউয়দ্ হিউমারের বহিষ্করণ দারা চক্ষুর আভ্যন্তরিক সঞ্চাপন নিবারণ করিলে রোগীতংক্ষণাৎ যন্ত্রণা হইতে নিস্কৃতি লাভ করে।

সার্ক্রাঙ্গিক লক্ষণ (Constitutional Symptoms.)—এবন্ধির উপসর্গগুলি আইরাইটিদ্ রোগে কথন কথন দৃষ্ট হয়। এই সকল উপনর্গের
মধ্যে জ্বের বিষয়ে রোগী অভিযোগ করে, এবং সিম্প্যাথেটিক্ উত্তেজনাবশতঃ যন্ত্রণাদায়ক বমনোপসর্গ হয়। কিন্তু প্রায় অনেক স্থলেই এই লক্ষণ
অপ্রকাশিত থাকে। আর উহা চক্ষুর অবস্থার সহিত তুলনা করিলে,
অকিঞ্জিৎকর বলিয়া বোধ হয়।

সিম্প্ল বা প্ল্যাষ্ট্রিক্ আইরাইটিস্ (Simple or Plastic Iritis.)
— আইরিসের প্রদাহ রোগে যে নৃতন পদার্থ উৎপন্ন হয় তাহাদ্বারা উহা
জানা যায়। ষ্ট্রোমার সংযোজক বিধানের কোষ সকল বৃদ্ধি পায়। এই
অতিরিক্ত কোষোৎপত্তি এবং বাইওপ্ল্যাষ্ট্রিক্ ও শোণিতের অন্তান্ত উপাদান
সকল আইরিস্কে ফীত করে। এই ফীততা আবার ইহার স্ত্রপুঞ্জে নির্ম্স্রাব প্রযুক্ত বৃদ্ধি পায়। সিম্প্ল বা প্লাষ্ট্রিক্ আইরাইটিস্ রোগের বিশেষ
লক্ষণ এই যে, তাহাতে আইরিসের দেহে ও দেহোপরিভাগে যে নিউরোপ্র্যাষ্ট্রিক পদার্থ উৎপন্ন হয়, তাহার অযথার্থ ঝিল্লীতে (সিউডো-মেম্ব্রেণে)
পরিণত হইবার সন্তাবনা থাকে। এইরূপে আইরিস্ ও অক্ষিদর্পণের মধ্যে
এবং আইরিসের সংযোজক বিধানোপাদানেও সংযোজক বন্ধনী উৎপন্ন

বে সকল ব্যক্তি রিউমেটিক্ অর্থাৎ বাতরোগ ভোগ করে, তাহাদিগের সচরাচর এই প্র্যাষ্টিক্ আইরাইটিস্ হইয়া থাকে। এই কারণে ইহাকে অনেক সময়ে রিউম্যাটিক্ আইরাইটিস্ বলিয়া বর্ণনা করা হয়। কিন্তু এই সিদ্ধান্ত কলাচিৎ যথার্থ এবং চিকিৎসাকালে তাহাতে ভ্রমে পতিত হইতে হয়। কারণ চিকিৎসাকালে সর্ব্যাই দেখিতে পাওয়া যায় যাহাদের কোন কালে রিউম্যাটিজম্ রোগ হয় নাই, এমত সকল লোকেরও এই রোগ দৃষ্ট হইয়া থাকে। যথা কুষ্ঠব্যাধিগ্রস্ত ব্যক্তিদিগের সচরাচর এই রোগ দেখিতে পাওয়া যায়। এতদ্বিন চক্ষু কোন প্রকারে আহত হইলে, তাহার ফল স্বরূপ এই রোগ উৎপন্ন হয়।

এই রোগ সহজ প্রকারের হইলে দশ বা পঞ্চদশ দিন প্রাত্ত্তি থাকে, পরে ক্রমে অদৃশ্য হইয়া বায়। কিন্তু রোগের প্রথমাবস্থাতেই রোগী यिन हिकि दमावीत्न ना षारेतम्, ठाश शरेत डेलयू जिल यहेना कर्नाहि लिक ठ रम। क्विन अভावित উপत निर्वत कतिया थाकिल अधिकाः अधिक् कनीनिका शार्श्व ७ जिक्कनर्शरणंत्र गरभा गांत्राच्यक्त गःरागांवक्रनी छेर शत रय, যাহা আইরিন্কে দৃঢ়রূপে উহার কোষের সহিত এক বা ততোধিক স্থানে সংযুক্ত করে। কনীনিকা বতবার প্রসারিত বা সন্ধুচিত হয়, প্রত্যেক বারেই ঐ সংযোগবন্ধনী সকল আইরিদ্কে আকর্ষণ করে। তাহাতে উক্ত নির্ম্মাণে অনুক্ষণ উত্তেজনা ও পরিবর্ত্তন উপস্থিত হওয়াতে, তদ্বারা পরিশেষে নৃতন প্রকার প্রদাহের আবির্ভাব হইয়া থাকে। তৎপরে আরও বিস্তৃত সংযোগ-আইরিদ অফিদর্পণের সহিত দৃঢ়ভাবে আবদ্ধ হইয়া না যায়। অনন্তর আইরিদের সৌত্রিকবিধান অপকৃষ্ট হওয়াতে, উহার আটোফি অর্থাৎ হ্রান হইয়া থাকে। এইরূপ ঘটিলে যে অপচয় হয়, তুর্ভাগ্যবশতঃ তাহা উহাতেই কান্ত হয় না। চকুর সন্মুথ ও পশ্চাৎ চেম্বারদ্ বা কুটীরের মধ্যে বে পথ আছে, তাহা वक्ष হইয়া যায়; আইরিদের পশ্চাদিগে অধিক পরিমাণে জলীয় পদার্থ একত্রিত হয়, যদ্বারা চক্ষুর গভীরতর বিধান সকল সঞ্চাপন প্রাপ্ত হওয়ায়, সচরাচর অফিগোলকের অ্যাট্রোফি অর্থাৎ হ্রাস সম্পাদিত হইয়া থাকে।\*

লক্ষণ I—শ্বারণ নিয়ম এই বে, এই রোগে কর্ণিয়ার পরিধি-বেপ্তক সব্কন্জংটাইভাল্ (Subconjuntival) নাড়ীচক্র স্পষ্টভাবে লক্ষিত হয়,

<sup>\*</sup> A. Von Graefe, "On Iridectomy in Exclusion of the Pupil," p. 257. (New Sydenham Society.)

কারণ কন্জংটাইভায় এত রক্তাধিক্য হয় না যে, তদ্বারা উহা আচ্ছাদিত থাকিতে পারে। পূর্ব্বে এরপ অনুমান করা হইত যে, যে খেতাভ-ধূদরবর্ণ বন্ধনী কর্নিয়া বেপ্টন করিয়া থাকে এবং সব্কন্জংটিভ্যাল্ নাড়ীচক্রের নিয়ে অবস্থান করে, তাহা রিউম্যাটিক্ আইরাইটিসের প্রকৃত লক্ষণ। এই বন্ধনী উক্ত স্থানীয় একটি বিধান ভিন্ন আর কিছুই নহে। অর্থাৎ কর্ণিয়ার ঢালুভাগের আচ্ছাদক স্ক্রেরটিক্ মাত্র এবং যদিও উহা অনেকানেক আইরাইটিদ্ রোগে দৃষ্ঠ হয়, তথাপি উহা কোন প্রয়োজনীয় লক্ষণ নহে।

প্ল্যাষ্টিক আইরাইটিদের প্রথমাবস্থায় আইরিদের চলত্ত্বের লাঘ্ব হয়। উহার অসংলগ্ন পার্স্থ ক্ষীত ও ঘন হইয়া উঠে। উহার সৌত্রিক বিধানের জড়ভাব ও তদমুদারে উহার বর্ণেরও অন্তথাভাব লক্ষিত হয়। এই সমস্ত পরিবর্ত্তনের মূলস্বরূপ নবোড়ত-পদার্থ (নিউরোপ্ল্যাষ্ট্রিক্ ফর্মেসান্) ভিন্ন ভিন্ন দেহে ভিন্ন পরিমাণে উৎপন্ন হয়। উহা আইরিদের ষ্ট্রোমাতে আরম্ভ হইরা ঐ উপাদানকে সমভাবে অস্বচ্ছ ও স্ফীত করে। ইহা ব্যতীত উহাকে অন্য উপায়ে জানা যায় না। অন্যান্য সময়ে আইরিদের উপরিভাগে বিশেষতঃ ইহার কনীনিকা পার্শ্বে নিউয়ো-প্লাষ্টিক পদার্থের উৎপত্তি হেতু ক্ষুদ্র ক্ষুদ্র প্যাপিলারি একসক্রিদেন্ (Papillary excrescence) বা বিন্দাকার গুটিকা তাহারা পরস্পর মিলিত হইয়া যায় এবং কনীনিকা পর্যান্ত অগ্রসর হইয়া একটি নিউডোমেমব্রেণের দারা অক্ষিদর্পণকোষের মধ্যস্থল আচ্ছাদন করিয়া (फटन ७ मकन मगरप्रहे कनीनिकांत शार्थ इहेट अकिनर्शनरकांय शर्या छ সংযোগ বন্ধনী প্রস্তুত করিতে চেষ্টা করে। প্লাষ্টিক্ আইরাইটিনে এই প্যাপিলারী এক্স্ক্রিসেন্ সকল কেবল মাত্র দাগের ন্যায় থাকে। বিশেষতঃ ভারতবাদীদিগের আইরিদের ন্যায় বহু সংখ্যক পিগ্নেণ্ট বা বর্ণদায়ক কোষ বিশিষ্ট আইরিদ্ হইলে কোন যন্ত্রের সাহায্য ব্যতীত কেবল চক্ষুর দারা কদাচিৎ ইহারা দৃষ্ট হয়। এইরূপে কেবল সামান্য দৃষ্টিদারা জীবিতাবস্থায় তাহাদের সত্তা উপলব্ধি করিতে আমরা অসমর্থ হইতে পারি। কিন্তু আইরিসের গতিবিধির ও আকৃতির পরিবর্ত্তন দেখিয়া তাহা জানা

यांग्र। এই विषय आष्टिक् आहेतारेषिम् शादिकारेटम् **आहे**तारेषिम् रहेरा विভिन्न रुग्र।

এইরপ প্রকার আইরাইটিসে যে বেদনা অনুভূত হয়, তাহা সকল সময়ে একরপ হয় না। কোন কোন স্থলে ইহা প্রধান লক্ষণস্বরূপে প্রকাশ পায় না। আবার কাহারও বেদনা অতিশয় যন্ত্রণাদায়ক হয়। এই যন্ত্রণা প্রীজিতাক্ষি হইতে কপোলপার্য ও শত্রপ্রদেশে বিস্তৃত হয় এবং সায়ংকালে বৃদ্ধি পাইয়া রাত্রি যতই গভীরতর হইতে থাকে, ততই ইহা ক্রমশঃ বৃদ্ধি পায়।

# नितम् णारेतारि (Serous Iritis)।

প্লাষ্টিক্ আইরাইটিনে বেদন নিউয়ো-প্লাষ্টিক্ পদার্থ উৎপন্ন হয়,
দিরদ্ আইরাইটিদে তাহা না হইয়া তৎস্থলে আইরিদের রক্তবহা নাড়ী
হইতে দিরদ্ নিঃস্ত হইয়া, চক্ষুর সল্পুথবর্তী কুটারে একত্রিত হওয়াতে আইরিদ্কে পশ্চাদ্দিকে স্থানভ্রপ্ত করে। এইরূপে যে দকল দিরদ্ আইরাইটিদ্
উত্তম রূপে প্রকাশিত হয়, তাহাতে আইরিদ্কে স্থ্যবস্থায় যে প্রকার
থাকে, তাহার অপেক্ষা কর্ণিরার অধিকতর পশ্চাতে অবস্থিতি করিতে দেখা
যায়। এতভারা সল্পুথবর্তী কুটারের গভীরতার বৃদ্ধি সহজেই অনুমিত হয়।
আইরিদের ক্রিয়ার লাঘ্য হইয়া যায় এবং আলোক সংস্পর্শে উহা অতি
মৃত্তাবে ক্রিয়া করে। কিন্তু উহার সঙ্কোচক স্বত্তালির ক্রিয়া বিনাশক
সাইনিকিয়া উৎপন্ন না হওয়াতে এই রোগ পুরাতন অর্থাৎ অধিক কাল
স্থায়ী না হইলে, কনীনিকা প্রদারণের কোন ব্যাঘাত লক্ষিত হয় না। এই
লক্ষণ দ্বায়া দিরদ্ আইরাইটিদ্কে প্ল্যাষ্টিক্ আইরাইটিদ্ হইতে অনায়াদে
প্রতেদ করা যায়। এই রোগের অতিশ্র বর্দ্ধিত অবস্থায় চক্ষুর কুটারে
অধিক পরিমাণে দিরম্ বা রস একত্রিত হইয়া চক্ষুর আভ্যন্তরিক সঞ্চাপনের
এত আতিশ্য্য সম্প্রাদ্দ করে যে, তদ্বারা কোরম্বেড্ ও লংদিলিয়ারী

<sup>•</sup> ইহা পূর্ব্বে একুওক্যাপফলাইটীদ্ বলিয়া বর্ণিত হইয়াছে। আর এক প্রকার একুও-ক্যাপফ্লাইটীদ্ কিরাটাইটিদ্ পাক্ষটেটা নানে বর্ণন করা হইয়াছে। তাহাতে কেবল কর্ণিয়ার পশ্চাৎ প্রনেশের সংপ্রাপ্তিগত পরিবর্ত্তন সকল স্পষ্টরূপ প্রকাশ পায়। কিন্তু উপযুক্ত রোগে কেবল আইরিদ্ মাত্র আক্রান্ত হইয়া থাকে।

মার্গুলির উপর তাহার ক্রিয়া প্রকাশ পায়। এইরপে আইরিসের মার্শুলির হ্রাস হওয়াতে উহা যে কেবল আলোকোত্তেজনায় নিজ্রিয় থাকে, এমত নহে; অতি প্রবলতর কনীনিকা প্রদারক ঔষধ দারাও বিস্তৃত হইতে পারে না।

লকণ:—সিরদ্ আইরাইটিদের প্রথমাবস্থায় কোন প্রবল লক্ষণ প্রকাশ পায় না। স্কেরটিক্ নাড়ীচক্রে স্বল রক্তনঞ্চয় হয়, কিন্তু কন্জংটাইভার কোন পরিবর্ত্তন লক্ষিত হয় না। চক্ষুর গভীরতম বিধান সকলের অনপনেয় পরিবর্ত্তন না হওয়া পর্যান্ত অথবা অধিকতর সাংঘাতিক সিরদ্ ও প্র্যান্তিক আইরাইটিদ্ একত্রীভূত না হওয়া পর্যান্ত উপেক্ষিত হইতে পারে। এই শেষোক্ত ঘটনা ঘটিলে যে নিউয়ো-প্র্যান্তিক্ পদার্থ উৎপন্ন হইয়া আইরিদ্কে অক্ষিদর্পণের সহিত সংযুক্ত করে, তল্বারা চক্ষুর পশ্চান্বর্ত্তীরে যে সিরম্ বা রস্প্রাব সঞ্চিত হয়, তাহা উক্ত স্থানের মধ্যে থাকিয়া, রেটিনা ও কোরয়েডের অবস্থা পরিবর্ত্তিত করিতে নিশ্চয়ই চেন্তা করে।

সিরদ্ আইরাইটিদ্রোগ পুনঃ পুনঃ উৎপন্ন হইতে পারে। প্রথমে ঐ আক্রমণ দামান্ত রূপ হয় ও অন্ন দিন স্থায়ী থাকে, এমন কি সন্তবতঃ তিন সপ্তাহ হইতে একমাদ পর্যন্ত স্থায়ী হয় ও পরিশেষে ক্রমে ক্রমে আরোগ্য হয়। সচরাচর প্রবল ভাববিশিষ্ট দ্বিতীয় আক্রমণের পূর্ব্বে উক্ত আরোগ্যাবস্থা অনেক দিন থাকিতে পারে।

এই রোগের প্রাথমিক আক্রমণে চক্ষুর আভ্যন্তরিক সঞ্চাপন তাদৃশ যন্ত্রণাদায়ক হয় না। কিন্তু তৎপরে যত পুনঃ পুনঃ আক্রান্ত হইতে থাকে ততই উহা প্রবলভাব ধারণ করে। যাহাই হউক, এই রোগে অক্লিগোলকের বিতান এত অল্লে অল্লে বর্দ্ধিত হয়, যে ঐ সকল অংশও এই বিস্তৃতকারিণী শক্তির সঙ্গে বিস্তৃত হয়। এই হেতু উহাতে যে বেদনা অন্নভূত হয়, তাহা যদিও অত্যন্ত প্রবল, তথাপি গ্লোকোমার (Glaucoma) স্থায় যন্ত্রণাদায়ক হয় না।

দিরদ্ আইরাইটিদের\* প্রথমাবধিই দৃষ্টিমান্দ্য উপস্থিত হয়। উহা জলীয় হিউমারের কলুষিত ভাবের উপর নির্ভর করে। এই নময়ে বোধ হয়, যেন

<sup>\* &</sup>quot;Iconographic Ophthalmologique," par J. Sichel, p. 12.

জলীয় হিউমারে স্ক্লরূপে চূর্ণ চা থড়ির ন্থায় পদার্থ ভাসমান রহিয়াছে। এরপ ঘটিলে যে আলোক রেটিনায় প্রবেশ করিতে পারিত, সেই আলোকরিশ্ম গুলিকে তাহাদিগের চরম সীমায় উপস্থিত হইতে অনেক বাধা প্রদান করে, সন্দেহ নাই। কর্ণিয়ার পশ্চাদ্বর্তী স্থিতিস্থাপক স্তরের আচ্ছাদ্বক এপিথিলিয়েল্ সেল্মগুলি ঈয়ৎ-অস্বচ্ছ (Semi-opaque) অবস্থা দারাও উক্ত অবস্থার আতিশয়্য করিয়া থাকে। পূর্ব্বাধ্যায়ে কিরেটাইটিন্ পংক্টেটা বা মটল্ড্ কর্ণিয়াও তৎসহ গুরুতর আইরাইটিন্ রোগ জন্য বেরূপ অবস্থা বর্ণিত হইন্যাছে বস্তুতঃ এ স্থলেও ঠিক সেইরূপ অবস্থা হইয়া থাকে। সময় ক্রমে রোগাক্রান্ত এপিথিলিয়েল্ কোষ সকল কর্ণিয়া হইতে ভ্রপ্ত হয়। তৎকালে তাহাদিগকে গুলুবর্ণ চূর্ণাকারে জলীয় হিউমারে ভাসমান দেখিতে পাওয়া যায়। এইরূপে অ্যাকিউন্সের কলুষিতাবস্থাও কর্ণিয়ার অস্বচ্ছতা হওয়াতে আইরিসের প্রকৃত অবস্থা গুপ্ত থাকিবার সন্তাবনা তাহাতেই এই পীড়ার প্রথমাবস্থা নির্ণয় করা কন্তকর হইয়া উঠে।

### প্যারেস্থাইরেশ্রাইটিদ্ (Parenchymatous Iritis)

এই প্রকার আইরাইটিসের প্রকৃতি এই বে, ইহাতে বে অস্কৃত্ত কার্য্য হয়, তদ্বারা স্পষ্ট রূপে দীমাবদ্ধ গুটিকাকার স্তুপ (Nodular mass) উৎপন্ন হইয়া থাকে। যাহা ফাইন্লি-গ্র্যানিউলার (Finely granular) অর্থাৎ স্ক্র্পরপে চূর্ণ বা রেথান্ধিত ফ্রিরেটেড্ ম্যাট্রিক্স (Striated matrix) বা ভিত্তিবিশিপ্ত হয় ও যাহাতে এলিমেন্টারি ক্যাপিলারিদ্ (Elementary capillaries), বা প্রোথমিক কৈশিক নাড়ী, প্রচুর পরিমাণে নিউক্রিয়াই (Nuclei) এবং অনেক সময়ে পিগ্মেন্ট্র\* বা বর্ণদায়ক পদার্থ দারা গঠিত হয় । উহারা আইরিসের এক বা অনেক স্থানাধিকার করিয়া থাকে। এই অকর্মাণ্য উৎপত্তিগুলির (Excrescences) আকার নানাবিধ হয়। কোন কোন স্থলে উহারা আল্পিনের মস্তকের ন্যায় ক্ষুদ্র হয়, এবং কোন কোন স্থলে আইরিসের অধিকাংশ স্থল আনৃত করিয়া রাথে এবং কর্ণিয়া পর্যন্ত উয়ত হইয়া থাকে। রোগের প্রারন্তাবস্থায় উহারা সচরাচর লোহিত

<sup>\* &</sup>quot;Archiv f. Ophth.," Bd. viii. p. 288.

আভাযুক্ত কটাবর্ণ হইয়া থাকে। তৎপরে উহারা পীতবর্ণ হয় এবং ঐ সময়ে উহাদিগকে পূয়রাশির ন্যায় দেথায়। উহারা হয় শোষিত, না হয় পূয়ে পরিণত হয়। পূর্ন্ধোক্ত ঘটনা হইলে, আইরিস্ উহার প্রকৃতাবস্থায় পূনরাগমন করে এবং উহার সঙ্কোচনশীল বিধানের কোন রূপ ফতি হইয়াছে বলিয়া বোধ হয় না। কিন্তু এরূপ ঘটনা অতি বিরল। অধিকাংশ সময়েই আইরিসে সিকাট্রিসেস্ বা ক্ষতকলঙ্ক উৎপন্ন হয় এবং এইরূপ অবস্থার প্রদাহে চরমে বিস্তৃত স্থানব্যাপী সাইনিকিয়া উৎপন্ন হয়। পক্ষান্তরে যদি এই প্রদাহে পূয়োৎপত্তি হয়, তাহা হইলে পূয় সয়য়্থবর্ত্তী কুটীরের অধোভাগে সঞ্চিত হইয়া হাইপোপিয়ন্ নামক (Hypopion) রোগ উৎপন্ন করে।

আইরাইটিস্ রোগে যে পূ্যবৎ পদার্থ উৎপন্ন হয়, তাহা যে কেবল নিডিউলার্ মাদ্ দকল ধ্বংদ হইলেই জন্মায়, এমত নহে; কখন কখন আই-রিদের উপরিভাগে যে কোষ উৎপন্ন হয় (Cell proliferation), তাহা প্রথম হইতেই পূ্যবৎ আকার ধারণ করে। কোন কোন স্থলে কর্ণিয়ার স্থিতিস্থাপক পশ্চাৎ ন্তর হইতে উহার উৎপত্তি হয়। বস্তুতঃ হাইপোপিয়ন্রোগ আইরিন্ অপেক্ষা কর্ণিয়ার ব্যাধি হইতেই অধিক সময়ে উৎপন্ন হয়।

প্যারেদ্ধাইনেট্র আইরাইটিন্ স্বোপার্জিত বা পৈতৃক উপদংশবশতঃ সচরাচর উৎপন্ন হয়। বাস্তবিক, দিফিলিটিক্ আইরাইটিন্ এই প্যারেদ্ধাই-নেট্র্ন আইরাইটিনেরই একটি দৃষ্টান্তস্বরূপ। পিতা মাতার দোষে উৎপন্ন হইলে বাল্যাবস্থায় তুই চারি মাস বয়সের সময় এই রোগ প্রকাশ পায়।\*

বে বে স্থলে উপদংশবশতঃ এই রোগ উৎপন্ন হয়, তথায় অকর্মনা উৎপত্তি (Cellular excrescences) গুলি স্কুচারু দীমাবদ্ধ দৃষ্ট হয়; উপ-দংশের† প্রভাবে শরীরের অন্যান্য অংশে যে প্রকার গমি টিউমার্ (Gummy tumours) হইতে দেখা যায়, আইরিসের নডিউল্ গুলিও সেইরূপ

<sup>\* &</sup>quot;Syphilitic Diseases of the Eye and Ear," by J. Hutchinson, p. 18.

<sup>†</sup> The gummy nature of these nodules, at first conjectured by Virchow, has been confirmed by the observations of Colberg. "Arch, für Augenheilk.," t. viii. A. I, p. 288

হইয়া থাকে। এমত স্থলে পূর্ব্ব বৃত্তান্ত এবং সার্ব্বাঙ্গিক লক্ষণদারা রোগের প্রকৃতাবস্থা নির্ণয় করা যায়। কিন্তু তথাচ কেবল আইরিসের অবস্থা দেখিলেই উহা উপদংশবশতঃ হইয়াছে বলিয়া সন্দেহ জন্মিতে পারে।

এতদ্বারা এমত দিদ্ধান্ত করা যাইতে পারে না যে, প্যারেস্কাইমেটদ্ আইরাইটিন্ উপদংশ ভিন্ন অন্য কোন কারণে উৎপন্ন হয় না। বস্ততঃ আইরিসে শস্ত্রক্রিয়া বা আঘাত নিবন্ধন এবং অপরাপর অনিশ্চিত কারণেও এইরূপ আইরিসের প্রদাহের উৎপত্তি দেখিতে পাওরা যায়। অধিকন্ত শরীরে উপদংশের সঞ্চারবশতঃ যে কেবল প্যারেস্কাইমেটদ্ প্রদাহ উৎপন্ন হয়, তাহা নহে; ইহা হইতে প্র্যাষ্টিক্ বা সির্দ্ প্রকারের প্রদাহও জন্মিতে পারে। ইহা অতি আবশ্যকীয় যে আমরা যেন সাব্ধান হইয়া "দিফিলিটিক্ আইরাইটিদ্" এই কথাটির প্রয়োগ করি; কারণ অন্যথা হইলে উক্ত রোগের চিকিৎসা বিষয়ে ভ্রম জন্মিবার অনেক সন্তাবনা। "শরীরের ঔপদংশিক প্রকৃতির নিশ্চয় প্রমাণ ইইলে, তবে আইনরাইটিদ্ উপদংশ সংযুক্ত বলিয়া নির্ণীত হইতে পারে।"\*

লক্ষণ:—আইরিদের প্রদাহের যে সকল সাধারণ লক্ষণ লিথিত হইরাছে, এই রোগে তাহারা সচরাচর প্রবলভাবে প্রকাশমান হয়। সমরে সময়ে এই নিয়নের অন্যথাভাবও লক্ষিত হইরা থাকে। কথন কথন প্যারেস্কাইনেটস্ আইরাইটিস্ বিশেষতঃ উহা উপদংশ প্রকৃতি সম্পন্ন ব্যক্তির হইলে, কোন প্রবলতর লক্ষণ প্রকাশ না করিয়া প্রাতন বা নাতি-প্রবল, ক্রেণিক্ বা সব্-আ্যাকিউট্ লক্ষণ সকল (Chronic or sub-acute) প্রকাশ করে। কিন্তু তাহাতে নিডিউলার্ পদার্থ সকল উৎপন্ন হয় ও তদ্বারা পরিণামে বিস্তৃত সাইনিকিয়া জনিতে পারে। যাহা হউক এরূপ ঘটনা অতি বিরল। আইরিদের অপরাপর প্রকার প্রদাহ অপেক্ষা প্যারেস্কাইমেটস্ আইরাইটিদের লক্ষণ সকল প্রায়ই প্রবল ভাব ধারণ করে। তাহাতে আইরিদের নাড়ীগুলি, বিশেষতঃ যাহারা অকর্মণ্য উৎপত্তিদিগকে আরুত ও তাহাদিগের স্ল বেন্টন করিয়া থাকে, তাহারা অত্যন্ত রক্তপূর্ণ ও সব্কন্জং-টাইভ্যাল্ নাড়ীচক্র তদন্ত্বায়িক রক্ত পূর্ণ হয়। কন্জংটাইভাও প্রায় বোর

<sup>\*</sup> Stellwag von Carion, American edition, p. 185.

রক্তবর্ণ হয় এবং তাহাতে বহু পরিমাণে কিমোসিদ্ও বর্ত্তনান থাকিতে পারে। অ্যাকিউয়দ্ হিউমার্ বিলক্ষণ রূপ কলুষিত হয় ও উহাতে নিউয়ো-প্ল্যাদ্মের (Neo-plasm) ফুেকি ( Flaky) খণ্ড সকল ভাসমান থাকে।

অনেক স্থলে কর্ণিয়ার স্থিতিস্থাপক স্তরের পশ্চান্তাগ অস্বচ্ছ হয়। উহার এপিথিলিয়াল্ কোষ সকলের মেদাপকৃষ্টতা হওয়ায় শ্বেতবর্ণ ও অস্বচ্ছ হইয়া বিন্দাকার কলম্ব ধারণ করে। আইরিসের উজ্জল সোত্রিক আকৃতি বিনষ্ট হয় এবং অস্বচ্ছ কর্ণিয়া ও কলুষিত আাকিউয়সের মধ্য দিয়া দেখিতে পাওয়া যায় য়ে, আইরিসের বর্ণ বিলক্ষণ পরিবর্ত্তিত হইয়া গিয়াছে। আইরিসে এক বা ততোধিক নডিউলার্ এক্স্ক্রিসেন্স্ (Nodular excrescence) দৃষ্ট হইয়া থাকে। পূর্ব্বেই উলিখিত হইয়াছে য়ে উহাদের আকৃতি ও বর্ণ নানা প্রকারের হয়। কনীনিকা আলোক সংস্পর্শে নিশ্চল ভাবে থাকে। আর কনীনিকা প্রদারক ঔষধ দায়া (Mydriatics) প্রসারিত হইলেও তাহা বিষম ভাবে হয়। আইরিসে য়ে অস্বাভাবিক কার্য্য হইতে থাকে, তদ্বারা উহার নাড়ী, সায়ু ও সম্বোচক স্ক্রপ্তলির ক্রিয়ার হ্রাস হয় অথবা সাইনিকিয়া উৎপন্ন হওয়াতে, উহাকে লেন্স ও কর্ণিয়ার সহিত আবদ্ধ করিয়া রাথে।

সচরাচর রোগী প্রারম্ভ হইতেই চক্ষু ও কপালে বেদনা অনুভব করে।
ক্রমশঃ উহা মন্তক ও মুখপার্শ্ব অধিকার করে। ঐ বেদনা অতি যন্ত্রণাদায়ক
হয়। উহা দিবাভাগে সচরাচর অল্প পরিমাণে থাকে। কিন্তু সন্ধা হইতে
রঙ্গনীর গভীরতার সহিত উক্ত বেদনাও বৃদ্ধি প্রাপ্ত হয়। আলোকাসহিষ্কৃতা ও অতিরিক্ত অশ্রুপাতবশতঃ রোগী অত্যন্ত কন্তু পার। রোগী চক্ষ্
সেলিলেই উহা হইতে প্রবল বেগে অশ্রু বিগলিত হইতে থাকে।

উপর্যুক্ত লক্ষণ সকল ভিন্ন ভিন্ন দেহে এবং রোগের ভিন্ন ভিন্ন অব-স্থাতে নানা প্রকারের হইয়া থাকে। যদিও প্যারেঙ্কাইমেটস্ আইরাইটিসের প্রাবল্য কথন অধিক কথন বা অল্ল হয়, উহা যেরূপ হউক না কেন, সর্ব্ব-দাই চক্ষুর কোন মহত্তর ও অসংশোধনীয় ক্ষতি সমুৎপাদন করে। উহাও আবার ভিন্ন জিপে প্রকাশ পায়, অর্থাৎ কথন কথন ফাইব্রো-সেলিউ-লার্ এক্স্ক্রিসেন্স্ (Fibro-cellular excrescence) পূমে পরিণত হইতে পারে এবং আইরিসে ক্ষেটিক উৎপন্ন করে। ঐ ক্ষেটিক পরিশেষে তৎ-ন্থানীয় সংযোজক বিধানে অল্প বা অধিক পরিমাণে দিক্যাট্রিক্স বা ক্ষতজ বিধান প্রস্তুত করে। কথন বা আইরিসের পশ্চাতে সাইনিকিয়া উৎপন্ন হইয়া উহাকে অনুক্ষণ উত্তেজিত করিতে থাকে, ও তন্নিবন্ধন তাহাকে নৃতনরপে প্রদাহিত করে। তাহাতে পরিশেষে কনীনিকা সম্পূর্ণরূপে আবদ্ধ হইয়া যায়। আর কথন আইরিসের অতিরিক্ত বৃদ্ধি কর্ণিয়া পর্যান্ত বিস্তৃত হইয়া উক্ত তৃই বিধানকে পরম্পর আবদ্ধ করে, তাহাতে আইরিসে অ্যাণ্টিরিয়র্ সাইনিকিয়া (Anterior synechia) নামক রোগ উৎপন্ন হয়।

# নানাবিধ আইরাইটিস্ রোগের ভাবী ফল (Prognosis in the Various forms of Iritis.)

সাধারণতঃ আইরিসের প্রদাহ রোগে কি প্রকার প্রণালীতে ভাবী ফল প্রকাশ করিতে হয়, তদ্বিয়য় আলোচনা করিতে আমরা প্রবৃত্ত হই। ভাবী ফল পরীক্ষার জন্য প্রথম রোগের শ্রেণী ও বৃদ্ধির অবস্থা বিবেচনা করা আবেশ্রক। কারণ আইরাইটিন্ রোগ যে কেবল ভিন্ন ভিন্ন প্রকার লক্ষিত হয়, এমত নহে, উহার প্রত্যেক প্রকারের প্রাবল্যেরও বিলক্ষণ বিভিন্নতা হইয়া থাকে। সামান্ত ও অচিরোৎপন্ন রোগ হইতে সম্পূর্ণ আরোগ্য লাভ হইতে পারে। কিন্তু রোগ প্রবল হইলে কেবল আংশিক আরোগ্য লাভ হয় এবং অতিশয় প্রবল হইলে ও বহু দিন অচিকিৎসিত ভাবে থাকিলে তাহা হইতে মুক্তি লাভের অতি অল্লই সন্তাবনা।

ভাবী ফল জানিবার জন্য সাইনিকিয়ার সতা ও বিস্তৃতি নির্ণয়ার্থ প্রধানতঃ
মনোনিবেশ করা উচিত। যদি আইরিস্ ও লেন্সের মধ্যে সংযোগ বন্ধনী
উৎপর হইয়া থাকে, তবে ইহা নিশ্চয় বিবেচনা করিতে হইবে, যে তদ্বারা
আইরিসের পুনঃ পুনঃ প্রদাহ উৎপর হইবে, যাহাতে পরিণামে কনীনিকা
রোধ হইবার সম্পূর্ণ সম্ভাবনা। আর সাইনিকিয়া দ্বারা এরূপ ভাবে দর্শনশক্তি নন্ত না হইলেও উহা ঐ স্থানে উত্তেজনা সতত স্থায়ী রাথিতে পারে।
ঐ উত্তেজনা কোরইডে রক্তাধিক্য ও ভিট্রিয়স্, লেন্স কিয়া রেটিনার অপকৃষ্ট
পরিবর্তন উৎপর করে।

অনেকানেক চিকিৎসক বিবেচনা করেন যে, এক চক্ষুতে উপর্যুক্ত রূপ পীড়া উপস্থিত হইলে, তদ্ধারা স্থন্থ চক্ষুতে কোন অপকার ঘটিবার সম্ভাবনা থাকে না। কিন্তু ডাক্তার ম্যাক্নামারা মহোদর সে মত অনুমোদন করেন না। তিনি বলেন, একটি চক্ষু উক্ত রূপে পীড়িত হইলে, যে চক্ষ্টি স্থ্য বলিয়া বোধ হয়, তাহারও পীড়িত হইবার অনেক আশহা থাকে এবং এরপ স্থলে আমাদিগকে যে কেবল পীড়িত চক্ষু সম্বন্ধেই অশুভন্ধনক ভাবী ফল প্রকাশ করিতে হয় এমত নহে, যদি উত্তেজনার কারণ দ্রীভূত না করা হয়, তাহা হইলে একের বিনাশে অন্যটিরও বিনাশ হইবার সম্ভাবনা, এই বিষয় রোগীকে জ্ঞাপন করা আবশ্যক করে।

অপরাপর আইরাইটিদের অপেক্ষা নিরস্ আইরাইটিদের প্রারন্তাবস্থায় প্রারহ নাইনিকিয়া লক্ষিত হয় না, রোগীকে সত্মর চিকিৎসাধীনে
আনিলে উহার আরোগ্য লাভ প্রত্যাশা করিতে পারা যায়। ইহা স্মরন
রাথা কর্ত্তব্য যে, কর্ণিয়ার পশ্চাৎস্থ স্তর সমূহের অত্যন্ত অস্বচ্ছতা নিবন্ধন
আরোগ্য লাভের পরেও কিছু দিন পর্যান্ত দৃষ্টির অস্পষ্ট ও ঘোর ভাব
দেখিতে পাওয়া যায়। কিন্তু সামান্ত পরিমাণে আ্যাট্রোপাইনের সলিউসান্
দ্বারা যদি কনীনিকা সমভাবে প্রসারিত হয়, বিশেষতঃ যদি দর্শনপথের
কোন সন্ধার্তা না থাকে, তাহা হইলে আমরা রোগীকে নিশ্চয় করিয়া
বলিতে পারি যে, উক্তর্মপ দৃষ্টির অস্পষ্টতা শীঘ্রই অন্তর্হিত হইবে। পক্ষান্তরে যদি এই সিরস্ আইরাইটিদ্কে চিকিৎসা না করিয়া স্বীয় গতিক্রমে
বৃদ্ধি পাইতে দেওয়া যায়, তাহা হইলে ইহা কোরইড্ পর্যান্ত বিস্তৃত হইয়া,
চক্ষ্রে আভ্যন্তরিক সঞ্চাপনকে অতিশয় বর্দ্ধিত করে। এইরূপ হইলে উক্ত
রোগ অতি ভয়ম্বর ভাব ধারণ করিয়া থাকে এবং অক্ষিণোলকের বিতানের
বৃদ্ধির সহিত ইহাও প্রবলতর হইয়া উঠে।

প্রাষ্টিক্ আইরাইটিসের উক্তর্রণ সংযোগ বন্ধনী সকল যদি এত সামান্য প্রকার বা অচিরোৎপন্ন হয়, যে আট্রোপাইনের দারা কনীনিকা প্রসারিত করিয়া তাহাদিগকে ছিন্ন করিতে পারা যায়, তাহা হইলে যদিও ইউভিয়ার (Uvea) খণ্ড সকল লেন্দে সংলগ্ন থাকায় এবং আইরিসের পশ্চাৎস্থ স্তর্রক অস্বচ্ছ করায়, কিয়দিনের জন্য রোগীর দর্শন শক্তির ছর্ক্লিতা থাকে, তথাচ উক্ত রোগ স্থখনাধ্য বলিয়া স্থির করা যাইতে পারে। এই রোগে ইউভিয়াত্ব সঞ্জিত উৎপন্ন পদার্থের বিষয় (Deposits of uvea) বিলক্ষণ রূপে অনুসন্ধান করা অতি আবশ্যক। উহার পরীক্ষার জন্য কনীনিকাকে সাধ্যমতে প্রদারিত করিয়া, পার্শনিক্ হইতে নিরীক্ষণ উপায় দারা অথবা এতদপেক্ষা উৎকৃষ্ট উপায় ওফ্ণ্যাল্মস্কোপ্ (Ophthalmoscope) যন্ত্র দারা নিরীক্ষণ করা উচিত। মিডিয়াটিয়ের (Mydriatics) কার্য্যের দারা আই-রিসের সংযোগ বন্ধনী ছিন্ন করা অসাধ্য হইলেও, কর্ণিয়ার মধ্য দিয়া শন্ত্র প্রবিষ্ট করাইয়া, আইরিস্ ও লেন্সের মধ্যস্থিত সংযোগ বন্ধনী সকল ছিন্ন করিলে অথবা আইরিডেক্টনী নামক শন্ত্রক্রিয়া করিলে রোগীর দর্শন শক্তির অনেক উন্নতি হয়। কিন্তু এন্থলে অতি সতর্কভাবে আমাদের ভাবী ফল প্রকাশ করা কর্ত্তর। রোগীর দর্শনশক্তি কথনই সম্পূর্ণ রূপে প্রকৃতিন্ত হয় না। এবং অনেক স্থলে উহা এরূপ নপ্ত হইয়া যায় বে, তভারা কোন কার্য্য নির্বাহ হয় না।

সাধারণতঃ রোগ যদ্যপি বৃদ্ধি পাইবার পূর্বের, রোগী চিকিৎসাধীনে না আইনে, তবে প্যারেষ্কাইমেটস্ আইরাইটিস্ রোগের ভাবী ফল সর্বাপেক্ষা মন্দ হইয়া থাকে। কোন কোন স্থলে এই রোগ সব্-ম্যাকিউট্ বা অপ্রবল ভাবে থাকে, তাহাতে রোগী তাদৃশ যাতনা ভোগ করে না এবং উহার পরিণামেও কোন মন্দ ঘটনা সংঘটিত হয় না। কিন্তু এরপ ঘটনা অতি বিরল। স্থচারু রূপে এই রোগ চিকিৎসিত না হইলে ইহার পরিণামে বহু সংখ্যক সাইনিকিয়া উৎপন্ন ও কনীনিকা রুদ্ধ হইয়া থাকে। যাহা হউক, যদি এই রোগের কোন অবস্থাতে আ্যাট্রোপাইনের দারা কনীনিকা প্রমারিত করিতে পারা বায়, তাহা হইলে আমরা ইহার পরিণাম মঙ্গলজনক বলিয়া আশ্বাস দিতে পারি। যেহেতু কনীনিকা প্রসারিত হইলে সাইনিকিয়া উৎপন্ন হইতে পারে না এবং সম্ভবতঃ রোগের বৃদ্ধিও না হইতে পারে।

এই রোগের ভাবী ফল বিষয়ে, ইহা স্মরণ রাথা কর্ত্তব্য যে আরোগ্য লাভ করিলেও রোগী উহা কর্তৃক পুনঃ পুনঃ আক্রান্ত হইতে পারে এবং প্রত্যেক বারেই পূর্ব্ধবারের অপেকা অধিকতর প্রবল হইয়া থাকে এবং কোরইড পর্যান্ত বিস্তৃত হইবার কিম্বা নৃতন সাইনিকিয়া উৎপন্ন করিবার অধিক সন্তাবনা থাকে।

আইরাইটিনের পরিণামে কখন কখন চক্ষুর এক প্রকার অবস্থা উপস্থিত হয় যাহা সহজে অনুভূত হয় না। কিন্তু তদ্বিয়ে বিশেষ লক্ষ্য রাথা আব-শ্যক। উহাতে যদিও সাইনিকিয়া দারা আইরিস্ লেন্সের সহিত সম্পূর্ণরূপে আবদ্ধ হয়, কিন্তু তথাপি রোগীর দৃষ্টিশক্তি থাকে। এইরূপ হইবার কারণ এই যে, কনীনিকার মধ্যে একটি ক্ষুদ্র ও পরিষ্কার দার থাকে, যদ্বারা আলোক অবাধে রেটিনায় উপস্থিত হইয়া থাকে। কিছু দিন পরে চক্ষুর কুটারদমের মধ্যস্থ দার বন্ধ হওয়াতে, দর্শন শক্তির সম্পূর্ণ ব্যাঘাত জন্মে। কিন্তু চিকিৎসা-কালে দেখিতে পাওয়া যায় যে এরপ ঘটনা অতি বিরল। আমরা অধিক সময়ে দেখিতে পাই যে, আইরাইটিদের পরিণামে কনীনিকা রুদ্ধ হইয়া যায়ও বিস্তৃত রূপ সাইনিকিয়া উৎপন্ন হয়, তাহাতে রোগী যদিও পথাদি নিরীক্ষণ করিতে সমর্থ হয়, কিন্ত লিখিতে বা পড়িতে, কিছুই পারে না। এরূপ অব-স্থায় যদি অ্যাট্রোপাইনের দারা কনীনিকা প্রদারিত করিতে পারা না যায়, আর অক্ষিগোলকের বিতান বৃদ্ধি বা হ্রাদ প্রাপ্ত হয়, তবে নিশ্চয় জানা যায় যে, ইহাতে অশুভ ভিন্ন শুভ ফল হয় না। এমত স্থলে আইরিডেক্টমী নামক শস্ত্র ক্রিয়ার দারা যদিও উপকার হইতে পারে, কিন্তু কোরইড্ এবং রেটিনাও উক্ত রোগ কর্তৃক আক্রান্ত হইবার সন্তাবনা থাকে।

কারণ।—আইরাইটিসের কারণ নির্ণয় করা অতিশয় ছঃসাধ্য। পূর্বে এরপ বিবেচিত হইত যে, রিউম্যাটিক্ অর্থাৎ বাতগ্রস্ত ব্যক্তিদিগেরই প্ল্যাষ্টিক্ আইরাইটিস্ হইয়া থাকে। কিন্তু যে সকল ব্যক্তির কোন প্রকার রিউন্ম্যাটিজম্ হয় নাই, তাহাদিগেরও এই রোগ হইতে দেখা যায়। তথাপি আমরা ইহা মুক্তকঠে স্বীকার করি যে, এই প্রকার আইরাইটিস্ উষ্ণান্থম্বতার বিভিন্নতায় ও আর্দ্র এবং শীতল বায়ু দারা জন্মিতে পারে। আর জটিল কুঠ রোগগ্রস্ত ব্যক্তিদের মধ্যে কচিৎ এমত ব্যক্তি দেখা যায় যাহাতে এই রোগ বর্ত্তমান থাকে না। উপদংশ রোগেও অনেক সময়ে এই প্রকার আইরাইটিস্ জন্মিয়া থাকে। চক্ষুতে কোন প্রকার আঘাত লাগিলেও, তাহার পরিণামে প্ল্যাষ্টিক্ আইরাইটিস্ হইতে দেখা যায়। ফলতঃ এই

রোগের কোন একটি নির্দ্দিষ্ট কারণ নির্ণয় করা অতিশয় গৃঃসাধ্য। প্যারেকাইমেটস্ আইরাইটিস্ সম্বন্ধেও অবিকল এইরপ বলা যাইতে পারে। যদি
রোগীর প্রাইমারি দিফিলিস্ (Primary syphilis) থাকে আর যদি আইরিসে উৎপন্ন এক্স্ক্রিসেন্স্ সকল উত্তম রূপে সীমাবদ্ধ হয়, তবে আমরা
ইহার একটি বিশেষ কারণ নির্দেশ করিলে, অভ্রান্ত বলিয়া বিবেচিত হইতে
পারি। কিন্ত চিকিৎসা কালে এরপ দেখিতে পাওয়া যায় যে কোন কারণ
নির্দেশ করা যায় না। আইরিসের সিরস্ প্রকারের প্রদাহ, সচরাচর কোরইডের প্রদাহের সহিত সংস্কৃত হইয়া থাকে। কারণ কোরইডে কোন রোগ
হইলে, তাহা অনেক সময়ে আইরিস্ পর্যান্ত বিস্তৃত হয়। উক্ত প্রকার
উপনর্গ ব্যতীত, অস্কৃত্ব ব্যক্তিদিগেরও এই প্রকার আইরাইটিস্ হইয়া
থাকে।

ইহা স্মরণ রাখিলে অতিশয় উপকার দর্শিতে পারে য়ে, কোন প্রকার আইরাইটিন্ কোনরূপ বিশেষ দেহ সম্বন্ধীয় ডিস্ক্রেসিয়ার (Dyscrasia) বা রুগ্নাবস্থার উপর সম্পূর্ণ নির্ভর করে না। অতএব ইহা রিউম্যাটিক্

<sup>\*</sup> পিতা মাতার দোষে সিফিলিটিক্ আইরাইটিস্ সম্বন্ধে মান্তবর হচিন্দন্ সাহেব বলেন :—"বালকদিগের আইরাইটিদের সংখ্যা সম্বন্ধে ইহা বলা যাইতে পারে যে, পিতৃজাত দিফিলিদের ইহা এমন একটি লক্ষণ, যাহা প্রায় অতি কদাচিৎ দেখিতে পাওয়া যায়। সে यां हो हो के, जांगि निक्ष विलिख शांति (य, लांक जानक मगरा है होक लका करत न।। শ্বেরটিক্ জোনের (Sclerotic Zone) অভাব এবং স্থানীয় লক্ষণ সকলের অত্যন্ত ন্যুন্তা ও वान्र विज्ञा । एक विज्ञा थारक, এই তিনই ইহার কারণ। ইহা প্রমাণ করিবার নিমিত্ত আমি বলিতে পারি যে ১৮৫২ খৃষ্টাব্দে আমার একটি বন্ধুকে কোন বালকের সিফিলি-টিক আইরাইটিন দেখাইয়াছিলান। যদিও তিনি ইতিপূর্কেব প্রায় পঞ্চনশ বৎনর শস্ত্র চিকিৎন। কর্মে নিযুক্ত ছিলেন স্ক্তরাং বহু সংখ্যক দরিজ লোকদিগের চিকিৎসা করিয়াছিলেন, কিন্তু তিনি বলিলেন যে ইহার পূর্ব্বে তিনি কথন এ প্রকার রোগ দেখেন নাই। উক্ত রোগ তাঁহার পক্ষে নৃতন বলিয়া বোধ হইয়াছিল এবং তিনি অতিশয় যত্নের সহিত উহার চিকিৎসা করিয়াছিলেন। আবার সেই কার্য্যে নিযুক্ত থাকিয়াই তিনি অন্যুন পাঁচটি রোগী দেথিগাছিলেন। তথাচ ইহা যে প্রকার সাব্ধানতার সহিত পরীক্ষিত হউক না কেন, ইহা যে অতিশয় বিরল, তাহার প্রমাণের জন্ম আমি বলিতে পারি যে, আমি যখন মেট্রপলিট্যান্ ফি হস্পিটালে একাদিজনে চারি বৎসর অতিবাহিত করি, **ত**থন যদিও অনেক কঞ্জেনিটেল-নিফিলিস্গ্রস্ত রোগী দেখিরাছিলাম এবং অতি সাবধানের মহিত তাহাদিগের সকলের চকু পরীক্ষা করিয়াছিলাম, তথাচ উপযুঁতি রোগ একবারও দেখি নাই 1-Ophthalmoscopic Hospital reports, vol. i. p. 229.

আইরাইটিদ্, ইহা দিফিলিটিক্ আইরাইটিদ্ ইত্যাদি ক্রমে বর্ণনা করা ভ্রম বলিতে হইবে। এই সকল কারণ এবং ম্যালেরিয়া, গাউট্ এবং অন্যান্য রোগ এই রোগের কারণের মধ্যে গণনীয়। অতএব প্রত্যেক রোগে রোগীর তাবং অবস্থার বিষয় স্থালররূপে জ্ঞাত হওয়া কর্ত্তব্য। এবং তাহা হইলে অর্থাৎ এরূপ অবগত হইলে পরে, কি প্রণালীতে চিকিৎসা করিতে হইবে, তিষ্বিয় আমরা নির্ণয় করিতে পারি।

वाहेताहेिएमत हिकिएमा धवः छेहात क्लाक्तत বিষয় ৷ —ইতিপূর্বেই ইহা উলিখিত হইরাছে যে, এই রোগের কারণ বহু-বিধ। অতএব চিকিৎসায় প্রবৃত্ত হইবার পূর্ম্বে, বিশেষরূপে ইহার কারণ অনুসন্ধান করা আবশ্যক। তাহা না করিলে আমাদের তাবৎ চেষ্টাই বিফল হইতে পারে। রিউম্যাটিক্ সিফিলিটিক কিম্বা ম্যালেরিয়স্ ডাইয়্যাথিশিসের সত্তা সহজেই লক্ষিত হয়। সিক্রেটিং (Secreting) বা প্রাবক যন্ত্র সমূহের কার্য্যের বিশৃঙ্খলতাবশতঃ, শোণিতের পরিবর্ত্তন হইয়া শরীরের বিবিধ বিধা-নের পোষণ ক্রিয়ার ব্যাঘাত জন্মাইয়া উপযুক্তি রোগ অপেক্ষা অনির্দিষ্ট কোন প্রকার পীড়া জন্মাইলে, ইহার প্রকৃতি অবগত হওয়া আরও ত্রঃসাধ্য হইয়া উঠে। তথাচ এবিষয়ে ক্ষান্ত হওয়া উচিত নহে এবং যে সকল ঔষধীয় শক্তি আমাদের ক্ষমতাধীন আছে, তাহাদের দারা রোগোপ-भगनार्थ (हिंद्री शांख्या डिहिंछ। এতদর্থে যে সকল উপায় অবলম্বিত হয়, তাহাদিগের বিস্তৃত বিবরণ এ কুদ্র পুস্তকের পক্ষে অসম্ভব। কারণ তাহাতে শরীরের উপর ঔষধ সমূহের, হাইজিন্ বা জলবায়ু ইত্যাদি এবং পথ্যাদির ক্ষমতার সম্যক্ বর্ণন থাকা আবশ্যক করে। ফলতঃ তাহাতে প্রাক্টিক্যাল্ মেডিদিন্ (Practical medicine) সমুদায়ের জ্ঞান থাকা আবিশ্যক হয়। অতএব ক্রেক্টি ঔষধ ও অন্যান্য উপায়, যাহারা আইরাইটিসের প্রেক विरभय छेशकातक, जाशांकिरशत्रे विषय निरम निथिठ रहेन।

পারদ।—(Mercury) অধিকাংশ চিকিৎসকেরাই সকল প্রকার আই-রাইটিনের পক্ষে পারদ মহৌষধ বিবেচনা করেন। অন্যান্য কর্ত্ত্পক্ষীয়গণ উপ-দংশীয় ব্যতীত অন্য প্রকারে পারদ উত্তম বিবেচনা করেন না। আমিও এই শেষোক্ত মতাবলম্বী। ইহা বুপীলের অথবা অহিফেণ সংযুক্ত ক্যালোমেলের

আকারে, কিম্বা ইনংক্দান্ বা মলমরূপে ব্যবহৃত হইয়া থাকে। পারদের উগ্র মলম অর্দ্ধ বা এক ড্রাম্ পরিমাণে বাহু বা উরুদেশের অভ্যন্তরভাগে দিবদে হুই তিনবার করিয়া, মাঢ়িতে, ইহার ফল প্রকাশ না পাওয়া পর্যান্ত মর্দ্দন করা উচিত। ডাক্তার ম্যাক্নামারার মতে এই প্রকার রোগে এইরূপেই অর্থাৎ শেষোক্তরূপেই পারদ প্রয়োগ করা কর্ত্তব্য। পীড়ার আতিশ্যা নিবন্ধন, যদি শীঘ্রই শরীরের সাম্দায়িক অবস্থার পরিবর্ত্তনের অর্থাৎ "মুথ আনার" আবশ্যক হয়, তবে তিন ঘটিকান্তর ক্যালোদেল হুই গ্রেণ ও অহিফেণ এক গ্রেণ একত্র করিয়া হুই দিবস ব্যবহার করা কর্ত্তব্য। রোগের প্রথম ও প্রধান কারণ বিনাশ করিবার স্ক্তরাং আইরাইটিনের পুনরাক্রমণ নিবারণের নিমিত্ত, উহা অন্তর্হিত হইলেও, কিছু দিন পর্যান্ত অন্ন পরিমাণে পারদ সেবন করা বিধেয়। ইহার পর রোগীকে আইওডাইড্ অব্ পট্যাদিয়ম্ সেবনের ব্যবস্থা করিলে বিশেষ উপকার প্রাপ্ত হওয়া যায়।

माधातन नियमसक्तर देश वला याहर लारत त्य, आहेताहे छिन् निकि-লিস্ব্যতীত অন্যকোন কারণে উৎপন্ন হইলে তাহাতে পারদ ব্যবহার ক্রা অতি অকর্ত্তব্য। কোন কোন স্থলে ইহা হইতে কিছুই উপকার প্রাপ্ত হওয়া যায় না, কিন্তু যদি আঘাত জন্য কোন ব্যক্তির এই রোগ উৎপন্ন হয়, আর যদি ঐ ব্যক্তির দিফিলিটিক ডাইয়্যাথিশিস থাকে, তাহা হইলে পার্দ ঘটিত गलम वावरात कतिया किन्नभ कल रय प्राची गरिए भारत। केन्स छेअमर्ग-বিশিষ্ট রোগে, ইহা কথিত আছে যে, ইহার উপকারিতা বিশেষরূপে লক্ষিত रत । शूनतात्र रेश वला यारेटल्ड य, मचत वर्षनभील तार जिन, जनगाना इटल পারদ দেবন করিতে ব্যবস্থা দেওয়া কদাচিৎ আবশ্যক হয়। ইনাদ্মান্ অর্থাৎ মৰ্দন বা ভেপার বাথের (Inunction or vapour bath) বা বাজায়ানের আকারে পারদ ব্যবহার যতদূর আমাদের সাধ্যায়ত্ত, অন্য রূপ আকারে তজপ নহে। স্যালিভেসান্ (Salivation) অর্থাৎ "মুখ আনার" পূর্বের যদি উহা রোগের গতিরোধ করিতে না পারে, তাহা হইলে আর ইহা দেবন করিবার বিধি দেওয়া উচিত নহে। অর্থাৎ যাহাতে পারদ দারা শরীর বিকৃত ভাবাপন হয়, এমত পরিমাণে ইহার বাবহার অবিধেয়।

আইওডাইড্ অফ্ পোট্যা দিয়স্।—(Iodide of Potassium) এই ঔষধ বহু কালাবধিই আইরিস্ পেরি-অন্টিরম্ ও শরীরের যাবতীয় সৌতিক বিধানের উপদংশ ও বাতজনিত কয়েক প্রকার রোগে এত মহোপকারিতার সহিত ব্যবহৃত হইয়া আসিতেছে যে আমাদিগের আয়ভাধীন ঔষধ সমূহের মধ্যে ইহাকে একটি মহৌষধ বলিতে হইবে। সিফিলিসের নিমিত্ত এই রোগ উৎপন্ন হইলে আইওডাইড্ অফ্ পোট্যাসিয়ম্ ১০ গ্রোণ পরিমাণে দিবসে তিন বার ব্যবহার করা উচিত। আর রিউম্যাটিক্ ডাইয়্যা-থিশিস্ বিশিপ্ত ব্যক্তির এই রোগ উৎপন্ন হইলেও, আহারের পূর্ব্বে উক্ত ঔষধ ঐ পরিমাণে সেবন করা বিধেয়। অধিকস্ত শেষোক্ত রোগে, আহারের ছই ঘটিকা পরে, কিঞ্চিৎ অধিক পরিমাণে জন্ধীর রস পান করিলে অনেক উপকার দর্শে।

টার্পেন্টাইন্ (Turpentine) প্রদিদ্ধ তিকিৎসকেরা রিউম্যাটিক্ ডাইয়্যাথিশিস্-বিশিষ্ট ব্যক্তিদিগের আইরাইটিস্ রোগ হইলে তাহাতে টার-পেন্টাইন্কে বিশেষ উপকারক ঔষধ বলিয়া ব্যবস্থা করিয়া আসিতেছেন। আট্রোপাইনের দারা কনীনিকা প্রসারিত করিবার পর রোগী যদি বেদনা অন্থত্ব করিতে থাকে এবং স্ক্রেরটিক্ ও কন্জংটিভায় যদি রক্তাধিক্য বর্ত্তমান থাকে, তাহা হইলে ইহার ব্যবহারে কথন কথন উপকার প্রাপ্ত হওয়া যায়। টার্পেন্টাইন্ এক ড্রাম্ পরিমাণে দিবসে তিন বার ব্যবহার করিলে এই সমস্ত লক্ষণের উপশম হয়। কিন্তু টারপেন্টাইন্ ব্যবহার করিলে এই সমস্ত লক্ষণের উপশম হয়। কিন্তু টারপেন্টাইন্ ব্যবহার করিলে খ্রাংগিউরি বা মৃত্রকুচ্ছু হইবার সম্ভাবনা থাকায়, পূর্ব্বেই উক্ত হইয়াছে, ডাক্তার ম্যাক্নামারা উহার পরিবর্তে ব্যাল্স্যাম্ অফ্ কোপেবা ব্যবহার করিতে উপদেশ দেন। এই শেষোক্ত ঔষধটি এক ড্রাম্ মাত্রায় ৬ ছয়্ম ঘটিকা অন্তর প্রযুক্ত হইতে পারে। কিন্তু ৪৮ ঘটিকা ব্যবহারের পরেও যদি কোন ফল না দর্শে, তবে আর ইহা সেবন করিলেযে কোন উপকার হইবে এরূপ প্রত্যাশা থাকে না। টার্পেন্টাইনের ন্যায় ইহাদারাও পাকস্থলীর কার্য্যের বিশুজ্বলতা ঘটিতে পারে।

তাহিফেণ |—(Opium) আমরা আইরাইটিস্ রোগের চিকিৎসার নিমিত্ত যে সকল ঔষধ ব্যবহার করিতে পারি, তগ্যধ্যে অহিফেণ অতিশয়

উপকারক এবং বিশেষ ফলপ্রদ। এই রোগের প্রবল অবস্থান, উহা যে कांत्र(गेरे छे९ शत रुडेक ना (कन, जाहार्टिर धरे छेष भूर्व भावांत्र वाव-হার করা উত্তিত। পূর্ণবয়স্ক ব্যক্তির এক গ্রেণ মাত্রায় দিবদে গুইবার সেবন করাই উপযুক্ত মাত্রা এবং যতক্ষণ পর্যান্ত রোগীর শরীরে উহার ক্রিয়া প্রকাশিত না হয়, তাবৎ ইহা ব্যবহার করা কর্ত্ব্য। প্রথম সাক্ষাৎ-কালীন যদি দেখা যায় যে, রোগী যন্ত্রণায় অত্যন্ত অস্থির হইয়াছে, তাহা হইলে সব্কিউটেনিয়দ ইঞ্জেক্শান (Subcutaneous injection) রূপে শঙ্খদেশের চর্মের নিয়ে এক-চতুর্থ ह গ্রেণ মাত্রায় মর্ফিয়া (Morphia) প্রয়োগ করিলে, রোগীর অস্থিরতা নিবারণের অনেক সাহায্য হয়। সকল প্রকার ত্রুহ আইরাইটিনেই, অতি আগ্রহের দূহিত এই উপায় অবলম্বন কর। বিধেয় এ বিষয় পুনঃ পুনঃ বলা বাহুলা। যাবৎ বেদনা ও প্রদাহের অপরা-পর লক্ষণ সকল হ্রাস না হয়, তাবৎ রোগীকে অহিফেণের ক্রিয়াধীন রাখা উচিত। বালকদিগের পক্ষে অথবা রোগ নামান্ত হইলে ঐক্লপ অধিক পরি-মাণে অহিফেণের ব্যবহার অব্যবস্থেয়। অতএব রোগের অবস্থানুসারে ইহার মাত্রার ইতর বিশেষ করিতে হইবে। ত্রুণিক্ বা সব্ অ্যাকিউট্ প্রকারের রোগ অপেকা প্রবল প্রকার আইরাইটিনেই অহিফেণ অধিক ফলদায়ক। রাত্রিতে বিশ্রাম দিবার জন্য সায়ংকালে এক মাত্রা হাইডেট্ অফ্ ক্লোরাল্ দিলে তদ্বারা কোন কোন রোগীর অনেক উপকার দর্শিয়া থাকে। কিন্ত माधात्रगं विकास निवादरगंत भरक देश अहिरक्ष अर्थका छेख्य नरह।

প্যার্যাসেণেটাশিস্ অফ্ দি কর্ণিয়া Paracentesis of the cornea)। এই রোগে কোন কোন রোগীর চক্ষ্র আভ্যস্তরিক বিতান এবং বেদনা নিবারণার্থ কথন কথন কর্ণিয়া বিদ্ধ করিয়া অ্যাকিউস্ হিউমারের কিয়দংশ বহির্গত করিয়া দেওয়া আবশ্যক হয়। একটি বিস্তৃত স্থাচিকার অগ্রভাগ কর্ণিয়ার মধ্য দিয়া চক্ষ্র সম্প্র্যন্তী কুটারে প্রবিষ্ট করাইতে হয়। তাহাতে অ্যাকিউয়স্ হিউমারের কিয়দংশ বহির্গত হইতে পারে। কিন্তু স্থাচিকা বহির্গত করিবানাত্র কর্ণিয়ার বিদ্ধ স্থান বন্ধ হইয়া য়ায়। তাহাতে আর অ্যাকিউয়স্ বহির্গত হইতে পারে না। এই শস্ত্রাক্রিয়ার পর চক্ষ্র উপর একটি প্যাড্ ও ব্যাণ্ডেজ উত্তন রূপে সংলগ্ধ করা বিধেয়।

এই শক্তিয়ার সময়, যাহাতে সয়্থবর্তী কুটারের সমস্ত আকিউয়স্
বহির্গত হইয়া না যায়, তিদ্বিয়ে সাবধান হওয়া উচিত। কারণ ঐরপ
হইলে লেন্স ও প্রদাহিত আইরিস্ সয়্থভাগে কর্ণিয়ার দিকে চাপিত হওয়ায়, আগিটিরয়র সাইনিকিয়া জিয়বার সস্তাবনা। যথন স্টিকাদ্বারা বিদ্ধ
করা যায়, তথন যাহাতে কেবলমাত্র স্টিকার অগ্রভাগ কর্ণিয়ায় প্রবিষ্ট
হয়, সে বিষয়ে সাবধান হওয়া কর্ত্ব্য। নচেৎ, যেমন আকিউয়স্ হিউমার বহির্গত হয়, সেই সময় আইরিস্ এমন কি লেন্সও আহত হইতে
পারে।

এইরপ শস্ত্রক্রিয়ার পর রোগীর বিশেষ উপকার হয়। কিন্তু যে সকল চিকিৎসক বহু দিবস চক্ষু রোগের চিকিৎসায় অতিবাহিত করেন নাই, তাঁহারা কেহই এই কার্য্য স্থসম্পন্ন করিতে পারেন না। কথন কখন ছই বা তিন বার ও ৩৬ ঘটিকা অন্তর, এইরপ শস্ত্রক্রিয়া করিবার আবশ্যক হয়। অক্ষি-গোলকের বিতানের এবং চক্ষুর বেদনার আতিশয্য হইলেই পুনরার এইরপ শস্ত্রক্রিয়া আবশ্যক হয়।

জলোকা।—(Leeches) পীজত চক্ষ্য জর উপরে ও শঙ্খদেশে জলোকা সংযোজিত করিলে নিশ্চয়ই কিয়ৎ সময়ের জন্য ব্যাধির উপশম হয়। কিন্তু তাহা বলিয়া কাহারও আইরাইটিস্ হইলেই, যদিও চক্ষুতে বেদনা ও জন্যান্য প্রদাহের লক্ষণ বর্তুমান থাকে, তথাপি যে জলোকা প্রয়োগ করিতে হইবে এমত নহে। যদি রোগীর অবস্থা দেখিয়া বিবেচনা হয়, সেই ব্যক্তি রক্তস্রাব সহ্য করিতে পারিবে, তবে পীজিত চক্ষ্র উপরিভাগে পাঁচ ছয়টি জলোকা সংযোজিত করিলে কিছুই ক্ষতি নাই, বয়ং তাহাতে উপকার দর্শিতে পারে। জলোকাগুলি সংযোজিত হইলে দইস্থান হইতে রক্তস্রাব বৃদ্ধি করণার্থ উহাতে উষ্ণ জলের সেক দেওয়া উচিত। এই প্রক্রিয়ার দ্বারা পীজার কিঞ্চিৎ উপশম বোধ হইলে, তৎপর দিবসেও এই রূপে রক্তন্ত্রাব করাইলে বিশেষ উপকার দর্শে। এই প্রকার রোগীকে ছই এক মাত্রায় বুপীল ও কলোসিস্থ সেবন এবং পর দিবস প্রাতে বুয়াক্ ড্রাফ্টের ব্যবস্থা করিয়া লঘু পথ্য দিয়া রাখিলে অধিকতর উপকার প্রাপ্ত হওয়া যায়। ফলতঃ জলোকা সংযোজন, অ্যাণ্টিফ্রাজিন্টিক্ ট্রিটমেন্টের

(Antiphlogistic treatment) বা প্রদাহনাশক চিকিৎসার অংশস্বরূপ বলিতে হইবে।

যে সকল রোগী বেদনার যন্ত্রণায় এবং হয় ত পারদ সেবন দারা ছর্বল হইয়াছে, জলোকা সংযোজন তাহাদের মহৎ অনিষ্ট সম্পাদন করে। তাহাদিগের চিকিৎসায় অতি সাবধানতার আবশ্যক, কারণ অন্যান্য ক্ষমতাপন
উপায় যেমন উপযুক্ত স্থলে উপকার করিয়া থাকে, এবং যে স্থলে তাহাদের
প্রয়োগের আবশ্যক হয় না, তথায় যেমন অপকারক হয়, ইহারাও তজ্ঞপ
হইয়া থাকে।

অ্যাট্টোপাইন্।—(Atropine) সকল প্রকার আইরাইটিসের চিকিৎ-मार्टि हेरा मर्रोयथ। यनि कनीनिका श्रमातिष्ठ कतिया ताथिए शांता यांग, তাহা হইলে সাইনিকিয়া জন্মিবার কিছুই সম্ভাবনা থাকে না । এতদ্যতীত এই ঔষণ দ্বার। আইরিদ্, সন্মুখবর্ত্তী কুটীরের চতুর্দ্দিকে হক্ষ মগুলাকারে, স্থচাকরপে সম্কৃচিত থাকে বলিয়া, উহার মধ্যস্থ শিরাগুলি রক্তপূর্ণ হইতে পারে না; এমত স্থলে ঐ শিরা সকল যতদূর সম্ভব, শৃন্যগর্ভ থাকা উচিত। মিড়িয়াটিকোর প্রভাবে প্রদাহিত বিধান শান্তভাবে অবস্থিতি করে। সকল প্রকার প্রদাহের চিকিৎনাতেই ইহাকে অত্যাবশ্যক বিবেচনা করিতে হইবে। ডাক্তার ম্যাক্নামারা বলেন আইরাইটিদ রোগের পক্ষে আট্রোপাইন্ र्यक्तर्भ छेर्थकांत्रक, जना दकान छेष्यदे ठक्तर्भ नत्र। छेरा अनाहित सानक স্থ রাখে, ইহার রক্তপূর্ণ শিরাগুলির পরিধি সম্কৃচিত ও প্ল্যাষ্টিক্ বা পাারেলাইনেটদ আইরাইটিদে যে অনিষ্টকর সাইনিকিয়া জন্মিবার সন্তা-वना थारक, जारेतिमरक लग्न रहेरठ खठल ताथिया रम मरमर निवातन করে। এতদাতীত উহা রক্ত সমাগমের হান সম্পাদিত করে ও আইরিদের সিক্রেটিং বা স্রাবক প্রদেশের থবিতা উপস্থিত করিয়া অধিক পরিমাণে অ্যাকিউদ্ হিউমারের স্রাব নিবারণ করে, তাহাতে চক্ষুর আভ্যন্তরিক সঞ্চাপন নিবারিত হয়।

সংযোগবন্ধনী সকল উৎপন্ন অথবা আইরিসের বিধান অসংশোধনীয় রূপে বিনষ্ট হইবার পূর্ব্বে, যদি রোগী সোভাগ্যবশতঃ আমাদিগের চিকিৎ-নাদীনে আইনে, তবে আমরা আরোগ্যের নিমিত্ত আ্যট্রোপাইনের উপর সম্পূর্ণরূপে নির্ভর করিতে পারি। যাবৎ কনীনিকা সম্পূর্ণরূপে প্রদারিত না হয়, ততক্ষণ প্রতি ঘটিকা অন্তর ছই ড্রাম্ জলে এক গ্রেণ্ সল্কেট্ অব্ আট্রাপাইন্ দিয়া লোসন্ বা জলীয় দ্রব্য প্রস্তুত করতঃ তাহার কয়েক বিন্দু চক্ষুতে প্রয়োগ করা উচিত। এই প্রকার চিকিৎসায় কনীনিকা প্রসারিত হইলে অত্যন্ন দিবসের মধ্যেই রোগীর আরোগ্যলাভের সম্ভাবনা। অতি প্রবল রোগে আট্রোপাইনের দারা কনীনিকা প্রসারিত করা ছদর। এমত স্থলে ছয় ঘটিকা অন্তর পাঁচ ছয় দিন পর্যান্ত এই ঔষধ ব্যবহার করা আবশ্যক এবং অর্দ্ধ আউন্স জলে সল্কেট্ অব্ আট্রোপাইন (Sulphate of Atropine) ছই গ্রেণ মিশ্রিত করিয়া উহাতে প্রয়োগ করা উচিত। কোন কোন স্থলে আইরিস্ ক্ষীত ও রক্তপূর্ণ থাকাতে আট্রোপাইন্ কিছুই করিতে পারে না, এই প্রকার ঘটিলে ঐ রোগের ভাবী ফল অশুভঙ্কনক হইয়া থাকে। কিন্তু তথাচ প্রথমতঃ পারদ, আইওডাইড্ অব্ পোট্যাদিয়ম্ (Iodide of potassium) বা জলোকা সংযোজনের দারা প্রদাহের অবস্থার হ্রাস করিয়া তৎপরে পুনরায় আট্রোপাইন প্রয়োগ করা কর্ত্ব্য।

কনীনিকা প্রসারিত হইলেই যে ইষ্টসিদ্ধি হইল এমত নহে, যাবং প্রবলতর লক্ষণ সকল তিরোহিত না হয়, বস্ততঃ যাবং কন্জংটাইভার নিমন্থ নাড়ী-চক্র অদৃশ্য এবং স্কচাকরপে আইরিসের রক্তসঞ্চালন নির্বাহিত না হয় তাবং ক্নীনিকা প্রসারিত করিয়া রাখা আবশ্যক।

অনেক আইরাইটিসে আংশিক নাইনিকিয়া হইয়া থাকে। তাহাতে আইরিদ্ ও ক্যাপ্সলের মধ্যস্থিত সংযোগবন্ধনী কেবল ছই এক স্থলে উৎপন্ন হওয়ায়, আইরিদের অবশিপ্ত প্রচুর অংশ আাট্রোপাইনের দারা সচ্ছন্দে প্রসারিত হইতে পারে। এমত স্থলে কনীনিকা প্রসারিত হইবার সময়, তাহার সকল প্রকার আকারই হইতে পারে। কারণ ইহা বন্ধনীদারা কোন স্থলে ভাষিক ও কোন স্থলে অন্ন সংযুক্ত থাকায় অসম্পূর্ণ ভাবে প্রসারিত হয়। এবিষধ রোগে নিয়ত ও সচ্ছলভাবে আাট্রোপাইন্ ব্যবহার করা বিধেয়। ইহার প্রভাবে সংযোগবন্ধনী সকল প্রায়ই ছিন্ন হইয়া যায় এবং উপস্থিত আইরাইটিদ্ও শীঘ্র নিবারিত হয়; অধিকন্ত সাইনিকিয়া নম্ভ হওন্যাকে, এই রোগের পুনরাক্রমণেরও সন্তাবনা থাকে না।

যে সময়ে আমরা রোগীর স্বাস্থ্য পুনঃস্থাপনের নিমিত্ত বিবিধ উপায় অব-লম্বন করি এবং হয় ত, আইরাটিসের কারণ দূরীভূত করণাভিপ্রায়ে সচেষ্ট হই, তৎকালে, ইহা কোন প্রকারের রোগ এবং কতদূর বিদ্ধিত চইয়াছে, वित्वहना ना कतियां अजारहों शहितत बाता कनी निकारक मम्पूर्व अमातिक করিতে চেষ্টা করিতে পারি। অনেকদিন অ্যাট্রোপাইন্ ব্যবহার করিলে, প্রবল তর গ্রানিউলার্ কন্জংটিভাইটিদ্ (Granular conjunctivitis) রোগ উৎপন্ন হইতে পারে, এবং যদি ঐ প্রকার রোগ জন্মিবার স্ত্রপাত দেখিতে পাওয়া যায়, তবে চক্ষুর অভ্যস্তরে অ্যাট্র্যোপাইন্ প্রয়োগ একেবারে বন্ধ করিয়া, উহার সহিত এক্দ্ট্রাক্ট্ অব্ বেলেডোনা নিশ্রিত করিয়া, ঐ নিশ্র রোগীর অক্ষিপত্তে ও শঙ্খদেশে প্রলেপ রূপে প্রয়োগ করা কর্ত্তব্য। ডাক্তার ম্যাক্নামারা উহার ব্যবহার করিয়া, কতিপয় ভয়ানক লক্ষণ দেখিয়াছিলেন। কিন্তু তিনি ইহাও জানিয়াছিলেন যে অতি অল পরিমাণেই আাটোপাইন ব্যবস্থত रहेशाहिल। जिनि वत्नन त्य के नकन उतन वित्भव कवः अत्राजीविक ইডিওসিন্কেসি (Idiosyncrasy) থাকার, রোগী আগট্রোপাইনের বিষজনক-প্রভাবে অভিভূত হইয়াছিল। যদিও এই প্রকার বিশেষ স্থলে অ্যাট্রো-পাইনের ব্যবহার নিষিদ্ধ, কিন্তু সচরাচর সকল প্রকার আইরাইটিসেই ইহা অতিশয় উপকারী।

কথন কথন অ্যাট্রোপাইন্ জিলেটাইনের সহিত মিশ্রিত করিয়া ক্ষুদ্র ক্রুদ্র (Tablet) ট্যাব্রেটের বা বটীর আকারে ব্যবহার করিলে বিশেষ স্থাবিধা হয়। কথনও বা অ্যাট্রোপাইনের সোলিউসানে আর্জ কাগজকে শুক্ষ করিয়া ব্যবহার করা হয়। এইরূপে প্রস্তুত বটিকা অথবা কাগজ অক্ষিপুট উল্টাইয়া কন্জংটিভার উপরে স্থাপিত করিয়া পরে চক্ষ্ রুদ্ধ করা উচিত। তাহাতে অশ্রুদ্রা অ্যাট্রোপাইন্ গলিত হওয়ায়, উহা অবশেষে শোষিত হইয়া যায় এবং অ্যাকিউয়স্ সলিউসান্ বা জলীয় দ্রব ব্যবহারে যেরূপে ফল দর্শে, এস্থলেও তদ্ধপ দর্শাইয়া থাকে।\*

এক্দ্ট্রাক্ট অব্ বেলেডোনা (Extract of belladonna) অ্যাট্রোপাইনের অপেক্ষা হীনবীর্য্য। অতএব আইরাইটিস রোগে কনীনিকা প্রসারিত করণের

<sup>\*</sup> Brit, and For. Mcd.-Chir. Rev., Jan 1st, 1864.

নিমিত্ত উহার উপরে নির্ভর করা যাইতে পারে না। বেলেডোনা, গাঁজা এবং অহিফেণের এক্দ্ট্রাক্ট্ ও গ্লিসিরিণ্ সমান অংশে লইয়া চক্ষুর উপরি-ভাগে ঘর্ষণ করিলে, সিলিয়ারী নিউরোশিসের বা বেদনার লাঘব হয়। উহার সহিত কিঞ্চিৎ অ্যাট্রোপাইন্ নিশ্রৈত করা যাইতে পারে।

উষ্ণবেদ, আবরণ ইত্যাদি।—(Fomentations, shades)। পোত্তের চেঁড়ি সিদ্ধ করিয়া, তদ্বারা সেক দিলে, অনেক সময়ে রোগীর অতি আরাম বোধ হয়। আরাম বোধ হইলে স্থবিধা অনুসারে উহা দিবসে পাঁচ ছয়বার ব্যবহার করা উচিত, অন্যথা হইলে উহার প্রয়োগ হুণিত রাথা বিধেয়। এম্ ওয়েকার সাহেব প্যারেক্কাইমেটম্ আইরাইটিসে, রোগী যতদূর সহ্য করিতে পারে এমত উষ্ণ জল দ্বারা আর্দ্রীকৃত বস্তের কম্প্রেম্ (Compress) প্রস্তুত করিয়া, তাহা সংলগ্ন ও দশ মিনিট অন্তর পরিবর্ত্তন করিবার ব্যবস্থা দেন। দিবারাত্র উষ্ণ কম্প্রেম্ ব্যবহার করিলে অনেকস্থলে বিশেষ উপকার প্রাপ্ত হওয়া যায়।

পীড়িত চক্ষুতে লঘুতর প্যাড্ ও ব্যাণ্ডেজ্ আবদ্ধ করা উচিত। এরপ করিবার এমত উদ্দেশ্য নহে যে চক্ষুতে সঞ্চাপ প্রযুক্ত হয়। উহাতে অকিপুট রুদ্ধ ও তৎ তৎ স্থান শাস্ত থাকে। যদি ঐ সঙ্গে স্থান্থ চক্ষুকেও একটি পর্দা অথবা হরিদ্ধ চসমাদারা আবৃত করা হয় তাহা হইলে রোগী অন্ধকার গৃহ পরিত্যাগ পূর্বক, তাহার বন্ধুবাদ্ধবের সহিত মিলিত হইতে ও কির্থণরিমাণে কার্য্যনির্বাহ করিতেও সমর্থ হয়। ইহা সামান্য বিষয় বটে, কিন্তু রোগীর পক্ষে অত্যন্ত স্থবিধান্ধনক। কারণ তাহাকে অন্ধকারাচ্ছন গৃহে আবদ্ধ থাকিতে হইলে, অতিশয় অস্থ্য বোধ হয়। আবার রোগীর মন প্রফুল রাখিতে পারিলে, তাহার স্বাস্থ্য-হানির সন্তাবনা থাকে না। অন্যথা ঘটিলে স্থানীয় প্রদাহের বৃদ্ধি ও আরোগ্যেরও বিলক্ষণ ব্যাঘাত ঘটিতে পারে।

কাউণ্টার্ ইরিটেশান্ বা প্রত্যুগ্রতা।——(Counter-irritation) আইরাইটিনের প্রবল অবস্থায় প্রত্যুগ্রতা সাধনার্থ শঙ্খদেশে বিষ্ণার ব্যবহার করা অপেক্ষাকৃত অতি-অল্ল উপকারী। কিন্তু পরে, বিশেষতঃ কর্ণিয়ার পশ্চাদ্বর্তী স্তরের অস্বচ্ছতা নিবন্ধন, যথন দৃষ্টি অস্পষ্ট হয়, তথন উহা হইতে বিশেষ উপকার প্রাপ্ত হওয়া যায়।

আইরাইটিদের সহিত অল্প বা অধিক পরিমাণে যে কন্জংটিভাইটিদ্ দেখিতে পাওয়া যায়, সাধারণতঃ সচরাচর তাহাতে কোন বিশেষ চিকিৎসার আবশ্যক হয় না। যদ্যপি উহা অত্যন্ত অধিক হয়, তবে স্ফীত বিধানকে কর্ত্তি করিলে বোধ হয়, উপকার হইতে পারে এবং কিমোশিদের (তরুণশোফ্) অনেক শান্তি হয়। অক্লিপুট স্ফীত হইলে, তাহার উপরিস্থ চর্ম্মে উগ্র নাইট্রেট্ অব্ দিল্ভারের (Nitrate of silver) সলিউসান্ বা জলীয়দ্রব প্রয়োগ করা উচিত। কিন্তু এরূপ স্থলে চক্ষুর ভিতরে কোন সঙ্কোচক লোসান্ দেওয়া কোনমতেই যুক্তিযুক্ত নহে।

আইরাইটিস রোগে উল্লিখিত যাবতীয় উপায় দ্বারা কোন উপকার না হইয়া, যদি রোগ উত্তরোত্তর বুদ্ধি পাইতে থাকে, অ্যাট্রোপাইনের দারা কনীনিকা প্রসারিত না হয় এবং দৃষ্টি ক্রমশঃ অধিকতর অস্পষ্ট হইতে থাকে এবং চক্ষুর আভ্যন্তরিক সঞ্চাপন ক্রমেই বৃদ্ধি পায়, তবে শেষ উপায় স্বরূপ আমরা আইরিডেকটমী নামক শস্ত্রক্রিয়া অবলম্বন করিতে পারি। এই শস্ত্রক্রিয়ার উপরেই রোগীর আরোগ্য লাভের উৎকৃষ্ট ও শেষ আশা বলিতে रहेरत। हेरा अत्रव ताथा कर्खना रय, आहेताहें हिम् त्तारण आहेतिर एक हे भी করাই আমাদিগের শেষ উপায়। কিন্তু অপর কোন উপায় দারা যাবৎ মুক্তিলাভের কোন সম্ভাবনা থাকে, তাবৎ এই শস্ত্রক্রিয়া করা বিধেয় নহে। ডাক্তার ম্যাক্নামারা বলেন যে আরোগ্যের নিমিত্ত অন্যান্য যে সকল উপায় আছে, সে সকল শেষ না হইলে, ইহা অবলম্বন করা উচিত নহে। कांत्रण ठिनि वरणन, रय आगात वहमर्भिण घाता आगि जानि, रयथारन आहे-রিদের প্রবর্ত পরিবর্ত্তন হইতে থাকে, বিশেষতঃ রোগ যদি উপদংশের নিমিত্ত উৎপন্ন হয়, তাহা হইলে এই রোগের অন্যান্য অবস্থার ন্যায় বিশেষ কৃতকার্য্য হইবার সম্ভাবনা নাই। ইরিটেমান্ বা প্রদাহের লক্ষণ সকল তিরোহিত হইবার পরে, রোগী যদি সাইনিকিয়ার নিমিত্ত অস্ত্র্থ বোধ করে, তবে কোন বিবেচনা না করিয়াই আইরিডেক্টমী করা যাইতে পারে। কিন্তু এই প্রশ্ন উপস্থিত হইতে পারে যে আইরাইটিদের আক্রমণ সময়ে এই শস্ত্রকার্য্য করা উচিত কি না ? ডাক্তার ম্যাক্নামারা বলেন যে পূর্ব্বোলিখিত অবস্থায় এই শস্ত্রকার্য্য বিধেয়।

সর্বিদ্ধিণ লক্ষণ সমূহের চিকিৎসা। এই রোগের লক্ষণ বর্ষণ যে পর্যায় জর প্রভৃতি প্রকাশ পায়, তাহাদের চিকিৎসার্থ যে যে উপায় অবলম্বিত হয়, তাহাদের মধ্যে উষ্ণমান ও ঘর্মকারক ঔষপও আছে। কিন্তু অহিফেণ সেবন দারা এবম্বিধ জ্বর অনেক পরিমাণে শাম্য হয়, আর আইরাইটিদ্ রোগাক্রান্ত ব্যক্তিদিগের মধ্যে কখন কখন যে বিরক্তিকর ব্যন্তিপ্তিত হয়, তাহাও নিবারিত হইয়া থাকে। এই রোগে জ্বর পরিন্ধার রাথা অতিশয় আবশ্যক। কিন্তু এক ব্যক্তি আইরাইটিদ্ ভোগ করিতেছে বলিয়া বিবেচনা না করিয়াই তাহাকে বিরেচক ঔষধ সেবনের বিধি দেওয়া, কোন মতেই বিচার সঙ্গত নহে। এবং অনেক সময়ে চক্ষু রোগের সহিত পাক্ষন্ত সমূহের কার্য্যের বিশৃগ্র্যলা থাকে না। ইহা তাহাও ঘটাইয়া সমস্ত বিষয়কে আরও মন্দ করে।

অনেক স্থলে, বিশেষতঃ বাঙ্গালা দেশের ন্যায় যে সকল দেশে ন্যালেরিয়ার প্রাত্তাব আছে, তথায় এই রোগ হইতে মুক্তিলাভের নিমিত্ত কুইনাইন্, আর্শেনিক্, আ্যাকোনাইট্, ষ্ট্রিক্নাইন্, ও লোহ ঘটিত ওয়ধ প্রচুর পরিমাণে ব্যবহার করা উচিত। কিন্তু ডাক্তার ম্যাক্নামারা বলেন যে কোন্ কোন্ অবস্থায় কোন্ ওয়ধ প্রযোজ্য, তাহা সামান্য গ্রন্থে নিরূপণ করিতে চেষ্টা করা অবিধেয়। তবে এই পুস্তকে বাটা নির্মাণের নিমিত্ত কেবল মাত্র ভিত্তি গ্রথিত হইল এইরূপ মনে করিতে হইবে।

পথ্য ও উত্তেজক ঔষধ দেওয়া উচিত কি না, তিধিয় বিবেচনা পূর্ব্বক ছির করা উচিত। কারণ রোগের নিবারণার্থ নিঃসন্দেহ ইহাদের বিশেষ ক্ষমতা আছে। রোগী প্লেথোরিক্ বা শোণিতাধিক্য-বিশিষ্ট ব্যক্তি হইলে, অনাহার ও বিরেচক প্রয়োগ ইত্যাদি, বস্তুতঃ ডিপ্লিটিং বা ছর্ব্বলকারী পদ্ধতিতে চিকিৎসা করিতে হয়। কিন্তু অধিক সংখ্যক আইরাইটিস্ই অ্যাস্থানিক্ (Asthenic) বা ক্ষীণকর প্রকারের হইয়া থাকে। সে স্থলে সামান্য পরিমাণের ষ্টিমিউল্যাণ্টস্ (Stimulants), উত্তম স্বাস্থ্যজনক খাদ্য এবং নির্দ্বল বায়ু সেবনের আবশ্যক। কোন কোন সময়ে বার্ক ও অ্যামোনিয়ার সঙ্গে সদিরা ও বিফ্ টি (Beef ten) ব্যবহার করিতে হয়। এমত নিশ্বিত ব্যবস্থা দ্বির করা ছদর, যাহা সকল প্রকার রোগেই উপয়ুক্ত। বহুদর্শিতা

ক্রমেই যথার্থ নিদ্ধান্ত করিতে পারা যায় এবং যেমন ভিন্ন ভিন্ন লোকের এই সকল অবস্থা স্থিরীকরণের শক্তি বিভিন্ন প্রকারের হইয়া থাকে, তদ্ধপ চিকিৎসা বিষয়েও ভিন্ন ভিন্ন ব্যক্তি ভিন্ন ভিন্ন রূপে ক্বতকার্য্য হয়েন।

সাইনিকিয়া আরোগ্য করিবার উপায়।—(Manage-ment of Synechia) কনীনিকাতে সংযোগবন্ধনী উৎপন্ন হইয়া সাইনিকিয়া জনিবার সন্তাবনা দেখিলে পূর্ব্বোক্ত নিয়মান্ত্সারে কয়েক দিন পর্যন্ত ক্রমান্ত আট্ট্রোপাইনের ব্যবহার দারা কনীনিকা প্রসারিত রাখিবার চেষ্টা করা উচিত। যদি এতভারা সংযোগ বন্ধনী সকল ছিন্ন করিতে না পারা যায়তবে রোগের প্রকৃতি বিবেচনা করিয়া করিলাইশিস্ অথবা ইরিডেক্টমীশপ্রক্রিয়া অবলম্বন করিতে হয়।

যদি সাইনিকিয়া দারা আইরিস্লেসের সহিত হুই এক স্থানে সংযুক্ত কিম্বা কনীনিকা আংশিক রূপে কুঞ্চিত হয় এবং আইরিসের পার্শ্বের কিম্বাদংশ অসংলগ্ন থাকে, আর আাট্রোপাইনের দারা কোন ফল প্রাপ্তি না হয়, তবে মিন্তীর খ্রিট্-ফিল্ডের
নতান্ত্রসারে করিলাইসিস্ নামক শস্ত্র ক্রিয়া করা উচিত। আর উক্ত সংযোগ বন্ধনী সকল কনীনিকার পার্শ্ব বাতীত ও অভ্যাভ্ত করে, তাহা হইলে ইরিডেক্ট্রমী অবলম্বন করা বিধেয়।

করিলাইশিদ্ (Corelysis)। নিম লিখিত প্রণালী অনুসারে এই শস্ত্র কিয়া সম্পন্ন হয়। শস্ত্র ক্রিয়ার পূর্ব্ব সপ্তাহে প্রতি দিন তিন চারি বার করিয়া রোগীর চক্ষুতে অ্যাট্রোপাইন্ সলিউসান্ প্রক্ষেপ করা উচিত। এইরূপ করিলে আইরিসের অসংযুক্ত প্রদেশ সকল বিস্তৃত হওয়ায়, আমরা তত্তৎ স্থান নিরূপণ করিতে পারি। এই শস্ত্র ক্রিয়ায় উহা নিরূপণ করা অত্যাবশুক। কারণ এই প্রকার কোন অসংযুক্ত স্থান দিয়াই, একটি ক্রু স্প্যাচিউলা (Spatula) আইরিস্ ও লেন্সের মধ্যে প্রবিষ্ট করাইয়া ও তথাকার সংযোগবন্ধনী ভগ্ন করিয়া, আইরিস্কে ক্যাপস্থল্ হইতে স্বতন্ত্রিত করিতে হয়।

<sup>\*</sup> Ophthalmic Hospital Reports, vol. ii. p. 309.

ইহার পর রোগীকে চিৎ করিয়া শয়ন করাইতে হয় এবং তাহাকে ক্লোরোফরমের দারা অচেতন করিয়া প্রপ্-স্পেকিউলন (Stop speculum) প্রয়োগ করিবে এবং সারজিয়ন্ রোগীর পশ্চাতে দণ্ডায়মান হইয়া, ফিক্সিং ফরসেপের (Fixing Forceps) দারা, অক্লিগোলক স্থিরভাবে রাখিবার জন্ম কর্ণিয়ার পার্শ্বের নিকটস্থ কনজংটিভার একটি জংশ গ্রত করিবেন। অনন্তর প্রধান সংযোগ বন্ধনীর যত নিকটে পারা যায়, প্রশস্ত রূপে উপ-যুক্ত পরিমাণে কর্ণিয়াকে বিদ্ধ করিয়া একটি ছিদ্র করিবেন। ঐ ব্যধন সঞ্জাত ছিদ্রের মধ্য দিয়া, একটি ষ্ট্রিট্ফিল্ড্ হুক্ট্ স্প্যাচুলা সম্মুথবর্তী কুটারে প্রবিষ্ট করাইবেন। কনীনিকার ধারের অধোদিকে উক্ত শস্ত্রের ভোঁতা অন্ত প্রবেশ করাইয়া আইরিদ ও লেন্সের মধ্যস্থলে ও আইরিদের যথেষ্ট নিম দিকে লইয়া যাইবে। এই সময়ে সতর্ক হওয়া উচিত যেন উক্ত শস্ত্রের অগ্র-ভাগ লেন্ হইতে দূরে থাকে। এইরপে আমরা পার্ষদিকে ও সন্মুখ দিকে আকর্ষণ করিয়া, আইরিসকে লেন্স্ হইতে উত্তোলন ও সাইনিকিয়া ভগ্ন করিতে পারি। এই শস্ত্রের শেষ ভাগের নিকটস্থ হুক্ (Hook) বা বড়িশাগ্র অতিশয় উপকারী। ইহাতে আমাদিগকে ছংশ্ছেদ্য (Tough) বন্ধনী সকলও ছিন্ন করিতে সমর্থ করে। উহা না থাকিলে, বলপ্রয়োগ করিলে এই বন্ধনী সকল, লম্মান্ হইয়া যায় এবং আমাদের কনীনিকা সংশোধন করিবার যত্নকে বিফল করে।

এই শস্ত্রকার্য্যের সময় এরূপ সতর্ক হওয়া উচিত, যাহাতে ক্যাপ্স্থল্ আঘাত প্রাপ্ত না হয়। কিন্ত রোগী যদি সম্পূর্ণ ভাবে ক্লোরোফর্মের ক্ষমতাধীনে আনীত হয় এবং এক উদ্যুমে অধিক প্রয়ান না পাওয়া যায়, তবে ইহা সচরাচর আঘাতযুক্ত হয় না। এক উদ্যুমে কেবল মাত্র কর্ণিয়ার ছিদ্রের সন্মুখস্থ সাইনিকিয়ার অংশ সকল ছিন্ন করিতে হয়। যখন অভ্যন্তর দিকস্থ বন্ধনী ছিন্ন করা অভিপ্রেত হয় কিন্তা কনীনিকার উদ্ধি ও অধোভাগে আরও সংযোগবন্ধনী থাকে, তাহা হইলে কর্ণিয়ার বাহ্নদিকে ছিদ্র করা উচিত এবং ইহার ভিতর দিয়া স্প্যাচুলা প্রবিষ্ট করাইয়া কনীনিকার অভ্যন্তরদিকস্থ পার্শের নিম্নদেশে উক্ত শস্ত্রের তীক্ষাগ্র প্রবিষ্ট করাইতে হয়। এই স্থানে যে সকল বন্ধনী উন্নিধিত ভাবে

অবস্থিতি করে, তাহাদিগকে ছিন্ন করিয়া কনীনিকার উর্দ্ধস্ত অধস্থ বন্ধনী সকল, দ্বিতীয়বার শস্ত্রক্রিয়ার নিমিন্ত রাথা কর্ত্তব্য। প্রথমোক্ত বন্ধনীদিগকে ছিন্ন করিতে হইলে কর্ণিয়ার উর্দ্ধতাগে এবং শেষোক্ত বন্ধনীদিগকে ছিন্ন ক্রণার্থে উহার অধোদেশে ছিন্ত প্রস্তুত করা কর্ত্তব্য।

এই শস্ত্রক্রিয়াকালে এ বিষয়েও আমাদের সতর্ক হওয়া উচিত যে সাইনিকিয়া ভয় করিবার কালীন অ্যাকিউদ্ পদার্থ যেন অপস্ত না হয়। শস্ত্র
প্রায়োগ কালীন একটি বৃহৎ স্প্যাচুলাদারা কর্ণিয়ার ছিদ্রকে সম্পূর্ণরূপে আবদ্ধ
রাথিতে পারিলে ইহা সম্পন্ন হইতে পারে। কর্ণিয়ার পার্শের কতদ্রে এই
ছিদ্র প্রস্তুত করা উচিত, সে বিষয়ে কোন নির্দিষ্ট নিয়ম উল্লেখ করা
ভাসন্তব। আমাদের এমত একটি স্থান লক্ষ্য করা উচিত য়াহার ভিতর
দিয়া সহজেই স্প্যাচুলা এমতভাবে প্রবিষ্ট হইতে পারে, য়াহাতে লেম্
ভাষাত পাইবার সন্তাবনা না থাকে আর সংযোগবন্ধনী সকল অপেক্ষাকৃত
স্থবিধার সহিত ছিন্ন করা য়াইতে পারে।

যে যে হলে অর্গ্যানাইজড্ প্ল্যাষ্টিক্ (Organized plastic) পদার্থের উৎপত্তি অর্থাৎ শিরা সায়্বিশিষ্ট নবোৎপত্তি প্রযুক্ত কনীনিকা আংশিক কৃষ্ণিত হইয়া যায়, সেই সেই স্থনে উক্ত শস্ত্রক্রিয়ার ন্যায় করিলাইশিস্ শস্ত্রক্রিয়াও উপকারী ও উল্লিখিত প্রকারে এই ফল্স্ মেম্ব্রেণকে ছিল্ল করিতে পারা যায়। অ্যাণ্টিরিয়র্ নাইনিকিয়া সম্বন্ধেও এইরূপ বলা যাইতে পারে।

ইহার পরবর্তী চিকিৎসা অতিশয় সহজ। প্রতিদিন বার্ত্রয় ঐ চক্ষুতে বিন্দু বিন্দু করিয়া আট্রোগাইন্ এমতভাবে প্রফেপ করা উচিত যে তাহাতে কনীনিকা যতদ্র সম্ভব, বিস্তৃত হইতে পারে। এবং দশ বার দিন ঐ চক্ষুকে প্যাড্ও ব্যাণ্ডেজ দ্বারা আৰদ্ধ করিয়া রাখা উচিত। অনন্তর প্রথম শস্ত্র- ক্রিয়াসঞ্জাত প্রদাহ ক্ষান্ত হইলে, আমরা অবশিষ্ট সংযোগবন্ধনী ছিল্ল করিবার নিমিত্ত প্রস্তুত হইতে পারি।

ইরিভেক্টমী |—(Iridectomy) ইহা পূর্বেই বলা হইরাছে যে, যে স্থলে ফল্ম মেন্ত্রেণের দারা কনীনিকা, সম্পূর্ণভাবে কুঞ্চিত হইরা যায়, কিমা নাইনিকিয়ার দারা ইহার গার্মদেশ লেন্সের সহিত একেনারে সংলগ্ধ

ইইয়া পড়ে, আমরা সে স্থলে করিলাইশিদ্ শন্ত্রক্রিয়া করিতে পারি না স্কতরাং ইরিডেক্টমী অবলম্বনীয় হইয়া উঠে। যদ্যপি ইহা উপেক্ষিত হয়, তাহা হইলে চক্ষুর কুটীর সকলের দার বন্ধ হইয়া যায়। তাহাতে পশ্চাদ্রন্ত্রী এবং ভিট্রিয়্রদ্রু কুটীর সমূহে জলীয় পদার্থের সংগ্রহ হইতে থাকে। উহা কোন না কোন সময়ে রেটিনার উচ্ছেদজনক পরিবর্ত্তন উপস্থিত করে। এই সকল স্থলে কনীনিকা কুঞ্চিত হইলে পশ্চাৎস্থ অ্যাকিউলদ্ পদার্থের চাপপ্রযুক্ত আইরিসের বাহ্দিক, কর্ণিয়ার অভিমুখে অগ্রসর হয়। কিন্ত ইহার কনীনিকার নিকটস্থ ভাগ লেন্সের সহিত সংযুক্ত হওয়াতে এই রূপে অগ্রসর হইতে পারে না এবং আইরিসের ফনেলের (Funnel) ন্যায় আরুতি হওয়াতে, উহাকে যেন বিবরস্থ বলিয়া বোধ হয়।

এইরপ অবস্থা হইতে মুক্তিলাভের নিমিত্ত নানাবিধ উপায় উপদিষ্ট হইয়াছে, তমধ্যে ক্রিম কনীনিকার গঠনের নিমিত্ত শস্ত্রক্রিয়াই প্রশস্ত উপায়। এক্ষণে ইহা নিশ্চয় বলা যাইতে পারে, যে ইরিডেক্টমী অতিশয় উপকারী। ইরিডেক্টমীতে ক্রন্তিম কনীনিকা প্রস্তুতকরণ সম্বন্ধে সমস্ত স্থবিধা আছে। এতদ্যুতীত ইহাতে আরও অনেক উপকার প্রাপ্ত হওয়া যায়। ইহা একটি সামান্য উপকার নহে যে, ইহাতে আইরাইটিসের পুনঃ প্রাহ্রভাবের অতি অল্প সন্তাবনা থাকে। এই হেতু ইহা সাধারণরূপে বলা যাইতে পারে যে, যে সকল স্থলে সাইনিকিয়া অথবা কনীনিকার ক্ষিত ভাব মিড্রিয়াটিক্সের সাহায্য কিম্বা করিলাইশিস্ শস্ত্রক্রিয়াভার ভগ্ন না হয়, সেই সকল স্থলে ইরিডেক্টমী অবলম্বন করা উচিত। ইহাতে আইরিসের উপরিস্থ কর্ত্তিভাগের চতুর্থ অংশ ছেদন করিতে হয়।

এই সকল স্থলে আইরাইটিসের প্রবল লক্ষণ সকল বিলুপ্ত হইবার পর, (তুই এক স্থলে তাহার পূর্ব্বে), অবিলম্বে শস্ত্রক্রিয়া সম্পন্ন করা উচিত। চক্ষুর সমস্ত কন্ত ও প্রদাহের সম্পূর্ণ উপশমপর্য্যন্ত অপেক্ষা করিবার আবশ্যক করে না। কারণ, এই সকল লক্ষণ, সাইনিকিয়ার দারাও ব্যক্ত থাকিতে পারে এবং যদি আমরা প্রদাহের নিঃশেষ অপেক্ষা করি, তাহা হইলে ইতিমধ্যে চক্ষুর গভীরতর অংশের পরিশ্বতভাব বিন্ধ হইবারও সম্ভাবনা থাকে। রোগীর দর্শনশক্তির পরিমাণান্ত্সারে ইরিডেক্টমী আবশ্যক কি না ইহা কদাচিত বলিতে পারা যায়। কনীনিকার মধ্যভাগ পরিকার থাকলিও চক্ষুর কুটীর সমূহের সংযোগ বদ্ধ হইয়া যাইতে পারে। এই সকল স্থলে যদিও রোগী এক প্রকার স্পষ্ট দেখিতে পায় বলা যাইতে পারে, তথাচ ইরিডেক্টমী করিতে সন্দেহ করা উচিত নয়।

আবার যদি রোগীর কিছুই আলোকদর্শন শক্তি না গাকে তবে দর্শন-শক্তির উন্নতি সাধনার্থে শস্ত্রক্রিয়া নিতান্তই ব্যর্থ। কারণ ইহাতে রেটিনাতে এমন কোন প্রকার ডিট্যাচ্মেন্ট্ (Detachment) বা সংযোগচ্যুতি ঘটিয়া থাকে, যাহা ইরিডেক্টমী দ্বারা আরোগ্য হয় না।

বে সকল হলে আইরিস্, পশ্চাদ্বর্তী কুটীরে প্রাচ্চর পরিমাণে জলীয় পদাথের সঞ্চয়বশতঃ, কর্নিয়ার অভিমুখে অতিশয় হেলারমান হয়, তথায় এই উপায়,
আইরিস্ স্বীয়স্থানে থাকিলে যজ্ঞপ কলপ্রদ হয় তজ্ঞপ হয় না। যদি
ক্যাপ্সলের মধ্য ভাগে একটি ওপ্যাসিটি বা কলম্ব দেখিতে পাওয়া বায়, তাহা
হইলে কৃতকার্য্য হইবার আরও অল্ল সন্তাবনা। কেন না তদ্বারা প্রায়ই
রেটিনার সংযোগচ্যুতি প্রকাশ পায়।

যে সকল স্থলে প্রদাহ জনিত পদার্থ সকলের চাপ প্রযুক্ত আইরিস্ফীত হয় অথবা উহার আট্রোফি অর্থাৎ হ্রাস হয়, সে স্থলে উহার একাংশ অপ-স্থত করা অতীব কপ্তকর হইয়া উঠে। এই সকল স্থলে ভন্গ্রেফি সাহেব বলেন যে:—

"আমি তীক্ষ-দন্ত বিশিষ্ট সরল পিউপিলারি ফর্দেপ্স (Pupillary Forceps) ব্যবহার করিয়া থাকি এবং সচরাচর যে দিকে শস্ত্র প্রবিষ্ট করাইতে হয়, তাহার পরিবর্ত্তে আমি আইরিদে উহা কিঞ্চিৎ লম্বভাবে প্রযুক্ত করি। আমার বহুদর্শিতা অনুসারে এইরূপ অবস্থায় এইরূপ একথানি শস্ত্র অতিশয় উপকারী।"

অপরাপর আইরাইটিদ্ যে রূপে চিকিৎসিত হয়, ট্রুমাটিক্ আইরাই-টিনেরও চিকিৎসা সাধারণতঃ অবিকল সেই নিয়মেই হইয়া গাকে। কিন্তু ইহাতে অনেকস্থলে আইরিসের সঙ্গে সঙ্গে লেন্স্ আঘাত প্রাপ্ত হয় স্ক্রাং তৎজ্নিত উপদর্গ দকলেরও চিকিৎসা আনশাক হয়। এরণ হইলে ক্যাণ্স্ল্ ছিদ্রযুক্ত হয় এবং লেন্সের বিধান স্ফীত ও অস্বচ্ছ হইয়া আইরিস্কে সঞ্চা-পিত করিতে থাকে। তাহাতে ঐ স্থানে অতিশয় জলন ও প্রদাহের আবি-র্ভাব হয়।

উক্ত প্রকারের কোন রোগী চিকিৎসার জন্ম উপস্থিত হইলে, তাহার লেন্স, একেবারেই বহির্গত করা বিধেয়। রোগীকে ক্লোরোফরম্ দারা অভিত্ত ও উইনেশ্ ষ্টপ্ স্পেকিউলম্ (Weiss's stop speculum) প্রয়োগ করিয়া, ইরিডেক্টমীর নিমিত্ত যে প্রকার করিতে হয়, সেই রূপে স্ক্রেটিকের উপরিভাগে চিকিৎসকের এক্টি ছিদ্র প্রস্তুত করা উচিত। পরে আই-রিসের চতুর্থাংশ ছেদন করিয়া লেন্সকে স্কুপ্ দারা বহির্গত করিতে হয়। তদনন্তর চক্ষুতে কয়েকবিন্দু উগ্র আাট্রোপাইন্ সলিউসান্ প্রক্লিপ্ত করা উচিত। সাধারণতঃ লিনিয়ার্ এক্স্ট্যাক্সানের চিকিৎসার তায় উহারও চিকিৎসা হইয়া থাকে।

যত শীঘ্র এই শস্ত্র কার্য্য সম্পন্ন হয় ততই উপকার প্রাপ্ত হওয়া যায়। প্রদাহ নিবারণের আশমে জালোকাসংযোগাদি দারা কালগোণ করিলে, শস্ত্রকার্য্যের স্থবিধার সময় অন্তর্হিত হওয়া অতিশন্ন সন্তব। সাধারণ প্রদাহ ও ক্ষোটক পর্য্যন্ত আবির্ভূত হইতে পারে। পক্ষান্তরে যদি একেবারেই ইরিডেক্টমী করা যায় ও লেন্দকে বহির্গত করা হয়, তবে রোগীর যন্ত্রণার অনেক লাঘ্র হইয়া থাকে এবং পরে চদ্মা ব্যবহার করিলে পুনরায় দর্শনশক্তি জন্মিতে পারে।

কখন কখন লোহখণ্ড বা অন্য কোন পদার্থ আইরিদে বিদ্ধ থাকিয়া অত্যন্ত প্রদাহ উৎপন্ন করে। যদি লেন্দ্র, আঘাতিত না হয়, তাহা হইলে আমরা ক্যানিউলা ফর্দেপ্স দ্বারা উহা অনায়াদে বহির্গত করিতে পারি। ডাক্রার ম্যাক্নামারার মতে কর্ণিয়াতে একটি উত্তমরূপ ছিদ্র করিয়া ইরি-ডেক্ট্রনী বা অন্য কোন ফরদেপ্স দ্বারা উক্ত কন্তদায়ক পদার্থকে ধৃত ও বহির্গত করা উচিত। যদি ঐ পদার্থ দ্বারা আইরিদের নহিত লেন্দ্ও আহত হয়, তবে ইরিডেক্ট্রনী শস্ত্রক্রিয়া দ্বারা আইরিদের যে অংশে উহা বিদ্ধ থাকে তাহা ছেদন ও পরিশেষে উপরোক্ত নির্মান্ত্র্যারে লেন্দ্রকে বহির্গত ক্রাই যুক্তি যুক্ত।

ইহা পূর্ন্ধেই উক্ত হইয়াছে যে একটি অক্ষিগোলকে অপকৃষ্ট পরিবর্তুন
ঘটিলে দিম্প্যাথেটিক্ ইরিটেসান্ দারা অপরটিও ঐরপ পীড়িত হইতে
পারে। তাহাতে একপ্রকার গুপ্তবেশী আইরাইটিস্ বা ইরিডো-কোরইডাইটিস্রোগ উৎপর হয়। ইহা সচরাচর নিশ্চিতরূপে বৃদ্ধি পাইয়া থাকে এবং
প্রদাহের প্রধান কারণস্বরূপ ঐ পীড়িত অক্ষিগোলককে নিক্ষাশিত না
করিলে, পরিশেষে সম্পূর্ণ অন্ধ হইতে হয়।

## আইরিসের আঘাত বা অপায় (Wounds And injuries of the iris)

কর্ত্তিত আখিত।—(Incised wounds)—ইহা পূর্নেই উক্ত হইয়াছে যে কর্ণিয়াতে ছিদ্র প্রস্তুত করণের পরেই আইরিসের প্রোল্যাম্পের
কি কি লক্ষণ প্রকাশ পায় এবং কিরুপে উহার চিকিৎসা করিতে হয়।
অতএব এ স্থলে আবার সেই সকল কথার উল্লেখ অনাবশ্যক।

এমন কর্ত্তিত আঘাত কদাচিৎ দেখিতে পাওয়া যায়, যাহাতে কেবল মাত্র আইরিদ্ই আহত হয়। কারণ জনেক স্থলেই উহা ব্যতীত লেম্প্ আঘাতিত হয় এবং পরিণামে টুমাটিক্ ক্যাট্যার্যাক্ট উৎপন্ন হয়। আইরিদের কর্ত্তিত আঘাতের সঙ্গে সঙ্গে সম্মুখবর্ত্তী কুটারে অল্প বা অধিক পরিমাণে রক্তমাব এবং কিছু দিনের জন্য দৃষ্টিহানি প্রায়ই ঘটিনা থাকে। আইরিদ্ পরিষ্কৃতরূপে কর্ত্তিত হইলে, তাহাতে কদাচিৎ আইরাইটিদ্ উৎপন্ন হয়। কৃত্রিম কনীনিকা প্রস্তুত স্থলে যেরূপ কর্ত্তন করা হয়, এস্থলেও তাহাই প্রযোজ্য। কিন্তু তাহাতে ঐ ক্ষতের প্রান্তম্বন বিক্টারিত হইয়া থাকে, যাহার মধ্য দিয়া আলোকরিমাগুলি রেটিনা পর্যান্ত উপস্থিত হয়। কথন কথন ঐ কর্ত্তিত আঘাতের পার্ম সকল পরম্পর সংযুক্ত হইয়া যায় আর তাহাদের ভিতরে রক্ত সংযত হইয়া থাকে যাহার ফাইরিণ্ প্রতিপালিত হওতঃ উভয় অন্তকে আকর্ষণ করিয়া একত্র রাথে। কিন্তু এরূপ স্থলে আইরিদের আকৃঞ্চন শক্তি পূর্ম্বজাত প্রদাহের নিমিত্ত হ্রাদ পায়। এই নিমিত্ত স্ক্র্থ বিধানে ঐ আঘাত যেরূপ বিস্তৃত মুথ হইবার সন্তাবনা, উলিখিত স্থলে সেরূপ হইতে পারে না।

একটি কর্ত্তিত আঘাতের পরে, যাবৎ সন্মুখবর্ত্তী কুটীরস্থ সমস্ত শোণিত না শোষিত হয়, ততক্ষণ চক্ষুকে বিশ্রামে রাথা বিধেয়। তাহা না হওয়া পর্য্যস্ত, আমরা ভাবিফলতত্ত্বের বিষয় কিছুই নির্ণয় করিতে পারি না।

কথন কখন আই বিদে অন্য কোন পদার্থ এমনভাবে বিদ্ধ হইয়া থাকে, যে তদ্বারা লেন্স্ আঘাতিত হয় না। ওবিক্ মেণড্ অফ্ এক্জামিনেসান্ (Oblique method of examination) দ্বারা চক্ষু পরীক্ষা করিলে
উহাকে স্পষ্ট দেখিতে পাওয়া যায়। কপ্তের নিদানভূত ঐ পদার্থের আশ্রয়
স্থান নির্ণয় করিয়া, কর্নিয়াকে বিদ্ধ করতঃ সন্মুথবর্তী কুটারে ক্যানিউলা
ফর্সেন্স্ প্রবিষ্ঠ করাইয়া তদ্বারা উহাকে সহজে বহিষ্কৃত করা যাইতে
পারে। পরে কনীনিকা সম্পূর্ণ ভাবে বিস্তৃত করিয়া যাবৎ প্রদাহের সমস্ত
চিক্ত অন্তর্হিত না হয়, তাবৎ চক্ষুকে সম্পূর্ণ বিশ্রামের অবস্থায় রাথা
উচিত।

এই শস্ত্র জিয়া স্থাবিধামত করিতে ইচ্ছা করিলে, সচরাচর ক্লোরোফরম্ প্রয়োগের আবশ্যক হয়। আর ঐ পদার্থকে বহিদ্ধৃত করিতে প্রয়োজনীয় সময়ের এক ঘটিকাও বিলম্ব করিয়া অতিবাহিত করা উচিত নহে। যদ্যপি পক্ষ প্রদাহযুক্ত হয় তাহা হইলে বিলম্ব না করিয়া শীঘ্র শস্ত্র ক্রিয়া করিবার আর একটি বিশেষ কারণ বিদ্যমান হয়। যদ্যপি ঐ পদার্থকে ধারণ করিতে কোন কস্ত হয়, তাহা হইলে কর্নিয়াতে এক্টি অপেকাক্ষত বৃহৎ ছিদ্র করিয়া উক্ত বস্তুর সহিত আইরিসের কিয়দংশ কর্তুন করা উচিত।

এমন অনেক দৃষ্টান্ত লিখিত আছে, এবং ডাক্তার ম্যাক্নামারাও কর্যেকটি দেখিরাছিলেন, যাহাতে ইস্পাত কিম্বা ঐ রূপ কোন পদার্থের খণ্ড, আইরিসে এন্সিষ্টেড্ (Encysted) বা লুকায়িতভাবে থাকিয়াও কোন প্রদাহ উৎপাদন করে নাই। কিন্তু এরূপ ঘটনা অতি বিরল। আর আইরিসে কোন পদার্থের ঐ রূপ অবস্থিতির পরিণামে অক্ষি গোলকের উচ্ছেদজনক প্রদাহ প্রায়ই এত অধিক পরিমাণে ঘটিয়া থাকে, যে এরূপ স্থলে স্থভাবের উপর নির্ভর করা কোন মতেই বিচার-সম্পত নহে।

কর্তনের নিমিত্তই হউক অথবা চক্ষুতে অন্য কোন পদার্থের অবস্থিতির পরিণাম বলিয়াই হউক, আইরিম্ আঘাতিত হইলে, ভাবী ফল একাশ অগবা কোন বিশেষ প্রকার চিকিৎসা অবলম্বন করিবার পূর্ব্বেই আাট্রোপাইনের দারা কনীনিকা প্রসারিত করিয়া রাখা যুক্তিযুক্ত। কারণ লেন্স ও আঘাতিত হইলে হইতে গারে, এবং আঘাত স্থল হয় ত আইরিসের দারা আচ্ছাদিত থাকিতে পারে ও যতক্ষণ কনীনিকা সম্পূর্ণভাবে প্রসারিত না হয়, স্পষ্ট
লক্ষিত না হইতে পারে। এইরপপ্রকার জটিলরোগ হইলে ভাবী ফলের
অনেক তারতম্য হইয়া থাকে এবং সম্ভবতঃ উহার পরিণামে টুমাাটিক্
ক্যাট্যারাাক্ট্ জন্মাইয়া থাকে।

আইরিসের সংযোগচ্যুতি (Detachment of Iris)। দিলিয়ারী পার্শ্ব হইতে আইরিসের সম্পূর্ণ সংযোগচ্যুতি হইতে পারে অর্থাৎ সমস্ত আইরিস্ দিলিয়ারী পদার্থের সহিত সংযুক্ত না থাকিয়া বিমুক্ত হয়। কিয়া দিলিয়ারী পার্শ্বে কেবলমাত্র একটি ফাঁক থাকিতে পারে। এরপ প্রকার ঘটনা কোন আঘাত অর্থাৎ মৃষ্টিক্ষেপ প্রভৃতি হইতেই উৎপন্ন হয়। এরপ স্থলে প্রথমেই ঐঘটনা কিরপ হইয়াছে, তাহা সম্মুখবর্ত্তী কুটীরে শোণিতপ্রাব বশতঃ বুঝিতে পারা যায় না। অতএব ইহার ভাবী ফল প্রকাশে আমাদের সাবধান হওয়া আবশ্রুক। কারণ ঐ আঘাত কি প্রকারের অথবা উহাতে কোন কোন উপাদান আঘাতিত হইয়াছে, প্রাবিত শোণিত শোষিত না হইলে নির্ণয় হয় না স্থতরাং তৎকাল পর্যান্ত অথবা যদি তৎসঙ্গে সঙ্গে রেটিনাও সংযোগ-বিহীন হয়, তাহা হইলেও উহার ভাবীফল নিরূপণে সতর্ক হওয়া উচিত।

যদি আইরিদের একাংশের দিলিয়ারী পার্শ্বদেশ হইতে সংযোগচ্যুতি হয়, তাহা হইলে আাকিউয়দ্ হিউমার্ পরিকার হইলেই, আমরা
একটি ক্লুত্রিক কনীনিকা দেখিতে পাই।

১৮ প্রতিকৃতি।

উহা আইরিদের সংযোগচ্যুতির আকৃতি
ও বিস্তৃতি অনুসারে ভিন্ন ভিন্ন আকারের হইয়া থাকে। আইরিদের চ্যুত
পার্শের নিকটস্থ কনীনিকার অংশ



আলোকের উত্তেজনার উত্তেজিত হয় না। ইহার সায়ু এবং আকুঞ্চ স্থান্য উপাদান, যে স্থানে দিলিয়ারী পার্শনেশ হইতে আইরিস্ বিভিন্ন হয়,

ঐ স্থলে ছিন্ন হইয়া যায়। যতদ্র পর্যান্ত উহা বিভিন্ন হইয়া থাকে, তাহা যদি অত্যন্ত সন্ধীর্ণ হয়, তাহা হইলে অপায় বা ব্যাধিগ্রন্ত স্থান জানিবার এবং অন্যথা জটিল বিষমতার এবং কনীনিকার এক ভাগের নিশ্চলতার কারণ স্থির করিবার নিমিত্ত, ঐ সকল ভাগকে অতি সাবধানের সহিত পরীক্ষা করিতে হয়।

এইরূপ ঘটনাদ্বারা প্রায়ই রোগীর দৃষ্টি শক্তির হানি হইয়া থাকে। কনীনিকার বিষমতা হেতু সম্পূর্ণ দেখিতে বাধা জন্মে, এবং যদ্যপি ইহার সিলিয়ারী পার্শ্ব দেশের ছিদ্র বৃহৎ হয়, তাহা হইলে আলোকের কতগুলি রিশ্মি বাহ্য দিকস্থ ঐ ক্রতিম কনীনিকার দ্বারা প্রবেশ করে এবং রোটনায় গাইয়া প্রতিক্রতির অত্যস্ত জটিলতা উৎপন্ন করে। একটি স্থলে ভন্ত্রেফি সমস্ত আইরিস্কেই বহির্গত করিয়াছিলেন। মিষ্টার্ ওয়েল্সের\* বর্ণনা অনুসারে এই ঘটনার দ্বারা ঐ রোগীর দৃষ্টিশক্তির কিছুই পরিবর্ত্তন হইয়াছিল না। তিনি বলেন "দক্ষিণ চক্ষুর দৃষ্টিক্ষেত্র স্বাভাবিক ও দৃষ্টিশক্তি অতি উত্তম ছিল। এমন কি, ১২০ হইতে ১৪০ ফিট্ দূর হইতে অঙ্গুলি গণনা করিতে এবং অত্যস্ত ক্ষুদ্র লেখা পড়িতে পারিত। চতুর্দ্ধিকে নিক্ষিপ্ত রিশ্মির নিমিত্ত ঐ রোগীর কষ্টবোধ বা ঐ আলোকে তাহার চক্ষু কিছুমাত্র ঝলসিত হইত না। আর সর্ব্বাপেক্ষা আশ্চর্য্যের বিষয় এই যে, এই চক্ষুর ইরিডেরিমিয়া টোট্যালিস্ (Irideremia totalis) এর সহিত, আলোকান্ম্বায়ী চক্ষুর অবস্থা পরিবর্ত্তনের ক্ষমতা অতি উত্তম ছিল। বাস্তবিক রোগীকে দেখিলে বোধ হইত, যে তাহার আইরিস্ থাকাতেও যে স্ক্র্থ্যনা থাকাতেও মেই স্ক্র্থ।"

এইরূপ প্রকার আইরিসের সংযোগচ্যুতি ঘটলৈ, চক্ষুকে স্থিরভাবে রাথা ভিন্ন চিকিৎসা সম্বন্ধে আমরা আর কিছুই উপকার করিতে পারি না। কারণ এরূপ ঘটনাতে ঐ আঘাত সংশোধন অসাধ্য।

ল্যাসারেসান্ অব্দি পিউপিল্—(Laceration of the pupil)
অধাৎ কনীনিকা ছিন্ন হওয়া। ইহা কোন কোন পুস্তকে দেখিতে পাওয়া
যায় যে মুষ্ঠ্যাঘাত প্রযুক্ত আইরিসের কনীনিকার নিকটস্থ পার্ম কখন কখন

<sup>•</sup> Ophthalmic Hospital Reports, vol. ii. p 199.

ছিন্ন হইয়া যায় অথচ অন্ধিগোলকে ধনান প্রকার আঘাত অথবা বহিঃস্থিত অগায় লন্ধিত হয় না। ইহা বুঝিতে পারা ছঙ্কর যে কন্ক্যসান্ বা কম্পন
(Concussion) হইতে কিরুপে এইরপ ঘটনা ঘটিয়া থাকে। কিন্তু তথাচ কথন
কথন ইহার পরে কনীনিকার নিকটস্থ পার্শ্বে এবং অন্যান্য স্থলে আইরিসের
স্ত্রোপাদন ছিন্ন হইয়া থাকে। সিলিয়ারী পার্শ্বের সংযোগ-চ্যুতি অপেক্ষা
আইরিসের এই ছিদ্র ভিসন্ বা দৃষ্টিমেকর (Axis of vision) অধিকতর
নিকটবর্তী হওয়াতে, দৃষ্টি-শক্তিরও অপেক্ষাকৃত অধিক হানি হইয়া থাকে।
কারণ, এই স্থলে আলোকরশ্মি রেটিনার ম্যাকিউলা লিউটিয়ার নিকটবর্তী
স্থানের উপরে নিপতিত হয়।

আইরিসের অবুদিসমূহ ( Tumours. )

আইরিসের সিষ্টিক্ টিউমার্ (Cystic Tumour) অতি বিরল। আর বে স্থলে উহা দেখিতে পাওয়া যায়, তাহা সচরাচর আইরিসের কোনরূপ অপায় এবং আইরিদ পদার্থে রক্ত সংযত হওয়া বশতই হইয়া থাকে। কিন্তু এইরূপ হৈদ্বঘটনা ব্যতিরেকেও কখন কখন আইরিদ্ হইতে সিষ্টিক্ টিউমারস্ জন্মিয়া থাকে। তাহাদিগকে সচরাচর আইরিদের সন্মুথপ্রদেশের উপরিভাগে সংলগ্ন একটি প্রশস্ত ভিত্তি হইতে উথিত ক্ষুদ্র ভেসিক্ল্বা জলপূর্ণ কোষের ভায় দেখিতে পাওয়া যায়। মিষ্টার হাল, বলেন—"এতৎসম্বনীয় যতগুলি রোগীর বৃত্তান্ত আমি সংগ্রহ করিতে পারিয়াছি, তাহাতে এই ব্রিতে গারা যায় ষে প্রথমতঃ আইরিস্ হইতে যে সকল দিষ্ট উৎপন্ন হইয়া সন্মুখবর্তী কুটীরের দিকে উচ্চীভূত হইয়া থাকে, তাহারা ছুইটি স্থান হইতে উৎপন্ন হয়, (১) আইরিনে, (২) সিলিয়ারী প্রদেশে। প্রথমোক্তগুলি আইরিদের ইউভিয়াণ্ আর আইরিসের পৈশিক স্তরের মধ্যে অবস্থিতি করে এবং তাহাদের সন্মুখ প্রাচীরে গৈশিক হুত্র থাকাতে সহজেই নির্ণয় হইতে পারে। শেষোক্ত শিষ্ট্ নকল আইরিদের পশ্চাতে থাকে এবং তাহাদিগের সম্মুথ প্রাচীরে, ইউ-ভিয়াল ও মদ্কিউলার ষ্ট্রাটা বা পৈশিক স্তর অবস্থিতি করে। দ্বিতীয়তঃ আরও ইহা বৃঝিতে পারা যায় যে এই সকল সিষ্ট্ একাধিক প্রকারের হইরা

<sup># &</sup>quot;Injuries of the Eye, Orbit, and Eyelids," by G. Lawson, p. 123.

থাকে। উহারা নানাবিধ ; যথা, (১) ভাতি কোমল মেম্ব্রেণ নির্মিত দিষ্ট্ (Delicate membranous cyst) যাহার অন্তপ্রনেশ ইপিথিলিয়্যাল্ স্তর দারা আচ্ছাদিত ও যাহার অন্তরস্থ পদার্থ পরিষ্কার ও স্বচ্ছ। (২) পুরু-প্রাচীরবিশিষ্ট সিষ্ট (Thick walled cyst) যাহার অন্তর্ভূত পদার্থ অন্তম্ভ ও অপেকাকৃত ঘন। আমরা এখনও বলিতে পারি না যে ইহারা প্রথমোক্ত সিষ্ট্ হইতে ভিনন্ধাতীয় কি না, কিন্তু ইহা সম্ভব যে, তাহা হইলেও হইতে পারে। (৩) ইপিথিলিয়ম্-বিশিষ্ট ঘন সিষ্টস্, ওয়েন্স্ বা ডারময়েড্ (চর্মনির্মিত) সিইন্ (Solid Collections of Epitheliums, wens, dermoid cysts) (৪) মাইক্সমেটা নামক অর্ক্ত্ব তরলীভূত হওয়া প্রযুক্ত উভূত নিষ্ট্র্ম্ ( Cyst formed by deliquescence of myxomata)। তৃতীয়তঃ চিকিৎসা সম্ব্ৰে ইহা বলা যাইতে পারে, যে সহজেই হউক অথবা ল্যাস্যারেসান যুক্তই হউক, विक्रांत महत्राहत्र कोन कल मार्यना विवास मकल मगाय मगाल छे९ भावेन कत्राहे অপেক্ষাকৃত ভাল। ইহা স্পষ্ট দেখা যাইতেছে যে ইহাকে যত স্থলররূপে সমূলে উৎপাটিত করিতে পারা যায় ততই ক্লতকার্য্য হইবার সম্ভাবনা।\* সিষ্টের আয়তন, ইহার সংযোগাদির বিস্তৃতি এবং ইহার আইরিসের পশ্চাৎ বা তন্মধ্যভাগে অবস্থিতি অনুসারে ইহার সাধ্যাসাধ্য নির্ভর করে। অতএব সিষ্ট্ এবং আইরিসের যে ভাগে উহা জনায়, তাহা পর্যান্ত, যত শীঘ্র পারা যায়, কর্ত্তন করা নিতান্তই যুক্তিযুক্ত। অন্যথা হইলে, ঐ অস্বাভাবিক বৃদ্ধি ভয়ানক আইরিডো-কোরইডাইটিদ্ অথবা অপর চক্ষুতে সিম্প্যাথেটিক্ বা সমবেদন জনিত কোন পীড়া উৎপন্ন করিতে পারে।

প্যারেকাইমেটন্ প্রদাহে অনেক সময়ে আইরিস্ হইতে কন্ডিলোমেটা (Condylomata) জন্মাইতে দেখা যায়। তাহাদিগের আকৃতি ঐ রোগ বর্ণনাকালে বর্ণিত হইয়াছে। কন্ডিলোমা বৃদ্ধিপ্রাপ্ত হইয়া কর্ণিয়ার সহিত কিরেটাইটিস্ উৎপন্ন করিতে পারে। এরপ হইলে যতক্ষণ উত্তেজনার কারণ অন্তর্হিত না হয়, ততক্ষণ কোন প্রকার চিকিৎসাতেই কিছু উপকার দর্শে না।

<sup>\*</sup> See also M. Wecker's Maladies Yeux," p. 399. Case in point, Ophthalmic Review, vol. ii. p. 213.

যদি এমন জানিতে পারা যায় যে ঐ পীড়া উপদংশ-সংযুক্ত, তাহা হইলে আমাদের রোগ নির্ণর বিষয়ে কোন সন্দেহ থাকে না। অপর প্যারেজাইমেটস্ আইরাইটিসে চিকিৎসার যেরূপ বিধান উপদিষ্ট হইয়াছে, ইহার
চিকিৎসাও সেইরূপে করিতে হয়। ডাক্তার ম্যাক্নামারা বলেন যে ঐ
সকল অংশের কেবল এই মাত্র একপ্রকার অবস্থা ঘটিতে পারে যাহাকে এই
পীড়া বলিয়া ভ্রম হয়। কুষ্ঠব্যাধিগ্রস্ত ব্যক্তিদিগের আইরিসে যেরূপ নিউয়োপ্রাাষ্টিক্ পদার্থ উৎপন্ন হয়, সেইরূপ নিউয়ো-প্র্যাষ্টিকের উপস্থিতিই উক্ত
সন্দেহের কারণ। কিন্তু এই সকল স্থলে রোগীর আকৃতি দেখিলেই পীড়ার
স্থভাবসম্বন্ধীয় ভ্রম তিরোহিত হয়। ইহা অবশ্যই সম্ভব যে এক জন
কুষ্ঠগ্রস্ত রোগীরও উপদংশ বশতঃ আইরিসের কন্ডিলোমেটা হইতে পারে,
কিন্তু এরূপ ঘটনা অতি বিরল।

কথন কখন আইরিসে মেডুলারি ক্যান্সার্ (Medullary Cancer) বা কোনল মজ্জার ন্যায় অর্ক্দে দেখিতে পাওয়া যায়। মান্যবর ডিক্সন্ সাহেবের চিকিৎসাধীনে এইরূপ প্রকারের একটি রোগী ছিল যাহাতে নিমলিথিত লক্ষণসমূহ দেখা গিয়াছিল:—রোগী দেখিতে স্বস্থকায় ও উহার বয়ঃক্রম পঁচিশ বৎসর ছিল। কত দিন হইল তাহার টিউমরের উৎপত্তি হইয়াছিল তাহা কিছুই স্থিরীক্বত করা হয় নাই। কিন্তু যথন প্রথম চিকিৎসাধীনে আইসে তথন সম্পূর্ণরূপে আাণ্টিরিয়ার্ চেয়ার্ পরিপূর্ণ ছিল। ইহা ঈয়ৎ ধ্সরবর্ণ ও জেলির ন্যায় (Jelly-like); ইহার মধ্যে মধ্যে অস্বচ্ছ অনেক ক্ষুদ্র ক্ষুদ্র বিন্দু এবং অনেক ক্ষুদ্র ক্রবহা নাড়ী দৃষ্ট হইয়াছিল; কর্নিয়া স্থচ্ছ ছিল এবং যে গর্যান্ত ঐ টিউমার্ কনীনিকা আচ্ছাদন না করিয়া ছিল, তাবৎকাল ঐ রোগী উত্তম দেখিতে পাইত।\* মান্যবর ডিক্সন্ সাহেব অক্ষিগোলক নিফাশিত করিয়াছিলেন এবং রোগীও শীঘ্র আরোগ্য লাভ করিয়াছিল এবং এই বিবরণ প্রচারিত হইবার সময় পর্যান্ত আর ঐ পীড়ার দ্বিতীয় বার আক্রমণ দেখিতে পান নাই।

<sup>\*</sup> Ophthalmic Hospital Reports, vol. vi. p. 230.

মান্যবর কাউয়েল্ সাহেব কর্তৃক প্রকাশিত অফ্থ্যাল্মস্কোপিক্ রিপোর্টনের সেই সংখ্যাতেই এইরূপ প্রকারের আর একটি পীড়ার সম্পূর্ণ বিবরণ প্রাপ্ত হওয়া যায়। কিন্তু প্রথমে আইরিসে উৎপন্ন হয় এমত ক্যান্সার অপেকারত বিরল এবং চক্ষুর অভ্যন্তরন্থ টিউনিকের বা পর্দার কোন ম্যালিগ্ন্যাণ্ট্ বা অচিকিৎসনীয় পীড়া সচরাচর কোরইড্ হইতে উৎপন্ন হয় এবং ক্রমে ক্রমে অক্ষিগোলকস্থিত অন্যান্য উপাদানকেও পীড়িত করে। কথন কথন আইরিসের (Cysticerci) শিষ্টি- ২৯ প্রতিকৃতি।

সারকাইও দেখিতে পাওয়া যায়। ২৯ সংখ্যক
চিত্র মান্যবর টিল্ জান্ কর্তৃক একখানি চিত্রের
প্রতিক্বতি। ইহাতে আইরিসে সংলগ্ন একটি সিষ্টিসারকসের অবস্থিতি স্থান দর্শিত হইয়াছে।
মিষ্টার টিল্ উহাকে এবং উহার সহিত আইরিসেরও



একাংশ ইরিডেক্টমী দ্বারা নিদ্বাশিত করিয়াছিলেন। শস্ত্রক্রিয়ার পূর্ব্বে চক্ষ দেখিতে এইরূপ ছিল:—আইরিসের অধাে অংশের উপরিভাগে একটি অসচ্ছ পদার্থ দৃষ্ট হইত, যাহার মধ্যভাগ সদ্ধার্থ এবং যাহার আকার হেম্প্ নিজ্ অপেক্ষা কিঞ্জিৎ বৃহৎ ছিল। তাহাতে চক্ষ্ কিঞ্চিৎ পরিমাণে রিস্ত হইত। কন্জংটাইভা অল্পরিমাণে রক্তবর্ণ ও কর্ণিয়া উজ্জন ছিল। কিন্তু কর্ণিয়া—আইরাইটিসের ন্যায় ইহার পশ্চাদ্রাগ ক্ষুদ্র কলদ্বে চিহ্নিত ছিল। ঐ খেতপদার্থের অবস্থিতিস্থল ব্যতীত আইরিস্ অন্যান্য স্থলে কার্য্যক্ষম ছিল। আর ঐ স্থলে উহা লেন্সের ক্যাপ্স্থলের সহিত সংযুক্ত হইয়াছিল এবং আয়ামও স্বাভাবিক ছিল। জেগার সাহেবের ১৬ নং অক্ষর সে পড়িতে পারিত।\*

বোধ হয় অন্যান্য প্রকার চিকিৎসা অপেক্ষা মিষ্টার্ টিল্প্রদর্শিত চিকিৎসা বিধানে অনেক উপকার প্রাপ্ত হওয়া যায়। কারণ ইহাতে ইরিডেক্টমী দারা চক্ষু হইতে সিষ্টিসার্কাদ্ এবং তৎসংলগ্ন আইরিসের অংশকেও চক্ষু হইতে নিদ্ধাশিত করা যায়।

<sup>\*</sup> Ophthalmic Hospital Reports, vol. ii. p. 320.

কুষ্ঠ প্রস্ত রোগীদিগের আইরিসের অনেক প্রকার ব্যাধি জন্মে (Leprous affections of the Iris)। বস্তুতঃ যাহারা বহুদিন অবধি এই রোগ ভোগ করিয়া আদিতেছে তাহাদের আইরিস্ ও কর্ণিয়া কদাচিৎ স্কুস্থ থাকে। ডাক্তার ম্যাক্নামারা বলেন যে সাধারণতঃ তিনি আইরিসের পূর্ব্বেই কর্ণিয়াকে আক্রান্ত হইতে দেখিয়াছেন এবং প্যারেন্ কাইনেট্স্ আইরাইটিস্ অপেকা প্লাষ্টিক্ আইরাইটিস্ হইতে সচরাচর দেখিয়াছেন। যেরূপ কর্ণিয়াতে বিশেষতঃ কনজংটাইভাতে তজ্ঞপ আইরিসপরিও কুষ্ঠবশতঃ গুটিকা গুলি (Tubers) দৃষ্ট হয়।

## আইরিসের ক্রিয়া বৈলক্ষণ্যজনিত রোগ সমূহ। (Functional Diseases of the Iris)

কনীনিকার অস্বাভাবিক প্রদারিত অবস্থার নাম মাইড্রিয়্যাশিস্ (Mydriasis), ইহার সহিত চক্ষর গভীর উপাদানের পীড়ার সহিত কিছুই সম্পর্ক নাই। এইরূপে, যদিও আলোক-সংস্পর্শে কনীনিকা সঙ্কুচিত হয় না এবং যদিও চক্ষর অভ্যন্তরে আলোকাধিক্য নিবন্ধন রোগীর দৃষ্টিশক্তির হানি জন্মে, তথাচ চক্ষর সম্মুথে, ক্ষুদ্র ছিদ্রবিশিষ্ট প্রস্তুত একটি ডাইএক্যাম্ বা পর্দা স্থাপিত করিলেই ঐ ক্ষতি পূরণ হইতে পারে। ঐ আলোক-কোনের (Cone) যে সকল পার্শন্ত রিশার পতিত হয়, তাহারা চক্ষুতে প্রবেশ করিতে না পারিলে দ্যিত দৃষ্টিশক্তি অনেক সংশোধিত হইয়া যায়। আর ঐ রোগী পর্দার মধ্যস্থ ছিদ্রের ভিতর দিয়া উত্তম দেখিতে পায়। কিন্তু ইহা অবশ্যই স্বীকার করিতে হইবে যে, যে সকল কারণে মাইড্রিয়্যাশিস্ জন্মাইয়া থাকে, সেই সকল কারণ প্রযুক্ত দৃষ্টিকৌশলের ব্যাঘাত জন্মিলে, এবিদ্বিধ কৌশল দারা ভাহা তিরোহিত হইতে পারে না। চক্ষুতে ক্যালেবারবিন্ প্রয়োগের দারা কনীনিকা সঙ্কৃতিত করিলেও ঐ রূপ কল দর্শে। অতএব চক্ষুর গভীর স্থানের পীড়া ব্যতীত কনীনিকার কোন প্রকার প্রসার প্রমারণই মাইড্রয়্যাশিস্ শক্ষের প্রকৃত অর্থ বুঝিতে হইবে।

এক বা উভর চক্ষুতেই মাইজিয়াসিদ্ জন্মিতে পারে। তৃতীয় সায়ুর কার্য্য স্থগিত হওয়া এরূপ কনীনিকা প্রসারণের কারণ। কারণ, দেবা যায় যে, উক্ত স্নায় বিভাজিত হইলে কনীনিকা প্রসারিত থাকে। নিম্প্যা-থোটকের যে সকল সার্ভাইক্যাল্ শাখা কনীনিকা-প্রসারক পেশীতে অব-স্থিতি করে, তাহারা উত্তেজিত হইলেও উক্ত ফল ঘটিয়া থাকে। এই পেশীর ক্রিয়াবৃদ্ধি হইলেও, কনীনিকা প্রসারিত হইয়া থাকে।

চিকিৎসা অবশ্যই পীড়ার প্রকৃতি অনুসারে হইবে। উহা কোন কোন স্থলে কর্ণিয়া বা কন্জংকটাইভায় স্থিত বাহ্যিক্ পদার্থের অবস্থানবশতঃ যে প্রত্যাবর্ত্তন কার্য্য (Reflex) উপস্থিত হয়, তদ্ধারা উৎপর হইয়া থাকে। অথবা প্রথমতঃ কোন দূরস্থিত স্পর্শবোধক স্নায়্র কোন শাখা পীড়িত হয়। অনন্তর প্রত্যাবর্ত্তন কার্য্যের দারা সেই উত্তেজনা অকিইলো-মোটর্-নার্ভে বা চক্ষুর গতিদ স্নায়তে উপস্থিত হইয়া তদ্ধারা আইরিসের বৃত্তাকার স্বভ্রেলির সঙ্গোচনশক্তি বিনম্ভ হয়। এই সকল স্থলে আমাদের এ বিষয়ে সাবধান হওয়া উচিত, যাহাতে সন্তবতঃ আমরা উত্তেজনার কারণকে অন্তর্হিত করিতে পারি।

যদ্যপি তৃতীয় স্বায়ুর কার্য্যের ন্যুনতার উপরে মাইভ্রিয়াসিদ্ নির্ভর করিতে দেখা যায়, তবে ফ্যার্যাডিজেসান্ (Faradisation) বা বিছ্যৎপ্রয়োগে উপকার হইতে পারে। কিন্তু একেবারে কয়েক সেকেণ্ডের অপেক্ষা অধিক সময় গ্যাল্ভ্যানিক্ স্রোতকে কার্য্য করিতে দেওয়া উচিত নহে এবং যদ্যপি ইহার প্রভাবে কনীনিকা শীঘ্র শীঘ্র আকুঞ্চিত না হয়, এইরূপ প্রকার চিকিৎসা হইতে অল্ল উপকারেরই সম্ভাবনা। যদ্যপি রোগীর উপদংশ থাকে তাহা হইলে এইরূপ প্রকার স্থলে যে সকল নিয়্যান্ত্র্নারে সচরাচর চিকিৎসা করিতে হয়, সেই সকল নিয়্মই অবলম্বন করা উচিত।

যদি অন্তপ্রণালীর মধ্যে কমি বা অন্য কোন কারণ বশতঃ উত্তেজনা হইয়া, তাহা দিস্প্যাথেটিক্ স্নায় দারা বাহিত হইয়া আইরিদের বিকীর্ণ (Radiating) স্ত্রপুঞ্জে উপস্থিত হয় তাহাহইলেও কনীনিকা প্রদারিত হয়। এস্থলে উত্তেজনা নিবারণার্থ একপক্ষে ক্মিনাশক ঔষধ সমূহ ও অপরপক্ষে বু,পীল্ ও ব্যাক্ ভ্যাফট্ আবশ্যক হয়। ডাক্তার ম্যাক্নামারার বহদর্শিতারুসারে এবংবিধ কোন কারণেই সচরাচর মাইড্রিয়াশিস্ উৎপন্ন হয়, এবং এই সকল পরম্পারায় কার্য্যকারক ঔষধই অন্যান্য ঔষধের অপেক্ষা কনীনিকার

প্রদারণের নিবারণ পক্ষে অধিকতর উপকারী হয়। ক্যালেবার্ বিনের দলিউসান্ দারা এই পীড়া কতক শমিত থাকিতে পারে, কিন্তু পাকস্থলী, যকৃৎ বা অন্যান্য দূষিত যন্ত্রের কার্য্য সম্পূর্ণ সংশোধিত করিবার নিমিত্ত উপযুক্ত চিকিৎসা না করিলে, আরোগ্যলাভ করিতে পারা যায় না।

প্লীহার পীড়া-সঞ্জাত অত্যন্ত নিরক্তাবস্থাও এই শ্রেণীর অন্তর্ভূত। উহাতে কনীনিকার প্রসারণের সঙ্গে সঙ্গে অ্যাকমোডেটরি আ্যাস্থেনোপিয়া (Accommodatory asthenopia) অর্থাৎ স্কুস্থাপন প্রভৃতির অভাবে দৃষ্টির ক্ষীণতা জন্মিয়া থাকে। এই সকল স্থলে দৃষ্টিহানির কারণ সহজেই বুনিতে পারা যায় এবং তজ্জন্ত পরিষ্কার বায়ুদেবন, পুষ্টিকর পথ্য ও লোহঘটিত ঔষধ দ্বারা যে পুরাতন চিকিৎসার বিধি আছে, তাহাই কেবল একমাত্র বিচার সঙ্গত বিধি।

নাইওশিদ্রোগ (Myosis) মাই ড্রিয়্রাশিসের ঠিক্ বিপরীত। ইহাতে কনীনিকা অস্বাভাবিকরূপে সন্ধৃচিত হইয়া যায় এবং স্থ্যান্তের পর অথবা
অন্ধকারগৃহে রোগীর কনীনিকা যেরূপ প্রসারিত হওয়া উচিত, তাহা
হয় না। কিন্তু উহা মাই ড্রিয়্রাটিক্সের বা কনীনিকা প্রসারকের প্রভাবে
প্রসারিত হয় এবং তথন ইহার প্রসারণের অক্ষমতা যে সাইনিকিয়া
বশতঃ নহে ইহা জানা যায়।

সচরাচর কনীনিকার সঙ্কোচন প্রত্যাবর্ত্তন কার্য্যের (Reflex action) অধীন। এই প্রত্যাবর্ত্তন কার্য্য রেটিনার উপরে আলোক পতিত হওয়াতে উদ্রেক্ত হইয়া অকিউলো-মোটর্ বা চক্ষুর গতিদ স্বায়ু ঘারা বাহিত হয়, তাহাতেই আইরিসের বৃত্তাকার হৃত্রগুলি কুঞ্চিত হয় এবং কনীনিকাকে রুদ্ধ করে। অল্পরিমাণে আলোক চক্ষুতে প্রবেশ করিলে, যেমন হুর্য্যান্তের পর দেখা যায়, তাহার কার্য্য রেটিনায় অল্পই হইয়া থাকে এবং এই হেতু তৃতীয় স্বায়ুর উত্তেজনা দিবাভাগ অপেক্ষা রাত্রিভাগে অপেক্ষাক্বত অল্প হয় তাহাতেই কনীনিকা অর্দ্ধ প্রদারিতাবস্থায় থাকে। গ্রীবাদেশস্থ সিম্প্যাথেটিক্ স্বায়ুকে বিভাজত করিলেও কনীনিকা কুঞ্চিত হয়। তাৎপর্য্য এই য়ে,তদ্বারা ডাইলেটেটার্ম পিউপিলি বা কনীনিকা প্রসারক পেশীর অবসাদ হয়। কশেরকা মজ্জার অপায় বশতঃ সিম্প্যাথেটিক্ স্বায়ু পীজ্তিত হইলেও এতজ্ঞপ মাইওশিস্

জনায়। এইরপে যে যে স্থলে মাইওশিন্ রোগ জন্মে, জামাদিগের তৃতীয়
এবং সিম্পাাথেটিক্ সায়ুর ফিজিয়লজিও প্যাথলজি জানের দারা সকল অবস্থা
উত্তসরূপে পরীক্ষা করা উচিত। অপর নিতান্ত স্ক্রা পদার্থ লইয়া অনেক দিন
ক্রমাগত কার্য্য করিলেও এই অবস্থা উৎপন্ন হইয়া থাকে। দৃষ্টান্ত স্বরূপ
ইহা বলা যাইতে পারে যে, যাহারা ঘড়ী প্রস্তুত করে, তাহাদের আইরিশের
ক্যিংক্টার্ বা আকুঞ্চনকারী পেশীর শক্তি প্রসারকপেশীর শক্তি অপেক্ষা
অধিকতর বলবতী।

কথন কথন মাইওসিস্ বিশিষ্ট লোককে রাজ্যন্ধ বলিয়া ভ্রম হয়।
তাৎপর্য্য এই যে, উহাতে স্থ্যান্তের পরেই প্রধানতঃ রোগীর দৃষ্টিহানি হইয়া
থাকে। কারণ স্থদৃষ্টির জন্য রেটিনায়, আকুঞ্চিত কনীনিকার মধ্য দিয়া
প্রচুর আলোক প্রবেশ করিতে পারে না। রোগী চক্ষুতে কোন কন্ত অন্তব
করে না এবং দিবাভাগে তাহার দৃষ্টিশক্তি উত্তম অবস্থায় থাকে। এই প্রকার
পীড়া অনেকাংশে হিমারেলোপিয়া বা রাজ্যন্ধতার সঙ্গে সমান, কেবল এই
মাত্র প্রভেদ যে হিমারেলোপিয়া উত্তেজনার আতিশয় কিম্বা রেটিনার
স্নায়ুসন্ধীয় উপাদান সকলের নিরক্তাবস্থা নিবন্ধন কিয়ৎকালস্থায়ী রোগ;
স্নতরাং রোটনার হর্মলতার নিমিত্ত হিমারেলোপিয়া প্রধানতঃ উৎপন্ন হওয়াতে, কনীনিকা স্বাধীনভাবে গতিবিধি করিতে পারে। এই শেষোক্ত ঘটনা
অর্থাৎ নিরক্তাবস্থা রাজ্যন্ধতার প্রধান কারণ।

বর্ত্ত্বশান অবস্থায় আগবা সিম্প্যাথেটিক্ স্নায়ুর কার্য্য বিষয়ে এত অল্ল জ্ঞাত আছি, যে আসাদের পক্ষে ইহা বুঝা অসম্ভব যে কেন অভ্যন্ত কোষ্টবন্ধ ও অজীর্ণরোগ হইতে মাইওশিস্ উৎপন্ন হয়। আমরা কেবলমাত্র এই অনুমান করিতে পারি যে, নিম্প্যাথিটিকের কার্য্যের কোন বৈপরীত্য ঘটাতে, ভাহা আইরিস্ প্রতিপালক শাখা সমূহে বিস্তৃত হইয়া এইরূপ ফল উৎপন্ন করে। ইহা সত্য বটে যে, এরূপ সিদ্ধান্ত সিদ্ধান্তই নহে, কিন্তু উহা আমাদিগের সাধ্যায়ত্ত সিদ্ধান্তের মধ্যে উত্তম। এইরূপ স্থলে সাধ্যমত পাক্ষত্র সমূহের অবস্থা সংশোধন ও উহার উন্নতি সাধন করাই উত্তম চিকিৎসা।

মেনিন্জাইটিস্ রোগে রক্তের সংযতথণ্ড দারা কিম্বা মন্তিফের যে স্থান হইতে অকিউলা-মোটৰ্ নাৰ্ভ্ বা সায়ু আরম্ভ হইয়াছে, সেই স্থানের পীড়া দারা ঐ সায়ু উত্তেজিত হওয়াতে কনীনিকার আকুঞ্চনকারী পীড়া জন্মিয়া থাকে। কিন্তু এই সকল স্থলে প্রধান পীড়ার সহিত তুলনা করিতে গেলে, মাইওশিস্ সামাত বলিয়া বোধ হয়।

আট্রোপাইন্ এবং ক্যালেবার্বিন্ ও অন্যান্য ঔষধের কার্য্য ক্রিম উপায়ে যথাক্রমে মিভি্য়্যাশিদ্ এবং মাইওশিদ্ রোগ উৎপন্ন করিতে পারা যায়।

ট্রেমিউলস্ আইরিস্ বা ইরিডোডোনেশিস্ (Tremulous Iris or Iridodonesis) অথবা কম্পমান্ আইরিস্। লেন্স্ স্বস্থানে থাকিলে ইহা প্রায়ই দৃষ্ট হয় না। আইরিস্ কুটালাইন্লেন্সের উপরে অবস্থিতি করে বিলিয়া, আমরা সহজেই বুঝিতে পারি যে লেন্স্ অপসারিত হইলে, আইরিসের ভারশহ না থাকাতে উহা সম্থবর্তী কুটারে একটি শিথিল যবনিকা স্বন্ধপ হইয়া ছলিতে থাকে স্থতরাং কোন একদিক্ হইতে অপরদিগে লক্ষ্য করিবার সময়ে ইহা কম্পিত হইতে থাকে। পশ্চাদ্বর্তী কুটারে আকিউয়নের আধিক্য হইলেও তাহাতে লেন্স্ পশ্চাদ্দিকে এবং আইরিস্ সম্মুখদিকে প্রধাবিত হয়। কিন্তু এরূপ ঘটনা অতি বিরল। ভিট্রিমস্ জলবৎতরল থাকিলে লেন্স্, আইরিস্ হইতে পশ্চাদ্দিকে যাইয়া ইহাতে গভীররূপে নিময় হইতে পারে, তাহাতেও পূর্ব্যোক্ত প্রকারের ন্যায় ইরিডোডোশিস্ জন্মাইয়া থাকে। এই সকল স্থলে অফ্থ্যাল্মস্কোপের দ্বারা পীড়ার স্বভাব এবং আইরিসের ট্রেমিউলস্ গতির কারণ বুঝিতে পারা যায়।

হিপ্লস্ (Hippus)। আইরিসের এই পীড়াতে, অনিচ্ছার এবং আলো-কের উত্তেজনা ব্যতীতও আইরিস্ শীঘ্র শীঘ্র ও ক্রতগতিতে প্রদারিত ও আকুঞ্চিত হয়। রেটিনার কার্য্যের কোন অনিরম ঘটিলে স্চরাচর এইরূপ পীড়া জনাইরা থাকে। কিন্তু অধিকাংশ সময়ে ইহা মন্তিক্ষের আচ্ছাদক ঝিলী সমূহের কোন না কোন পীড়া হইতেই উৎপন্ন হয়।

নিষ্টগ্মস্ (Nystagmus)—ডাক্তার ম্যাকেন্জি বলেন যে এক পাশ্ব হইতে অপর পাশ্বে অফিগোলকের নিরবচ্ছিন্ন গতির নামই নিষ্টগ্মস্। উহা সরল পেশী সমূহের ক্লোনিক্ স্যাজম্ (Clonic spasm) বা কণকাল স্থায়ী আক্ষেপের নিমিত্ত উৎপন্ন হয় এবং বিবিধ স্বায়ৰীয় পীড়ার লক্ষণ স্বরূপ, যেমন হিষ্টিরিয়া, কোরিয়া, ইত্যাদির জন্যও জন্মাইয়া থাকে।

# আর্টিফিস্যাল্ পিউপিল্—ARTIFICIAL PUPIL অর্থাৎ কৃত্রিম কনীনিকা।

কৃত্রিম কনীনিকা প্রস্তুত করিবার নিমিত্ত তিন প্রকার শস্ত্রক্রিয়া ব্যবহৃত হয়। প্রথম, আইরিদের কিয়দংশ কর্ত্তন, দ্বিতীয় আইরাইডিশিস্ অর্থাৎ কনীনিকার স্থানচ্যুতকরণ, তৃতীয় ইরিডেক্টমী।

এই সকল শস্ত্র জিয়া কিয়পে সম্পন্ন করিতে হয়, তাহা বর্ণনা করিবার অগ্রে ইহা বলা কর্ত্তবা যে, এই সকল কার্য্য এয়পে অভ্যাস করা উচিত যেন লেন্স্ আঘাতিত হইয়া ট্রম্যাটিক্ ক্যাট্যার্যাক্ট্ উৎপন্ন না হয়। কিঞ্চিৎ পরি-মাণে সতর্ক থাকিলে, বিশেষতঃ রোগী যদি ক্লোরোফর্মের ক্ষমতাধীনে আনীত হয়, তাহা হইলে আমাদের কর্তৃক এই বিপদজনক কার্য্য সম্পন্ন হইবার কিছুই সম্ভাবনা নাই। এতৎ সম্বন্ধে কোন প্রকার নিয়মস্থাপন করাও এক প্রকার অসম্ভব। চক্ষুর অন্থান্য শস্ত্র জিয়ার ন্যায় এই সকলেও, ধীর হস্ত, স্থির চক্ষু, এবং ঐ সকল অংশের শারীরতত্ত্বের (Anatomy) উত্তম প্রকার জ্ঞান থাকার আবশ্যক।

১। আইরিস্ কর্ত্তন (Excision of the Iris)। ক্লোরেক্রেম্ প্রযুক্ত করিয়া এক্টি উত্তম আলোকের সন্মুথে একথানি কোচে রোগীকে চিৎ করিয়া শয়ন করাইতে হয়। অনন্তর ষ্টপ্ স্পেকিউলম্ যথাবিধি প্রয়োগ করিয়া চিকিৎসক রোগীর পশ্চান্তাগে দাঁড়াইবেন ও এক যোড়া দন্ত-বিশিষ্ট ফরসেম্পের দারা, কর্নিয়া প্রান্তের নিকটস্থ কঞ্জংটিভাকে ধৃত করিয়া অক্লিগোলককে স্থির ভাবে রাখিবেন। অনন্তর তিনি কর্নিয়ার পার্শের ভিতরে এবং আইরিসের যে ভাগ কর্ত্তন করিতে ইচ্ছা করেন তাহার নিকটে একটি প্রশন্ত স্চিকা প্রবেশ করান। কর্ণিয়ার ঐ অবকাশের মধ্য দিয়া একটি টিরেলের বুল্ট ভুক্ (Tyrrell's blunt hook) চিৎ করিয়া প্রবেশ করাইয়া যতক্ষণ উহার ভক্ বিশিষ্ট অগ্রভাগ কনীনিকা পার্শে উপস্থিত না

হয়. ততক্ষণ চালিত করিবেন। অনন্তর অন্ত পরিনাণে সূর্বন করাইতে করাইতে অতি সাবধানের সহিত ঐ শস্ত্রকে চকু হইতে বহির্গত করিবেন। উহাতে আইরিসের একটি ক্র ভাঁজ বা কোল্ড (Fold) আরুপ্ত হইরা থাকে। কর্ণিরার ছিদ্রের বাহিরে উহা আনীত হইবামাত্রই, উহার ষ্ঠ নিকটে পারা যায়, একটি বক্র কাঁচি দারা নিকটত্থ সহকারী এক ব্যক্তির; উহা কর্তুন করা উচিত। তদনন্তর স্পেকিউল্ম্ অপসারিত করা এবং কিছু দিনের জন্য প্যাদ্ ও ব্যাণ্ডেজের দারা চকুকে বদ্ধ করিয়া রাথা আবশ্যক।


যদি দৃষ্টি মেকর (Axis of vision) সন্মিকটে কর্ণিয়ার বিস্তৃত এবং গভীর অস্বচ্ছতা থাকে, বাহাতে আমরা আচুট্রাপাইনের দ্বারা কনীনিকা বিস্তৃত করিতে সক্ষম হইলেও কনানিকার পার্শদেশ দেখিতে পাই না, এমত স্থলে ইহা প্রতীতি হইতেছে যে, আমরা উপর্যুক্ত শস্তক্তিয়া অবলম্বন করিতে পারি না। কর্ণিয়া অসক্ত হওয়াতে উহার ভিতর দিয়া দেখিতে পাওয়া যায় না। আইরিসের কনীনিকার নিকটস্থ পার্শ র্ত করিবার আশাতে সম্মুখবর্জী কুটারে ঐ বৃণ্ট হুকের দারা উহা অনেষণ করা অতীব বিপদ্দন্ক। এমত স্থলে টিরেলের শস্ত্কিয়া বা প্রকার্যান্তর শস্তকার্য্যের আবশ্যক।

সন্থ্যবর্তী কুটারে একটি ছক্ প্রবিষ্টি না করাইরা তংগরিবর্তে কর্ণি-মাতে এমতভাবে একটি বৃহং ছিল প্রস্তুত করিতে হয়, যদ্বারা চক্ষ্তে এক ৩০ প্রতিকৃতি।



জোড়া ক্যানিউলা বা ইরিডেউনী ফর্নেপ্ প্রবিষ্ট হইতে পারে। আইরিসের কনীনিকার নিকটস্থ পার্শের যত নিকটে পারা যায়, আইরিসের একটি ভাঁজ গত করিতে হয় এবং উহা আবাত হল হইতে বহির্গত হইবামাত্রই, কর্ণিয়ার যত নিকটে সম্ভব, নিকটস্থ কোন ব্যক্তি উহা কর্ত্তন করিবেন। (৩০ প্রতি)। সাধ্য হইলে, আইরিস্কে উহার কনীনিকার নিকটস্থ পার্শ্বের বহির্দিকে কর্ত্তন করার জন্য চেষ্টা করা উচিত।

২। ইরিডোডেসিস্ বা ইরিডেসিস্ (Iridodesis or Iridesis) কৃত্রিম কীনীনিকা প্রস্তুত করিবার নিমিন্ত ইরিডোডেসিস্ নামক আর এক প্রকার শঙ্গক্রিয়া নিমলিখিত প্রকারে সম্পন্ন হইয়া থাকে। উপর্যুক্ত শঙ্গুক্রেয়াতে রোগী ও চিকিৎসকের অবস্থান যেরূপ, ইহাতেও ঠিক তদ্রপ। একটি স্পৃং স্পেকিউলম্ দারা অক্সিপুটদমকে স্বতন্ত্র এবং কর্ণিরার পার্শের অভ্যন্তরস্থ কনজংটাইভাকে ধৃত করিয়া অক্সিগোলককে স্থিরভাবে রাখা আবস্থাক। অনন্তর কর্ণিরার পার্শের নিকটে এবং স্কেরটিকের মধ্য দিরা এক খানি স্পা ফলক বিশিপ্ত ছুরিকা এমত ভাবে প্রবিষ্ট করাইতে হয়, যে ঐ শস্ত্রের ফলক যেন আইরিসের সম্বৃথেই সম্বৃথবর্তী কুটারে প্রবিষ্ট হইতে পারে। ৩১ প্রতিকৃতি।



তাহার পর ঐ ছিদ্র দিয়া চক্তে এক জোড়া কাানিউলা কর্সেপ্ প্রবিষ্ট করাইতে এবং আইরিসের সিলিয়ারী এবং কনীনিকার নিকটস্থ পার্শের ঠিক মধ্যস্থলে উহার একটি ভাঁজ প্রত করিতে হয়। তদনস্তর ঐ ছিদ্রের ভিতর দিয়া আইরিসের ঐ ভাঁজের সহিত এমত ভাবে ফর্সেপ্ বহিষ্কৃত করিতে হয় যে, কনীনিকা স্কেরটিকের দিকে আকৃষ্ট থাকে। শেষোক্ত শস্ত্রক্রিরাতে যেমন আইরিসের বর্দ্ধিতাংশকে ছেদন করিতে হয়, এই শস্ত্রক্রিয়াতে তাহার পরিবর্ত্তে ছিদ্রের পার্শ্বের অতি নিকটে ইহার চতুর্দ্দিকে একটি উত্তম রেশমের লিগেচার দ্বারা উহাকে আবদ্ধ করিতে হয়। এইরপ ট্রাংগিউলেটেড্ বা পাশাবদ্ধ আইরিসে (Strangulated Iris) যে কীলক (Knob) প্রস্তুত্ত হইয়া থাকে, তাহা স্থূল হওয়াক্তে সম্মুথবর্ত্তী কুটীরে পুনরায় প্রবেশ হইতে বাধা প্রাপ্ত হয় (৩১ প্রতিক্কৃতি)। অবশেষে প্রিআঘাতের পার্শ সকল সংযুক্ত হয় এবং সোভাগাক্রমে ইহা দ্বারা আইরিস্ও প্রিকাট্রিকেদ্ বা ক্ষতকলক্ষ জড়িত হইয়া থাকে তাহাতে কনীনিকা বহির্ভাগের দিকে চিরকালের জন্যই স্থানচ্যুত হইয়া অবস্থিতি করে। গ্র

স্কেরটিকের ঐ ছিদ্রের মধ্য দিয়া আইরিদের ভাঁজ আকর্ষিত হইবার পর উহাতে লিগেচার প্রয়োগ কিঞ্চিৎ কষ্টকর হয় বলিয়া, পূর্ব্বেই এ বিষয়ে সাবধান হওয়া উচিত। স্কেরটিক্ ছিদ্রীভূত হইলে পর, মিষ্টার ক্রিচেটের পরামর্শমত ক্যানিউলা ফর্সেপের শেষাগ্রে স্ক্রা রেশমের এক ভাঁজ সূত্র সংলগ্ন করিতে হয়। শস্ত্র যেমন চক্ষুর ভিতরে প্রবেশ করিতে থাকে, ঐ হত্ত ভাঁজ ঝুলিয়া পড়ে এবং অবশেষে ঐ ছিদ্রের চতুর্দ্ধিকে স্কেরটিকের উপর একভাবে অবস্থিতি করে। যথন ফর্নেপ্ বাহির করা হয় এবং ছিদ্রের ভিতর দিয়া আকর্ষণ করিয়া আইরিদের ভাঁজ বহিষ্ণুত করা যায়, তথন নিকটস্থ কোন ব্যক্তি এক জোড়া সিলিয়ারি ফর্সেপের দারা, ঐ রেসমস্ত্রের ভাঁজের একাগ্র ধৃত করিয়া, উহাতে একটি গ্রন্থি প্রস্তুত করেন। ফরসেপ্স বাবহার করিবার স্থবিধা এই যে, ইহাতে ঐ পশ্মের অগ্রভাগ ধরিবার এবং গ্রন্থি দৃঢ় করিবার পক্ষে অনেক সাহায্য প্রাপ্ত হওয়া যায়। এরপ হলে অঙ্গুলী দারা কার্য্য (Manipulation) করা অতীব কষ্টকর। অপর বাহাতে আইরিদ্ আকর্ষিত না হয়, আমাদের সে বিষয়ে অত্যন্ত সাব-धान र्थमा छे हिछ। जनाथा रहेल जाहे तिम, छेरात मिलियाती भार्च रहेल ছিল স্ত্রাং অসংশোধনীয় ফতিগ্রস্ত হইবার বিলক্ষণ সন্তাবনা।

<sup>.</sup> Mr Critchett on Iridesis, Ophthalmic Hospital Reports, vol. i.

এমত পরিমাণে কর্ণিয়াতে ছিদ্র প্রস্তুত করিতে হয়, যে তদ্ধারা যেন কেবল মাত্র ক্যানিউলা ফরসেপ্স্ই প্রবিষ্ট হইতে পারে। অন্যথা হইলে, আইরিনের ঐ আবদ্ধ ভাঁজ এবং লিগেচার ঐ আঘাতের দ্বারা চক্ষুর সন্মুথ-বর্তী কুটীরে অপস্থত হইতে পারে।

উপযুঁতি শস্ত্রকার্য্যের উদ্দেশ্য এই নে, যে সকল স্থলে কর্ণিয়ার অস্বছত।
নিবন্ধন দৃষ্টিক্ষেত্রের অবরোধ হয়, সেই সেই সকল স্থলে এতদ্বারা কনীনিকাকে স্থানান্তর করিয়া কর্ণিয়ার একটি স্তুস্থ অংশের গশ্চান্ডাগে স্থাপন
করা হয়। আইরিসের ছেদন অপেক্ষা ইহাতে অধিক উপকার এই য়ে,
আমরা অপেক্ষাকৃত নিশ্চিতরূপে কনীনিকার আকার স্বেছারূপ করিতে
পারি এবং আইরিসের গোলাকার স্ত্রপুঞ্জ বিভক্ত না হওয়ায় ছিদ্রের
প্রসারণাকুঞ্চনশক্তি থাকে এবং তজ্জন্যই উহা আলোকের উত্তেজনায় উত্তেজিত হয়।

#### देतिएक्रेगी IRIDECTOMY

থই শক্ত্রজিয়ার জন্য নিয় লিখিত যন্ত্র ও শন্ত্রের আবশ্রুক হয়। চক্ষু প্রব দ্বাকে পৃথক্ রাখিবার জন্য ইপ্স্পেকিউলাম্ (Stop speculum), অক্ষিণোলককে স্থির রাখিবার জন্য ফিক্সিং ফরসেপস্ (Eixing Forceps), যে দিকে শক্ত্রজিয়া করা হইবে তদন্ত্যায়ী একটি প্রসন্ত ল্যান্সের ন্যায় আরুতি বিশিষ্ট (Lance Shape) ছুরিকা, আইরিস্ ফর্সেপ্স (Iris Forceps) এবং বক্র কাঁচি। ডাক্তার ওয়েরকারের আইরিস্ কর্নেপ্স (রাজি বিশেষ উপযোগী। রোগীকে শয়ন করাইয়া ও ক্রোরোফরমের দারা তাহাকে সম্পূর্ণরূপে অজ্ঞান করিয়া উইসের ইপ্ প্রেকিউলম্ নিয়োজিত করিতে হয়। চিকিৎসক রোগীর মন্তকের পশ্চান্তাগে দণ্ডায়মান হইয়া, আইরিসের যে স্থলে তিনি ছিদ্র প্রস্তুত করিতে ইচ্ছা করেন, ঠিক তাহারই বিপরীতদিকে এক জোড়া ফিক্সিং ফরসেপ্সের দারা কঞ্জংক্টিভার একটি ভাঁজ এমত ভাবে ধৃত করিবেন, যাহাতে অক্ষিগোলক স্থিরভাবে থাকিতে পারে। অনন্তর তিনি ল্যান্সের আকার সদৃশ এক থানি ছুরিকা কৃষ্ণ ও খেত ভাগের স্কিস্থলে কর্ণিয়ার শেষ্মীমা হইতে অর্জেক বা দেড় লাইন্ দূর্বভী স্কেরটিকের

কোন স্থল বিদ্ধ করিয়া এবং আইরিদের সমুখভাগের অতি নিকটে এ শস্ত্রফলক দৃঢ়রূপে প্রবিষ্ট করাইয়া স্ক্রেরটিকে এক ইঞ্চের চতুর্থাংশ পরি-মাণে আয়ত একটি ছিদ্র প্রস্তুত করিবেন। অনন্তর চল্ফু হইতে অতি সাব-ধানে এ শস্ত্র বহির্গত করিবেন। যদি সমুখবর্তী কুটারে অতি অল্প পরিমাণে স্থান থাকে, তাহা হইলে স্ক্রেফলক বিশিষ্ট ক্যাট্যার্যাক্ট ছুরিকার দারায় অতি স্ক্রিধার সহিত বিদ্ধনকার্য্য সম্পন্ন হইয়া থাকে। ল্যাম্মের আকার বিশিষ্ট ছুরিকা অপেক্ষা ইহার দারা লেন্স্ আ্যাতিত হইবার অতি অল্পই সম্ভাবনা।

চিকিৎসক এক হতে অন্ধিগোলক স্থির রাখিবেন, ও অপর হতে একটা ইরিডেক্টমী কর্সেপ্ লইবেন এবং স্কেরটিকের ঐ ছিদ্রের ভিতর দিয়া উহার অগ্রভাগ প্রবিষ্ট করাইয়া, আইরিসের সিলিয়ারী এবং কনীনিকার নিকটস্থ পার্শ্বের প্রায় মধ্যস্থলে উহার একটি ভাঁজ য়ত করিবেন এবং ছিদ্রের ভিতর দিয়া ইহাকে বহিদ্ধৃত করিবেন, তখন নিকটস্থ কোন সহকারী ব্যক্তি, কর্ণিয়ার ছিদ্রের অতি নিকটে, একখানি কাঁচির দ্বারা আইরিসের যে অংশ কর্ত্তন করিতে হইবে, তাহা ছেদন করিবে। অনেকানেক প্লোকোমানরোগে দেখা যায় যে কর্ণিয়া ছিদ্রীভূত হইলে আইরিস্ ঐ ছিদ্রের মধ্য দিয়া নির্গত হইয়া পড়ে। ইহা একটি স্থবিধা বলিতে হইবে, কারণ এরূপ ঘটিলে, সম্মুধবর্তী কূটীরে ফরসেন্স্ প্রবিষ্ঠ না করাইয়াও আমরা আইরিসের একটি ভাঁজ য়ত করিতে সমর্থ হই।


আইরিদের একাংশ উপর্যুক্ত প্রকারে অথবা মিপ্টার্ বোদ্যান্ কর্তৃক উপদিপ্ত নিম্নলিখিত প্রণালী সমূহের মধ্যে কোন এক প্রণালী ক্রমেছেনন করা যাইতে পারে\*। "অনন্তর আইরিদ্কে কুটারের বাহিরে আনমন করিয়া ফর্সেন্সের যে কোন এক পার্শ্বে, কনীনিকার নিকটস্থ পার্শ্ব হইতে সিলিয়ারী পার্শ্ব পর্যান্ত কাঁচির দারা উহাকে বিভাজিত করিবে। আর সেই সময়ে যাহাতে উহা সম্পূর্ণ দিধা হইতে পারে তজ্জন্য মৃত্ভাবে আকর্ষণ করিতে থাকিবে। পরে ফর্সেন্সের দারা প্রভাগকে ছিদ্রের সীমা পর্যান্ত উহার সিলিয়ারী সংযোগ হইতে বলপূর্লক ছিল করিবে; বরং

<sup>\*</sup> British Medical Journal' 1862, vol. ii. p. 882.

ইহাপেক্ষাও বল প্রয়োগ দারা কর্ত্তিত স্থানের সীমা অতিক্রম করিয়া সংযোগ-চ্যুতি করিবে এবং তৎপরে কাঁচি দারা ছিদ্রের কোণের নিকটে উহাকে ছিন্ন করিবে। অনন্তর বিভক্তাংশ কুটারে প্রবেশ করে। তাহার পরে বহির্গত আইরিসের অপর পার্শকেও উক্তরূপ কর্ত্তন করিবে। কর্ণিয়ার ছিদ্র মধ্যে আইরিদের কিঞ্চিদংশও যেন সংলগ্ন হইয়া না থাকে। কারণ তাহা হইলে আরোগ্য অসম্পূর্ণ হয় এবং শেষে উত্তেজনাও আরম্ভ হইতে পারে।

(৩১,১) সংখ্যক চিত্রে এই কার্য্য দর্শিত হইয়াছে। ঐ প্রতিক্রতিতে (a) একটি প্রল্যাপ্স (b) বিন্দুতে তুইভাগে বিভক্ত হইয়াছে। অধঃস্থ অংশকে (c) অভি-মুখে ছিদ্রের অধঃকোণের নিকট দ্বিধা করিতে হইবে। অনন্তর উপরিস্থ অংশ (a) অভিমুখে আকর্ষণ করিয়া উহাকে বিভক্ত করিতে হইবে।


৩১,১ প্রতিকৃতি।



গুইভাগে বিভক্ত করিবার পরিবর্ত্তে, ঐ বহির্গত অংশকে ছেদের কোন একটি কোণে আকর্ষণ ও তাহার সন্নিকটেই আংশিক ভাবে বিভক্ত করা যাইতে পারে এবং ইহার অপর অংশকে নিলিয়ারী ইন্সার্মান্ এর ৩১.২ প্রতিকৃতি।

পার্শ্ব হইতে সহজভাবে ভিন্ন করিয়া (বিভক্ত করিবার সময় কাঁচিদারা কিঞ্চিৎ চাপ দিলে কর্তুনের সহায়তা হয়) এবং বিপরীত দিকস্থ কোণ পর্যান্ত আনিয়া, সেই স্থলে উহাকে ছেদন করা উচিত। ইহা ২য় প্রতিকৃতিতে উত্তমরূপে দর্শিত হইয়াছে।

ছিদ্রের অধঃকোণ-চিহ্নস্থলে a বহি-র্গত অংশকে আকর্ষণ করিয়া উহার a অধো অংশকে এবং b উদ্ধাংশকে উর্দ্ধ ভাতমুখে ছিদ্রের কোণে ছেদ করা হয়।



৩১, গ প্রতিকৃতি।



যদ্যপি ইহাতে অনেক রক্তপাত হয়, তবে শেষোক্ত প্রকার কার্য্য অপেকাকত উপকারী। কারণ তাহা হইলে অবিভক্তাংশ (বিশেষতঃ যদি উহা ছিদ্রসঞ্জাত ফাঁকের ভিতর দিয়া অপস্থত হইরা পড়ে) অন্বেষণ করিয়া পাওয়া সচরাচর ছরহ হইয়া উঠে। ইহার যে কোন প্রকারেই হউক একটি ক্রত্রিম কনীনিকা প্রস্তুত করিতে পারা যায়। আইরিসের সিলিয়ারী আট্টাচ্মেণ্ট বা সিলিয়ারী সংযোগ পর্যান্ত ছিন্ন করিতে হয় স্কুতরাং কনীনিকা সম্পূর্ণরূপে পরিধি পর্যান্ত প্রশন্ত হয়।

সমুখবর্তী কুটারে রক্তপ্রাব হইলে তাহা মংযত হইবার পূর্ব্বেই বহির্গত করিয়া দেওয়া উচিত। ছিদ্রের মধ্য দিয়া একটি ক্ষুদ্র কিউরেটি (Curette) প্রবিষ্ট করাইবে এবং সেই সময়ে ফিক্সেসন্ ফর্সেপ্স্ (Fixation Forceps) দারা অক্লিগোলকের উপরে অল্ল পরিমাণে পীড়ন করিবে যাহাতে রক্ত সহজে নির্গত হইয়া যাইতে পারে। সম্মুখবর্তী কুটারে কিউরেটি প্রবিষ্ট করান উচিত নয়। যদি তৎক্ষণাৎ রক্ত বহির্গত না হয়, বলপূর্ব্বক উহা সম্পন্ন করা উচিত নয়। উহাকে ঐ স্থলেই থাকিতে দেওয়া বিধেয়। কারণ ইহা শীঘই, বিশেষতঃ কম্পেনিভ্ ব্যাণ্ডেজ্ প্রযুক্ত হইলে, শোষিত হইয়া

আইরিস ছেদনের পর, উপ্ স্পেকিউলম্ অপস্ত করিয়া চক্ষুকে প্যাড্ এবং ব্যাণ্ডেজের দারা আবদ্ধ করিয়া রাখিবে। শস্ত্রক্রিয়ার পর রোগী অধিক কণ্ট অনুভব করিলে, কিঞ্ছিৎপরিমাণে মর্ফিয়া দেওয়া যাইতে পারে কিন্ত ইহা কদাচিৎ আবশ্যক হয়।

ইরিডেক্টনী শস্ত্রক্রিয়াতে নিম্নলিখিত বিষয় সকলের সম্বন্ধে প্রধানতঃ সাবধান হওয়া উচিত। ১ মতঃ স্ক্রেরটিকে একটি ফ্রিবা আয়ত ছিদ্র প্রস্তুত করণ। এক ইঞ্চির চতুর্থাংশের নান আয়ত ছিদ্রের দারা স্বচ্ছন্দরূপে এই শস্ত্রকার্য্য নির্দ্ধাহ হইতে পারে না। স্ক্রেটিকে বৃহৎ ছিদ্র প্রস্তুত করিলে সচরাচর কোন ক্ষতির সম্ভাবনা থাকে না। ২৪ ঘটিকার মধ্যেই উহা আরোগ্য হইতে পারে। আইরিদ বহির্গত হইবারও আশস্কা থাকে না এবং

<sup>\*</sup> J. Soelberg wells "on Glaucoma and itse Cure by Iridectomy P. 79. London 1864.

ডাক্তার ম্যাক্নামারা বলেন যে তিনি যতই এই শস্ত্রকার্য্য করিতেছেন, ইরি-ডেক্টমীর ফলপ্রদায়িকত্বের বিষয়ে একটি প্রশস্ত ছিদ্র যে অতীব আবশ্রকীয় এ বিষয়ে তাঁহার বিশ্বাসও সেই পরিমাণে তত দৃঢ়তর হইয়া উঠিতেছে।

২ রতঃ—ছুরিকার অগ্রভাগ ঠিক আইরিস্ এবং কর্ণিয়ার মধ্যস্থলে সংস্থা-পন করিতে সতর্ক হওয়া উচিত। এই নিয়মের প্রতি অনবহিত হইয়া কার্য্য করিলে লেস্ও কর্ণিয়া আঘাতিত হইবার সম্ভাবনা।

ও মতঃ—আইরিদকে তাহার দিলিয়ারী সংযোগ পর্যন্ত বিভাগ করিতে পারিলে তাহা করা আবশ্যক। যাহাতে ছিদ্রের পার্শ্বে আইরিদের কিঞ্চিদংশও সংলগ্ন হইয়া না থাকে, সে বিষয়ে দাবধান হওয়া উচিত। যদ্যপি ছিদ্রের মধ্যস্থলে উহার কিঞ্চিৎ অংশও সংলগ্ন থাকে, তাহা হইলে স্কের-টিকে একটি কপ্তসাধ্য নালী অথবা আইরিদের নিরবচ্ছিন্ন উত্তেজনা উৎপন্ন হইতে পারে।

৪ র্থতঃ—শস্ত্রকার্য্যের পর, স্কুপের দ্বারা সমুথবর্ত্তী কুটীর হইতে রক্ত স্থানান্তরিত করিতে চেষ্টা করা বিধেয় নহে। ইহা শীঘ্রই শোষিত হইয়া যায় এবং ইতিমধ্যে কোন ক্ষতি করিতে পারে না।

আইরিদের কোন্ ভাগে ছিদ্র প্রস্তুত করা উচিত তৎসম্বন্ধে এই বলা যাইতে পারে যে, অন্যান্য বিষয় স্থবিধাজনক হইলে আইরিদের উর্জন্থিত ভাগ স্থানান্তরিত করা সর্কাপেক্ষা বাঞ্ছনীয়। কারণ উপরিস্থিত চক্ষুপল্লবে উহার অধিকাংশ আচ্ছাদিত রাথে, এবং এই উপায়ে রেটিনায় আলোক অপেক্ষাকৃত অল্প পরিমাণে উপস্থিত হয়, তনিবন্ধন আলোকাতিশয্য জনিত দৃষ্টির আবিলতার আশহা থাকে না। কর্ণিয়ার অস্বচ্ছতা বা ক্ষত থাকিলে রোগের অবস্থানুসারে ইরিডেক্টমীর উপযুক্ত স্থল নির্ণয় করিতে হয়।

যে ছুরিকা দারা স্কেরটিকের উর্দ্ধ ও নাসা পার্শ্বভাগের মধ্য দিরা ছিদ্র প্রস্তুত করিতে হয়, উহা এমত ভাবে নির্শিত হওয়া উচিত যাহাতে বাঁট ফলকের সহিত একটি স্থল কোণে আবদ্ধ থাকে। ঈদৃশ শস্ত্রদারা ঐ শস্ত্রকার্য্যের স্থাবিধা হয়। কিন্তু ডাক্তার ম্যাক্নামারার মতে অধ্যে ও বাহ্য দিকস্থ সেক্সান বা ছিদ্র প্রস্তুত করিবার পক্ষে, সচরাচর যেরূপ ছুরিকা লিনিয়ার এক্স্টিয়াক্সান্ করিতে ব্যবহৃত হয়, তাহাই অপেকাক্ষত প্রশস্ত।

পরবর্তী চিকিৎসায় প্যাড্ এবং ব্যাণ্ডেজের দারা চক্ষু বন্ধ করিয়া রাথা এবং রোগীকে কিছুদিনের নিমিত্ত কেবল মাত্র শ্যাগা অবস্থিতি করিবার বিধি দেওয়া উচিত। তিন চারি দিনের মধ্যে স্কুরটিকের আঘাত স্কস্থ হইয়া যায় এবং রোগী শীঘই শস্ত্রকার্য্য জনিত বিদ্ন হইতে আরোগ্যলাভ করে।

ইরিডেক্টনী শস্ত্রকার্য্যের ক্রমিক্ বিস্তৃতি (Increasing use of iridectomy)। ইহা অতি আশ্চর্য্যের বিষয় এই ষে, চক্ষুরোগ চিকিৎসায় অধুনা এই শস্ত্রকার্য্য গৃহীত হওয়ার পর উহার উপকারিতা কত অল্প সময়ের মধ্যে প্রকাশিত এবং বহুসংখ্যক স্থলে প্রয়োগ হইতেছে।

প্রোক্ষা, প্রবল কোরইডাইটিস্, ইরিডো-কোরইডাইটিস্, কর্ণিয়ার শীঘ্র শীঘ্র বর্দ্ধনশীল বা গুরপনেয় ক্ষত, কনীনিকা অবরোধ এই সকল স্থলে এবং অন্যান্য শস্ত্রকার্য্যের নিমিত্ত লেন্স্ স্থানান্তরিত করিবার পক্ষে ইরিডেক্টমী বিশেষ আব্যাকীয়।

রোগী কোরোফর্মের প্রভাবাদীনে আনীত হইলে এবং প্রবদ্ধ বিভিন্ন করিবার নিমিত্ত প্রপ্স্পেকিউলম্ নিকটে থাকিলে ইরিডেক্টমী শন্ত্র-কার্য্য তত কঠিন হয় না । অভিজ্ঞতা যত স্বল্পই হউক না কেন, প্রত্যেক চিকিৎসকেরই উহা প্রযুক্ত করিতে সকল সময়েই প্রস্তুত থাকা বিধেয়। কারণ কোন কোন স্থলে রোগীর দর্শনশক্তি রক্ষা করিবার পক্ষে আমাদের সাধ্যাধীনে ইহাই একমাত্র উপায়।

## Circumstances Requiring an artificial Pupil যে যে অবস্থায় কৃত্রিম কনীনিকা প্রয়োজনীয়।

আগরা একণে কোন কোন স্থলে ক্ত্রিম কনীনিকার নিমিত্ত শস্ত্রকার্য্য প্রয়োজনীয় হয় এবং চক্ষুর অবস্থা বুঝিয়া এই অভিপ্রায় নিদ্ধির নিমিত্ত কোন অবস্থায় শস্ত্রক্রিয়ার আবশ্যক সেই বিষয় বর্ণন করিতে প্রবৃত্ত হইতে পারি। ইহা স্পষ্টই বুঝা যাইতেছে, যে কর্ণিয়ার মধ্যভাগের অস্কৃষ্ট্রতা, রুদ্ধ কনীনিকা অথবা অন্ত কোন হেতুতে রেটিনার আলোকরশ্মি গমনের কোন প্রকার বাধা দারা দর্শনের বাধা জন্মিলে, ক্ণিয়ার এক্টি স্কুস্থ অংশের পশ্চান্তাগে আইরিনে ছিদ্র প্রস্তুত আবশ্যক হয়। অতএব নিয়লিখিত অবস্থা সকলে এই শস্ত্রকার্য্য স্থসম্পাদনের নিমিত্ত প্রয়োজনীয়। প্রথমতঃ—এই যে কর্ণিয়ার একটি অংশ স্বচ্ছ থাকিলে এবং উহার বক্রতা অধিক পরিমাণে পরিবর্ত্তিত না হইলে। ইহার অন্যথা হইলে যে আলোকরিমি রেটিনায় উপস্থিত হয়, তাহার বক্রগতি (Refraction) এত জটিল হইয়া যায়, যে তাহাতে দর্শনের ক্ষতি হইতে পারে। দ্বিতীয়তঃ আইরিদ্ যদি কর্ণিয়া বা লেন্সের সহিত সম্পূর্ণরূপে সংযুক্ত হইয়া যায়, তাহা হইলে আমরা ক্রত্রিম কনীনিকা প্রস্তুত করিয়া ক্রতকার্য্য হইতে অতি অল্পই আশা করিতে পারি। অবশেষে, লেন্স্ এবং চক্ষুর অভ্যন্তরস্থ মেম্ব্রণগুলি স্বস্থ থাকা আবশ্যক। অন্যথা ঘটিলে, আইরিদের ছিদ্র প্রস্তুত করিলে রোগীর অবস্থা অতি অল্পই সংশোধিত হইয়া থাকে।

এই সকল স্থলে পীড়িতাক্ষির সমূথে একটি উজ্জ্ব দীপ সংস্থাপন করিয়া আমরা সাধারণতঃ রেটিনার অবস্থার বিষয় কিঞ্চিৎ জ্ঞাত হইতে পারি। রোগীর আলোক বোধের পরিমাণ অনুসারে রেটিনার দর্শনশক্তি ও নিরূপিত হইয়া থাকে। যদ্যপি তিনি দীপশিথার অন্তিত্ব পর্যান্ত বোধ করিতে না পারেন, তবে শস্ত্রকার্য্য বিফল।

অক্নিগোলকের আয়াম দারাও গভীরতর বিধান সকলের অবস্থার বিষয় অনেক অবগত হইতে পারা যায়। অনেকানেক স্থলে উহাকে কোমল হইতে ও ক্ষয় পাইতে দেখা যায়। অন্যান্য স্থলে চক্ষ্র আভ্যন্তরিক সঞ্চাপন হইতে ইহার আয়াম বিদ্ধিত হইয়া থাকে। এই উভয় স্থলেই ক্রুত্রিম কনীনিকা দারা অতি অল্প উপকার দর্শে\*।

১। যে যে হলে কর্ণিয়ার মধ্যভাগে অস্বচ্ছতা থাকে, ইহা প্রাফিলামার সহিত জটিল হউক, আর নাই হউক রেটিনায় আলোক গমনের বিদ্ন ঘটায়, তত্তৎ হলে প্রথমতঃ চক্ষুতে আট্টোপাইন্ প্রয়োগ করিয়াকনীনিকার প্রসারণের পরিমাণ নির্ণয় করা উচিত। যদ্যপি কনীনিকা স্বচ্ছনে প্রসারিত হয়, তাহা হইলে কর্ণিয়ার একটি স্বচ্ছ ভাগের পশ্চাতে এবং যদি সাধ্যমত হয় পূর্ব্ব কনীনিকার অভ্যন্তরন্থ পার্থে আইরিডাই-ডিশিস্নামক শস্তকার্য্য করা যুক্তি যুক্ত। যদি এই স্থানে কর্ণিয়া স্বচ্ছ না

<sup>\* &</sup>quot;Incenographie Ophtoalmologique," par J. Sichel, P. 451.

থাকে তবে কর্ণিয়ার বাহ্য ও উর্দ্ধ ভাগের পশ্চাতে এবং তাহাতে অপারগ হইলে কর্ণিয়ার সর্ব্ধাপেক্ষা স্বস্থ অংশের পশ্চাতাগে ক্রতিম কনীনিকা প্রস্তা করা বিধেয়।

যদি আন্ট্রোপাইন্ প্রয়োগ করিলে কনীনিকা কেবল মাত্র আংশিক রূপে প্রদারিত হয়—কর্ণিয়ার একটি স্বচ্ছ অংশেরই পশ্চাতে প্রদারিত হয়,—কিন্তু ঐ বিধানের অস্বচ্ছ ভাগের পার্শ্বে সংলগ্ন হইয়া থাকে, তাহা হইলে উপযুক্ত প্রকারে চক্ষুর সম্মুথবর্তী কুটীরে একটি টিরেলের বুণ্ট্ হুক্ প্রবিষ্ট এবং আইরিসের অসংলগ্ন পাশ্ব হইতে একটি ভাঁজ (fold) ছেদ করা উচিত।

কিন্ত যে হলে কর্ণিরার মধ্যভাগের অসম্ভূতা থাকে, আর যদি কনীনিকা ক্যাপস্থল অফ্ দি লেন্স্ অথবা কর্ণিরার সহিত আইরিসের দৃঢ় সংযোগ প্রযুক্ত কনীনিকা কোনমতেই প্রদারিত হইতে না পারে, তাহা হইলে চক্ষ্ হইতে আইরিসের একটি ফোল্ড্ বা ভাঁজ বহির্গত করিবার নিমিত্ত ক্যানিউলা ফর্সেপের ব্যবহারের আবশুক হয়। অনন্তর বহির্গত করিয়া সহকারী ব্যক্তি উহা ছেদন করেন।

ক্ষত্রিম কনীনিকার আকার সম্বন্ধে ইহা বলা যাইতে পারে যে উহা কর্ণিয়ার অবস্থার উপরে অনেক নির্ভর করে। কিন্তু সচরাচর আইরিসে স্কস্থ অর্দ্ধি প্রদারিত কনীনিকার আকার বিশিষ্ট একটি ছিদ্র প্রস্তুত করিয়া এতং সম্বন্ধে আমরা স্বভাবের অমুক্রণ করিতে চেষ্টা করিতে পারি।

২য়তঃ।—কর্ণিয়ার অস্বচ্ছতা ভিন্ন অন্যান্য স্থলেও আইরিসের মধ্য দিরা একটি ক্রত্রিম ছিদ্র প্রস্তুত করিবার আবশ্যক হইতে পারে। যথা কর্ণিয়ার অপায় বা আঘাতের পরে ও যেস্থলে আইরিসের বহির্গমন (Prolapse) ঘটে এবং কনীনিকা ক্ষতকলম্ব দারা (Cicatrix) আকর্ষিত হয় তথায় ইহা প্রয়োজনীয় হইয়া থাকে। অক্ষিদর্পণ বহির্গত করণের পর কখন কখন ঈদৃশ্যটনা হইতে দেখা যায়। এইরূপ স্থলে সাধারণতঃ ক্যানিউলা কর্সেপ্র্ (Canula ferceps) এর ব্যবহার করিয়া দৃষ্টিমেরুর (Axis of vision) যত নিকটে পারা যায়, আইরিসের একটি ভাঁজ (fold) ছেদন করিলে অনেক উপকার প্রাপ্ত হওয়া যায়। শ্রকার্য্যের সময়ে যাহাতে আইরিম্ বলপ্র্ব্বক

আকর্ষিতা না হয়, তজ্জন্য কর্ণিয়ার ছিদ্রকে সন্মুখ দিকে বিলক্ষণ রূপ আয়ত করিতে হয়। বস্তুতঃ ইহা নিবারণার্থ ক্বত্তিম কনীনিকার মত নিকটে পারা যায় অথচ ইহার ঠিক সন্মুখে ও যাহাতে আলোকের গতি বন্ধ না করে, এমত ভাবে কর্ণিয়ার সন্মুখ দিকে ছিদ্র করা বিধেয়।

ত্যতঃ—পুনশ্চ যে সকল স্থলে আইরাইটিস্ জনিত নিইয়োপ্রাষ্টিকের উৎপত্তি প্রযুক্ত কনীনিকা বদ্ধ হইয়া যায়, তথায় ইহার ভিতর দিয়া আলোকের গতির নিমিত্ত একটি ছিদ্র প্রস্তুত করা আবশ্যক। আংশিক সাইনিকিয়া ভগ্ন করিবার নিমিত্ত যে কোরিলাইশিস্ নামক শস্ত্রক্রিয়া ব্যবহৃত হয়, তাহা আইরাইটিসের প্রবন্ধে পূর্ব্বেই বর্ণিত হইয়াছে। কারণ ঐ পীড়ার চিকিৎ-সায় ইহা অতি আবশ্যক। সাধ্যমত অন্য কোন উপায়ে চক্ষ্ রক্ষা করিতে অসমর্থ হইলে, ইহাদারাই প্রদাহের পুনরাক্রমণ রহিত হইতে পারে। কিন্তু কনীনিকা সম্পূর্ণ বদ্ধ হইয়া গেলে এবং অ্যাট্রোপাইন্ ইহাকে প্রসারিত করিতে অসমর্থ হইলে, আইরিসের উর্জভাগের (upper section) একটি অংশ স্থানাস্তরিত করণার্থ আমাদিগের ইরিডেক্টমী শস্ত্রকার্য্য অবলম্বন করাই বিধেয়। কারণ এন্থলে রেটিনায় আলোকরশ্যির প্রবেশের স্থবিধা করিতে পারিলেই যে আমাদের অভিপ্রায় সিদ্ধ হইল এমত নহে কিন্তু যে সকল প্রক্রমা রোগ জনিত পরিবর্ত্তন চক্ষুর সম্পূর্ণ উচ্ছেদের চেপ্তা করে, যাহাতে তাহারা নিবারিত হয় সে বিষয়েও যত্নবা নৃহওয়া আমাদিগের অবশ্য কর্ত্ব্য।\*

৪র্থতঃ—অবশেষে, জোনিউলার্ ক্যাটার্যাকট্ (zonular cataract) এর
(যাহার বিশেষ লক্ষণ এই যে উহাতে লেন্দের মধ্যভাগ অস্বচ্ছ হয়, কিন্ত
উহার পার্স্থ দেশ সম্পূর্ণ স্বচ্ছ থাকে) কোন কোন প্রকারে ক্রিম কনীনিকার
আবশ্যক হইতে পারে। ঈদৃশ একটি ক্যাটার্যাক্ট্ প্রায়ই বৃদ্ধি প্রাপ্ত হয় না
এজন্য লেন্দ্ স্থানান্তরিত করা অনাবশ্যক। কিন্তু আইরাইডিশিস্ শস্ত্রক্রিয়ার ঘারা কনীনিকা অতি স্থ্রিধামত লেন্সের দিকে স্থানান্তরিত করা
যাইতে পারে। এইরূপে দৈনিক কার্য্য নির্ব্বাহের পক্ষে রোগীর চক্ষ্ বিলক্ষণ
উপযোগী হইয়া উঠে।

<sup>\*</sup> Ophthalmic Hospital Reports, vol. i. p. 207.

<sup>†</sup> Idem vol-iv. p. 150 Cases and Remarks by Mr Critchett.

কোন কোন রোগীর একটি চক্ষু স্থন্থ থাকে আর অপরটি এরপ প্রকারে ক্ষতিগ্রন্থ হয় যে, দর্শনের পারিপাট্য হেতু তাহাতে ক্ষত্রিম কনীনিক। প্রস্তুত করা আবশ্যক হইয়া উঠে। তাহারা আমাদিগকে এ বিষয়ে পরামর্শ জিজ্ঞাসা করিলে কি করা কর্ত্তব্য তাহা চিন্তা দ্বারা নির্ণয় করা আবশ্যক করে।

দাধারণ নিয়মস্বরূপ ইহা বলা যাইতে পারে যে, পীড়িতাক্ষিতে শস্ত্র-কার্য্য করা অপেক্ষাকৃত উন্তম। কারণ এই উপায় দ্বারা অনেক সময়ে আমরা উভয় চক্ষুর দর্শন ক্ষমতা প্রঃস্থাপন এবং উভয় চক্ষুকেই তাহাদের স্বকার্য্যে ব্যাপৃত করিয়া নিশ্চয়ই দৃষ্টিক্ষেত্র বিদ্ধিত করিতে পারি। এইরূপ কার্য্যকরণের বিরুদ্ধে কেবল এই মাত্র হেতু দেখান যাইতে পারে যে, যে চক্ষুতে শস্ত্রকার্য্য করা হয়, তাহা অভ্যন্তর বা বাহাদিকে নত (Inverted or Everted) হইবার সম্ভাবনা। কারণ অজ্ঞাতভাবে উহাকে এমত ভাবে স্থাপিত করিতে হয়, য়ে দৃশ্য পদার্থ হইতে সমুদ্দাত আলোকরিয়া সকল, কৃত্রিম কনীনিকার মধ্য দিয়া ম্যাকিউলা লিউটিয়াতে (Macula lutea) পতিত হইতে পারে। যদি এক চক্ষুর কনীনিকা স্বাভাবিক এবং অপরটির বিপরীতভাবে থাকে বা এক্দেণ্ট্রিক্ (Eccentric) হয়, তাহা হইলে উভয় রেটিনার ভুল্য স্থানে আলো প্রবেশ জন্য বাহ্যদিকে বা অভ্যন্তর দিকে একটিকে অবশ্যই নত হইতে হয়। এরূপ স্থলে অপাঙ্গ দৃষ্টি উপস্থিত হয় বটে কিন্তু কৃত্রিম কনীনিকা প্রস্তুতের বিয় বিবেচনা ক্রিতে গেলে তাহা অকিঞ্চিৎকর বলিয়া বোধ হয়।

শস্ত্রকার্য্যের পূর্ব্বে রোগী পীড়িতাক্ষির দারা কি পরিমাণে দেখিতে পায় তাহা নিরূপণ করা আবশ্যক। যদ্যপি কিছুই আলোকদর্শন বোধ না থাকে, তবে ইহাতে হস্তক্ষেপ করা রূথা। বস্তুতঃ আমাদিগের এই সকল বিষয়ে পূর্ব্বেই যে সকল স্থলে সাবধান হওয়া বিধেয় উক্ত হইয়াছে, সেই সকল বিষয়ে সতর্ক এবং সর্ব্বেপারেই লিখিত নিয়ম সকলের অনুবর্তী হওয়া ছাবশা কর্ত্তব্য।

কৃত্রিয় কনীনিকার আকার এবং অবস্থানের বিষয়ে এম্ওয়েকার্ সাহেব এই কগা বলেন যে চক্ষুতে শস্ত্রকার্য্য করিতে হইবে, উহা যদি এক প্রকার স্থৃত্ব গাকে, তবে আইরিসে একটি ক্ষুদ্র ছিদ্র প্রস্তুত করিতে হয়। তাহাতে ধৃশাকার দর্শন (Blurring) নিবারিত হইয়া থাকে। ২য়তঃ সম্ভব হইলে ক্রিরার অভ্যন্তর দিক্ এবং অধ দিক্ কিম্বা তাহা না হইলে বাহ্য এবং উর্দ্ধদিকের পশ্চান্তানে ঐ ছিদ্র প্রস্তুত করা উচিত। ৩য়তঃ উভয় চক্ষুতে শস্ত্রকার্য্য করিতে হইলে সাধ্যমত এক কর্নিয়াতে শস্ত্র করিয়া সেই কর্নিয়ার সমরূপ (Corresponding) অংশের পশ্চান্তাগে অপর চন্দে ক্রিম কনীনিকা প্রস্তুত করা বিধেয়।

### সন্মুখবর্তী কুটীরের রোগ সমূহ।

DISEASES OF THE ANTERIOR CHAMBER.

সম্থ কর্ণিয়া এবং পশ্চাতে অকি দর্পণের উপরে অবস্থিত আইরিদ্ এতত্বভারের মধ্যস্থিত স্থানকে আ্যান্টিরিয়র্ চেম্বার্ (Anterior chamber) বা সম্পুথবর্তী কুটীর কহে এবং যেমন জীবনের ভিন্ন ভিন্ন অবস্থাতে লেন্সের আকারের পরিবর্ত্তন হইতে থাকে সম্থবর্তী কুটীরের আকারও তজ্ঞাপ সঙ্গে সঙ্গে পরিবর্ত্তিত হয়।

আ্যাকিউয়সের পরিবর্ত্তন (Changes in the Aqueous)।—আইরাইটিদ্ রোগে অ্যাকিউয়সের পরিবর্ত্তনের কথা পূর্ব্বেই উক্ত হইয়াছে। ইহার বর্ণের পরিবর্ত্তন নেবারোগে যেরপ হয় তজ্ঞপ অতি সামান্য পরিবর্ত্তিত হইতে পারে কিম্বা অনেক সময়ে আইরিসের কোষসমূহে এবং কর্নিয়ার পশ্চাৎস্থিত স্থিতি-স্থাপক স্তরে প্রদাহের পরিণাম স্বরূপ যে পরিবর্ত্তন উপস্থিত হয়, তাহার দারা ইহার সক্ষভাব ন্যুন হইতে পারে। কর্নিয়া, আইরিদ্ বা কোরইড্ হইতে সম্মুথবর্ত্তী কুটারে পূ্য প্রবিষ্ঠ হইতে পারে; এবং শেষত ইহার জলীয় উপাদান সকল রক্তের সঙ্গে মিপ্রিত অথবা আইরিদ্ বা কোরইড্ হইতে রক্ত নিঃস্থত হইয়া ইহাতে সংযত হইয়া থাকিতে পারে। যদিও এই সকল নানাবিধ অবস্থায় ভিট্রিয়সের অস্বাভাবিক অবস্থা হওয়াই দৃষ্টিহানির প্রধান কারণ, তথাচ যে অপায় ও ব্যাধিপ্রযুক্ত এইরূপ অস্বাভাবিক অবস্থা উপস্থিত হয়, তাহাকেই অধিকতর মন্দ মনে করিতে হইবে। যে সকল কারণে ইহার পরিবর্ত্তন ঘটে, সেই সকল কারণ বিনপ্ত হইলে শেষোক্ত অবস্থা হইতে ভিট্রিয়্ম্ শীঘই স্বাভাবিক অবস্থা প্রাপ্ত হইতে পারে।

সন্মুখবর্তী কুটীরে শৈল্য (Foreign bodies in the anterior Chamber)। আগণ্টিরিয়র চেম্বারে শৈল্য উপস্থিতির বিষয় ইণ্ডিয়ান্ য়াবাল্ম নামক পত্রিকায় বোড়শ সংখ্যক পত্রে ডাক্তার ম্যাক্নামারা সম্মুখবর্তী কুটীরে কিলেরিয়া প্যাপিলোদা নামক কমি সম্বন্ধে (Filaria papillosa) ছইটি বিশেষ বিবরণ লিথিয়াছেন এবং অন্তান্ত চিকিৎসক কর্তৃকও ঐরূপ ঘটনা বর্ণিত হইন্মাছে। সম্মুখবর্ত্তী কুটীরে এইরূপ কীটের (Entozoa) আরুতি সম্বন্ধে ভ্রম জনাইবার কিছুই সম্ভাবনা নাই। উহাকে অ্যাকিউয়সে বা জলীয় ভাগে গতি বিধি করিতে স্পত্র দেখা যায়। চক্ষুর বাহিয়ে নির্গত করিয়া না দিলে এই অবস্থাতে উক্ত কমি আইরিদ্ এবং কর্ণিয়াতে প্রবল প্রদাহ উৎপন্ন করে এবং হয়ত অক্ষিগোলকে স্বোটক্ উৎপন্ন করে। স্মুক্ষকলক বিশিপ্ত ছুরিকা দারা কর্ণিয়ায় ছিদ্র করিয়া ইহা সহজেই সম্পান হইতে পারে। এই ছুরিকাকে চক্ষু হইতে বহির্গত করিবার সময় উহার পার্শ্ব দেশ ঘূর্ণিত করিতে হয় তাহাতে জলীয়ভাগ এবং উহার সঙ্গে ক্ষমিও (Entozoon) সবলে বহির্গত হইয়া থাকে। ভারতবর্ষের অনেক স্থলে অশ্বের চক্ষুতে উক্ত কৃমি জন্মিতে দেখা যায়।

কথন কথন সন্মুথবর্তী কুটীরে অন্ত বাহ্যিক পদার্থ প্রবিষ্ট হয় এবং অধঃ-অভিমুখে গভীর অংশে নিমগ্ন হয়। এরূপ হইলে কর্ণিয়া ছিদ্র করিয়া এবং একটী ক্যানিউলার (Canula) দ্বারা উহাকে ধৃত করিয়া বহির্গত করা যাইতে পারে।

এইরূপ কোন শস্ত্রক্রিয়া করিতে হইলে রোগীকে ক্লোরোফরমের ক্ষমতা-ধীনে আনয়ন করা অতীব স্থবিধাজনক। তদনন্তর চক্ষুতে আট্রোপাইন্ প্রয়োগ করা এবং কিছু দিনের জন্য প্যাড্ এবং ব্যাণ্ডেজ্ দ্বারা অক্লিপল্লব নিজ্ঞিয় করিয়া রাখা উচিত।

# কোরইড্ও আইরিদের এককালীন প্রদাহ। IRIDO-CHOROIDITIS.

প্রেল্ওয়াগ্ ভন্ ক্যারিয়ন্ সাহেব বলেন যে এই প্রকার পীড়ার বিশেষ লক্ষণ এই নে, ইহাতে আইরাইটিনের অপরাপর লক্ষণ ভিন্ন অত্যধিক পরিমাণে দৃষ্টিহানি এবং ভিট্রিয়দ্ হিউমারের প্রদাহ জনিত অস্বচ্ছতা উৎপন্ন হইয়া থাকে।

ঐ সকল অংশ যেরপ ভাবে অবহিত তাহাতে ইহা পাঠ বৃনিতে পারা যায় যে, আইরিসের প্রদাহ পশ্চাদ্দিকে কোরয়েড্ পর্যান্ত প্রমারিত হইবার সম্ভাবনা অথবা উহা শেষোক্ত বিধানে আরম্ভ হইয়া আইরিস্ পর্যান্ত প্রমারিত হইতে পারে। পীড়া চিরোখিত হইলে উহা কোন্ স্থানে অর্থাৎ আইরিসে বা কোরয়েডে উৎপন্ন হইয়াছিল তাহা নিরূপণ করা ছঃসাধা। কিন্তু চিকিৎসার্থ উহা জানিবার তাদৃশ সাবশ্যক নাই। কারণ উভয় স্থানেই চিকিৎসার্থ করা গানিবার তাদৃশ সাবশ্যক নাই। কারণ উভয় স্থানেই চিকিৎসার্থ একার। কিন্তু তথাপি ইহা জানা আবশুক যে চকুর ঐ পীড়া প্রথম আইরিসে আরম্ভ হইলে, উহার বর্ণ পরিবর্ত্তিত এবং উহা কোমল (Attenuated) হয় এবং পীড়ার প্রথম হইতেই আইরাইটিসের লক্ষণ সমূহ প্রকাশ থাকে। কিন্তু যদ্যানি উহা প্রথমে কোরয়েডে উৎপন্ন হয়, তাহা হইলে দৃষ্টিমান্দ্য, রোগীর চকুর সম্মুথে ভাসমান পদার্থ সকল দর্শন, এবং অবশেষে লেন্সের অস্বচ্ছতা (Cataractous) এবং তদনন্তর অনেক সময়ে অস্বচ্ছ দর্পণ পশ্চাৎদিক নত হইতে হয়। এতাবৎ ভিট্রিয়ন্ হিউমারের পরিবর্ত্তন বশত ঘটে।

বর্ণনার স্থবিধার জন্য ইরিডো কোরইভাইটিদ্ রোগ (Irido-choroiditis) ছই প্রকারে বিভক্ত করিয়া বর্ণনা করা হয়। যদিও যথার্থত তাহাদিগকে এক সঙ্গেই দেখা যায় তথাচ অনেক সময়ে ঐ বিভাগ এত স্থব্যক্ত থাকে যে সচরাচর আমরা ইহাদিগকে ভিন্ন প্রকার পীড়া মনে করিয়া চিকিৎসা করিতে পারি।

১ম নিরদ্ ইরিডোকোরইডাইটিস্ (Serous irido-choroiditis)। ইহা

সচরাচর প্রথমে এক চক্ষ্তেই আরম্ভ হয়। রোগী পীড়িত চক্ষ্র দৃষ্টি পথে ধৃমাকার (Film) দেখিতে পায় এবং তাহা দিন দিন বৃদ্ধি পাইয়া থাকে। তাহার

চক্ষ্তে কোন রূপ বেদনা থাকে না, কিন্তু সিলিয়ারি প্রদেশের উপরে পীড়ন

করিলে স্পর্শাসহিষ্ণুতা (Tenderness) বিশেষরূপ থাকে। আলোকাসহিষ্ণুতা
(Photophobia) দেখিতে পাওয়া যায় না। চক্ষ্ পরীক্ষা করিলে আমরা
অয় পরিমাণে স্কেরটিককে রঞ্জিত (Episcleral injection) দেখিতে পাই।

উহা অনেক দময়ে স্ক্রেটিক বেষ্টিত নাড়ীচক্রের কোন এক ভাগে দৃষ্ট হয়।
আ্যাকিউয়দ্ হিউমার কল্ষিত (Turbid) হয় এবং অনেক দময়ে অস্বচ্ছ পদাথের থণ্ড দকল ইহাতে ভাদমান দেখিতে পাওয়া যায়। থিরেটাইটিদ্ পংটেটা
রোগের ন্যায় ইহাতেও কর্ণিয়ার পশ্চাদ্বর্তী পত্র পিঙ্গলবর্ণ এবং বিন্দু চিহ্ন্যুক্ত
হয়। আইরিদের বর্ণের পরিবর্ত্তন হয় ও কনীনিকা অত্যন্ত মূহভাবে স্বকার্য্য
করিতে পারে এবং দর্ম্বদাই দর্পণ-কোষ (Capsule of the lens) এর সহিত
ন্যাধিক সাইনিকিয়ার দারা সংযুক্ত হইয়া থাকে। কোন কোন স্থলে
কনীনিকা এবং কোষের মধ্যে নবোৎপন্ন পদার্থ দারা উহা সম্পূর্ণরূপে অবরুদ্দ
হইয়া যায়। আইরিদের উপরে রক্তপূর্ণ কয়েক্টি শিরা দেখা যাইতে পারে
এবং ইহারা ছিল হইতে পারে ও তজ্জন্য আাকিউয়দ্ বিশিষ্ট কুটীরে রক্তস্রাব্ও হইতে পারে।

চক্ষুর দৃষ্টিপথ ( Dioptric media ) স্থানররূপে স্বচ্ছ থাকিলে তাহার মধ্য দিয়া চক্ষুর গভীরতর বিধান সকল পরীক্ষা করিতে সমর্থ হওয়া যায় ও ভিট্রিয়্ম পিঙ্গলবর্ণ এবং তাহাতে ভাসমান ( Flocculent ) বুদ্বুদাকার পদার্থ সকল দেখিতে পাওয়া যায়। অকিগোলকের আয়াম স্বাভাবিক থাকে, অথবা অল্পরিমাণে বর্দ্ধিত হয়।

পীড়াও যেমন বৃদ্ধি প্রাপ্ত হয় কন্জংটাইবার নিয়ন্থ রঞ্জিভভাব এবং অন্ধিগোলকের আয়ামও বর্দ্ধিত হইয়া থাকে। সেই সময়ে রোগীর সৃষ্টিশক্তি আরো মন্দ বলিয়া বোধ হয়। সাইনিকিয়া বৃদ্ধি প্রাপ্ত হয়, এবং আইরিসের সোত্রিক বিধানের ক্রমে ক্রমে অধিকতর ক্ষতি হয়, ইহা শিথিল হইয়া যায় এবং অবশেষে আইরিস্ (Spongy) স্পঞ্জের আকার প্রাপ্ত হইয়া অসমভাবে আয়াকিউয়স্ চেয়ারের সয়ৄথে নত হইয়া পড়ে। আইরিসের এই য়ানচ্যুতি অতিস্পষ্ট লক্ষিত হয়। উহার পশ্চাতে রস সংগ্রহের নিমিত্ত উহার এরূপ অবস্থা ঘটে। ইহাতে আইরিসের যে সকল কোমলা (Attenuated) অংশ কোষের সহিত সংযুক্ত না থাকে, তাহারা ক্ষতি হইয়া বিমুর আকার ধারণ করে। ইতিমধ্যে কনীনিকার চতুর্দ্দিকে উৎপন্ন নিউয়ো-য়্যাটিক্ পদার্থ সকল বর্দ্ধিত, রক্তাবহা নাড়ী দ্বারা প্রতিপালিত এবং সয়্কৃতিত হয়। এইরপে একটি ক্রত্রিম মেম্ব্রেনের দ্বারা কনীনিকা আবদ্ধ

হইতে পারে। ইহা বিষম আকার ধারণ করে এবং উহা ক্ষীত আইরিসের মধ্যভাগে ক্ষুদ্র পেশী রজ্জুর ন্যায় দেখায়। পীড়া এই পর্যান্ত বর্দ্ধিত হইলে, অফিগোলকের আয়াম ন্যন হয়। আইরিস্ বিনষ্ট হয় এবং বস্তুতঃ রোগীর দৃষ্টিশক্তি বিনষ্ট হইয়া থাকে এবং অফিগোলক শীঘ্র শীঘ্র হ্রাস প্রাপ্ত হয়।

প্যাবেকাইনেটস্ ইরেডো-কোরইডাইটিস্—(Parenchymatous Iridochoroiditis)। পূর্ব্বোক্ত সিরস্ প্রকারের পীড়া অপেক্ষা এই পীড়াতে প্রথমাবধিই লক্ষণ সকল প্রবল থাকে। কঞ্জংক্টিভার নিমন্থ এবং উপরি-ভাগস্থিত উভয় প্রকার রক্তাবহানাড়ীর পূর্ণতা ঘটে ও বেদনা হইয়া থাকে, কোরয়েড্ প্রদেশ পীড়নে বেদনা স্পষ্ট অনুভূত হয় এবং ভিট্রিদ্ শীঘই এবং বহুদূর পর্যান্ত আক্রান্ত হয়। আইরিস বিবর্ণ হইয়া উঠে এবং উহা সম্মুথে কর্ণিয়ার দিকে নত হয়। এইরূপে ঈদৃশ প্রকারের আইরাইটিস্ রোগে যে সকল প্যারেষাইমেটস্ পদার্থের স্তৃপ উল্লেখ করা হইয়াছে, ইহাতেও সেইরূপ স্থৃপ দারা লেন্স্ সন্মুথ দিকে নত হওয়াতে আাণ্টিরিয়র চেম্বারের পশ্চাৎ স্থান সংকীর্ণ হয়। অপর পূর্ব্বে আইরাইটিস্ বর্ণনাকালে ইহা উক্ত इरेग़ाटह, त्य आरेतिरमत अरे मकन উৎপन्न भागर्थ भृत्य भतिना रहेवात সম্ভাবনা, তদ্ধপ সম্প্রতি বিবেচ্য ইরিডো-কোরইডাটিস্ প্রকারে, সিলি-য়ারি প্রদেশে নিউয়োপ্ল্যাস্মের বা নৃত্ন পদার্থের অপকৃষ্টতা নিবন্ধন সময়ে সময়ে রোগীর চক্ষুতে হাইপোপিয়ন্ দেখিতে পাওয়া যায়। অবশেষে এইরূপ পীড়াতে ঐ নিউয়ো-য়্যাষ্টিক পদার্থ যখন শিরাদি দারা প্রতি পালিত (Organised) হয়, তখন উহার দারা আইরিদ্ অনেক সময়ে দর্পণ কোষের সহিত দৃঢ়রূপে সংযুক্ত হইয়া যায়। সিলিয়ারি পদার্থ এবং কোরয়েড্ সংশ্রিত পীড়ার পরিণামে যে কেবল এপিস্ক্রের্যাল্ (Episcleral) নাড়ীচক্র স্পষ্ট লক্ষিত হয়, এমন নহে, আইরিসের উপরিভাগেও অনেক বৃহৎ এবং বক্র রক্তপূর্ণ নাড়ী দেখিতে পাওয়া যায়। যাহা হউক নিরদ্ ইরিডোকোরইডাইটিস্ রোগের ন্যায় পশ্চাৎ হইতে আইরিসের পরিবর্তিত অংশসমূহে জলীয় পদার্থের সঞ্চাপন প্রযুক্ত আইরিসের বিষম রূপে বৰ্দ্ধিত আকার দেখিতে গাওয়া না। যদিও আইরিস্ কর্ণিয়ার দিকে অত্যন্ত সঞ্চাপিত হইতে পারে, তথাচ উহা সম্পূর্ণ সমানায়ত ও সরল থাকে।

ইহা বলা বাহুল্য যে যেরূপ পীড়ার কথা সম্প্রতি উলিখিত হইল, তজ্ঞপ পীড়া কেবলমাত্র আইরিদ্ এবং সিলিয়ারি পদার্থ আক্রমণ করিয়াই কান্ত থাকে না। নিঃসন্দেহ, অনেকস্থলে কোরইড্ এবং সন্তবতঃ রেটিনাতেও এমত প্রকার অস্বাভাবিক পরিবর্ত্তন উপস্থিত হয়, যে উহা হইতে আরোগ্য-লাভের আশা থাকেনা।

ভাবীফল।—णाहेबाहेिष् द्वारणंत्र नाम है विष्णारकां बहेिष् রোগের প্যারেষ্কাইমেটদ্ প্রকারের হইতে সিরদ্ প্রকারের পীড়াতে ভাবীফল অপেকাকৃত উত্তম। কারণ ইহা পরে জানিতে পারা যাইবে যে শেযোক প্রকারের অপেক্ষা প্রথমোক্ত প্রকারের পীড়ায় ইরিডেক্টমী দ্বারা উপ-কার দর্শিয়া থাকে। কিন্তু যেরূপ প্রকারেরই ইরিডো-কোরইডাইটিদ্রোগ হউক না কেন ভাবীফল নির্ণয় করিতে গেলে রোগীর দর্শনশক্তির অবস্থা প্রথম বিবেচনা করিতে হয়। আমাদিগের জানা আবশুক যে দে কিরূপ দেখিতে পায় অর্থাৎ বৃহৎ পদার্থ দেখিতে পায় কি না অথবা পীড়িতা কির দারা অঙ্গুলি গণনা করিতে সমর্থ হয় কি না অথবা অন্ধকার গৃহে বর্ত্তিকার আলোক দেখিতে গায় কি না ইত্যাদি জানা আবশ্যক। শেষোক্ত প্রকার ঘটনা ঘটিলে আমরা রোগীকে আরোগ্য লাভের অতি অন্নই আশ্বাস দিতে পারি। কারণ ঐ সকল স্থলে সম্ভবতঃ ইরিডোকোরইডাইটিদ্রোগ ব্যতীত কোরমেড্ এং রেটিনার বহুদূর ব্যাপৃতপীড়া জিনাতে পারে। কিন্তু যদ্যপি রোগী অঙ্গুলি গণনা করিতে পারে কিম্বা অক্ত কোন বুহৎ বস্তু দেখিতে পায় এবং পীড়াও দিরদ প্রকারের হয়, আমরা ভাষতঃ রোগীকে উন্নতির আশাদ দিতে পারি। ভাবীফল নির্ণয় সময়ে অক্ষিগোলকের হ্রাসের বিষয়ও আমাদিগকে বিবেচনা করিতে হইবে। যদ্যপি অক্ষিগোলক কোমল এবং অধিক সন্তুচিত হয়, তবে আরোগা লাভের অল্পই সন্তাবনা থাকে। কিন্তু যদি উহার আয়ামের কিঞ্জিলাত নান হয় তাহাহইলে ইরিডেক্ট্মী শস্ত্র কার্য্যের পর ইহা যে কেন ইহার স্বাভাবিক অবস্থা প্রাপ্ত হইবে না তাহার কোন কারণ দেখিতে পাওয়া যার না। বাস্তবিক এমত সকল হলে প্রায়ই আরোগ্য লাভ হইরা থাকে।

কারণ ।—বে সকল কারণে আইরাইটিস্ উৎপন্ন হর, যদিও ঠিক সেই সকল কারণেই ইরিডো-কোরইডাইটিস্ রোগ জন্মার না, তথাচ ইহা বলা

যাইতে পারে যে তজপ কোন কারণেই ইহার উৎপত্তি হয় এবং এই নকল কারণ পূর্ব্বেই উক্ত হইয়াছে।

আঘাত হেতু অত্যধিক বিকম্পিত (Severe by concussed) এবং বিদ্ধন আঘাত এবং অক্ষিণোলকে অন্য কোন পদার্থের প্রবেশ বা লেন্দ্র্থানান্তরিত হওয়াতেও এই ভাগের প্রদাহ উৎপন্ন হয়। লেন্দ্র্মাণ্ডি (Depressed) হইলে কিম্বা চন্দ্রতে দর্পন-পদার্থ (Lenticular) অবশিষ্ট থাকিলে সচরাচর ইরিডো-কোরইডাইটিন্ রোগ জন্মিয়া থাকে। কিন্তু উপযু্ত্ত অন্তান্ত কোন কারণ অপেক্ষা সাইনিকিয়ার দারা দর্পন-কোষের সহিত আইরিদের সংযোজন অনেক সময়ে ইহার প্রবল কারণ স্বরূপ হইতে দেখা যায়। ইহা আইরিদের কনক অনবরত আকর্ষণ করিতে থাকে তাহাতেই ঐ ভাগে নিরবচ্ছিন্ন উত্তেজনা উপস্থিত থাকে। উহা সময়ে নিলিয়ারি পদার্থ এবং কোরয়েডে প্রসারিত হয় এবং এইরূপে ইরিডো-কোরইডাইটিন্ রোগ ভয়ানক রূপে আক্রমণ করে।

চিকিৎসা।—সাইনিকিয়া হইতেই এই পীড়া যেমন অধিকাংশ স্থলে জন্মাইয়া থাকে, তথন ইহা সহজেই সিদ্ধান্ত করা যাইতে পারে যে এই পীড়া হইলেই সাইনিকিয়া আছে মনে করিয়া তাহা ভঙ্গ করিতে চেষ্টা করা উচিত। ইহা সম্পন্ন করিতে হইলে, আমরা প্রথমতঃ আট্টোপাইনের উগ্র দ্রব প্রেরাণ করিতে পারি। ইহাতে কনীনিকা প্রদারিত করিতে অপারণ হইলে আমাদের কোরিলাইশীদ্ বা ইরিডেক্টনী নামক শস্ত্রকার্যা অবলম্বন করা কর্ত্ব্য।

বে সকল স্থলে ভয়ানক ইরিডো-কোরইডাইটিস্ রোগ উৎপন্ন হয় ততৎস্থলেইহা সাধারণ নিয়মস্বরূপে বলা যাইতে পারে যে তাহাদিগের মধ্যে
আনেক স্থলেই ইরিডেক্টমী শস্ত্রক্রিয়া আবশুক্রিয়। আনেক সময়ে কেবল
ইহার উপরেই রোগীর আরোগ্য লাভের আশা নির্ভর করে এবং সৌভাগ্যবশতঃ এই পীড়ার কোন কোন ভয়ানক অবস্থাতেও যাহাতে আর কিছুই
স্থবিধালনক বলিয়া বোধ হয় না, ইরিডেক্টমীর দারা স্পষ্ট এবং অত্যস্ত
সন্তোষজনক উপকার হইতে দেখা যায়।

যে সকল স্থলে ইরিডো-কোরইডাইটিস্ রোগ উপস্থিত হয়, তত্তৎ স্থলে ইরিডেক্টমী শস্ত্রক্রিয়ার উদ্যোগ করিতে ছ্রভাগ্যক্রমে, ইহা প্রায়ই দেখা যায় যে কনীনিকার নিকট আইরিস্ কোষের সহিত এরপ দৃঢ়রূপে সংযুক্ত থাকে বে ইহার কোন এক অংশ ছেদন করিবার সময় ইহা কোষ হইতে ভিন্ন হইনা আইদে এবং তজ্ঞন্য কনীনিকার স্থানে উহার এক্টি অপ্রশস্ত খণ্ড দর্পণের সহিত সংযুক্ত হইয়া থাকে। এরূপ প্রকার ঘটনা ঘটিলে শস্ত্রক্রিয়াতে কোন উপকার দর্শেনা। কিন্তু শস্ত্রক্রিরার পর অক্ষিগত প্রদাহের লক্ষণ সকল যদি বিলুপ্ত না হয়, তাহা হইলে চকুর অপর্ণার্শ হইতে আইরিদের কিয়দংশ ছেদন করা বাইতে পারে। তাহাতে আইরিদের অদ্ধাংশ বিপরীত অংশ হইতে দ্বিধা হইয়া যায়। এই সকল স্থলে সম্ভব হইলে আইরিনের উর্দ্ধ ও অধঃ এই উভয় ভাগ হইতে এক একটি সংশ ছেদন করা যুক্তিযুক্ত। কারণ তাহাতে ইহার মধ্যন্থিত ছিদ্র উদ্ধি অফিপুট দারা আংশিকরূপে আবৃত থাকিতে পারে। আর নকল সময়ে আইরিদের দ্বিতীয়াংশ ছেদন দারাও আমানিগের অভিপ্রায় নিদ্ধ হয় না। ইরিডোকোরইডাইটিস রোগের মন্দ অবস্থাতে মিষ্টার বৌন্যানের

পরাম্পান্ত্রারে আমরা আইরিসকে তৃতীয়-বার পর্য্যন্ত ছেদন করিতে পারি। ইহার একটি কারণ এই যে হয়ত আই-রিসের যে তুল হইতে প্রণম এবং দ্বিতীয়বারে উহার অংশ ছেদন করা হইয়াছিল, তাহা ইউভিয়াল্ ( Uveal ) প্রদেশত্ব নবোৎপত্তির দারা পরিপূর্ণ হইয়াছে বা হইতে পারে। ভাহাতে আলোক রেটিনায় উপস্থিত হইতে পারে না। তত্রাচ প্রথম বারের শস্ত্রক্রিয়ার দ্বারা ঐ অংশগত হাইপারস্যাক্সান বা বর্দ্ধিত ক্রিয়া ন্যন হয়,তাহাতে তৃতীয়বার ইরিডেক্টমী শস্ত্রক্রিয়ার সময় পর্য্যন্ত আইরিদের মধ্যন্থ ঐ ছিদ্রের মধ্যন্ত প্রদেশ পরিকার থাকে। এইরূপে শেষ শস্ত্রক্রিয়াতে, বিশেষতঃ নির্দ ইরিডো-কোরাইডাইটিস রোগে, অত্যন্ত সভোষ জনক কল পাওয়া যায়। প্যারেয়াইমেটস্ প্রকারের পীড়াতে, সর্বস্থলেই প্রচুর নবোৎপর পদার্থ ( Neo-plasm ) আমাদের বল্পকে বিশেষরূপে বিফল করিতে চেষ্টা করে এবং আইরিসের যে কিরদংশ স্থানাম্বরিত করা হয় তংস্থল উহা দারা পুনরায় আবৃত হয় তদিময়ে আশল্পা না করিয়া থাকিতে পারা যায় না। অধ্যাপক ভন্ গ্রিফি বলেন যে আমাদিগের এইরূপ স্থে জাইরিসের একটি অংশ ছেদন ক্রিয়াই কান্ত থাকা উচিত নহে কিন্তু

<sup>•</sup> Ophthalmic Hospital Reports, vol. iii. p. 230

তৎসঙ্গে সংল ইহার পশ্চাতে উৎপন্ন পদার্থ ( Neo-plastic ) ও স্থানান্তরিত করা বিধেন। এইরূপ আইরিদ্ ছেদন করিবার পক্ষে দরল বক্রান্তবিশিষ্ট ফর্দেন্স ( Straight-hooked forceps ) উত্তম। এই শস্তের দ্বারান্ত আই-রিদের পশ্চান্তাণে সংযুক্ত বিলির অংশ সকলও অপনীত করা বাইতে পারে, কিন্তু দর্পণকে কোন রূপে আঘাত না করিয়া তাহাদিগকে স্থানান্তরিত করা অনেক সময়ে অসম্ভব হইরা উঠে। এই কারণে এবং আরও লেন্স্ আইরিদে সংলগ্ন থাকে বলিয়া, চক্ষুর অনিষ্ট ঘটিবার সন্তাবনা, একারণ ভন্থিফি লেন্স্ স্থানান্তরিত করিবার নিমিত্ত ইরিডেক্টমী শস্ত্রক্রিয়ার সহিত নিয়োক্ত প্রকার শস্ত্রক্রিয়া অবচারণের প্রামর্শ দেন:—

যান কর্ণিরার অবস্থা দৃষ্টে ফুরাপ্ (Flap) অধঃদিকে প্রস্তুত করিতে পারা যান্ন এমত বোধ হয়, তবে তিনি অধোভিম্থে এমতভাবে একটি ফুরাপ্ প্রস্তুত করিতে বলেন যাহাতে আইরিদ্ কোন প্রকারে আঘাত প্রাপ্ত প্রস্তুত করিতে বলেন যাহাতে আইরিদ্ কোন প্রকারে আঘাত প্রাপ্ত হইরা থাকে তাহাহইলে তিনি সাহসপূর্বক ইহার মধ্য দিয়া ছুরিকা প্রনেশ করাইতে এবং যাহাতে লেন্স সহজে বহির্গত হইতে পারে তরিমিত্ত ক্যাপ্স্তুল্ বা দর্শনকোষ ছিন্ন করিতে বলেন। যদি আইরিদ্ এরপ প্রকার না হয়, অপবা পূর্ববৎ অবস্থায় থাকে, তাহা হইলে এক যোড় সন্দংশ যন্ত্র বা বড়িশ যন্ত্র (A pairof straight forceps or a hook) প্রবিষ্ঠ করাইয়া দেন্ এবং আইরিসের ও সেম্ব্রেণের এতদ্র পর্যান্ত স্থানান্তরিত বা ছিন্ন করেন যাহা লেন্সের বহির্গতির নিমিত্ত নিতান্ত আবশ্যক হইতে পারে। শস্ত্রক্রিয়ার পর, একটি কম্প্রেন্ প্রথমে দৃঢ় এবং পরে কিঞ্চিৎ শিথিলভাবে প্রযুক্ত করিতে হয়। সচরাচর অতি অল্লই প্রতি ক্রিয়া (Reaction) হয়। ইহাতে রোগী এক বা ছই দিনের নিমিত্ত শ্যায় এবং পাঁচ সাত দিন অন্ধকার গ্রে থাকিতে ভাল বাসে।

কোন কোন স্থলে লেন্স্ স্থানান্তরিত হইবার পর আইরিনের অবস্থা উত্তম হইতে থাকে। সম্থবর্তী কুটীর প্রশন্ত হয় এবং কোন কোন রোগী অপেকাক্বত উত্তম দেখিতে পায়। অনেক স্থলে সিলিয়ারি নিউরোশিসেরও বহুল পরিমাণে হ্রাস হয়। সম্থবর্তী কুটীরে রক্তপাত হইলে তজ্জন্য কোমল কম্পেদ্ই উত্তম। কখন কখন রক্ত শোষিত হইতে ছই তিন সপ্তাহ লাগে। লেন্দ্রহির্গত করিবার এক মাদ বা ছয় সপ্তাহ পরে ইরিডেক্টমী শস্ত্রণ করিতে হয়। ভন্ গ্রিফি একটি আয়ত ছেদ (Linear incision) করেন এবং মেন্রেণময় ভাগের মধ্য দিয়া একটি রহৎ তীক্ষাগ্রবিশিষ্ট বিজেশ য়য়্র (Hook) মেন্রেণের উপর লম্বভাবে প্রবিষ্ট করাইয়া দেন। মদ্যালি বিজেশ য়য় য়ারা আকর্ষণ করিলে মধ্যমাকারের একটি পরিক্ষার কৃষ্ণবর্ণ কনীনিকা স্পষ্ট লক্ষিত এবং ভিট্রিয়্ম হিউমার সম্মুখবর্তী কুটারে ধাবিত হয়, তাহাহইলে তাহাতেই প্রচুর ছিয় করা (Dilaceration) হইয়াছে, এরপ

যদ্যপি ইহা সম্যক্ না হয়, তাহা হইলে ভোতা বজিশ যন্ত্র বা সরল সন্দংশ্যন্ত্র (A blunt nook or a straight pair of forceps) প্রবিষ্ট করাইয়া ছিদ্র বিশাল করিতে হয়। যদি ন্তন কনীনিকাতে দ্বিতীয়বার ক্যাটারাক্তি রোগ দেখা দেয়, তাহা হইলেও উপযু্তিক কার্য্য আবশ্যক। এই শন্ত্রক্র্যার পর কর্ণিয়া অধিকতর স্থুল হয় এবং পুনর্কার উত্তম বক্রাকার (Curvature) প্রাপ্ত হইতে পারে।

প্রথমে তিনি এই ভয় পাইয়াছিলেন, যে এমত স্থলে কনীনিকা আবদ্ধ হইয়া যাইতে পারে। কিন্তু সোভাগাবশতঃ এরপ ঘটে নাই এবং এই বিষয়ে মে যে স্থলে পূর্দ্ধে লেন্স্ স্থানান্তরিত না করিয়া ইরিডেক্টমী করা হয়, তাহাতে বে ফলোৎপত্তি হইয়াছিল এস্থলে সে নিয়মের আশ্চর্য্য অন্যথাভাব লক্ষিত হইয়াছিল। তিনি ছইটি ঘটনা বর্ণনা করেন, যাহাতে ঐ কার্য্যের পরিণামে বিশেষ উপকার হইয়াছিল।

### নিম্প্যাথেটিক্ ইরিডো-নিক্লাইটিস্ Sympathetic Irido-Cyclitis

কিম্বা নিলিয়ারি পদার্থের প্রদাহ যাহাকে কথন কথন সিম্প্যাথেটিক্
অফ্থ্যাল্নিয়া (Sympathetic ophthalmia) বলে, তাহা ইরিডো-কোরইডাইটিসেরই (Irido-choroiditis) আকারবিশেব এবং পীড়িতাক্ষির অল্প অল্প
উত্তেজনার কলস্বরূপ বলিয়া বোধ হয়। এই উত্তেজনা সিলিয়ারি সায়ু দ্বারা
পীড়িত হইতে সুস্ত চক্তেনীত হইয়া থাকে। তাহাতে সেই চক্ষেও রক্তাধিক্য

এবং প্রদাহজনিত টিম্বর বা বিধান বৃদ্ধি (proliferation) হইতে থাকে।
এক চক্ষুর পীড়াবশতঃ (Lesions) জনবরত উত্তেজনা থাকিলে এই ছলবেশী
ভয়ানক প্রকার পীড়া জন্য চক্ষে উপস্থিত হয়। যথা অধঃদিকে নিমগ্ন লেন্দের
উত্তেজনাও ইরিডো-কোরইডাইটিস্ কিম্বা ক্লেরটিকের যে বিন্ধনাঘাতে ক্ষত
কলঙ্কের সহিত সিলিয়ারি স্নায়্-শাথার সংযোগ হয়, তাহা দারাও এবংবিধ
ব্যাধি উৎপন্ন হইতে পারে। যাহাই হউক কেবল একমাত্র সাইনিকিয়া এক
চক্ষুতে এমত ভাবে জনবরত উত্তেজনা স্থায়ী রাখিতে পারে যে, তাহা দারা
জন্য চক্ষুতে সিম্প্যাথেটিক্ ইরিডো-সিক্লাইটিস্ হইবার সন্তাবনা।

পীড়ার প্রবল অবস্থাতেই যে একটি চক্লুর পীড়াতে অপরটিতে ক্ষতিজনক পরিবর্তন উপস্থিত হয়, এমত কথা বলা যাইতে পারে না। জনেক সময়ে এরপও ঘটে যে হ্রনিত ও ধ্বংশপ্রাপ্ত অক্ষি গোলকের স্পর্শাক্তি বৃদ্ধি (Sensitive) থাকে এবং হয় ত উহাতে পুনঃ পুনঃ ও মধ্যে মধ্যে বেদনা উপস্থিত হয়। এমত স্থলে অপর চক্ষ্টীতে সিম্প্যাথেটিক্ ইরিডো-সিক্লাইটিদ্ হওয়া অসাধারণ নহে। আমাদের সদাসর্বদা ইহা অরণ রাখা কর্ত্তব্য যে, একটি চক্ষু কোন প্রকার পীড়া বা দৈবঘটনাপ্রযুক্ত ক্ষতিগ্রস্ত হইলে, উহা সিম্প্যাথেটিক্ স্বায়ুর কার্য্যের দারা স্বস্থ চক্ষ্তে অত্যন্ত হানি-জনক ক্রিয়া সম্প্র-স্থিত ক্রিতে পারে।

দিরদ্ ও প্যাবেন্স্বাইমেটদ্ ইরিডোগিক্লাইটিদ্ এই গুই নামে এই প্রকার পীড়া বর্ণিত হয়।

সিরস্ ইরিডো-সিক্লাইটিস্ (Serous irido cyclitis)। ইহার প্রথমাবস্থায় দৃষ্টির ক্ষীণতা থাকে এবং তদবস্থায় একমাত্র উহাই রোগীর অস্থথের কারণ হয়। প্রত্যেক বস্তুই বোধ হয় যেন কুজ্বটিকার ভিতর হইতে দেখিতে পাওয়া যাইতেছে। আর এই সকল লক্ষণ স্থ্যান্তের পর যেরপ অল্প আলোক হয় তত্রপ অল্প আলোকে স্পষ্ট প্রকাশ পায়। বস্ততঃ এই ব্যাধির ইহা এরূপ স্থব্যক্ত লক্ষণ যে কথন কথন ইহাকে রাত্রি অন্ধতা বিলিয়া জ্রম হয়। যেমন পীড়া বিদ্ধিত হইতে থাকে, রোগী তাহার চক্ষুর সমূথে অস্বচ্ছ পদার্থ ভাসমান দেখিতে পায়। এই সকল লক্ষণ ভিট্রিয়দ্ হিউমারের স্বস্থ্ছতা এবং তদনস্তর উহার জলবদ্ধাবের উপরে নির্ভির করে।

চক্ষুতে বেদনা না থাকিতে পারে এবং রক্তপূর্ণ স্ক্রেটিকের নাড়ীচক্তেরও অভাব থাকিতে পারে। যদি আলোকের উত্তেজনায় কনীনিকা উত্তেজিত হয়, তবে তাহাও অল্লে অল্লেই প্রদারিত হইয়া থাকে এবং অনেক সময়ে প্রেল কনীনিকা প্রসারক নিক্ষিপ্ত করিলেও অনেকক্ষণের পর উহা স্বকার্য্যে প্রস্তু হয়।

অন্যান্য স্থলে শীঘ্রই রসক্ষরণ হইয়া থাকে এবং এই সকল স্থলে চক্ষুর আভ্যন্তরিক সঞ্চাপন এবং অক্ষিগোলকের আয়াম হঠাৎ বর্দ্ধিত হওয়াতে, রোগী চক্ষুতে এবং উহার নিকটস্থ মন্তক-পার্শ্বে অত্যন্ত কন্ত অনুভব করেন। এই সময়ে তৎকালীন দৃষ্টিশক্তি সম্পূর্ণ রূপেই তিরোহিত হইয়া য়ায়। এই প্রবল অবস্থায় কর্ণিয়ার পশ্চাঘ্রন্তী ন্তর অস্বচ্ছ হয়, ইহার এপিথিলিয়ম্ অসম্ভ ও বিশ্বাকার স্তৃপে (Flocculent looking masses) পরিণত হয় তাহাতে কর্ণিয়াকে বিন্দু চিহ্নিত দেখিতে পাওয়া য়ায়। অস্বচ্ছতা কথন কথন এত ঘন হয় য়ে,ইহার মধ্য দিয়া আইরিসের স্তুময় বিধানও দেখিতে পাওয়া য়ায় না।

২। প্যারেন্কাইমেটস্ ইরিডো-সিক্লাইটিস্।—Parenchymatous Irido-cyclitis পীজিত চক্র অস্ত্র্ত্র কার্য্য স্ত্র্ত্র চক্ত্রেত্র উপনীত

হইলে, তাহার পরিণামেই উপর্যুক্ত সিরস্ প্রকারের পীড়া অপেক্ষা এই
প্রকার পীড়া অধিক সময়ে জন্মাইতে দেখা যায়। ইহা স্মরণ রাখা কর্ত্র্ব্য
মে, চক্ষ্র এই হানি জনক পরিবর্ত্তন অনেক সময়ে অতীব ছ্মাবেশী

হইয়া থাকে। পীজিত বিধান সময়ে সময়ে রোগীর ক্লেশ বা অস্ত্রবিধার পরিবর্ত্তে তাহার বিরক্তির কারণ হইয়া উঠে। ইহাকে পীজনে

যন্ত্রণা বোধ হয় এবং সময়ে সময়ে কপোল ও গওদেশের সামুতে বেদনা

অস্ত্রত্ত হয়। এই সকল স্থলে এমতও হইতে পারে যে, যে চক্ষ্ এতাবৎ
কাল পর্যান্ত স্ক্রন্থ ছিল তাহাতে রোগী অন্য কোন কন্ত্র অন্তর্ব করে না।

কিন্তু হয় ত তাহাতে কিঞ্চিৎ পরিমাণ স্ক্রেটিক্ রঞ্জিত থাকে এবং উত্তম

রূপে পরীক্ষা করিলে আইরিসের বর্ণ পরিবর্ত্ত্রিত এবং ইহার স্থ্রময় বিধান

অস্পন্ত দেখিতে পাওয়া যায়। ইহা আলোকের উত্তেজনায় উত্তেজিত হইলেও তাহা অতি অরেই ক্রেন্ট্র হইয়া থাকে এবং তদ্বাতীত সম্মুখবর্ত্রী
ক্টারের গভীরতাও ন্ন হয়। অন্যান্য স্থলে আইরিস্থ পীজিত হওয়ার

লক্ষণ ভিন্ন রোগীর চক্ষ্তে, বিশেষতঃ সিলিয়ারি প্রদেশ পীড়ন করিলে অত্যন্ত কট্ট অন্থতব হইয়া থাকে। এ ভিন্ন আলোকাসহিয়্তা অঞা বিগলন ও জ্ব-দেশে স্বায়্ বেদনা হইয়া থাকে। কিছুদিন পর কনানিকা আলোকের উত্তেজনায় আর উত্তেজিত হয় না এবং চক্ষুতে বিন্দু বিন্দু পরিমাণে আট্রোপাইন্ প্রয়োগ করিলে দেখা যায় য়ে, ইতিপূর্কেই পশ্চাৎ দিক্স্থ সাইনিকিয়া জনিয়াছে। সেই সাইনিকিয়া বৃদ্ধি হইয়া আইরিস্কে লেনের ক্যাপ্সলের সহিত আবদ্ধ করে ও তাহাতে কনীনিকা সর্কাদা নিউয়োল্য়াষ্টিক্ উৎপত্তির দ্বায়ায় আবদ্ধ হওয়াছে, ঈয়ৎ পীতবর্ণ দেখায়। আইনিস্ এবং কোরইডের ট্রোমাতে বা ভিত্তি স্বেন্ত এরপ প্রকার পরিবর্তন ঘটে। তাহাদিগের স্ত্রময় বিধানের হ্রাস ও ধ্বংস হইয়া থাকে। লেন্দ্ এবং ভিট্রিয়সে ও এইরূপ হানি জনক পরিবর্ত্তন উপস্থিত হয় এবং চক্ষ্ ও অনেক স্থলে এমত ভাবে পীড়িত হয় যে উহার আরোগ্য লাভের আর

ইহাদের অপেক্ষা মৃত্ন আর এক প্রকার পীড়া আছে, যাহা চিকিৎসাকালে মধ্যে মধ্যে দেখিতে পাওয়া যায়। ইহা উপর্যুক্ত পীড়া হইতে অপেক্ষাক্কত অল্প কষ্ট দায়ক। বস্ততঃ ইহাকে সিম্প্যাথেটিক্ ইরিডো-কোরইডাইটিন্ এর পরিবর্ত্তে সিম্প্যাথেটিক্ ইরিটেসন্ বা উত্তেজন (Sympathetic Irritation) বলা যাইতে পারে। এই সকল হলে আঘাত বা পীড়াপ্রযুক্ত রোগীর এক চক্ষু সম্পূর্ণভাবে বা আংশিকরূপে বিনপ্ত হইবার সম্ভাবনা। হয়ত রোগী ক্ষতিগ্রস্ত চক্তে কোন বেদনা বা জলন অন্তব করে না। কিন্তু সময়ে সময়ে অত্যন্ত পরিশ্রম বা অতিরিক্ত ভোজন, সন্তবসত এই উভয়ের নিমিন্তই এবং অতিশয় ধ্মপানপ্রযুক্ত, স্কন্ত চক্ষু জলতে থাকে এবং উহা রঞ্জিত হয় কনজংটাইভার নিয়ন্ত নাড়ীচক্র রক্তপূর্ণ হইয়া থাকে, আলোকাসহিষ্ণুতা জন্মায় ও কপোল দেশের উপরিভাগে কট্টকর বেদনা অন্তন্ত হয়। আর সেই চক্ষু ব্যবহার কালে এই সকল লক্ষণ বৃদ্ধিপ্রাপ্ত হইয়া থাকে। অক্যিগোলকের আয়াম স্বাভাবিক এবং কনীনিকা আলোকের উত্তেজনায় উত্তেজিত হয়। কিছু দিন বিশ্রাম এবং হয় ত বিচক্ষণতার সহিত্ব কিছু দিন অনাহার থাকিলে পর, চক্ষু পুনরায় ইহার স্বাভাবিক অবস্থা এবং

কার্য্য ক্ষমতা প্রাপ্ত হয় এবং রোগী সম্ভাক্ত দিবদের ন্যায় তাহার কার্য্য করিতে পারেন। সিম্প্যাণেটিক্ ইরিডো-সিক্লাইটিদ্ হইতে ঈদ্শ পী ড়ার এই প্রভেদ দে ইহা কোন প্রকার মন্দ পরিণাম উৎপাদন না করিয়া এমন কি, কয়েক বৎমর পর্যান্ত একভাবেই থাকিতে পারে। কিন্তু এই সকল কন্ত ব্যতীত যদি আমরা দেখিতে পাই, যে রোগীর স্কৃত্ত চক্ষুর সিরিয়ারি প্রদেশের উপরিভাগ পীড়নে বেদনা অন্তভূত হয়, গোলকের আয়াম বৃদ্ধি প্রাপ্ত, দর্শন-শক্তি বিল্পু, (ইহা অল্প পরিমাণে ঘোর হইতে পারে) এবং পূর্ব্বের অপেক্ষা য়াাকমোডেসণের তীক্ষতার হ্রাম এবং হয় ত কনীনিকা অতি অল্পে অলে ইহার স্বকার্য্য মাধনে প্রবৃদ্ধি, তাহা হইলে উহাকে সিম্প্যাথেটিক্ ইরিটেনন অপেক্ষা ইরিডোকোরইডাইটিসের প্রথমাবস্থা বোধে চিকিৎসা করা বিধের এবং তাহা হইলেও রোগী আমাদের চিকিৎসাধীনে আসিবার পূর্ব্বে এই সকল লক্ষণ যেরূপ আকার ধারণ করে তদকুসারে, ভাবীফল ও ভাল বা মন্দ হইয়া থাকে।

কারণ। ইহা পূর্নেই উক্ত হইরাছে বে একটি চক্ষ্তে গন্ক্যাপ্ (Guncap) এর খণ্ড বা জন্য কোন কঠিন পদার্থের উপস্থিতি নিবন্ধন দিনিয়ারি সায়ুর প্রভাবে অপর চক্টাতে সমবেদন জনিত অতিরিক্ত কার্য্য (Sympathetic hyperaction) হওয়াতেই সচরাচর সিম্প্যাথেটিক্ ইরিডো-কোরইডাইটিম্ জন্মাইয়া থাকে। (ভারতবর্ষে) সচরাচর ক্যাটারয়াক্ত হইতে আরোগ্য লাভের নিমিত্ত শস্ত্রেরার দারা সিলিয়ারি প্রবর্জনে মাল-বৈদ্য-দারা যে স্থানান্তরিত লেন্স্ নিকিপ্ত হয়, তাহাও ইহার একটি কারণ। এই সকল স্থলে যদি পূযোৎপত্তির দারা ক্ষতিগ্রন্থ চক্ষ্টি সম্পূর্ণরূপে ধ্বংশ হইয়া যায়, তাহা হইলে তাহাকে শুভ মনে করিতে হইবে। কারণ গোলকের ক্ষেটিক প্রযুক্ত উক্ত চক্ষ্ বিনম্ভ হইলে, অপর চক্ষ্টিতে সিম্প্যাথেটিক্ ইরিটেদন্ হইবার অতি জল্লই সন্তাবনা। এই দিদ্যান্তের কারণ এই যে, অক্ষি গোলকের ক্ষোটক দারা সিরিয়ারি য়ায়ু অথবা তাহাদিগের শেষ ভাগন্থ শাপা সমূহ সমূলে বিনম্ভ হওয়াতে, ইহাদিগের দারা অপর চক্টিতে হাইপার আ্যাক্সান্ বা ক্রিয়াতিরিক্ত (Hyperaction ) আরম্ভ হইতে পারে না।

কেবলমাত্র শৈলাই সিম্প্যাথেটিক্ ইরিডো সিক্লাইটিসের কারণ তাহা
নহে। স্বেরটিক্ ও কোরইডের কর্ত্তি আঘাত প্রভৃতি অফিগোলকের
অপায়ে ক্ষত শুদ্ধ হইবার সময় ক্ষতকলদ্ধে সিলিয়ারি সায়ুর কোন কোন
শাখা রুদ্ধ হইলেও সিম্প্যাথেটিক্ ইরিটেস্ম্ (Sympathetic irritation) জন্মাইতে পারে। এইরপে আইরিসের ষ্ট্যাফিলোমার নিমিত্তও এই
ভয়ানক প্রকার পীড়া হইবার সন্তাবনা। অবশেষে আমাদিগের ইহা স্মরণ
রাখা কর্ত্তব্য যে একটি চক্ষুর আভ্যন্তরিক প্রদাহ যে কোন কারণেই হউক না
কেন যদি উহার সঙ্গে পীড়িত অক্ষিগোলকের সিলিয়ারি প্রদেশের উপর
অবিরত স্পর্শাসহিষ্ণুতা বর্ত্তমান্ থাকে, তবে সিম্প্যাথেটিক্ ইরিটেস্ন্ হইবার
অতিশ্য় সন্তাবনা।

ভাবী ফল।—যদিও সিম্পাাথেটিক্ ইরিডো-কোরইডাইটিস্ রোগে পীড়িত। ফি উৎপাটিত করিলেম্স্ চক্ষু সন্তব্যতঃ রক্ষা হইতে পারে, তত্রাচ সিম্পাাথেটিক্ ইরিডো-কোরইডাইটিস্ রোগের ভাবীফল অভিশয় অগুভজনক। কিন্তু যথন এক চক্ষুগত উত্তেজনের নিমিত্ত অপরটির বিধানের কোন পরিবর্ত্তন ঘটে, দ্বিতীয় চক্ষু রক্ষা করিবার পক্ষে অতি অল্পর প্রত্যাশা থাকে। ইহা একটি সাধারণ নিয়ম বলিতে হইবে দে, এই প্রকার পীড়া কয়েক সপ্তাহ বা মাসের মধ্যেই একটি আঘাতিত বা পীড়িত চক্ষু হইতে অপরটিতে সঞ্চালিত হয়, কিন্তু এরপ ঘটিতে পারে যে দ্বিতীয় চক্ষুতে এই ভয়ানক পীড়ার কোন বলবৎ লক্ষণ দৃষ্ট বা উহাতে মন আকর্ষিত হয়, এমত অবস্থা প্রাপ্ত হইবার পূর্ব্বেবহু দিন এমন কি কয়েক বৎসরও অতীত হইতে পারে এবং তথন পীড়িত তাক্ষি নিদ্ধাশন করিবার কাল বহির্ভূত হইয়া থাকে। এই সকল স্থলে নিদ্ধাশন নিনিত্ত শস্ত্রক্রিয়া করিলে কিয়ৎকালের জন্য প্রাপ্তি প্রাপ্ত হত্তরা যায়, কিন্তু দ্বিতীয় চক্ষুর অস্বাভাবিক কার্য্যে গতিবন্ধের নিনিত্ত ইহার উপর নির্ভর করিতে পারা যায় না।

চিকিৎ সা। — পূর্বেই হা পুনঃপুনঃ কথিত হইয়াছে যে, এই প্রকার পীড়া পীড়িত বা বিনষ্ট চক্ষু হইতে উৎপন্ন হয়, তাহাতে আমরা সহজেই বুঝিতে পারি যে, এই সকল স্থলে পীড়িত অক্ষিগোলক নিজাশন করা আবং শ্যক। অতএব, ইহা সাধারণ নিরমস্বরূপে বলা যাইতে পারে যে একটি চক্র দর্শনশক্তি বিনথ হইলে এবং অপরটিতে ক্রিরাভিরিক্তের (Hypernction) লক্ষণ সকল প্রকাশ পাইলে, রোগীকে পীড়িতাক্ষি নিদ্ধাশনের
পরানর্শ দেওয়া বিধেয়। তত্রাচ তথনও আমরা রোগীকে নিশ্চয় করিয়া
বলিতে পারি না যে অপর চক্টিতে পীড়ার রুদ্ধি হইবে না। এইরপ চিকিৎসাই উচিত, কিন্ত ইহা ক্ষতি নিবারণ জন্য বিশেষ উপকারক এমত বলিতে
পারা যায় না। আর যদি দিতীয় চক্র সিলিয়ারি (ciliary) প্রদেশের উপরিভাগ পীড়নে বেদনা এবং উহার বিধান সম্কীয় পরিবর্তন উপস্থিত হয়,
তবে উপর্যুক্ত কার্যা প্রায়ই অকর্মণা হইয়া থাকে।

সিম্প্যাথেটিক্ উত্তেজনা জনিত পীড়াগ্রস্ত চকুর চিকিৎসা প্রায়ই অসম্বোষ জনক হইনা থাকে। জ্যাট্রোপাইনের দারা কনীনিকা সম্পূর্ণরূপে প্রসারিত রাখিতে চেষ্টা করা এবং চক্ষুকে সম্পূর্ণরূপ স্থিরভাবে রাখা বিধেয়। এই অভিপ্রায় সিদ্ধির নিমিত্ত রোগীকে অন্ধর্কার গৃহে রাখিতে হয় এবং তাহাকে অতি অল আহার ক্রিতে দেওয়া উচিত।

এই প্রকার অন্থ্রেজক চিকিৎসায় রোগী ঐ সময় যে কোন প্রকারের প্রদাহজনক অত্যাচারে পীজ্ত হউক না কেন, তাহা নিবারিত করিবার আশা করিতে পারা নায়। কিন্তু ইহা নিশ্চয় যে উহা প্নর্লার আক্রান্ত হইবে এবং প্রত্যেক অভিনব আক্রমণে পূর্ব্লের অপেক্ষা অবিকতর ক্ষতি সম্পাদিত হইবে। সিম্প্যাথেটিক্ ইরিডোকোরইডাইটিস্ রোগে যে ইরিডেক্টিমি শস্ত্রেরা দারা উপকার হইবে ইহা নিশ্চয় করিয়া বলা যায় না; রোগের প্রথমাবত্যায় সন্তব্যতঃ ইহার চেষ্টা করা যাইতে পারে, কিন্তু আরোগ্য লাভের অতি অন্তর্ম সন্তাবনা। শেষ অবস্থাতে আইরিস এত গলিত হয় এবং দর্পণ কোষের সহিত এত দৃঢ়রূপে সংযুক্ত হইতে পারে যে, ইহা ইরিডেক্টিমি কর্সেপ্ (tridectomy forceps)এর দারায় গৃত হইলে ছিয় হইয়া যায় তাহাতেই এই শস্ত্রেরা বিফল হইয়া থাকে।

## দশ্ম ভাধ্যায়।

# কোরইডের রোগ সমূহ।

DISEASES OF THE CHOROID.

### तक्राधिका धवः धाना ।

রক্তাধিক্য। — কৃষ্ণবর্গ চর্মবিশিষ্ট সন্ত্র্য জাতিদের কোরইডে বর্ণ-বিশিষ্ট হেক্মাগোন্যাল্ অর্থাৎ সাত কোন বিশিষ্ট কোষ সমূহ থাকাতে অক্ষি-বীক্ষণ দারা তাহা দৃষ্টিগোচর হয় না।

কোরইডের পুরাতন রক্তাধিক্য রোগ রোগীর অজ্ঞাতভাবে উৎপর হইয়া থাকে। অধিক্ত চক্ষুগোলকের আয়াম সচরাচর স্বাভাবিক থাকে, আইরিস্ আলোকাত্মরূপ আকার ধারণ করে এবং দৃষ্টিপথ পরিষ্কার থাকে। সময়ে সময়ে রোগীর দৃষ্টির ক্ষীণতা জন্মে তথন আলোক সহ্থ হয় না এবং চক্ষুপরি চাপ দিলে কিঞ্চিৎ বেদনা অন্তব করে। স্ক্রেটিকের চতুর্দ্দিকস্থ নাড়ীমওলে কিঞ্চিৎ রক্তাধিক্য হয় এবং ইয়ার সঙ্গে সদ্পান্তি ব্লিয়া অনেকে বিবেচনা করিতে পারে। ইহাকে সচরাচর স্ক্রেটটিস্ বলিয়া অনেকে বিবেচনা করিতে পারেন, কিন্তু বাস্তবিক তাহা কোরইডের প্রাদাহ বশতঃ হইয়া থাকে।

ইহার প্রমাণার্থ ডাক্তার ম্যাক্নামারা সাহেব একটি অপ্থ্যাল্মিক্ হাঁস-পাতালের কুলীকে উদাহরণ স্বরূপ উল্লেখ করেন। তাহার চক্ষু স্বাভাবিক ছিল মনে করিয়া, রেটিনাইটিস্ রোগের সঙ্গে তুলনা করিয়া ছাত্রদিগকে দেখাইবার জন্য তাহার একটি চক্তে আাট্রোপাইন্ প্রয়োগ করেন, কিস্ক ইহার বিপরীত দেখিতে পাইলেন যে, তাহার ঐ চলুর কোরইড্রক্তপূর্ণ।
বড় বড় কোরইড সম্বন্ধীয় রক্তবহা নাড়ীগুলিকে কোরইডস্থ রুফ্যবর্ণ দাগের
সধ্য দিরা বক্তভাবে গমন করিতে এবং জুদ্র কুদ্র নাড়ীগুলির পূর্ণাবস্থা দারা
সমস্ত কোরইড্রক্তবর্ণ দেখিতে পাইলেন। বিশেষ অন্ত্রস্কান করার পর
দানিতে পারিলেন যে কোরইডের রক্তাধিক্য হইলে যেরূপ বেদনা অন্ত্র্ত
হয় উক্ত ব্যক্তি সময়ে সময়ে সেই প্রকার বেদনা ভোগ করিয়াছিল।

পূর্ব বৃত্তান্ত অনুধাবন করিয়া আপাততঃ এরূপ আমাদের বোধ হইতে পারে যে কোরইডের প্যাসিব্ বা নাতিপ্রবল রক্তাধিক্য অতি সহজ ব্যাপার কিন্ত ইহা সহজ ব্যাধি নহে। ক্রমে ক্রমে সময়ে ইহা হইতে পোষণের হানি জনায় এবং তজ্জা লেন্স্ ও ভিট্রিয়েসে অপকৃষ্ট পরিবর্তন উপস্থিত হয়। ডাক্তার ম্যাক্নামারার এরূপ বিখাস যে ইহা হইতে চক্ত্র গভীরতম প্রদেশের অনেক ক্ষতি সংঘটন হয়।

কৃষ্ণবর্ণ চর্মবিশিষ্ট ব্যক্তিদিগের কোরইডের প্রদাহ ইইলে তাহার প্রথম পরিবর্তন স্বরূপ উহার হেক্সাগোন্যাল্ কোষগুলিকে অপস্ত ইইতে দেখা যায়। সাধারণত বলিতে গেলে রক্তাধিক্য বশতঃ অনেক স্থলে উক্ত কোষগুলি বিচ্ছিন্ন ও ধ্বংশ হয়, কিন্তু ডাক্তার ম্যাক্নামারার বিশ্বাস এই যে তাহারা রক্তপূর্ণ নাড়ীগুলি দ্বারা বামে ও দক্ষিণে কেবল মাত্র স্থান ভ্রষ্ট হয় এবং যেমত রক্তাধিক্য স্থান হইতে থাকে তাহারাও আপন আপন স্থানে উপস্থিত হয় এবং তথন উক্ত স্থান স্বাভাবিক অবস্থা প্রাপ্ত হয়।

কোরইডের ইপিথেলিয়াল্ স্তরের এই সকল পরিবর্ত্তন ব্যতীতও উহার বর্ণকোষগুলি রক্তপূর্ণ নাড়ীসমূহ দারা চাপিত এবং স্তূপাকারে সংগৃহীত হ্র। এই অবস্থা হইতে কলাচিৎ তাহাদের মুক্তিলাভ হয় এবং স্ক্লেরটিকের সহিত অল্প বা অধিক দৃঢ়তার সহিত কাল দাগের ন্যায় সংলগ্ন হইয়া থাকে। ইলাদের কার্য্য বাহাই হউক না কেন যেরূপ পরিবর্তনের বিষয় বর্ণন করা গেল ভদ্বারা কোরইডের ক্রিয়ার যে অনেক ব্যাঘাত ঘটিবে তাহার কোন সন্দেহ নাই।

ক'রণ।— অতিরিক্ত কার্যা, উত্তেজনা বা শারীরিক ত্র্বলভাবশতঃ কোরইডের নাড়ীগুলির পোষক সায় ত্র্বল হইলে কখন কখন উহাদের মধ্যে রক্তাধিকা হইতে দেখা বায়। ইহা প্রায়ই দেখিতে গাওয়া নায় বে, যুবা ব্যক্তিরা তাহাদের ক্রমিক দৃষ্টির ব্যাঘাতের বিষয় আবেদন করে। এই সকল ব্যক্তি হর্পন, তাহাদের নাড়ী ক্ষুদ্র ও ইরিটেবল্ বা কিঞ্চিৎ চঞ্চল, মুখমঙল রক্তবিহীন এবং অসন্তপ্ত স্নায় প্রকৃতি বিশিপ্ত হয়। তাহাদের এই দৃষ্টির ব্যাঘাত কোন প্রকার ম্যান্থেনিওপিয়ার জন্য হইতে দেখা যায় না। অক্রিবীক্ষণ দারা চক্ত্রপরীক্ষা করিলে এমত সকল অবস্থায় কোরইডের রক্তস্থা নাড়ীগুলিতে রক্ত্যাধিক্য এবং সম্ভবতঃ রক্তবহা নাড়ী সঞ্চালক স্নায়্গুলির হর্পলিতাবশতঃ ভিট্রিরস্পেদার্থের আবিলতা দৃষ্ট হইয়া থাকে। এবংবিধ স্থলে ইহা জানা আবশ্যক বে এই রক্তাধিক্য কি কারণপ্রযুক্ত উৎপন্ন হইয়াছে। অতিরিক্ত পরিশ্রম, স্ত্রীসংসর্গ বা অন্য কোন র্যাধিপ্রযুক্ত ইইলে এই সকল হ্পলিকর কারণ বাহাতে তিরোহিত হয় তদন্ত্র্যায়ী চিকিৎসা করা কর্ত্ব্য। কারণ তাহাতে স্নায়্যুঙল বলপ্রাপ্ত হইলে কোরইডের রক্তবহা নাড়ীগুলি হয়ত সঙ্কোচন অবস্থা প্রাপ্ত হইতে পারে।

কোরইডের প্যাসিব্ হাইপারিসিয়া অর্থাৎ নাতিপ্রবল রক্তাধিক্য ভৌতিক কারণ প্রযুক্তও হইতে পারে। যথা উক্ত স্থানের কোন শিরা সঞ্চাপ প্রাপ্ত হইলে বা হাদ্পিওের পীড়াপ্রযুক্ত সর্কাঙ্গিক রক্ত সঞ্চালনের কোন ব্যাঘাত ঘটিলে ও পূর্কোক্ত কারণবশতঃ হইলে তাহার সঙ্গে সঙ্গে রেটনাতে সিরম্ সঞ্চিত ও কোরইড্ হইতে উহা বিশ্লেষ হইয়া থাকে এবং তৎসহ ভিনস্ কন্জেন্সন্ দৃষ্ট হয়। উপদংশবশতঃ রক্তবহা নাড়ীগুলির আবরক বিল্লির প্রদাহ হইলে বা ডুরামেটর বা মন্তিক্ষের কোন ব্যাধি থাকিলে এই সকল পরিবর্তন ঘটিয়া থাকে। ইহা অত্যন্ত প্রবল শিরঃপীড়া এবং সায় কেন্দ্রের অন্যান্য কার্যের বিশৃঞ্জলভাব দারা তাহা জানা যায়। হদ্পিওের ব্যাধিপ্রযুক্ত হইলে রোগীকে সেই রোগের যে যন্ত্রণা ভোগ করিতে দেখা যায় তাহা দারাই উহাকে জাত হওয়া যায়। কিন্তু তদ্বিষয়ে কোন সন্দেহ থাকিলে তাহা ঔথস্কোপ দারা নির্গর করার আব্রাচ্ছাক হয়।

কোরইডের রক্তাধিক্যের নির্ণয়ার্থ এই সকল বিষয়ে ব্যতীতও আরও অনুসন্ধান করা উচিত যে রোগীর পাক যন্ত্রের ক্রিয়া কি প্রকারে সম্পন্ন ইইতেছে। অনুবহা নালীর কোন প্রকার উত্তেজনা ইইলে সম্বেদন বশতঃ তাহা চক্ষুতে উপস্থিত ইইয়া এক্লপ গীড়া উপস্থিত করিতে পারে।

#### কোরইডের রোগ সমূহ।

অবশেষে ইহা উল্লেখ করা যাইতে গারে যে কোরইডের রক্তাধিক্য কখন কখন অ্যাক্ষোডেসনের ব্যতিক্রমবশতঃ হইতে পারে অর্থাৎ নিক্টস্থ বস্তুর প্রতি দৃষ্টি নিক্লেপকালে অস্বাভাবিক চেষ্টা করিলেও এরূপ রক্তাধিক্য হইতে গারে। ইহাতে চক্ষ্র পেশী যন্ত্রের উপর সতত যে জ্র্কিহভার পড়ে তদ্বারাই কোরইডের এরূপ রক্তাধিক্য সতত বর্ত্ত্বান থাকে।

চিকিৎসা।—আমি ইহা বিশেষ করিয়া বলিতে ইচ্ছা করি বে, বে পর্যান্ত না কোন কারণ নির্ণয় হয় তাবৎ কোন ব্যবস্থা করা উচিত নহে। কারণ নির্ণয় হইলে আমাদের কর্ত্তবাবে, এমত সকল উপায় করি, যাহাতে মে সকল দূরবর্তী শারীরিক ব্যাধির জন্য এরূপ রক্তাধিকা হইয়াছে তাহা দূরীভূত হয়। কিন্তু এতদবিষয় আলোচনা করা এখন আমাদের অভিপ্রেত

স্থানিক চিকিৎসার্থ শীতল জলের ধারা, বিশ্রাস, প্রভাগতা সাধন প্রভৃতি সার্বাঙ্গিক চিকিৎসার সহিত যোগ করিবে। আক্রোডেসনের কোন ব্যতীক্রম বশতঃ রক্তাধিকা হইলে উপযুক্ত চস্মা ব্যবহার করাই উপযুক্ত চিকিৎসা।

কেশরইডাইটিস্ ডিসিমিনেটা।—(Choroiditis Disseminata) অর্থাৎবিচ্ছিন্ন কোরইডাইটিস্ রোগ কোরইডের আংশিক বা স্থানিক পরি-বর্তনের জন্য জন্মে এবং প্রায়ই নাতিপ্রবল ভাষাপন্ন হয়। তজ্জন্য প্রথমানবস্থার কোন লক্ষণ প্রকাশ পায় না এবং বস্ততঃ রোগী এতদ্সম্বন্ধে সম্পূর্ণ আজ্ঞাত থাকিতে পারে। ক্রমে ক্রমে এই রোগ এত বৃদ্ধি পাইতে পারে যে তত্বারা কোরইডের রক্ত সঞ্চালনের ব্যাঘাত জন্মে, তখন ভিট্রিসে অপকৃত্বি পরিবর্তন সকল উপস্থিত হইতে জানস্ত হয় এবং রোগীর দর্শন জন্ম বা অধিক পরিসাণে যোর হয়।

কোরইডের এই প্রকার ব্যাধির সংপ্রাপ্তি উলিখিত প্ল্যাষ্টিক্ আইরাইটিসের সদৃশ, নিওপ্ল্যাষ্টিক্ পদার্থ কোরইডে উৎপন্ন হয়, এবং বে স্থলে
তাহারা জন্মে উহাদের রক্তনাড়ী দারা প্রতিপালিত হওয়ার কালীন সেই
স্থলের রক্ত সঞ্চালনের বেগ ভ্রাস হয় এবং তাহার শুক্তা উপস্থিত হয়।
মদিও কোরইডের এই সকল ব্যাধিকে স্বতন্ত্র এবং পৃথক ব্যাধি বলিয়া বর্ণন

করা আবশ্যক তথাপি ইহা বলা বাহুল্য যে কোরইড বিস্তীর্ণরূপে ব্যাধি-গ্রস্ত হইলে তৎসঙ্গে সঙ্গে রেটিনা ও আইরিসেও আক্রান্ত হইতে দেখা যায়।\*

লক্ষণ 1—বোগী সচরাচর মন্দৃষ্টির বিষয় আবেদন করিয়া থাকে এবং এরপ বলে যে সোকড়সার জাল বা বিন্দু বিন্দু পদার্থ তাহার দৃষ্টিপথে দেখিতে পায়। অতি সামান্য বেদনা থাকে অথবা একে বারেই বেদনা থাকে না। কর্ণিরা কঞ্জংটাইবা এবং স্ক্রেটিক্ সচরাচর সম্পূর্ণ স্কুরাবহায় থাকে। ব্যাধির বিশেষ বৃদ্ধি না হইলে আইরিস স্কুরে দেখায় এবং আলোক দ্বারা উত্তেজিত হয়। শেষে আইরিস পর্যান্ত আক্রান্ত হয় তথন কোরই-ডাইটিসের সহিত প্র্যাষ্টিক্ আইরাইটিস্ যুক্ত হয়। স্ক্রেটিক্ নাড়ীচক্র যাহা পূর্ন্ধাবধিই রক্তপূর্ণ থাকে, আইরাইটিস্ রোগের সহিত মিলিত হইলে নিশ্চয়ই বিশেষরূপে প্রকাশ পায়।

অপথাল্নাস্কোপ্দারা চক্ষ্ পরীকা করিলে রোগের প্রথমাবস্থার জারাসিরেটার নিকট ঈষৎ ধূসর আভা যুক্ত খেত বর্ণের কলঙ্ক গুলি নয়ন গোচর হয়। এই সকল ক্রমে ক্রমে বৃদ্ধি পাইয়াও একত্রিত হইয়া কিম্বা নৃতন পদার্থ উৎপন্ন হইয়া চক্ষ্র গভীরতম প্রদেশে রোটনার পশ্চাতে বহুবর্ণে রঞ্জিত দাগের ন্যায় দেখায়। রোগ যতই উত্রোত্তর বৃদ্ধি পায় কোরইডের তত হাস হইয়া থাকে, এবং এরপ হইলে বিষমাকৃতি দাগের ন্যায় চাক্চিক্য শালী খেত আভা যুক্ত স্কেরটিক্ নয়নগোচর হয়। তাহাদের উপরে রোটনার কতকগুলি রক্তবহা নাড়ী দেখা যায়। কৃষ্ণ বর্ণের পদার্থ দারা এই সকল দাগের চতুর্দ্ধিক বেন্থিত থাকে। যদি এই রোগকে দমন না করিয়া বৃদ্ধি পাইতে দেওয়া যায় তাহা হইলে নিওয়াান্তিক্ পদার্থের দাগ গুলি আকারে বৃদ্ধি পাইতে থাকে (ইহা পূর্ব্বেই উক্ত হইয়াছে) যে পর্যায় না কোরইডের অন্তর্গত রক্ত সঞ্চালনের ব্যাঘাত জন্মাইয়া ভিট্রিয়্ম ও লেন্সের পরিপোষণের হানি জন্মে।

এরপ স্থলে দৃষ্টিক্ষেত্র মধ্যে যে সকল ডিম্বাকার (ফুকিউলাই) পদার্থ দৃষ্ট হয় তাহা জলীয় ভিট্রিয়সের অন্তর্গত ভাসমান ক্ষুদ্র ক্ষুদ্র পদার্থ অথবা

<sup>\* &</sup>quot;Maladies des yeux," Par L. A. Desmarres, tom iii pp, 405, 406.

কীত কোরইড্ দারা রেটিনা চাপিত হইলে এরপ দেখাইতে পারে। এরপ ভাবের সঞ্চালন দৃষ্টিক্ষেত্রে অথবা তাহার নিকটস্থ রেটিনার কোন স্থানে পতিত হইলে রোগী তাহার দৃষ্টিক্ষেত্রে কাল দাগ দেখিতে পাইতেছে বলিয়া আবেদন করিয়া থাকে। ইহা লিখিবার বা পড়িবার কালীন অতিশয় কষ্ট-দায়ক হইয়া থাকে। ইহাকে ইংরাজী ভাষায় স্কোটোমা (Scotoma) বলে।\*

কারণ।—স্বোপার্জিতই হউক বা পিতৃজাতই হউক উপদংশ বশতই কোরইডের এইরূপ বাাধি হইয়া থাকে। প্রথমে উহা আইরিমে আরম্ভ হইরা পরেকোরইডে ধাবিত হইতে পারে। এরূপ হইলে নানাবিধ জটিল লক্ষণ প্রকাশ পার। যদি ডাইঅপ্ট্রিক্ মিডিয়া এরূপ পরিষ্কার থাকে যে তাহার মধ্য দিয়া অক্ষিবীক্ষণ দ্বারা চক্ষ্র গভীরতম প্রদেশ দেখা যার তাহা হইলে ইহার প্রকৃতি নির্ণয় স্বান্ধে কোন সংশ্র থাকে না। অতিশ্র ত্র্ললকর কোন কোন রোগের পরেও কোরইডের এই ব্যাধি হইতে দেখা গিয়াতে।

ভাবী ফল।—চিকিৎসা করিবার পূর্বে কোরইডাইটিস্ ডিসেমেনিটা বেরূপ বুদ্ধি পায় তাহার ভাবী ফল সকল তদন্ত্যায়ী হইয়া থাকে। নিওপ্ল্যাষ্টিক্ পদার্থ দ্বারা কোরইডের ক্ষতি হইলে তাহা কথনই সংশোধিত হয় না। এই হেতু বিস্তৃত স্থান ক্ষতিগ্রস্ত হইলে এবং উহারা কোরইডের বিস্তৃত স্থানে রক্তমঞ্চালনের বাধা জন্মিলে সেই অপকৃষ্ঠ পরিবর্তন নিবারণের জন্য যতই চেষ্ঠা করা যাউক না কেন পরিমাণে তদ্ধারা সমস্ত গোলকের ক্রাম হইবার বিশেষ সন্তাবনা থাকে। কোরইডে এরূপ উৎপত্তি হইলে তদ্ধারা রেটিনার ক্রিয়া ভাবশাই ব্যাঘাত হইবে এবং তাহা হইলে দৃষ্টি মেরুর যে স্থানে এই নৃত্ন পদার্থের উৎপত্তি হয় তাহার স্থানান্ত্যায়ী ইহার ভাবী কল হইয়া থাকে। যদি সোভাগ্যক্রমে নৃতন উৎপত্তির দাগগুলি বহু বিস্তৃত না হয়, তাহা হইলে এই ব্যাধির গতি নিবারণ করিতে ও চক্ষুকে রক্ষা করিতে পারা যায়।

চিকিৎসা ।—-উপদংশ বশত হইলে রোগীকে উপযুক্ত আহার শণেষ্ট পরিমাণে উৎকৃষ্ট বায়ু সেবন ও উপযুক্ত পরিশ্রম ব্যবস্থা করিবে যাহাতে

<sup>\*</sup> Cases reported by Mr. Moon from S. Z. Laurences' practice ophthalmic review, April, 1867, pp 280, 282

তাহার পোষণ কার্য্য সমস্ত স্থানররূপে সম্পার হইতে পারে। ইহার সঞ্চে আইওডাইড্ অফ্ পটাসিয়ম্ এবং বাইলোরাইড্ অফ্ মার্কারী নিরত ব্যবস্থা করিবে। অনেক সময়ে পারাঘটিত ঔষধ দারা বিশেষ উপকার হইরা থাকে। বিষ্টার দারাই হউক অথবা শহ্মপ্রদেশের চর্ম্ম ভেদ করিরাই হউক প্রত্যাপ্রতা সাধন করিলে অনেক উপকার হয়। রোগী জ্বর রোগ হইতে আরোগ্য হইতেছে এরূপ হইলে কুইনাইন্ ও লোহঘটিত ঔষধ এবং পুষ্টিকর পথ্যের উপরে নির্ভর করিবে এবং সঙ্গে সঙ্গে পভ্যেপ্রতা সাধন করিবে। সকল প্রকার কোরডাইটিম্ রোগে আগট্রোপাইন্ দারা কনীনিকাকে সম্পূর্ণরূপে প্রসারিত রাখিবে।

কোরইডাইটিস্ ডিফিউজা।—(Choroiditis diffusa) অর্থাৎ বিস্তৃত প্রকারের কোরইডাইটিস্। প্যারাক্ষাইনেটস্ আইরাইটিসের সঙ্গে ইহার সাদৃশ্য থাকাতে কোরইডের এই ব্যাধিকে এম্ ওরেকার সাহেব প্যারাক্ষাইনেটস্ কোরইডাইটিস্ বলিয়া বর্ণনা করেন।

প্রথমতঃ কোরইডের রক্তবহা নাড়ীর প্রাচীরের বাহুপ্রদেশে পরিবর্তুন সকল দৃষ্টিগোচর হইতে পারে। অন্ধি-বীক্ষণ যন্ত্রদারা দেখিলে ঐ নাড়ীগুলিকে শ্বেত রেখান্ধিত বোধ হয়। যে সকল রেখাদারা ঐ নাড়ী সকল আচ্ছানিত থাকে তাহারা রক্ত-নাড়ী প্রভৃতি বিশিপ্ত নৃতন পদার্থ সংঘটিত এবং প্রনিক্রিটিং প্রসেস্ (Proliferating process) অর্থাৎ উক্ত স্থানীর বিধানের প্রমবকারিণী শক্তির কলস্বরূপ। ইহা উহাদিগের বাহুস্তরে আরম্ভ হয়। এই স্থানে আরম্ভ হয়া কোন কোন অবস্থার উহা শীঘ্র শীঘ্রই নিক্টবর্ত্তী কনেক্টিব্ টিস্ততে বিস্তৃত হইরা কখন কখন কোরইডের কাইব্রো-সেলিউলার্টিস্কলালকে আক্রমণ করিতে পারে। এর পর্ক হইলে ক্তিলোমেটাস্ গ্রোথ্ বা গুটিকাকার উৎপত্তি হইতে পারে। এই সকল বৃদ্ধি গাইবার কালীন রেটিনাকে তাহার সম্পুথে তিট্রিরস্ চেম্বারের অভিমুখে অপস্থত করে। এই প্রকারে পরিণানে চক্ষুর গভীরতন প্রদেশে ধূনর আভাবৃক্ত শেতবর্ণের গুটিকাগুলি দৃষ্টিগোচর ইইরা থাকে যাহার উপরে রেটিনার রক্তবহা নাড়ীর চিক্ত সকল দৃষ্ট হয়।

এই প্রকারের ব্যাধি সচরাচর উপদংশ যুক্ত পিতা মাতা ইইতে উৎপন্ন, জান্ত ব্যক্ষ স্থকুমার বালকদিগেরই দেখা ৰায়। এরপ অবস্থায় পিতা মাতার

চক্ষে নিয়-লিখিত পরিবর্তন অবলোকিত হয়। কনীনিকা বিস্তৃত ও দিবং হরিতাত ও চক্ষু-গোলকের আয়াম বর্দ্ধিত হয়। কনীনিকার মধ্য দিয়া দেখিলে চক্ষ্র গভীরতম প্রদেশকে কতকগুলি ধূমর আভাযুক্ত শ্বেতবর্ণের গুটিকান্তৃপ দারা অধিকৃত হইতে দেখা যায়; ইহাদের উপরে কতকগুলি রক্তবহা নাড়ী দৃষ্ট হয়। ট্র্যান্স্মিটেড্ আলোক দারা ইহা স্পষ্ট রূপে দেখা যায়। পীড়িত চক্ষ্র দৃষ্টি অবশ্যই শীঘ্র শীঘ্র নম্ভ হইয়া যায়। কিন্তু চক্ষ্-গোলকের পূর্ণাবস্থা ক্রমে ক্রমে উপন্থিত হইলে রোগীর অতি সামান্য যন্ত্রণা হইয়া থাকে। অধিকৃত্ত ক্রেরটিক মেদে পরিণত হয়। এবং চক্ষ্র আভ্যান্তরিক চাপ প্রযুক্ত বৃদ্ধিপ্রাপ্ত হইয়া অক্ষিগোলকের আয়ামের হ্রাস সম্পাদন করে।

এরপ স্থলে সাংঘাতিক ব্যাধি বলিয়া ভ্রম জ্মিতে পারে। যাহা হউক
এরপ স্থলে রোগীর সার্বাঙ্গিক অবস্থা অব্যাহত থাকে, এবং রোগও অতি
আলে অলে বৃদ্ধি পায়। অধিকন্ত এই উৎপত্তি রক্তনাড়ী বিহীন দেখায়।
এই সকল লক্ষণদারা ইহাকে ক্যান্সার হইতে পৃথক করা যায়। কোরইডের
রোগ যতই উত্রোতর বৃদ্ধি পাইতে থাকে ততই লেক্ষ্ ও রেটিনাও অস্বচ্ছ
হইয়া উঠে এবং সমস্ত চক্তুতে পূয়োৎপত্তি হইতে পারে কিয়া আলে
আলে বহ্নিশীল পরিবর্ত্তন সকল উপস্থিত হইয়া অক্তিগোলক ফ্রানপ্রাপ্ত ও
বিনপ্ত হয়। কোরইডের এই সকল কণ্ডিলোমেটাস্ গ্রোণ্ পরিণামে অস্থিত
লাভ করে এর্পও কথন কখন ঘটে।

লক্ষণ।— কোরইডের এই ব্যাধি অতি অলে অলে বৃদ্ধি পায়। উহার প্রথমাবস্থায় কোন প্রকার বেদনা থাকে না। কেবল ক্রমে ক্রমে দৃষ্টির হ্রাম হইয়া আসিতেছে, রোগী এই মাত্র আবেদন করে। অক্সিগোলক ক্রমশঃ বৃদ্ধিত হয়, এবং চক্ষুর পশ্চাতে খেত আভাবিশিপ্ত যে বৃদ্ধিগুলি বর্ণিত হইন্যাছে তাহারা কোন যল্লের সাহায্য ব্যতীতও বিস্তৃত কনীনিকার মধ্য দিয়া দেখা যায় এবং অক্সিবীক্ষণ দারা অতি স্থলরক্রপে দৃষ্টিগোচর হয়। তৎপরে লেন্দ্ ও ভিট্রিরসের অস্ক্রভা উপস্থিত হয় এবং পরিণামে সার্কাঞ্চীন প্রোৎপত্তি হইয়া, অথবা কর্ণিয়ার ক্ষত বা বিনাশ উপস্থিত হইয়া সমস্ত চক্ষু বিনষ্ট হয়।

ক'রণ।—প্রায়ই নির্ণয় করা যায় না। বোধ হয় সচরাচর পিতৃ-মাতৃ-দত্ত উপদংশ হইতে ইহা জন্মিয়া থাকে। কিন্ত চুর্বল-প্রাকৃতি অল্পভোজী বালকদিগের আঘাতবশতও এক্লপ ব্যাধি উৎপন্ন হইতে দেখা গিয়াছে।

সাপুরেটিভ্ কোরইডাইটিস্।— (Suppurative choroiditis) ভার্থাৎ পূরোৎপাদক কোরইডের প্রদাহ। যে কয়েক প্রকার প্রদাহর বিষয় পূর্ব্বে উক্ত হইয়াছে, তাহাদের মধ্যে কোন এক প্রকার হইতে পূরোৎপত্তি হইতে পারে, কিন্তু সচরাচর চক্লুর আঘাত বা অপার বশতই ইহা উৎপন্ন হইয়া থাকে। লেন্স্ চক্ষু হইতে বহির্গত না করিয়া কিঞ্চিৎ অপক্ত করিয়া রাখিলেও তল্বারা ভয়ানক প্রকার প্রদাহ আরম্ভ হয়।

চক্ষুর গভীরতম প্রদেশে কোরইডের পূরোৎপাদক প্রদাহবশতঃ যে সকল পরিবর্ত্তন হইতে থাকে,তাহা অক্ষিবীক্ষণ যন্ত্রদারা নয়ন গোচর হয় না। কারণ ঐ বিধানে পীড়িতাবস্থা দারা উহার রক্ত সঞ্চালনের ব্যাঘাত জন্মে এবং ভিট্রিয়াস্ লেন্স্ এবং কর্ণিয়াতে নানাবিধ অপকৃষ্ট পরিবর্ত্তন হওয়াতে চক্ষুর গভীরতম প্রদেশে আলোক প্রবেশের বাধা জন্ম।

লেক্ষণ।—কোরইডে পূ্যোৎপত্তি হইলে পুট্ষয় ক্ষীত ও রক্তিমাবর্ণ হয়, চক্ষু এবং মন্তক পার্শে অত্যন্ত বেদনা থাকে এবং চক্ষ্গোলকের আয়াম বৃদ্ধি হয়। কন্জংটাইভাস্থ ও তরিমন্থ রক্তবহা নাড়ী সকল রক্তপূর্ণ দেখায়। জ্যাকুয়াদ্ কল্যিত হয়। কর্ণিয়া, লেন্দ্ ও ভিট্রিয়দ্ অস্বচ্ছ হইয়া উঠে। মাইড্রিয়াটিকা কিন্ধা আলোক স্পর্শে আইরিদ্ নিক্সিয় থাকে। রোগের বৃদ্ধির সহিত পূ্য সমুখ কুটীরে প্রবেশ করে এবং সচরাচর কর্ণিয়াতেও পূ্যোৎতি হয়। পরে কর্ণিয়া গলিত হইয়া পরিশেষে চক্ষুর অভ্যন্তরস্থ যাবতীয় পদার্থ বহির্গত হইয়া যায়, এবং গোলক কুঞ্চিত ও কোট্রাভ্যন্তরে প্রবিষ্ট হয়।

এবদিধ হলে কোরইডের প্রদাহ না বলিয়া যাবতীয় বিধানের প্রদাহ বলা অসঙ্গত নহে। কারণ ইহাতে বাস্তবিক সমগ্র বিধানই আক্রাম্ত হয়। কিন্তু এই পীড়া কোরইডে আরম্ভ হওয়া হেতু ইহাকে কোরইডের প্রদাহ বলাই ভাল। অধিকন্ত সমগ্র চক্ষু এক কালীন বিন্তু না করিয়াও কোরইডে পূরোৎপত্তি হইতে পারে। যদিও শুঙ্গ ও দৃষ্টির হানি না হইরা এরূপ হলে পূরোৎপত্তি হওয়া কদাচিৎ সম্ভব। চিকিৎসা।—ইহা কারণের উপর বিশেষ নির্ভর করে। যথা চক্ষুর ভাভ্যন্তরে স্থানভ্রন্থ লেন্স্ বা অন্য কোন পদার্থ অবস্থিতি করিলে কর্ণিয়ার মধ্যে একটি বিস্তৃত ছিদ্র করিয়া উহাকে বহিন্ধৃত করাই যুক্তিযুক্ত। কিন্তু যদি প্রদাহ প্রবল হইয়া গোলকের তাবৎ নির্মাণ আক্রমণ করে, তাহা হইলে উক্ত চক্ষুকে সমূলে উৎপাটিত করাই যুক্তি-সঙ্গত।

কোরইডে পূরোৎপত্তি হইলে কোন প্রকার স্থানিক বা সার্বাঙ্গিক ঔষধ দারা নিবারণ করা যায় এরপ বোধ হয় না। যাঁহারা জলোকা, পারদ, বরফ ও অভাভ গ্র্কলিকর উপায় দারা পূয়োৎপত্তি নিবারণ হয় বিবেচনা করেন, তাহারাই ঐ সকল মত অভ্যোদন করেন, কিন্তু ইহাদের দারা কোন উপকার বিশেষতঃ অত্তলে কোন উপকার হয় কি না, তদ্বিষয়ে আমার বিলক্ষণ সন্দেহ আছে।

কোরইডে রক্ত সংঘাত (Extravasation of blood)। কোরইডাইটিস্ রোগেই ইহা সচরাচর ঘটিয়া থাকে। রেটিনাতে রক্তপ্রাব হইলে
তাহার যে যে অবস্থা ঘটে এই রক্তেরও ঠিক সেই সেই অবস্থা ঘটে। প্রাবিত
রক্ত যদি পরিমাণে অধিক হয়, তাহা হইলে তাহা ইলাষ্টিক্ ল্যামিনার পশ্চাৎ
ভাগে স্থানে স্থানে সংগৃহীত হয় এবং কোরইডের বর্ণদায়ক বিশিষ্ট কোষগুলিও রক্তবহা নাড়ী সমূহকে আরুত রাখে। এই সকল স্থানের উপর
রেটিনায় সায়ু পদার্থ বিশেষতঃ উহার রক্তবহা নাড়ীগুলি বিশেষ লক্ষিত হয়।
এই ঘটনা এবং ইলাষ্টিক্ ল্যামিনার সপ্ত-কোণ-বিশিষ্ট কোষগুলি দৃষ্টিগোচর
হয়, এই ছই ঘটনা দ্বারা রক্তপ্রাবের স্থান-নির্ণয় এবং কোরইড ও রেটিনার
রক্ত-প্রাবের প্রভেদ করা যায়।

প্রকোমা।— (Glaucoma) অর্থাৎ সর্বাগত পুরাতন প্রদাহ। প্রকোমা বোগ বর্ণনা করিবার পূর্ব্বে অপ্টিক্ডিস্কের খাত (Excavation) উৎপত্তির বিষয় বর্ণনা করা আবশ্যক করে।

অপ্টিক্ নার্ভের এক্সক্যাভেসন্ বা খাত শব্দে অপ্টিক্ প্যাপিলার পশ্চাৎ দিকে হেলারমান অবস্থা বৃঝায়। এই হেতু ইহা স্পষ্ট দেখা ঘাইতেছে যে, অক্সিবীক্ষণ যন্ত্রদারা ঐ বাটার ন্যায় আকার বিশিষ্ট খাতের গারে স্পষ্টরূপে রক্তব্যা নাড়ী গুলি যে সময়ে নয়ন-গোচর হয়, দশকের চক্ষুর অবস্থা পরিবর্ত্তন না করিয়া প্যাপিলার উপরিস্থিত নাড়ীগুলির অবশিষ্ট অংশ সেই সময়ে সম্যক্ নয়ন গোচর হইতে পারে না, কারণ ডিস্কের উপরিস্থিত নাড়ীগুলির পশ্চাতে স্থিত। পক্ষান্তরে য়দ্যাপি দর্শক তাহার দৃষ্টিকেন্দ্র পরিবর্ত্তিত করিয়া প্যাপিলার উপরে নিক্ষেপ করেন, তাহা হইলে রেটিনার উপরিস্থিত নাড়ীগুলি অস্পষ্ট দেখায়, কারণ তাহারা প্যাপিলা স্থিত নাড়ীগুলি অস্পষ্ট দেখায়, কারণ তাহারা প্যাপিলা স্থিত নাড়ীগুলির সম্মুখে অবস্থিতি করে। অপিচ রেটিনার নাড়ীগুলিকে ডিস্কের ধার পর্যান্ত নির্দেশ করিলে দেখা য়ায় য়ে, তাহারা তথায় চঞ্চ্বাকরে ( beak-shaped Points ) শেষ হইয়াছে এবং তাহাদের অবশিষ্টাংশ প্যাপিলার উপরে ভগ্ন গতি বিশিষ্ট ও স্থানভ্রন্থ বিলয়া বোধ হয়।


ইহার তাৎপর্য্য এই যে, নাড়ীগুলি খাতবিশিপ্ত ডিস্কের ধারে উপস্থিত হইরা উহার তলদেশে নিমগ্ন হয়। এবং উক্ত খাতের ধার দিরা যে সময়ে গমন করে, তখন ডিস্কের উপর লম্বভাবে পতিত রশ্মিদ্বারা তাহারা নয়নগোচর হইতে পারে না। কিন্তু উক্ত খাতের তলদেশ রেটিনার পশ্চাৎ স্থিত হইলেও যথন উক্ত নাড়ীগুলি তাহার উপর দিরা গমন করে, তখন তাহারা পুনরায় দৃষ্টিগোচর হয়। কিন্তু যদি রোগীকে উর্দ্ধাধো দৃষ্টি নিক্ষেপ করিতে বলা যায় এবং অক্ষিবীক্ষণ যন্ত্রদারা এরপ তির্যাক্ভাবে আলোক নিক্ষেপ করিতে পারা যায় যে, তল্বারা খাতের পার্শগুলি পর্যান্ত আলোকিত হয়, তাহা হইলে উক্ত নাড়ীগুলিকে আদান্ত নির্দ্দিষ্ট করিতেপারা যায়। কিন্তু যদ্যপি এরপ হয় যে, ডিস্কের কোরইডের ধার, পর্বত-পার্শ্ব হইতে যেমন একটি শৃঙ্গ বহির্গত হয়া হেলায়মান থাকে তক্রপ অভ্যন্তর দিকে হেলায়মান থাকিলে ঐ নাড়ী উক্ত স্থান আবর্ত্তন করিয়া খাতবিশিপ্ত প্যাপিলার তলদেশে যে পর্যান্ত না উপস্থিত হয়, তাবৎ সম্পূর্ণ অদৃশ্য থাকে।

ক†রণ।—অপ্টিক্ ডিস্কের গভীরতার বৃদ্ধি নানা কারণ হইতে উৎপর হইতে পারে।

প্রথম, প্লকোমা বা চাপবশত: খাত (Glaucoma or pressure Excavation.)

দিতীয়, আজনস্থিত নির্দাণ-দোষ (Congenital malformation.) তৃতীয়, অণ্টিক্ নার্ভের বিশুকাবস্থা (Atrophy of the optic nerve.) ১। প্রকোমাবশতঃ থাত উৎপন্ন ইইলে সমস্ত ডিস্কুলারা আক্রান্ত হয়, এবং উহার ধারগুলি ক্রমে নিয় না ইইয়া লম্বভাবে থাকে। ইহা

পার্শবর্তী প্রতিকৃতি দেখিলেই বোধ-গম্য হইবে। ডিস্কের ধারে রক্ত নাড়ী-গুলি যেন বর্শির ন্যায় আকারে শেষ হইয়াছে (Fig plate vii)। অপ্টিক্ ডিস্কের বর্ণের পরিবর্ত্তন ঘটে। উহার মধ্যভাগ ধবলবর্ণ এবং চিক্কণ দেখায়।





চিক্রণ স্থান আবার ডিস্কের প্রাচীর ইইতে থাতে পতিত ছারাদারা চতুর্দিকে বেস্টিত থাকে। প্যাপিলায় তদ্যতীত আরও কতকগুলি পরিবর্ত্তন ঘটে, যে গুলি মকোনা রোগের সংপ্রাপ্তিগত নিদান স্বরূপ। ইহাদিগকে চফুর গভীরতম প্রদেশের সহিত বর্ণনা করা যাইবে।

- ২। আজন দোষে প্যাপিলার যে খাত উৎপন্ন হন্ন, তাহাতে সমস্ত ডিস্ক্ কদাচিৎ আক্রান্ত হন্ন। ডাক্রার ম্যাক্নামারা বলেন যে, তিনি এরপ অনেক রোগী দেখিরাছেন, যাহাদের ডিস্কের পরিধির কিরদংশ ব্যতীত আর তাবদংশই থাতমুক্ত ছিল। উহার কোরইডের নিকট্ম ধারগুলি স্বাভাবিক অভ্যন্তরে প্যাপিলার ধারে সংকীর্ণ অঙ্গুরীবৎ স্থান ব্যতীত অবশিষ্ট ভাগ থাতবিশিষ্ট ছিল। কিন্তু আজন্ম দোষে ডিস্কের এরপ অবস্থা হইলে, সমগ্র ডিস্ক্ আক্রান্ত না হওরাই সচরাচর দেখিতে পাওয়া যায়। এরপস্থলে অপ্টিক্ ডিস্কে যে নিমতা উৎপন্ন হন্ন, তাহার চতুর্দ্দিকে একটি লালবর্ণের চক্রাকার রেখা থাকে এবং ঐ বাটীর ধারগুলি সচরাচর কিঞ্চিৎ ঢালু হইনা থাকে। ডিস্কের যে অংশে থাত উৎপন্ন হন্ন, তাহা ব্যতীত চক্ষ্র গভীরতম প্রদেশের অন্যান্য স্থান স্ক্ত্থ এবং উহার আয়াম স্বাভাবিক থাকে। এবম্বিধ গঠন বিপর্যানের পরে কোন পরিবর্ত্তন ঘটে না। যদিও ইহা অবশ্য স্বীকার্য্য যে, যেমন সাধারণ অবস্থায় মুক্তে নহে।
  - ৩। অবশেষে, অণ্টিক্ নার্ভের শুষ্ক এবং সংকোচন বশতঃ যে খাত উৎপর হয়, তাহার দঙ্গে অণ্টিক্ নার্ভের যাবতীয় পদার্থ এবং নাড়ী সকলও

শুক হয় বলিয়া প্যাপিলার বর্ণ ধূসরযুক্ত শ্বেভবর্ণ দেপায়। শুক্ষতাবশতঃ যে থাত উৎপন্ন হয়, তাহাতে প্যাপিলার অল্পই নিয়তা হইয়া থাকে। পরিধি হইতে ধারগুলি ক্রমশঃ ঢালু হইয়া কেল্রে শেষ হয়। এই হেতুতে রক্তবহা নাড়ীগুলি সার্কাঙ্গীন দৃষ্ট হয়। কিন্তু যে সময়ে চক্ষুর গভীরতম প্রদেশে বিস্তৃত শাথাগুলির উপর দৃষ্টি থাকে, তৎকালীন ডিস্কের উপর বিস্তৃত শাথাগুলি দৃষ্টির বহির্ভূত থাকে, যে পর্যান্ত না দর্শকের চক্ষুকে তহুপনোগী করা যায়। কিন্তু সাক্ষাৎ উপায় দারা পরীক্ষা ব্যতীত শুক্ষতা জনিত অণ্টিক্ ডিস্কের থাত অল্ভ কোন উপায়ে কদাচিৎ নয়নগোচর হয়।

প্লেকানা। এই ব্যাধির যে হুই প্রকার আছে, তাহা এক্ষণে বিবেচিত হুইতেছে। প্রথম প্রাইমারি প্রাদাহিক প্লেকানা (Primary Inflammatory glaucoma) অর্থাৎ প্রাথমিক প্রদাহ জনিত প্লেকানা। দ্বিতীয় প্লেকানা দিন্প্লেক্স (Glaucoma simplex) অর্থাৎ সামান্য প্লেকানা।

প্রাথমিক প্রাদাহিক প্রকোমা। এই প্রকারের ব্যাধিতে অস্বাভাবিক কার্য্য ইউভিয়েল্ ট্রাক্টেই প্রথমে আরম্ভ হয়। ইহা আবার চক্ষুর আভাতরীণ মাবতীয় তরল পদার্থের সমতা রক্ষা করে, এই হেতু ইহাতে কোন উত্তেজনার কারণ উপস্থিত হইলে অতিশয় রসম্রাবণ ও তজ্জন্য চক্ষুর আয়াম বৃদ্ধি হয়। প্রফোমার্ট্টেল্ওয়াগ্ভন্ কেরিয়ান এবং ডাণ্ডার্ম্ প্রভৃতির মতামুসারে এইরূপ ব্যাধিতে যে প্রকৃত নৈদানিক পরিবর্ত্তন হয়, তাহার কতক আভাস পাওয়া মাইতে পারে। এই শেষোক্ত ব্যক্তি বলেন যে, প্রকোমা চক্ষুর স্রাবক স্নায়্ গুলির ব্যাধি বিশেষ (Neurosis of the secretory nerve)। প্রথমোক্ত মহাত্মা বলেন যে, প্রকোমা রোগে যে চক্ষুর দৃঢ়তা দৃষ্ট হয়, তাহা স্কেরটিকের দৃঢ়তা নিবন্ধন ঘটিয়া থাকে।\*

ইহা সকলেই অবগত আছেন যে, পঞ্চম স্বায়ুকে কর্ত্তন করিলে চক্ষু-গোলকের অত্যধিক কোনলতা উপস্থিত হয়। পক্ষান্তরে এই সায়ুকে উত্তেজিত করিলে ভিট্রিরাসের পরিমাণের বৃদ্ধি হয়, এই হেতু চক্ষুর আভান্তরিক

<sup>&</sup>quot;Illustrations of some of the principal Diseases of the Eye," by H. Power, F. R. C. S., p. 414.

আাষাসের বৃদ্ধি হয়। যদি এরপ ঘটে যে, কোন অজ্ঞাত কারণবশতঃ পঞ্চম
সায়ুর উত্তেজন উপস্থিত হয়, এবং ভিট্রিয়াস্ চেম্বারের অন্তর্গত পদার্থ সমূহ
বৃদ্ধি পায় ও প্রফেসার ভন্ কেরিয়ানের মতান্ত্সারে যদি স্ক্রেটিকের পরিবর্ত্তন
ঘটে, য়েরপ পরিবর্ত্তন আর্টারিগুলির সৌত্রিক আবরণে ঘটিয়া তাহাদিগকে
দৃঢ় এবং এথারোমেটাস্ অর্থাৎ শস্ক চূর্ণের ন্যায় আকার বিশিষ্ট করে।
ইহাতে স্পষ্টই দেখা যাইতেছে যে, এমত অবস্থায় পূর্ব্বোক্ত কারণবশতঃ চক্ষুর
অভ্যন্তরীয় সঞ্চাপনের বৃদ্ধি হইলে তল্বায় প্রকোমা রোগ স্থচক লক্ষণ সমূহ
উপস্থিত হইবে।\*

লক্ষণ।—৪০ বৎসরের ন্যুন বয়য় ব্যক্তির ইহা কদাচিৎ হয়। প্রষ্
আপেক্ষা স্ত্রীলোকদিগেরই অধিক হয়। প্রথম অবস্থায় রোগী, শীঘ্র শীঘ্র বৃদ্ধি
পাইতেছে এরূপ দর্ঘবিশিপ্ত প্রেস্বাইওপিয়া বা দ্রদৃষ্টির বিয়য় আবেদন করিয়া
থাকে। মাসে মাসেই সে দেখিতে পায় য়ে, য়ে প্রুক সে অধ্যয়ন করিতেছিল, তাহাকে পূর্ব্বে চক্ষু হইতে য়ত দূরে রাখিলে তাহার অক্ষরগুলি দেখা
য়াইত, তাহাকে তদপেক্ষা অধিক দূরে না রাখিলে এগন আর সেই অক্ষর
গুলি দেখা যায় না। ইহার তাৎপর্য্য এই য়ে, কোরইডের পরিবর্ত্তন
প্রযুক্ত চক্ষুর দর্শনার্থ আবশ্যকীয় পরিবর্ত্তন হইবার ক্ষমতা আনেক পরিমাণে বিনম্ভ হয়। ইহা দারা চক্ষুর আয়াম য়িও বিশেষ রুদ্ধি হয় না, কিন্তু
তথাপি সিলিয়ারী পেশীর সায়্গুলি ইহা দারা আক্রান্ত হইতে পারে।
এরূপ হইলে উক্ত পেশী লেন্সের উপর কার্য্য করিতে অক্ষম হয়, এবং
তদ্ধারা লেন্স্ এমত ন্যুক্ত হয় য়ে, ক্রম-বিকীর্ণ আলোক-রশ্মিগুলি রেটিনার
উপর এক বিন্তুতে মিলিত হইতে অক্ষম হয়।

এ ব্যতীত রোগী ক্ষীণ-দৃষ্টির বিষয় অভিযোগ করে। এরপ স্থলে চক্ষ্পরীক্ষা করিলে দৃষ্টিকেত্রের কিয়ৎ পরিমাণ সঙ্কোচন বশতঃ ইহা কতক পরিমাণ হইতে দেখা যায়। এই সংকোচন সচরাচর নাসিকার দিকে বা অভ্যন্তর দিকে আরম্ভ হইয়া থাকে। স্কুচারু রূপে রোগীর পরীক্ষা করিলে কেবল

<sup>\*</sup> Donders on Glaucoma, "Report on the Heidelberg Ophthalmological Congress;" Ophthalmic Review, vol. ii. p. 189.

<sup>†</sup> For statistics on this subject vide Ophthalmic Review, vol. i. p. 234.

যে রোগীর দৃষ্টিক্ষেত্রের সঙ্কোচনই দেখা যাওয়া সম্ভব এরপ নহে। কিন্তু সম্ভবতঃ রেটিনার কোন কোন স্থান আলোক স্পর্শে নিচ্ছিন্ন বা অচৈতন্য ভাবে থাকিতে দেখা যায়।

বিশেষ অনুসন্ধান দারা এরপ জানা যাইতে পারে যে, রোগী অনেক দিবদাবধি অন্থ ভোগ করিতেছে এবং সময়ে সময়ে নাসিকার পার্পে ও জার উপরে বিলক্ষণ বেদনাও হইয়াছিল। এই বেদনা কোরইডের রক্তাধিক্য এবং চক্ষ্-গোলকের আয়ামের বৃদ্ধিপ্রযুক্ত বৃদ্ধি পাইয়া থাকে। ইহা সন্ধ্যার সময়ে বৃদ্ধি পায় এবং কয়েক ঘটিকা পর্যান্ত অবস্থিতি করে। রোগীর দর্শন ইত্যবসরে ঘোর হইয়া আইদে। এই বেদনার পরিমাণ ও স্বভাব অনির্দিষ্ট, কোন কোন স্থলে অত্যধিক ও কোন কোন স্থলে অতি সামান্য। এই রোগের প্রথমাবস্থায় আর একটি লক্ষণ রোগী উল্লেখ করিয়া থাকে, তাহা এই;—রোগী দীপ-শিখার চতুর্দ্ধিকে একটি হ্যালো (Halo) কিম্বা তাহার সম্মুথে অন্য কোন জ্যোতির্ময় পদার্থ দেখিতে পায়।

মকোমার প্রথমাবস্থায় চক্ষ্-গোলকের আয়াম অতি সামান্যই বৃদ্ধি পায়, এবং ইহা সায়ংকালেই বিশেষ অন্থতন হইয়া থাকে। পরে উক্ত বিদ্ধিত আয়াম চিরস্থায়ী হইয়া যায় ও রোগের অবস্থায়রপ হইয়া থাকে। হয়ত আয়য়া স্লেরটিকের উপর অনেকগুলি বিদ্ধিত রক্তবহা নাড়ী দেখিতে পাই। আয়াকুয়স্ কলুষিত বলিয়া বোধ হয় এবং তজ্জন্য আইরিনের স্ত্রগুলি ঘোর হইয়া উঠে। কনীনিকার অবস্থা পরিবর্ত্তিত হইতে থাকে। প্রথমত উহা আলোক স্পর্শে অতি শিথিল ভাবে কার্য্য করিতে থাকে, কিন্তু রোগ যতই উত্তরোত্তর বৃদ্ধি পাইতে থাকে, উহা ক্রমে ক্রমে তত্তই অচল ও পরিশেষে সম্পূর্ণ প্রসারিত হইয়া পড়ে এবং আলোক স্পর্শে নিক্রিয় ভাবে থাকে। অক্ষিবীক্ষণ যন্ত্র দারা পরীক্ষা করিলে ভিট্রয়াস্ ঘোর এবং রেটিনায় রক্তাধিকা ও ইহার শিয়া গুলি গভীর রূপে রক্তপূর্ণ ও বক্রভাবে গতিবিশিষ্ট বিলয়া বোধ হয়। রোগের প্রথমাবস্থায় আর্টারী গুলি স্বাভাবিক থাকে এবং পরে কিঞ্চিৎ কুঞ্চিত হয়। উভয়বিধ নাড়ীতেই এক প্রকার গতি লক্ষ্যাকরা যায়, কিম্বা আর্টারী গুলিতে পূর্ব্বাপর এরপ গতি না থাকিলেও অম্বুলীকরা যায়, কিম্বা আর্টারী গুলিতে পূর্ব্বাপর এরপ গতি না থাকিলেও অম্বুলীকার অক্ষিগোলকের চাপ দিলে উহা উপস্থিত হইতে পারে। অপ্টিক্ ডিস্বে

এন তন্ত্রপাবর্তী স্থানগুলি রেটিনার অনতি পশ্চাতেই দেখা যায়।\*
নে আবশ্যকীয় পরিবর্জন হয় তাহা এই যে, উহার কোরইডের ধার কিঞ্চিৎ
উন্নত হইনা উঠে। যে সকল স্থলে আজনার্জিত প্যাপিলার প্রাফিলোমা
বর্ত্তনান থাকে, তথার ইহা দৃষ্ট হয় না। এই শেষোক্ত স্থলে ল্যানিনা
ক্রিরোসা পশ্চাৎ দিকে হেলায়নান অবস্থায় থাকাতে খাতটি অবশ্যই
কিঞ্চিৎ গভীরতম বলিয়া অনুভূত হয়। রোগ উত্রোত্তর যত বৃদ্ধি পাইতে
থাকে কোরইডের রক্তনাড়ীগুলি তত তুলারূপে রক্তপূর্ণ দেখায়, কিন্তু
উহার পদার্থ মধ্যে রসস্রাব প্রযুক্ত উহারা স্থানে স্থানে অস্পষ্ট ও বিল্প্ত প্রায়
বিলিয়া প্রতীয়নান হয়।

এই সকল লক্ষণ অধিক বা অল্প দিম অবস্থিতি করিয়া হয় ত হঠাৎ বৃদ্ধি পাইরা উঠে। এমন হইতে পারে যে ইহা এক রাজির মধ্যেই ঘটে। সচরাচর পূর্ববর্তী লক্ষণ গুলির আতিশিয় ক্রমে ক্রমে বৃদ্ধি পায়, চক্ষুর আয়াম বৃদ্ধিপায় এবং চক্ষুগোলক দৃঢ় হইয়া আইসে ও সিলিয়ারী সায়য়র বেদনা বৃদ্ধি পায়। কর্ণিয়া অস্বচ্ছ দেখায় ও উহার চেতনাশক্তি সিলিয়ারী পেশীর সঞ্চাপ বশতঃ থর্ব হয়। দৃষ্টির আবিলতা রুদ্ধি পাইয়া থাকে, ক্যীনিকা প্রসারিত ও অচল হয়। লেন্সকে দেখিলে আপাততঃ হরিতবর্ণ বিলয়া বোধ হয়, দর্পণের এই শেষ মূর্ত্তি উহার পীতাভা হইতে উৎপন্ন হইয়া থাকে। অপর অয়াকুয়াম্ ঈয়ৎ নীলাভা ধারণ করে। এই উভয় বর্ণের মিশ্রে সব্জবর্ণ প্রকাশ পায়, যাহাকে পূর্ণের প্রকোমা রোগের গরিচায়ক লক্ষণ বলিয়া বিবেচিত হইত, এবং যাহা হইতে প্রকোমা নাম হইয়াছে। ইপিস্কেরাল্ বিধানগুলি এবং ক্ষ্পংশ্রাইভা গাঢ়রূপে রক্সিত দেখায়। এই শেষাক্তি বিধান শোক্যুক্ত হয় ও উহাতে রক্তস্তাব ইয়া থাকে।

বে সময়ে কণিরা ও লেন্স্ এরণ স্ক্র থাকে যে, উহাদের ভিতর দিয়া আলোকরিখা চক্র গভীরতম প্রদেশে প্রবেশ করিতে গারে, সেই সময়ে অনিবীক্ষণ যন্ত্রদারা পরীক্ষা করিলে রেটিনার ভেইন্গুলি বক্রগতি বিশিষ্ট এবং স্কার্করণ রক্তপূর্ণ দেখার। তাহারা ক্রম ক্রম মালার ন্যায়

<sup>\*</sup> Treatise on the Diseases of the Eye by Soelberg Wells, Third Edition page 511.

আকৃতি বিশিষ্টও হইয়া থাকে। পক্ষান্তরে আর্টারীগুলির ছিদ্র সম্ভুচিত হইয়া আইসে। গতি উভয়বিধ নাড়ীতেই লক্ষিত হয়। রেটিনা এবং কোরইডের কৈশিক নাড়ীগুলি তুলারূপ পূর্ণ হওয়াতে চক্ষুর গভীরতম প্রদেশ ইষ্টক চূর্ণের বর্ণ বিশিষ্ট হয়। ইলাষ্টিক্ ল্যামিনার সন্মুখে এবং পশ্চাতে সচরাচরই রক্তন্রাবের কলমগুলি অবলোকিত হয়। রোগ উভরোভর যতই বুদ্ধিপাইতে থাকে ডাইঅপ্টিক মিডিয়া ততই অম্বছ হইতে থাকে এবং শেষে এরূপ পরিবর্ত্তন ঘটে যে, চক্ষুর গভীরতম প্রদেশের পশ্চাৎ পরিবর্ত্তন সকল দেখা অসাধ্য হইয়া উঠে। প্যাপিলার সায়নির্মাণ ওচ্চ হইয়া আইলে। ডিস্কু বাটির ন্যায় আকার ধারণ করে। ল্যামিনা ক্রিব্রোমা পশ্চাৎ-দিগে হেলায়মান হইয়া স্কেরটিকের সমধ্রাতলে অব্স্থিত না হইয়া তাহার পশ্চাৎ অবস্থিত থাকে। কৃতিপয় দিবদ বা কৃতিপয় ঘণ্টার মধাই প্লকোমা স্বকীয় মূর্ত্তি ধারণ করে। কিন্তু সাধারণ নিয়মস্বরূপ ইহা বলা যাইতে পারে যে এই সকল লক্ষণের হাস বৃদ্ধি হইয়া থাকে, এবং এইরূপ অল্প বা অধিক সম্য়ান্তরে পুনঃপুনঃ হইতে থাকে যে পর্যান্ত না চক্ষু সম্পূর্ণরূপে বিনষ্ট হয়। কিন্তু আমাদিনের ইহাও স্মরণ রাখা উচিত যে একটি প্রবলতর অধিককাল স্থায়ী আক্রমণে এতাবৎ গুর্ঘটনা উপস্থিত করিতে পারে। ব্যাধি নিঃশেষিত হইলে বেদনার উপশম হয় কিন্তু ঐ চকুর আর দর্শন উপযোগীতা থাকে না।

২। প্লকোমা দিম্প্লেল্ অতিশন গুপ্তবেশী ব্যাধি। ইহাতে চকুর বাহ্যাকৃতি ও আইরিস্ রিফ্যাক্টিভ্ মিডিয়া স্বাভাবিক থাকে। রোগী বেদনার বিষয় একেবারেই উল্লেখ করে না, অথবা অতি সামান্য বেদনা থাকে। ইহাতে এই একটি নির্দ্দিপ্ত লক্ষণ থাকে যে, উত্তরোত্তর বর্দ্ধনশীল প্রেচ্বায়োপিয়ার বা দূরদৃষ্টির বিষই কেবল রোগী জ্ঞাত থাকে। ইহাতেও প্রথমতঃ কন্ভেল্ প্লাসের দারা উপকার প্রাপ্ত হওয়া যায়, কিন্তু পরিশেষে তাহাতেও কোন উপকার হয় না। অধিকন্ত অক্ষিগোলকের আয়ামের বৃদ্ধির সহিত দৃষ্টির সন্ধীর্ণতাও বিদ্ধিত হয়। এই আয়াম যদিও রোগের প্রথমাবস্থায় কদাচিৎ অন্তর্ভুত হয় কিন্তু শেষে ইহাই রোগের স্ববাক্ত লক্ষণ হইয়া উঠে।

চক্র গভীরতম প্রদেশে ইহার সঙ্গে সঙ্গে তুলারূপ পরিবর্ত্তন হইতে থাকে। ইহা প্রার উভয় চক্তে এক সময়েই উপস্থিত হয়। প্রাদাহিক

भेटकांगा दलारत एवं मकल शतिवर्छन इहेशा शास्क रमहे मकल शतिवर्छन হইতে ইহাতেও দেখা যায় এবং রোগের পরিণামও তুলারূপ। অর্থাৎ অকি গোলকের প্রস্তর্বৎ দৃঢ়তা, কনীনিকার প্রসারিত অবস্থা, দর্পণের অস্বচ্ছতা, কর্ণিয়ার আবিলতা ও স্থতা, এবং দৃষ্টির সম্পূর্ণ হানি, ঘটিয়া থাকে।

जागि शुर्त्वर रेश छेटल्लंथ कतिशां छि त्य, ठक्क्त नांगांविध व्याधित शितिगांग স্বরূপ মকোমা রোগ জন্ম। যথা ইরিডো-কোরইডাইটিম্, কনীনিকার অবরুদ্ধভাব, বিস্তৃত থিরেটাইটিদ্, এবং কণিয়ার আগণ্টিরিয়ার উগাফিলোমা। কথন কথন দর্পণ আহত কিম্বা ভিট্রাস্ চেম্বের মধ্যে স্থানচ্যুত লেন্সের অবস্থান হেতু জ্বন উপস্থিত হইলে তদারাও ইহা ঘটিতে পারে। এই স্ক্র অবস্থার প্রকোমা বশতঃ চক্ষুতে যে সকল পরিবর্ত্তন উপস্থিত হয় তাহারা পূর্ব বর্ণিতরূপ স্বভাব বিশিষ্ট হইয়া থাকে। অফিগোলকের দৃঢ়তা ও অণ্টিক্ ডিক্ষের নিমতা এই রোগের বিশেষ পরিচায়ক।

ভাবী ফল। भटकामा রোগের ভাবী ফল নির্ণর বিষয়ে কোন সন্দেহ প্রতিকার না করিলে যে দ্বিতীয় চক্ষুও নষ্ট ইইবে ইহাও অনেকাংশে সম্ভব। किछ यमाणि छेटा यूहना अवसाय थाटक अवः (वमना ও अन्ताना लक्षरणत মধাবর্ত্তী বিরাম কাল নিরুপক্তত থাকে, তাহা হইলে আমরা ইরিডেক্টমি শস্ত্রক্রিয়া দারা রোগের পুনঃ আক্রমণ নিবারণ করিতে পারি। কিন্তু জন্য কোন বিধ উপায় দারা রোগের বৃদ্ধির নিবারণ করিতে আশা করিতে পারি না। এইক্ষণ প্রশ্ন হইতে পারে যে, ইরিডেক্ট্রিমী শস্ত্রক্রিয়া কোন সনয়ে कता छेठिछ। छाज्यात मान्नामाता वर्लन (य नाधात्रण नियम खत्रल हेटा বলা বাইতে পারে যে, যে সময়ে প্রকোমা বলিয়া রোগ নিশ্চয় হয় তথন যত শীত্র পারা যায় শস্ত্রক্রিয়া সম্পান করাই যুক্তিযুক্ত। কিন্তু যদ্যুপি বেদনার মধ্যবর্তী সময় উপদ্রব বিহীন হয়, এবং রোগীর দর্শন শক্তির কোন ব্যাঘাত ना जत्म তाहा हहेल राख हहेशा भञ्जाकिया कतितात जातभाक हय ना। যাহা হউক এরূপ অবস্থায় রোগীকে সতর্ক করিয়া দেওয়া উচিত যে যদি শীঘ্র শীঘ্র, এবং অত্যন্ত প্রবলতর রূপে অন্যান্য লক্ষণের সহিত চক্ষু ও জদেশে অত্যন্ত বেদনা উপস্থিত হয় তাহা হইলে শস্ত্রজিয়ার আবশ্যক ইইতে

পারে। অতএব প্রাদাহিক প্রকোদা রোগে চক্ষুর বিধান সকল চির-কালের জনা বিনষ্ট হইবার পূর্বে শস্ত্রকর্ম সম্পন হইলে আমরা শুভ-জনক ভাবী ফল প্রকোধ করিতে পারি। লক্ষণ সকল যতই প্রবল হউক নাকেন কোন অবস্থাতেই ইহার বাধা নাই। প্রকোদার আরোগ্যার্থ ইরি-ডেক্টনী শস্ত্রক্রিয়ার ফল স্বরূপ যে দর্শন শক্তির উন্নতি হয় তাহা ক্রমশ হইয়া থাকে। এবং শস্ত্রক্রিয়ার পরে চ্ই মাদ পর্যান্ত তাহার চন্নম সীমা প্রাপ্ত হয় না। পুকোমা রোগের শেষাবস্থান্ন ও প্রকোদা সিম্প্রেক্স রোগে ব্যাধিত চক্ষুর উপরে ইরিডেক্টনী শস্ত্রক্রিয়ার আরোগ্য দান্নিনী শক্তি সন্দেহের বিষয়। প্রকোদা রোগে এই শস্ত্রক্রিয়ার শুভকারী ফল আরও সন্দেহের বিষয়। প্রকোদার সম্পূর্ণবিস্থান্ন বেদনা নিবারণ ভিন্ন ইরিডেক্টনী শস্ত্রক্রিয়া প্রান্ন

চিকিৎসা।—গ্লেকামা রোগের চিকিৎসা সম্বন্ধে ইহা নিশ্চয় বলা মাইতে পারে যে বল্বর হইনা ইরিডেক্টমী করিলে অবশ্যই রোগ আরোগ্য হইবে। এইরূপ সিদ্ধান্ত করিতে আমার এরূপ অভিপ্রান্ত নয় যে, ইরিডেক্টমী শব্দে কেবল আইরিসের যেরূপ ভাবে হউক এক থও কর্ত্তন করা, কিন্তু সেই আইরিস থও যত বড়ই হউক না কেন আইরিসের এক থও তাহার সিলিমারী সংযোগ সহিত ছিন্ন করিতে পারিলেই কৃতকার্য্য হইতে পারা যান। কর্ণিয়ার গলিত ক্ষত উপন্থিত হইলে তাহার যে সমস্ত স্থলে ইরিডেক্টমী শস্ত্রনা প্রশন্ত বলিয়া উপদিষ্ট হইয়াছে সেই সকল স্থলে উহার এরূপ পরিকর্ত্তন করা আবশ্যক হয় যদ্বারা অ্যাকিউয়াসের প্রাব স্বাভাবিক পরিমাণ হইতে পারে এবং এমতে পশ্চাৎদিকস্থ সঞ্চাপনের হ্রাস করিয়া কর্ণিয়ার বিধানকে আয়াম যুক্ত ও পরিণামে ই্যাফিলোমাতে পরিণত হইতে না দেয়। কিন্তু মকোয়া রোগে ইহা ভিন্ন আরও কিছু আবশ্যক হয়। পূর্দ্বে এরূপ স্থলে সময়ে কর্ণিয়াকে বিদ্ধা করিয়া আগাকিউয়াসকে কিন্তুৎ পরিনাণে বহির্গত করিয়া দেওয়া হইত। ইহাতে চক্ষু গোলকের আয়ামের হ্রাস হইত বটে কিন্তু রোগী তদ্বারা কিছুয়াত্র উপকার প্রাপ্ত হইত না।

প্লকোমা রোগে মান্যবর হাান্কক্ সাহেব সিলিয়ারী পেণী বিভাজনার্থ শেরূপ উপদেশ দেম তাহা নিয়ে লিখিত হইল। মান্যবর হ্যান্কক্\* সাহেব তাঁহার শস্ত্রক্রিয়া নিয় লিখিত রূপে বর্ণনা করেন:—"বিয়ার অন্তুমোদিত ক্যাটারেক্ট্ ছুরিকা কর্ণিয়ার বাহ্য এবং অধোধারে যথায় উহা স্ক্রেইটিকের সহিত মিলিত হয়, তথায় প্রবিষ্ট করাইবে। তদনন্তর ছুরিকার তীক্ষান্ত বাহ্য এবং অধোদিকে তির্যাকভাবে কছু দ্র পর্যান্ত প্রবিষ্ট করাইবে যে পর্যান্ত না এক ইঞ্চের আট ভাগের এক ভাগের কিঞ্চিৎ অধিক স্থান পর্যান্ত স্ক্রেটিকের স্ত্রেগুলি বিভাজিত হয়। এই শস্ত্রক্রিয়া দারা সিলিয়ারী পেশী বিভাজিত হয় এবং যদি জলীয় পদার্থের সঞ্চয় থাকে তাহাও ছুরিকার পাশ্ব দিয়া বহির্গত হইয়া য়য়।"

পোষ্টিরিয়ার ষ্ট্যাফিলোমা, কিশ্বা স্কের-কোরইডাইটিস্ পোষ্টিরিয়ার (Posterior Staphyloma or Sclero-choroiditis posterior) অর্থাৎ পশ্চাদ্দিক্স কোরইড ও স্কেরটিকের প্রদাহ।

মাইরোপিয়া বা নিকট দৃষ্টি রোগে চক্ষুর গভীরতম প্রাদেশে নিম্ন লিখিত মূর্ত্তিগুলি নয়নগোচর হয়। যদ্যপি দর্শক মনঃসংযোগের সহিত দর্শন সায়ুর প্রবেশ দারে দৃষ্টি নিক্ষেপ করেন, তাহা হইলে তথায় ঐ সায়ুর বাহ্ন ধার বেষ্টন করিয়া আছে এমত একটি শ্বেতবর্ণের মূর্ত্তি দেখিতে পাইবেন। রোগের প্রথমাবস্থায় ইহার আকার কাস্ত্যার ন্যায় থাকে। উহার কন্কেভ্ ধার কতক পরিমাণে সায়ুর ডিস্কের ধারের সহিত ঐক্য থাকে। আর উহার কন্ভেক্স ধার চক্ষুর পশ্চাদ্দিক্স্থ মেরুর দিকে লক্ষ করিয়া থাকে।

রোগ যতই বর্দ্ধিত হইতে থাকে ঐ খেতমূর্ত্তিও ততই বৃদ্ধি পায় ও বৃদ্ধি পাইয়া সায়ু হইতেও উহার ব্যহ্থার কিঞ্চিৎ বিস্তৃত হয়, এবং ঐ স্থানটি তাহার কাস্ত্যাকার পরিবর্ত্তন করিয়া নানাকারে বিস্তৃত থাকে। কখন বা কেবল বাহ্যদিগে বিস্তৃত হয় এবং তখন উহার আকার প্যাপিলা হইতে পার্শ্বদিগে বিস্তৃত হয় এবং তখন উহার আকার প্যাপিলা হইতে পার্শ্বদিগে বিস্তৃত খেতবর্ণ ফিতার ন্যায় দেখায়। কখন কখন উদ্ধি এবং অধোদিগে বিস্তৃত হয়, তখন নানাকারের ধারবিশিষ্ট খেতবর্ণের মূর্ত্তি যাহা সায়ুর বাহ্যধারে বেষ্টন করিয়া থাকে। এবং নিকটবর্ত্তী গভীরতম প্রদেশ হইতে কোণাকার অথবা দন্তাকার ধার দারা পৃথক্ভূত হয়। অবশেষে বক্তব্য এই যে এই অপক্ষুতা সায়ু প্রবেশের দারের অভ্যন্তর দিগেও বেষ্টন করিয়া থাকিতে পারে।

<sup>\*</sup> Ophthalmic Hospital Report vol, iii. p. 18.

এরপ হইলে শেষোক্তটি শ্বেতবেষ্টিত অথবা কথন কথন উজ্জ্বল সবুজ নর্পের স্থান দারা বেষ্টিত একটি দ্বীপ বলিয়া বোধ হয়। যাহা হউক ইহার বাহ্যধার সচরাচর অভ্যন্তর অপেকা অধিক বৃদ্ধি পায় এবং পেশস্ত হইরা থাকে। ব্যাধিত স্থান হইতে যে আলোক প্রতিবিশ্বিত হয়, তাহা অন্যান্য আকিক প্রতিবিশ্বিত আলোক অপেকা অধিক তেজোবিশিষ্ট, এবং দর্শন সায়ু হইতে প্রতিবিশ্বিত আলোক অপেকা পরিষ্কার শ্বেতবর্ণ ও উজ্জ্বতর। এরপ হইলে শেষোক্তটি অপেকাক্বত অল আলোকিত এবং নিপ্রভিত ধ্নেরবর্ণ বিশিষ্ট বা ক্ষাৰ্থ বেলিয়া প্রতীয়মান হয়।\*

বৈধানিক পরিবর্ত্তন।—যে সকল নিদান সম্বন্ধীয় পরিবর্ত্তন প্রযুক্ত এই ব্যাধি জন্ম তদিষয়ে বহুকাল হইতে অনেক তর্ক বিতর্ক ইইতেছে। এবং এই বিষয়ের যথার্থ মীমাংসা করিতে বৈধানিক পরিবর্ত্তনের বিষয়ই প্রথমে বর্ণিত হইবে। যাহা হউক এত্থলে আমরা বলিতে পারি যে পোষ্ট রিয়র স্থ্যাফিলোমা রোগ সচরাচর আজনার্জিত এবং পুরুষামুক্তমে ইইতে দেখা যায়।

প্রায় তের বংসর গত হইল অধ্যাপক ডাঙার্স্ ইহা ব্যক্ত করিয়াছে যে অপ্টিক নার্ভের সিথ্বা আবরণ ছই ভাগে বিভক্ত। ৩৩ প্রতিকৃতি দেখ। বাহ্যটি (B) স্কেরটিকের সহিত মিশিয়া গিয়াছে। এবং অভ্যন্তরটি (C) সায়ু কাওকে কোরইড্ পর্যস্ত আবৃত করিতেছে। এতহ্ভরের ৩৩ প্রতিকৃতি।





মধ্যে শিথিল সংযোজক বিধান (  $\Lambda$  ) বর্ত্ত্রমান থাকে। অধ্যাপক ডাণ্ডার্স

<sup>\*</sup> Carter's translation of Zander on the Ophthalmoscope p. 179.

বিবেচনা করেন যে, অপটিক্ ডিস্কের চতুর্দ্দিকে কিয়ৎপরিমাণ স্থান লইয়া কোরইড্বিশুদাবস্থা প্রাপ্ত হয়, এবং স্কেরটিকের অভ্যন্তর-ন্তর এই স্থানে পশ্চাতে নত হওয়াতে উলিথিত মূর্ত্তির কারণ হয়।\*

এই মতের পোষকতা স্বরূপ ইহা বলা যাইতে পারে যে, পোষ্টিরিয়র্ গ্রাফিলোমা রোগ গ্রস্ত অক্ষিগোলক নিদ্ধাষণ করিবার পরে অক্ষিবীক্ষণ যন্ত্র দারা যে স্থানে শ্বেতবর্ণের অর্দ্ধিচন্দ্রকি দাগ দেখা যাইত তথায় উহা পশ্চা-দিকে নত হওয়া প্রযুক্ত পশ্চাতে উচ্চ দেখায় এবং প্রাফিলোমা গ্রস্ত কোরইডের স্তর্প্ত বিনম্ভ বোধ হয়। স্ক্লেরটিকেরও এই স্থানে অনেক অপায় ঘটে। এই সকল পরিবর্ত্তনের কারণ নির্ণয়ার্থ ভবিষাৎ দর্শক দিগের প্রতি ভার অর্পিত রহিয়াছে।

ডাক্তার গিরড্টিউলন্ এই গুপ্ত বিষয়ের অনেক প্রকাশ করিয়াছেন।
আমরা ইহা নিশ্চয় করিয়া বলিতে পারি যে স্বাভাবিক চক্ষু অপেক্ষা নিকটদৃষ্টি রোগ যুক্ত চক্ষুতে স্থাপন প্রভৃতি দর্শনোপযোগী কার্যা এবং উভয়
চক্ষুর আক্ষিক মেরু দয়কে কোণাকারে (Convergence) পরিণত করিতে
অধিক প্রয়াদ পাইতে হয়। এই শেবোক্ত কার্য্য বিশেষ রূপে বৃদ্ধি পায়।
স্বাভাবিক অবস্থায় দমভাবে থাকে এবং উহার বৃত্তাকার দরল ও তির্যাক
পেশী দকল দ্বারা রক্ষিত হয়। কোন পার্শ্বে চক্ষু লইয়া গেলে, তাহার
বিপরীত দিক্স্ত পেশী ঠিক্ দেই পরিমাণে শিথিল হয়, যে পরিমাণে অপর
দিক্স্থ পেশী সঙ্কৃতিত হয়। এবং এইরূপে অক্ষিগোলক দঞ্চাপ হইতে
রক্ষিত হয়।

এইক্ষণ সিম্প্ল্ কন্ভার্জেন্সের বিষয় পরীক্ষা করিয়া দেখা যাউক। যদি অভ্যন্তর দিক্স্থ সরল পেশীর কার্য্যের বাধা দিবার কিছু না থাকিত তাহা হইলে চক্ষু নাসিকার দিকে ঘুরিয়া আসিত, কিন্তু বাহ্যদিক্স্থ সরল পেশীর এবং উর্দ্ধন্থ তির্যাক্ পেশীর কার্য্য দারা উহা উহার মেরুর উপরে বিঘূর্ণিত হয়, এজন্ম কর্ণিয়া আ্যাব্ডাক্সান্ বা অভ্যন্তর দিক্ হইতে বাহ্য দিকে নত হইয়া যার। এই সময়ে তির্যাক্ পেশীর ইন্ছার্সন্ বা শেষান্ত পশ্চাৎ দিক্ হইতে বাহ্য এবং সন্মুথ দিকে আইসে, এবং ঐ সকল পেশী অক্টিগোলককে

<sup>\*</sup> Archiv Fiir Ophthal, B, i, Abth, ii p. 82, 1855,

কুজাকারে বেপ্টন করিতে বাধ্য হয়। এই হেতু কন্ভার্জেন্সের বা অভ্যন্তর বক্রতার পরিমাণ অনুসারে, অন্ধিগোলকও তাহার বিশেষ আকার হেতু তির্ঘাক্ পেশী গুলিকে প্রসারিত করিতে চেপ্টা করে। এই কার্য্যের দারা আবার তাহাদের তুল্যন্ধপ প্রতিক্রিয়া উপস্থিত করে বাহাতে আভ্যন্তরীণ চাপের আধিক্য হয়। সমধরাতল ক্ষেত্রে স্বাভাবিক অবস্থায় যে চক্ষুর কন্ভার্জেন্স্ বা নাসিকার দিকে বক্রতা হয়, তদ্বারা চক্ষুর আভ্যন্তরিক আয়া-

অতএব ইহা স্পষ্টই দেখা যাইতেছে যে নিকট-দৃষ্টি-রোগে চক্ষুর অভ্যান্তরন্থ সঞ্চাপ বর্দ্ধিত হইয়া থাকে। কারণ স্পষ্টরূপে দেখিবার নিমিত্ত তাহাদিগকে সত্মর চক্ষুকে নাসিকার দিকে বক্র করিতে অধিক প্রয়াদ পাইতে হয়। এইরূপ আয়ামের বৃদ্ধি হেতু কোরইডে ভিনাস্ কঞ্জেদান্ স্থাপিত হয়, এবং এইরূপে অক্ষিপিত্তের পটল সম্হের কোমলতা ও লঘুতম স্থানে উহাদের প্রসারণ উপস্থিত হয়। কোরইড্ বিশেষ বিস্তৃত হওয়াতে তাহার ফলস্বরূপ এই স্থানে শুদ্ধতা উপস্থিত হয়, এবং প্রদাহ বিশিষ্ট হইয়া উঠে। এবং কোরইডো রেটিনাইটিস্ ও ভিট্রিয়াস্ সম্বন্ধীয় অন্যান্য উপদ্রব

পোষ্টিরিয়র ষ্ট্যাফিলোমা রোগকে ছই ভাগে বিভক্ত করিয়া বর্ণনা করা বায়। প্রথম স্থিরভাবাপন, দ্বিতীয়, যাহাতে উত্তরোত্তর বৃদ্ধি পায়।

া স্থিরভাবাপর প্রকার, বা ফাপ্য (Stationary form)। এই প্রকারে বোগীর প্রায়ই নিকট দৃষ্টি থাকে, যাহা হয় ত দাদশ কি পঞ্চদশ বৎসর বয়স পর্যান্ত অজ্ঞাত ভাবে থাকিতে পারে। ডাক্রার ম্যাক্নামারা বলেন যে, তিনি এরপ অনেক স্থানে দেখিয়াছেন। এই রোগগ্রন্ত কোন বালককে ত্রিশ অথবা চল্লিশ ফিট্ অন্তরে স্থিত কৃষ্ণবর্ণের বোর্ডে কতকগুলি অন্ধ বা অক্ষর পড়িতে দেওয়া হইয়াছিল। তাহার অন্যান্য সমপাঠীরা ঐগুলি সহজেই পড়িতে পারিত, কিন্তু সেই সকল অক্ষর তাহার নিকট বোর্ডের অতি নিকট না যাওয়া পর্যান্ত ঘোর ও অস্পষ্ট বোধ হইয়াছিল। এরপ স্থলে চক্ষু পরীকা। করিলে উহার সন্মুধ-পশ্চাৎ বৃদ্ধি হেতু উহাকে কিঞ্জিৎ উন্নত

<sup>,</sup> Ophthalmic Hospital Reports, vol. v. p. 383.

ধনিয়া বোধ হয়। চক্ষুর পশ্চাদ্বর্তী ভাগকে অভ্যন্তর দিকে নত করিলে ঈষং নীলাভ দেখায়। এবং অধিকক্ষণ পরিশ্রম করিবার পরে রোগী চক্ষুতে ভার ও বেদনা অন্নভব করে।

অক্ষিবীক্ষণ যন্ত্রন্থারা পরীক্ষা করিলে এরূপ স্থব্যক্ত স্থলে, আমরা অপ্টিক্ ডিস্কের আকার দেখিয়া চমৎকৃত হই। উক্ত ডিস্কের বাহুদিকে অর্ক্চক্রাকৃতি উজ্জ্বন শ্বেত বর্ণের কলম্ব দেখিলে প্রথমে উহা নানা আকারে পরিবর্তিত ও ভঙ্গিবিশিষ্ট বলিয়া বোধ হয়। এই ব্যাধিত স্থানে কোরইড্ তন্তু হইয়া শুক্তা প্রাপ্ত হওয়াতে তৎপশ্চান্তাগ হইতে চাক্চিক্য বিশিষ্ট স্থেরটিকের আভা নয়নগোচর হয়, যাহা এই স্থানে অর্কচন্দ্রাকৃতি বলিয়া বর্ণিত হইল। রেটিনার ক্ষুদ্র ক্রক্তবহা নাড়ীগুলি স্ক্রেরটিকদ্বারা নির্মিত পশ্চাৎস্থিত ধবল ভূমির উপরে দেখা যাইতে পারে। এই অর্কচন্দ্রারা নির্মিত পশ্চাংস্থিত ধবল ভূমির উপরে দেখা যাইতে পারে। এই অর্কচন্দ্রারা পর ক্ষর্বর্গ পদার্থের রেথা দ্বারা সীমাবদ্ধ থাকে। পুনশ্চ ইহার পর অন্যান্য স্থান স্থন্থ দেখায়। এই সকল স্থলে স্ক্রেটিক্ ও কোরইড্ এই অর্কচন্দ্রাকৃতি স্থানের পশ্চাং নত হইয়া পোষ্টিরিয়র ষ্ট্যাফিলোমা রোগের উৎপত্তি করে। Fig 3 plate vii)। অধ্যাপক ভন্ত্র্যাফি সাহেবের উভয় চক্ষ্বারা পরীক্ষা করিবার প্রথান্থ্যায়ী একটি প্রিজম্ বা কাঁচ (prism) নিয়ো-জিত করিলে অভ্যন্তরন্থিত সরল পেশীর ক্ষীণতা বর্ত্ত্বিনান থাকিতে দেখা বায়।

চিকিৎসা—এই অস্বাভাবিক অবস্থা বহুদিন পর্যান্ত এমন কি জীবন পর্যান্তও থাকিতে পারে। পক্ষান্তরে যে, সে সময়েই ইহাতে পরিবর্ত্তন সকল উপস্থিত হইতে পারে। এ বিষয় রোগীকে জ্ঞাপন করা উচিত এবং সতর্ক করিয়া দেওয়া উচিত যে, সময়ে যদি তাহার পরিশ্রমের পরে ক্রর উপরি বেদনা উপস্থিত হয়। কিয়া স্থর্যোর আলোক বিশেষরূপে উজ্জ্ঞলতর ও অপ্রীতিকর বলিয়া বোধ হয়। দৃষ্টির আবিলতা হইয়া আইসে, তাহা হইলে এই সকল ভবিষ্যাৎ হানির পূর্ব্ব লক্ষণ স্বন্ধপ। এরপ হইলে যেন সে কাল-বিলঘ্ধ না করিয়া চিকিৎসার্থ উপস্থিত হয়। এরপ কোন উপমর্গ না থাকিলে নিকট-দৃষ্টির সংশোধনার্থ কেবল এক জোড়া কন্কেভ্ চসমা ব্যবহার করিবার অয়্মতি দিয়াই ক্ষান্ত থাকা উচিত। এবং রোগীকে বলা উচিত

বে, সে উজ্জ্বল আলোকে লিখে ও পড়ে, এবং যে বস্তু লইয়া কার্য্য করে তাহার উপরে অত্যবনত শিরে না থাকে।

ব। ক্রম-বর্জন-শীল ষ্ট্যাফিলোমা (progressive form)। নিম্ন লিখিত লক্ষণ দারা পোষ্টিরিয়র প্রোগ্রেসিভ্ বা ক্রম-বর্জন-শীল ষ্ট্যাফিলোমা রোগ জানা বাইতে পারে। পূর্ব্বে বর্ণিতরূপ অভ্যন্তর দিক্স্থ সরল পেশীর ক্ষীণতা দৃষ্ট হয়। রোগীর নিকট-দৃষ্টি থাকে কিন্তু সে সচরাচর সাধারণ দৃষ্টি-মান্দ্যের নিমিত্ত জামাদিগের নিকট পরামর্শ গ্রহণ করিতে জাইসে। ইহা চক্ষ্ক্ অধিক ক্ষণ ব্যবহার করিবার পরে রুদ্ধি পায়। সময়ে সময়ে চক্ষ্কেটেরের অভ্যন্তরের বেদনা অক্রভব করে, যাহা শঙ্খ্য দেশ পর্যান্ত বিস্তৃত হয়। ইহার সঙ্গে সক্ষে আলোকাসহিষ্ণুতা বর্ত্তমান থাকে, স্থর্যের আলোক কষ্টকর বলিয়া বোধ হয় এবং তদ্বারা যে কেবল এক প্রকার বেদনা উপস্থিত হয় তাহা নহে, কিন্তু আলোকাতক্ষ (photophobia) উপস্থিত হয়। এরূপ আক্রমণ হয় ত তাহার অনেক বার হইয়া থাকিবে, এবং এক মান বা ছয় সপ্তাহ অবস্থিতি করিয়া চলিয়া গিয়াছে, যাহা চক্ষ্র অস্বাভাবিক ব্যবহার হেতু কিয়া সার্বাণিক্ষিক অস্ত্রস্থতা নিবন্ধন পুনরাবির্ভূত হইয়াছে। প্ররূপ শুনিতে পাওয়া যায় প্রত্যেকবারেই পূর্ববার অপেক্ষা দৃষ্টির মন্দ্রতা ঘটে এবং নিকট দৃষ্টিও শীঘ্র শীঘ্র বৃদ্ধি প্রাপ্ত হয়।

এই ব্যাধিকর্ত্বক আক্রাস্ত একটি চক্ষুকে ব্যাধির প্রথমবন্থায় অক্ষিবীক্ষণ যন্ত্র দারা পরীক্ষা করিলে, ডিস্কের চতুর্দ্দিকে কিয়দংশ ব্যতীত প্রায়ই চক্ষুর গভীরতম প্রদেশের অন্যান্য স্থান স্বস্থ দেখায়। ডিস্কের ব্যাহ্যধার যেখানে কোরইডের কিয়দংশ স্বাভাবিক অপেক্ষা রক্তবহা নাড়ী গুলি দ্বারা রক্তপূর্ণ থাকাতে পাতলা ধূমরবর্ণ দেখায় (Plate vii Fig 3) মেই স্থানে যে, বর্ণের পরিবর্ত্তন হয় তাহা ডিস্কের নিকটেই অধিক চিক্লিত থাকে। ঐ স্থান হইতে বাহ্যদিকে কতকগুলি ক্ষুদ্র প্রবল বর্ণের দাগ কোরইডে দৃষ্ট হয়, যাহারা ক্রমশঃ পরস্পরের সহিত নিলিত হইয়া একটি চাক্চিক্য-শালী ধবল বর্ণের অদ্ধিক লাগ উৎপন্ন করে। ইহা ডিস্কের বাহ্যধারকে বেন্টন করিয়া থাকে। ব্যাধিত স্থানের বাহ্যধারের উপরে কালবর্ণদায়ক পদার্থের বিষমাকারের কতকগুলি দাগ দেখা যায়, কিস্কু যাগ্য পোট্টিরিয়র ইণাফিলোমা

রোগের পরিচায়ক বর্ণনায়ক পদার্থের স্থব্যক্ত রেথা কদাচিৎ ইহাতে নয়নগোচর হয়। বস্ততঃ এই উভয়বিধ ব্যাধিতে যে প্রভেদ আছে, তাহা এই:—
প্রোগ্রেসিভ্ প্রকারে উক্ত স্থানে সতত প্রবলতর পরিবর্ত্তন সকল হইতে
থাকে তজ্জন্য ব্যাধিত এবং স্থন্থ বিধানকে প্রভেদ করা কঠিন হয়, এবং
অপকৃষ্ট পরিবর্ত্তন বাহ্ণদিকেই বা ন্যনাধিক সকলদিকেই বৃদ্ধি হইতে
থাকে।

বস্ততঃ এই ব্যাধি অপকৃষ্ট পরিবর্ত্তন ভিন্ন আর কিছুই নহে। কোরইডের ব্রেমা (Stroma) বা ভিত্তি এবং তৎসম্বনীয় স্কেরটিকের অংশ প্রদাহিত ও পরে অপকৃষ্ট হয়। এবং যথন এই স্কেরটিক্ অক্দির আভ্যন্তরিক সঞ্চাপ ধারণে অসমর্থ হয়, তথন পোষ্টিরিয়র ষ্ট্যাফিলোমা রোগ উৎপন্ন হয়। এই অবস্থা একবার আরম্ভ হইলে ক্রমে বৃদ্ধি পাইতে থাকে, যে পর্যাম্ভ না কিঞ্চিৎ বৃহদাকার প্রাপ্ত হয়।

প্রোর্ঘেষ্ট্ররের ট্রাফিলোমা রোগের পরিণামাবস্থার যে কেবল এইমান তুর্ঘনা ঘটে তাহা নহে। তুর্ভাগ্যবশতঃ সচরাচরই ভিট্রির্ঘের তারলা ও অস্বচ্ছতা, এবং রেটিনার সংযোগচ্যুতি ঘটিয়া থাকে। পূর্ব্বোক্ত ব্যাধিটি সহজেই জানা যাইতে পারে। একটি অক্ষিবীক্ষণ যন্ত্রদারা চক্ষ্ পরীক্ষা করিলে, কতকগুলি কালবর্ণের ঝিল্লী ভিট্রিরানে ভাসমান অবস্থায় দেখা যায়। এইগুলি সাক্ষাৎ উপায় দ্বারা পরীক্ষিত হইলে বিশেষ রূপে লক্ষিত হয়। চক্ষ্কে কিঞ্চিন্মাত্র আলোড়িত করিলেই ইহারা সকলদিকে ভূবিতে ও ভাসিতে থাকে, তজ্জন্য রোগী বিশেষ অস্বথ অন্তভ্যব করে। ব্যাধির এরূপ অবস্থাতেও তরলীভূত ভিট্রিরাসের মধ্যে দিয়া দেখা যাইতে পারে, এবং এরূপ ব্যাধির ইতিবৃত্ত শ্রবণ করিলেও জানা যাইতে পারে। এ ব্যতীত যে চক্ষ্ অল্ল আক্রান্ত হইয়াছে তাহাকেও পরীক্ষা করা যাইতে পারে। তাৎপর্য্য এই যে হয় ত এই চক্ষ্তে কেবলমাত্র পোষ্টিরিয়র ষ্ট্যাফিলোমা আরম্ভ হইয়াছে। ইহা দৃষ্টে ব্যাধিত চক্ষ্র ভিট্রিয়াসের তাল্যের সম্বন্ধে একটি স্থির দিদ্ধান্ত্র ধারণা করা যাইতে পারে।

ব্যাধির বর্ত্তমান অবস্থায় রেটিনার সংযোগচ্যুতি হওয়ার বিলক্ষণ সম্ভবনা খাকে, কারণ স্ত্যাফিলোমা পশ্চাদিকে উৎপন্ন হইলে নিম লিখিত ঘটনা-

ঘ্রের একটি অবশ্যই ঘটিয়া থাকে: —হয় রেটিনা আয়ত, প্রসারিত এবং কোরইডের অসমতাক্রমে কোন এক স্থানে ছিন্ন হয়, কিম্বা ষ্ট্যাফিলোমা পশ্চাদ্দিকে আরও কিঞ্চিৎ বুদ্ধিপ্রাপ্ত হইলে রেটিনা আক্ষিক বিবর বা অরা-সিরেটার নিকট সংযোগচ্যুতি হওয়ায় আকর্ষিত হয়। আলোক পণ উপযুক্ত পরিমাণে পরিষ্কৃত থাকিলে এই সকল পরিবর্ত্তন আমরা অকি-বীক্ষণ যন্ত্র দার। নয়নগোচর করিতে পারি। যাহা হউক সচরাচর ভিট্রিয়াস্ এতদূর কলুষিত হয় যে, তমধ্য দিয়া রেটিনা নয়নগোচর হইতে পারে না। যদিও রোগীর সম্পূর্ণ দৃষ্টি হানি দারা আমরা ইহা বলিতে পারি যে উহা সম্পূর্ণ রূপে বিচ্ছিন্ন হইয়া গিয়াছে। এবং অবশেষে বক্তব্য এই যে, এই ব্যাধির যে কোন সময়ে প্রাদাহিক প্রকারেরই হউক বা প্রকোমা সিম্প্লেক্ প্রকারেরই হউক ঔপদর্গিক প্রকোমা ( Secondary Glaucoma ) উপস্থিত হইতে পারে। এরপ স্থলে আইরিডেক্টমী নামক শস্ত্রক্রিয়া না করিলে সম্পূর্ণ চক্ষু অন্ধতাতে পরিণত হয়। কারণ সাধারণ নিয়ম স্বরূপ ইহা বলা ষাইতে পারে যে, শীঘ্রই হউক বা বিলম্বেই হউক এই প্রকার রোগে উভয় চক্ষ্ই বিনষ্ট হইবে। এই সকল বর্ণিত স্থলে আমরা স্কের-কোরইডাইটিন্ পোষ্টিরিয়র কিম্বা উত্তরোত্তর বর্দ্ধনশীল নিকট-দৃষ্টির সহিত প্লকোমা উপস্থিত হুইতে দেখিতে পাই।

চিকিৎসা—এইরূপ তুর্ঘটনা যাহাতে ঘটিতে না পারে তাহার জন্ম রোগের প্রথমাবস্থায় কোরইডে যে সমস্ত পরিবর্ত্তন হইতে থাকে তাহা নিবারণ জন্ম ও প্রাফিলোমা যাহাতে বৃদ্ধি না পায় তজ্জন্য আমাদের বিশেষ প্রয়াদ পাওয়া নিতান্ত আবশুক। ইহার প্রধান প্রধান লক্ষণ এবং আফিবীক্ষণ হারা যেরূপ দেখা যায়, তাহা পূর্কেই বর্ণিত হইয়াছে। অতএব যদি আমরা এরূপ আকারের রোগী পাই এবং জানিতে পারি যে, অধুনা তাহার এই সকল লক্ষণ বৃদ্ধি পাইয়াছে, তাহা হইলে আমাদিগের সতর্ক হইয়া রোগীর ব্যবসায় অভ্যাদ এবং সাক্ষিণ্ধীণ অবস্থার বিষয়ে অন্সন্ধান করা উচিত। তাৎপর্য্য এই যে, ইহাদের মধ্যে যে কোনটি নিয়ম-বিরুদ্ধ হউক না কেন সংশোধন করা যাইতে পারে। প্রায়্ব অনেক সময়েই চক্ষুকে অধিকক্ষণ কার্য্যে নিয়োজিত করাতেই এইরূপ পরিবর্ত্তন উপস্থিত হয়। এরূপ স্থলে

চক্ষুকে সম্পূর্ণভাবে বিশ্রাম দিতে প্রয়াস পাওয়া উচিত। প্রতিঃকালে ও সন্ধ্যাকালে শীতল বারিদারা পরিষেক করিলেও অনেক সময়ে উপকার দর্শিয়া থাকে।

এই সকল সার্ব্বাঞ্চীণ জিরা সত্ত্বেও যদি চকুতে প্রবলতর পরিবর্ত্তন হইতে থাকে, তাহা হইলে উপযুগপরি তিন রাত্রি শঙ্খদেশে ছইটি জলোকা প্রয়োগ করণান্তর ঐ স্থানে উষ্ণ কারির দেক দিবে। যে পর্যান্ত না রোগীর বেদনা ও আলোকাসহিষ্ণুতা সম্পূর্ণরূপে তিরোহিত হয়, তাবৎ পর্যান্ত রোগীকে সম্পূর্ণ অন্ধকার গৃহে রাখা বিধেয়। তৎপরে তাহাকে পরিক্ষত বান্ত্রতে কিঞ্চিৎ ব্যান্ত্রাম করিতে দেওয়া উচিত। এবং স্থ্যালোকে বা প্রদীপের আলোকে কর্ম করিবার সময়ে নীলবর্ণের চশমা ব্যবহার করিতে অনুমতি দেওয়া উচিত। কিন্তু যাবৎ না কোরইডের রক্তাধিক্য সম্পূর্ণ তিরোক্তি হয় তাবৎ কার্য্যাদি করিতে নিষেধ করা কর্ত্ব্য। কোরইডে প্রাদাহিক পরিবর্ত্তন সকল বর্ত্ত্রান থাকিলে অন্ত্র মাত্রান্ন করে।

যাহাইউক অনেক স্থলেই সাধারণ স্বাস্থ্যের উপর লক্ষ্য রাখিয়! চক্ষুর উপর শীতল বারিধারা দেওয়া ও চক্ষুকে বিশ্রাম দেওয়াই আমাদিগের জ্ঞাত উপায় সকলের মধ্যে অতি উৎকৃষ্ট। শাঙ্খ্যদেশের চর্ম্মের নিমে একটি ইয়ু (issue) স্থাপন করা যাইতে পারে। এইরূপ প্রকারে বৃদ্ধিপূর্ব্বক চিকিৎসা করিলে কোরইডের প্রবল পরিবর্ত্তন সকলের পরিচায়ক লক্ষণ সকল ক্রমে ক্রমে শমতা প্রাপ্ত হয়। তথন চক্ষুর কার্য্য করিতে রোগীর অত্যন্ত সাবধান হওয়া উচিত।

এই সকল নিয়ম স্থানর রূপ প্রতিপালিত হইলে যে, রোগীর দৃষ্টি রক্ষা হইবে, তাহা আমরা ভরদা করিতে পারি। অপর সতর্ক থাকা উচিত যে, যে কোন সময়েই হউক চক্ষুতে বেদনা ইত্যাদি উপস্থিত হইলেই পূর্ব্বোক্ত রূপে পুনরায় চিকিৎমা করা যায়, যাহাতে ঐ হানিজনক পরিবর্ত্তন আর বৃদ্ধি পাইতে না পারে। এস্থলে ইহা বলা বাহুল্য যে, কোরইড্ রেটিনা কিম্বা ভিট্রিয়াসে কোন প্রকার পরিবর্ত্তন উপস্থিত হইলে সতর্ক হইয়া ভাবিফল প্রাকাশ করা বিধেয়। রোগীর যে পরিমাণ দৃষ্টিশক্তি থাকে তাহা রক্ষা

করাই আমাদিগের উদ্দেশ্য, তাহার যাহা বিনষ্ট হইরাছে তাহার পুনঃস্থাপন করা আমাদিগের উদ্দেশ্য নহে।

অবশেষে যাহাতে আলোক বক্রকারিণী ক্ষীণ শক্তির উনতি হইতে পারে তজ্জনা রোগীকে উপযুক্তরূপ কন্কেভ্ চশমা বাবহার করিতে উপদেশ দেওয়া অধিক আবশ্যকীয়। ইহাতে নিকট-দৃষ্টিবশতঃ যে বর্দ্ধিত কন্ভারজেন্স্ বা চক্ষু নত করিবার আবশ্যক হয়, তাহা নিবারিত থাকে। রোগীকে সতর্ক করিয়া দেওয়া উচিত যে, সে চিৎ হইয়া অধ্যয়ন বা কাগজের উপরে অবনত হইয়া লিখা পড়া না করে।

ব্যাধির উপশ্যনার্থ ইহা অপেক্ষাও অধিক চিকিৎদার আবশ্যক করে।
ডাক্তার গিরড্ টিউলন্ ইহা প্রমাণ করিয়াছেন যে, এই ক্রমবর্দ্ধিত নিকট-দৃষ্টি
রোগ অভ্যন্তর দিক্স্থ দরল পেশীর ক্ষীণতা প্রযুক্ত ঘটে। তিনি এবং অধ্যাপক ভন্গ্রাফি এই নিমিত্ত ক্রম-বর্দ্ধিত পোষ্টিরিয়র ষ্ট্যাফিলোমা রোগে
বাহ্যদিক্স্থ দরল পেশী বিভাজিত করিতে অনুমোদন করেন। এই বিজ্ঞ
চিকিৎদকের নিকট এইরূপ-দৃষ্টি রোগগ্রস্ত একটি রোগী উপস্থিত ছিল, তাহার
পর্য্যায় ভাবাপর তির্যাক দৃষ্টি আরম্ভ হইয়াছিল। ঐ রোগীর টেনটমী শস্ত্রক্রিয়া
ঘারা বাহ্যদিক্স্থ দরল পেশীকে বিভাজন করাতে ১৩ ভাগ নিকট দৃষ্টির হ্রাদ
হইয়াছিল, অর্থাৎ রু হইতে রু সংশ হইয়াছিল। ডাক্তার ডার্ব্বি উপদেশ
পূর্ণ যে দকল রোগীর বৃত্তান্ত প্রকাশ করিয়াছেন, তাহাতে ক্রম-বর্দ্ধিত
নিকট দৃষ্টিরোগ আভ্যন্তরিক দরল পেশী বিভাজন দারা আরোগ্য হইয়াছিল ইহা বিশেষ প্রমাণ হয়।\* ডাক্তার ম্যাক্নামারা বলেন তাঁহার নিকটেও
এইরূপে তিনটি রোগী উপকার প্রাপ্ত হয়।

কোরইডে টিউবার্কিউলার পদার্থের সঞ্চয়। (tubercular matter in the Choroid )। ইহা প্রায় ক্ষয়রোগগ্রস্ত রোগীদেরই ঘটিয়া থাকে। এইরূপ বর্ণনার একটি রোগীর চক্ষুর অক্ষিবীক্ষণ দারা পরীক্ষা করিলে নির্দিষ্ট সীমা বিশিষ্ট কতকগুলি গোলাপ বর্ণের স্থান দৃষ্টিগোচর হয়, যাহাদিগকে সচরাচর অপ্টিক্ ডিক্কের নিকটে দেখা যায়। টিউবারকিউলার পদার্থ যেমন

Progressive Myopia and its operative cure, by R. H. Derby,
 Ophthalmic Surgeon to the Demilt Dispensary.

মৃদ্ধি পাইতে গাকে, তাহাদিগের দারা কতকগুলি গুটিকা গঠিত হয়

যাহাদের দারা কোরইডের বর্ণদায়ক কোষগুলি পার্শ্বে অপস্তত হয়। এই

হেতৃতে ইহাদের বাহ্যদীমা কালবর্ণের রেখা দারা বেষ্টিত থাকে। আর

তাহাদের বিষম এবং উন্নত প্রদেশ ঐ স্থানীয় অন্য কোন অবস্থার সহিত
কখনই ভ্রম হইতে পারে না। রোগ যতই উত্তরোত্তর বৃদ্ধি পাইতে থাকে
কোরইডের ক্রিয়া সমস্ত ততই বিশৃঞ্জাল হইয়া আইসে। ভিট্রিয়াসের স্বচ্ছতা

তিরোহিত হয় এবং তখন আর গভীরতম প্রদেশের পরিবর্ত্তন সকল নয়নগোচর হয় না। এরপ বোদ হয় না যে, টিউবার্কিউলার পদার্থ দারা
কোরইডে উত্তেজনা কিম্বা বেদনা উপস্থিত হয়।\*

যদি এই সকল স্থলে দৃষ্টির বিশৃজ্ঞালতা থাকে তাহা কোরইডের রক্তবহানাড়ী সকলের ব্যাধিপ্রযুক্তই হইয়া থাকে। ঐ সকল নাড়ীর আবরক
পার্থিব পদার্থ দ্বারা অনুগৃহীত হওয়াতে বিধান সকলের পোষণ কার্য্যের
অনেক ব্যাঘাত জন্মে। এই হেতু সিলিয়ারী পেশীর ছ্র্বলতা এবং ভিট্রিয়াসের আবিলতা উপস্থিত হয়। দৃষ্টিমেক্বর উপরিভাগে টিউবার্কিউলার
পদার্থ সঞ্চিত হইলে রেটিনাকে তৎস্থান্ট্যুত করিয়া উহার ক্রিয়ার অনেক্
ব্যাঘাত জন্মায়। কিন্তু এরূপ স্থল অতি বিরল।

কোরইডের আঘাত ও অপার (Wounds and Injuries of the choroid)। কোরইড যে ভাবে চতুর্দ্ধিকে আরত থাকে তাহাতে ইহা স্পষ্টই দেখা যাইতেছে যে স্কেরটিক্ কিম্বা চক্ষ্র বহিঃস্থিত অন্যান্য বিধানগুলি আহত না হইলে উহা আহত হইতে পারে না। কোরইড্ এবং স্কেরটিক্ পরস্পর এরূপ ভাবে মিলিত থাকে যে স্কেরটিক্ ভিন্ন হইলেও তাহার মধ্য দিয়া কোরইড্ বহির্গত হইয়া উন্নতভাবে থাকে না। বস্তুত কোরইডের আঘাত রেটিনার এবং চক্ষ্র অন্যান্য বিধানের আঘাতের সহিত তুলনা করিলে অতি যৎসামান্য বলিয়া বোধ হয়।

মুষ্টি কিম্বা তজ্ঞপ অন্ত কোন আঘাত চক্ষুর কোন স্থানে পতিত হইলে তদ্বারা কথন কখন উহার রক্তনাড়ী ছিন্ন হইয়া যায়। রক্তস্রাব অধিক পরিমাণে হইলে তাহা রেটিনা ভেদ করিয়া ভিট্রিয়াসে প্রবেশ করে এবং

<sup>·</sup> Carter's Translation of Zander "On the Ophthalmoscope," p. 159,

হয়ত সন্মুখবর্তী কুটীর পর্যান্ত উপস্থিত হয়। চক্ষুগোলক পিচ্চিত হওয়ার পরে কোরইডের ক্ষতিচিহ্ন জীবিতাবস্থায় জক্ষিবীক্ষণ যন্ত্রদারা দেখা যাইতে পারে।\* সামান্য স্থলে কোরইডের মধ্যে জতি জল্ল স্থানে রক্ত সংযত হইয়া থাকিতে পারে যে স্থলে উহা জক্ষিবীক্ষণ যন্ত্র দারা দৃষ্ট হয়। রেটিনার রক্ত-বহা নাড়ীগুলিকে উহার উপরে বিহাস্ত থাকিতে দেখা যায়।

ত্রহ স্থলে যন্ত্রণা হ'উক আর নাই হউক আঘাত পতিত হওয়া অবিধিই রোগীর দর্শন শক্তি সম্পূর্ণ নপ্ত হয়। চক্ষু পরীক্ষা করিলে হয় ত আমরা সমুখস্থ কুটীর রক্ত পূর্ণ দেখিতে পাই। এ রক্তম্রোত এত দূর পর্যান্ত ধাবিত নাও হইতে পারে। কিন্তু কনীনিকা বিস্তৃত করিয়া অক্ষিবীক্ষণ যন্ত্রদারা পরীক্ষা করিলে ভিট্রিয়াসকে অক্ষছ এবং রক্তপূর্ণ দেখা যায়। কিন্তু ইহাপেক্ষা সামান্য স্থলে, যে স্থলে রক্তম্রাব সীমাবদ্ধ স্থানে হয়, রোগী দৃষ্টির আবিলতা মাত্র প্রকাশ করিয়া থাকে। ইহা আবার কোরইছে সংযত রক্ত থণ্ডের অবস্থিতি বশতঃ রেটিনা সম্মুখদিকে কিঞ্চিৎ নত হওয়াতে ঘটিয়া থাকে।

ভাবিফল। দেখিতে যেরূপ হানি হইয়াছে বলিয়া বোধ হয় ইহার ভাবিফলও সেইরূপ হানি জনক হইয়া থাকে। দেখিতে যেরূপ, ইহা বলিবার তাৎপর্য্য এই যে অধিক পরিমাণে রক্তস্রাব হইলে, যাবৎ সেই রক্ত শোষিত না হয়, তাবৎ কি পরিমাণ ক্ষতি হইয়াছে নির্ণয় করা ছয়য়। কিয় এরূপ অতি অল্লয়ানে ঘটে, যে চক্ষুর মধ্যে অধিক রক্তস্রাব হইলে তদ্বারা রেটিনা ছিল কিয়া দর্শন-যন্তের গুণের কোন প্রকারে ক্ষতি না হয়।

ইহাপেক্ষা সামান্য স্থলে কতিপয় দিবসের মধ্যে রক্ত শোষিত হইয়া যায় দর্শন শক্তিও সম্পূর্ণ রূপ পূর্ব্বাবস্থা প্রাপ্ত হয়।

কোরইডের কোন স্থানে ব্যাধি থাকিলে দৈব ঘটনা বশতঃ তথা হইতে রক্তস্রাব হইবার বিলক্ষণ সম্ভাবনা থাকে। নিকটদৃষ্টি রোগীর পোষ্টি-রিয়র ষ্ট্যাফিলোমা রোগ হইলে এরূপ রক্তস্রাব হইতে অনেক স্থলে দেথা যায়। ইহাদের দৃষ্টির অসম্পূর্ণতাই অন্যান্য ব্যক্তির অপেক্ষা ইহাদের চক্ত্ত

<sup>\*</sup> See Cases reported by Dr. P. Frank, Ophthalmic Hospital Reports, Vol., iii p. 84.

জাবাত লাগিবার বিশেষ অমুক্ল হয়। কারণ তাহারা উহাকে সতর্ক রাখিতে সম্যক্ সমর্থ হয় না। তরাতীত ইহাদের চক্ষ্-গোলকও কিঞ্চিৎ উন্নত হইয়া থাকে। এ ভিন্ন কোরইজ্ ব্যাধিত হওয়া প্রযুক্ত উহার রক্তবহানাড়ীগুলি ভঙ্গুর হওয়ায় চক্ষ্তে আঘাত লাগিবামাত্র উহারা বিদীর্ণ হইয়া যায়। ডাক্তার ম্যাক্নামারা বলেন তিনি এরপ অনেক হলে ভিট্রিয়াদের মধ্যে রক্তপ্রাব হইতে দেখিয়াছেন। এবং তৎপরে ঐ সকল হলে রেটিনার বিস্তৃত সংযোগ-চ্যুতি দেখা গিয়াছিল। রেটিনা অব্যাহতি পাইলেও এই সকল হলে রক্ত কোরইড্ মধ্যে সংযত হইয়া উহার বিধানের এত হানি উপস্থিত করে যে উহার পরে শুক্তা উপস্থিত হয়। এবং তাহার অনতি পরেই লেন্ড ও ভিট্রিয়াদের অম্বছ্তা জয়ে।

চিকিৎসা। এরপ ঘটনা হওয়ার পরেই রোগী চিকিৎসার্থ উপস্থিত হইলে চক্ষুতে বরফ প্রয়োগ, এবং চক্ষুকে বিশ্রান্ত রাথিয়া অধিক রক্তস্রাব নিবারণের চেষ্টা করাই যুক্তিযুক্ত, কিন্ত বিলম্ব হইলে কেবল প্যাড্ও ব্যাণ্ডেজ্ দিয়া চক্ষুকে বিশ্রান্ত ভাবে রাথাই ন্যায়-সমত।

কথন কথন প্রকোষা রোগবশতঃ কিম্বা চক্ষ্ অত্যধিক সময় কার্য্যে নিযুক্ত রাথার জন্ত কোরইডের রক্তবহানাড়ীগুলিতে রক্তাধিক্য হইলেও আমরা কথন কথন ইহাতে রক্তপ্রাব হইতে দেখিতে গাই। প্রাবিত রক্ত গাঢ় লোহিত বর্ণ দেখায়। ইহার আকার ও আয়তন নানা প্রকার হইয়া থাকে ও রেটিনার পশ্চাতে স্থিত বলিয়া বোধ হয়। অক্ষিবীক্ষণ যন্ত্রহারা এই সংযত রক্তের উপরে রেটিনার রক্তনাড়ীগুলি ন্যস্ত আছে, এরূপ দৃষ্ট হইয়া থাকে। এই সংযত রক্ত থণ্ডের স্থান এবং আয়তন অনুসারে আমরা ভাবিফল অনুমান করিতে পারি। অরাসিরেটার নিকটে অল্ল স্থানে রক্তপ্রাব হইলে তাহা শোবিত হইয়া যাইতে পারে এবং চক্ষ্র কোন অনিষ্ঠও না হইতে পারে। দৃষ্টিমেকতে অধিক পরিমাণে রক্তপ্রাব হইলেও এরূপ ঘটিতে গারে কিন্তু সচরাচরই স্বোটোমা (Scotoma) ঘটিয়া থাকে। কোন স্থানিক ব্যাধি প্রাক্ত রক্তপ্রাব হইলে তাহার প্রংপুনঃ আবির্ভাব হইবার সন্তাবনা থাকে।

কোরইডের সংযোগ চ্যুতি (Detachment of Choroid)। স্থেরটিক্ হইতে কোরইডের বিচ্ছেদ, আঘাত অথবা কোন প্রকার ব্যাধি মধা কোরইডে কোন অর্ন্দের উৎপত্তি প্রভৃতি কারণে ঘটিয়া থাকে।

দারা আমরা কোরইডের এই বিদারণ নয়ন গোচর করিতে পারি এবং
ইহার মধ্যে দিয়া ধবল বর্ণের চিক্কণ স্কেরটিকও দেখা যাইতে পারে।

অবশ্যই এই সকল স্থলে রেটিনাও কোরইডের সহিত বিমৃক্ত হয়। এবং
চক্ষুর দর্শন শক্তি আহত স্থলে উহা অসাধ্য রূপে চির্কালের জন্য বিনপ্ত হয়।

কোন কোন স্থলে কোরইড্ স্কেরটিক হইতে রক্ত এবং প্রাবিত রস ধারা স্কেরটিকের সংযোগ হইতে চ্যুত হয়। এই প্রাবিত রক্ত বা রস স্কেরটিকে প্রেরটিকের সংযোগ হইতে চ্যুত হয়। এই প্রাবিত রক্ত বা রস স্কেরটিকে প্রেরটিকের সংযোগ ইহাকে স্কেরটিক হইতে পৃথক করে এবং ভিট্রিরাস কুটীরের মধ্যে উহাকে রেটিনার সহিত উচ্চীভূত করিয়া রাখে। কিন্তু ইহার স্ক্রুপপ্ত লক্ষণ এই যে, কোরইডের রক্তবহা নাড়ীগুলি এবং তন্মধ্যবর্ত্তী স্থানগুলি রেটিনার অনতি পশ্চাতেই দেখা যায়। এইরূপে যে উচ্চতা উৎপন্ন হয় তাহাকে ট্রান্স্মিটেড্ আলোক দ্বারা দেখা যাইতে পারে। এবং কোরইড্ হইতে উ্থিত সাংঘাতিক অর্ক্র্দ বলিয়া ভ্রম হইতে পারে। কিন্তু যে সকল স্থল বর্ণিত হইল তথায় রোগীর ইতির্ক্ত এবং চক্ষু গোলকের বর্দ্ধিত আ্বাম কিন্তু। মাংঘাতিক ব্যাধি সকলের অপরাপর লক্ষণের অভাব দেখিলে সম্যক্ রোগ নির্ণয় হইতে পারে।

কোরইডের সমবেদন বশতঃ উত্তেজনা। (Sympathetic Irritation of the Choroid)। ইরিডো-কোরইডাইটিদ্ রোগের লক্ষণ পূর্বেই বর্ণনা করা গিয়াছে, এবং তৎকালে ইহা বর্ণিত হইয়াছে যে কোরইড্ কিম্বা সিলিয়ারি বডির আঘাত বা অপায় বশতঃ এরপ ঘটনা সচরাচর ঘটিয়া থাকে। কোরইডের সমবেদন জনিত উত্তেজনার লক্ষণ ইরিডো-কোরইডাইটিদ্ রোগের ন্যায় হয়।

কোরইডের অর্বুদ সমূহ। (Tumours of the choroid)।

কোরইডের দারকোমা (Sarcoma of the choroid)। কোরইডের দার্-কোমা রোগেতেও অন্যান্য স্থানের ন্যায় বহুল পরিমাণে কৌষিক পদার্থ

<sup>\*</sup> Ophthalmic Review, vol. i. p. 79.

<sup>+</sup> A Treatise on the Diseases of the Eye by Sollberg Wells, Third Edition page 511.

(Cellular Elements) নক্ষত্রপুঞ্জাকৃতি (Stellate) ও তুলার পেঁজের ন্যায় (Spindleshaped) কিম্বা গোলাকার কনেক্টিব্ টিস্কর সেলের ন্যায় বহুল পরিশাণে কৌষিক পদার্থ দৃষ্ট হইয়া থাকে। কনেক্টিব্ টিস্কর সেলে ইইতে ইহাদের বিশেষ এই যে, ইহারা সম্পূর্ণ কনেক্টিব্ টিস্কর আকার প্রাপ্ত হয় না। যাহা হউক সেল সকলের অন্তর্বন্ত্রী পদার্থের সহিত ইহাদের মিশ্রিত হইবার বিশেষ সন্থাবনা থাকে। এই হেতু অপেক্ষাকৃত অধিক রক্তনাড়ী বিশিষ্ট অপেক্ষাকৃত দৃঢ় নির্মাণ ইহাতে দৃষ্ট হইয়া থাকে। এইসকল বিষয় দারা সারকোমা রোগকে ইপিথিলিওমা এবং ক্যান্সার হইতেও পৃথক করা যায়। সারকোমাতে যে আমরা কেবল অধিক পরিমাণে কৌষিক পদার্থ ই দেখিতে পাই এমত নহে কিন্তু এই সকল পদার্থে কতক পরিমাণে কৃষ্ণবর্ণনায়ক পদার্থ অবস্থিতি করে যাহাতে উহার আকার মেডালারী বা মেলানোটিক্ (Medullery or Melanotic) প্রকারের স্থায় হয়। কোরইডের ন্যায় বর্ণদায়ক স্থান সকলে ইহা অধিক জিনিয়া থাকে।

সাধারণ নিয়ম স্বরূপ ইহা বলা যাইতে পারে যে, ইহা বৃদ্ধি পাইতে অধিক সময় লাগে না কিন্তু সময়ে ইহার বিরাম কালও থাকিতে পারে। সারকোমা যতই বৃদ্ধি পাইতে থাকে কোরইড্ও তত আক্রান্ত হইতে থাকে। অকিদর্পণও ভিট্রিয়াস্ অস্বচ্ছ হইয়া উঠে। রোগের প্রথমাবস্থায় ইরিডো-কোরইডাইটিস্ সচরাচর অন্যান্য লক্ষণের সহিত প্রাহর্ভুত হয়। শেষাবস্থায় কণিয়া সম্বচ্ছ ও বোর হইয়া উঠে। চক্ষুর মতান্তরের আয়াম অনেক বৃদ্ধি

হয়। রোগী সচরাচর চক্ষুর অভ্যন্তরে ও তৎপার্থে অভ্যন্ত বেদনা অনুভব করে।

রোগ যতই বৃদ্ধি পাইতে থাকে দিলিয়ারী প্রাদেশ প্রাফিলোমার ন্যায় উনত হইয়া উঠে। কর্ণিয়া এবং স্কেরটিক্ ছিজীভূত হয়। এবং ঐ অর্কাদ ছিজ মধ্য দিয়া সারকোমার ন্যায় আকার বিশিষ্ট দেখায়। এরপ কথন কথন ঘটে যে, ঐ অর্কাদ চক্ষুর অভ্যন্তরে থাকিতে থাকিতেই মেদে পরিবর্ত্তিত এবং শুদ্দ হইয়া বায়। অক্ষিগোলকও তথন কুঞ্চিত হইয়া একটি বোতামের ন্যায় উক্ত অস্বাভাবিক পদার্থের অবশিষ্টাংশের উপরে অবস্থিতি করে। এই অবশিষ্টাংশ হয়ত শীঘ্রই হউক বা কিঞ্চিৎ বিলম্বেই হউক উহাতে লুকায়িত তেজকে পুনরুদ্দীপ্ত করে, এবং অধিকতর ক্রুততার সহিত বৃদ্ধি হয় বলিয়া ভয় করিবার অনেক কারণ আছে। কোন কোন স্থলে কোরইডের সারকোমা দর্শন সায়ুর আবরণকে আক্রমণ করিতে দেখা গিয়াছে। এবং পশ্চাৎ দিগে বৃদ্ধি পাইয়া উহার প্রকৃত অবস্থা অবগত হইবার পূর্কেই চক্ষ্ণটেরের এপেক্সকে এরপ ভাবে পূর্ণ করে যে তদ্বারা চক্ষ্ বাহ্নিগে অপস্তত হইয়া উভয় পুটের মধ্যে কিঞ্চিৎ উনত হইয়া অবস্থিতি করে।

কার্সিনোমা (Carcinoma)। কার্সিনোমা রোগকে সারকোমা হইতে এইরূপে প্রভেদ করা যায় যে, ইহাতে একটি জালাকার নির্মাণ বা ষ্ট্রোমা (Meshwork or Stroma) থাকে; যাহাদের অন্তর্মন্ত্রী স্থানে রাশি রাশি কোষগুলি অবস্থিতি করে। ইহাদের আকার প্রায় তুলার পেঁজের ন্যায় হয় যাহাদের অন্তে এক একটি স্ক্র প্রবর্ধন থাকে যাহাদিগকে পোল্ম্ (Poles) বলা যায়। কার্সিনোমার ষ্ট্রোমার মধ্যে যে সকল আাল্ভিওলার্ স্থান সকল থাকে তাহারা অর্ক্সেকে কর্তুন করিলেই দৃষ্টিগোচর হয়। এবং আদর্শকে কিঞ্জিৎমাত্র পীড়ন করিলেই জালকোষের অন্তরস্থিত কৌষিক পদার্থ সকল বহির্গত হইয়া যায়। সদা সর্বানা এই সকল কোষে বহুল পরিমাণে বর্ণনায়ক পদার্থ থাকে।

কার্সিনোমা অতিশয় সাজ্যাতিক ব্যাধি। ইহা অনায়াদে সকল প্রকার বিধানকে এমন কি অস্থি পর্যান্ত আক্রমণ করে এবং স্ক্রেরটিকের ন্যায় স্থ্রময় বিধানকে আরও শীঘ্র আক্রমণ করে। ক্যান্দার্ রোগে নিকটবর্তী স্থানের লিক্যাটিক্ গ্রন্থি সকল শীঘ্রই আক্রান্ত হয় এবং ক্যাকেক্সিয়া বা স্বাস্থ্যের হানি হওয়া এ রোগের একটি প্রধান লক্ষণ। কোন স্থানে ক্যান্সার রোগ উপস্থিত হইলে তথায় রোগী অসহ্য যন্ত্রণা অন্তব করে। কোরইডের কার্সিনোমা হওয়া অতি বিরল ঘটনা কিন্তু কথন কথন মেডালারীও মেলা-নোটিক্ আকারের ক্যান্সার হইতে দেখা যায়।

চিকিৎসা।—কোরইডের সারকোনা ও ক্যান্সার রোগের প্রথমাব-স্থায় অক্ষিকোটরে অস্বাভাবিক বৃদ্ধি ধাবিত হওয়ার পূর্ব্বেই অক্ষি গোলক নিকাষণ দারা রোগ শান্তির চেষ্টা পাওয়া উচিত। পরে যখন অর্ব্ধ্যুদ স্ক্রেরটিক্ এবং অন্যান্য নিকটবর্ত্তী স্থান সকল আক্রমণ করে তথন ছুরিকা দারা চক্ষুকে বহির্গত করা ন্যায়সঙ্গত নহে।\* রোগের যন্ত্রণা নাশার্থ বেদনা নিবারক ঔষধি এবং ঐ বৃদ্ধির উপরে ক্লোরফর্ম্মের বাম্প প্রয়োগ করা যাইতে পারে কিন্তু এই বেদনা নিবারণ ভিন্ন অন্ত কিছুই করা যায় না।

<sup>\* &</sup>quot;A Practical Work on the Diseases of the Eye," by F. Tyrrell, vol. ii, p. 165-187; Dalrymple, "Pathology of the Eye," Pl. XXXIII. (letterpress.)

## একাদশ তাধ্যায়।

## রেটিনার রোগ সমূহ।

DISEASES OF THE RETINA.

## রক্তাধিক্য এবং প্রদাহ।

রেটিনার রক্তাধিক্য পীড়া অতি অল্পকাল স্থায়ী হইতে পারে। উহা কেবল নাত্র চক্ষুর অত্যন্ত নিয়োগে অথবা পাকস্থলীর অনিয়মিত অবস্থার উপরে নির্ভর করিতে পারে। এই সকল স্থলে ইহা এত জ্রুতবেগে ইহার গতি শেষ করে যে তাহাতে চিকিৎসক বা রোগী তৎসম্বন্ধে জ্ঞাত থাকিতে না পারিবার সন্তা-বনা। কিন্তু রক্তাধিক্যের উত্তেজক কারণ যাহাই হউক না কেন, ইহা যদি এমত ভাবে প্রবল থাকে যে, তাহাতে রেটিনার ক্রণিক অর্থাৎ পুরাতন রক্তাধিক্য উপস্থিত হয়, তাহা হইলে উহা ভয়ানক ফলোৎপাদন করে।

বদ্যপি রক্তাধিক্য অতি অল্পকাল স্থায়ী না হয়, তাহা হইলে আমরা রেটিনাকে অধিক বা অল্পরিমাণে শোফ্যুক্ত দেখিতে পাই। এবং যদি রক্তবহা নাড়ীর রক্তাধিক্য ও শোফ এক সঙ্গে থাকে তাহা হইলে আমরা এই বিষয়ে নিশ্চয় বলিতে পারি, যে তাহাতে স্বাস্থ্যের সীমা অতিক্রান্ত এবং পীড়া আরম্ভ হইয়াছে। এমত স্থলে, রক্তাধিক্য এবং ইহার আমুষঙ্গিক পরিণাম সমূহ, উক্ত অংশকে স্বাভাবিক অবস্থায় স্থাপিত করিয়া সম্পূর্ণ রূপে অদৃশ্য হইলেও, ইহা স্মরণ করিয়া আমাদের সাবধানে থাকা কর্ত্ব্য যে এস্থলে রম্ নির্গমন, যদিও স্বয়ং দোষশৃশ্য, কিন্তু ইহা এমন একটি ভঙ্গপ্রবণ এবং কোমল বিধানে ঘটিয়াছে যে, উহা শীঘ্রই আঘাতিত বা কোরইড্ হইতে স্বতন্ত্র হইতে পারে।

## রেটিনার রোগ সমূহ।

তাফিবীক্ষণ দ্বারা দৃষ্ট মূর্ত্তি সকল। পূর্কেই ইহা বলা হইয়াছে যে বেখানে রেটনার উপরিভাগে আর্টারি ও ভেইন্ লাম্মাণ থাকে, তয়াতীত স্থলে ক্রিম আলোকের দ্বারা পরীক্ষিত হইলে, ভারতবাদীর স্থস্থ রেটনার বর্ণ সর্বাত্ত উজ্জল শ্রেট প্রস্তরের ন্যায় হইয়া থাকে। স্থতরাং এই দেশবাদীর সম্বন্ধে, নদি রেটনা ঘোর রক্তবর্ণ দেখায়, ঐ বর্ণ বত সামান্য রূপে পরিবর্ত্তিত হউক না কেন, যদিও সম্বাটিত এই সকল পরিবর্ত্তন মথার্থ পীড়ার সমান না হইতে পারে, তথাচ আমরা এতৎসম্বন্ধে নিশ্চম হইতে পারি যে কোন প্রকার মন্দ ঘটিয়াছে। দৃষ্টান্তস্বরূপ ইহা উল্লেখ করা যাইতে পারে, যে যদ্যপি য়্যাট্রপাইন্ দ্বারা কনীনিকা বিস্তারিত করা যায় এবং যদি তদনস্তর রোগী স্থ্যালোকে ল্রমণ করে, ঈদৃশ রূপে সঞ্জাত উত্তেলন অলকালস্থায়ী রক্তাধিক্য এবং রেটিনার লোহিত্য উৎপাদন করে।

এই সময়ে ইহা বলিয়া রাখা উচিত, যে রোগীর চক্ষু যাবৎ অক্ষিবীক্ষণের দারা পরীক্ষিত না হয়, তাবৎকাল পর্যান্ত তাহাতে য়াট্রপিন্ প্রযুক্ত
করিতে বিলম্ব করা যুক্তিযুক্ত। এবং তাহা পূর্বাদিন প্রয়োগের পর পরদিন
পরীক্ষার নিমিত্ত রোগীকে স্থাালোকে আনয়ন করা উচিত নহে। কারণ
তাহার অন্যথা হইলে, পীড়ার পরিণাম অথবা আলোকের আধিক্য সঞ্জাত
উত্তেজনের নিমিত্তই রেটিনার রক্তবহা নাড়ীগুলির এক্লপ অবস্থার পরিবর্ত্তন
উপস্থিত হয়, তাহা নিরূপণ করা অসম্ভব হয়। কিন্তু কোন কোন স্থল
ব্যতীত উপর্যাক্ত নিয়ম সচরাচর প্রবল দেখিতে পাওয়া যায়। এবং
এ দেশবাদীর রেটিনার লোহিত্য পীড়ার পরিচায়ক।

ইহা অবশ্যই স্বীকার করিতে হইবে, যে সম্প্রতি যাহা বাহা বলা হইল, তাহা তাহা ইউরোপ বাসীদিগের সম্বন্ধে বক্তব্য নহে। অতএব স্থানর জাতিদিগের মধ্যে, রক্তাধিক্য হইলে রেটিনার শিরাসমূহের রক্তপূর্ণ অবস্থা সচরাচর স্পত্ত লক্ষিত হয়। এবং কেবলনাত্র একটি চক্ষু পীড়িত হইলে, যদি ইহার অবস্থা অন্যটির অবস্থার সহিত তুলনা করা হয়, তবে পীড়ার সভাব নির্ণর সম্বন্ধে কোন সংশ্র পাকে না। এই সকল স্থলে রেটিনার ভেইন সমূহ বক্র ও রক্তপূর্ণ হইতে পারে। এবং রক্তপূর্ণ ও শোক্ষ্ক্র রেটিনা দারা

কোরইডের রক্তবহা নাড়ী ও ইপিথেলিয়াল কোন সকল আচ্ছাদিত হয়। এই সকল পরিবর্ত্তন মৃছ আলোক দারা স্পষ্ট দেখিতে পাওয়া যায়।

কারণ। রক্তাধিক্য বিবিধ কারণে উৎপন্ন হইতে পারে। কিন্তু প্রোয় সকল হলেই কোন না কোন প্রকারে দূষিত রক্ত (Blood dyscrasia) জন্য হইয়া থাকে। ইহা-প্রায় গুপ্তভাবে থাকে। অত্যন্ত পরিশ্রম প্রভৃতি বিবিধ উত্তেজক কারণ প্রযুক্ত, ইহা প্রবলভাবাপন্ন হয়। এবং আমরা দেখিতে পাই, যে এইরূপ পীড়া কলিকাতার পোষাক প্রস্তুতকারী এবং দরজীদিগেরই সচরাচর হইয়া থাকে। এই সকল লোক সচরাচর রাত্রি জাগরণ করিয়া তৈল বিশিষ্ট প্রদীপের আলোকে কার্য্য করে। ইহার শিখা উজ্জ্বলতায় ফার্দিং রস্লাইট্ (Farthing rushlight) এর শিখার সঙ্গেও সমান নহে। পুনঃ তাহার সঙ্গে সঙ্গের ম্যালেরিয়া (Malaria), নির্মান বায়ুর অভাব এবং নিরুষ্ট ভরণপোষণের দ্বারা সাধারণ স্বাস্থ্যের হানি হইয়া থাকে।

অধিকক্ষণ কার্য্য করিলে যে শারীরিক অংশ ধ্বংস হয় তাহার ক্ষতি পূরণ করা আবশ্যক হয়। কিন্তু সেই ক্ষতি পূরণ না হইলে অর্থাৎ অতিরিক্ত কার্য্য বশতঃ অতিরিক্ত পোষক পদার্থের প্রয়োজন হইলে উক্ত অসাভাবিক কার্য্য সেই প্রয়োজনের সঙ্গে সঙ্গে আরম্ভ হয়। এবং যদিও আসরা ইহার সায়ু উপাদানগত পরিবর্ত্তন সকলের অর্থ গ্রহণ করিতে না পারি, কিন্তু কৈশিক নাড়ী সমূহের রক্তপূর্ণ মূর্ত্তিবারা তাহাদিগের বিষয় স্কল্লমপে বিচার করিতে পারি। যদি রক্তাধিক্যের উত্তেজক কারণ ক্রমাগত বর্ত্তমান থাকে, তাহা হইলে এই তুইটি ঘটনার মধ্যে একটি অবশ্য হইবে। হয় ত রেটনা ক্রাম প্রাপ্ত হয় এবং আর রক্তের আবশ্যক না হওয়াতে, রক্তাধিক্য ক্রমে শমতা প্রাপ্ত হয়, অথবা রক্তাধিক্য সমভাবে থাকাতে, নৃতন বিধান সকল উৎপন্ন হয় এবং উহারা রেটিনার কোমল সায়ু উপাদান সকলের সহিত নিশ্রিত হইনা ইহার প্রশ্নকিত সম্পূর্ণ রূপে ধ্বংস করে।

অক্লিকোটরের রক্তবহানাড়ী সমূহ কোন প্রকার পীড়া প্রাপ্ত হইলে ভৌতিক কারণে রক্ত সঞ্চালনের বাধা বশতঃ রেটিনার রক্তাধিক্য উপ-স্থিত হয়। কিন্ত ইহার পর ইহা ও অত্যন্ত চক্ষ্ নিয়োগের পর দ্রদর্শী ও নিকটদশী রোগীদিগের যে রক্তাধিকা দেখা যায় তাহা সম্পূর্ণরূপে বিবৃত হইবে।

ম্যালেরিয়ার প্রভাব এই অবস্থায় অধিকতর স্চরাচর এবং অধিকত্র क्न अन कात्र हरे एक एन था या । हे रा अविन एव तर्कत यथा निया कार्या করিতে থাকে এবং রক্তের গঠন-সম্বন্ধীয় পরিবর্ত্তন উপস্থিত করে। তাহাতে উহা শরীর পোষণে অসমর্থ হয় এবং তলিবন্ধন কৈশিকী নাড়ীর মধ্য দিয়া ইহার গতির বিলম্ হওয়াতে, জানীয় রক্তাধিকা হইয়া থাকে। এরূপ না হইলে আমাদিগের ইহা অবশুই বিবেচনা করিতে হইবে, যে উক্ত বিষ রক্তস্রোতে প্রবিষ্ঠ হইবার পর, সাক্ষাৎ রূপে সমবেদন মার্ স্ক্তরাং রক্ত-मक्षानन नाड़ी त्यभीत छेशरत कार्या करत । यागत । जानि त्य धीवा रमत्य निमशार्थिक वा मगरवनन आस विভक्त इहेरल, त्रिकी अ अनामना जाः भ याशी উक्ত विভাজिত सात्र अভाবে तक था थ हम, তाहारमत मकरनत्र तका-विका **रहे** या थारक। आगता महरकहे वित्वहना कतिरा थाति त्य व स्टाल त्य मकल श्रानीम बुक्काविरकात कथा वला इटेरजिए, जाहा ममरविष्न सामुत छे शरत ম্যালেরিয়া সম্বন্ধীয় বিষের কোন প্রকার পক্ষাঘাতিক ( Paralysing ) প্রভা-বের নিমিত্তই হয়। ইহা যেরূপ প্রকারেই হউক না কেন যে সকল ব্যক্তি উক্ত বিষ ভোগ করে, তাহাদিগের মধ্যেই যে আমরা সচরাচর রেটিনার রক্তাধিকা দেখিতে পাই নে বিষয়ে আর সন্দেহ করিতে পারি না।

ইউরোপবাদী ও এতদেশীয়ের মধ্য হইতে এরপ প্রকারের অনেক রোগী আমাদের চিকিৎসাধীনে আইসে। সে দকল স্থলে রেটিনার রক্তাধিক্য যে বহুবিধ কারণে উৎপন্ন হয় বৃঝিতে পারা যায়। যে ব্যক্তি যত সাব-ধানতার সহিত এই প্রকার পীড়ার অনুসন্ধান করেন ততই তিনি স্পষ্ট বৃঝিতে পারেন যে কৈশিক নাড়ীর রক্তসঞ্চালনই প্রধানতঃ পরিবর্তিত হয়। অনেক স্থলে রেটিনা যে অত্যন্ত পরিশ্রমে নিযুক্ত হওয়াতে, ক্ষতি-পূরণ জন্য রক্ত আকর্ষণ করে তাহাই এই রক্তাধিক্য (Hyperaemia) রোগের মূল স্বরূপ হয়।

রক্তাধিক্য তজ্ঞপ অবস্থাতে থাকিলে, স্বাস্থ্যের সীমা অতিক্রাস্ত হয়। রেটিনাতে রস নির্গমন এবং ইহার সাযু মন্বলীয় উপাদান সকলের অস্তচ্চ অবস্থা দারা এই পরিবর্ত্তন উত্তমরূপে লক্ষিত হয়। ইহা স্মরণ করিয়া রাথা অতিশয় আবশ্যক। কারণ এই সকল অবস্থা স্থচনা হইতে উপযুক্ত চিকিৎসাদারা বাধা প্রাপ্ত না হইলে, বৃদ্ধি প্রাপ্ত হইয়া শেষে অতি ভয়ানক আকার ধারণ করে।

বেদনা রেটিনার রক্তাধিক্য রোগের একটি নিশ্চিত লক্ষণ নহে। মধ্যে মধ্যে চক্ষে চর্ব্বণবৎ বেদনা ব্যতীত রোগের আরম্ভ হইতে শেষ পর্য্যস্ত রোগী আন্য কোন বেদনা অন্তভ্র করে না। ক্রমশঃ চক্ষের জ্যোতির হানি হও-রাই এই রোগের নিত্য লক্ষণ। ইহা কেবল অক্ষিবীক্ষণ দারাই নির্ণয় করা যাইতে পারে। প্রথমে দৃষ্টিমণ্ডলের বাহ্যভাগ আক্রান্ত হয় পরে ম্যাকিউ-লিউটিয়াতে পর্য্যস্ত আলোক বোধ থাকে না।

ম্যালেরিয়া হইতে যে স্নায়্ পদার্থের রক্তাধিকা ও তাহাতে রসস্রাব হয় তাহার দৃষ্টাত স্বরূপ আমি নিয়লিথিত বৃতাত স্নিবেশিত করিলাম।

রোগী স্ত্রীলোক এবং উহার নাম কমল। বয়দ ৩৫ বর্ষ। শেষ তিন সপ্তাহ এই রোগীর পালাজর হইত। প্রতাহ বেলা প্রায় এগারটার সময় ঐ জব আসিত। এতঘতীত ইহার শেষ পাঁচ দিবদ মন্তকের দক্ষিণ পার্শ্বে সমধিক বেদনা অন্নভূত হইয়াছিল এবং দক্ষিণ চক্ষুর দর্শন শক্তি, য়হা। পুর্বের উত্তম ছিল, তাহাও অত্যন্ত কলুষিত ভাবাপর হয়। সেই স্ত্রীলোক বলবতী ছিল, এবং এই জর ব্যতীত তাহাকে অন্যান্য বিষয়ে স্কন্থ বোধ হইত। পরীক্ষা করিয়া তাহার য়রুৎ বা প্লীহা পরিবর্ত্তিত হইবার কোন লক্ষণ প্রকাশ পরে নাই। দক্ষিণ চক্ষুর আয়াম স্বাভাবিক, দর্শন পথ (Dioptric media) স্কন্থ, কনীনিকা আকৃঞ্চিত এবং আলোক বন্ধ করিবার অনেক পরে বিস্তৃত হইতে দেখা গিয়াছিল। রেটনা এবং দর্শন সায়্ও গোলাপী আভাযুক্ত এবং কিঞ্চিৎ শোফবিশিষ্ট। অস্বচ্ছ রেটনা স্পষ্ট দেখা গিয়াছিল। এই চক্ষুর দর্শনশক্তি অত্যন্ত হ্রাস পাইয়াছিল। তাহার মুথের স্ম্মুথে গ্বত হইলে তবে সেই রোগী অঙ্গুলি গণনা করিতে পারিত।

ডাক্তার ম্যাক্নামারার আদেশ মতে তাহাকে একটি বমনকারক উষ্ধ এবং অনন্তর পূর্ণ মাত্রায় অহিফেন ও চক্ষ্ এমত সাব্ধান্তার সহিত বদ্ধ করা হইয়াছিল, যে তদ্ধারা ইহাতে আলোকের গতি নিবারিত হইয়াছিল। পর দিবস আর্দেনিক এবং অহিফেনের ব্যবস্থা দেওয়া
হইল। সপ্তাহ চিকিৎসার পর মন্তকের বেদনা হ্রাস হইল। আর পুনরায়
জ্বর হয় নাই। এবং চতুর্দশ দিবসের মধ্যে রেটিনার রক্তাধিক্য অদৃশ্য এবং
রোগীর চক্ষু পূর্বের নাায় উত্তম হইল।

রক্তাধিক্যের অল্প প্রবল বা মৃহ অবস্থাতেও আমরা দেখিতে পাই যে সকল স্থলেই রেটিনাতে কিঞ্চিৎপরিমাণে রসস্রাব ঘটে এবং তলিবন্ধন উহা কোমল ও ক্ষীত দেখায়। কিন্তু ইহা সম্পূর্ণ রূপে অস্বচ্ছ না হইলে স্রাবিত প্রেরস শীঘ্র শোষিত হইয়া যায় এবং পুনরায় ঐ সকল অংশ তাহাদের স্বাভাবিক অবস্থায় আইনে।

रेश तीम रहेट शास्त्र स्य अत्नक्षण धरे विषय नहेया आत्नानन হইতেছে। এরপপ্রকার আন্দোলন করিবার কারণ এই যে, রক্তাধিক্য সভরাভরই ঘটিয়া থাকে এবং তজ্জন্য এতৎসম্বন্ধে বিশেষ সাবধান না লওয়া হইতে পারে। অধিকন্ত রেটিনার এবং অন্যান্য বিধান সমূহের উপা-मान ममसीय धवः षनााना षनावशक পরিবর্তনের বিষয়েই অতি হুন্সরূপে মনোযোগ দেওয়া বিধেয়। কারণ ইহা হইতেই অধিকতর আশঙ্কাজনক পীড়া উৎপন্ন হইয়া থাকে। এবং এই স্থলেই আমরা তাহা বাধা দিতে ক্লতকার্য্য হইতে পারি। রেটিনাইটিস, ভূস্ভূস্ ও যক্তং প্রদাহের ন্যায় সামাত্ত ভাবে পরীকা করিলে চলিতে পারে কিন্ত যে রক্তাধিক্যের কথা বলা হইল, তাহা দাবধানতার সহিত পরীক্ষা না ক্রিলে আমাদের লক্ষ্য অতিক্রম করিবার অত্যন্ত সন্তাবনা। ডাক্তার ক্লিফড অ্যালবার্ট তাহার অক্ষিবীক্ষণ সম্বন্ধায় অত্যাশ্চর্য্য গ্রন্থে সায়ুমণ্ডল সম্বন্ধীয় ব্যাধি বর্ণনকালে ইনকিইনিয়া অব্দি ডিফ (Ischaemia of the disc) নামক যে ব্যাধি বর্ণনা করি-शांष्ड्रित छांश्रे अहे कि ना छांश गांक्नांगांत्री मारहर अनत वरमत বান্ধালায় এই সকল রোগী দেখিয়াও নিশ্চয় বলিতে পারে না। ডাক্তার ম্যাকনামারা দৃঢ় বিখাদের সহিত বলেন যে গ্রন্থকর্তারা যাহা অপ্টিক্নিউরাইটিদ্ বা অপটিক্ সায়ুর প্রদাহ বলিয়া উল্লেখ করেন তাহাদের সহিত প্রদাহের কোন সম্পর্ক থাকে না। শুদ্ধ এক

নামেতে অনেক ঘটে এবং মিগ্যা নাম প্রদান দারা চিকিৎসা বিষয়ে যেমন ছুর্ঘটনা ঘটে বোধ হয় দর্শন বিজ্ঞানের অন্যত্র কোগায় এরূপ ঘটে না।

চিকিৎসা।—এক্ষণে রেটনার রক্তাধিক্যের চিকিৎসা সম্বন্ধে গুটি-কতক কথা বলিলেই শেষ হইল।

যদি রোগের প্রাথমিক অবস্থাতে উহা লক্ষিত হয়, তাহা হইলে তৎকর্তৃক চক্ষু বিনষ্ট হইবার পূর্ন্ধে, সচরাচর বাধা দেওয়া বাইতে পারে। কিন্তু ইহাকে বাধা দিতে ক্বতকার্য্য হইবার নিমিত্ত, শারীরিক দোষ সম্বন্ধে নিগুড় তত্ত্ব জানিতে আমাদের চেষ্টা করা এবং তদন্মারে ঔষধ প্রয়োগ বিধেয়। কারণ ইহাই সচরাচর উক্ত পীড়ার মূলীভূত কারণ হইয়া থাকে। তার পর আমাদের ইহা মারণ করিয়া রাখা উচিত, যে আলোক রেটিনার নিশ্চিত এবং নিত্য উত্তেজক কারণ অতএব উত্তেজনার অবস্থাতে চক্ষ্ হইতে ইহা বন্ধ রাখা আবশুক। রোগী ম্যালেরিয়া গ্রস্ত থাকিলে বলকর ঔষধ ও আর্মেনিক দেওয়া বিধেয়। জর পর্যায় ক্রমে হইলে কুইনাইন দেওয়া অসঙ্গত নহে। অথবা একমাত্রা বমনকারক ঔষধ, স্বায়ংকালে অহিফেন এবং পরে আর্মেনিক ও একনাইট্ বিশিষ্ট ঔষধি সেবন করিতে দিবে।

যত শীঘ্র সম্ভব রেটিনার রক্তাধিক্য বন্ধ করা আবশ্যক তির্বিষয়ে কিছুমাত্র সন্দেহ নাই। এবং ডাক্তার ম্যাকনামারা বলেন যে তিনি বতদ্র
দেখিয়াছেন, তাহাতে এই অভিপ্রায় সাধনের নিমিত্ত, উক্ত ঔষধ সকল
এবং যদি সাধ্য হয় তবে বিদেশ গমনও অত্যন্ত উপকারী হয়। পীড়া
যথার্থতঃ বিলুপ্ত হইবার পরেও কিছু দিনের জন্য আর্দেনিক ব্যবহার
করা উচিত। কারণ ম্যালেরিয়া সম্বনীয় বিষ কখন কখন এমত গুপুভাবে
কার্য্য করে, যে শরীরে ইহার উপস্থিতি জানা অসম্ভব। তথাপি অধিকতর প্রবৃদ্ধ আকার হইতে এতদ্ধপ অবস্থা কদাচিৎ অল্প ক্ষতি-জনক
হইয়া থাকে।

প্যারেন্কাইমেটস্ রেটিনাইটিস্ বা রেটিনার প্রদাহ। (Parenchymatous Retinitis) সকল বয়সেই এবং সকল শ্রেণীর লোকেরই ইহা হইয়া থাকে। ইহা আঘাতের পরিণামে বা কোন কারণ ব্যতিতও উৎপন্ন হইতে পারে। যদি রেটিনা প্রথমেই পীড়িত হয়, প্রদাহ উহাতেই অবস্থিতি করে। সচরাচর উভয় চকুই পীড়িত হয়।\*

লক্ষণ।— রোটনাইটিস্ সাধারণতঃ অক্নিগোলক এবং শৃজ্ঞাদেশে আকম্মিক ধব্ধব্ বেদনার সহিত আরম্ভ হয়। কিছু দিনের পর যাতনা বর্মিত হইরা থাকে এবং উহা সচরাচর অতি প্রবলভাব ধারণ করে। রোগী আলোকাসহিষ্ণৃতা, দৃষ্টিক্ষেত্রে আলোকের ঝলকদর্শন এবং অজশ্রু অশ্রু বিশোচন করে। পীড়ার প্রারম্ভ ইইতেই রোগী অধিক বা অল্পরিমাণেরই হউক দৃষ্টিমান্দ্য অন্তভ্ব করিতে থাকে। যাহাই হউক, দর্শন শক্তির ক্রাস্পীড়িত রেটিনার অংশের উপরেই বিশেষতঃ নির্ভর করে। যদি প্রদাহ ইহার পার্মভাগেতে আবদ্ধ হইরা থাকে, তাহা হইলে পীতবর্ণ চিহ্নু-যুক্ত প্রদেশ পরিবর্ভিত হইলে, যেরূপ দৃষ্টিমান্দ্য ঘটিয়া থাকে, এন্থলে তদ্ধাপ হয় না। সচরাচর অক্রিগোলকের আয়াম অল্প পরিমাণে বিদ্ধিত হয়। সহজ (অর্থাৎ অন্তপীড়া কর্ত্বক অসংযুক্ত) রেটিনাইটিস্ রোগের প্রাথমিক অবস্থাতে দর্শন পথ স্বচ্ছ থাকে। কিন্ত স্থায়ী পীড়াতে বা যথন এতৎসঙ্গে কোরইড্ পীড়িত হয় তথায় লেন্স্ ও ভিট্রিয়ন্ অস্বচ্ছ হইরা থাকে। ইহাতে, বিশেষতঃ আঘাত জনিত রেটিনার প্রদাহে স্ক্রেটিক ও কনজংটাইবার রক্তবহা নাড়ীর রক্তাধিক্য সচরাচর হয়।

ইহা বলা বাহুল্য যে উক্ত লক্ষণ সকল দারা রোগ নির্ণয় হইতে পারে এবং এতদর্থে অক্ষিবীক্ষণ যন্ত্র নিয়োজিত করা বিধেয়। কিন্তু রোগীর আলোক দর্শনে অসহিষ্ণুতা প্রযুক্ত, প্রদাহিত রেটিনার অবস্থা উত্তসরূপে অবগত হইবার নিমিত্ত আমাদের শীঘ্র দেখিবার দক্ষতা ও নিপুণতার আবশ্যক।

প্রবল প্যারেনকাইনেটস্ রেটিনাইটিস্ রোগে চক্ষ্র গভীরতম প্রদেশ এবং অপটিক্ ডিফে রক্তস্রাব বা কোন ন্তন পদার্থ উৎপন্ন না হইলে

<sup>\*</sup> Lectures on the Theory and Practice of Ophthalmoscope by Wilson, F. R. C. S Dublin, 1868.

<sup>†</sup> Maladies des Yeux, par L. A Desmarres, t. iii. p. 449.

সমভাববিশিষ্ট ঘোর রক্তবর্ণ হইয়া থাকে। প্যাপিলার রক্তনাড়ী সকল অত্যন্ত রক্ত পূর্ণ হয় এমন কি কখন কখন এমনও হয় যে রেটিনা হইতে ডিস্ককে প্রভেদ করা যাইতে পারে না। ইহার অবস্থিতি স্থল কেবলমাত্র বৃহৎ রক্তবহা নাড়ী সকলের প্রবেশ এবং বহির্গমনের স্থলের দারা নিরূপিত হয়। রেটিনার কেন্দ্রন্থ আর্টারি সচরাচর স্বাভাবিক ছিন্ত্র বিশিষ্ট হইয়া থাকে, কিন্ত ভেইনগুলি গ্রন্থির ন্যায় বক্রভাব ধারণ করে এবং অত্যন্ত রক্তপূর্ণ হয়। ইহাদিগকে সময়ে সময়ে জড়িত অবস্থায় দেখিতে পাওয়া যায়। তাহাতে ঐ বক্র উপাদানের এক স্থান অপর স্থান হইতে অপেক্ষাকৃত বুহৎ দেখায়। এই সকল বৰ্দ্ধিত ভেইনে সচরাচর শিরাস্পন্দন (Venous pulsation) দৃষ্ট হইয়া থাকে। অধিকাংশ স্থলেই রেটিনায় বিবিধ আকার এবং গঠন-বিশিষ্ট রক্ত স্রাবের স্থান দেখিতে পাওয়া যায়। রেটিনা স্বয়ং অস্বচ্ছ স্ফীত এবং শোফ-বিশিষ্ট হয়। এবং যদ্যপি সাবধানতার সহিত পরীক্ষা করা হয়, তাহা হইলে ঈষৎ শ্বেতবর্ণ বিশিষ্ট রেথা সকল অপটিক ডিক্ষ হইতে চতুর্দ্দিকে অরাসিরে-টার অভিমুখে বিস্তৃত হইতে দেখা যায়। রেটিনার সায়ু স্তর সংযোগ স্থান হইতে স্রাবিত পদার্থের আকর্ষণ হেতু জড়িত হওয়াতে এরপ অবস্থার সংঘটন হইয়া থাকে। বাতক্ষীত গদীর কোন স্থলে অঙ্গুলিদারা পীড়ন कतिल, छेरा त्यमन के खन रहेर उरे मक् ि रय, छे अयूं कि घरेना अथाय তদ্রপে ঘটিয়া থাকে। যাহা হউক রেটিনার উপরিস্থিত এই সকল চিত্ন স্পষ্ট লক্ষ্য হয় না। এবং রোগ নির্ণয়ার্থ তাহাদিগকে লক্ষ্য করিবার কিছুই আবশ্যক নাই। কারণ চক্ষুর গভীরতম প্রদেশের মূর্ত্তি দেখিয়া যে প্রকারের পীড়া হইয়াছে তাহা একেবারেই নির্ণয় করা যাইতে পারে। নবোৎপর পদার্থের নানাবর্ণের দাগ কখন বা ধূসর বর্ণের কেবল মাত্র বিন্দুর ন্যায় আকার বিশিষ্ট কথন বা বৃহদাকারের চিহু সকল রক্তবিশিষ্ট রেটিনার স্থানে স্থানে দেখা যায়। প্রদাহ প্রবলতর হইলে অনেক স্থলে কোরইড পর্যান্ত তদারা আক্রান্ত হয়। ইল্যাস্টিক্ ল্যামিনা বা স্থিতিস্থাপক স্তরের ইপিথেলিয়ল নেলগুলি প্রদাহিত রেটিনার পশ্চাতে অবস্থিত থাকাতে রেটিনাইটিস রোগে ইউরোপ-দেশনিবাসী ও এতদ্দেশ বাসীর রেটিনার বর্ণ তুল্যরূপ হইয়া থাকে।

এই পীড়া পরিণামে আরোগ্য হইয়া যায় অথবা প্রদাহ স্থায়ী হইতে পারে। কিন্তু তথনও যদি রেটিনার বিধানে প্রবল বা স্থায়ী প্রকারের পীড়া কর্তৃক কোন নির্দ্ধিষ্ট ক্ষতি না হইয়া থাকে, তাহা হইলে রেটিনা পুনরায় স্তম্ভূ মূর্ত্তি ধারণ করে।

যে সকল দৈবঘটনা স্থাবিধাজনক পরিণামের বিল্ল স্বরূপ হয়, রক্তপ্রাৰ তাহাদের মধ্যে প্রধান। পীড়ার সকল অবস্থাতেই রক্তের প্রাবণ হইতে পারে এবং যদিও রক্ত শোষিত হইয়া নায়, ততাচ স্বায়্-স্থ সকল সচরাচর অলই হউক বা অধিক পরিমাণেই হউক বিনষ্ট হয়।

বেটিনার রক্তবহা নাড়ীর আবরণ গুলি ঘন হইতে পারে এবং তরি-বন্ধন ইহাদের অন্তর্গত রক্তপ্রণালী অত্যন্ত সংকীর্ণ হয় এবং ইহা-দিগকে মধ্যভাগ রেথাযুক্ত লোহিত আভাযুক্ত ঈষৎ শ্বেতবর্ণের ফিতার ন্যায় দেথায়। স্বায়ু বিধানে পৃষ্টিজনক পদার্থের সংযোগ এইরূপে অত্যন্ত ন্যন হওয়াতে ইহা শুক্ষ হইয়া যায় বা অন্য কোন প্রকারে অপকৃষ্ট হইয়া যায়।

রেটনাইটিদ্ রোগে সচরাচরই নিউয়ো-প্লাষ্টিক পদার্থ উৎপন্ন হইরা থাকে এবং তাহারা অর্গানাইজড্ অর্থাৎ পূর্ণাবর্ব প্রাপ্ত হইলে এই নৃতন বিধানের অবস্থিতি স্থলে রেটিনার কার্য্যপ্রভাব বিনষ্ট হইনা যায় এবং প্রাদাহিক ক্রিয়া শান্য হইরা রেটিনার অন্যান্য স্থান স্থ্যাবস্থায় নীত হইলেও দৃষ্টিক্ষেত্রে একটি কোটমা (Scotoma) বা ক্ষাবর্ণ চিচ্ছ থাকে। অবশেষে প্রদাহের পরিণান স্বরূপ পূর্যাৎপত্তি ঘটিতে পারে। ডাক্রার ম্যাক্নানারা বলেন যে তিনি চ্যুত লেন্সের ন্যায় কোন বাহ্যিক পদার্থের অবস্থিতি জন্য উত্তেজনা বা আঘাতের পর এরূপ ঘটিতে দেখিয়া-ছিলেন।

যদ্যপি প্রবল (Retinitis) রেটিনাইটিন্ রোগের পর, সৌভাগ্যবশতঃ রোগী আরোগ্য লাভ করে, তাহা হইলে পূর্ব্ধ বর্ণিত মূর্ত্তি সকল ক্রমে অদৃশ্য হইতে থাকে, চক্ষুর লোহিত্য তিরোহিত হয় এবং রক্ত নাড়ী সমূহের রন্ধ্র পূর্ব্ববং হয়। বেদনা এবং আলোকাসহিষ্ণুতার হ্রাস এবং অবশেষে রোগী তাহার দর্শনশক্তি পুনঃপ্রাপ্ত হয়। ইহা পীড়ার আক্রমণের পূর্ব্বে যেরূপ সম্পূর্ণ

অবস্থায় ছিল, সময় ক্রমে তজপই হইতে পারে। চিকিৎসাকালে এরূপ ফল কদাচিৎ দৃষ্ট হয়, বিশেষত পীত বর্ণের স্থান আক্রান্ত হইলেও তথায় নৃতন পদার্থ সমূহ উৎপন্ন হইলে এরূপ ফল কদাচিৎ দৃষ্ট হয়। রেটিনাইটিস্ রোগের কোন কোন অবস্থায় রোগীর নিকট পদার্থ সমূহ তাহাদের স্বাভাবিক অবস্থা হইতে ক্ষুদ্র দেখায়। এরূপ অবস্থাকে মাইক্রপ্সিয়া (Micropsia) কহে। প্রাদাহিক ক্রিয়া দারা রেটিনার রড্প ও কোন্দ্ (Rods and cones) সকলের ক্রিয়া বিকৃত হওয়াতে এরূপ ঘটে। এরূপ অবস্থায় কোন ব্যক্তি কোন মূর্ত্তি নকল করিতে গেলে সে নিশ্চয়ই মূর্ত্তিকে তাহার স্বাভাবিক অবস্থা হইতে ক্ষুদ্র করে। এ সকল ব্যক্তি যুদ্ধ কার্যোর অযোগ্য এবং ডাক্তার ম্যাক্নামারা সাহেব বলেন যে, রেটিনাইটিস রোগের পর এইরূপ মাইক্রপিম্বা হওয়াতে কতিপয় ব্যক্তিকে তিনি অযোগ্য মনে করিয়া কর্ম্ম হইতে অবসর লইতে পরামর্শ দেন।

চিকিৎসা।—বেহেতু আভিঘাতিক প্রকারের পীড়া বাতিরেকে এই বোগ ম্যালেরিয়ার ন্যায় রক্ত দ্ষিতকারী কোন প্রভাব-জনিত শারীরিক অস্থ্রতার (Dyscrasia) উপরে প্রায় সর্ব্রদা নির্ভর করে, অতএব শরীর হইতে এই সকল অনিষ্টকারক কারণ সকল যাহাতে উন্নূলিত হয় তাহার চেষ্টা করা আমাদের মুখ্য উদ্দেশ্য এবং তদনন্তর আমাদের এমন কোন বিশেষ প্রণালীর চিকিৎসা অবলম্বন করা বিধেয়, যাহা এই রোগীর পক্ষে উপকার দর্শাইতে পারে।

আমাদের চিকিৎসাধীন রোগী তুর্মল প্রকৃতির হইলেও বহুদিন জর ভোগ করিয়া আসিতেছে জানিতে পারা গেলে তুলার একটি গদি দারা তাহার উভয় চক্ষু সাবধানতার সহিত বন্ধ রাখিতে এবং ঐ ব্যক্তিকে প্রাতঃকালে ও সন্ধ্যাকালে কিঞ্চিৎ কিঞ্চিৎ ভ্রমণ করিতে ব্যবস্থা দেওয়া বিধেয়। যদি রোগী চক্ষুতে অত্যন্ত বেদনা অনুভব করে, তাহা হইলে শঙ্যাদেশের উপরিস্থিত চর্মের নিমভাগে মহ্দি য়ার পিচকারী দারা অতি উত্তমরূপে উহা শান্ত করা যাইতে পারে। সিদ্ধি বেদনা নিবারণার্থ বিশেষ উপযোগী এবং পোত্তের চেড়ির স্বেদ (Poppy head fomentations) দিলে অনেক সময়ে বিশেষ স্থেকর বোধ হয়।

যদি অ্লিগোলকে কিছুনাত্রও আয়াম (Tension) অন্তুত্ত হয়, তাহা
হইলে কর্ণিয়াতে ছিদ্রু প্রস্তুত করিয়া জলীয় ভাগ বা য়া।কিউয়ম হিউমার
বহির্গত করা বাইতে পারে। যদি চক্ষুর আভাস্তরিক আয়াম বর্ত্তনান থাকে.
তগাপিও আমাদের এই প্রণালীর চিকিৎসা অবলম্বন করিতে বিলম্ব করা
উচিত নহে এবং ডাক্তার মাকেনামারা বলেন যে সাবধান হইয়া আাকিউয়মকে বেগে বহির্গত করিয়া না দিলে, উক্ত প্রকার চিকিৎসা দারা কোন
অনিষ্ঠই দৃষ্ট হয় না। আাকিউয়ম বেগে এককালীন বহির্গত হইলে রেটিনা
সম্বন্ধীয় রক্তপূর্ণ নাড়ী সকল ভিন্ন হইবার অত্যন্ত আশক্ষা থাকে, এবং
ভিট্রিয়ম কুটারে অত্যন্ত রক্তপ্রাব্র হইতে পারে।

যদ্যপি রোগীর জিহ্বা অপরিস্কৃত থাকে এবং সেই ব্যক্তি ক্ষুধামান্দ্যের নিমিন্ত ছঃথ করে, তাহা হইলে তাহাকে কয়েক মাত্রা হাইডার্জ কম্ক্রিটা, কুইনাইন এবং সোডার সহিত সেবন করিতে ব্যবস্থা দেওয়া বিধেয়। জরের লক্ষণ বর্ত্তমান থাকিলে শ্রনকালে উফা স্থান প্রদান করিলে উহা নিবারিত হয়। পীড়ার প্রারম্ভ হইতেই বার্ক এবং অ্যামনিয়া এবং তৎসঙ্গে পরিবর্ত্তক ঔষধ প্রয়োগ করাও সচরাচর আবশ্যক এবং রোগীকে উত্তম থাদ্য এবং তাহার সাধারণ স্বাস্থ্য যাহাতে উন্নতি হয় তৎপক্ষে যত প্রকার উপায় আছে তাহা ব্যবস্থা দেওয়া উচিত। ডাক্তার ম্যাকনামারা বলেন এই প্রকার পীড়াতে বিষ্টার কদাচিৎ উপকারী হয়।

রোগীর শরীর যদি অত্যন্ত রক্তবিশিপ্ত হয়, এবং তাহার নাড়ী উত্তেজনার লক্ষণ প্রকাশ করে, তবে তাহাকে একটি লবণ ঘটিত বিরেচক প্ররোগ এবং তাহার শঙ্খাদেশে প্রাতঃকালে ছয়টি এবং সন্ধ্যাকালে আর চারিটি জলৌকাসংযোগ ও প্রত্যেক সংযোগের পর উক্ত জংশ সকলেতে উক্তমন্ধপে উন্ধ্য জল সেকের ব্যবস্থা দেওয়া উচিত। সন্তবতঃ অপ্তচন্থারিংশত ঘটিকা অন্তর এই বিরেচক পুনঃ পুনঃ প্রয়োগ করিবার আবশ্যক হয় এবং দিবসে তিন বার দশ গ্রেণ মাত্রায় বাইকার্ন্ধনেট্ অব্ পটাস এবং আইওডাইড্ অব্ পটাশ্ এবং তৎসঙ্গে সঙ্গে অন্ন পরিমাণের লঘু পণ্যের ব্যবস্থা দেওয়া উচিত। যদ্যপি এবং তৎসঙ্গে অন্ন পরিমাণের লঘু পণ্যের ব্যবস্থা দেওয়া উচিত। যদ্যপি এবং তিরূপ চিকিৎসায় উক্ত লক্ষণ সকল স্থাস না হয়, আমরা প্রত্যেক ছয়্ম ঘটিকা অন্তর্গ তুই গ্রেণ মাত্রায় অহিফেণ ব্যবহার এবং অনিক জ্লোকা

সংবোধের ব্যবস্থা দিতে পারি। ত্বকের নিমে মফিরা প্রয়োগ এবং তৎসঙ্গে সঙ্গে সতত পোত্তের চেঁড়ির সেকও ব্যবহার করা উচিত। শ্রীরের ও মনের সম্পূর্ণ বিশ্রাম বিধেয়।

উপদংশ জনিত রেটিনাইটিস (Syphilitic Retinitis)। কোন বিশেষ লক্ষণ অপেকা রেটিনার এই প্রকার প্রদাহ পূর্বে বৃত্তান্তের দ্বারা অধিকাংশ সময়ে নিরূপিত হয়। বাস্তবিক শারীরিক উপদংশ যতদূর ইহার উপস্থিতির সাক্ষ্য প্রদান করে, রেটিনার কোন বিশেষ সূর্ত্তি তজ্ঞপ করে না। এবং ইহার দক্ষে সচলাচর যে কোরইড এবং আইরিসও পীড়াগ্রস্ত হয়, তাহা আমরা স্বভাবতঃ স্বীকার করিয়া থাকি। কোরইডের বর্ণদায়ক কোষ্ম্ প্রকৃত্ত রাশিতে সংগৃহীত হইয়া থাকে এবং অকিবীক্ষণ দ্বারা এইগুলি প্রীক্ষিত হইলে ঈষৎ ধ্সরবর্ণ বা কৃষ্ণবর্ণ বিন্দু বা দাগের ন্যায় দেখায়। এই সময়ে কোরইড সম্বন্ধীয় এই সকল পরিবর্ত্তন প্রস্তুত্ত, ভিট্রিয়েও ক্ষতিজনক পরিবর্ত্তন উপস্থিত হয়। ইহা অরুকারযুক্ত, তরল এবং কৃষ্ণবর্ণ বিন্দু (কুকের) দ্বারা অধিকৃত হইয়া থাকে এবং এইরূপে আমাদের দৃষ্টিপথ হইতে রেটিনাকে আচ্ছাদিত করিয়া রাখে এবং অপটিক ভিস্তে ও চতুর্দ্ধিকস্থ অংশ-গত পরিবর্ত্তন সকল কিঞ্চিৎ পরিমাণে গুঢ় করে।

ঔপদংশিক রেটিনাইটিন রোগে ডিক্সের ও রেটিনার ভেইনের রক্তাথিক্য থাকে। এই সময়ে আর্টারি সমূহের ছিদ্র সংকীর্ণ হইয়া থাকে।
সংযোজক হৃত্র সকল বিশেষতঃ ভার্টিক্যাল ট্রাবিকিউলার হৃত্র সমূহের
দৃঢ়তা নিবন্ধন ঈষৎ ধূসরবর্ণ রেথা বা ফিলমের (Film) দ্বারা রেটিনার
রক্ত নাড়ীর সকলের গতি নির্ণয় হয়। অক্ষিবীক্ষণ দ্বারা পরীক্ষা করিলে এই
ঈষৎ ধূসরবর্ণ ফিলম (Film) সচরাচর রক্তনাড়ী সমূহের বহির্ভাগে অবস্থিতি
করিতে দেখা যায়, এতদ্বারা রক্তনাড়ীর প্রণালীর চতুর্দ্ধিকে নবোৎপত্ন পদাথের হুত্ত্রের যেন একটি আবরণ প্রস্তুত হয়। নাড়ী সমূহের প্রাচীরের পার্শ্বেই
এই ফিলম (Film) উত্তমরূপে লক্ষিত হয় এবং ইহা ক্রমে ক্রমে হুস্থ
রেটিনার সহিত মিলিত হয়। অপটিক্ডিস্ক ফ্রীত ও অস্বচ্ছ হয়। ঐ অস্বচ্ছতা রেটিনার উপরিভাগে ইহার পরিধির বাহিরে ভিন্ন ভিন্ন হুলে ভিন্ন ভিন্ন

বর্ণ ফিল্ম (Film) প্রায় সমভাব বিশিষ্ট হয় না এবং যেমন উপদংশজনিত থেরেটাইটিদ্ তজ্ঞপ উপদংশজনিত রেটিনাইটিস রোগেও পীড়িত বিধানের একাংশ অপর অংশটির অপেক্ষা সচরাচর অধিকতর অস্বচ্ছ হয়। বিশেষত দৃষ্টিমেক্রর নিকটে সচরাচর এইরূপ ঘটনা দেখিতে পাওয়া যায়। রেটিনার উপদংশ জনিত প্রদাহে উহার বিধানের এই স্থলে ক্ষুদ্র ক্ষুদ্র বিন্দুর ন্যায় অস্বচ্ছতা (Punctiform opacities) দেখিতে পাওয়া যায়।

यिन এই পीड़ा वाक्षा आश्व ना इय़, जाहा इट्टल द्विष्टिनां स आंत्र अदि-বর্ত্তন সকল উপস্থিত হয়। কারণ বেমন দৃঢ়তা বৃদ্ধি পাইতে থাকে সেই সময় পীড়িত সূত্র সকলও ঘন ও অস্বচ্ছ হইয়া উঠে। কিন্তু ইহাতে যে কেবল त्त्रिंगात स्वगम विधानहे विनष्टे हम अगठ नत्ह, हेशत तकनाड़ीत छ अवद्वाध पंछिता था तक। अनार छे ९ भन भनार्थ नकन भूगी वसव आख रस এবং পূর্বের প্রদাহিত স্থতের পরিবর্তে একটি শ্বেতবর্ণ উজ্জল দাগ (Path) দেখিতে পাওয়া যায়। এই সকল পরিবর্ত্তন কোন এক বিশেষ স্থলেই প্রারম্ভ হইতে শেষ পর্যান্ত থাকিতে পারে এবং তাহাতে রেটিনার অবশিষ্ট ভাগের মূর্ত্তির কোন ব্যতিক্রম লক্ষিত হয় না। প্রদাহিত স্থানের মধ্য দিয়া বে সকল রক্ত নাড়ী গতায়াত করিতে দেখা যায়, তাহারা অল্ল পরিমাণে রক্ত-পূর্ণ হইলেও হইতে গারে। কিন্তু এরপ মূর্ত্তি কখনই সকল সময়ে দেখিতে পাওয়া যায় না। তাহাদিগকে প্রদাহিত স্থানের অপর দিকে প্রায়ই লক্ষ করিতে পারা যায় না। কারণ এই হুত্র পূর্ণাবয়ব প্রাপ্ত হইবার কালে, তাহাদিগকে সমুচিত ও বিলুপ্ত প্রায় করে। ডাক্তার ম্যাক্নামারা বলেন বে, তিনি যতদূর দেখিয়াছেন, তাহাতে ঔপদংশিক রেটিনাইটিন রোগে রক্ত-स्रांव माथात्र वित्रा त्वांध र्य मा।

উপদংশিক রেটিনাইটিন যেমন পূর্ব্বেই উক্ত হইরাছে, অনেক স্থলে আই-রাইটিন এবং ইরিডো-কোরইডাইটিদ্ রোগের পর হইরা থাকে। এজন্য আমরা এই সকল বিধানে পূর্ব্ব ক্ষতির লক্ষণ পাইতে পারি। এজপ সচরাচর ঘটে না। কারণ শারীরিক উপদংশ নিঃনন্দেহ কোন কোন স্থলে রেটিনাকে স্ব্বিপ্রথম আক্রমণ করে। সকল স্থলেই উপদংশ জনিত রেটিনাইটিদ্ রোগ আরম্ভ হইলে রোগী প্রধানতঃ দর্শন শক্তির হ্রাদের নিমিত্ত তুঃগ প্রকাশ

করে। উহাতে কখন কখন একটি কখন ছুইটি চক্ষুই অভিভূত হয়। দর্শন-শক্তির হ্রাস হঠাৎ একেবারে অগবা অল্পে অল্পেই হুইতে পারে। সচরাচর ইহা আপনা হুইতে শাস্য হুইবার সময় পায় এবং প্রত্যেকবার বিরামের পর পূর্বাপেক্ষা প্রবলতর ভাব ধারণ করে। দৃষ্টিক্ষেত্রে প্রায় সম্পূর্ণ অন্ধতার চিহ্ন সকল লক্ষিত হয়, অন্যান্য অংশ অপেক্ষাকৃত স্বাভাবিক অবস্থায় থাকে। বাস্তবিক ইহা কেবল রেটিনার বিশেষ বিশেষ স্থান ভিন্ন ভিন্ন সময়ে আক্রাস্ত হওয়াতে হুইয়া থাকে এবং এই জন্যই সময়ে সময়ে দৃষ্টিক্ষেত্রের পরিবর্ত্তন হুইয়া থাকে।

ইহা অবশ্যই স্বীকার্য্য যে যথন রেটিনায় কোন অংশ সম্পূর্ণ দৃঢ় হয় স্নায়বীয়ও রক্তচালন সম্বন্ধীয় (Nervous and vascular) বিধান সমূহ বিনষ্ট
হওয়াতে, এই স্থান দৃষ্টিক্ষেত্রে ক্ষাবর্ণ দাগের স্থায় অবস্থিতি করে। এই
প্রাকার পীড়াতে ভিট্রিয়সের যে সকল পরিবর্ত্তন পূর্ব্বে উল্লিখিত হইয়াছে,
তাহাদিগের নিমিত্ত অনেক স্থলে দৃষ্টিমান্দ্য বিদ্ধিত হইয়া থাকে।

ভাবিফল।—এই প্রকার রেটিনাইটিস্ রোগের ভাবিফল তাহার অবস্থানাত্মসারে হইয়া থাকে। যদ্যপি আমরা রেটিনাতে বা কোরইডে কোন বিশেষ পরিবর্ত্তন দেখিতে না পাই, আমাদিগের ভাবিফল স্থবিধাজনক হইতে পারে। এমন কি দর্শনশক্তির সম্পূর্ণ আরোগ্য লাভও আশা করিতে পারা যায়। কিন্তু এই পীড়া শারীরিক এজন্য পুনর্ব্বার আক্রমণ করিতে পারে। অতএব আমাদের রোগীকে সাবধান করিয়া দেওয়া উচিত এবং তাহাকে এরপত উপদেশ দেওয়া উচিত বে,তাহার দর্শন শক্তির কোন ব্যতিক্রম অন্তত্ত্ব মাত্রেই যেন সে সেই মুহূর্ত্তে আমাদের পরামর্শ গ্রহণ করিতে উপন্থিত হয়। যদি একবার ঘন অস্বচ্ছ দাগ (Pathes) উৎপন্ন হয়, তাহা হইলে রেটিনার উক্ত অংশের স্বাভাবিক শক্তি পুনঃপ্রাপ্ত হইবার অতি অন্নই সম্ভাবনা।

চিকিৎসা। উপদংশজনিত আইরাইটিস রোগের চিকিৎসা সম্বন্ধে যাহা বলা হইরাছে তাহা পাঠকবর্গ দেখিয়া লইবেন। এরূপ প্রকার রোগে বহু দিবস পর্যান্ত গাবধানতার সহিত পারদ ব্যবহার করা যে, একমাত্র উপায় তদিয় ডাক্তার ম্যাকনামারা সন্দেহ করেন না। তিনি বলেন অনেক

চিকিৎসকের ন্যায় তাহারও পূর্বে পারদ দারা উপদংশ রোগকে আরোগ্য করা দিগা জনক বোধ হইত। যদিও সকল প্রকার উপদংশ পারদঘটিত ঔষধ দারা আরোগ্য হওয়া অসম্ভব বটে কিন্তু ইহা নিশ্চিত করিয়া বলিতে পারা যায় যে, উপদংশের প্রকাশা লক্ষণ গুলি ইহা দারা তিরোহিত হয়। এবং উপদংশ জনিত রেটিনাইটিস্ রোগে ইহা যেমন ফলপ্রদ বোধ হয় তেমন আর কুত্রাপি নহে।

পিতৃজাত উপদংশ জনিত রেটিনাইটিদ সচরাচর শৈশবস্থাতেই আক্রমণ করে কিন্তু হুর্ভাগ্যবশতঃ এই প্রকার পীড়ার বর্দ্ধক বা অবস্থিতি ব্যক্ত্রক কোন বহিস্থিত লক্ষণ প্রকাশ পায় না এবং রোগী বয়ঃপ্রাপ্ত ইইলেই তবে তাহার দর্শ্নশক্তি ক্ষতিগ্রস্ত বলিয়া জানিতে পারা যায়। তথন এরূপ বোধ হয় বেন তাহার চক্ষ্র দৃষ্টি ক্ষীণ বা উহা এমত কোন পীড়া কর্তৃক আক্রান্ত ইইয়াছে, যাহা দন্তোৎগমন হেতু জন্মিয়া থাকে। এবং এরূপ ভরসা হয় বে, বয়োবৃদ্ধির সঙ্গে বসে উহা বিলুপ্ত ইইবে। অপর পক্ষে পীড়ার যথার্থ স্বভাব যদি বৃঝিতে পারা বায় এবং বিচক্ষণতার সহিত উহার চিকিৎসা করা হয় তাহা ইইলে উহা আরোগ্য এবং দর্শনশক্তি রক্ষা ইইতে পারে। শিশুদিগের দর্শনশক্তি ক্ষীণ হইলে অফিরীক্ষণ দায়া পরীক্ষার আবশ্যকতার বিষয়, এতদপেক্ষা উত্তম রূপে বোধগম্য করিয়া দেওয়া বাইতে পারে না। যদি চক্ষ্তে উপদংশিক প্রদাহের দাগ উপস্থিত থাকে, আইরিনের এইরূপ পীড়ার স্থলে যে প্রকার চিকিৎসার পরামর্শ দেওয়া হইয়াছে, তক্রপ চলা কর্ত্তব্য অর্থাৎ পারদ ঘটিত ঔষধের মলম মালিস এবং বলকারক বা পরিবর্ত্তক ঔষধ ও আবশ্যকমত সেবন করা বিধেয়।

রেটিনাতে রক্তপ্রাব (Effusion of blood into the retina)।
আঘাতের পরে, বিকম্পন (concussion) বা সাক্ষাৎ আঘাত জন্য রেটিনাতে রক্তপ্রাব হইতে দেখা যায়। কিম্বা গ্লোকোনা, দর্শন স্বায়ু ও রেটিনার
নিকটস্থ অন্যান্য অংশের প্রদাহ প্রভৃতি বাহাতে অপটিক ডিক্টের মধ্য দিরা
রক্ত প্রবাহ বাধা প্রাপ্ত হয় কিম্বা অক্তি কোটরের বিশেষতঃ অক্তিগোলকের

<sup>•</sup> J. Hutchinson on "Syphilitic Diseases of the Eye and Ear," P. 130.

পশ্চাতে (Fissura orbitalis superior) রেটিনাতে কিম্বা উর্দ্ধানিগ আন্ধিকোটর ছিদ্রে রক্ত সঞ্চালনের বাধা থাকিলে রেটিনাতে রক্ত নির্গনন হইতে দেখা গিয়াছে। উভয় পার্ম্মস্থ জুগুলার ভেইন হঠাৎ কৃদ্ধ হইলেও একপ ঘটনা হইয়া থাকে। কিম্বা অর্ক্র্যুল, রেটিনাইটিন ও নিকট দৃষ্টি রোগ নাহাতে কোরইড ও রেটিনা হ্রাস প্রাপ্ত হয় ও রক্তপূর্ণ থাকে তাহা হইতেও এরূপ ঘটতে পারে।\*

রেটিনাইটিস বোগে বা যান্ত্রিক কারণে পরিণাম স্বরূপ যে রক্তস্রাব হয়,
তাহা সচরাচর রেটিনার গভীরতর ন্তরে ঘটিয়া থাকে। রক্তস্রাব সচরাচর
অধিক পরিমাণে নির্গত হয় না অথবা ইহা সদা সর্বাদা সায়ু বিধান আক্রমণ
করে না। প্রদাহের কার্য্য অতীত হইলে পরে রোগী সম্পূর্ণরূপ দর্শনশক্তি
পুনঃ প্রাপ্ত হইতে পারে। এবং রক্ত শোষিত হইয়া য়য়। কিন্তু য়েমন
পূর্বেই উক্ত হইয়াছে প্রদাহ ও অন্য কোন কারণ-প্রযুক্ত রক্তস্রাব যদি
অধিক পরিমাণে হয় এবং ম্যাকিউলা লিউটিয়ার (Macula lutea) মধ্যে
বা নিকটে রেটিনার পদার্থে ঘটয়া থাকে, রোগীর আরোগ্য লাভের পক্ষে
অতি সাবধানতার সহিত ভাবিফল প্রকাশ করিতে হয়।

রেটিনার স্রাবিত রক্ত উক্ত স্থলের অপর কোন অবস্থার সহিত ভ্রম জনাইবার অতি অন্নই সন্তাবনা। যদ্যপি রক্তপ্রাব ঘটিবার অনতিবিল্পে পরীক্তিত হয়, তবে ইহার বর্ণ দারা উক্ত পীড়ার লক্ষণ ব্যক্ত হয়। অনন্তর এতদ্রপ অবস্থারও পরিবর্তন ঘটে এবং রক্তপ্রাবের স্থান অধিকতর কৃষ্ণবর্ণ এবং কৃদ্র ক্ষুদ্র (Patch) দাগের ন্যায় বিচ্ছিন্ন হইয়া যায়। বৃহত্তর স্থানে রক্তপ্রাব হইলে তাহা ক্রমে কোমল হইয়া আইসে এবং পরে ঈষং পীতবর্ণ এবং সেদের ন্যায় পদার্থে পরিণত হয়। অবশেষে উহাও শোষিত হইয়া যায়।

কিন্ত যেমন পূর্বেই উক্ত হইয়াছে প্রদাহ বা অন্য কোন কারণ প্রযুক্ত রক্তস্রাব যদি পরিমাণে অধিক হয় এবং (Mateula Lutea) মধ্যে বা

<sup>\*</sup> C. Bader on the "Diseases of the Retina" Guy's Hospital Report, vol. xii P. 195.

<sup>†</sup> Dr. Pagenstecher's Report of the Wiesbaden Eye Infirmary. Ophthalmic Review, vol. i. p. 195.

নিকটে রেটিনার পদার্থে ঘটিয়া থাকে, রোগীর আরোগ্য লাভের পক্ষে অতি সাবধানপূর্বক ভাবিফল প্রকাশ করিতে হয়।

রেটিনার আবিত রক্তের উক্ত স্থলের অপর কোন অবস্থার সহিত ভ্রম
জন্মাইবার অতি অল্পই সন্থাবনা। রক্তপ্রাব ঘটিবার অনতিবিলম্বে পরীক্ষা
করিলে, প্রাবিত রক্তের বর্ণ দ্বারা উহার লক্ষণ ব্যক্ত হয়। অতঃপর
এতদ্ধপ অবস্থারও পরিবর্ত্তন ঘটে এবং রক্তপ্রাবের স্থান অধিকতর কৃষ্ণবর্ণ
এবং ক্ষুদ্র ক্ষুদ্র (Patch) দাগের ন্যায় বিচ্ছিন্ন হইয়া যায়। বৃহত্তর স্থানে
রক্তপ্রাব হইলে তাহা ক্রমে ক্রমে কোমল হইয়া আইসে এবং পরে ঈষৎ
পীতবর্ণ এবং মেদের ন্যায় পদার্থে পরিণত হয়। অবশেষে উহাও শোষিত
হইয়া যায়।

রক্তবাবের গভীরতা, উহার স্থানও রেটিনার রক্তনাড়ীর অবস্থিতি এতহুভারে সমন্ধ নির্ণয় করিলে জানিতে পারা যায়। রক্তপ্রাব সমুখ তরে रहेल बक्ताफ़ी मकन थाछत रहा। किन्छ मनानि डेरा नन्तान्वर्जी खरत रहा, তাহা হইলে সেণ্টেল্ আর্টারি বা ইহার কয়েকটি শাথাকে উক্ত সংযত রক্ত-থণ্ডের উপর দিয়া আমূল লক্ষ্য করা যাইতে পারে। ভিকো এই সকল বলিয়া বর্ণনা করেন। তিনি বলেন, স্তুপের অস্তর্ভুত কোষদমূহ কিছুই পরিবর্ত্তিত না হইতে পারে, কিম্বা স্ক্র স্ক্র বিন্দু (Granules) দারা আংশিক পূর্ণও হয়। এই দকল রক্তবর্ণ স্তুপের মধ্যস্থলে ও তাহাদিগের পরিধিতে স্থূল কোষসমূহ এবং এক ত্রিত গ্রান্ল্স্ (Conglomerate Granules) দৃষ্ট হইতে পারে। তাহারা সংগৃহীত হইয়া দৃঢ়সম্বদ্ধ স্থূপে পরিণত হয়, অপবা কথন কখন একত্র মিলিত হইয়া জালের আকার ধারণ করে। এই অবস্থাতে রেটিনার উপাদান সকল কিছুই পরিবর্ত্তিত দেখাইতে না পারে, अथवा গ্রানিউলার্ লেয়ার্ ও গ্যান্মিয়নিক্ কোষ সমূহ (Granular layer and the Ganglionic cells) কিঞ্চিৎ পরিমাণে অস্বচ্ছ হয়। শেবোক্ত বিধান यिन अधिक वृक्ति इस ना वर्षे, उथानि यां जाविक अवस्था रवक्तन थारक, তাহার অপেকা ইহাতে উহা অধিকতর গ্রানিউলার্ বা বিন্দুময় (Granular) এবং পীতবর্ণ মূর্ত্তি ধারণ করে। উহার উপরিস্থ বেদিলারি (Bacillary) প্র

সহজে অসুভব করা যাইতে পারে না। অধিকস্ত রেটিনার রক্তবহা নাড়ী-গুলির মধ্যে কৌষিক নাড়ীভে (যাহারা সচরাচর জালের আকারে অবস্থিতি করে) বিশেষতঃ তাহাদের প্রাচীরে এবং প্রণালীতে উভয় স্থলেই পরিবর্ত্তন দৃষ্ট হইয়া থাকে। যে সময় কোন বস্তু নাড়ীগুলির প্রাচীরের মধ্যে দিয়া অন্তর্কাহ ও বহির্কাহ ক্রিয়া দারা গতায়াত করিতে পারে না, এরূপ অব-शांट प्रथा यात्र (य, डेक्ट थाहीत स्माप्त भतिन्छ धवः हेशांपत थानी এম্বলিয়া দারা ( Embolia ) অবরুদ্ধ হইয়াছে।\*

নিফু হিটিক্ বা মূত্রযন্তের ব্যাধিবশতঃ রেটিনার প্রদাহ (Nephritic Retinitis)। ষ্টেল্ওয়াগ্ ভন্ কেরিয়ন্বলেন যে,এই প্রকার পীড়াতে রেটিনার পশ্চাদদ্বভাগে স্থানে স্থানে ঘন পদার্থ সংগ্রহ হয়, যাহারা পরে বুহৎ আকারে निलिज इरेशा यांश এवং अभिक् भाभिलात हर्ज़िक छेळ इरेशा थांक । ইহার সঙ্গে সঙ্গে নানাবিধ রক্তপ্রাব, অত্যন্ত স্থানীয় রক্তাধিক্য এবং দর্শন-শক্তির হ্রান হইতে থাকে। বস্ততঃ এই প্রকার রেটিনাইটিন্ রোগের সঙ্গে ্সঙ্গে রেটিনার সংযোজক স্ত্তের দৃঢ়তা এবং ইহার সায়ু পদার্থ মেদে পরিণত মেনরিয়া বা কিড্নির ব্যাধির নিমিত উৎপন্ন হয়। বাহা হউক, এইরূপ সংপ্রাপ্তিগত পরিবর্ত্তন যে কেবল বাইট্স্ ডিজিজেই হইয়া থাকে, এমভ নহে। ম্যালেরিয়া-জনিত রক্তের অসুস্থ অবস্থা হইতেও তদ্ধপ ফল উৎপন্ন হইতে পারে। এ জনা চিকিৎসক মহাশয়দিগের সাবধান হওয়া উচিত, যেন **ठ**टक द्विनारें हिन् यान् विडियनितया आहि पिथिया थे द्वांगीत वारेहेन् ডিজিজও আছে, এরূপ সিদ্ধান্ত না করেন। যে সকল শস্ত্র-চিকিৎসক গ্রীক্ষ-প্রধান দেশে চিকিৎদা করেন, তাঁহারা হয়ত বহুবার দেখিয়া থাকিবেন যে, অনেক প্রকার য়াাল্বিউমেনরিয়া দেখা যায় যেগুলি সম্পূর্ণ আরোগা হর এবং তাহাদের সহিত ব্রাইটস্ ভিজিজের কোন সম্পর্ক থাকে না। ডাক্তার ম্যাক্নামারা গত কতিপয় বংসরে এবংক্থিত য়াাল্বিউমেন্রিয়া জনিত রেটিনার প্রদাহ দেখিয়া বলেন যে, ম্যালেরিয়া বশতঃ গৈশিক বা অন্যান্য

<sup>·</sup> Carter's Zander, P. 146.

<sup>†</sup> Atlas d'Ophthalmosopie, par le Dr. Leibreich, P. 16.

আবণগ্রন্থি সকল যেরপ সেদে পরিণত হয় ইহাও তদ্যতীত আর কিছুই নহে। ইহার সহিত প্রস্রাব্রিউমেন থাকিতেও পারে বা নাও থাকিতে পারে। এরপ স্থলে য়্যাল্রিউমেনের পরিবর্ত্তে প্রায়ই শর্করা পাওয়া যায়। অল্যপান-জন্যও এইরপ ক্ষাণাবস্থা দেখিতে পাওয়া যায়। প্রত্যেক স্থলেই নিঃসংশ্যে একপ্রকার পরিবর্ত্তন ঘটে। অর্থাং রক্ত ও কৌষিক নাড়ীসমূহের প্রাতীরের পরিবর্ত্তন হওয়াতে বিধান সমূহে স্বাস্থ্যকর ও পৃষ্টিজনক পদার্থ প্রদানে উহারা অনুপ্যুক্ত হয়। এবং শেষোক্ত অর্থাং রক্তনাড়ীর দৃঢ়তা শ্রীতে অন্তর্নাহ ও বহির্বাহ ক্রিয়া বদ্ধ হইয়া অন্যান্য অংশের পৃষ্টির ক্ষতি লাধনের পক্ষে সহায়তা করে, তাহাতেই ইহার পরিণামে রেটিনার এই প্রকার পীড়া উৎপন্ন হইয়া থাকে॥

মিষ্টার্ হল্ বলেন যে, এতজাপে ঘটিত স্থেরসিস বা দৃঢ়তা এবং মেদ সম্বন্ধীয় ক্ষতিজনক পরিবর্ত্তন রেটিনার সংযোজক স্ত্রোপাদানেই ঘটিয়া থাকে. যাহাকে (Glioma) প্লাইওমা বলে।\* কিন্তু এই প্রকার পীড়া কর্তৃক আক্রাক্ত রেটিনায় যে উজ্জল কলঙ্ক সকল দৃষ্ট হইয়া থাকে, সূত্র সকলের এই ক্ষতি-জনক পরিবর্ত্তন যে তাহাদিগের একমাত্র কারণ, এমত নহে। প্রাবিত রক্ত বিচ্ছিন্ন হইলে তাহা হইতেও (Disintegration) আবিত লাইক্র্ ভান্ওই-নিস্ হইতে উৎপন্ন সূত্রযুক্ত সংযত খণ্ড (Fibrillated coagula) মেদে পরি-বর্ত্তিত হইলেও উহা ঘটিয়া থাকে। রেটিনার বৃহৎ বৃহৎ নাড়ী অতি অল্ল श्रुल शीष्ठि रस। क्यां शिनाति मम्रहत लाहीत स्यामिन रेष् वा सामवर এক প্রকার পদার্থে পরিণত (Amyloid deposits) হওয়াতে, উহারাই বিশেষত পীড়িত হয়। এই সকল স্থ্য নাড়ীর মধ্যে রক্তের গতি বাধা প্রাপ্ত হইলে চতুৰ্দ্দিকস্থ বিধানে রদ (Serum) নির্গমন ঘটিয়া গাকে। কিছ ইহাপেকা অধিক লক্ষণও দৃষ্ট হইয়া থাকে। এই সকল গীড়িত নাড়ীর মধ্যে অনেকগুলি বিদীর্ণ হইয়া যায় এবং রেটিনাতে ক্ষুদ্র রক্তপ্রাবের চিহ্ন দৃষ্ট হয়। নিউরো-রেটিনাইটিদ্ রোগ হইলে (Neuro retinitis) ভিটিয়েদ পরিবর্ত্তন লিফিত হয়। ইহা অস্বচ্ছ ও উহাতে অনেক গ্রানিউল্দ্ (Granules)

<sup>\*</sup> Hulke on the Neuro-retinitis Ophthalmic Hospital Report, vol v. P. 17.

জিনিবার সন্তাবনা। ইহাতে রেটিনা হইতে রক্তের কোষসমূহ এবং ক্ষুদ্র সংঘত রক্তথণ্ডও দৃষ্ট হইয়া থাকে।

লক্ষণ। — সচরাচর উভয় চক্ষ্ই পীজিত হয়। রোগী অতি অল্ল স্থলে বেদনা অন্তব্য করে, কিন্তু সেই ব্যক্তির সচরাচর ক্রমে দৃষ্টিনাল্য ঘাটয়া থাকে। যদিও দর্শনশক্তির হ্রাস দৃষ্টিক্ষেত্রের একাংশের অপেকা অপর অংশে উত্তমরূপে লক্ষিত হয়, তত্রাচ উহা ক্রমেই বর্দ্ধিত হইতে থাকে। অবশেষে রোগী কেবল বৃহদাকারের চিত্র মাত্র দেখিতে পায়। পীড়ার প্রাথমিক অবস্থাতে, পীজিত রেটনা ভিট্রিম্স্ কুটারে প্রবেশ এবং তজ্জন্য দৃষ্টিকেক্রের মধ্যস্থ হওয়াতে হাইপার্মেট্রপিয়া বা দ্রদৃষ্টি (হাইপার্মেট্রপিয়া নামক অধ্যায় দ্রস্তব্য) হইয়া থাকে। যদ্যপি এই পীড়ার সঙ্গে নিক্রাইটিস্ রোগের কোন সম্বন্ধ থাকে, তাহা হইলে অবশ্যই প্রস্রাবে য়্যাল্ব্রেন্স্ লেখিতে পাওয়া যায়। পাক্যস্তের স্বাভাবিক ক্রিয়ার বাতিক্রম হইয়া থাকে এবং অনেক স্থলেই হৃদয়ের বাম পার্মস্থ ভেণ্ট্রিকলের বৃদ্ধি ও প্রমারণ ঘটে। কিন্তু যেমন পূর্কেই উক্ত হইয়াছে, ডাক্তার ম্যাক্নামারার এরুণ বিশ্বাস যে, এবম্কথিত নিক্রাইটিক্ রেটিনাইটিস্ রোগ কিড্নির পীড়া না থাকিলেও উৎপন্ন হইতে পারে।

অক্ষিণীক্ষণ যন্ত্ৰ দ্বারা পরীক্ষা করিলে নেডু।ইটিক্ রেটিনাইটিস্ রোগও রেটিনার অন্য প্রকার প্রদাহের প্রথমাবস্থায় বিভিন্ন করা অসন্তব। ইহাতেও সেই শোক্ষ এবং অপটিক্ ডিক্ষের অসন্তহা ঘটিয়া থাকে। ইহার বহির্ভাগ, দিব করাল সিশ্রিত ধূসরবর্ণের রসস্রাবের (Serous infiltration) দ্বারা আচ্ছা-দিত হওয়াতে, অস্পস্টভাব ধারণ করে। ইহাতে নাড়ীগুলিও অন্ধকারে আবৃত হয়। কিঞ্চিৎকাল পরে আবার উক্ত লক্ষণ সকলের পরিবর্তন হয় এবং ভেইন্গুলিকে রক্তপূর্ণ দেখিতে পাওয়া বায়। অপটিক্ ডিস্ক্ অধিকতর যোর দেথায়, ঐ বর্ণ রেটিনার উপরিভাগ পর্যান্ত বিস্তৃত হয়। ইহাতে সংযোগ্জক স্থ্রের দৃঢ়তা নিবন্ধন ক্ষীণ ও ঈষৎ শ্বেত্বর্ণ রেখা (Striae) দৃষ্ট হয়। থাকে (Fig 2. Plate V)। রেটিনা এবং অপটিক্ ডিস্কের বিবিধ অংশে রক্তমাবের লক্ষণ দৃষ্ট হয়। তাহারা প্রধানতঃ রেটিনার অন্তর্কার্তী স্তরসমূহে ঘটিয়া থাকে এবং তাহাদিগের মূর্ত্তি কিঞ্চিৎ পরিমাণে খ্রীয়েটেড্ বা রেথান্ধিত

হয়। কিন্তু কেবলমাত্র উপরিভাগে রক্তস্রাব হইতে পারে, তাহাতে রেটিনা সম্বন্ধীয় নাড়ীসমূহের এক বা ততোধিক অংশ আচ্ছাদিত হইয়া থাকে।

বেমন পীড়া বৃদ্ধি পাইতে থাকে, শোকযুক্ত ডিক্ষের চতুর্দ্ধিকে বহুসংখ্যক খেতবর্ণ দাগ (Patches) দেখিতে পাওয়া যায়। ইহারা একত্র হইয়া যায় এবং প্যাপিলার চতুর্দ্ধিক অঙ্গুরির আকারে বেষ্টন করে। উহা ইহার অভ্যাত্তরভাগে উত্তমরূপে লক্ষিত হয়। এই অঙ্গুরী ডিক্ষের পরিধি হইতে ভিতর দিকে একটি ঈয়ং ধূসরবর্ণের চক্রের (Zone) দ্বারা বিভিন্ন থাকে। এবং ইহার বহির্ভাগন্থ প্রবদ্ধনগুলি (Processes) রেটিনা সম্বন্ধীয় রক্তনাড়ীর প্রাচীরের পার্থ পর্যান্ত বিস্তৃত হয়। রেটিনার পীতবর্ণ প্রদেশে ক্ষুদ্র ধূসরমিশ্রিত খেত বা হুগ্নের ন্যায় বর্ণবিশিষ্ট বিন্দু সকল উৎপন্ন হইয়া থাকে। উহারা হয় ত ক্রত বৃদ্ধিপ্রাপ্ত হইয়া কিছু কালের পর পরস্পার সংযুক্ত হইয়া যায় এবং অপটিক্ ডিক্ষের চতুর্দ্ধিক্ত চক্রের সহিত মিলিত হইয়া থাকে।

যে পর্যান্ত না অপটিক্ ডিক্ষ্ এবং রেটিনা ক্ষরপ্রাপ্ত হয়, এই সকল পরিবর্ত্তনের অবস্থা বর্দ্ধিত হইতে থাকে। অন্যান্য স্থলে রেটিনায় যে মেদের
ন্যায় পদার্থ উৎপন্ন হয়, তাহার অধিকাংশই শোষিত হইতে পারে, রোগীয়
দর্শনশক্তির অবস্থা উত্তম হয় এবং যদিও দৃঢ়তাজনিত পরিবর্ত্তন সকল
অদৃশ্র হয় না, তত্রাচ রোগীর এমত পরিমাণে দর্শনশক্তির পুনর্লাভ হয় য়ে,
তাহাতে সচরাচর যথেষ্ট উপকার হইতে পারে। এই পীড়াতে সম্পূর্ণ অন্ধতা
প্রায় হয় না।

চিকিৎনা। ব্রাইট্স্ ডিজিজ্ বশতঃ পীড়া হইলে ইহা বলিবার প্রায় আবশ্যক নাই যে, প্রধান পীড়ার ন্যায় রেটিনার পীড়াও আরোগ্য হয় না। ইহাতে কোন প্রকার স্থবিধাও করা যাইতে পারে না।

ডাক্তার ম্যাক্নামারা ম্যালেরিয়া সম্বনীয় জ্বের পর নিউরো-রেটিনাই-টিদ্ (Neuro-retinitis) রোগগ্রস্ত গুটিকতক রোগী পরীক্ষা করিয়া দেখিয়া-ছেন যে, উত্তম নিয়নের সহিত জ্বিচলিত হইয়া কিছু দিন আর্দেনিক্ দ্রীকণীন্ এবং লোহের ব্যবহার দ্বারা তাহাদিগের কিঞ্চিৎ স্থবিধা হয়। কিস্ত লর্জাপেক্ষা আ্যাদের ইহা শ্বরণ রাখা কর্ত্তব্য যে, ভিন্ন দেশের বায়ু সেবন

বশতঃ ম্যালেরিয়ার প্রভাব হইতে সম্পূর্ণরূপে স্থানান্তরিত হওয়াই পীড়া হইতে আরোগ্যলাভের পক্ষে বিশেষ আবশ্যক। অতএব যে সকল লক্ষ্ণ সম্প্রতি ম্যালেরিয়াসম্বন্ধীয় প্রভাব বলিয়া বর্ণিত হইল, সেই সকল লক্ষণ-সম্পন কোন রোগী যদি আমাদের চিকিৎসাধীনে আইসে, তাহা হইলে আমরা তাহাকে সমুদ্রন্ত্রমণের আদেশ দ্বারা অসংশোধনীয় অন্ধতা হইতে রক্ষা করিতে সমর্থ হই। ভারতবর্ষে এক দেশ হইতে অপর দেশে গমন করিলে কোন উপকার দর্শে না। সকল প্রদেশই মাইস্মা বা ম্যালেরিয়া বিষ পরিপূর্ণ; স্মতরাং আমরা এই দেশবাদী রোগীদিগের এই পীড়ার আক্রমণ নিবারণ করিতে অসমর্থ হই। তাহাদিগের প্রতি সমুদ্র ভ্রমণের আজা বুগা এবং যদি উপযুক্ত কারণ বশতঃ পীড়া জন্মিয়া থাকে, তাহা হইলে পরিণামে নিশ্চয়ই অন্ধতা হয়।

অতিশয় মদ্যপান-জনিত পীড়া হইলে আমাদিণের সকল প্রকার জলায় মাদক দ্বোর বাবহার বন্ধ এবং স্বাস্থ্যজনক বলকারক ঔষধ এবং অন্যান্য স্বাস্থ্যজনক আচারাদি দ্বারা রোগীর সাধারণ স্বাস্থ্য পুনঃস্থাপন করিবার নিমিত্ত চেষ্টা করা উচিত। কারণ তদ্বারা রক্তের অবস্থা উত্তম হয়; স্কৃতরাং স্থানীয় পীড়া আরোগ্য করিবার পক্ষে এতদপেক্ষা আর কোন অধিকতর উপকারী উপায় জানা নাই।

ইহা অরণ করিয়া রাখা উত্তম যে, নিজাইটিক্ রেটিনাইটিস্রোগে যে
সকল লক্ষণ প্রকাশ পায়, মন্তিকের পীড়াতেও ঠিক তজ্ঞপ মূর্ত্তি দেখিতে
পাওয়া যায়। নিয়লিখিত কয়েকটি দৃষ্টান্তে ইহার প্রমাণ পাওয়া যায়।
নিয়োক্ত উভয় ঘটনাই জীবৎকালের মধ্যে অত্যুত্তম রূপে দৃষ্ট এবং মৃত্যুর
পরেও ঐ সকল মূর্ত্তিমধ্বের অত্যুত্তম পর্য্যালোচনা করা হইয়াছিল। ইহার
মধ্যে অপ্রচ্ছয় যথার্থ ঘটনা এই যে, ত্রয়োবিংশ বর্ষ বয়য়া একটি বালিকার
উভয় চক্ষ্তেই যে সকল মূর্ত্তি দেখা গিয়াছিল, তাহারা সম্পূর্ণতই পীড়ার
স্ব্রাক্ত লক্ষণ ছিল। তাহার প্রস্রাব্রেয়াল্বুমেন ছিল না, বা কিড্নির জনা
কোন পীড়া দৃষ্ট হয় নাই। এবং যত দিন মৃত্যুকাল সয়িকট না হইয়াছিল,
তাবৎ কাল এমন কোন লক্ষণ প্রকাশ পায় নাই যে, তাহাতে মন্তিক্রে কোন
পীড়া আছে বলিয়া সন্দেহ করা যাইতে পারিত। মৃত্যুর প্র সেপ্টম্লিউ-

সিডমের নিকট একটি অর্ক্র্ন দেখা গিয়াছিল। পঞ্চদশ বর্ষ বয়স্বা আর একটি বালিকার চক্ষু অক্রিবীক্ষণ দারা পরীক্ষা করাতে তাহারও ঐ সকল লক্ষণ দেখা গিয়াছিল। তাহার ব্রাইট্স্ ডিজিজের স্পষ্ট চিহ্ন ছিল। এবং সেই বালিকা মৃত্যুমুখে পতিতা হওয়াতে রেটনা এবং অপটিক্ সায়ু অণুবীক্ষণ যন্ত্র দারা পরীক্ষিত হইয়াছিল। অক্ষিবীক্ষণ দারা দেখিতে উভয় স্থলের লক্ষণ সকল এক প্রকারই ছিল। উভয় স্থলেই অপটিক্ স্নায়ু অত্যন্ত পরিমাণে শোফ্যুক্ত, উহার ধার অস্পষ্ট ও নাড়ীসমূহ স্ফীত। যে রোগীর অর্ক্রুদ ছিল, তাহার একটি প্যাপিলাতে রক্তরাব বা ইকিমোসিদ্ ঘটিয়াছিল। কিন্তু যে রোগীর নিক্রাইটিক্ রোটনাইটিস্ রোগ হইয়াছিল, তাহার সায়ুর নিকটে গোলাকার অস্বচ্ছ শ্বেতবর্ণ দাগ ছিল এবং বিন্দুচিহ্নিত পার্শ্ব সকল দৃষ্ট হইয়াছিল। ম্যাকিউলার বিবিধ স্থলে রেডিএটিং (Radiating) বা ক্রমবিকীর্ণ মূর্ত্তি অর্থাৎ স্রাবিত রক্তের চিহ্ন সকল দৃষ্ট হইয়াছিল। এই উভয় পীড়া ঠিক্ একটি পীড়ার ছইটি দৃষ্টান্তের স্বরূপ হইয়াছিল এবং গ্রাাফি ও অন্যান্য প্রিতের ব্রাইহার বিশেষ পর্য্যালোচনা করিয়াছিলেন।

বে রোগার অর্ক্ দ ছিল, তাহার কেবল চক্ট্ ক্ষতিপ্রস্ত ইইয়াছিল। কেবল অণুবীক্ষণ যন্ত্রের দ্বারা জাক্ষিগোলক পর্যান্ত অপটিক্ বা দর্শন-সার্কে আভাবিক অবস্থায় থাকিতে দেখা গিয়াছিল। রেটিনাদ্রের বৈধানিক পরিবর্ত্তন প্রায় এক প্রকারই ইইয়াছিল। তাহাতে অক্ষিবীক্ষণের স্থায় অণুবীক্ষণ দ্বারা রোগ নির্ণয় করা ছঃলাগ্য ইইয়াছিল। উভয় স্থলেই দর্শন-সায়ু নির্মান্ত স্তরের স্ত্রা দৃঢ় হইয়াছিল, গ্যান্মিয়নিক্ কোষ সকল ক্ষর-প্রাপ্ত বা দৃঢ় অথচ দৃঢ় গ্রানিউলার স্তর মেদবিশিপ্ত ক্ষুদ্র ক্যানিউল্ কোষপূর্ণ বা উহাতে পরিণত, সায়ু এবং রেটিনার সংযোজক স্ত্র বৃদ্ধি প্রাপ্তিল। কোরইড্ সম্বন্ধীয় নাড়ীগুলি কিঞ্চিৎ পরিমাণে দৃঢ় ইইয়াছিল। এই উভয় পীড়ার এই সার্ব্র প্রভেদ ছিল যে, যে রোগীর মন্তিক্ষে স্বর্ম্ব্র জনিয়াছিল, তাহার রেটিনার অভ্যন্তরন্থ স্তর সকলই শোক্যুক্ত ছিল এবং প্যাপিলাও বৃদ্ধিপ্রাপ্ত ইইয়াছিল। কিন্তু রাইট্স্ ডিজিজ্বিশিপ্ত রোগীর্ম শোক্ষ বৃহিংছিত গ্রাণিউলার্ প্রের ক্রমবিকীর্ণ (Radiating) স্ত্র স্কলেই

প্রধানতঃ অবস্থিত ছিল। মৃত্যুর পর শরীরে যে সকল পরিবর্ত্তন হয়, তাহার নিমিত্ত কোন স্থলেই রড্দ্ এবং কোন্দ্ (Rods and Cones) উত্তমরূপে পরীক্ষা করিতে পারা যায় নাই।

ইহার মর্মা এই যে, অকিবীক্ষণ দারা রোগ নির্ণয় ভ্রমশ্ন্য বলিয়া নিশ্চয় করা যাইতে পারে না। অনেক উত্তম পরীক্ষক ভ্রমের সন্থাবনা অস্বী-কার করিয়া এত দ্বিয়ের তাঁহাদিগের মত প্রকাশ করিয়াছেন, (লিবরিগ্ মথনার প্রভৃতি) কিন্তু মন্তিকীয় অর্ক্ দ, মধুমেহ, ম্যালেরিয়াল এবং মদ্যজনিত বিষ্
নম্হ নিঃসন্দেহ এরপ ব্যাধি জন্মাইতে পারে। মন্তিকে অর্ক্ দু হইলে রেটিনাতে কথিত যে সকল পরিবর্ত্তন হয়, তদ্বিষয়ে গ্রেফি একটি রোগীর বৃত্তান্ত সংগ্রহ করিয়াছেন\* এবং তাহাতে কতিপয় স্ক্র্মা বিষয় উল্লেখ করিয়াছেন, যাহা দারা ইহা প্রভেদ করা যায়। কিন্তু প্রের্ণাক্ত বিষয় পাঠ করিলে ইহা যে কোন কার্য্যকর নহে, তাহা জানা যাইবে।

অতএব আমাদিগের চক্ষ্ ও প্রস্রাব পরীক্ষা করা উচিত এবং মস্তিদীয় ক্রিয়া বৈলকণাের লক্ষণ কােন কােন স্থলে অত্যন্ত প্রচ্ছের থাকিলেও, তাহা অবগত হওয়া কর্ত্তবা। কিন্তু ইহা সতা বটে, যে রেটনার উক্ত বৈধানিক পরিবর্ত্তন সকল অনেক স্থলেই ব্রাইট্স্ ডিজিজের অন্তর্গত। এস্থলে এই কিজ্ঞাস্য হইতে পারে যে, ব্রাইট্স্ ডিজিজের সকল স্থলে নিউরো-রেটনাইটিস্ না হইয়া কােন কােন স্থলে হয় কেন? নিউরাইটিস্ ডিসেন্ডেন্স্ অর্থাৎ উদ্ধিভাগ হইতে যে নিউরাইটিস্ অধােদিকে গমন করে, ষ্টাানাগ্র্পাণিলার নিউরো-রেটিনাইটিস রোগের সহিত তাহার সংপ্রাপ্তিগত কােন সম্বন্ধ আছে কি ?।

বেটিনাইটিন্ পিগ্মেন্টোসা (Retinitis pigmentosa) Plate VII. Fig 2. ইহা কথিত হয় যে, বেটিনাইটিন্ পিগ্মেন্টোসা পরস্পার নিকটনম্বনীয় ব্যক্তি-সমূহের সন্তানদিগের মধ্যেই সচরাচর দেখিতে পাওয়া যায়। কিন্তু ভারত-বাসীদিগের ইহা পীড়ার কারণ হইতে পারে না। কারণ তাহারা সম্বন্ধ

<sup>• &</sup>quot;Archiv Oph" B. X II, 2, 120.

<sup>+</sup> Idem Bd X V, Abth. III, S. 253-275.

বিশিষ্ট ব্যক্তিদিগের মধ্যে বিবাহ না হওয়ার জন্য অভিশয় সাব্ধান। ডাক্তার ম্যাক্নামারা বলেন যে তাঁহার চিকিৎসাধীনে এই দেশবাদী বহুসংখ্যক এই রোগগ্রস্ত ব্যক্তি দেখিয়াছিলেন। মাহা হউক এই পীড়া বংশাত্রক্রমে হইয়া থাকে স্করাং একটি পরিবারের অন্তর্গত কতকগুলি ব্যক্তির মধ্যে ইয়া উৎপন্ন হইয়া থাকে। রক্ত হইতে রঞ্জিতকারী পদার্থ রেটিনায় সঞ্চিত এবং তাহা হইতে ক্ফবর্ণ বিষমাকার বিশিষ্ট পদার্থের উৎপত্তি এবং অবশেষে রেটিনার সায়ু বিধানের ক্ষর হইতে পারে। কিন্তু একণে যে সকল পীড়ার বিষয় বলা মাইতেছে তাহাদিগকে উক্ত প্রকার পীড়া বলিয়া বিবেচনা করা উচিত নয়।

ডাক্রার ম্যাক্নামারা যে সকল রেটনাইটিস্ পিগ্মেনটোসা রোগের চিকিৎসা করিয়াছিলেন তাহাদিগের মধ্যে অনেক স্থলেই উহা জন্ম হইতে আরম্ধ হয় কিন্তু শৈশবাবস্থার প্রায় দৃষ্টিমাল্যের বিবরণ পাওয়া যায় নাই। উহা এমত ব্যক্ত ছিল না যে বাল্যাবস্থাতেই সহজে লক্ষ্য পথে আইমে। তথাচ যদি সাবধান পূর্দ্ধক অন্থানান লওয়া যায়, সচরাচর দৃষ্টিমাল্যের বিবরণ প্রাপ্ত হওয়া যাইতে পারে। ডাক্তার ম্যাক্নামারা এই পীড়াকে পিতৃদ্ধাত উপদংশ রোগের পরিণাম বলিয়া বিবেচনা করেন। এই সকল লক্ষণ প্রদাহ বশত হইতে পারে কি না, তাহা তিনি নিম্নপণ করিতে পারেন নাই। তাঁহায় বিবেচনায় এই পীড়া বিধান সমূহের অপকৃষ্ট ভাব হইলে উৎপন্ন হয়, উহা অতি অল্লে অল্লে বৃদ্ধিপ্রতি হয়, এবং অনেক সম্যে ক্ষেক বৎসর পর্যান্ত সমতাবে থাকিতে পারে। উপদংশ বশতঃ এই রোগ না হইবার কেবলমান্ত্র প্রতিবাদক ঘটনা এই যে তিনি এই রোগগ্রস্ত ব্যক্তির ক্থন থাতবিশিষ্ট (Notched) দস্ত দেখেন নাই এবং তাঁহার জানিত কোন প্রকার চিকিৎসা ঘারাই ইহাতে কোন প্রভাব দেখাইতে পারেন নাই।

এই প্তকের প্রথম সংস্করণ প্রকাশ অবধি, ডাক্তার ম্যাক্নামারা "পিতৃজাত সিফিলিসের সঙ্গে সম্বন্ধ বিশিষ্ট এক বিশেষ প্রকার রেটিনাইটিস্ পিগমেন্টোসা রোগের বিবরণের" বিষয় মনোগোগ দিয়াছেন। ইহা মিষ্টার্
এইচ্, আর্, সোয়ন্জি কর্তৃক বিরচিত। তিনি ইহাতে মিষ্টার্ হচিন্সনের
কতকগুলি মন্তব্য স্থাৎ এই পীছা বে ক্থন ক্থন উপদংশের নিমিত উংগ্ল

হয় তাহা উদ্ত করিয়াছেন। একটি বালক এই পীড়া কর্ত্ক আক্রান্ত হইয়াছিল। তাহার বয়ন সার্দ্ধ একাদশ বর্ষ। দক্ষিণ চক্তুতে দৃষ্টিমান্দ্য এবং হেমারলোপিয়া ঘটিয়াছিল, কিন্তু দৃষ্টিকেত্রের কন্দেন্ট্রক্ (Concentric) সঙ্কোচন হয় নাই। বহু সংখ্যক রঞ্জিত পদার্থ রেটনার পরিধিভাগে অধিকার করিয়াছিল এবং কোরইডের পরিবর্তন কেবল আরম্ভ হইয়াছিল। নাধারণ রেটনাইটিদ্ পিগ্মেন্টোসা রোগের সঞ্চিত পদার্থের আকার হইতে ইহা-দিগের আকার ভিন্ন প্রকার ছিল এবং তাহারা নাড়ীগুলির গতি অনুনারে সঞ্চিত হইয়া ছিল না। বালকের দন্ত এবং পরিবারের বিবরণ দ্বারা পিতৃ-জাত উপদংশের স্পৃষ্ট সাক্ষ্য পাওয়া গিয়াছিল।\*

লেক্ষণ।—বেমন পূর্বেই উক্ত হইয়াছে যে, যদিও রেটিনাইটিন্
পিগ্মেন্টোসা রোগ অতি অল বয়সেই জনাইয়া থাকে, তথাপি ইহা বহু দিন
প্রাচ্ছন ভাবেই অবস্থিতি করে। বস্ততঃ এই পীড়ার চরম অবস্থাতেও কিঞ্চিনাত্র
ক্রেশ অন্তব হয় না। এবং পীড়িত চক্র বাহ্নিক দৃশ্য মন্তবসতঃ স্কুম্থ থাকে।
ইহার প্রধান লক্ষণ এই যে, ইহাতে ক্রমে দৃষ্টির হ্রাস হয়। স্বর্যান্তের পর
বা অল্প আলোকে উহা উত্তমরূপে অন্তত্ত হয়। রেটিনার পার্শ্ব ভাগ
সম্বন্ধীয় অংশ সকল বিনপ্ত হইবার অনেক পরেও উহার মধ্যভাগ স্কুম্থ
থাকে। স্তেরাং সাক্ষাৎ দৃষ্টি (direct vision) অপেক্ষাকৃত উত্তম থাকে।
দৃষ্টিক্ষেত্রের মধ্যভাগের চতুর্দ্দিকস্থ অব্যবহিত নিকটবতী পদার্থ সকল অস্পষ্ট
দেখায় এমন কি কথন কখন অক্ষি গোচর হয় না। এই কারণে এই রোগ
প্রস্তে রোগী ক্ষুদ্র অক্ষর বিশিষ্ট পত্রিকা পাঠ করিতে পারে, কিন্তু স্বচ্ছন্দে ভ্রমণ
করিতে পারে না।

পীড়া বৈমন বৃদ্ধি পাইতে থাকে, তৎসঙ্গে সঙ্গে দৃষ্টিক্ষেত্র ক্রমশঃ সঙ্কৃতিত হয় এবং অবশেষে রোগীর দর্শন শক্তি বিনষ্ট প্রায় হইয়া যায়। তাহা হইলেও যাবৎ না পীড়া বিশেষ বৃদ্ধি প্রাপ্ত হয় তৎকাল পর্যান্ত আইরিস্ স্কুত্থ থাকিতে পারে এবং কনীনিকা যদিও অত্যন্ত আকৃঞ্চিত হইয়া যায়, তত্রাচ আলোকের উত্তেজনায় উত্তেজিত হয়।

<sup>\*</sup> Ophthalmic Notes, by H. R. Swanzy, M. B., p. 7. Dublin, 1871. †Dr. Mooren on "Retinitis Pigmentosa:" Ophthalmic Review, vol. i. p. 51.

এই পীড়াতে ভিট্রিসের অস্বছতা প্রায় ঘটে না, কিন্তু লেন্স, নচরা-চর আক্রাস্ত হয়, ইহার কেন্দ্র (Poles) হইতে, অস্বছতা আরম্ভ হইয়1 থাকে ব

পীড়ার প্রথম অবস্থাতে অকিবীকণ মন্ত্র দ্বারা চকু পরীকা করিলে অপ-টিক্ ডিস্ক্ ও রেটিনার নাড়ী সমূহকে স্বাভাবিক আয়তনবিশিষ্ট দেখিতে পাওয়া যায়। অরা দিরেটার দলিকটে রঞ্জিত প্লার্থের দাগ (Patch) সকল দৃষ্ঠ হইতে পারে। এই সকল কলঙ্কের চিহু রক্তবহা নাড়ী প্রাচীরের বহি-র্ভাগ হইতে অর্থাৎ দর্বা বহিত্ব আবরণ হইতে জ্বাইতে দেখা যায়, বিশেষতঃ कूप नाड़ो छ नित छ छ था होत शिश्रम ए हेत दाता जातू ह हम अवर रम म्राजना-লিনিট্যান্ঘনীভূত হওয়াতে নাড়ী গুলির ছিজ স্চরাচর হ্রাস প্রাপ্ত হ্ইয়া थां कि । अन्यान्य विभातम व्यक्तिता विष्युचना करतन ८४, त्रांपेनां एक ८४ বর্ণদায়ক পদার্থ দৃষ্ট হয়, তাহা কোরইড় হইতে উৎপর হয় এবং তাহা এই স্থলে সঞ্চয় হওয়া প্রযুক্ত দৃষ্ট হয়। কোন কোন স্থলে নিঃসংশয়ই রেটিনাতে এইরপে বর্ণায়ক পদার্থ সঞ্চিত হইয়া থাকে। কিন্তু ডাক্তার ম্যাকনা-মারার মতে রেটিনাইটিদ পিগুমেনটোগা রোগে রেটিনাতেই উক্ত রঞ্জিত পদার্থ উৎপন্ন হয় এবং রেটিনার প্রকৃত নির্দাণ ধ্বংশ করত বৃদ্ধি প্রাপ্ত रहेट थारक। वखनः जरनक युक्तिर हेहा खन्नान कता यहिए थारत रय, এই নকল বর্ণদায়ক পদার্থ রেটিনার স্বায়ু পদার্থ ক্রমশ ক্ষয় হওয়াতে উৎ-शत रय। गानिएनेगांका माट्य त्य मकल गत्ययंग कतियाहित्वन छोराज বোধ হয় যে এরপ পরিবর্ত্তন ঘটিতে পারে। তিনি বলেন "ইহাতে বোধ হয় যে, ভেকের শরীরে মন্তিম্ব পদার্থ প্রবেশ করাইলে তাহাতে বর্ণ मात्रक शर्मार्थ है अधिक छेरशन हत । अ वर्गमात्रक পদার্থ গোল কিমা ডিম্বের আকার বিশিষ্ট অথবা সচরাচর নক্ষত্র পুঞ্জের সচরাচর ঘটিরা থাকে। ইহাকে বান্তবিক পিগ্মেন্টস্বা বর্ণ সম্ক্রীয় পরি-বর্ত্তন বলা যাইতে পারে। আমরা সহজেই বিবেচনা করিতে পারি যে, কোন

<sup>\*</sup> Idem, vol. i. p. 49.

<sup>\*</sup> British and Foreign med.-Chir. Rev. July, 1867, p. 163.

কোন অবস্থায় জীবিতাবস্থাতেও রেটিনাতে ডক্রণ পরিবর্ত্তন ঘটিতে পারে।
এবং এরূপ ব্যাধিতে কোরইড্ হইতে উৎপন্ন না হইয়া উক্ত বর্ণদায়ক পদার্থ
রেটিনা হইতে উৎপন্ন হইয়াছে ইহাই সম্ভব। যে সময় বর্ণদায়ক পদার্থের কলক্ষ
রুদ্ধি প্রাপ্ত হয়,তৎকালে কোরইডের ষ্ট্রোমাতে বা ভিত্তিতে পরিবর্ত্তন দেখিতে
পাওয়া যায়। ইহা ক্ষয়প্রাপ্ত হয় স্কৃতরাং অপটিক্ডিকারে পরিধি বিভৃত হইয়া
পাড়ে। কোরইডের রক্তবহা নাড়ীগুলির ছিদ্র সক্ষ্টিত হয়, কিন্তু উহারা সম্পূর্ণ
কৃদ্ধ হয় না, স্কৃতরাং দর্শন পথ (dioptric media) অপেক্ষাকৃত স্বচ্ছ থাকে।

পীড়ার অধিকতর প্রবল অবস্থার সঙ্গে সফার্ কার্যবর্গ কলক্ষ সকলও রেটিনাতে বর্দ্ধিত হইতে থাকে। উহা পরিধি হইতে ক্রমে চক্ষুর কেন্দ্র পর্যান্ত বিস্তৃত হয়। রেটিনার নাড়ীগুলি হ্রাস প্রাপ্ত হইয়া থাকে এবং অবদেষে যখন রোগীর দর্শন শক্তি প্রায় বিনষ্ট প্রায় হইয়া যায়, তৎকালে চক্ষু নিম্ন লিখিত আকার ধারণ করে। অপটিক্ ডিস্ক্ স্বাভাবিক আকার বিশিষ্ট এবং বিবর্ণ গোলাপী আভাযুক্ত হয় ও বিস্তৃত দেখায়। কোরইড্ সম্বন্ধীয় পার্শ্ব দেখিতে পাওয়া যায় না। রেটিনার নাড়ীগুলি হ্রাস হওয়াতে উহারা হুত্রের আকার ধারণ করে এবং ডিস্কের পার্শ্বের বাহিরে সম্ভবত কেবল মাত্র অভি অল্প দূরই বিস্তৃত হয়। চক্ষুর গভীরতম প্রেদেশের মূর্ত্তি নানাবর্ণযুক্ত (Mottled) হইয়া থাকে। কোরইডের রক্তবহা নাড়ীগুলি বহির্গত হইয়া পড়ে এবং কতিপম্ব ক্ষুবর্ণ, লূতার ন্যায় আকার বিশিষ্ট পদার্থ ইহার উপরে স্থলে হলে অবস্থিতি করে। ইহারা অরাসিরেটার সন্নিকটে বিশেষ স্পষ্ট ভাব ধারণ করে। (Plate VII Fig 2.)

ভাবিফল। — ডাক্তার মাাক্নামারা বলেন যে তিনি প্রায় এমন কোন রোগের চিকিৎসা করেন নাই, যাহাতে চন্দারিংশ বর্ষ অপেকা ন্ন বয়ন্ত ব্যক্তি এই প্রকার পীড়ার পরিণামে সম্পূর্ণ রূপে অরু হইরাছিল। এই রোগের কিঞ্চিৎ দৃষ্টিমান্দের অবস্থা হইতে দৃষ্টি শক্তির সাধারণ ক্ষতি পর্যান্ত লক্ষণ বিশিষ্ট অবস্থায় বৃদ্ধি পাইতে অনেক বৎসর আবশাক। কিন্তু যদিও ইহা অল্লে অল্লে বৃদ্ধিত হয়, তথাপি ইহা নিশ্চিত। ডাক্তার মাাকনামারা ইহা নিবারণ করিবার জন্য সাধ্যমত বিস্তর চেষ্টা পাইয়াছিলেন। কিন্তু কথ-নই কুত্রাধ্য হয়েন নাই। নানাপ্রকার উত্তমোত্তম চেষ্টা করিলেও আমরা

কোরইডের ষ্ট্রোমার বা ভিত্তির ক্ষর এবং রেটিনার পিগ্নেটের বৃদ্ধি বাধা

স্তরাং রেটিনাইটিন্ পিগ্যেন্টোসা রোগগ্রস্ত ব্যক্তিকে আমাদিগের অল্থ জনক ভাবিফল বলিতে হয়। আমরা তাহাদিগকে এই বলিয়া সাস্থনা করিতে পারি যে ইহার বৃদ্ধি অতি অল্পে অল্পেই হইরা থাকে এবং যে কোন অবস্থাতেই হউক না কেন, স্বভাবতঃ উহা বাগা প্রাপ্ত হইরা সম্ভবত ক্ষেক বংসরের নিমিত্ত ভদবস্থাতে থাকিতে পারে। ইহা ব্যতীত আরোগ্য লাভের কথা দূরে থাক, সংশোধনের পক্ষেই কোন যুক্তিযুক্ত আশা করা যাইতে পারে না।

রেটিনাইটিস্ য়ৢৢয়ৢৢয়য়ৢৢয়য়ৢঢ়িকা (Retinitis Apoplectica) বা রক্তস্রাব জনিত রেটিনাইটিস্। স্থাপিণ্ড বক্ত বা জরায়্ প্রভৃতির পীড়াতে সাধারণ রক্ত সঞ্চালনের বাধা ঘটিলে এই প্রকার রেটিনাইটিস্রোগ দেখিতে পাওয়া যায়। অর্কুদ বা এমন কোন পদার্থের উৎপত্তি যদ্বারা দর্শন স্বায়্ এবং ইহার নাড়ীগুলি পীড়া প্রাপ্ত হইয়া থাকে, ঈদৃশ স্থানীয় প্রকারের বাধা ঘটিলেও এই পীড়ার লক্ষণ সকল উৎপন্ন হইতে পারে।

রেটিনাইটিদ্ য়্যাপপ্লেক্টিকা রোগের বিশেষ লক্ষণ ইহার নাম দারাই প্রকাশ পায়। কারণ ইডিওপ্যাথিক্ বা অকারণজ রেটিনাইটিদ্ রোগে যে সকল লক্ষণ দেখিতে পাওয়া যায়, তদ্যতীত এই পীড়াতে রেটিনার অধিকতর স্থাক্ত একটি লক্ষণ-রক্তরাব বর্ত্তমান থাকে। কোন কোন স্থলে রক্ত নির্গমন এত অধিক পরিমাণে হয় যে, উহা ভিট্রিয়সে অথবা ইহাও হইতে পারে যে পশ্চাদ্বাগে কোরইড্ পর্যান্ত সবলে নির্গত হইয়া থাকে। এভিন্ন এই রক্তর্স্রাব অপটিক্ ডিস্কের উপরে বিস্তৃত হইতে পারে।

ঈনৃশ স্থলে দর্শন শক্তির হাদের পরিমাণ, রেটিনাতে রক্ত নির্গমনের পরি-মাণ ও যে স্থানে নির্গত হয় তাহার অবস্থার উপরে নির্ভর করে। কিন্তু ভাবি ফল নির্গম করিবার সময় আমাদের ইহা স্মরণ রাখা আবশ্যক যে, সাধারণত এই পীড়ার কারণ একরূপ হওয়াতে দর্শন শক্তির সংশোধনের পর, রেটিনাতে প্রক্রার রক্তস্রাবের নিমিত্ত উক্ত লক্ষণ সমূহ প্ররাবির্ভূত হইবার স্বত্যস্ত সম্ভাবনা। রেটিনার সংযোগচাতি (Detachment of Retina.)

চক্ষুর আঘাত অথবা পীড়ার পরিণামে কোরইড্ হইতে রেটিনা স্বতন্ত্রী-ভূত হইতে পারে। সম্প্রতি ডাক্তার ম্যাক্নামারার চিকিৎসাধীনে প্রথ-মোক্ত প্রকার রোগগ্রন্থ একটি ব্যক্তি আসিয়াছিল।

তাঘাতজনিত সংযোগচুতি।—রোগীর বামচক্ একটি রাজেট্ গোলার দারা আহত হইরাছিল। আহত হওরার অব্যবহিত পরেই সেই ব্যক্তি দেখিল যে তাহার দর্শনশক্তি সম্পূর্ণ রূপে বিনপ্ত ইইরাছে। ডাক্তার ম্যাক্না-মারা বলেন—আমি যথন এই ব্যক্তিকে প্রথম দেখিরাছিলাম, তথন ইহার কনীনিকা সম্পিক প্রদারিত ছিল। সে কেবলমাত্র কোন কোন দিকে বৃহৎ বৃহৎ পদার্থ প্রভেদ করিতে পারিত। ইহা স্পষ্ঠই ব্ঝিতে পারা বাই-তেছে যে, দর্শন কেন্দ্রই (axis of vision) ক্ষতিগ্রস্ত হইরাছিল। অক্ষিবীক্ষণ দারা চক্ষ্ পরীক্ষা করাতে অপটিক্ ডিস্ক্ হইতে বাহ্য ও অধঃ দিকে বিস্তৃত রেটিনার একটি সম্প্রক অংশ স্বতন্ত্র হইতে দেখা গিরাছিল এবং ইহার অধঃ-ভাগে একটি রক্তের সংযত্থ ও এবং উহার উপরে রেটিনাকে দোয়াল্মান অবস্থার দৃষ্ট হইরাছিল। চক্ষ্র গভীরত্ব প্রদেশ এবং অপটিক্ ডিস্কের প্রগাঢ় রক্তাধিক্য হইরাছিল ও রেটিনার উপরে স্থানে স্থানে প্রাবিত রক্তের চিহ্নও দৃষ্ট হইরাছিল।

ডাক্তার ম্যাক্নামারা এই রোগীকে আহত চক্ষু বন্ধ ও সুস্থ চক্ষু যতদূর সন্তব বিশ্রামের অবস্থার রাখিতে পরামর্শ দিয়াছিলেন। এক মাসের
মধ্যে আমি তাহাকে পুনরার দেখিলাম দর্শন শক্তির অনেক উরতি এবং
রক্তাধিক্য ও রক্তস্রাব প্রায় অদৃশ্য হইয়াছে এবং চক্ষুর অধঃ সংশে যে একটি
বৃহৎ সংযত রক্তথ ও লক্ষিত হইত, তাহারও সমধিক ভাগ শোবিত হইয়াছিল। কিন্ত দৃষ্টিকেন্দে স্বতন্ত্রিত রেটিনার মূর্ত্তি এক প্রকারই ছিল।

ইহা কখন কখন ঘটে যে সমস্ত রেটিনা কোরইড্ হইতে আকর্ষিত হইয়া

একটি ফানেলের (Funnel) আকার ধারণ করে, এই ফানেলের স্ক্রাপ্র
অপটিক্ ডিক্ষের সহিত সংলগ্ন হইয়া থাকে। যাহা হউক ভিট্রিমস জলীয়
ভাবস্থাতে পরিণত হয় বলিয়াই এইরূপে সম্মুথ দিকে ভাবশুই রেটিনার পতন
হইয়া থাকে।

বেটিনার সম্পূর্ণ বা আংশিক সংযোগ বিমোচন অন্য কোন প্রকার পীড়া বিলয়া ভ্রম জনাইবার সন্তাবনা নাই। আহত স্থানের পার্শ্ব পর্যান্ত রেটিনার নাড়ী সমূহ আমূল লক্ষ্য করা বাইতে পারে। এই স্থানে পূর্ব্বোক্ত দৃষ্টান্তে যেরূপ দৃষ্ট হইরাছিল, তজ্ঞপই। যে হলে বিমৃক্ত রেটিনা চক্ষুর গভীরতম প্রেদেশের সমতল ক্ষেত্র হইতে উন্নত হইরা অন্যদিকে ধাবিত হয়, সেই স্থলে তাহাদিগকে একেবারে হঠাৎ শেষ হইতে অথবা বক্রভাব ধারণ করিতে দেখিতে পাওয়া বাইবে। এই পীড়ার প্রকৃতি নিরূপণ করিবার নিমিন্ত এই রূপ স্ক্রমণে প্রভেদ করিবার আবশ্যক নাই। রেটিনার ছিন্ন বিচ্ছিন্ন (Jagged) আঘাতের পর ইলাস্টিক্ ল্যানিলার হেক্সা গোন্যাল্ সেলস্ গুলি আরুত হইয়া পাকে অথবা ইহারা বিনপ্ত হওয়াতে কোরইড্ বাহির হইয়া পড়ে এবং এই ছিদ্রের ভিতর দিয়া পশ্চাৎন্থ শ্বেত্বপ উজ্জন স্ক্রেটিক্ দেখা যাইতে পারে।

तम निर्गमन निवसन मः (यांश वित्माहन। - अन्हां हात क्ली स পদার্থ সংগ্রহের পরিণানে কোরইড্ ইইতে রেটিনার পৃথগভাব ঘটলে উহার मस्मित्य (म ६ क्त (तमना चावणकभाव चायू चू व इट्रावर इट्राव, धनाव नरह। কিন্তু যে কারণে রস্ নির্গমন হইয়া থাকে, তাহার প্রকৃতি অনুসারে এই লকণ অবশ্বই ভিন্ন প্রকার হয়। রোগী সম্ভবত কেবলগাত্র ক্রমে বর্দ্ধিত দর্শন শক্তির হ্রাস অনুভব করে এবং স্চরাচর কেবল রেটিনার একটি অংশ স্বতন্ত্রিত হয়, এ জন্য দৃষ্টি ক্ষেত্র সম্পূর্ণ রূপে নষ্ট না হইয়া প্রতি-বন্ধক প্রাপ্ত হইয়া থাকে। অতএব যে সকল রশ্মি রেটিনার স্তন্ত্রিত অংশে পতিত হয় তাহারা দৃষ্ট হয় না বলিয়া রোগীর অব্যবহিত সন্মুখে কোন পদার্থ পাকিলে, সেই ব্যক্তি হয় ত তাহার অর্দ্ধেক দেখিতে পায় না। এবং সেই कातराई शनार्थ मकन वक अथवा विविध शकारत आकृषिक रमधा गाम। অন্যান্য স্থলে রোগী প্রাথমত দেখিতে পার যে তাহার দুষ্টি ক্ষেত্র অন্ধকারা-চ্ছন হইরাছে। বে সক্ল রেটিনা সম্বন্ধার উপাদান নিপতিত আলোক প্রাপ্ত হয় এবং স্থানীয় করিয়া তুলে (Localise) তাহার অবস্থিতি স্থলের পরিবর্ত্ত-নের নিমিত্ত উক্ত অন্ধকার তরজের ন্যায় গতি বিশিষ্ট বলিয়া সোধ হয়। पृष्टि किवन त्य अनिश्विष्ठ इय अग्र नत्र, किछ পরীক্ষা করিতে পদার্থ

সকলের পার্শ্বে একটি রঞ্জিত বেষ্টন বা (Halo) দেখিতে পাওয়া যায়। এই অবস্থা রেটিনার রদ-নির্গমন এবং বিমোচন ভাবের লক্ষণ বলিয়া কথিত হয়।

যদি ম্যাকিউলা লিউটিয়াতে বা উহার নিকটে রেটিনা বিমৃক্ত হয়, তাহা হইলে অধিক দ্র লইয়া বিমৃক্ত হইলে যেরূপ দর্শন শক্তির হ্রাম ঘটিতে পারে এই স্থলে তাহা হইতে অবশ্য অধিক ক্ষতি হইবে। কিন্তু তাহা হইলেও দৃষ্টিক্ষেত্র কোন কোন দিকে কিঞ্চিৎ পরিমাণ স্থস্থ থাকিতে পারে। \* কিন্তু সকল স্থলেই দর্শনে দ্রিয় উত্তেজিত অবস্থায় থাকে বলিয়া রোগী রঞ্জিত বা শ্রেতবর্ণ বিশিপ্ত গোলা সকল, আলোকের ঝলক প্রভৃতি ঘটনা সহজেই অমুভব করেন।

যদি এই দকল স্থলে কোরইড্ হইতে রেটিনার একটিমাত্র অংশ বিমুক্ত হইয়া যায়, সাক্ষাৎ উপায়ে অকিবীক্ষণ দ্বারা ঐ বিমুক্ত অংশকে ক্ষুদ্র থলির ন্যায় ভিট্রিয় চেম্বারে অগ্রসর হইতে দেখা য়াইবে। ইহার উপরিভাগ সচরাচর শিথিল এবং কুঞ্জিত (Folded) থাকে ও উহা চক্ষুর প্রত্যেক বার সঞ্চালনে কম্পিত হয়। বিমুক্ত স্ত্রের বর্ণ পরিবর্ত্তিত হইতে থাকে। পীড়ায় প্রোথমিক অবস্থাতে ইহা স্বচ্ছ হয় এবং পশ্চাতে কোরইডের উপর ধ্নর বর্ণ ফিলম (Film)এর ন্যায় দেখায়। যাহা হউক ক্রমে ক্রমে মায়ু স্থত্রে অপকৃষ্ট জনক পরিবর্ত্তন উপস্থিত হয় ও উহা অস্বচ্ছ হয়। বস্ততঃ শোক রোগে যে সকল পরিবর্ত্তন বর্ণিত হইয়াছে, এই স্থলেও সেই সকল ঘটে। এই অস্বচ্ছতা সচরাচর, রেটিনা যে স্থলে বিমুক্ত হয় সেই রেখার পার্শ্বের বাহিরেও বিস্তৃত হয়য়া থাকে। এবং বিমোচন সমধিক হইলে এই পার্শ্ব ঘনীভূত হয়। কারণ তাহা হইলে চক্ষুর গভীরতম প্রদেশের উপরে একটি ছায়া হইয়া থাকে।

যদ্যপি সংযোগ বিমোচন সম্বন্ধে সন্দেহ থাকে, তবে অপটিক্ ডিস্ক্ হইতে যে স্থলে রেটিনাকে বিমৃক্ত হইতে দেখার, সেই স্থল পর্যান্ত রেটিনার নাড়ী সমূহ লক্ষ্য করা বিধেয়। এবং আমরা দেখিতে পাইব যে যে সকল রক্ত নাড়ী উক্ত প্রবির ন্যায় লম্বিত ভাগের উপরে গভিবিধি করে, তাহারা চক্ষুর গভীরতম

<sup>.</sup> M. Wecker, "Maladies des Yeux," vol. ii. p. 364,

প্রদেশের পশ্চাতে একটি সমতল ক্ষেত্রে অবস্থিতি করিয়া থাকে। এবং তদন্ত্-माद्र जारामिशदक अर्थ मिथियां निमिख आमादम दिन्नाम् छिम्छ। न ( Focal distance ) বা দূরত্ব পরিবর্ত্তিত করিতে হইবে নতুবা লম্বিভাগের অপর দিকে উহা অধোমুখে পতিত হইলে, যে পর্য্যন্ত আমরা পুনরায় ফোকাস্ (Focus) নির্দারিত করিতে না পারি, তাবৎকাল তাহাদিগকে প্নরায় অস্পষ্ট দেখিতে পাওয়া যায়। রেটিনার উপরে নাড়ীগুলির ছিদ্র, প্রায় কদাচিৎ পরি-বর্ত্তিত হয় ও রক্তবহা নাড়ীন গুলা ক্ষতিগ্রস্ত হয় না। কিন্তু বহুদশী চিকিৎসক দেখিতে পাইবেন বে, রদ নির্গমনের উপরিভাগে যে সকল নাড়ী গতিবিধি করে, চকুর প্রত্যেকবার গতির পর তাহারা তরত্বের ন্যায় গতি প্রাপ্ত হইয়া থাকে। यদ্যপি সমধিক বিমুক্ত হয়, তাহা হইলে এই মূর্ত্তি এবং রেটিনার উচ্চতা সম্বন্ধে কোন ভ্রম হইতে পারে না। কিন্তু অপর পক্ষে যদি অল্লমাত বিমো-চন হয়, তাহা হইলে উহা নিরূপণ করিবার নিমিত্ত অত্যাস ও निश्वां वावभाक करत। हकूत जनामा विधारन दकान विधान ममनीय পরিবর্ত্তন যাহা সহজে লক্ষিত হইতে পারে, তাহা না ঘটিলেও কোরইড্ হইতে রেটিনার বিমোচন ঘটিতে পারে। অপর পক্ষে ইহা প্রদাহজনক বা অপর কোন অস্বাভাবিক মূর্ত্তির সহিত একত্র ঘটিবার সম্ভাবনা।

সম্প্রতি রেটিনার যেরূপ বিমোচন বর্ণিত হইল, তাহা সচরাচর ইহার অধোভাগেই লিক্ষিত হইরা থাকে। "এইটি বিবেচনা করিলেই ইহার কারণ বুঝিতে পারা যায় যে, ইহার পশ্চাংস্থ জলীয় পদার্থ অধােমুখে পতিত এবং রেটিনার অবঃ অংশে সংগৃহীত হ্ইয়া এই সকল মূর্ত্তি উৎপন্ন করে। কথন কখন এই জলীয় পদার্থ রক্ত বা পূব ভাব ধারণ করে এবং বিমৃক্ত অংশের বাহ্যিক বর্ণ পরিবর্ত্তিত হয়। রেটিনার একটি বিমুক্ত অংশের অভান্তর দিকে চুর্ব ও কুদ্র কুদ্র অস্থি-খণ্ড উৎপন্ন হইতে দেখা গিরাছে। রোটনার নিমে শির্ম নির্গত হওয়া প্রযুক্ত উহার বিমোচন ঘটিলে অক্ষিগোলকের আয়াম বুদ্ধি হয় না কিন্তু কোরইড্ হইতে উৎপন্ন অর্ক্রের নিমিত্ত বিমেচন ঘটিলে অকি-গোলকের আয়াম নিশ্চয়ই বৃদ্ধি হয়।

ভাবিফল।—রেটিনার বিনোচনের এই সকল দৃষ্টান্তের ভাবিফল অত্যন্ত অস্থ-জনক। কোন কোন স্থলে, ( কিন্তু এরূপ ঘটনা অতি বির্ল)

ইহা সমভাবে থাকে এবং অন্যান্য স্থলে প্নরান ঘটিয়া থাকে। কিন্তু অনেক স্থলেই রেটিনার পশ্চাৎস্থ রস-নির্গান বৃদ্ধি প্রাপ্ত হয় এবং ভারিবন্ধন চল্ফ্ অসংশোধনীয়রূপে ক্ষতিগ্রস্ত হইয়া থাকে।

চিকিৎসা।—যদি চিকিৎসক শীঘ্রই রোগীর কোন স্থানির উপার করিতে না পারেন,তাহা হইলে রেটিনার পশ্চাতে রস সংগৃহীত হওয়ার কলস্থান এবং কোরইড্ হইতে ইহার বিমোচনের পরিণাম স্থান্স দর্শনশক্তির
সম্পূর্ণ হাস হইবেই হইবে। সৌভাগ্যবশতঃ ভন্গ্যাফি এবং মান্যবর
বৌস্যান ইহা প্রমাণ করিয়াছেল যে, এরূপ স্থাবিধা করা যাইতে পারে।
তাহাদের চিকিৎসার প্রথান্থসারে বাহির হইতে, স্রাবিত রস মধ্যে ছইটি
স্থাকি এমত ভাবে প্রবিপ্ত করাইতে হয় যে, সেই রসাদি বাহিরে ভিটিরেশে
বা অভ্যন্তরে কোরইডে আসিতে পারে। এইরূপে উক্ত লক্ষণ-বিশিপ্ত এত
বহুসংখ্যক রোগ আরোগ্য হইরাছে যে, আমরা ইহাকে প্রশংসনীর শস্ত্রক্রিয়ার শ্রেণীভুক্ত করিতে পারি।\*

কোন বিশেষ হলে এই উপায় অবলম্বন করিবার পূর্ব্বে ইহা নির্নাপ করা আবশ্যক বে, রেটিনা অপেক্ষাকৃত এনত স্কৃত্ব আছে কি না যে, ভাহাতে আমরা এনত আশা করিতে পারি যে, নির্গত জলীয় পদার্থকৈ হানান্তরিত করিলে ও রেটিনাকে ইহার স্বাভাবিক হানে আনয়ন করিতে পারিলে, এই শস্ত্রক্রিয়া হইতে রোগীর কিঞ্চিৎ স্ক্রিয়া হইতে পারে। আমরা রেটিনার মূর্ত্তি দারা ইহা কতক স্ক্রমণে নির্ণয় করিতে পারি। যদ্যপি ইহা জ্যোতি-হীন এবং অস্বচ্ছ দেখায়, ইহা অতিশয় সন্তব্ব যে, ইহার সায়ু উপাদান সকলেতে অপকৃষ্ট পরিবর্ত্তন উপস্থিত হইয়াছে এবং উদ্শ হলে এরূপ কোন কার্য্য উপকারী হয় না।

শস্ত্রক্রিয়ায় আনাদের ইহা উদ্দেশ্য থাকা উচিত যে, আমরা যেন প্রকৃত ব্যাধিত স্থানের মধ্য দিয়া এমত একটি ছিদ্র প্রস্তুত করিতে পারি, ফদ্বারা ঐ রমাদি ভিট্রিয়স চেম্বারে প্রবেশ করিতে পারে। অনম্ভর রেটিনা ইহার

<sup>\*</sup> Ophthâlmic Hospital reports, vol. iv. 135. Mr Haynes Walton on detachment of the Retina; Med. times and gaz 1866, ii. p. 311.

খাভাবিক অবভায় আইনে এবং ইহার বিধান পরিবর্ভিত না হইলে, ইহার কাৰ্য্য-প্ৰভাব স্বাভাবিক অবস্থাপ্ত হয় এবং রোগী প্রায় সম্পূর্ণ দর্শনশক্তি श्वनः थाथ इत। निष्ठात दोगान त्य खकात हिकि पात शतामर्न एनन, তাহা এই অভিপ্রায়ের পক্ষে দর্কোৎকৃষ্ট। রেটিনার বিমৃক্ত স্থল অফি-वीक्न बाता अधिमत मानवारन शतीकाखत, त्तानीरक अक्शानि कोरहत উপরে উপবিষ্ট করাইতে হয় এবং পুটন্বয়কে স্বতন্ত্র রাখিবার নিমিত্ত একটি ইপ্ স্পেকুলন্ (Stop speculum) নিয়োজিত করিতে হয়। অনত্তর শস্ত্রকার স্কেরটিকের মধ্য দিয়া একটি স্থতিকা লম্বভাবে প্রবিষ্ট कतारेगा (पन अवः तिंगिनात कातरेष् ररेट विमूक एटन विसन करतन। অনন্তর সেই ছিদ্রের মধ্য দিয়াই অপর একটি স্থতিকা প্রবিপ্ত করাইতে হর এবং এতত্ত্তরের বাট বিভিন্ন পাকাতে, কাঁচির অগ্রভাগের ন্যায় তাহাদের অগ্রভাগের মধ্যে অবকাশ থাকে। এইরূপে রেটিনাকে বিদ্ধ করা হর এবং পশ্চাৎত্ত জনীর পদার্থ ভিট্রিন চেম্বারে প্রবেশ করে। সচরা-চর উহার কিয়নংশ স্থাকাপার্শের হারা নির্গত হয় এবং কনজংটাইবার নিরভাগে নিঃস্ত হইয়া থাকে, কিন্ত এরণ সচরাচর ঘটে না। শস্ত্রজিয়ার পর রেটিনা ইল্যাস্টিক্ ল্যাখিনার সহিত সংলগ হইয়া যায়।

এই সকল স্থলে আমাদের প্রধানতঃ এই বিষয়ে সাবধান পাকা উচিত বেন লেন্দ্র আধাত প্রাপ্ত না হয়। কিন্তু সাধারণরূপ শরীর-বিদ্যার জ্ঞান এবং নিপুণতা থাকিলেই এই দৈব্যটনার বাধা দেওরা বাহতে পারে এবং বদ্যপি আমরা লেন্দ্র না স্পর্শ করি, আমরা ইহা নিশ্চয় বলিতে পারি বে, বিদিও আমরা রোগ আরোগ্য করিতে না পারি, তথাপি ভিট্রিরনে স্টিকা প্রিপ্ত করাইবার নিনিত পরিণামে কোন ক্ষতি হইবে না। শস্ত্রক্রিয়ার পর কিছুনিনের নিমিত্ত প্যাড্ এবং ব্যাণ্ডেজ দ্বারা চক্ষুকে বন্ধ রাধাই কিবল নাত্র আবশ্রকীয় চিকিৎসা।

ফ্যাকিলোমা এবং ফুইড্ভিট্রিস (Staphyloma and Fluid vitreous) প্রায়ক্ত বিমোচন। চক্তে আঘাত এবং রেটিনা ও কোরইডে শিরস্বারস নির্গন জনিত রেটিনার বিমোচন ব্যতীত, অভাভ কারণেও এতজ্ঞপ কল্ উৎপান হইতে পারে। স্থের—কোরইডাইটিস্ র্যাণ্টিরিয়র

রোগের বিষয় বলিতে বলিতে আমরা এতজ্ঞপ একটি ঘটনার উলেথ করিয়াছি এবং তৎসম্বন্ধে ইহাও উক্ত হইয়াছিল যে, স্কেরটিক্ ক্রমে ক্রমে চক্রুর আভ্যন্তরিক সঞাপনে প্রসারিত হইয়া পড়িলে কোরইড্ ইয়াফিলোমাগ্রন্ত হইয়া রেটিনাকে আকর্ষণ করিতে পারে। এই রূপে উহা স্বাভাবিক স্বস্থিতি স্থল হইতে বিমৃক্ত হইয়া য়ায়। পষ্টিরিয়র ইয়াফিলোমারোগেও সময়ে সময়ে এইরূপ পরিণাম দেখিতে পাওয়া য়ায়। কিন্তু এই শেষোক্ত প্রকার পীড়াতে পশ্চান্তানে স্কেরটিক্ লম্বিত হওয়াতে যে ভৌতিক নিয়মান্ত্রমারে পরিবর্ত্তন ঘটে, তাহা ব্যতীত কোরইড্ সাধারণতঃ রক্তপূর্ণ এবং ভিট্রিয়্ম্ জলীয় স্বস্থা প্রাপ্ত হইবার পক্ষে বিলক্ষণ সন্তাবনা থাকে, স্থতরাং ইহাতেই রেটিনার বিমোচন ঘটিতে পারে।

চক্ষু ভয়ানক রূপে পিচিতে হইলে ভিট্রিয়সের ঈদৃশ পরিবর্ত্তন দেখা গিয়াছে। অতএব এইরূপ ঘটনাতে রেটনা বিমুক্ত হইতে পারে। এই সকল স্থলে ভিট্রয়সের তরলতার পরিবর্ত্তন এত আশ্চর্যারূপে অল্লে অল্লে বর্দ্ধিত হইতে দেখা যায় যে, আঘাতের ঘটনা প্রায় বিশ্বত হইতে হয়, কিন্তু দর্শনশক্তির ক্রমিক হ্রাসের লক্ষণ সকল এবং দৃষ্টিক্ষেত্রে ইতন্ততঃ ভাসমান নিত্যস্থায়ী চক্ষুর সন্মুখে ক্রম্বর্ণ পদার্থের সঞ্চরণ বিষয়ে রোগী মনোযোগ করে এবং আমরা চক্ষু পরীক্ষা করিলে দেখিতে পাই যে, ভিট্রিয়ন্ জলীয় অবস্থাতেই আছে এবং রেটিনার বিমোচন আরম্ভ হইয়াছে।

# রেটিনার অন্তর্গত নাড়ীর এম্বলা (Embolia of the Retinal vessels.)

এই পীড়ার একটি আশ্চর্য্য প্রকার সজ্ঘটনের বিশেষ বিবরণ এবং এতৎ-সম্বন্ধীর ছইথানি প্লেট্ লিব্রিচের য্যাট্লাস বা মানচিত্রে দেখিতে পাওয়া যায়।\* যে সকল ঘটনার লিখিত বিবরণ আছে, তাহাদিগের অধিকাংশই

<sup>\* &</sup>quot;Atlas d, Ophthalmoscope," par le Docteur R, Liebreich, p. 23, Tab, viii. Figs. 4, and 5.

য়্যা ওয়াটার ভাল্ভের পীড়াগ্রস্ত রোগীদিগের মধ্যে রেটিনা সম্বনীয় নাড়ীর এম্বলিয়া দৃষ্ট হয়।\* সচরাচর ইতিপূর্ব্বে যে ব্যক্তির দর্শনশক্তি অতি উত্তম ছিল, তাহার এই সকল লক্ষণ হঠাং প্রকাশ পায়। সন্তবতঃ রোগী শয়ন করিতে যাইবার কালে সম্পূর্ণ স্কন্থ ছিল এবং প্রাতঃকালে গাতোখান করিয়া দেখিল বে, একটি বা উভয় চকুই বিনষ্ট হইয়াছে।

অক্ষিবীক্ষণ দ্বারা পরীক্ষা করিলে অপটিক্ ডিস্ক্ স্বাভাবিক আরু তি-বিশিষ্ট এবং যদিও ঈষং-বিবর্গ-বিশিষ্ট, তথাপি অন্যান্য বিষয়ে অপরিবর্তিত দেখার। রেটিনা সদ্বন্ধেও এই কথা বলা যাইতে পারে। উহার নাড়ী-মণ্ডলেই আমরা স্থ্রাক্ত পরিবর্তিন ঘটিতে দেখিতে পাই। চক্ষুর গভীরতম প্রদেশের সমস্ত অংশ বা একাংশে আর্টারি ও ভেইন্ অত্যন্ত সংকৃচিত দেখার। কেবল তুই এক স্থল ব্যতীত অর্থাৎ যেখানে নাড়ী সকল রক্তপূর্ণ থাকে, তত্তৎ স্থল ব্যতীত রক্তসঞ্চালন বন্ধ এবং নাড়ী সকল শ্ন্যার্গর্ভ (Collapsed) হইতে দেখা যায়। ইহা প্রধানতঃ ভেইন্ গুলিতে দৃষ্ট হয়। শোণিত অল্পে অল্পটিক্ ডিস্কের দিকে সঞ্চালিত হইতে দেখিতে পাওরা যাইতে পারে। এই রক্তন্তোতের পশ্চাতে নাড়ীগুলির প্রাচীর সন্ধৃচিত হয় এবং যে পর্যান্ত না এইরূপে অন্য একটি তরন্ধ ঐ নাড়ীর মধ্য দিয়া যাতায়াত করে, তাবৎ কাল এই সন্ধোচনভাব অবস্থিতি করে। এইরূপে একপ্রকার গেরিষ্টল্টিক্ বা অল্পের গতির স্থায় গতি (Peristaltic movement) উপ-ব্যিত হয়, যাহা সকল বা করেনটি ভেইনে মাত্র প্রকাশ পাইতে পারে।

যদি রক্তনঞালনের বাধা ক্রমাগত বর্ত্তনান থাকে, শিরম বা রস নির্গমন এবং রেটিনার উপাদান-সমূহের মেদ-সম্বন্ধীয় পরিবর্ত্তনের নিমিত্ত পীতবর্ণচিহ্ন্যুক্ত প্রদেশ পরিবর্ত্তিত হয়। উক্ত অংশ অস্বচ্ছ ও গাঢ় হইয়া থাকে
এবং স্কন্থ রেটিনাতেও ঐ অস্বচ্ছতা উৎপন্ন হয়।†

ভির্ক রক্তনঞালন সম্বন্ধে এই সকল মৃর্দ্তির কারণ বর্ণন করিয়াছেন এবং বোধগন্য করিয়াও দিয়াছেন। তাঁহার ধারণা এই যে, উহারা এক বা

<sup>\*</sup> Lancet vol ii. p. 491 For 1875. Mr E. Nettleship "on Embolism of Central artery of Retina."

<sup>+</sup> On the use of the Ophthalmoscope in Disorders of the Nervous System by Dr. T. C. Allbutt, p. 293,

জাধিক রেটিনা সম্বনীয় নাড়ীর ক্ষুত্র ক্ষুত্র কোএগুলা অর্থাৎ নাড়ী-নধ্যে সংযত রক্তের উপস্থিতি প্রযুক্ত উৎপন্ন হইন্না থাকে। তাহাদিগকে সচরাচর ল্যামিনা ক্রিব্রসার নিকটে দেখিতে পাওয়া যার। অন্যান্য স্থলে নাড়ীগুলির প্রাচীর ঘনীভূত অথবা তদন্যথার পীড়িত হইতে দেখা গিরাছে।

রোগীর বৃতাত। এড্ জেগারের গ্রন্থতে জ্যান্ডার সাহেব এইরপ একটি ঘটনা উদ্ত করিরাছেন। রোগী বৃদ্ধ। বরঃক্রম সপ্রতিতম বর্ষ এবং উহার অর্শোরোগ ছিল। তিনি বলেন, চকুপথ (Ocular media) সম্পূর্ণ রূপে স্বচ্ছ ছিল। রেটিনায় কোন প্রকার প্রকাশ্য পরিবর্ত্তন দৃষ্টি হইরাছিল না কিন্তু দ্বিং রক্তবর্ণ মূর্ত্তিবিশিষ্ট ছিল। অপটিক্ নার্চ্চ, পরিধির নিকটে অল্প পরিমাণে বর্ণবিশিষ্ট এবং ঈষৎ পীতবর্ণ হওয়াতে, উহাতে নীলবর্ণ চিহ্ন প্রকাশ পাইয়াছিল। রেটিনার নাড়ী-মওল সাধারণতঃ ফুদ্র-অবয়ব-বিশিষ্ট ছিল। এবং উহাদের বাাসও অপেকাকত কুদ্র ছিল। এরপ ঘটনা বিশে-ৰতঃ বৃহৎ আর্টারিসমূহের মূলে দৃষ্ট হইয়াছিল। ইহা হইতে উৎপন্ন বৃহৎ আর্টারিও ভেইনের ব্যাস এবং তাহাদিগের গাঢ় রক্তবর্ণ তুলারূপ ছিল। আর্টারি গুলির যেরূপ দিপ্রাচীর দেখা যায় (Double contour), তাহা দেখা যায় নাই। স্তরাং ভেইন্ও আর্টারি প্রভেদ করা অত্যন্ত কষ্টকর হইয়া-ছিল। সেই হেতু কেবলগাত্র বহিঃ ও অন্তর্থ-বিশিষ্ট রক্ত (Centripetal and centrifugal) সঞ্চালনের দারাই আর্টারি ও ভেইন্ নিরূপিত হইয়া-ছिল। ইহাদের স্পান্দন ছিল না; কারণ উহাদের প্রাচীর বিশেষতঃ বৃহৎ নাড়ীগুলির প্রাচীর নিশ্চল অবস্থায় ছিল। কিন্তু এই সঞ্চালন ধীর বা দ্রুত-বেগ্যক্তই হউক, সম বা বিচ্ছিন্ন ভাববিশিষ্টই হউক, যদিও একতাল-বিশিষ্ট না হউক, তথাপি উহা যে অসমানরপে রঞ্জিত রক্তস্রোতের লক্ষণ, তাহার मत्मर नारे।

নাড়ীগুলির ব্যাদের এক চতুর্থাংশ হইতে সমস্ত ব্যাস পর্যান্ত বৃহৎ বৃহৎ
নাড়ীগুলির রক্তস্রোতে স্থলে স্থলে ঈবৎ এবং অধিকতর ঘন-লোহিতাভা
বর্তিমান ছিল। ঐ স্তন্তের (Column) সঞ্চালনে এই বর্ণ ক্রমাগত পরিবর্তিত
হইত। ঈদৎ রক্তবর্ণ ভাগ সকল ক্রুত্র হইয়া একেবারে অদৃশ্য এবং অন্য
কোন স্থানে প্রকাশ গাইত। এই সকল স্থলে রক্ত-সঞ্চালন সমভাববিশিষ্ট

ছিল, কিন্তু উহা মত্যন্ত ধীরে ধীরে হইত। মধ্যমাকার-বিশিষ্ট রক্ত-নাড়ীর ঐ সঞ্চালন অপেক্ষাকুত দ্রুতবেণে এবং স্চরাচর কিছু ক্ষণের নিমিত্ত স্পাদন-বিশিষ্ট ছিল। অল বর্ণ-বিশিষ্ট মধ্যন্ত হান্তলি ( Light intervals ) এবং ঐ সকল নাড়ীর ব্যাদের দ্বিগুণ হইতে চতুগুণ পর্যান্ত এবং অপেকাকৃত অধিকতর দৈখ্য বিশিষ্ট গাঢ় অংশ সকলও বিবর্ণ রক্তের আভাবুক্ত ছিল। অণ্টিক্ নার্ভের উপরিভাগে দৃষ্ট সর্বাপেকা ফ্ল শাখাগুলিতেও রক্তসঞ্চালন ক্রতবেগ-বিশিপ্তি এবং অতাত অনিৰ্দ্ধিতি ছিল। অতাত স্পাতাব-বিশিপ্তি রক্ত-সোত হঠাৎ বন্ধ, আর রক্তের গাঢ় লালভাগ অদুশা হইরা যাইত। এবং উক্ত क्रूज नाड़ी अबे डेड्जन रकरत्व डेशव कर्नाहिर थरडन कतिरव शावां शिवां हिन; তাহা অপটিক ডিস্কের বর্ণ ধারণ করিয়াছে বলিয়া বোধ হইয়াছিল। অনন্তর ঐ বিভক্ত গতি-বিশিষ্ট রক্তমোতে কুন বা বুখতুর রক্তের স্তস্ত (Column) নাড়ীর মধ্য দিয়া গতায়াত করিতে দেখা গিয়াছিল। ভাতার পর অল বা অধিক সময়ের পর, অপেক্ষাকৃত বৃহৎ বা ক্ষুদ্র রক্ত কণিকার তুণ (Mass) দেখা যাইত। তাহাতে দৰ্শক প্ৰায় কেবল একৈক কণিকা (Globule) দেখিতে পান এবং তদনন্তর ঐ নাড়ীর সমস্ত হঠাং গাচ রভে পূর্ণ ইইত। এবং উহার কোন কোন সংশ শান্তভাবে স্ঞালন করিবার পরিবর্ত্তে চক্রের ভারে উল্টিরা যাইতেছে (Roll), এরপ বোধ হইত।

মধ্যমাকার-বিশিষ্ট এবং কুত্র ক্র নাড়াওলিতে কিঞ্জাত্রও সঞ্চালন দেখা যাইত না, কিন্তু বিশেষ সাবধানে ও মনোবোগের সহিত দেখিলে, অপেকাকত কুশ ভাগ সকলকে হ্রাস পাইতে এবং অস্শ্য হইতে এবং সেই সময়ে অন্য এক স্থলে প্রকাশ পাইতে দেখা যাইত।

নিরনিথিত হলে রেটিনার ইস্কিমিয়ার (Ischaemia) লক্ষণ সকল প্রকাশ পার। কোন প্রকাশ কারণ ব্যতীত রোগী সচরাচর সহসা জন্ধ হইয়া নায়। কণীনিকা সকল প্রশন্তরপে প্রসারিত হয়, কিন্তু উভয় চক্লুরই মূর্ভি কোরণ সচরাচর উভয় চক্লুই পীড়িত হয়) স্তুহু থাকে।

<sup>\*</sup> এই প্রকার ব্যাধির ছুইটি ঘটনা অধ্যাপক রথন গু প্রকাশ করেন। Ophthal Hospital Reports, vol. v. p. 637,

অকিবীক্ষণ দারা রেটিনা পরীক্ষা করিলে রেটিনার আর্টারিগুলিকে শূন্য এবং কেশের আকারে ক্ষর হইয়া আদিতে এবং ভেইন্গুলিকে প্রদারিত হইতে দেখা যায়। অন্যান্য সকল বিষয়ে চক্ষুর গভীর প্রদেশের মূর্ত্তি স্বাভা-বিক থাকে। \*

রেটিনার ইস্কিইিমিয়ার (Ischaemia) সংপ্রাপ্তি অত্যন্ত গৃঢ়-ভাববিশিষ্ট। রোগী সচরাচর ছর্জন ও নীরক্তাবস্থায় থাকে। এবং ইহা সম্ভব বে,
বৃহত্তর নাড়ীগুলির কয়েকটির এম্বলিজম্ দারা এই সকল লক্ষণ প্রকাশ পাইতে পারিত। এক হলে রোগীর মৃত্যুর পর একটি অর্জ্ব্দুদ্ দৃষ্ট হইয়াছিল এবং অন্য এক স্থলে নীরক্তাবস্থা কেবলমাত্র প্রথম প্রক্রম ছিল,
যদ্বারা রেটিনার যেরূপ ক্ষতিজনক পরিবর্ত্তন ব্রাইটস্ ডিজিজ্বশতঃ হয়, তাহা
ঘটিয়াছিল।

চিকিৎসা।—এই পীড়া ভৌতিক কারণের (Mechanical causes) উপর
নির্ভর করিলে কর্ণিয়াকে বিদ্ধ করেন (Paracentesis of the cornea)
বা ইরিডেক্টমীর শস্ত্রক্রিয়া দারা উহা আরোগ্য হইতে দেখা গিয়াছে। কিন্তু
আমরা বর্ত্তমানকালে যেরূপ রেটিনার নাড়ীর মধ্যে অসাভাবিক রক্ত নক্ষালনের কারণ স্থির করিতে পারি, তদপেক্ষা অধিকতর নিশ্চয়রূপে উহা নির্ণয়
করিতে না পারিলে, আমাদের চিকিৎসা কথনই সন্তোষজনক হইবে না।

## Atrophy of the Retina. রেটিনার কয়।

আমরা এই বিধানের যে সকল পীড়ার কথা বর্ণন করিতেছি, তাহাদিগের প্রত্যেকেরই পরিণামে রেটিনার ক্ষয় হইতে পারে। যদি প্রদাহের পর ক্ষয় উপস্থিত হয়, তাহা হইলে রেটিনার উজ্জ্বল লোহিত বর্ণ অদৃশ্য হইয়া য়ায় এবং ভারতবাদীর চক্ষুর গভীরতম প্রদেশ ক্ষয়্বর্ণ দাগ দ্বারা, আছেয় হয়। এই দাগগুলি কোরইড্ এবং ইল্যাস্টিক্ ল্যামিনার ইপিথেলিয়ম্ গুলি ধ্বংস হওয়াতে উৎপন্ন হয়। ক্ষয় রোগের প্রাথমিক অবস্থাতে রেটিনার নাড়ীগুলির ছিদ্র হ্লাস্থাপ্ত হয় এবং যেমন পীড়া বৃদ্ধিত হইতে থাকে, তাহারা

<sup>\*</sup> Carter's Translation of Zander "on the Ophthalmoscope" p. 137.

কেবল মাত্র স্থাকার-বিশিষ্ট রেখা-সমূহে পরিণত হয়। যদ্যণি এই পীড়াতে দর্শনমায় পীড়িত না হয়, ইহার মূর্ত্তি স্বাভাবিক থাকে। কিন্তু অনেক স্থলেই ইহাও ক্ষয় প্রাপ্ত এবং তদনন্তর ইহার মূর্ত্তি শ্বেতবর্ণ ও উজ্জ্বল হয় এবং ইহা অল্ল পরিমাণে পশ্চাদ্দিকে নত হইয়া থাকে। ইহা এই রোগের স্বাক্তরূপ লক্ষণ।

ইহা বলিবার প্রায় আবশ্যক নাই যে, ক্ষয়রোগে আমরা এমত কোন ঔষধই জানি না, যদ্বারা রেটিনার সার্-সম্বন্ধীয় বিধান সংশোধিত হইতে পারে। বস্ততঃ ইহা ফাইরো-সেলুলার বিধানে পরিণত হয়। রেটিনাই-টিদ্ কারণ না হইলেও কোরইডের পীড়ার পরিণামে বা প্রোকোমারেগতে যেরূপ চক্ষুর আভ্যন্তরিক সঞ্চাপন উপস্থিত থাকে, তাহার নিমিত্ত সচরাচর এই পরিবর্ত্তন ঘটে। রক্তপূর্ণ নাড়ীগুলির এপরমেটদ্ পীড়া অর্থাৎ যে পীড়াতে উহারা চূর্ণে পরিণত, সেই রোগ এবং এম্বলিজম্ রোগ রেটিনার ক্ষয়ের কারণ হয়। অবশেষে, বহুদিন-স্থায়ী পীড়া বা মন্তিক বা দর্শন সায়ুর পীড়া হইতেও স্বায়ু পদার্থের ক্ষয় উপস্থিত হইয়া থাকে।

রেটিনার অর্বিদ বা প্লাই ওমা।—(Tumours of the Retina — Glioma) এই প্রবন্ধের মধ্যে কেবল এই এক প্রকার মাত্র অর্ক্ দ (Tumour) অর্থাৎ (Glioma virchow) ভিকো, বাহাকে প্লাইওমা বলিয়া উল্লেখ করেন, তৎসম্বন্ধে কিছু বলা আবশ্যক। এই অসাভাবিক পদার্থ নিউরোগ্লিয়া (Neuroglia) বা মন্তিক, রেটিনা এবং অন্যান্য স্লায়্ বিধানের অন্তর্ব ভ্রী কোমল পদার্থ হইতে উৎপন্ন হয়। প্লাইওমেটা কোমল ও দৃঢ় এই ত্বই প্রকানের হইয়া থাকে। কোমল প্লাইওমেটা গ্রানিউল্-বিশিপ্ত (Granulated) কোবান্তর্ব ভ্রী পদার্থ এবং কোব-সমূহে গঠিত। এই সকল কোমের আকার ও মৃর্ত্তি প্রপূর্ণ কোষের ন্যায়। দৃঢ় প্লাইওমেটার কোবান্তর্ব ভ্রী পদার্থ এবং কোব সকল বদিও ক্লুদ্র হয় বটে, তথাপি উহারা মধান্তলে স্থল (Fusiform) ইইয়া থাকে এবং উত্তম উজ্জল নিউক্লিয়া-বিশিষ্ট হয়। এই অসাভাবিক কার্যো সায়্ উপাদান প্লাড়িত হয় না, উহা সচরাচর পরিবর্ত্তিত হয়। এই খ্রানীয় বৃদ্ধি (Proliferation) হইতে কেবল মাত্র সায়ুর

আবরণ নিউরোগ্লিমা পীজিত হয়। ইহার কোষ সকলের সংখ্যা অভ্যস্ত বর্দ্ধিত হইয়া থাকে।

এই সকল অর্কুদ অতি অল্লে অল্লে বর্দ্ধিত হয় এবং ইহা সন্দেহের বিষয় যে, তাহারা ক্ষতিজনক কি না। যাহাই হউক, গ্লাইওমেটা জন্মিলে নিকটছ বিধান সকল পীড়িত হইতে পারে, এবং গ্লাইওমেটা বিবৃত্যেনত ভাব ধারণ (Fungate) করিতে প্রবৃত্ত হয়। এইরূপে তাহাদিগকে অণুবীক্ষণ যন্ত্রের দারা সাবধানতার সহিত পরীক্ষা না করিলে, সহসা ক্যান্সার বলিয়া ভ্রম হইতে পারে। প্রধানতঃ কোষের আকারের দারা আমাদিগের সাবধান হওয়া উচিত। যতদিন তাহাদিগের আকার কনেক্টিভ্টিয়র বা সংযোজক বিধানের আকারের অপেক্ষা বৃহত্তর না হয়, যদিও উক্ত মাস বা অতিবর্দ্ধিত স্থূপ (Fungous Excrescence) উৎপন্ন হইয়া থাকে, তথাপি তাহাদিগের আকার এই মাকারের অপেক্ষা বৃহত্তর হয়, তাহা হইলে এই অর্কুদকে সার্কোমেটা শ্রেণীর সন্তর্ভূত করা উচিত।

শ্লাইওমা যদিও ক্যান্সার অপেক। ক্ষুদ্র ব্যাধি, তথাপি ইহার ভাবিফল অস্থেজনক। অবশাই সম্পূর্ণ হানিজনক পদার্থ স্থানান্তরিত করা উচিত। অন্যথা হইলে সম্ভরতঃ ইহা পুনরায় উৎপন্ন হইয়া থাকে।

নিম্নলিখিত দৃষ্টান্তে রেটিনার গ্লাইওমার স্থায়িত্ব ও চিকিৎসার বিষয় উত্তম-রূপে প্রকটিত হইয়াছে।

প্রায় এক বৎসর অতীত হইল, আসরফ্ নামক ষষ্ঠবর্ষ-বয়স্ক একটি বালক অফিচিকিৎসালয়ে নিমলিখিত অবস্থায় ভর্ত্তি হইয়াছিল। সাধারণতঃ দেহের অবস্থা স্কস্থ ছিল। দক্ষিণ চক্ষুর কনীনিকা প্রসারিত হইয়াছিল এবং চক্ষুর গভীর প্রদেশ হইতে একটি পীতবর্ণ প্রতিবিশ্ব দেখা যাইত। বোধ হইত যেন, ভিট্রিয়দ্ চেম্বারে উন্নতভাবে স্থিত একটি অস্বাভাবিক পদার্থ হইতে একপ মূর্ত্তি দেখা যাইতেছে।

ডাক্তার ম্যাক্নামারা ঐ চক্ষুকে নিষ্কাশন করিতে পরামর্শ দিয়াছিলেন, কিন্তু ঐ বালকের পিতা তাহাতে অসমত হওয়াতে উহাকে চিকিৎসালয় হইতে প্রস্থান করিতে অমুমতি করা হইয়াছিল। দ্বাদশ মাসের পর তাহার

### রেটিনার রোগসমূহ।

পিতা তাহাকে পুনরায় আনমন করিয়াছিল এবং তথন দক্ষিণ চক্ষুর মৃত্তি ৩৪ প্রতিকৃতি।



০৪ প্রকৃতির মূর্ত্তির ন্যায় ছিল। তথন বালকের স্বাস্থ্যভঙ্গ হইয়াছিল, কিন্তু স্বন্ধ-দেশের গ্রন্থিভিলি বৃদ্ধি প্রাপ্ত হয় নাই। চক্দুপুট অত্যন্ত বিস্তৃত হইয়াছিল এবং একটি বির্তোরত অর্ধাদ (Fungating Tumour) অক্ষিপোলক হইতে উভূত হইয়া অক্সিপুটের ভিতর দিয়া বহির্ভাগে দেখা গিয়াছিল। ইহার উপরিভাগ ক্ষত-বিশিপ্ত (Ulcerated) ছিল এবং স্পর্শ করিলে তাহা হইতে রক্ত পতিত হইত। কিন্তু উহা সচরাচর শুক্ত রক্ত এবং পূয পদার্থের চূর্ণ দারা আরুত থাকিত।

ডাক্তার ম্যাক্নামারা ঐ অর্কাদ একেবারেই বিনাশ করিতে মনস্থ করিয়াছিলেন এবং ইহা সম্পাদন তাদৃশ ছরহ হয় নাই। কারণ ঐ বালককে ক্লোরকরম্ দারা অচেতন করা হইয়াছিল। অর্কাদের পশ্চাতে অঙ্গুলী প্রবেশ
করাইয়া ডাক্তার ম্যাক্নামারা দেখিলেন যে, দর্শন-স্বায়ু অত্যন্ত বৃদ্ধি প্রাপ্ত
হইয়াছে। তিনি তজ্জন্য, অপটিক্ কোরামেনের যত নিকটে সন্তব, ঐ সায়ু
ছেদ করিয়া দিলেন এবং অনন্তর শস্তাঘাতের নিম্দিকে ও চভুস্পার্শে
ক্লোরাইড্ অব্ জিল্কের বাতি প্রয়োগ করিলেন। ঐ বালক ক্রন্ত আরোঝ্যলাভ করিল এবং এক্ষণে ঐ পীড়া হইতে সম্পূর্ণ স্ক্ত আছে।

অর্কাদ পরীক্ষা করিয়া ডাক্রার ম্যাক্নামারা দেখিলেন যে, দর্শন-স্নায় কি অর্কাদের অন্তর্ভূত হইয়াছে এবং কোমল প্রকার প্রাইওমার যে সকল লক্ষণ উল্লিখিত ইইয়াছে, ইহাতেও সেই সকল লক্ষণ প্রকাশ পাইয়াছিল। অর্কাদুদের ভিতর দিয়া সায়্স্ত্রের অবশিষ্টাংশ আমূল লক্ষ্য করিতে পারিয়াছিলেন। আফিগোলককে ঐরপ অস্বাভাবিক বিধান দারা আচ্ছাদিত থাকিতে দেখা গিয়াছিল। উহা স্কেরটিকের ভিতর দিয়া উন্নত ইইয়াছিল; যাহাতে বহিদ্ষ্টি মাস বা বিবৃত স্তৃণ উৎপন্ন ইইয়াছিল। কিন্তু ভিট্রিয়্রস শ্ন্য ছিল অর্থাৎ আর্কাদ উহাকে অধিকার করে নাই। ডাক্তার ম্যাক্নামারা অতি সাবধানে এই নিক্ষাশিত অর্কাদের প্রত্যেক ভাগ পরীক্ষা করিয়াছিলেন, কিন্তু কোন স্থাবা তাহাদিগের মধ্যে ফিউজিফর্ম বা মধ্যস্থল কোষ দেখিতে পান নাই।

এক্ষণে ইহা দেখিতে হইবে যে, অক্ষিকোটরে অর্ক্ দের কিছু অবশিষ্ট আছে কি না। ইহার পূর্ম বৃত্তান্ত হইতে ডাক্তার ম্যাক্নামারা বিশ্বাস করিয়া-ছিলেন যে, ইহা রেটনাতেই আরম্ভ হইয়াছিল। কারণ যথন তিনি প্রথম এই বালককে দেখেন, তখন চক্ষ্ উন্নত হইয়াছিল না এবং তাহার মন্তিষ্ক পীড়ার কোন লক্ষণও কখন প্রকাশ পায় নাই। ডাক্তার ম্যাক্নামারা ইহা আশক্ষা করিয়াছিলেন যে, উক্ত প্লাইওমা দর্শনস্বায়্ ক্রমে নিউরোপ্লিয়া বা স্বায়ু আবরণের পার্শ্ব দিয়া কাইএস্মাতে (Chiasma) যাইতে এবং অবশেষে মন্তিষ্ক পীড়িত হইতে পারিত। কিন্তু এক্ষণে ঈদৃশ কোন জটিল পীড়া ঘটে লাই। বাম চক্ষুর দর্শনশক্তি সম্পূর্ণ স্কন্ত ছিল এবং এ বালকের স্বান্থ্য উক্ত শস্ত্র ক্রিয়া হইতে আশ্চর্যারূপে সংশোধিত হইয়াছিল।

এমন স্থাবিধা সচরাচর ঘটে না যে, আমরা এইরূপ অর্ক্লের উৎপত্তি নিরীক্ষণ করিতে পারি। কিন্ত প্রসারিত কনীনিকা এবং চকুর পশ্চান্তাগ হইতে ঈবং পীত-মিশ্রিত উজ্জ্বল খেত প্রতিবিধের দারা আমরা এই পীড়ার প্রোথমিক অবস্থাতে ভাবিফল নির্ণয় করিতে সমর্থ হইয়াছিলাম। এইরূপ স্থান্থ আক্রিবীক্ষণ দারা বিলক্ষণ সাহায্য প্রাপ্ত হওয়া যায় এবং যদ্যপি প্রাথমিক ভাবস্থাতেই ইহার সাহায্য গ্রহণ করা হয়, তবে দেখা যায় যে, উক্ত অস্বাভাবিক উৎপত্তি রেটিনার একাংশে আবদ্ধ থাকাতে, ঐ অংশ ঘন হয় এবং
বিচিত্র মৃর্ভি ধারণ করে। কিছু দিন পরে যথন সমস্ত চক্ষু পীড়িত হয়,
তথন উহা পূর্দ্ধে বাহাকে য়ামরটিক্ ক্যাট্স্ আই বা য়ামরোদিস্ বশতঃ
বিড়ালের নাায় চক্ষু (Amaurotic Cat's Eye) বলা হইত, সেই মূর্ত্তি ধারণ
করে। এই অস্বাভাবিক উৎপত্তি বৃদ্ধি প্রাপ্ত হইয়া সবলে অক্তিপুট ভেদ
এবং অবশেষে চতু ব্রিংশৎ-চিত্র-প্রদর্শিত বিবৃত্তোয়ত মূর্ত্তি ধারণ করে।
ডাক্তার ম্যাক্নামারার মতে এই সকল পীড়া স্থলে, বিশেষতঃ তাহাদিগের
প্রাথমিক অবস্থাতে অস্বাভাবিক অর্কুদ্ নিদ্ধাশন করা নিতান্ত আবশ্যক।

#### FUNCTIONAL DISORDERS OF THE RETINA.

#### রেটিনার কার্য্য সম্বন্ধীয় ব্যতিক্রম।

রাত্যন্ধতা বা হিমারোলাপিয়া—(Hemeralopia)।\* গবর্ণমেণ্টের সমুমোদিত একথানি গ্রন্থ ইতে উদ্ভা নিয়লিখিত বুভান্তে রাত্যমতার একটি উত্তম ও আশ্চর্যা বিবরণ প্রাপ্ত হওয়া যারা। কাপ্পেন স্মিণ্ আর্
এন্ বলেন যে, ১৮০১ খৃষ্টান্দে সেপ্টেম্বর মাসে মার্লিন একথানি স্পালিস্
প্রাইভেটিয়ার (Privatier) লুঠন করেন এবং দাঁড়ী স্বরূপ বিংশতি জন
লোকের সহিত উহাকে প্রেরণ করেন। তিনি তাহাদের উক্ত ত্ঃসাহিদিক
কার্য্য এইরূপে বর্ণন করেন।

"কতিপয় দিবসের মধ্যে ন্যনপক্ষে নাবিকদিগের অর্দ্ধেকের হিমারোলোপিয়া বা রাত্রান্ধতা (Nyctalopia)বা নিক্ট্যালোপিয়া হয়। আমরা এক
দিন শান্তভাব-বিশিষ্ট প্রাতঃকালে একটি বৃহৎ জিবেকের (Xebec) দারা
পশ্চাদ্ধাবিত হইয়াছিলাম। উহার ভিতর ৮০-১০০ জন লোক ছিল এবং
সদ্ধার সময় উহা ক্রতগতিতে আমাদের দিকে অগ্রসর হইতে লাগিল।
আমাদের দলস্থ লোকেরা কোন উপকার ব্যতিরেকে অনেকক্ষণ ক্ষেপণী

<sup>/ \* &</sup>quot;Royal Naval Biography," 1835, vol. iv. part II.

নঞ্চালন করিয়াছিল। ইহা জানিয়া যে রাত্রি হইলেই আমাদের অবশিষ্ঠ দলের অর্দ্ধিকে অন্ধ হইবে, স্থ্যালোক থাকিতে থাকিতেই শক্রদিগের সহিত আমাদের বল পরীক্ষার প্রস্তাব করা হইল। ইহা সকলেই অত্যন্ত আহলাদের সহিত অন্থমোদন করিলেন। জাহাজে অন্য দিকে চালান গেল এবং ইতিমধ্যে শক্রপক্ষ যে স্থানে গুলি ছাড়িতেছিল, তথায় উপস্থিত হওয়াতে যুদ্দ আরম্ভ হইল। কিছু ক্ষণের পর উহা অপস্থত হইতে লাগিল। আমরা আবার তাহাদিশের পশ্চাদত্বসরণ করিতে করিতে চলিলাম। কিন্তু যথন রাত্রি আসিল, আমরা ঐ জিবেক হইতে দ্রে থাকিতে বিশেষ যত্ন করিয়া-ছিলাম এবং আর তাহাকে দেখিতে পাই নাই।

এই ঘটনা আমাকে রাত্রান্ধ ব্যক্তিদিগের ঐ রোগ আরোগ্য করিবার নিমিত্ত কোন পন্থা অবলম্বন করিতে যত্নবান করিল এবং সমস্ত দিন একটি চক্ষর উপরে একথানি রুমাল স্থাপিত করিয়া উহাতে স্থ্যরশ্রির গতি-বাধা দিয়াছিলাম। এবং আমি এতদপেক্ষা কোন উত্তম উপায় উদ্ভাবন করিতে পারি নাই এবং পর রাত্রি ইহা দেখিয়া অত্যন্ত সন্তুষ্ট হইয়াছিলাম যে, অভি-ল্মিত অভিপ্রায় সম্পূর্ণ সিদ্ধ হইয়াছে। এবং উক্ত রোগী সকলের দিনমানে বে চক্ষু বন্ধ ছিল, তদ্বারা উত্তমরূপে দেখিতে পাইয়াছিল। অতএব ভবিষ্যতে এতজপ পীড়িত প্রত্যেক ব্যক্তি দিনমানে একচক্ষু এবং রজনীতে অপর চক্ষুটি দারা দেখিতে পাইত। যথন জ্যাক্ অত্যন্ত যত্নের সহিত তাহার যে চক্ষু রজনীতে উপকারে আসিত, সেই চক্ষুতে স্থ্যরশ্মির প্রয়োগ নিবারণ করিত, তথন ইহা দেখিলে অত্যন্ত আমোদ বোধ হইত। সে উভয় চক্ষু পালা ক্রমে রাত্রিতে দেখিতে পাইবে অভিপ্রায়ে, কখন কখন ব্যাণ্ডেজ্ পরিবর্ত্তিত कति । रेरा मृष्टे ररेग्ना हिल त्य, धक निन हक्क् वस ताथित्वरे पर्मन मागु পুনরায় সবল হইত। উহার এবং রেটিনার ক্রিয়াভাব পীড়ার দূরবর্তী কারণ বলিয়া বিবেচনা করা হইয়াছিল। আমার এরূপ বিবেচনা হয় যে, এত-দপেক্ষা অন্য কোন চিকিৎসায় এত সম্পূর্ণ এবং আগু উপকার দর্শিতে পারিত না।"

"যেমন রজনী বর্দ্ধিত হইতে থাকে, রাত্যান্ধ ব্যক্তিরা সম্পূর্ণরূপে অন্ধ হয় এবং দিনাগ্যন পর্যাপ্ত তজ্ঞাপ অবস্থায় থাকে। রক্ত-মোকণ, বিরেচক চক্ষুর বিচঃস্থিত প্রান্তে শঙ্খদেশে বারবার বিষ্টার প্রয়োগ, সিন্ধোনা বার্ক ও লোহ-ঘটিত ঔষধ এই সকল চিকিৎসা দ্বারা আমরা কোন উপকার প্রাপ্ত হই নাই, যেহেতু আমাদের ক্ষুদ্র তর্ণীতে কোন ঔষধ ছিল না। জামি জানি বে, উষ্ণপ্রধান দেশে এইরূপ পীড়া সচরাচর স্কার্ভি রোগের সঙ্গে সঙ্গে হয় এবং কখন কখন পাক্ষম্ভ ও যক্তের ক্রিয়ার নিয়মের ব্যতিক্রম বশতঃ হয়। এসকল স্থলে আমাদের সামান্য চিকিৎসা র্থা। কিন্তু উপর্যাক্ত স্থলে স্পষ্টিতই স্থ্যালোকের দ্বারা ইহা উৎপর হইয়াছিল।"

ডাক্তার ম্যাক্নামার। বলেন যে, যদিও উহা একপ্রকার আশ্চর্য্য, তত্রাপি আশ্বি বিবেচনা করি যে, ইহা লিখিয়া রাথা উচিত, বিশেষতঃ যথন রাত্র্যন্ধতার কারণ সম্বন্ধে ক্যাপটেন্ স্মিথের সঙ্গে আমার একমত। তাহার বিশ্বাস
যে, ইহা স্কার্ভি রোগে এবং রেটিনার অত্যন্ত উত্তেজন প্রযুক্ত উৎপন্ন হয়।

এই শ্রেণীত্ব পীড়া বস্ততঃ রেটিনার পিগ্নেন্টরী ডিজেনরেসন্ বা বৈধানিক পরিবর্ত্তন বশতঃ যে সকল ব্যাধি জন্মে, তাহা হইতে পৃথক্। কারণ স্বয়ং
ইহাদের হইতেই রাজ্রান্ধতা জ্মিতে পারে। নিয়লিখিত ব্যাধি সকল স্বয়ংই
রাজ্রান্ধতার কারণ, যথা;—ভিট্রিয়নের লেন্সের ও কর্ণিয়ার অস্বচ্ছতা, মাইওিসিদ্ এবং এতজ্ঞাপ পীড়া প্রভৃতি; স্কতরাং এই সকল ব্যাধিকে পৃথক্ বলিয়া
বিবেচনা করা উচিত। এবং যে সকল পীড়াতে রোগীকে উজ্জ্বল আলোক
হইতে জন্মকারে লইয়া গেলে দৃষ্টির তীক্ষতার সম্পূর্ণ হ্রান ঘটে, এবং যথায়
স্থামরা দৃষ্টিপথ বা রেটিনার কোন পরিবর্ত্তন দেখিতে পাই না, সেই সকল
বিষরেই আমাদের এই কথাগুলি প্রয়োগ করা হইয়াছে। এই প্রকার দৃষ্টান্ত
এ দেশে সচরাচরই দেখিতে পাওয়া যায়।

রাজ্যন্ধ ব্যক্তি বে রাজিতেই দেখিতে পায় না, গুদ্ধ তাহা নহে, কিন্তু উক্ত ব্যক্তি অন্ন আলোক-বিশিষ্ট গৃহে প্রবেশ করিলে সকল সময়েই ঐরপ দেখিয়া থাকে। অতএব রেটিনার নিজ্জিয়াবস্থা বা অবসনাবস্থা রাজ্যন্ধতা হইতেই উৎপন হয়। এই সকল স্থলে স্থাবস্থাব্যাপেকা দর্শনার্থ রেটিনার অধিকতর উজ্জল রশ্মির আবশ্যক করে।

কারণ।—সাধারণ নীরক্তাবস্থা এবং পৃষ্টির অন্তথাভাব বা সায় বিধান সকলের অত্যন্ত উত্তেজন এবং তৎপ্রযুক্ত অবসাদন দারা রেটিনার এই অবস্থা উৎপান হইতে পারে। সন্তবতঃ এই সকল কারণ একত্র হইয়া রাত্রান্ধতা উৎপাদন করে। রোগী কুথাদা, অপরিকার বায়ু বা পীড়াবশতঃ নীরক্তাবস্থাতে পতিত হইলে যদি তদবস্থায় সেই ব্যক্তি উষ্ণপ্রধান দেশের স্থাালোকে বহির্গত হয়, তাহার পরিণামে রাত্রান্ধতা উৎপান হইয়া থাকে। দৃষ্টান্তের দারা ইহার প্রমাণ অনাবশুক যে, ঈদৃশ কারণেই রাত্রান্ধতা জনায়, কারণ ইহা উত্তমরূপে জানা আছে যে, বহুদিনব্যাপী জলনাত্রা হইতে প্রত্যাগত, এবং সমুদ্রের উপরে যে থাদ্য পাওয়া যায়, তনিবন্ধন যাহাদের স্থার্ভি রোগ হইবার অত্যন্ত সন্তাবনা, এমত সকল উষ্ণপ্রধান দেশের নাবিকেরাই সচরাচর রাত্রান্ধ হইয়া থাকে। কিন্তু কেবল স্থ্যালোক রাত্যন্ধতার কারণ বলিয়া কথনই বিবেচিত হয় নাই।

চিকিৎসা।—অতএব, উপযুক্ত খাদ্য এবং লোহ ও খ্রিক্নিন্
প্রভৃতি দারা পোষণ-কার্যপ্রভাব দকল পুনরার স্বাভাবিক করিতে চেষ্টা
এবং আবশ্যকমতে স্কর্ভিবিনাশক (Ati-scorbutic) ঔষধের দারা চিকিৎসা
করাই রাত্রান্ধতার চিকিৎসার প্রকরণ। ইহার সঙ্গে সঙ্গে চন্দুকে বিশ্রামের
ভাবস্থার রাথা উচিত। ডাক্তার ম্যাক্নামারা বলেন যে, তিনি এই পীড়ার
এমন কোন অবস্থা দেখেন নাই, যাহাতে এই সকল বিষয়ে সাবধান হইরাও রোগী আরোগ্য লাভ করিতে পারে নাই। অবশ্য এমত স্থলে রোগীর
যক্ত, মৃত্রগ্রন্থি বা শরীরের অন্যান্য অংশের কোন প্রকার অসাধ্য পীড়া
থাকিলে উহা আরোগ্য হয় না। এইরূপ প্রকার বলাতে কেবল কতকগুলি
নির্দিষ্ট ব্যাধি বুঝিতে হইবে। রাত্র্যন্ধতা যে সকল অন্যান্থ এবং নির্দিষ্ট
কারণের উপর নির্ভর করে, তাহা ইহাদিগের মধ্যে অন্তর্গত করা হইল না।

সো বাইগুনেস—(Snow Blindness বা ত্বারান্ধতা)। রাত্যন্ধতা বে যে কারণে উৎপন্ন হইনা থাকে, ত্বারান্ধতাও সেই সেই কারণে উৎপন্ন হইতে দেখা যায় অর্থাৎ ত্বারের তেজে রেটিনা সাতিশন্ন উত্তেজিত হয় এবং অবশেষে রেটিনার চেতনাশক্তির হ্লাস হইন্না থাকে। এই পীড়া কিছু দিন মাত্র স্থানী এবং সচরাচর পীড়ার কারণ স্থানাস্থরিত করিলেই বিল্প্তা হাল ডাক্তার এইচ্ কেলি ত্বারান্ধতা সম্বন্ধে নিম্লিখিত বৃত্তান্থ বলেন। তিনি লিখিয়াছেন—

যেমন মে মানের প্রারম্ভে আমি কাশীর হইতে ল্যাডাকে যাইবার নিমিত্ত জোজিলা পাদ্ উতীর্ণ হইতেছিলাম, সেই সময় তুষারাক্ষতার অনেক গুলি দৃষ্টান্ত দেখিবার আমার স্থবিধা হইরাছিল। এই পীড়ার সংক্ষিপ্ত বিবরণ এস্থলে কুত্হল-জনক হইতে পারে।

त्य मिन यांगता डेक शाम् डेकीर्थ इरे, तम मिन, यांगांत नकीता मगछ शब নম্প্রতি-পতিত বরকের উপর দিয়। একাদি ক্রমে ষোড়শ ঘটিকার নিমিত্ত চলিতে नांशिन। मधारङ्गत किथि॰ शत्त आमि मिथिनांम तम, ভृত্যেরা এবং ভারবাহকেরা, যতদূর সম্ভব, তাহাদিপের চক্ষু আবৃত ও রক্ষিত করিয়া চলি-ट्टाइ, किंग्रु शिविमार्था छाश्विमार्थत श्रीमान्य स्टेटिएइ ध्वरः मकरले चिक-গোলকে অত্যন্ত জলন ওবেদনা, মস্তকে ব্যথা ও দৃষ্টিমান্দ্যের ছঃথ করিতেছে। আমি পর্বাসীদিগের নিকট যাহা গুনিলাম, ও যাহাতে বিশেষ উপকার नित्व विनिया जामात विश्वाम ছिल, তাহাই তাহাদিগকে वावरात कतिए अता गर्भ मिलाम — वर्षा९ (य शर्या छ ना जनरन व छेश्यम र्य, তावर क्याक मिनिए व নিষিত্ত চক্ষুতে একমুষ্টি তুবার এবং কিছুক্ষণ অন্তরে অন্তরে উহার পুনঃপুনঃ প্রায়েগ করিতে উপদেশ দিলাম। যাত্রা শেষ হইলে, রজনীযোগে, যে সকল লোকের, (অর্থাৎ আমার সঙ্গীদিগের অর্দ্ধেকের) চক্ষু পীড়িত হইয়াছিল, তাহার। চক্ষু ও অক্ষিকোটরের গভীরতর বিধানস্থিত অত্যন্ত বেদনা সহু করিতে लां शिल। नुग्नां तिक मृष्टिमान्मा याँ । शिक्षां हिल। छात्रवां हरू व मर्पा मकरलं है পর্বাতনিবাদী, স্থতরাং তুষারের উপর দিয়া গতায়াত করিতে অভ্যস্ত ছিল; তাহার। সেই শীতল রজনীর বাতাদে বাহিরে বিসয়। রহিল। যদিও কষ্টের নিমিত্ত কাতরোক্তি করিতেছিল, কিন্তু ধূমযুক্ত কুটীরে থাকিবার অপেকা সেই স্থানে তাহাদিখের যাতনা অল্ল অনুভূত হইতে লাগিল। পর-দিন প্রাতঃকালে, তুইজন ভূত্য এবং প্রায় পঞ্চবিংশ জন ভারবাহকের পীড়ার, অধিক বা অল্ল পরিমাণেই হউক, নিম্লিথিত লক্ষণ সকল প্রকাশ পাইয়াছিল। দর্শনশক্তির সম্পূর্ণ হ্রাস ঘটিয়াছিল, এবং কেহ কেহ পথ দেখিতে পাইত এবং কেহ কেহ সম্পূর্ণতঃ অন্ধ হইল। অত্যন্ত আলোকাসহিষ্ণুতা, অফিগোলক ও অফিকোটরের গভীর বিধানস্থিত দারুণ যাতনা ও জলন, এবং স্চবাচর অত্যন্ত মতকের ব্যথা, অনুভব হুইতে লাগিল। এতদ্যতিরিক্ত অত্যন্ত অঞ্বিগলন, কনজংটাইভার রক্তাধিক্য, এবং অদিপুট-সম্হের ফীততা, এবং কনীনিকার সঙ্গোচন ও হুর্বলাবস্থা, তাহার অস্থান্ত লক্ষণ। বস্ততঃ, সায়ুর জলনের সহিত, অফ্থাাল্মিয়ারোগ, বিশেষতঃ, ব্যক্ত হইল। কতকগুলি রোগীর একটি চক্ষু মাত্র পীড়িত হইয়াছিল, কিন্তু সাধারণতঃ উভয় চক্ষুই তদবস্থায় ছিল। তবে, তাহাদিগের অবস্থা, স্থলে স্থলে ভিন্ন হইয়াছিল। কাহারও কাহারও, উক্ত দিনের যাত্রা এবং বাহিরে অবস্থিতি শেষ হইলে, পীড়া আরম্ভ হয়; কিন্তু আমি বিবেচনা করি যে, যাহারা কুটারের ভিতরে ছিল এবং যাহাদিগকে, কাষ্টান্নি ও পশুর পুরীষের ধূমের নিমিত্ত, চক্ষুতে জলন সহ্থ করিতে হইয়াছিল, তাহাদিগেরই উপর্যুক্ত ঘটনা ঘটে। উষ্ণ সেক, এবং সমান অংশে টিংচর্ অব্ ওপিয়ম্ ও জল মিশ্রিত করিয়া তাহার লোসন্ বিন্দ্বিন্দ্ পরিমাণে চক্ষুতে নিপাতিত করিয়া এবং চক্ষুকে একটি আর্দ্র ব্যাভেজ্ দারা বদ্ধ রাথিয়া চিকিৎসা করিয়াছিলাম। এরূপ করাতে অত্যন্ত উপকার হইয়াছিল। কয়েক মিনিটের নিমিত্ত, এই বিন্দ্সমূহ, কিঞ্জিৎ জলন উৎপাদন করিয়াছিল; কিন্তু পরিণামে অত্যন্ত উপকার হয়।\*

বিস্ত্যুদন্ধতা—(Lightning Blindness)। কিছুক্ষণ অত্যন্ত উজ্জ্বল আলোক দর্শন করিলে, রেটিনার চেতনাশক্তি বিনষ্ট হইয়া, দর্শনশক্তির হ্রাস হইতেপারে। কিছুদিন হইল,তীরের নিকটস্থ কোন একটি জলীয় বাষ্প-পোতের অধ্যক্ষ, তাহার দর্শনশক্তির হ্রাস ( যাহা রজনীযোগেই বিশেষ বৃদ্ধি পাইত ) বিষয়ে, ডাক্তার ম্যাক্নামারাকে পরামর্শ জিজ্ঞাসা করিয়াছিল। ডাক্তার ম্যাক্নামারা যে সময়ে তাহাকে দেখিলেন, তাহার পূর্ব্বে কতিপয় মাসের ভিতরে তাহার ঐ পীড়া জন্মায়; ইতিপূর্ব্বে তাহার দর্শনশক্তি সম্পূর্ণ উত্তম ছিল। একদা বখন সেই ব্যক্তি সমুদ্রে ছিল, একদিন ভয়ানক অন্ধনারাত্ব এবং ঝটিকাময় রাত্রিতে, হঠাৎ সেই পোতের উপর একটি বিছাৎ-ঝলক পতিত হয়। রোগী বলিল য়ে, তাহার পর কতিপয় মিনিটের নিমিত্ত সেই ব্যক্তি সম্পূর্ণ অন্ধ অবস্থায় ছিল; এবং য়িও পরে তাহার চক্ষ্ক অনেক পরিয়াণে সংশোধিত হইয়াছিল, তথাচ সেই অবধি ইহার অবস্থা মন্দ

<sup>\*</sup> Indian Medical Gazette, August 1st, 1868.

হইল। অফিবীক্ষণ দারা কোন অস্বাভাবিক মূর্ত্তি দেখিতে পাওয়া যায় নাই।

ঘড়ী-প্রস্তুত-কারকও থোদাইকর্ত্তাদিগের ন্যায়, উজ্জ্বল আলোকে স্থা পদার্থ লইয়া অনেকক্ষণ কার্য্য করিলে, বেটিনার কার্য্যপ্রভাব এইরূপে ক্ষতিগ্রস্ত হয়—অথচ চক্ষুর গভীরপ্রদেশ সম্পূর্ণ স্থস্থ দেখাইতে পারে।

বর্ণ দিতা। কলার্বাই গুনেস্ বা ড্যাল্টনিজম্—(Colour Blindness or Daltonism) কোন কোন হলে, এই ব্যাধি—যে প্রকার পীড়া রেটিনার কার্যপ্রভাবের হ্রাসের উপর নির্ভর করে, অথচ যাহাতে চক্ষুর সায়র কোন স্থবোধ্য বৈধানিক পরিবর্ত্তন হয় না—এমত শ্রেণীর পীড়ার অন্তর্গত; পক্ষান্তরে, দর্শনমায়র ক্ষয়ের প্রথমাবস্থায়, প্রায়, বর্ণান্ধতা দৃষ্ট হয়। শেষোক্ত স্থল ব্যতীত অস্থান্থ হলে ড্যাল্টনিজম্ জন্মাবিধি থাকে; উহা, পিতৃজাত পীড়া এবং আরোগ্য হয় না; অন্যান্য বিষয় সম্বন্ধে, রোগীর চক্ষ্ স্থস্থ থাকিতে পারে; কিন্তু পীড়িত ব্যক্তি কতকগুলি বর্ণ অর্থাৎ নীল, ধ্সর বা পীত হইতে রক্তবর্ণ, গোলাপী আভা ও লোহিতবর্ণ প্রভেদ করিতে পারে না; কোন কোন স্থলে, বর্ণ সম্বন্ধে সম্পূর্ণ অন্ধতা জন্মে; কেবলমাত্র ক্ষম্ব ও শ্বেতবর্ণ চিনিতে পারা যায়। অন্যান্থ হলে, রোগী এই ছঃথ করে যে, সকল প্রকার বর্ণই একপ্রকার রক্ত, পীত বা অপর একপ্রকার বর্ণের ন্যায় দেখায়; কিন্তু, পরে বক্তব্য মস্তিক্ষ বা দর্শন-সায়ুর ব্যাধির পরিণান (Result) ব্যতীত, এই প্রকার বর্ণান্ধতা, অতি বিরল।

ডাক্তার জি, উইল্দন্ বলেন: \*—বর্ণান্ধ ব্যক্তি সকল, দিবাভাগের আলো-কের অপেক্ষা ক্ষত্রিম আলোকের দ্বারা, অধিকতর উত্তমরূপে বর্ণ ভেদ করিতে পারে। যে সমস্ত ব্যক্তি রেল্ওয়ে ট্রেন্ রক্ষক (Guards) বা তদ্ধপ অন্ত কোন কার্য্যে নিযুক্ত থাকে, তাহাদিগের চক্ষুর ভিন্ন ভিন্ন বর্ণ প্রভেদ করিবার ক্ষমতা পরীক্ষা করিতে, তিনি অতিশয় অন্তরোধ করেন; কোন ব্যক্তির, অজ্ঞাতভাবে, এরূপ বর্ণান্ধতা থাকিতে পারে এবং যদ্যপি যথার্থই এরূপ ঘটে, তবে সেই ব্যক্তি, যে কার্য্যে রঞ্জিত সঙ্কেত (Colored signals)

<sup>\* &</sup>quot;Researches on Colour Blindness," pp. 118-127. Edin., 1855.

গ্রভেদ করিবার আবগ্রক, সে কার্য্যের সম্পূর্ণ অনুপযুক্ত হয়। চক্ষুর বিবিধ প্রকার পীড়া দারা, বর্ণ প্রভেদ করিবার ক্ষমতা, ক্ষতিগ্রস্ত হইরা পাকে; যথা—কোন কোন স্থলে, ইহা, দর্শন প্রায়ুর হ্রাসের অব্যবহিত পরেই, জন্মায়। রোগী, সচবাচর, রক্তবর্ণ লক্ষ্য করিতে পারে না; নীলবর্ণ, উত্তমরূপ লক্ষিত হয়; হরিদর্ণ, পীত বা ধূমর এবং গোলাপী ও ঘোর রক্তবর্ণ, ঈ্রযথ নীলবর্ণ, দেখায়। স্বায়ুর পীড়ার ভাবিকল, বর্ণ প্রভেদ করিবার ক্ষমতার হ্রাস দারা, পরিবর্ত্তিত হয় না।

হেমিওপিয়া বা অর্ক্যৃষ্টি।—( Hemispia or Half-vision ) অপটিক্ ট্যাক্টের স্ত্র সকল কায়াস্মাতে মিলিত হয়; দক্ষিণ প্রদেশের ৰহিৰ্ভাগ হইতে যাহারা উৎপন্ন হয়, তাহারা, দক্ষিণ পার্শ্বস্থ রেটিনার বহির্ভাগের অভিমুগে ধাবমান হইয়া থাকে এবং উক্ত প্রদেশের অভ্যন্তরে গাহারা উৎপন্ন হয়, তাহারা বাম পার্শ্বন্থ বেটিনার অভ্যন্তরত্ব অর্দ্ধেক অংশে বিস্তৃত থাকে। বামভাগত্ব অপ্টিক্-ট্যাক্ট্, তদ্ধপ, বামভাগত্ব রেটিনার বহিঃস্থিত অর্দ্ধেক অংশে এবং রেটিনার দক্ষিণ পার্শের অভ্যন্তরস্থ অর্দ্ধেক অংশে, নিহিত থাকে। অপ্টিক্-টাাক্টের স্থ্র সকলের ঈদৃশ সম্বন্ধ থাকাতে, সংযত রক্তথও বা অর্জ্বদ প্রভৃতি ভৌতিক কারণে ছুইটি অপ্টিক্ ডিক্ষের অন্তত্তরটির কোন বিদ্ন ঘটিলে, তাহাতে, একটি চক্ষুর অভ্যন্তর অর্দ্ধেক অংশে এবং অপর্টির বহিঃস্থিত অর্দ্ধেক অংশে, অন্ধৃতা, উৎপন্ন হইতে পারে: অথচ উভয় রেটিনার অবশিষ্ট অংশ স্বস্থ থাকিতে পারে। দর্শন-শক্তির দোষ স্পষ্টই লক্ষিত হয় এবং উভয় চক্ষুর দৃষ্টিক্ষেত্রের উত্তমরূপ পরীক্ষা দারা, উহা, অবধান পূর্ব্বক মনে মনে চিত্রিত করিয়া লওয়া উচিত; কেবল এইরপেই, আমরা, উক্ত পীড়ার ভাবিফল নির্ণয়ে সমর্থ হই । यদ্যপি মস্তিদের এক পার্শ্ব পীড়িত হয়, তাহা হইলে, দৃষ্টিকেত্রের দীমা, স্পষ্ট লক্ষিত হইয়া থাকে; এবং যদ্যাসি পীড়ার বিবরণ দারা, রক্তথণ্ডের গঠন,উহার কারণ निवा, वुबिट्ठ भाता गांस, उटव, मर्भन-भक्तित त्य अधिक इाम रहेटव, उिवर्ष আমাদের প্রায় সন্দেহ নাই; কিন্তু, এই সকল পীড়ার অধিকাংশ, কায়াস্মার অৰ্দ্য বশতঃ হয় —এমত হলে উভয় প্ৰদেশই ক্ৰমে আক্ৰান্ত হয় এবং নোলার দশন্শক্তি এমত বিন্ত ত্তীয়া লায় লে, তাহার পুনরক্ষাবের আশা

থাকে না। যদি, সঙ্গে সঙ্গে বা পরস্পার হইতে কিছু অন্তরে অন্তরে, হেমিওিয়ার সঙ্গোচভাব ঘটে, তবে ছুইটি রেটিনার তুল্য (Corresponding)
গার্ধ পীড়িত হওয়ায়, আমরা, দর্শন-স্নায়্র এক মূলে ঐ পীড়া হইয়াছে,
বলিয়া স্থির করিতে পারি।

হোদোনিমদ্ বা একপার্থস্থ হেমিওপিয়া ( Homonymous or lateral hemiopia ), কলাচিৎ দৃষ্ট হয়। শভ্যা প্রদেশের দিকের অর্দ্ধেকাংশদয় এবং ছই এক স্থলে প্রত্যেক চক্ষ্র দৃষ্টিক্ষেত্রের নাদিকার দিক বা উপরিস্থ ও অধঃ অর্দ্ধেকাংশদয়, অরূ হয়। দর্শন-সায়ৣর যে স্থাওলি কায়াদ্মাতে পরিবর্ত্তন হয়, তাহারা সঞ্চালন কার্য্যে অসমর্থ হওয়াতে, শভ্যা-প্রদেশের হেমিওপিয়া জন্মান্ত্রা থাকে। অন্তান্য প্রকারের হেমিওপিয়ার উপস্থিতির কোন প্রমাণ নাই।\*

এই সকল স্থলে অর্থাৎ অণ্টেক্ ট্রাক্ট্-সমূহের বা মন্তিক্ষের ব্যাধি বশতঃ সার্ত্ত বিনপ্ত হইলে, রেটিনার কোন অস্বাভাবিক মূর্ত্তি, সচরাচর দৃষ্ট হয় না; এই ঘটনা দ্বারাই, পক্ষাঘাত জন্ত হেমিওপিয়া হইতে—বে প্রকার দর্শনশক্তির স্থানে রেটিনার অর্দ্ধেক বিমুক্ত বা ইহার পশ্চাৎস্থ রক্ত কিম্বা রস নির্গানন প্রযুক্ত নন্ত হয়, তাহা—প্রভেদ হইয়া থাকে।

হেমিওপিয়া, কখন কখন, রেটিনার কার্য্য সম্বন্ধীয় নিয়মের ব্যতিক্রমের উপর নির্ভর করিয়া, অয়-ক্ষণ-স্থায়ী পীড়ার আকার দেখায়। ডাক্তার ওয়া-লাস্টন্ বর্ণিত একটি ঘটনা, অয়-ক্ষণ স্থায়ী হেমিওপিয়া রোগের, একটি দৃষ্টান্ত। তিনি বলেন—ছই তিন ঘণ্টা কাল চক্ষুর অত্যন্ত নিয়োগের পর আমি দেখিলাম বে, লোকের মুখের অর্দ্ধেক আমার দৃষ্টিগোচর হইতে লাগিল; অন্তান্য পদার্থ সম্বন্ধেও তাহাই ঘটিল। একটি দারের উপরে লিখিত ('Johnson') এই নামটি পড়িবার চেষ্টা কেরায়, আমি কেবলমাত্র 'শন্' ('Son') এই ক্রেকটি অক্ষর পড়িতে পারিলাম; নামের আরম্ভ ভাগ সম্পূর্ণরূপে আমার দৃষ্টিপথের বহিন্ত্ তি হইল। এই স্থলে, পনর নিনিটের মধ্যেই ঐ পীড়ার উপশ্য হইয়াছিল।

<sup>\*</sup> C. Stellwag von Carion, "Diseases of the Eye." by Hackley and Roosa, New York, 1868, p. 663.

আমরা, চিকিৎসাকালে, সময়ে সময়ে, এইরপ পীড়া দেখিতে পাই। উহা, সাধারণতঃ, অপাকে বা মস্তকের ব্যথার সঙ্গে আরম্ভ হয়; উহাতে কিছুই আশক্ষা থাকে না বটে; কিন্তু রোগীর, অনাবগুকীর অত্যন্ত ভয়, জন্মাইতে পারে। অক্ষিবীক্ষণ দারা চক্ষু পরীক্ষা করিলে, কোন অস্বাভাবিক মূর্ত্তি দেখিতে পাওয়া যায় না; এই পীড়া, সম্ভবতঃ, উভয় চক্ষুর অর্দ্ধেক রেটিনার সামু-স্ত্তের বা সায়ু পদার্থের শক্তির ক্ষণিক হ্রাসের উপর নির্ভর করে। হেমিওপিয়া রোগের কোন কোন হলে, দৃষ্টিক্ষেত্রের স্কৃত্ব অর্দ্ধেক অংশে, বর্ণান্থভবের হ্রাস, অতি ব্যক্তরূপ লক্ষিত হয়। এইরূপ প্রকার একটি স্থলে, দর্শনশক্তি, প্রায় সম্পূর্ণই আরোগ্য হইয়াছিল; কিন্তু, অন্ধীভূত পার্মে, বর্ণান্থভব, দৃষিত রহিল।

চিকিৎসা।—শেষোক্ত প্রকার পীড়ায়, আমাদিগের, উত্তেজনার কারণ, স্থানান্তরিত করিতে চেষ্টা করা উচিত; ঐ উত্তেজনা, সচরাচর, পাক্যন্তের কার্য্য বৈষম্য বশতঃ, হইয়া থাকে। কিন্তু, যেমন পূর্ব্বেই উক্ত হইয়াছে, এই পীড়া, সাধারণতঃ অল্লক্ণ-স্থায়ী—স্লুতরাং, সচরাচর, ইহার নিমিত্ত কোন প্রকার চিকিৎনা আবশ্যক করে না। অপটিক্ ট্যাক্টের সায়ু-স্থত্তের বিনাশ বা সায়ুকেন্দ্রের (Nervous centre) ব্যাধি-জনিত অন্তান্ত অপেকাক্বত কঠিন পীড়ার স্থলে, আমরা, ঐ লক্ষণ সকলকে, অল্লই হ্রাস করিতে সমর্থ হই। যে সকল বিবিধ আনুষন্ধিক লক্ষণ মন্তিক্ষের পীড়ার উপর নির্ভর করে, তাহাদিগের দ্বারা, আমরা পরিবর্ত্তনের প্রকৃতি নিরূপিত করিবার পক্ষে অনেক সাক্ষ্য প্রাপ্ত হইয়া থাকি; অতএব রেটিনার অপেকা, ইহাদিগের অবস্থার প্রতি আমাদের মনোযোগ দেওয়া উচিত।

সোটমা (Scotoma) শব্দে নিত্য একপ্রকার আংশিক অন্ধতা ব্যায়; ইহাতে, রেটনার একটি অংশ মাত্র, আলোক উত্তেজনায় উত্তেজিত হয় না; এই ভাগ—সচরাচর, বিশেষতঃ রোগী পাঠে বা তদ্রপ কোন কার্য্যে প্রবৃত্ত হইলে—তাহার নিকট, ক্ষণ্ডবর্ণ কলঙ্কের ন্যায় দেখায়। এই সকল স্থলে, আলোক-রিশিসমূহ, রেটিনায় উপস্থিত হইতে কোন বাধা প্রাপ্ত হয় না; কিন্তু তাহারা চক্ষ্র গভীরতর প্রদেশের এমন কোন কোন

স্থলে নিপতিত হয়, যথায় আলোক-বোধ থাকে না; সেই হেতু, দৃষ্টিক্ষেত্রে উহাদিগকে কৃষ্ণবর্ণ চিচ্ছের ন্যায় দেখায়।

কোটমা রোগের একটি বিশেষ লক্ষণ এই যে, রোগী, ঐ কৃষ্ণবর্ণ স্থলকে, ঠিক চক্ষুর গতি-অন্থায়ী নড়িতে দেখিতে পায়, এবং যেমন মাসি ভলিট্যান্টিদ্ রোগে ঘটিয়া থাকে, তদ্ধপ উহাকে তাহাদিগের সম্মুথে ভাসমান হইতে দেখিতে পায় না। এইরূপে, পাঠ করিবার বা লিখিবার সময় চক্ষু যেমন পুস্তকস্থ রেথার সঙ্গে গমন করিতে থাকে, উহাও তাহার অন্থবর্তী হয় এবং উহার একাংশ অদৃশ্য করিয়া তুলে। বস্ততঃ, একটি ক্ষুদ্র ছিদ্রের মধ্য দিয়া একথানি থেতবর্ণ পত্রের উপর রোগীর দর্শন নিপতিত করিয়া, আমরা সচরাচর ক্ষোটমা রোগের অবস্থিতি নিরূপণ করিতে পারি। কারণ, এরূপ করাতে, রেটিনার একভাগ আলোক-উত্তেজনায় উত্তেজিত না হইলে, রোগী সাধারণতঃ একটি উচ্চ কৃষ্ণবর্ণ চিহ্ন দেখিতে পায়। কোটমা রোগের আকার ও মূর্ত্তি অত্যন্ত পরিবর্ত্তিত হয়; উহা, কথন কথন, ডিক্ষ্ বা চাক্তি, রেথা, নক্ষত্র প্রভৃতির ন্যায় বর্ণিত হইয়া থাকে।

স্বোটমা রোগের অবস্থিতি স্থল, রোগীর দর্শন-শক্তির উপর, বিস্তর ক্ষমতা প্রকাশ করে। যদ্যপি ইহা পীতবর্ণ স্থলে বা উহার নিকটে জন্মায়, তাহা হইলে, ইহা, অত্যন্ত অস্ত্র্থজনক হয় এবং সর্বাদা দর্শন-শক্তির উৎকর্ষ বিনাশ করিতে চেষ্টা করে। পক্ষান্তরে, যদি স্বোটমা মধ্যস্থল হইতে অনেক দূরে উৎপন্ন হয়, তবে, ইহা অল্লই অস্ত্রবিধা-জনক হয়; পাঠের বা লিথিবার সময়, প্রায় কোন কপ্তই হয় না। কিন্তু দূরবর্ত্তী পদার্থ দেখিবার সময়, রোগী, সম্ভবতঃ, দৃষ্টিক্ষেত্রের একাংশে একটি পিঙ্গলবর্ণ বা অস্বচ্ছে মূর্ত্তি, দেখিতে পায়।

রেটিনার একাংশ জন্মাবধি অসম্পূর্ণ থাকাতে, স্নোটমারোগ উৎপন্ন হইতে পারে; কিন্তু, সচরাচর, এই সকল কৃষ্ণবর্ণ চিহ্ন, রেটিনা কিম্বা কোরইডের প্রদাহের পরিণামেই, জন্মাইয়া থাকে। এই সকল স্থলে, অক্লিবীক্ষণ দারা আমরা পীড়ার প্রকৃতি নিরূপণ করিতে পারি; এমনও হইতে পারে যে, রেটিনার একটি স্থল, স্থাসমূক্ত বা কোরইডের পিগ্মেণ্ট বা বর্ণদায়ক পদার্থ

ন্ধার পূর্ণ, দৃষ্ঠ হয় এবং রোগীর নিবেদিত লক্ষণ সকলের উত্তমরূপ বাবন নির্দেশ করে।

অন্যান্য স্থলে, অপ্টিক্ নার্ভ বা ট্রাক্টের স্থ্র-সমূহের কতক গুলির পকাঘাত বশতঃ, বা মন্তিকের অত্যন্ন অংশর বিনাশ দারা, ক্লোটমা রোগ উৎপন্ন হইতে পারে; এমত স্থলে, যদিও এই সকল স্থ্র দারা রেটিনার যে ভাগ গঠিত হইয়াছে, তাহা কোন মতেইউত্তেজিত হয় না, তত্রাচ অক্লিবীক্ষণ দারা, আমরা, চক্ষ্র গভীরপ্রদেশে, (Fundus) পরিবর্ত্তন দেখিতে পাই না। এইরূপ স্থলে, স্লোটমা, সাধারণতঃ, হঠাৎ উপস্থিত হয় এবং রেটিনার পীড়িত অংশ, আলোকে সম্পূর্ণ অন্ত্রুজিত না হউক, বর্ণপ্রভেদে অসমর্থ হয়, বস্ততঃ, অনেক সমন্ন এরূপ ঘটে যে, রেটিনার একাংশ বর্ণান্ধতা (Color blindness) দারা আকান্ত হইয়া, পরে, আলোক উত্তেজনায়, উত্তেজিত হয় না—অথচ অক্লিবীক্ষণ দারা আমরা চক্ষ্র কোন দোষ দেখিতে পাই না।

বদি রোগী সমধিক কাল স্কোটমা দেখিতে পায়, তাহা হইলে, এ ক্ষাবৰ্ণ চিহ্ন মন্তিক্ষ বা রোটনার যাহার পীড়ার নিমিত্তই উৎপন্ন হউক না কেন, বিশেষতঃ ডিক্কের হ্রাস আরম্ভের কোন লক্ষণ বর্ত্তমান থাকিলে, উহা,পরে প্রায় অদৃশ্র হয় না। কিন্তু যদ্যপি এ ক্ষাবর্ণ চিহ্ন অল্লিনের হয়, তবে, এ পীড়া হইতে আরোগালাভের আশা থাকে এবং অক্লিবীক্ষণের সাহায্যে আমানিগকে সতর্ক হইয়া ভাবিফল নির্দ্দেশ ও চিকিৎসা করিতে হইবে। রোটনার পার্শ্ব (Periphery of the retina) জাত স্কোটমা বহদাকার হইলেও মধ্যস্থ (central) স্কোটমা,সর্ব্বদা অধিকতর ভ্যাবহ হয়। যদি চক্ষুতে কোন অস্বাভাবিক পরিবর্ত্তন দেখিতে নাপাওয়া যায়, তবে, সন্তবতঃ এ পীড়া, সায়ুর কোন পীড়ার উপর নির্ভ্তর করে; অথবা আমরা অন্তমান করিতে পারি যে, অপ্টিক্ প্রদেশের কেবল একটি অংশ পীড়িত হইয়াছে; এই সকল স্থলে আমরা কিঞ্চিৎ উন্নতির আশা করিতে পারি। বলা বাছল্য—যে স্থলে রোটনার আংশিক হ্রান ঘটে অথবা যে স্থলে কোরইড্ হইতেই নির্গত পিগ্মেণ্ট পদার্থ দারা ইহার সায়ু বিধান আক্রান্ত হয়, তত্তৎস্থলে কোন স্ক্রিবাজনক ভাবিক্ল প্রকাশ করিতে পারা যায় না। পক্ষাত্তরে, দর্শনসায়ু বা রোটনার

হ্রাসের লক্ষণ সকল অনুপস্থিত গাকিলেই যে পরিণাম স্থবিধাজনক হইবে, এমত নহে।

রক্তের সংযত খণ্ড সকল, কথন কথন, স্নোটমার কারণ হইয়া থাকে; অফিবীক্ষণ দারা উহাদিগকে দেখিতে পাওয়া যায়। যেমন উহারা শোষিত হয়, অমনি ঐ ভাগের কার্য্যভাব ক্রমে ক্রমে সংশোধিত হয়। রেটনার পশ্চাতে রস নির্গমন বশতঃ অস্বচ্ছতা উৎপন্ন হইয়া য়ায়ুস্ত ল্লাস না হইলে, রস নির্গমন সম্বন্ধেও এইরূপ ফল ঘটিয়া থাকে।

কোরইডের ইল্যাস্টিক্ ল্যামিনার পীড়া-সমূহ।—
(Diseases of the elastic lamina of the choroid) ইল্যাস্টিক্ ল্যামিনা,
এক প্রকার-পদার্থ-নির্দ্মিত পদ্দা বা ঝিরি (Homogeneous membrane);
কোরইড্ ও দিলিয়ারি প্রদেশের রক্তবহ নাড়ীচক্র (Vascular network)
দারা, ইহা, স্কেরটিক্ হইতে বিভিন্ন পাকে; ইহার অভ্যন্তর দিক ইপিথেলিয়াল্
কোষের একটি স্তর দারা আচ্ছাদিত থাকে; উহা ভারতবাসীদিগের চক্ষতে
ক্ষেবর্ণ পদার্থ বা পিগ্নেন্ট পূর্ণ হইয়া থাকে; অতএব কোষগুলি স্থানান্তরিত
না করিলে, এই সকল পিগ্নেন্ট কোষের পশ্চাৎস্থ বিধানসমূহ উত্তমরূপ
দৃষ্ট হয় না। তত্রাচ, আমরা সচরাচর কোরইডের নাড়ীগুলিকে মেন বার্ম্মিলিয়ন্মুক্ত ও ক্ষেবর্ণ আধারের উপরিস্থ দেখিতে পাই। সেই জন্য, এই সকল স্থলে
ইল্যাস্টিক্ ল্যামিনার ষট্কোণ বিশিষ্ট কোষগুলি (Hexagonal cone) অবগ্র

ইহা সন্তব যে, নাড়াদিগের রক্ত-পূর্ণতা প্রযুক্ত, ইপিথিলিয়াল্ কোষ সকল এমত ভাবে একদিকে সন্তারিত হইতে পারে যে, তাহাদিগের পশ্চাৎ কোরইডের নাড়ীজাল (Vascular network) অনাবৃত হইয়া পড়ে। কিন্তু যদিও ইহা স্বীকার করা যাইতে পারে যে, এই সকল কোষ স্থিতিস্থাপক (Elastic) এবং পরম্পর হইতে বিযুক্ত হইবার পক্ষে সমর্থ, তত্রাচ ডাক্তার ম্যাক্নামারার মতে, উক্ত কোষ সকল বিনপ্ত না হইলে, এই দেশবাসীর চন্দের কোরইডের নাড়ীগুলি, প্রায় উক্তরূপ দেখিতে পাওয়া যায় না। এমত প্রায় ঘটে যে, ইকিথিলিয়া সম্পূর্ণ ভগ্ন হইয়া কেবল মাত্র ইহার করেক গও দাগ (patches) ল্যামিনার উপরিভাগে বিচ্ছিয় ভাবে অব্স্থিতি করে।

ইপিথেলিয়মের অনুপস্থিতি।—(Absence of Epithelium) এই সকল বর্ণদায়ক কোষ (Pigment-cells) বিনত্ত, জগচ রোগীর দর্শনশক্তি দ্বিধং পরিমাণে হ্রাস প্রাপ্ত হইতে পারে। যদিও ইপিথিলিয়মের কার্য্য যথার্থতঃ কি, তাহা জানিতে পারা যায় না, তত্রাচ, নিঃসংশয়ই কোন আবশুকীয় অভিপ্রায়ে উহাকে এই স্থলে স্থাপিত করা হইয়াছে। কিন্তু ইহা নিশ্চয় যে, বর্ণবিশিপ্ত কোষগুলি, চক্ষুঃ-প্রবিষ্ঠ আলোক-রিশির কতকগুলিকে শোষিত করিবার নিমিত্তই, স্থাপিত হইয়াছে; উষ্ণপ্রধান দেশে (যেখানে স্থর্য্যের আলোক অতিশয় প্রথর) তাহারা, বোধ হয়, রেটিনা রক্ষা করিতে পারে।

এম ব্রেভেদ বলেন, বিশুদ্ধ দর্শন কেবল রেটিনায় প্রতিবিদ্বিত নির্ম্মল প্রতিসূর্ত্তির সঙ্গে সঙ্গেই হইয়া থাকে। কিন্তু যদি প্রত্যেক প্রতিবিধিত রশি, যাহা রেটিনার যে স্থলের উপর দিয়া একবার আদিয়াছিল, তাহা পুনর্বার यि (सरे इतन श्रायणात जवराष्ट्रम कतिया याय, जारा रहेतन माकार तिया (Direct rays) কর্ত্বক প্রস্তুত প্রতিবিশ্বিত মূর্ত্তি, স্পষ্ট থাকিতে পারে। যে যে স্থলে প্রতিফলকারী ভাগ (Reflecting surface) স্পর্শবোধক পর্দার ( Sensitive screen ) সহিত সংশ্লিষ্ট থাকে, সেই সেই স্থলেই এই অবস্থা পূৰ্ণ হয়। এই মতানুসারে, প্রত্যেক আলোক-রশ্মি, যাহা রেটিনা কলাম্নার (columnar) স্তরের কোন্ বা রডের (Cones or rods) উপর দিয়া একবার আসিয়াছে, তাহা বাধা প্রাপ্ত কোরইডের দারা প্রতিবিধিত হওয়াতে, কেবল সেই স্পর্শবোধক বিধানের ভিতর দিয়া প্রত্যাবর্ত্তন করিতে পারে। এইরূপে তাহাতে প্রতিমূর্ত্তির স্পষ্টতার হ্রাস অথচ বোধ-শক্তির (Impression) বুদ্ধি সম্পাদিত হইয়া থাকে। এইরূপে স্বাভাবিক চক্ষুতে জেকবের রড্সের ( rods of Jacob ) পশ্চাৎস্থ যট্কোণ কোষ-সমূহ এমত ভাবে আলোক প্রতিবিশ্বিত করে, যাহাতে ইহা উপকারী হইতে পারে। বৃদ্ধলোকদিগের यऐं कांग (कांग निवास विनास क्रिया विकास कांग विकास विनास विकास वि ব্যক্তিদিগেরও, দর্শনশক্তির জড়তার কারণ এই।\* ডাক্তার ম্যাক্নামার। অনেক স্থলে দেখিয়াছেন নে, যে সকল স্থলে কেবল মাত্র ষট্কোণ কোষ-

<sup>\* &</sup>quot;Dobell's Report on Progress of Medicine for 1870" p. 13.

গুলি বিনষ্ট হইয়াছে, তথায় দৃষ্টির কোন হানি জন্মার নাই। ইল্যাস্টিক্
ল্যামিনার ষট্কোণ কোমগুলির স্থানাস্তরিত বা ফীত হইবার কথা যাহা
এইমাত্র বলা হইল, তদ্ধারা এমত যেন কেহ মনে না করেন যে, এই সকল
ব্যাধি অতিশন্ন সাধারণ; বস্ততঃ, এই ব্যাধি অতি বিরল। যদিও এই পরিবর্ত্তন দ্বারা রেটিনার কার্য্যের কোন পরিবর্ত্তন হয় না, তথাপি অধিকাংশ
স্থলে ইহা পূর্ব্ব ব্যাধির পরিণান স্বরূপ উৎপন্ন হয়। এই ব্যাধি জন্য দর্শনের
ব্যাধাতও জন্মিয়া থাকে।

কোলএছ ব্যাধি (Colloid Disease)। এই ঝিলির একটা বিশেষ ব্যাধি বর্ণিত হয়, যাহাতে কোলইড্ ডিজেনরেসন্ অব্ ইল্যাস্টিক্ ল্যামিনা (Colloid degeneration of the elastic lamina) বিধান গুলি স্থানে স্থানে ঘনী ছূত হয়; ইহার অভ্যন্তর দিকে আঁচিলের ন্যায় দাগ সকল উৎপন্ন হয়; ইহা সংখ্যায় এত অধিক হইতে পারে যে, তদ্ধারা ইল্যাস্টিক্ ল্যামিনা কর্কশ ও বন্ধুর হইতে পারে এবং ঘট্কোণ কোবগুলি শোষিত হইয়া যাইতে পারে। অতি বৃদ্ধ বন্নস ব্যতীত অপর সমরে ইহা কলাচিৎ দৃষ্ট হয়; কতিপন্ন স্থানে ইহা যুবা ব্যক্তির হইয়াছে—এইরপ লিখিত আছে। বয়স দোবে এরপ চন্দুর জ্যোতির হানি হইতে পারে বিবেচনা করিয়া, বিশেষতঃ ইহাতে ঘরণাদি না থাকাতে, অনেকেই এতংসম্বন্ধে চিকিংসকের নিকট পরামর্শ গ্রহণ করা আবগুক বিবেচনা করে না। অতএব অতি বৃদ্ধ ব্যতীত কদাচিৎ এই ব্যাধি দেখা যায়। এরপ না হইলে অন্ধিরীক্ষণ দ্বারা ক্লম্বর্ণ সিন্ধুয়া দিগের রোগের প্রথমাবস্থায় পরিবর্ত্তন সকল নির্ণয় করা আমাদের সাধ্যাতীত। রোগ কিঞ্চিৎ বৃদ্ধি প্রাপ্ত হইলে,ইল্যাস্টিক্ ল্যামিনার বন্ধুরতা দেখিয়া রোগ নির্ণয় করা যায়।

রোগের প্রবৃদ্ধাবস্থার ইল্যাস্টিক্ ল্যামিনার উচ্চ স্থানগুলি ক্যালসিকাইড্ বা চূর্ণে পরিণত হয়; পরিশেষে পার্থিব পদার্থ তাহাতে সঞ্চিত্ত হয়; এজন্ত নির্জ্জল নাইট্রিক্ য়্যাসিড্ দিলে তাহারা ফুটিয়া উঠে (Effervesce); এবং তাহাদিগকে ছুরিকা দারা বিভাজিত করিবার সময় যে শক্ষ উৎপন্ন হয়, তাহা বিশ্বত হওয়া যার না। এই সকল পরিবর্ত্তনের বর্দ্ধিত জাবস্থায় ল্যামিনা জাবস্থ হইয়া উঠে; এবং কোরইডের রক্তনাড়ী ওলি—যাহা

পূর্দের ষট্কোণ কোষের অভাব হওয়াতে দৃষ্ট হইত—তাহারা অস্পট হয় ও পরিশেষে আর দৃষ্ট হয় না। পার্থিব পদার্থ, নাড়ী গুলির প্রাচীরে এবং ইল্যাস্টিক্ ল্যামিনাতে সঞ্চিত হয়; এজন্ত কোরইডের হ্রাস ঘটে।

[দশ্ন সায়ুর ব্যাধিসমূহ |— ( Diseases of the Optic Nerve )] প্যাপিলার নাজীসমূহের ভিন্দ কন্জেশ্চন্ ( Venous Congestion of the vessels of the papilla)। প্যাপিলার নাড়ী-সমূহের এই অবস্থা, সভরাচর হৃং-পিণ্ডের কয়েকটি নির্দ্দিষ্ট পীড়াতে অর্থাৎ অ্যাওর্টিক্ ভাল্ভের পীড়াতে, উত্তমরূপ লকিত হয়। মস্তিকের নিয়ভাগস্থিত অর্ক্রদ প্রভৃতি রক্ত সঞ্চলন-রোধকারী অন্তান্ত কারণ হইতেও, ইহা, উৎপন্ন হয়। এই সকল হলে, আমরা রেটিনার মধ্যস্থ ভেইনের স্পন্দন উত্তমরূপ দেখিতে পাই। উহা সাধারণতঃ বক্র ও অত্যন্ত রক্তপূর্ণ হয়; এবং প্যাপিলার মূর্ত্তি গাঢ় লাল আভায়ক্ত হইয়া থাকে। এইরূপ বহুদিনের রক্তাধিকা, প্যাপিলার সায়-পদার্থের পৃষ্টির বাধা প্রদান कतिया, উহাকে মেদে পরিবর্ত্তিত ও ক্ষয় করিতে পারে। ইহা, পুর্বেই, রেটিনার এতজপ পীড়া স্থলে, বর্ণিত হইয়াছে। পকান্তরে, রক্তাধিক্য, সম-বেদন উত্তেজনা বা এরূপ কোন কারণের উপর নির্ভর করিয়া, অল্লদিন স্থায়ী र्हेट शारतः; এবং অণ্টিক্ ডিঙ্কের স্নায়-স্থ্রে কোন অপায় না করিয়া, আরোগ্যও হইতে পারে। সম্ভবতঃ, গ্লোকমার ন্তায় আক্ষিক বিবিধ পীড়া— যাহাতে চক্ষুর আভ্যন্তরিক বিস্তার, স্কুতরাং উহা হইতে ভেইন্ সমূহের বহির্গমন স্থলে তাহাদের উপরিস্থ অস্বাভাবিক পীড়া বৃদ্ধি করিবার চেষ্টা করে—সেই সকল পীড়াই, সচরাচর, প্যাপিলার ভেইন্ সম্বনীয় রক্তা-ধিক্যের কারণ হইয়া থাকে। অন্তান্ত অনেক স্থলের ন্তায়, এই সকল স্থলেও, ভেইনের রক্তাধিকা, ভৌতিক ( mechanical ) কারণ হইতে উৎপন্ন হওয়াতে, তাহাদিগকে সংশোধিত বা স্থানান্তরিত করিবার অভি-প্রায়ে, উক্ত কারণ সকলের প্রতি আমাদের মনোগোগ দেওয়া বিধেয়। কোন কোন স্থলে এমতও হইতে পারে যে, উপযুক্ত উপায়ে হৎপিণ্ডের কার্য্য সংযত করিয়া, এবং অভাভ হলে ইরিডেক্টমি নামক শস্ত ক্রিয়া দারা চকুর বিভাগ হতে করিয়া, আমরা আমাদিণের অভিপায় দিদ করিতে পারি।

অপ্টিক্ প্যাপিলার রক্তাধিকা।—( Hyperaemia of the Optic Papilla) \* এই সকল নাড়ী করোটীর অভ্যন্তর হইতে উৎপন্ন হয় বলিয়া, ইহাদিগের রক্ত সঞ্চলনের অবস্থা, মস্তিকের রক্ত-সঞ্চলনের অনুরূপ হইরা থাকে। কিন্তু তাহারা কেবল মাত্র অত্যন্ন পরিমাণে রক্তবর্ণ, অথবা সেই সকল নাডীতে খেতবর্ণের হান (white atrophy) আরম্ভ হইতে পারে। স্বাস্থ্যের এমত কোন নিশ্চিত পরিমাণ নাই, যাহার সহিত, আমরা, দৃষ্ট মূর্ত্তি সকলের (appearances) তুলনা করিয়া, কোন বিশেষ সময়ে প্যাপিলার রক্ত সঞ্চলনের কত টুকু বিশুজ্ঞালা ঘটিল—বলিতে পারি। যাহা হউক, ইহা निश्वत (य, यक मिन मिछिकशक (त्रांश, मृष्टि-क्लीशक) वा आक्षिक अनागि (मार्यत लक्षण पृष्टे ना इंग्र — यावरकाल द्वां शीव हक्कु धनिहेशिक वा खु (emmetropic) না হয় এবং মন্তিকে পীড়ার আশন্ধা না থাকে—তাবৎকাল প্যাপি-লাতে যে সকল কল্লিত মূর্ত্তি লিকিত হয়, তাহারা, তাদৃশ আবগুকীয় নহে। অপর পকে, যদি দর্শনশক্তি দূষিত হয়, অথচ আমবা চকুর অ্যাকমোডেসন্ বা চক্ষুর প্রত্যেক অংশের স্কুখাপন প্রভৃতি ক্রিয়া বা দর্শন—প্রেপর (Dioptric Media) কোন দোষ দেখিতে না পাই, কিন্তু অপটিক প্যাপিলা, রক্তপূর্ণ বা স্বাভাবিক অবস্থায় নেরূপ থাকে, তদপেক্ষা অধিক বিবর্ণ দেখায়—তাহা रहेतन, आंगानिरगत, के वर्षेनात आसूयिकक विवरत, मानवारन असूमकान ल अस উচিত। এরপ করিলে,প্যাপিলার অবস্থার পরিবর্ত্তন বলে,আমরা দর্শনশক্তির অসম্পূর্ণতার কারণের সূত্র পাইতে পারি। একটি চকুর অবস্থার সহিত অপরটির অবস্থার তুলনা করাও বিধেয়; উভয়েব প্রভেদ, রোগ নির্ণয়ার্থ বিশেষ উপযোগী।+

লক্ষণ। যে হলে অপ্টিক্ প্যাপিলার নাড়ীর রক্তাধিকা স্থাক্ত হয়, সে হলে ডিস্ক্ গাঢ় গোলাপী আভাযুক্ত হইয়া থাকে, এবং রেটিনার নাড়ী গুলি ন্যনাধিক রক্তপূর্ণ হওয়াতে, ডিস্কের পরিধি স্থাবহায় বেরূপ স্পষ্ট লিফিত হয়, এতদবহায় সেরূপ থাকে না। বস্ততঃ, আমরা, প্যাপিলার মধ্যহল ব্যতীত,

<sup>\* &</sup>quot; Alterations du Neif Optique," par X. Galezowski, p. 54.

<sup>+ &</sup>quot;On the Use of the Ophthalmoscope in Diseases of the Nervous System." By T. C. Allbutt, M. D., London, 1871, p. 47.

ইহার আর কিছুই দেখিতে পাই না; কারণ—চক্ষুর গভীরতম প্রদেশের অবশিপ্ত অংশ, সমভাববিশিপ্ত উজ্জল রক্তবর্ণ বা ইপ্তকচূর্ণের ন্যায় বর্ণযুক্ত হইয়া থাকে। কথন কথন স্থল নাড়ী-সমূহের রক্তাবিক্য ঘটলে, ডিস্কের এক বা অনেক নাড়ী ছিন্ন হইয়া যায়; এবং, তদনন্তর, রক্তবিশিপ্ত প্যাপিলার উপরিভাগে ক্ষুদ্র ইকিনোসিদ্ বা রক্তস্রাব-কলম্ক সকল দৃপ্ত হইয়া থাকে।

প্যাপিলার কৈশিক নাড়ীর রক্তাধিক্য হইলে, রোগী সচরাচর চক্ষ্বরে ভার ও ক্লান্তি অন্থভব করে। পরিশ্রমের পর, ভার ও ক্লান্তি অধিকতর অন্থভূত হয়। পীড়িত ব্যক্তি, সাধারণতঃ, বিশেষতঃ দৃষ্টি সমধিক নিয়ো-জিত হইলে, মস্তকে ব্যথা অন্থভব করে; তথন আলোক-বিজলী এবং উজ্জল গোলক বা অগ্নিকণা সকল চক্ষ্র সম্মুখে লক্ষিত হয়। পীড়াকে অপ্রতিহত ভাবে বর্দ্ধিত হইতে দিলে, চক্ষ্র ক্রিয়া-সমূহ অধিকতর ক্ষতিগ্রস্ত হয়; রোগী, আর, ক্ষুদ্র অক্ষর পড়িতে পারে না; অধিক কি, অবশেষে অক্ষিক্ষয় ঘটিয়া দর্শন এমত বিনপ্ত হইয়া যায় যে, তাহার পুনক্ষারের আর আশা থাকে না। কিন্ত ইহা বলা উচিত বে—রক্তাধিক্য, প্রগাঢ়, বহুকাল-ব্যাপী ও সম্ভব্যত মন্তিক্ষ বা মন্তিক্ষাবরণ-গত পীড়া-জনিত না হইলে, ক্টদৃশ ভয়ন্ধর পরিগাম হয় না।

কারণ।—রক্তাধিক্য, অনেক স্থলে, কেবল ক্রিয়া-বৈলক্ষণ্য জন্য এবং কোন সামবেদনিক (sympathetic) কারণে উৎপন্ন হইতে পারে। ব্যাধির দূরবর্ত্তী কারণ পাক্যন্ত্রে বা শরীরের অপর কোন অংশেই থাকুক, উহাকে অপসারিত করিলেই, প্যাপিলার নাড়ীর রক্তাধিক্য তিরোহিত হয়। বলা বাহুল্য যে, অপ্টিক্ নার্ভের বা দর্শন-সায়ুর রক্ত-নাড়ীগুলি অতিশন্ন রক্তপূর্ণ এবং উহার পদার্থ হইতে রস নির্গমন (serous affusion) এবং আক্রান্ত নির্মাণ গুলির রক্তাধিক্য হইলে, ঐ সকল অংশের বাস্তবিক প্রদাহ ব্যতীতও, দৃষ্টি-হানি ঘটতে পারে।

প্যাপিলার রক্তাধিক্যের নিকটবর্ত্তী অথচ অন্নকালস্থায়ী কারণের মধ্যে স্থরা ও কুইনাইনের \* উল্লেখ করা যাইতে পারে। এই উভয় পদার্থ যদি

<sup>\*</sup> Case in point, reported by Dr. P. Franks: "Army Medical Department, Statistical Sanitary and Medical Report for 1860," p. 417.

অধিক পরিমাণে ব্যবস্থাত হয়, তাহা হইলে, প্যাপিলার রক্তাধিকা স্থাপিন্ত হয়; অধিক মাত্রায় এবং অধিক বার সেবন করিলে, উক্ত অংশের সায়-পদার্থের অতি ভয়ানক পরিবর্ত্তন ঘটিয়া থাকে; অধিকাংশ স্থলে উক্ত পরিবর্ত্তন অল্লে অল্লেই ঘটে; দৃষ্টি-ক্ষীণতা এবং উপরি বর্ণিত অন্তান্য লক্ষণও, ক্রমে ক্রমে প্রকাশ পাইয়া, রোগী ও চিকিৎসককে আগতপ্রায় বিপদের বিষয়ে সতর্ক করিয়া দেয়; তথন রক্তাধিক্যের কারণ-সমূহকে অন্তর্হিত করিলে, প্যাপিলা সচরাচর উহার স্বাভাবিক কার্য্যপ্রভাব পুনঃ প্রাপ্ত হয় এবং দর্শন-শক্তি পুনরায় আরোগ্য হইয়া থাকে।

এই সকল পীড়ায়, এবং যাহাতে সমস্ত মন্তিক্ষের রক্ত-সঞ্চলন ব্যাঘাত ঘটে—এমত সকল স্থলেও, উভয় প্যাপিলা আক্রান্ত হইয়া থাকে; বস্তুতঃ, এক পার্শের প্যাপিলার রক্তাধিক্য প্রায় অতি বিরল; কিন্তু রক্তাধিক্যের কারণ আন্তর্কাক্ষ্ম (intra-ocular) হইলে এরপ হইতে পারে। রেটিনার মধাস্থ নাড়ীর এম্বলিজম্ ও চক্ষুর অর্জান প্রভৃতি কোন কোন স্থলে (কিন্তু এরপ ঘটনা অতি বিরল), এক চক্ষুর রক্ত সঞ্চলনই কেবল ক্ষতিগ্রস্ত হইতে পারে। কিন্তু এই সকল স্থল—চক্ষুর আভ্যন্তরিক কারণেই যে এক দিকের প্যাপিলার পাড়া হইয়া থাকে, এই সাধারণ নিয়মের ব্যতিক্রম। প্রক্মা, ইরিডো-কোরইডাইটিস্, কোরইডো-রেটিনাইটিস্ এবং রেটিনার প্রদাহ প্রভৃতিই—উক্ত আন্তর্কাক্ষ্ম কারণ; এই সকল স্থলে, এই পীড়ার উপস্থিতি বা পূর্ব্বাবস্থিতির লক্ষণান্তরও দৃষ্ট হহয়া থাকে; এবং প্যাপিলার রক্ত-সঞ্চলনের পরিবর্ত্তনের কারণ সম্বন্ধে এমত প্রমাণ পাওয়া যায় যে, তদ্বিরয়ে ক্রম থাকে না।

অত্যন্ত রৌদ্রের তাপে, মন্তকের ব্যথা, ভারতবাদীর পক্ষে অসাধারণ নহে। এই দকল স্থলে, প্যাপিলা দচরাচর অত্যন্ত রক্তপূর্ণ এবং রেটিনার স্থান নাড়ীগুলি, কিঞ্চিৎ পরিমাণে রক্তপূর্ণ দেখায়। উষ্ণপ্রধান দেশে স্থাের প্রথর আলোকে, রেটিনা, অতিশয় উত্তেজিত হওত, রক্তপূর্ণ ও স্ফীত হইয়। থাকে; ঐ উত্তেজক কারণ ক্রমাগত উপস্থিত থাকিলে, উত্তেজনা মন্তিকে চালিত হয় এবং পরিণামে মন্তক-ব্যথা ও উত্তেজনা জর উৎপয় হয়। ডাক্তাৰ ম্যাক্নামারা বিবেচনা করেন যে. এ দকল স্থলে, উত্তেজনা প্রথমে

রেটিনাতে আরম্ভ হয়। তিনি বলেন যে, তিনি স্বয়ং রঞ্জিত চসমা ব্যবহার করিয়া স্থ্যতাপ-জনিত অস্থ ও শিরঃপীড়া হইতে আয়রক্ষা করিতেন; এইরপে চক্ষ্ রক্ষা না করিলে, উক্ত অস্থ সকল ভোগ করিতে হয়। স্থ্য-রিম হইতে মস্তক রক্ষার আবশুকতার বিষয়ে কোন সন্দেহ হইতে পারে না; কিন্ত ইহার প্রথর আলোক হইতে চক্ষ্ রক্ষা করাও আবশুক। বোধ তয়, প্রকৃতিই কিঞ্চিৎ পরিমাণে এই দেশবাসীর নিমিত্ত ঈদৃশ একটি নিয়ম সংস্থাপিত করিয়াছে; যেহেতু আইরিস্ ও কোরইডের রঞ্জিত কোষের অন্তর্গত পদার্থ এবং ইল্যাস্টিক্ ল্যামিনার কোষসমূহ, চক্ষ্ঃপ্রবিষ্ট অতিরিক্ত আলোক শোষণ করে।

চিকিৎসা। প্যাপিলার হন্দ্ম নাড়ীর রক্তাধিক্যের চিকিৎসা, সম্পূর্ণতই রক্তাধিক্যের কারণের উপর নির্ভর করে। যে সকল অবস্থা প্রযুক্ত প্যাপিলার এই পীড়া উৎপন্ন হয়, তাহাদিগের কয়েকটি প্রধান অবস্থা বর্ণনের চেটা পূর্কেই করা হইয়াছে; এবং যদ্যপি আমরা প্রত্যেক প্রকার পীড়ার উপযুক্ত চিকিৎসার বিচার করিতে প্রবৃত্ত হই, তাহা হইলে অনেক বিষয়েয় পুনক্তিকরিতে হয়। পীড়ার কারণ সম্বন্ধে কোন নির্দিষ্ট সিদ্ধান্ত করিতে পারিলে, প্রধানতঃ সাধারণ নিয়মানুসারে চিকিৎসা করা বিধেয়; প্রয়োজন হইলে, কোন কোন স্থলে বিশেষ উপায় অবলম্বন করিতে হয়; উক্ত উপায় সকল পূর্কেই উন্নিথিত হইয়াছে। এমত স্থলে, ডাক্তার ম্যাক্নামারা সম্পূর্ণতঃ আশা করেন য়ে, রীতিমত বিয়্যৎস্রোতের (Electro-magnetic current) অপেকাক্সত রীতিমত ব্যবহার করিলে, ঈদৃশ অবস্থায় স্বন্ধ গভীর রক্ত-সঞ্চলনের উপর ক্ষমতা স্থাপন করা যাইতে পারে।

ডিস্ক্ ও রেটিনার এনী মিয়া বা নীরক্তাবস্থা (Anaemia of the Disc and Retina)। ডাক্তার অল্বাট্ বলিয়াছেন যে, অপ্টিক্ নার্ভের এই অবস্থা, রেটিনা ও কোরইডের নীরক্তাবস্থা ব্যতীত, উৎপন্ন হইতে পারে না—এ কথা যথার্থ। চক্ষে রক্তের পরিমাণ অল্ল হইলে, উহা স্কুন্দর রূপ আলোকিত হয় না। কিন্তু ডিস্কের য়্যাট্রফি বা ক্ষম ঘটিলে, কোরইডের স্বাভাবিক উজ্জ্বলতার কোন ব্যতিক্রম হয় না। ডিস্ক্ সাধারণতঃ অর্ক্র্দাক্রান্ত (cedematous) না হউক, কোমল দেখায়; আইরি ও ভেটন্ মধ্য দিয়া যত

## शां शिक्ति वर् मि वश्रिक् नार्छ।

শাল্প পরিমাণ রক্ত সঞ্চালিত হউক না কেন, উহাদিগকে প্রভেদ করা যায়;
"কিন্তু আটুফি বা শুক্ষ রোগে, এই প্রভেদ করা হুঃসাধ্য"।\* অক্ষিবীক্ষণ দ্বারা
ডিস্কের অবস্থা যাহা জানা যায়, তাহা ব্যতীত য্যানিমিয়াস বা নারক্তাবস্থা
রোগে, রোগীরঅস্থথের বৃত্তান্তও আকৃতি প্রভৃতি দর্শন দ্বারা, সে কি প্রকারের
রোগ ভোগ করিতেছে, তাহা নির্ণয় করা যাইতে পারে; এবং ইহাতে কোন্
চিকিৎসায় উপকার দর্শিবে, তাহাও জানা যায়।

ম্যাপপ্লেক্সি অব্ দি অপ্টিক্ নার্ভ ( Apoplexy of the optic nerve বা দর্শন সায়ুতে রক্ত আবে)।—রেটনা ব্যাধি গ্রন্থ না হইলে, দর্শন-সায়ুর আপোপ্লেক্সি বা রক্তপ্রাব প্রায় দেখিতে পাওয়া যান্ত না এতজ্ঞপ অনেক স্থলে, মন্তিকে বা হৃদ্পিণ্ডে পীড়ার উৎপত্তি হইয়া থাকে। ব্রাইট্স্ ডিজিজ্ ও ম্যালেরিয়া প্রভৃতি যে সকল বিবিধ প্রকার পীড়া রক্তের উপাদান পরিবর্তন করে, সেই সকল পীড়াতেও আমরা রেটনা ও অপ্টিক্ ডিস্কের আপোপ্লেক্সি দেখিতে পাই। এই সকল স্থলে, রেটনার নিদান সম্বীয় পরিবর্তন সকল বিশেষ প্রকার হইয়া থাকে; ১১৮পৃষ্ঠায় উহাদের বর্ণন পৃর্কেই করা হইয়াছে। আমরা, এমত স্থলে, রক্তপ্রাবের চিহ্ন ব্যতীত, চক্ষুর গভীরতম প্রদেশে নেদঃ সম্বন্ধীয় পরিবর্তনের বিশেষ লক্ষণ স্বরূপ দাগগুলিও, (patches) দেখিতে পাই। অভাভ্য স্থলে, প্রাবের কারণ বাহির করা অতিশ্ম ছ্রাহ। নিম্লিখিত ঘটনা, তাহার একটি দৃষ্টান্ত স্থল।

রোগীর বৃত্তান্ত। রোগী স্ত্রীলোক, নাম ব্রহ্ম, বয়স পঞ্চবিংশ বর্ষ। যে দিন তাহার পীড়া দর্শনাধীনে আই,ে তাহার পূর্ব্বে বিংশতি দিন পর্য্যন্ত এই রোগীর দর্শন সম্পূর্ণ দোষশৃত্য ছিল। এইসময়ে প্রাতঃকালে শয্যা হইতে উঠিয়া সে শিরঃ গৌরব ও কপোলদেশে এবং কপোল পার্শ্বে বেদনা অয়ভব করে যাহা এ পর্যন্ত বর্ত্তমান ছিল। এই পীড়ার আরম্ভ হইতে তাহার দৃষ্টি ক্রমশঃ স্থান হইয়া আদিতে ছিল। তাহার কথন উপদংশ রোগ হয় নাই। শারিরীক ভাবস্থা সাধারণতঃ উত্তম ছিল এবং মাসিক ঋতু নিয়মিতরূপ হইত।

এক্ষণে সে আলোক অন্ধকার মাত্র প্রভেদ করিতে সক্ষম হইত। চক্ষুর আয়াম ও বাহাাকৃতি স্থস্থ ছিল। তাহার হৃদ্পিণ্ডের কোন ব্যাধি ছিল না।

Dr. C. T. Allbutt, "On the Use of the Ophthalmoscope," p. 51.

অক্ষিবীক্ষণ দ্বারা উভয় চক্ষ্রই একরূপ মূর্ত্তি দেখা গিয়াছিল। রেটিনার আর্টারি সমূহ আকুঞ্চিত এবং ভেইন্ গুলি পূর্ণ এবং অপ্টিক্ প্যাগিলা সংযত রক্ত খণ্ড দ্বারা আচ্চাদিত ছিল।

প্রবেশের পাঁচ দিন পরে তাহার রক্ত শোষিত হইতে আরম্ভ হয় এবং পঞ্চদশ দিবস মধ্যে তাহার কোন চিহ্ন ওছিল না। রক্ত শোষিত হওয়ার সঙ্গেম রোগীর দর্শন শক্তি পুনরায় হইয়াছিল এবং সে তিন সপ্তাহ মধ্যে হাঁদ-পাতাল পরিত্যাগ করিয়াছিল। এই সময় সাধারণক্রপ দূরে স্থিত No ii বিলু সকল সে পড়িতে পারিত।

ইহা পূর্ব্বে উক্ত হইয়াছে যে প্যাপিলার য়্যাপপ্লেক্সি রোগের অধিকাংশ স্থলে শোণিতের উপদান আক্রমণ করে এমত কিডনি, যক্তং বা অন্যান্য আবক গ্রন্থি সমূহের ব্যাধি দকল দেখিতে পাওয়া যায়। অথবা হৃদ্পিও বা মস্তিক্ষের ব্যাধি বর্ত্তমান থাকে। স্থাদিওের ব্যাধি থাকিলে প্রেথন কোপ্র আমাদিগকে তর্ন্নির্বের সহায়তা করে। মস্তিক্ষের কোন ব্যাধি থাকিলে শরীরের যে দকল সাধারণ স্বাস্থ্যভঙ্গের লক্ষণ দৃষ্ট হয় তন্ধতীত আমরা ইহা দেখিতে পাই যে রক্তন্তাব হঠাং সমুপস্থিত হইয়াছে ও তাহা উভয় চক্ষ্তে ঘটিয়াছে এবং আবিত রক্ত অপ্টিক্ ডিস্ক্ বা তাহার নিকটবর্ত্তী স্থানে আবদ্ধ থাকে। রেটিনার রক্তাবহা নাড়ী সমূহের অন্তর্গত শোণিত স্রোত সতত বর্ত্তমান ও ক্রমবর্দ্ধিত বাধা প্রাপ্ত হওয়াতে এই দকল স্থলে প্রনংই উক্ত নাড়ী সমূহ বিদীর্ণ হইবার সম্ভাবনা।

বেটিনার রক্ত নাড়ী হইতে অধিকদ্র ব্যাপী রক্তপ্রাব হইলে সেই রক্ত ভিট্রিয়ন্ চেম্বারে প্রবেশ করিতে ও এমতে চক্ষ্র গভীরতম প্রদেশ পরীক্ষা করিতে বাধা দিতে পারে। এরপ স্থলে রেটিনার স্বাতন্ত্র্যভাব ন্যুনাধিক ঘটি-য়াছে এরপ মনে করা নিতান্ত সঙ্গত। এতদপেক্ষা সামান্ত রক্তপ্রাব হইলে, নিঃস্থত রক্তস্থান দেখিয়া রোগের পরিণাম কি হইবে বলা ঘাইতে পারে। ম্যাকিউলা লিউটিয়া বা উহার নিকটে এইরূপ ঘটিলে, সন্তবতঃ দৃষ্টি অত্যন্ত্র দ্বিত হয়; অথচ যে রক্তপ্রাব কেবল মাত্র অপ্টিক্ প্যাপিলা অধিকার করিয়া থারক, তাহা কোনরূপ মন্দ পরিণাম না জন্মাইয়া শোষিত হইয়া ঘাইতে পারে। ভাবিফল নির্থার্কালে, আমাদের ঐ পীড়াসম্বন্ধীয় সমস্ত ঘটনা এবং আমুসঙ্গিক লক্ষণসকল অতি সাবধানে বিচার করা উচিত। যদ্যপি তদ্বারা আমাদিগের এমত জ্ঞান হয় যে, হদ্পিও, মস্তিষ্ক বা মূত্র-যন্ত্রের অসাধ্য পীড়াই এই রক্তস্রাবের কারণ তবে আমরা দর্শনেক্রিয় সম্বনীয় লক্ষণ সকল আরোগ্য করিবার প্রায় আশা করিতে পারি না; যদিও বা কিছু সংশোধন ঘটে, তাহা বহুদিন থাকে না।

দর্শনস্থায়ুর প্রদাহ (Optic Neuritis) অপ্টিক্ নিউরাইটিস। উৎপত্তি ও বৃদ্ধি অনুসারে অপ্টিক্ নিউরাইটিস্ রোগ ভিন্ন২ মূর্ত্তি ধারণ করিয়া থাকে। দৃষ্টান্ত স্বরূপ ইহ। বলা যাইতে পারে যে, যদি মস্তিক্ষের অধোভাগ হইতে উৎপন্ন অর্ধ্যাের পীড়ন জন্য কাইস্মার উত্তেজনা ( ডিসেণ্ডিং নিউরাইটিদ বা অধোগানী সায়ু প্রদাহ) সায়ুর এই প্রদাহ উপস্থিত করে, তাহা হইলে, অপ্টিক নিউরাইটিন ব্যঞ্জক লক্ষণ ব্যতীত, মস্তিক্ষের পীড়ার লক্ষণও ব্যক্ত থাকে; কিন্তু অপর পক্ষে, প্রদাহ কেবলমাত্র অপ্টিক নার্ভ অধিকার করিলে, মন্তিক সম্বন্ধীয় কোন ব্যক্ত লক্ষণ উপস্থিত থাকে না। শেষতঃ, কোরইডো-রেটিনাইটিস (অ্যানেতিং নিউরাইটিস) রোগের পরিণামে यिन अश्रीक निष्ठेतारेषिम छेशमर्ग घटि, छारा रहेटल धरे मकल विधारन शृक्त-বর্ণিত মূর্ত্তিসকল বিশেষরূপে দেখিতে পাওয়া যায়। এইরূপ স্থলে, কেবল একটি চকুই পীড়িত হয়; কিন্তু মন্তিক পীড়ায়, নিউরাইটিন্ সাধারণতঃ উভয় প্যাপি-লাতে উপস্থিত থাকে। প্রদাহ মস্তিক হইতে উৎপন্ন হইলে তাহাকে ডিসেনিডিং নিউরাইটিদ (Descending Neuritis) ও অপ্টিক্রায়ু হইভে উৎপন্ন হইলে তাহাকে য়াবেনডিং নিউরাইটিন (Ascending Neuritis) বলে। ইহাদের যে কোনটি হউক না কেন, অপ্টিক নার্ভের যে সকল পরিবর্ত্তন হয়, তাহা, উভয়ে-टिं जुना। नाष्ट्रीखनित मरधा ७ ठजुलार्स विदः सामु-आवतक बिल्लिटि, নিউপ্ল্যাষ্টিক্ বা নৃতন পদার্থ জন্ম ; এইদকল সহযোগী কারণে সাযুর পোষণের ব্যাদাত জন্ম, এবং একেবারে ধ্বংস হইবারও সম্ভাবনা থাকে। এই হেডু, অপটিক্নার্ভের প্রদাহ অচিরাৎ আরোগ্য না করিলে,পরিণামে অপ্টিক্ ডিঙ্কের শুক্ষতা উপস্থিত হয়।

লক্ষণ। অপ্টিক্ নিউরাইটিদ্ রোগের লক্ষণ সকল সচরাচর হঠাৎ প্রকাশ পাম; পীভ়িত চক্ষুর দৃষ্টি-শক্তি সম্পূর্ণ থাকিলেও, দ্বাদশ বা ষট্ত্রিংশ ঘটিকার মধ্যে দর্শন জড় হইয়া কয়েকদিন পরে এমত বিনম্ভ হয় যে, আর উহার আরোগ্যের আশা থাকে না। এই সময়ের মধ্যে এবং তৎপরেও, রোগী সচরাচর চক্ষুর সন্মুথে আলোকের ঝলক ও অয়িক্ লিঙ্ক দর্শন করে; এবং অনেক সময়, মন্তকে অত্যন্ত বেদনা ও কিঞ্চিৎ আলোকাসহিচ্চুতা অমুভব করিয়া থাকে। তদবস্থায় চক্ষু স্বস্থ দেখায়, কন্জংটাইভা ও ক্লেরটিক্ স্বাভাবিক থাকে, এবং কনীনিকা সচরাচর কিঞ্চিৎ পরিমাণে প্রসারিত হইয়া, আলোকোত্তজনায় উত্তেজিত হইলেও তাহা অত্যন্ত অলেং হইয়া থাকে। অধিকতর জ্রহ অন্যান্য স্থলে বিশেষতঃ যদি উক্ত পীড়া ম্যালেরিয়া বা দৃষিত রক্তের উপর নির্ভর করে, তাহা হইলে অত্যন্ত গুপ্তভাবে বর্দ্ধিত হয়; ইহাতে, কেবলমাত্র দর্শনশক্তির ক্রমিক রাস অমুভূত হইয়া থাকে। এইরূপ প্রকার রোগ হইতে য়্যামরোসিদ্ রোগ উৎপন্ন হইতে পারে যাহা অতিশ্র তামাক সেবন জনিত ডিজের য়্যাট্রফি বা শুক্ষ রোগ বলিয়া বর্ণিত হয়।

ভাক্ষিবীক্ষণ দ্বারা চৃষ্ঠ মূর্ত্তি। নিউরাইটিস্ রোগের প্রথম অবস্থার অক্ষিবীক্ষণ দ্বারা চক্ষু পরীক্ষা করিলে, স্কর্যবস্থায় অপ্টিক্ প্যাপিলা যেরূপ থাকে, তাহার অপেক্ষা উহাদিগকে বৃহত্তর দেখায়, এবং কন্কেভের পরিবর্ত্তে স্পাপ্ত কনভেন্দ্র দৃষ্ট হয়। সিরম্ নির্গমন প্রযুক্ত উহা ক্ষীত ও শোক্ষযুক্ত হওয়াতে প্যাপিলার উক্ত বর্দ্ধিত এবং কন্ভেক্স্ অবস্থা ব্যতীত, ডিস্কের বিশেষ লক্ষণ আর নির্দেশ করা যায় না; নির্গত রসাদি,—ইহাকে, বিশেষতঃ ইহার পরিধির নিকটবর্ত্তী ভাগ—আচ্ছাদিত করে; এতদবস্থায়, উহা যেন তুলার দ্বারা আচ্ছাদিত দেখায়। এই অস্পষ্ঠ অবস্থা প্যাপিলার পার্ম হইতে কেবলমাত্র কিঞ্চিং দ্রব্যাপী হয়। (Eig. 1. Plate VI দেখ)। রেটিনার নাড়ী-সমূহকে তাহাদের পরিধি হইতে প্রদাহিত প্যাপিলার দিকে আমূল লক্ষ্য করা যাইতে পারে; কিন্ত ক্ষীত ডিস্কে উপস্থিত হইয়া, ইহারা উহাতে বিলীন হয়। স্কতরাং চক্ষ্ হইতে বহির্গমনের পথ পর্যান্ত, ইহাদিগকে দেখিতে পাওয়া যায় না। রেটিনার ভেইন্গুলি রক্তপূর্ণ এবং আর্টারি গুলি আকুঞ্চিত হয়, এবং প্রাম্ম উহাদিগকে দেখিতে পাওয়া যায় না। কারণ—এই সকল নাড়ীগুলিকে, চক্ষ্তে প্রবিষ্ঠ ও উহা হইতে বহির্গত হইবার সময়, অপ্টিক্ নার্ভের মধ্য

দিয়া গতিবিধি করিতে হয়; সেই অপ্টিক্ নার্ভ ক্ষীত হইলে, ইহাদের উপর যে পীড়ন পড়ে, তজ্জনাই এই সকল পরিবর্ত্তন ঘটিয়া থাকে।

অপ্টিক্ নিউরাইটিস্ (ডিসেন্ডিং বা অধোগামী নিউরাইটিস্) রোগ, মন্তি-কের অধঃভাগে নাড়ীগুলির উপর অর্ক্র্ দাদি পীড়ন প্রযুক্ত উৎপন্ন হইলে, কোনং স্থলে প্যাপিলার ক্ষুদ্র ক্রাড়ীগুলিতে এমত রক্তাধিক্য হয় যে, ডিস্কের মধ্য হইতে পরিধির দিকে ক্রমবিকীর্ণ (রেডিয়েটিং) ভাবে উলের বা পশ্মের ন্যায় প্যাপিলার পদার্থের ভিতরে তাহাদিগকে স্পষ্ট দেখিতে পাওয়া যায়; স্থ্যতাপে পীড়িত হইলেও, এরূপ দেখা যায়।

অপ্টিক্ নিউরাটিস্ রোগে, প্যাপিলার রক্তপূর্ণ নাড়ীগুলি ছিন্ন হইলে, রক্ত নির্গম হওয়া অসাধারণ নহে।

অপ্টিক্ নিউরাইটিদ্ রোগে, উপযুঁক্তি লক্ষণ সকল সচরাচর বর্ত্তমান থাকে; কিন্তু ইহা স্পষ্ট বুঝা আবশুক যে, দর্শনশক্তির হ্রাস সচরাচর ডিস্কের পরিবর্ত্তনের অন্তর্কপ হয় না; পক্ষান্তরে, অক্ষিবীক্ষণ দ্বারা অপ্টিক্ নিউরাইটিদ্ রোগের স্থব্যক্ত লক্ষণ বর্ত্তমান থাকিতে দেখা যায়, অথচ দর্শনশক্তি উত্তম থাকিতে পারে। ডাক্তার হিউলিংদ্ জ্যাক্সন্, সত্যই বলিয়াছেন—শেষোক্তপ্রকার পীড়া, সার্জন্ অপেক্ষা ফিজিসিয়ানের মস্তিক্ষের রোগ চিকিৎসা কালে, লক্ষ্যপথে আইসে।

সার্ব্বাঙ্গিক পীড়ার বিশেষতঃ ম্যালেরিয়া জরের—পর, কথন কথন অপ্টিক্
নিউরাইটিন্ রোগ উৎপন্ন হইতে দেখা যায়; ইহাতে কিছু দিনের নিমিত্ত
দৃষ্টিক্ষেত্র ক্রমিক অন্ধকারাচ্ছন্নহইবার পর, দর্শন—শক্তির সম্পূর্ণ ব্রাস ঘটিয়া
থাকে এবং অপ্টিক্ ডিস্নের মূর্ত্তি ঈষৎ পরিমাণে পরিবর্ত্তিত হয়; ইহা শোফের
জন্ত অবচ্ছ হইয়া থাকে, কিন্তু উক্ত অন্ধকার ভাব অত্যন্ত গভীর হয়। এই
সকল স্থলে, বোধ হয়, সমবেদন সায়ুর স্ত্রসমূহের উন্তেজনা প্রযুক্ত কনীনিকা
আয়ত রূপে প্রসারিত হয়; অনেক স্থলে ডাক্তার ম্যাক্নামারা চিকিৎসা
করিয়া দেখিয়াছেন, রোগী স্পষ্টতই ম্যালেরিয়া কর্তৃক পীড়িত হইয়াছে; এই
সকল স্থলে, কুইনাইনের প্রভাবে রোগ তিরোহিত হয়।\*

<sup>\*</sup> Indian Medical Gazette. 1870.

নিষ্ঠার্ জোনাথন্ হচিন্দন্, দিদ্ ধাতুর দারা বিষাক্ত হইলে যে কথন কথন অপ্টিক্ নিউরাইটিদ্ রোগ জন্মে তদ্বিষয়ে লোকের বিশেষ মনোযোগ আকর্ষণ করিতে চেষ্ঠা করিয়াছেন। তিনি বলেন " অফিবীক্ষণ দ্বারা দৃষ্ট দিদ্ জনিত নিউরাইটিদ্ রোগে" (Plumbic-Neuritis) বিশেষ লক্ষণের মধ্যে আমরা এই গুলি বলিতে পারি (ক) লিক্ষের নির্গমন অল্পরিমাণ হয়। (থ) লিক্ষের বর্ণ থাকে না; (গ) রক্তপ্রাবের অভাব (ইহা সকল হলে নয়) এবং (ঘ) আটিরিয়া এবং ভেনা দেন্টালিদের সমধিক দ্রাদ (ইহা ব্যাধির প্রথমাবস্থাতে আরম্ভ হয়)। কোরইড্ কিছু মাত্র আক্রান্ত দেখায় না। উক্ত প্লান্বিক্ নিউরাইটিদ্ পীড়া, সচরাচর সম্পূর্ণ অন্ধতা উৎপাদন-করে।\*

অন্ত এক প্রকার রোগে ডিস্ক্ এবং রেটিনার রক্তাধিক্য হইতে অপ্টিক্ নিউরাইটিন্ আরম্ভ হয়; তদনস্তর ডিস্কের আংশিক অস্বচ্ছভাব ঘটিয়া থাকে; উহা রেটিনার উপরে কিঞ্চিৎদ্র পর্যান্ত বিস্তৃত হয়; ডিস্কের এই অস্বচ্ছ ভাগে, ও রেটিনার স্ক্রম ধ্নরবর্ণ স্থাকার (strine) ক্ষুদ্র ক্ষুদ্র চিহ্ন দেখিতে পাওয়া যায়। ডিস্ক্ অথবা ইহায় বহির্ভাগ, স্চরাচর বিবর্ণ ও হ্রাম যুক্ত হয় এবং অভ্যন্তরস্থ অর্দ্ধেক অংশের মূর্ত্তি স্বাভাবিক থাকে।

এই সকল স্থলে, বর্ণ প্রভেদ করিবার শক্তি ন্যুনাধিক হ্রাস হইয়া পড়ে; পীড়া সচরাচর অল্লে অল্লে বর্দ্ধিত হয়, এবং দর্শন শক্তি কদাচিৎ বিনষ্ট হয়।

কারণ। অপ্টিক্ নিউরাইটিসের কারণ অনেক প্রকার; অপ্টিক্টুটির্ বা নার্ভ রক্ত-সঞ্চালন রোধ করে, এরূপ প্রদাহজনিত পদার্থ অথবা নানাপ্রকার অর্ক্ দ যাহা সায়র উপর পীড়ন করে, তাহারা এই শ্রেণীভুক্ত। এই সকল প্রতিবন্ধক, কারণ ভৌতিক উপায়ে প্যাপিলার নাড়ীগুলিতে (ডেইনে) রক্তা-ধিক্য উৎপন্ন করাতে সিরম্ নিঃস্ত ও অপ্টিক্ নিউরাইটিদ্ উৎপন্ন হইয়া থাকে। বার্লিন্ নিবাসী ডাক্তার সিটের গবেষণা ছারা ইহা বোধ হয় বে, য়্যারাক্নইড্ ক্যাভিটি বা গহরের দ্রবদ্রর প্রবিষ্ট করাইয়া, তাহাকে অপ্টিক্ নার্ভের অভ্যন্তরন্থ এবং বহিঃস্থিত আবরণের অন্তরে, পরে ল্যামিনা ক্রিব্রো-

<sup>\*</sup>Ophthalmic Hospital Reports, vol. p.

শাতেও, প্রবেশ করান যাইতে পারে। অতএব এই গ্রন্থকারের মতে, য়ারাকন্ইড্ গহ্বর এবং ল্যামিনা ক্রিন্ত্রোদার মধ্যে সংযোগ থাকে; এই হেত্ব জলীয় পদার্থের চাপ স্নায়্র উপর পড়িলে উহার শিরোভাগে ফাঁদ অমুভূত হয়, অথচ স্নায়্-কাণ্ডের অবশিষ্ট অংশ পীড়িত না হইতে পারে। বস্ততঃ, উপর্যুক্ত প্রকার প্যাপিলার পীড়া সেরিত্রম্ বা সেরিবেলম্ ইহাদের কোন অংশের প্রায় দকল প্রকার ''স্থল" (coarse) পীড়া হইতেই, উৎপন্ন হইতে পারে; মেনিন্জাইটিদ্ এবং য়্যারাক্নাইটিদ্ রোগেও, ইহা দেখা গিয়াছে। নানাপ্রকার ম্যালেরিয়া সংযুক্ত জ্বর, সিদ্ ধাতুর প্রভাব, উপদংশ এবং স্র্যোলির এবং উষ্ণপ্রধান দেশের স্বর্যালোক প্রভৃতি কারণেও উৎপন্ন হয়, রেটিনাইটিদ্ এবং কোরইডো-রেটিনাইটিদ্ রোগের সহিতও, অনেক সম্য় দেখিতে মায়।

ভাবিফল। অপ্টিক্ নার্ভের প্রদাহের ভাবিফল বিশেষতঃ यদি উক্ত পীড়ার সহিত কোন প্রকার মস্তিকের পীড়া সংযুক্ত থাকে, তাহা হইলে অচ্যস্ত অসম্ভোষজনক হয়। গেলেজা ওয়াস্কি বলেন—এই রোগে শতকরা ২০ জন আরোগ্য লাভ করিয়া থাকে; কিন্তু ডাক্তার ম্যাক্নামার মতে, ইহা অপেকা ন্যানসংখ্যক লোক আরোগ্য হয়; তবে, রোগ ম্যালেরিয়া ও উপদংশ विषकां उरेल, जेक्न कन रहेल शादा। अथरमां अकांत्र श्रीषां प्रभा যায় অনেক রোগী প্রবল অপ্টিক্ নিউরাইটিস্ রোগে পীড়িত হইয়াও, পুনরায় দর্শনশক্তি লাভ করিয়াছে। উক্ত প্রকার এবং উপদংশজাত পীড়া ব্যতীত অন্যান্য স্থলে, ডাক্তার ম্যাক্নামারা ইহার সম্বন্ধে অত্যন্ত অসম্ভোষজনক ভাবিতল নির্ণয় করেন; কারণ—অপ্টিক্ নিউরাইটিস্ রোগে, অধিকাংশ স্থলেই, প্যাপিলার গুদ্ধতা উপস্থিত হইয়া থাকে; ডিস্কের পশ্যের ন্যায় মূর্জি क्टा श्रीकृष्ठ रहेशा यात्र ; किन्छ हेरात अकि विषयाकात श्रीतिध अवर সচরাচর উহাতে একটি কৃষ্ণবর্ণের দাগ সংযুক্ত থাকে (Fig. 2, Plate V1) এবং প্যাপিলা চ্যাপ টা ও সাদা হয়; কিন্তু প্রাথমিক বা ক্রমবর্দ্ধিত য়্যাটফি বা ভক রোগে যেরূপ মুক্তার ভার ভত্তবর্ণ প্রকাশ পায়, এরূপ, ইহার প্রায় দেখা যায়া না। রেটিনার মধ্যস্থ আর্টারিও ভেইন্ অত্যন্ত সঙ্কুচিত এবং অনেক স্থলে কেবণনাত্র রেথাকারে পরিণত হয় ও ডিস্কের কেবলনাত্র অতি অল্প দূর পর্য্যস্ত বিস্তৃত থাকে। মৃত্যুর পর, প্যাপিলা ও অপ্টিক্ নার্ভকে বিস্তৃত রূপে অপরুষ্ঠ, এবং কোন২ স্থলে জলীয় বা কোমল অবস্থা প্রাপ্ত হইতে, দেখা গিয়াছে। এই অবস্থা প্রায়, কাইএস্মার বাহিরে যায় না। \*

চিকিৎ সা। — উপদংশজাত অপ্টিক্ নিউরাইটিস্ রোগের চিকিৎসা ছই প্রকার, সাধারণ ও বিশেষ—অর্থাৎ এই রোগে মার্কুরিয়াল্ ভেপার বা পারদ ঘটিত ধুম, কড্লিভর অইল্, আইওডাইড্ অব্ আইরণ ইত্যাদি ব্যবহার করিতে হয়। ম্যালেরিয়ার প্রভাবের উপর নির্ভর করিলে, অল্প পরিমাণে, কুইনাইন্ বা আর্দেনিক্ এবং ষ্ট্রিক্নাইনের সহিত লৌহ প্রয়োগের আবখ্রুক। নিউরাইটিস্ রোগে, কাউন্টার্ইরিটেসন্ অর্থাৎ রোগে যেরূপ উত্তেজনা হয় তৎপ্রতিকূল উত্তেজনা, ও বিশ্রাম সকল সময়েই উপকারী। ডাক্রার ম্যাক্নামারা বলেন—অনেক স্থলে চিকিৎসক পীড়ার বৃদ্ধি বাধা দিতে পারেন না, এবং বিশেষ চেষ্টা সত্ত্বেও প্যাপিলার য়্যাট্রাফ বা শুক্ষতা ঘটে।

দৃষ্টান্ত।—— ম্যালেরিয়াগ্রস্ত রোগীদিগের যেরূপ পীড়ার উল্লেখ হইল, নিম্নলিখিত বুত্তান্তে তাহার একটি দৃষ্টান্ত পাওয়া যায়।

রোগী স্ত্রীলোক, বয়দ ১৩ বৎদর, নাম থাক, বাটী চন্দননগর। ১৮৬৮ খ্রীষ্টমন্দের ২৪এ জানুয়ারিতে স্ত্রীলোকটি কলিকাতা অক্ষিচিকিৎসালয়ে প্রবেশ করে। ১৮৬৭ খ্রীষ্টান্দের ৩রা নবেম্বরে রোগীর কোটিডিয়ন্ ইন্টার্মিটেন্ট্ কিবর্ হয়। কয়েক বৎদর পূর্কাবিধিতাহার এই জর ও প্রীহার বৃদ্ধি ইয়াছিল। এই জর এক সপ্তাহ ছিল পরে এরূপ অবস্থায় যে দকল সামান্য চিকিৎসায় তাহার জর তিরোহিত হইত তাহাতে উক্ত জর রহিত হইয়া যায়। জর ত্যাগের অব্যবহিত পরেই, স্পর্শহীনতা এবং দক্ষিণ বাহু ও পদ সঞ্চালনের অপারকতা জয়ে; পর দিন, বাম পদ তদ্রপ পীড়িত হইয়াছিল। এইরূপে রোগী তাহার দেহের অধঃভাগের ব্যবহার করণে সম্পূর্ণরূপে অসমর্থ ইইয়াছি। কেবল, ঐ সকল অবয়বে, পীড়ার আক্রমণ বা বৃদ্ধিস্চক জালাবৎ বেদনা বা অক্সান্ত অস্থাভাবিক পরিবর্ত্তন বোধ হইত। পক্ষাঘাত বৃদ্ধির সহিত, তাহার দৃষ্টিমান্দ্যও বাড়িতে লাগিল। রোগীর কথন হিষ্টেরিয়া বা অন্ত কোন আক্ষেপক

<sup>\*&</sup>quot;Augenheilkunde," von K. Stellwag von Carion, p. 263.

বোগ হয় নাই। পিতা-মাতা-সম্ভূত বা স্বোপার্জিত উপদংশেরও কোন প্রমান ছিল না। সেই রোগী কখনও পারদ দ্বারা মুখ আনাই নাই।

চিকিৎসালয়ে আগমন কালে অর্থাৎ ২৪এ জান্তুয়ারিতে তাহার অধঃশাথাদ্বর ও দক্ষিণ বাহুতে ঐচ্ছিক শক্তি ছিলনা। দেহের এই সকল অঙ্গে স্পর্শ-বোধ যদিও হ্রাস প্রাপ্ত হইরাছিল, তত্রাচ একেবারে বিনষ্ট হয় নাই; পদদ্বরে প্রত্যাবর্ত্তন কার্য্য ( Reflex action ) স্থব্যক্ত ছিল; পীড়িত অবযব সকলের পেশীগুলি শিথিল হইরাছিল, এবং তাহারা মৃতদেহে যেরূপ
লম্বমান থাকে, এ স্থলেও ঠিক তত্রূপ হইরা পড়িয়াছিল। রোগীর বামবাছ
সঞ্চালনে, অল্প কিন্তু স্থাপন্ত, শক্তি ছিল; কনীনিকা প্রসারিত ছিল এবং
আলোকোতেজনায় উত্তেজিত হইত না; এবং রোগী সম্পূর্ণরূপ অন্ধ হইয়া
ছিল; কারণ সে কেবলমাত্র অন্ধকার গৃহে ও তাহার সন্মুথে ধৃত একটী
উত্তল আলোকের উপস্থিতি অনুভব করিতে পারিত।

অকিবীক্ষণ দারা চক্ষ্ পরীকা করাতে, অপ্টিক্ প্যাপিলা ক্ষীত ও অপ্পষ্ট (উলি বা পশমাবৃত) দৃষ্ট হইল; প্পষ্টই বুঝা গেল—ইহার স্নায়্পদার্থ ও প্যাপিলার দিন্ধিকটবর্ত্তী রেটিনার বিধানে, সমধিক পরিমাণে সিরম নিঃস্ত হইয়াছে; কিন্তু ঐ সকল অংশের শোফ বাতীত, প্রত্যেক চক্ষ্র গভীর প্রদেশ, সম্পূর্ণরূপ স্থস্থ ছিল। অপ্টিক্ নিউরাইটিস্ বা রেটিনার প্রদাহের অন্তান্ত লক্ষণ সকল বিন্দ্যাত্র ছিল না। রোগীর স্বর ও মনোবৃত্তি সকল হাস প্রাপ্ত হয় নাই। উপযুক্তি ঘটনা বাতীত, মুখের বা শ্বাস প্রশ্বাসের পেশীর, অধিক কি শ্রীরের অন্ত কোন পেশীরই, পক্ষাবাত হয় নাই; হদ্পিও বা মূত্র্যন্তের (কিড্নির) প্রীজার লক্ষণ দেখা যায় নাই; স্নীহা বৃদ্ধি হইয়াছিল। মাসিক রক্ত, অয় পরিমাণ হইলেও, নিয়মিত নিঃস্ত হইত।

রোগীকে উত্তম পথ্য এবং ষ্ট্রীক্নিয়া, আর্দেনিক্ও আইওডাইড্ অব্ পটাসিয়ম্ সেবনের অনুমতি দেওয়া হইয়াছিল। সেই স্ত্রীলোক যত দিন চিকিৎসালয়ে ছিল, তত দিনই তাহার এই চিকিৎসা হইয়াছিল।

প্রবেশের এক সপ্তাহের পর তাহার অবস্থার অনেক উন্নতি হইয়াছিল। এ বিষয়ে বিস্তার না বলিয়া এইমাত্র বলিলেই যথেষ্ট হইবে যে ক্রমেং তাহার অঙ্গ দে ব্যবহারে দক্ষম হইয়াছিল, তাহার দর্শনশক্তি পুনরায় হইয়াছিল এবং নে সম্পূর্ণ আরোগ্য হইরা হাঁসপাতার পরিত্যাগ করিরাছিল। প্রবৈশের পাঁচ সপ্তাহের মধ্যে সে ওয়ার্ড মধ্যে চলিয়া বেড়াইত এবং সাধারণ দূর হইতে নং > বিন্দু সকল পড়িতে পারিত। অপ্টিক্ প্যাপিলার বোর অবস্থা সম্পূর্ণ তিরোহিত হইয়াছিল এবং চক্ষুর গভীর প্রদেশ সম্পূর্ণ স্কুস্থ ছিল।

মন্তব্য। এই খেণীস্থ রোগের ইহা এক দৃষ্টান্ত যাহা ভারতবাদী দিগের মধ্যে সচরাচর ঘটে। মাইয়্যাস্ম্যাটিক্ বা ম্যালেরিয়া বশতঃ রক্তের পরিবর্ত্তন হওয়াতে এরপ অবস্থা ঘটে এবং এই কারণেই নানাবিধ যন্ত্রে স্থানিক রক্তা-विका ७ नित्रम् ইकि डेमन वा तम्याव इहेता थाटक। छाङ्कात माक्नामाता বলেন যে তিনি এরপ অনেক গুলি স্থল দেখিয়াছেন বাহাতে কেবল রেটি-নাতেই রক্তাধিক্য হইয়াছিল। উহার সায়ুবিধান অস্বচ্ছ এবং তাহাতে সির্ম নির্গত ও কোনং স্থলে উহা কোরইড্ হইতে স্বতন্ত্রিত হইয়াছিল। অধঃশাথাদ্বয়ের এবং দক্ষিণ বাহুর সম্পূর্ণ পক্ষাঘাত থাকাতে (বামবাহু সুস্থ) ভাক্তার টড হিন্টেরিক্যাল্ যে সকল লক্ষণ বর্ণনা করিয়াছেন ভাহার সহিত ঐক্য হইয়াছিল। কিন্তু এতদসম্বন্ধে যে কিছু সন্দেহ ছিল তাহা চন্দু পরীক্ষা করাতে দুরীভূত হইয়াছিল। অপ টিক্ প্যাপিলাতে সিরস্ ইফিউসন্ বা রস নির্গমন হইলে বেরূপ লক্ষণ হয় অপটিক্ থ্যালেমাই ও কর্পোরা ধ্রাইটাতে मित्रम निर्गमन रुखगांटक शांगशांकारन पामारानत के तांगी व्यादम कतिवांत সময় তাহারও ভদ্রপ ঘটিয়াছিল; এইরূপে, এই সকল আবশ্রকীয় সায়ুকেন্দ্র ( Nervous centres ) সঞ্জাত সঞ্চাপের নিমিত্ত রোগী, তাহার পীড়িত আঞ্চ সমূহের উপর কোন ক্ষমতা প্রকাশ করিতে পারিত না। রিফুেক্স য়াক্সন্ বা প্রত্যাবর্ত্তন ক্রিয়া কেবল মাত্র অল্পরিমাণে দ্বিত হইয়াছিল এবং রোগীর বস্তির ক্রিয়া তাহার সম্পূর্ণ ক্ষমতাধীন ছিল; খাস ও গলাধকরণ किया खुर हिल, खुडताः, गृलाम्ह मयाक वरे मां वना यारेट भारत प मिंड खीलांक दक्वल क्रायकि अस मक्षालित अममर्थ रहेशाहिल। कावल মন (Will) পীড়িত না হইয়া ইচ্ছার (Centres af volition) কেন্দ্র সকলের षावान यन शीफ़िंठ इरेशां हिल। त्रांशी मम्पूर्वेडः जस हिल, कनीनिका অভ্যন্ত প্রদারিত এবং রেটিনার কার্য্য প্রভাবও ঐ সময়ে বিনষ্ট হইয়াছিল। অক্সিবীক্ষণ ছারা দর্শনশক্তির বিনাশের কারণ অবধারিত করা হয়; জানা

গেল—অপটিক্ প্যাপিলাতে দিরম নির্গত ও ইহার দরিকটবর্তীরেটিনার মায়ু পদার্থের ভিতর প্রবেশ করাতে ইহা উৎপন্ন ছইয়াছে; কিন্তু উক্ত অংশে যে ক্রিয়াতিরিক্ত (Hyper-action) ঘটয়াছে এরূপ কোন প্রমাণ পাওয়া যার নাই; কেন্দ্রস্থ আর্টারির ও রেটিনার ভেইনের মধ্যস্থ রক্ত সঞ্চলন পরিবর্তিত হয় নাই; রক্তপ্রাব বা অপ্টিক্ নিউরাইটিদের লক্ষণ উপস্থিত ছিল না; অতএব দর্শন বিনাশ হইতে এবং পক্ষাঘাত হইতে আরোগ্য লাভ সম্বন্ধেও লোকে উত্তম ভাবিফল নির্ণয় করিতে পারিত। অপ্টিক্ প্যাপিলার অবস্থা এবং বিবরণ দারা আমরা এই দির্নান্ত করি যে, যে কারণে রেটিনার শক্তির স্থাপ্ত হইয়া থাকে, তদ্রপ কারণের উপর পীজ্তি অঙ্গ সঞ্চালন শক্তির স্থাপত নির্ভর করে; স্ক্তরাং যেমন পূর্বেই উক্ত হইয়াছে, মন্তিক্রে সিয়ম নির্গত হইয়াছে সিদ্ধান্ত করা যায়।

# য়াটুফি অব্দি অপ্টিক্ প্যাপিলা (Atrophy of the Optic Papilla) অপ্টিক্ প্যাপিলার শুস্কতা।

বর্ণনার স্থবিধার জন্য প্যাণিলার শুক্তা রোগকে ছই শ্রেণীতে বিভক্ত করা হয়—প্রথমতঃ, যে সকল স্থলে চক্ষু বা দর্শন সায়তে প্রদাহজনক বা জন্য কোন প্রকার পীড়ার পরিণামে যে ক্ষতিজনক পরিবর্ত্তন ঘটে এবং যাহাকে কম্পিকিউটিভ্ বা জন্ত রোগের পরিণাম স্থরূপ বলা যায় এবং দ্বিতীয়তঃ যে স্থলে ঐ পীড়াই প্রাথমিক জর্থাৎ এমন একটি ক্ষতিজনক পরিবর্ত্তন যাহা জভ্যন্তরভাগ হইতে আরম্ভ হয়, এবং যাহার পূর্ক্ষে কোন প্রবল লক্ষণ প্রকাশ পায় না ও যাহাকে প্রাইমারি বা প্রোগ্রেসিভ্ য়াটুফি বলা যাইতে পারে; এই চিকিৎসাকালে উভয় প্রকার পীড়াই প্রায় এক সঙ্গে দেখিতে পাওয়া যায়।

। কন্দিকিউটিভ্ র্যাক্রিফি (Consecutive atrophy)। ইহা চক্ষু, দর্শন স্বায়্বা মস্তিকের বিবিধ পীড়ার পরিণামে ঘটিতে পারে; এই সকলের অবিকাংশেরই বিষয় আমরা আলোচনা করিয়াছি।

অপ্টিক্ নিউরাইটিদ্ রোগের বর্ণনাকালে উক্ত হইয়াছে যে, স্নায়্র প্রদা-হের পরিণামে প্যাপিলার ভক্তা ঘটয়া থাকে এবং এই সকল ফুলে প্যাপিলার পরিধি বিষমাকার এবং তত্পরি কৃষ্ণবর্ণ পদার্থ সকল সচরাচর দেখা যায়; আরও বলা হইয়াছে যে ডিস্ক্ স্বয়ং শ্বেতবর্ণ ধারণ করে এবং রেটিনা মধ্যস্থ আর্টারি ও ভেইন্ সচরাচর সঙ্ক্চিত হইয়া থাকে; ভেইন্ প্রসারিত ও বক্রগতি বিশিষ্ট হইতে পারে।

রেটিনার পিগ্মেন্টারি বা বর্ণদায়ক পরিবর্ত্তনের শেষে, উপদংশ বশতঃ রেটিনাইটিদ্ রোগ হইলে, বা ইরিডো-কোরইডাইটিদ্ বা এতজ্ঞপ কোন পীড়ার পরিণামে, যে প্রকার প্যাপিলার শুক্ষতা উৎপন্ন তাহা বর্ণনা দ্বারা জনায়াসে নির্ণয় করা যাইতে পারে। কারণ প্যাপিলার শুক্ষতার লক্ষণ ব্যতীত এই সকল স্থলে যে কারণ হইতে এই অবস্থা উপস্থিত হয় তাহা জনায়াসে জানা বায়।

শেষতঃ প্লকমা ও পষ্টিরিয়র্ স্ট্রাফিলোমা রোগে যেরূপ শুক্ষতা উপস্থিত হয় তাহা সাধারণতঃ ডিস্কের কাপ্ট বা বাটীর (Cupped) স্থায় মূর্ত্তি ও রোটনার মধ্যস্থ ভেইনের পূর্ণাবস্থা দারা লক্ষিত হইয়া থাকে।

২। প্রাইমারি য়াট্রফি (Primary atrophy) অর্থাং প্রাথমিক শুক্তা—
আমরা সচরাচর আর এক প্রকার প্যাপিলার শুক্তা দেখিতে পাই; উহা
মন্তিক বা অপ্টিক্ প্রদেশের পীড়ার বিশেষ লক্ষণ যাহাকে প্রোগ্রেসিভ্
য়াট্রফি (Progressive atrophy) বলা যায়\*। এই প্রকার শুক্তা মন্তিকের
কোন পীড়া না হইলেও ঘটিতে পারে, কিন্তু কোন কারণ ব্যতীত ক্রমিক
দর্শন শক্তির হ্রাস (য়্যামরোসিস্) এই রোগে ঘটিয়া থাকে। রোগীর
কোন বেদনা অন্তব হয় না; কিন্তু সাধারণতঃ রোগী তাহার চক্ষ্র
সন্থে আলোক ঝলক এবং অগ্রিফ্বলিঙ্গ নিরীক্ষণ করে; এবং কনীনিকা
সচরাচর সন্ধূচিত এবং অচল হয় মাত্র নতুবা অন্যান্য বিষয়ে চক্ষ্ স্থান্থ দেখায়।
এই সকল শুলে বর্ণান্ধতা সচরাচর একটি স্বব্যক্ত লক্ষণ। অল্লে২ দর্শনশক্তি
হ্রাস প্রাপ্ত এবং অবশেষে উহা সম্পূর্ণরূপে বিনম্ভ হইয়া থাকে, এবং হতভাগ্য
রোগী এইরূপে সম্পূর্ণ অন্ধতার লক্ষণ শ্বরূপ দৃষ্ট করিতে বাধ্য হয়।

অক্ষিবীক্ষণ দারা এক চক্ষ্ অথবা উভয় চক্ষ্—পরীক্ষা করিলে কারণ উভয় চক্ষ্ই সচরাচর পীড়িত হয়—অণ্টিক্ ডিস্ককে মুক্তার ন্যায় খেতবর্ণ,

<sup>\* &</sup>quot;Alterations du Nerf Optique," par X. Galezowski, p. 84.

#### जशिक् भागिनांत साहि कि।

পোলাকার ও চ্যাপ্টা, এবং ইহার পরিবিকে উত্তমরূপে সীমাবর ও সমাকার এবং রেটিনার মধ্যস্থ আর্টারি ও ভেইন্কে স্বাভাবিক আরুতি ও মূর্দ্তিবিশিষ্ট দেখিতে পাওয়া যায়। (Fig 3 Plate V1)। স্পষ্টই দেখা যাইতেছে যে এই সকল স্থলে, অপ্টিক্ প্যাপিলাই পীড়িত হইয়া থাকে, কোন কারণ বশতঃ যদি অপ্টিক্ ডিস্কের এই সকল পরিবর্ত্তন ঘটিয়া থাকে তাহা তিরোহিত হইলে পরীক্ষা স্বারা জানিতে পারা যায় যে অপ্টিক্ ডিস্ক্ স্ত্রময় বিধান স্বারা অধিকৃত ও ইহার সায়ু পদার্থ অদৃশ্য হইয়াছে।

কারণ। পূর্ব্বেই উক্ত হইয়াতে যে, সায়ুকেন্দ্রের পীড়ার নিমিত্ত করোটীর অভান্তরে উত্তেজনা উপস্থিত হওয়াতে, প্রধানতঃ, প্যাপিলার প্রোণ্ডোসিভ্ র্যাট্রিফি ঘটে এবং যথন আমরা বৃক্তিতে পারি যে স্নায়ু মণ্ডলের অন্ধাংশের বিবিধ অংশের রোগজাত পরিবর্ত্তন এবং সেরিবেলাম্ স্পাইন্যাল কর্ড ও করোটির অধাভাগ হইতে উথিত অর্ব্রুদ প্রভৃতি কারণে অপ্টিক্ প্যাপিলার প্রোণ্ডোসিভ্ র্যাট্রিফি ঘটে—তদবস্থায় আমরা, এই সকল স্থলে, মন্তিক্ষ পীড়ার বা অন্য কোন মহত্তর স্নায়ু বিধানের ক্ষতির লক্ষণ প্রকাশ পাইবে এমত আশা করিতে পারি। স্নায়ুকেন্দ্রের অধিকাংশ পরিবর্ত্তিত হইলে প্যাপিলার প্রোণ্ডোসিভ্ র্যাট্রিফি হয়—ইহা ব্যতীত উহার কারণ এখনও নির্দারিত হয় নাই; অতএব এই বিষয় সম্বন্ধে ছই এক কথার অধিক বলা ভাল দেখার না।

এম্ গেলেজায়াদ্কি বলেন প্যাপিলার প্রোগ্রেসিভ্ য়াট্রিফর পরিণামে যে য়াম্রোসিদ্ হয়, তাহা পুরুষজাতির ভিতরেই সচরাচর ঘটয়া থাকে; শতকরা ৭০ জন পুরুষ এই পীড়ায় আক্রান্ত হয়। তিনি বলেন—পুরুষজাতির সমধিক মন্তিক চালনা এবং অনিয়মিত মদ্য পান ও তামাক সেবনই তাহার কারণ। ডাক্রার ম্যাক্নামারা মানসিক শ্রম এবং মদ্যপানকে প্রোগ্রেসিভ্ য়াট্রিফর কারণের অন্তর্ভূত করিতে প্রস্তুত আছেন, কিন্তু তিনি ইহা বিশাস করেন না যে কেবলমাত্র তামাকের ধ্মপানেই মন্তিক বা অপ্টিক্ নার্ভের এমত পীড়া জন্মিতে পারে, যাহাতে প্যাপিলার প্রোগ্রেসিভ্ য়্যাট্রিফ উৎপন্ন হয়। শ্বাপানের সঙ্গেই অতিরিক্ত দ্বী সংসর্গ এবং অন্তান্ত কু-আভ্যাস থাকিলে

<sup>\*</sup> See "Lecture on the Theory and Practice of the Ophthalmoscope." By H. Willson, F. R. C. S.; Dublin, 1868.

আন্ধতা উৎপন হইতে পারে। তথাচ, এই বিষয়ে প্রদিদ্ধ অস্ত্রচিকিংসক দিগের মত ভিন্ন প্রকার। তাঁহারা বিবেচনা করেন—কেবল অত্যন্ত ধ্ম পানেই অপ্টিক্ প্যাপিলার শুক্ষতা হইতে পারে।\*

এম গোলেজো য্যাস্কি আরো বলেন যে, ডিস্কের প্রোগ্রেসিভ্ য়া ট্রিফ অধিকাংশ হলেই মন্তিক্ষের অধোভাগের ও সায়ুর রক্তবহা নাড়ীর ম্যাথেরো-মেটস্ বা কন্ধরবং অবস্থার নিমিত্তই উৎপন্ন হয়। তিনি বলেন যে প্রোগ্রে-সিভ্ য্যাট্রফি রোগ বশতঃ যদি রোগীর দর্শনশক্তি বিনপ্ত হয় এবং আমরা ঐপীড়ার অন্য কোন কারণ নির্দ্ধারিত করিতে না পারি, তবে আমরা রক্তবহা নাড়ীর প্রাচীরের য্যাথেরোমেটস্ পরিবর্তনই ইহার কারণ বলিয়া অবধারিত করিতে পারি।

ভাবিফল। সাধারণতঃ অসন্তোষজনক, কিন্তু আমাদের সকল পীড়া-তেই আশা নাই বলিয়া পারিত্যাগ করা উচিত নহে। কারণ এমত সকল পীড়ার দৃষ্টান্ত লিথিত আছে যাহাতে রাট্রিফর স্থব্যক্ত লক্ষথ বর্ত্তমান থাকিলেও রোগীর দর্শনশক্তি কিয়ৎপরিমাণে আরোগ্য হইরাছিল। পীড়ার প্রাথমিক অবস্থায় যখন ডিফ্-ক্রমেং ওক হইতে আরম্ভ হয়, তথন উহা কিরূপ তাহা নিরূপণ করা কষ্টকর হইতে পারে। এবং যে পর্যান্ত স্বাভাবিক অবস্থায় ডিফ্—যেরূপ থাকে যথার্থতঃ তদপেক্ষা অধিক খেতবর্ণ না হয়, ততক্ষণ আমরা পীড়ার প্রাথমিক অবস্থায় কথনই বলিতে পারি না বে এই বর্ণের ব্যতিক্রম ক্ষণস্থারী কারণের ফল নহে; কিন্তু রোগী যদি এমত জমিক দর্শনশক্তির হ্রাদের কথা বলে যাহা কন্কেভ্বা কন্ভেক্স চদমা দ্বারা সংশোধিত হইতে পারে না এবং যদি দৃষ্টি হ্রাদের হেতু ভূত অন্ত কোন লক্ষণ বা আকৃতি উপস্থিত না থাকে, তাহা হইল রোগ নির্ণয় করিবার পক্ষে অত্যন্ত সুবিধা হয়। যদি, এতদ্বাতীত, চক্ষুর সন্মুখে আলোকঝলক দেখিতে পাওয়া যায় এবং প্যাপিলা ক্রমে খেতবর্ণ হইয়া যায় তাহা হইলে আমাদের পীড়ার পরিণাম সম্বন্ধে ভাবিত হইতে হয়; কারণ, আমরা সাধ্যমত যাহা করিতে পারি, তাহা সত্ত্বেও সম্ভব্নমতঃ রোগী য়্যামোরেটিক্ অর্থাৎ সম্পূর্ণ অন্ধ হইতে পারে।

<sup>\*</sup> Carter's Translation of Zander "On the Ophthalmoscope," p, 131.

#### এমরিওপিয়া ও য়াম্রোদিস্।

চিকিৎসা। — পীড়ার প্রকৃতি অনুসারে ইহাও ভিন্ন প্রকার হয়; কিন্তু প্যাপিলার প্রোগ্রেসিভ্র্যাট্ফির সঙ্গে সচরাচর স্বায়ুকেন্ত্রের পীড়া সংযুক্ত থাকে বলিয়া যাহাতে এই মহৎ অংশের ব্যাধি প্রথমে আরোগ্য হয়— তাহার চেষ্টা করা উচিত। হুর্ভাগ্য বশতঃ এখনও পর্যান্ত পীড়ার চিকিৎসা প্রণালীর বিশেষ উন্নতি হয় নাই; যাহা হউক, বোধ হয়, ইলেক্ট্রো-ম্যাগ্রেটিক্ কারেণ্ট্ দারা মন্তিদ্ধের ত্রহে পীড়ার পরিবর্ত্তন করা যায় এবং আন্রা ইহাও আশা করিতে পারি বে, সময়ক্রমে এতদ্সম্বনীয় জ্ঞান বৰ্দ্ধিত হইবে। যাহা र डेक आगारमंत्र अरे मकल शीफ़ांत मृतवर्डी कांत्रण विनष्ठ कतिवांत अथवा वांधा দিবার, চেষ্টা করা উচিত; রোগী যদ্যপি গাউট্ বা বাতরোগগ্রস্ত হয় ভাহা হুইলে এই সকল কারণে মল্ভিফের পীড়া জিন্মিয়াছে ইহা অমুমান করিতে পারা याय। উপদংশ ও गालि दिया आवाद निःमत्मरहे आयु कित्त शी ए। উৎপन করিতে চেষ্টা করে বলিয়া, এই প্রকার পীড়ার চিকিৎসাকালে আমাদিগের উহাদিগের বিষয়ও বিবেচনা করা উচিত। উক্ত বিষয় সকল বিশেষ অবগত হইলে আমরা কিঞ্চিৎ পরিমাণে রোগের বৃদ্ধি রহিত করিতে পারি; এই অনুষ্ঠানে তাদৃশ শুভফলের আশা না ফলিলেও, রোগীকে অন্ধতা হইতে আরোগ্য করিবার জন্য আমাদের সাধ্যমত চেষ্ট্য করা কর্ত্তবা।

ত্রাবিপ্ত পিয়া ও য়া ম্রোসিস্ (Amblyopia and Amaurosis) তর্থাৎ দর্শন শক্তির আংশিক ও সম্পূর্ণ বিনাশ।
চক্ষ্র রায়্ যয়ের পীড়া সমূহের আলোচনা পরিত্যাগ কবিবার পূর্বের, এই বিষয়ে ছই এক কথা বলা আবশ্যক; কিন্তু ডাক্তার ন্যাক্নানার মতে, পূর্বভাগে যাহা লিখিত হইয়াছে, তাহাই এস্থলে উক্ত সংজ্ঞা ব্যবহার এক প্রকার অনাবশ্যকীয় করিয়া তুলিয়াছে; অর্থাৎ বর্তুমান সময়ে আমাদিগের এত অনিশ্চিত ও বছবস্ত বোধক উক্ত সংজ্ঞা ব্যবহার আবশ্যক নাই; প্রায়্ম সকল স্থলেই, রোগী নেরূপ প্রকার দর্শনশক্তির হ্রাস বা বিনাশ অমুভব করুক না কেন, আমরা উহার একটি নিশ্চিত কারণ নির্দিষ্ট করিতে পারি।

ভাকার বেডার্ রাাম্রিওপিয়া ও রাামরোসিস্ রোগকে নিম লিণিত শ্রেণীতে বিভাগ করেন। \*

<sup>\*</sup> Guy's Hospital Reports, vol. xii. p. 578.

১ম। আক্ষিক বা অকুলার্ ( Ocular )।—(ইহা রেটিনা, কোরইড্ বা অপ্টিক্ স্নায়ু সমূহে হইতে উৎপন্ন হইতে পারে)।

২য়। এক্ষ্বাসকুলার্ বা (Extra-ocular) অফির বহিঃস্থিত। (যথা অফি-কোটর সম্বন্ধায়)।

তয়। মস্তিক্ষের বা কশেরুকা মজ্জা সম্বন্ধীয় (Cerebral or Spinal)। সকল প্রকার আক্ষিক পীড়ার সকল অরস্থাই এই বিভাগের অন্তর্গত।

অন্ধতা আংশিকই হউক ৰা সম্পূর্ণই হউক, যদি উহা প্রথমোক্ত কারণ সমূহের মধ্যে কোন একটা হইতে উৎপন্ন হয়, তবে তৎসম্বন্ধীয় বিচার রেটিনা, কোরইড্ ও অপ্টিক্ নার্ভের পীড়ার অধ্যায়ে দেখিতে পাওয়া যাইবে।

বিতীয় শ্রেণীস্থ পীড়ার দৃষ্টান্ত স্বরূপ, দর্শন স্নায়্র শুকোৎপাদক অক্ষি-কোটরের কৌষিক বিধানের প্রদাহ সম্বন্ধে যাহা বলা হইয়াছে, তাহাও এস্থলে উল্লেখ করা যাইতে পারে। স্থপ্রা-অর্বিট্যাল্ নার্ভের আঘাত ও অপায় জনিত স্থানরোসিদ্ ইহার, আর একটি দৃষ্টান্ত হল। এক্স্ অপ্থ্যাল্মদ্ ও উহার কারণ সমূহ, এই শীর্ষের অন্তর্গত; কারণ উহারা য্যামরোসিদের মূখ্য বা গৌণ কারণ; অপ্টিক্ ট্রাক্ট্ ও দর্শন স্নায়্র নাড়ীর উপর করোটির অভ্যন্তরস্থ কোন অর্ক্দের পীড়নে—অথবা ন্যাপপ্রেক্সি, মন্তিস্ক বা ইহার আরক ঝিলির টিউবার্কিউলার রোগ এবং মন্তিক্ষের অধ্ভাগের বা বেদের আঘাতের দারা—সম্পূর্ণ অন্ধতা উৎপন্ধ হইতে পারে।

এই গ্রন্থের পূর্ব্ব পূর্ব্ব অধ্যায়োক্ত বিষয় সকল সবিস্তর আলোচনা করিবার পূর্ব্বে দর্শনশক্তির আংশিক ও সম্পূর্ণ হ্রাস সম্বন্ধে ছই একটা কথা বলা প্রার্থ-নীয়।

বলা বাহুল্য যে সম্প্রতি যে খেণীর পীড়ার আলোচনা করিতেছি

## এম্ব্রিওশিয়া ও য়াামরোসিস্।

াহাদের অবস্থা দকল উদ্ভিম্ক্রপে অবগত হইতে হইলে অত্যন্ত সাবধান পূর্মক দর্শন-ক্ষেত্রের অবস্থা নিরূপণ করা আবশ্যক; ইহার অন্তর্ভাগ (Periphery) অপেক্ষাকৃত সুস্থাকিতে পারে, অথচ দর্শনক্ষেত্রের মধ্য-ভাগ আলোক উত্তেজনাম উত্তেজিত হইতে অসমর্থ হয় অণবা কখন কখন ইহার বিপরীত ঘটিয়া থাকে। উভয়ন্থলেই রেটিনা ও অপ্টিক্ ডিস্ক্ অকিবীক্ষণ শারা পরাক্ষিত হইলে, স্কুষ্ দেখাইতে পারে; কারণ, এই পীড়ার দর্শন-শক্তির হ্রাসই প্রধান ও ব্যক্ত লক্ষণ। ইহা দেখা কর্ত্তব্য যে স্কোটমারোগের ভাষ ইহাতেও এই দোষ কেবল নাত্র স্থানে স্থানে ঘটিয়াছে, অথবা দর্শনের হ্রাদ অন্তভাগ হইতে দৃষ্টিমেকর ( Axis of vision ) দিকে বিস্তৃত হইরাছে। অতিকতর গুপ্তভাবে যে সকল রোগ প্রকাশ পায় ও ভয়ানক রূপে যে সকল রোগে দর্শনশক্তির ক্রমিক হ্রাদ ঘটে, তদপেক্ষা স্বোটমা রোগ রোগীর শীন্ত্র অনুভূত হইবার সম্ভাবনা; রেটিনার স্পর্শবোধ শক্তির হ্রাস প্রযুক্ত, উহা সচ-রাচর পূর্ণান্ধতার (Amaurosis) পূর্ব্ব লকণ হইয়া থাকে এবং বহির্দিক হইতে দৃষ্টিমেরুর দিকে অগ্রদর হয়। সাধারণ নিম্নস্বরূপ ইহা বলা বাইতে পারে যে দৃষ্টিক্ষেত্রের এম্ব্রিওপিয়া হেতু যে সঙ্কোচন ঘটে তাহা রেটিনার শভাদেশের থাকে, কিন্তু উহারা কথন দৃষ্টিমেরুর উর্দ্ধে বা অধোদেশে আরম্ভ হয় না। উক্ত ক্ষেত্রের সম্বোচন বহির্দিক হইতে অভ্যন্তর দিকে অগ্রসর হয়, তাহাতে দৃষ্টি-ক্ষেত্রের সমস্ত বাহ্য এবং অভ্যন্তর উভয় দিক অন্ধকারাবৃত হওয়াতে অর্থাৎ আলোকাত্মভবে অসমর্থ হওয়ায় দৃষ্টিক্ষেত্রের আকৃতি কেবলমাত্র একটা বিদারিত স্থানের ন্যায় হয়। দৃষ্টিক্ষেত্রের হেমিওপিয়া উভয় রেটি-नात पक (मार्म घरि), देश पककारण वा किकिश अध शकार छे९शन হয়। তাহাতে অপ্টিক্ নার্ভের একটি মূলের পীড়া প্রকাশ পাইয়া থাকে; কিন্তু এই দকল স্থলে উভয় চক্ষুতে, দৃষ্টিক্ষেত্রের দীমা এত সুব্যক্ত থাকে, বে তত্বারা আমরা একেবারেই রোগের প্রকৃতি এবং যেরূপ অপচয়ের উপর এই সকল লক্ষণ নির্ভর করে তাহারও প্রকৃতি নিরূপণ করিতে,

मल्पूर्व अमल्युनीकडी द्वार्थ कनीनिकांत अवस् अভावछः आमापिरशत

দৃষ্টিপথে পতিত হয়। সম্পূর্ণ অন্ধতা (Amaurosis) রোগে বা সিলিয়ারি সিস্টমের পক্ষাঘাত ঘটিয়া বা ভৌতিক কারণে আইরিস্ আকুঞ্চন ও প্রসারণে অসমর্থ হইলেই কেবল কনীনিকার অচলত্ব দেখিতে পাওয়া যায়। সম্পূর্ণ অন্ধ চক্ষুর অনির্দিষ্ট ও অতিশয় চলতা স্থব্যক্ত থাকে।

কারণ ও ভাবিকল। ন্যামরোসিদ্ বা এম্ব্রিওপিয়া রোগ ভোতিক কারণে জনিতে পারে; যথা,—চক্ষুতে আঘাত লাগিয়া রেটিনা স্বীয় সংস্ট অংশ (Attachments) হইতে বিমুক্ত এবং উহার এক বা হই রক্তনাড়ী বিদীর্ণ হইলে নেই রক্তস্রাব প্রযুক্ত রেটিনার কোমল স্নায়্ বিধান ছিন্ন হইয়া সম্পূর্ণ বা অসম্পূর্ণান্ধতা ঘটিয়া থাকে। পীজিত নাড়ীর বিদারণ জন্ম রক্তস্রাব হইলেও এতজ্ঞপ ফল ঘটিতে পারে। এইরূপে দর্শনন্থাস, বিশেষতঃ যদি অল্পনিনের পীজা হয় ও অপ্টিক্ ডিস্ক্ স্কন্থ দেখায়, তাহা হইলে, জারোগ্য হইতে পারে; কিস্ক যদি প্যাপিলা ক্রমে২ শুদ্ধ হইতে থাকিলে ভাবিকল অত্যন্ত অসম্ভোষ জনক হয়। রেটিনার কেক্রন্থ আর্টারি এম্বলা দারা অবরুদ্ধ হওয়াও এই শ্রেণীর অন্তর্গত।

জরায়ু, পাকস্থনী, বা শরীরের অস্থান্য যত্ত্বে অন্তান্ত রক্তর্ম্বাবের পর দর্শন শক্তির হ্রাদ বিকাশ হয়; যদ্যপি শীঘ্রণতিতেও দম্পূর্ণ হয়, তবে সাধারণতঃ তাহা আরোগ্য হয় না। এই প্রকার সম্পূর্ণান্ধতা সমস্ত দৃষ্টিক্ষেত্রে তীক্ষ দর্শনের ক্রমিক হ্রাদের সহিত আরম্ভ হয়। এবং রোগ সাধারণতঃ এক দেশে আবদ্ধ থাকে। প্রথমে, বোধ হয়, উহা কিছু সময়ের নিমিত্ত অদৃশ্য হয়, কিন্তু উহা নিশ্চয়ই প্রত্যাগত হইয়া থাকে এবং উপর্যুক্ত রূপে পরিণত হয়। এরূপ হইতে পারে যে অক্ষিবীক্ষণ দারা কিছুই নিরূপণ করিতে পারা যাম না; তথাচ, স্বাভাবিক রক্ত স্রোত প্রত্যাগত হইলে রোগী যে আরোগ্য লাভ করিবে অন্যান্য চিকিৎসকের ন্যায়্ম, আমরা এরূপ আশা করিতে পারি না।

অতান্ত স্তন্যদানের পরিণানে যে দর্শনশক্তির সম্পূর্ণ হ্রাস হয় তাহাতেও উক্ত মন্তব্য সমূহ প্রযোজ্য। এই সকল স্থলে ইহা অতিশয় সম্ভব যে, রেটি-নার স্বায়ু উপাদানের পুষ্টি সম্যক না হওয়াতে, এই সকল কোমল বিগানে অসংশোধনীয় পরিবর্তন ঘটে, তাহাতেই দর্শনশক্তি হ্রাস প্রাপ্ত হয়।

### এম্ব্রিওপিয়া ও য়ামরোসিস্।

ডাক্তার ম্যাক্নামারা গর্ত্তাবস্থার যে আংশিক অন্ধৃতা ঘটে তাহার ছইটি
দৃষ্টান্ত দেবিয়াছিলেন। তাহাদের কোন স্পষ্ট কারণ শীঘ্র অমুভূত হয় নাই;\*
এবং মিষ্টার লসন্ কর্ত্ত্ক বিবৃত্ত দৃষ্টান্তের সহিত্ত তাহাদের অনেক সৌনাদৃশ্য
ছিল। এই উভয় স্থলেই ডাক্তার ম্যাক্নামারা অপ্টিক্ ডিয়ের উপর কিঞ্চিৎ
পরিমাণে রসাদি দ্রাব (effusion) দেখিয়াছিলেন। দর্শন শক্তির হাস
সপ্তম মাস হইতে প্রসবের সময়াবিধি ক্রমে ক্রমে ঘটিয়াছিল এবং তাহার
পরেও উহা আরোগ্য হয় নাই। গর্ত্তাবস্থার সময়ে আংশিক অন্ধৃতা রোগে
যদিও অক্ষিবীক্ষণ দ্বারা আমরা কোন পীড়ার ব্যক্ত লক্ষণ দেখিনা, তত্রাচ
এমত সকল স্থলে ডাক্তার ম্যাক্নামারা অত্যন্ত সাবধানের সহিত্ত ভাবিফল
নিরপণ করিতে পরামর্শ দেন।

ভারেবিটিদ্ বা শর্করামেহ রোগাক্রান্ত রোগীদিগের মধ্যে সময়েং যে কাপ সম্পূর্ণান্ধতা দেখিতে পাওরা যায়, তাহা যদি য়াকনডেসন্ বা সুস্থান প্রভ্ তির ক্রিয়ার পক্ষাবাত নিমিত্ত উৎপন্ন হইরা থাকে, তত্রাচ আমাদিগের উহাকে এই পীড়ার শ্রেণীর অন্তর্গত বিবেচনা করা উচিত। সিস্ ধাতু দ্বারা আত্যন্ত বিষাক্ত হইলে যে সম্পূর্ণান্ধতা ঘটে, তাহাত্ত এরূপ কারণে উৎপন্ন হইরা থাকে। (১৯০পৃষ্ঠা)। এই সকল স্থলেই, সময়েং, দর্শনশক্তির সংশোধন ঘটিতে পারে; কিন্তু শীত্রই হউক বা বিলম্বেই হউক, প্যাপিলার শুক্তা এবং ভাহার সঙ্গে সম্পূর্ণ অন্ধতা নিশ্চয়ই ঘটিয়া থাকে।

আর এক প্রকার সম্পূর্ণাক্ষতা এই যে তাহা দূষিত রক্তের উপর নির্ভর করে এবং আমাদিগের জ্ঞানের বর্ত্তমান অবস্থাতে স্টেল্ওয়াগ্ যে রূপ বলিয়া-ছেন বে রক্তে কোন দূষিত পদার্থের অবস্থিতি হেতু মন্তিক্ষের বিকার বশ্তঃ এরূপ ব্যাধি উপস্থিত হয় তদ্ধপ বর্ণনা শ্রেয়ড়য়। যেমন য়্যাট্রোপাইন্ একেবারেই দিলিয়ারি লায়ুর অবস্থা পরিবর্ত্তিত করে, এই সকল পদার্থ তদ্ধণ একেবারে অপ্টেক্ নার্ভের ও রেটিনার অবস্থা পরিবর্ত্তিত করিয়া দর্শনশক্তির হ্রাস করে কিষা নানা জাতীয় যান্ত্রিক পরিবর্ত্তিন বশতঃ—বাহাদের মধ্যে প্রোলিফানরেটিব কার্য্য প্রধান (Proliferative) অর্থাৎ যাহাতে অত্যধিক নৃতন পদার্থ উৎপন্ন হইলে পরিণামে অপ্টিক্ নার্ভ শুক্ষ হইয়া (White atrophy)

<sup>\*</sup> Ophthalmic Hospital Reports, vol. iv. p. 66.

পরম্পরা সম্বন্ধে—দৃষ্টির ব্রাস হয় তাহা এ পর্যান্ত ম্পত্ত অবগত হওয়া য়ায়
নাই। \* এই শ্রেণীর প্রধানং পীড়ার মধ্যে নিয় লিখিত কয়েকটী ইউরিমিক্
য়্যাম্রোসিদ্ সিস্ধাতু দারা আনীত য়্যাম্রোসিদ, ও অফিহেন, তামাক,
মাডিরাটিয় ঔষধের অত্যধিক ব্যবহার, নায়ভিমিকা, কুইনাইন ও মদ্য জন্য
য়্যাম্রোসিদ্ উল্লেখ করা যাইতে পারে।

দর্শনশক্তির উপর মদ্য বা য়্যাল্কোহলের প্রভাব সম্বন্ধে এম্ গেলেজ্ওয়াস্কি বলেন যে এই কারণ হইতে যে অসম্পূর্ণ অন্ধতা হয়, তাহা পুরুষজাতির মধ্যে ষটিয়া থাকে। তিনি লিখিয়াছেন যে এই প্রকার অন্ধতার নিম্নলিখিত কয়েকটি লক্ষণ প্রধান। রোগী অনুভব করে যে তাহার দর্শনশক্তি হঠাৎ কিঞ্চিৎ পরি-মাণে তুর্বল হইয়াছে, কিন্ত এইঅবস্থা তথন কয়েক সপ্তাহের নিমিত্ত স্থিরভাবে থাকে। ২য়তঃ—দর্শনশক্তির তীক্ষণতা স্পষ্ট হ্রাসপ্রাপ্ত হয়, রোগা এই গ্রন্থোক্ত অক্ষর শ্রেণীর ৮ কিম্বা ১০ এই ছুই নম্বরের কোন অক্ষরটী প্রায় পড়িতে পারে না ; কোন ২ সংল ৫০ সংখ্যকের ভার বৃহৎ অক্ষর তাহার দৃষ্টিগোচর হয় না। ওয়ত: — দূর দর্শন অত্যন্ত ন্যুন হয়, কয়েক পদ মাত্র দূর হইতে কোন ব্যক্তির মূর্ত্তি স্পষ্ট লক্ষিত হয় না; বোধ হয় যেন এক প্রকার শ্বেতবর্ণ অস্পষ্টভাবে সমস্ত পদার্থ আবৃত করিয়া রহিয়াছে। sর্থতঃ—সচরাচর এই প্রকার অসম্পূর্ণ-ন্ধতার সহিত এক প্রকাব নিষ্ট্যালোপিয়া উপস্থিত হয়; সন্ধ্যাকাল যত নিকট-বর্ত্তী হইতে থাকে, রোগীও অধিকতর স্পষ্টরূপে দেখিতে পায়, তথন অম্প-ষ্টতা অতি অল্প পরিমাণেই থাকে। ৫মতঃ—বর্ণ বিভিন্ন করিবার ক্ষমতার হ্রাস হওয়াও নিতান্ত অপ্রথান লক্ষণ নহে। কার্ম্মাইন নামক লাল বর্ণ (Carmine) ও হরিৎ সম্বন্ধে সচরাচর ভ্রম হইয়া থাকে; গোলাপী বর্ণকে ( Violet ) तक्वर्ग वर तक्वर्गिक भीजवर्ग विवा खान रहा। ५ छ :- वर मकन রোগীরা কোন পদার্থকে সচরাচর দ্বিগুণ বা ত্রিগুণ দেখে; বোধ হয়, চক্ষুর পেশীর আক্ষেপিক আকুঞ্চন তাহার কারণ। একটি ভূত্য প্রত্যেক পাত্র দ্বিগুণ দেখিত, স্মৃতরাং দে ইহাতে কাফি নিক্ষেপ করিতে গিয়া উহার বাহিরে নিক্ষেপ করাতে ভূত্য পদ্চ্যুত হয়। ৭মত:।—এম্বিওপিয়ার সঙ্গে সঙ্গে

<sup>\*</sup> Stellwag von Carion, "Diseases of the Eye." By Hackley and Roosa, p. 668.

সচরাচর দর্শনসম্বন্ধীয় ( হ্যালিউসিনেসন্ ) বিভ্রম ঘটে; উহা, চক্ষুরোগের পরিবর্দ্তে মন্তিক রোগের নিমিত্ত, উৎপন্ন হইয়া থাকে। ৮মং।—উভয় চক্ষুর কনীনিকা সমান থাকে না, একটি সচরাচর অপরটির অপেকা রুহত্তর এবং অনেক সময়ে বিষমাকার হয়। চক্ষুদ্বয়ের বহির্ভাগে অপর কোন পরিবর্ত্তন দৃষ্ট হয় না। সাধারণ নিয়ম স্বরূপে ইহা বলা যাইতে পারে যে অক্ষিবীক্ষণ দারা পরীক্ষা করিলে কেবলমাত্র পরস্পরা পরীক্ষার যে ফল তাহাই ( Negative results ) প্রাপ্ত হওয়া যায়; অপ্টেক্ নার্ভের প্যাপিলা স্বাভাবিক বর্ণ বিশিষ্ট থাকে। কোন কোন স্থলে, বিশেষতং নাড়াগুলির সানিধ্যে, এক প্রকার রমস্রাব ( Serous suffusion ) দেখিতে পাওয়া যায়। কোন কোন স্থলে আর্টারিতে আক্ষেপিক সঙ্কোচন দেখিতে পাওয়া যায়, এবং ভেইন্ গুলি বক্র ও রক্তপূর্ণ হয়। যেমন পীড়া বর্দ্ধিত হইতে থাকে, এই অবস্থাও অদিকতর স্থব্যক্ত হয়, এবং তথন অপ্টিক্ নার্ভের প্যাপিলা অন্ধ্রুল ও শ্বেত্বর্ণ হইয়া থাকে; কিন্তু প্যাপিলা প্রোগ্রেসিভ্ য়্যাট্রফিতে যেকপ মুক্রার স্থার শ্বেত্বর্ণ ধারণ করে, এহলে তক্রপ হয় না।

উপর্যক্ত লক্ষণ সকল বর্ত্তমান থাকিলে এই পীড়া নির্ণর করিবার আবখক থাকে না; এতদারা ইহা প্রমাণ করা যাইতে পারে যে স্থরাপান জাত
এম্ব্রিওপিয়া কেবল মাত্র চক্ষ্র পীড়া এবং কেবল প্যাপিলার প্রারক্ষ
য়াট্রিফি বা শুক্তার সহিত উহার ভ্রম হইতে পারে। কিন্তু এতৎসম্বন্ধে যে
কোন সন্দেহ হইতে পারে, তাহা উক্ত পীড়ার পরবর্ত্তী লক্ষণ সকল দৃষ্টে
অন্তর্হিত হয়; শুক্ত রোগ ক্রমে ক্রমে বর্দ্ধিত হয়, এম্ব্রিওপিয়া কয়েক সপ্তাহ
বা কয়েক মাসের নিমিত্ত স্থিরভাবে থাকিতে পারে। ইহা সম্পূর্ণরূপে
আরোগ্য হইতে পারে এবং অধিক পরিমাণে স্থরাপানের পর প্রত্যাগমন
করে।

এম্ গেলেজোয়াস্কি এই প্রকার এম্ব্রিয়োপিয়া রোগের সংপ্রাপ্তি সম্বন্ধে বলেন যে, ইহা আটারি গুলির দীর্ঘাভাবে বিন্যস্ত স্ত্র অর্থাৎ যদ্ধারা আটারির প্রসারণ হয় সেই সকল স্ত্রের এক প্রকার পক্ষাঘাত বশতঃ (Paresis)ও সেই সকল নাড়ী গুলির অঙ্গুরীয়বৎ স্থ্রের আক্ষেপিক সঞ্চোচনের নিমিত্ত উৎপশ্ন হয়। আর্টারি গুলিতে প্রচুর পরিমাণে রক্ত উপস্থিত হয় না ও ভেইন্ গুলিতে

এক প্রকাব প্যাসিভ্ রক্তাধিক্য হয়। এই মতামুসারে, ইসিরিণ্ বা ক্যালেবারবিনের কলিরিয়ম্ বা চক্ষে নিক্ষেপণার্থ দ্রব প্রস্তুত করিয়া চক্ষে নিক্ষেপ্ করিলে
আটারি সম্হের আক্ষেপিক অবস্থা গত হইয়া শৈথিলা উপস্থিত হয়। এই
ঔষধ যে উপকারী তদ্বিয়ে আর কোন বিসম্বাদ হইতে পারে না; কারণ,
এই ঔষধ প্রয়োগের অব্যবহিত পরেই রোগী তৎক্ষণাৎ স্কুত্ব হয়, এবং
যতক্ষণ ইহা কার্যা করিতে থাকে, ততক্ষণ অপেক্ষাক্ত উত্তম দেখিতে পায়
এবং প্রত্যাহ ইহা ব্যবহার করিলে উপকার স্পষ্ট অমুভূত হয়। অনেক স্থলে
অধিক মাত্রায় রোমাইড্ অব্ পটাসিয়ম্ ঐ রূপ ফল দেখায়। তাহাতে,
সর্ব্ব প্রকার স্বরাপান জ্বনা চিকিৎসায় উক্ত ঔষধের ব্যবহার সম্বন্ধে এম্ গাবলারের যে মত আছে তাহা দৃঢ়ীভূত করিতেছে \*।

সংক্ষেপতঃ। ১ মতঃ,—স্থরাপানে অধিক কাল লিপ্ত হইলে, বিশেষতঃ অনাহারের পর বা মধ্যাহ্ন ভোজনের পূর্বের পান করিলে, এই পীড়া প্রায়ই ঘটে। ২য়তঃ—কুখাদ্য ভক্ষণ করিলে ও তুরাবস্থায় থাকিলে ইহা বদ্ধিত হয়। ৩য়তঃ—সাবোগ্য লাভের নিমিত্ত কয়েক সপ্তাহ বা কয়েক মাস স্থরাপানে সম্পূর্ণরূপে বিরত থাকা অত্যন্ত আবশুকীয়। ৪র্থতঃ—ব্রোমাইড্ অব্ পটাসিয়ম্ অত্যন্ত উপকারী ঔষধ। এবং দর্শনশক্তির দোষ সংশোধনের পক্ষেইসেরিন্ কলিরিয়ম্ একটি উত্তম উপায়। ৫ তঃ—প্রাথমিক অবস্থায় এম্বিত্রপিয়ার চিকিৎসা করিলে ইহা সহজে আরোগ্য হইতে পারে, কিন্তু বহু-দিনের হইলে উহা ভয়ানক পীড়াতে পরিণত হয় এবং তথন উহাকে আরোগ্য করা অতিশয় তুকর হইয়া উঠে।

আর এক প্রকার য্যাম্রোসিস্ আছে উহা সপষ্টতঃই রক্তের পরিবর্তিত অবস্থার নিমিত্ত উৎপন্ন হয়; ইহাতে অন্ধতা অতি অন্নদিনস্থায়ী হইয়া থাকে যথা, টাইফস্ ফিবর্ বা স্কার্লেট্ ফিবরের পর দর্শনশক্তির আংশিক বা সম্পূর্ণ হ্রাস প্রায়ই ঘটে। সচরাচর হঠাৎ এই অন্ধতা উৎপন্ন হয়; উহা ছই বা তিন দিবস থাকে, ও তাহার পর আরোগ্য হইয়া যায়। কিন্তু কোনং স্থলে ইহা অতি আশ্চর্য্য দেখিতে পাওয়া যায়, যে কনীনিকা আলোক দারা উত্তেজিত হইয়া থাকে; ভাবিফল কিন্ধপ হইবে এই ঘটনা দারা অনেকটা

জানা যায়; কারণ, কনীনিকা যদি সচল থাকে, যেরূপ অন্ধতাই হউক না কেন, আমরা এই সকল হলে স্থবিধাজনক পরিণাম প্রত্যাশা করিতে পারি। কারণ, এই সকল ঘটনা দারা জানা যায় যে দর্শনশক্তির কারণ যাহাই হউক্ না কেন, উহা, মস্তিক্ষের যে ভাগে আলোকান্তভূতি হয় তাহার ও কর্পোরা কোয়াড্রিজেমিনার মধ্যে অবস্থিতি করে।

অনেক চক্ষু পীড়ায় বর্ণ প্রভেদ জ্ঞান বিনষ্ট হয়, এ বিষয় লইয়া অনেক বিচক্ষণ ব্যক্তি অনেক আন্দোলন করিয়াছেন, কিন্তু তত্রাচ আমরা দর্শনেন্দ্রিয়ের স্থুত্ব বা অস্ত্রত্ত অবস্থার সহিত ইহার সম্বন্ধের বিষয়ে অধিক কিছুই জানিতে পারি নাই। অপটিক সায়ুর মানুটিফি রোগে সাধারণতঃ এই দোষ দেখিতে পা ওয়া যায়। ভাক্তার লিবার এইরূপ ষভত্রিংশ ঘটনা পরীক্ষায় দেথিয়াছেন যে সকল হলেই এম্ব্রিওপিয়া ও দৃষ্টিকেত্রের সন্ধীর্ণতা উপস্থিত ছিল এবং তিনটি ব্যতীত আর্থ স্থলে বর্ণপ্রভেদ করিবার শক্তি ছিল না। সহজ, প্রদাহ জনক, এবং প্রক্মারোগ জন্ম উৎপন্ন স্নায়ুর সকল প্রকার য্যাট্রফি রোগে এবং মর্ম প্রকার এমবি ওপিয়া রোগে এই দোষ দেখিতে পাওয়া যায়। এমন কি যেন্থলে দর্শনশক্তি অত্যন্ত ক্ষতিগ্রন্ত না হয়, সেন্থলেও বর্ণান্ধতা স্প্রব্যক্ত থাকিতে পারে। বর্ণপ্রভেদ জ্ঞানের কোন হানি ঘটিলে তাহাতে স্নায়ু রোগের ভাল মল কিছুই জানিতে পারা যায় না। রোগী রক্তবর্ণ সচরাচর দেখিতে পায় না, কিন্তু নীলবর্ণ মতি উত্তমরূপে দেখিতে পায়; হরিদ্বর্গ, ঈষং পীত বা ধুসরবর্ণ দেগার, গোলাপী ও ভাওলেট্ ঈষং নীলবর্ণ ও পীতবর্ণ সাধারণতঃ পীতবর্ণ ই দেখায়। পীড়ার শেষাবস্থায় কেবলমাত্র ঈষৎ নীলবর্ণ আভা স্পষ্ট অমুভূত হয়, অপর সকল বর্ণ ঈষং খেত, ধূসর বা কৃষ্ণবর্ণ দেখায়। ঘোর গোধূলি শময়ে স্বস্থ চক্ষু দারা যেরূপ দেখিতে পাওয়া যায় এ স্থলেও ঠিক তদ্ধপ ঘটে।

তিনটি স্থলে হেমিওপিয়া রোগে উক্ত দর্শন ক্ষেত্রের স্থস্থ অর্দ্ধেকাংশে বর্ণ প্রভেদজ্ঞান দ্বিত হয় নাই। এই তিনটির একটি স্থলে দর্শনশক্তি প্রায় আরোগ্য হইয়া ছিল, কিন্তু যে দিকে দর্শনের ক্লাস হইয়াছিল দে দিকে বর্ণ প্রভেদজ্ঞান দ্বিত ছিল। কোয়ায়িনো এবং বয়েজ্ ডি লরি প্রতাকেই এক একটি হেমিওপিয়ার দৃষ্টান্ত প্রকাশিত করিয়াছিলেন উভয় স্থলেই অবশিষ্ট ক্ষেত্রে সংপূর্ণ বর্ণান্ধতা ছিল। অকিবীক্ষণ দারা চক্ষ্র কোন অপচয় দৃষ্ট হয় না অথচ এম্বিওপিয়া ভ সেন্ট্রাল্ অধঃস্থ স্বোটমা এক সঙ্গে বর্ত্তমান থাকে একপ প্রকারের এক শ্রেণী ব্যাধি দেখা যায়। সেন্ট্রাল্ স্বোটমা ব্যতীত এম্বিওপিয়া ঘটিতে পারে, এই সকল হলে বর্ণপ্রভেদ জ্ঞান সম্বন্ধে অতি অল্পই ব্যতিক্রম ঘটিয়া থাকে। ২১ জন স্বোটমা হীন এম্বিওপিয়া পীড়াগ্রস্ত রোগীর মধ্যে তিনটি মাত্র বক্তবর্ণ প্রভেদ করিতে পারে নাই। স্থরা তামাক এবং অন্যান্য মাদক দ্বোর অনিয়মিত ব্যবহারের নিমিত্ত এই সকল রোগীর এম্বিওপিয়া উৎপন্ন হয়; ছই এক স্থলে নীরক্তাবস্থা বশতঃ এবং পরিপাকের দোষেও উহা উৎপন্ন হইয়া থাকে। এই সিদ্ধাস্ত যে যথার্থ তাহা এই ঘটনা দারা জানা যায় বে, ৮১ জন এম্ব্রিওপিয়া রোগীর (উহাদের অক্ষিবীক্ষণ দারা চক্ষ্র কোন অপচয়, দৃষ্ট হয় নাই) মধ্যে পঞ্চসপ্রতি জন পুরুষ এবং ৬ জন মাত্র স্ত্রীলোক।

किंख म्लेड जना हीन, दमन् है। न् वा दक्त इस दिना विनिष्ठ धम्-ব্লিওপিয়া রোগে বর্ণজ্ঞানের স্পষ্ট হ্রাস দেখিতে পাওয়া যায়। এই সকল স্থলে, পীড়ার প্রাথমিক অবস্থায়, কথন কথন প্যাপিলার ও নিকটস্থ রেটিনার পার্ষের অতি অল্প পরিমাণে রেখাকার (striated) অস্বচ্ছতা দৃষ্ট হয়। উহা উপদংশ জনিত রেটিনাইটিদ্ রোগের তুলারূপ হইয়া থাকে, কিন্তু এই শেষোক্ত প্রকার পীড়ায় উক্ত অস্বচ্ছতা যে রূপ হয়, এন্থলে তদ্রূপ না হইয়া, উহা রেটিনাতে কেবলমাত্র কিঞ্চিৎ দূর বিস্তৃত হইয়া থাকে। ছুইটি স্থলে বিস্তৃত রেটিনাইটিন রোগের সাক্ষ্য পাওয়া গিয়াছিল; কর্মেক স্থলে স্থানে স্থানে, রক্তস্রাব ঘটিয়াছিল; কিন্তু সাধারণতঃ অক্ষিবীক্ষণ দ্বারা কোন পরি-বর্ত্তন দেখিতে পাওরা যায় নাই। পীড়ার শেষাবস্থায় প্যাপিলার বহিঃস্থিত অর্দ্ধেক অংশের স্থত্ত গুলিকে মলিন বা অল্প নীল আভাযুক্ত দেখা যায়। ইহা কোন কোন হলে, অন্ততঃ আংশিক য়াট্ফির চিহু স্বরূপ হইয়া থাকে। এই প্রকার ষড পঞ্চতি পীড়িত ব্যক্তি দৃষ্ট হয়; তাহার মধ্যে একতিংশৎ স্থলে বর্ণপ্রভেদ জ্ঞান পরীক্ষিত হয়; তাহাদের মধ্যে সকল হলেই স্পষ্ট বর্ণপ্রভেদ জ্ঞানের হ্রাস অনুভূত হইয়াছিল। এই ঘটনা নর্ব্বন্থলে দেখা গিয়াছিল বলিয়া इंशास्त्र भन्ति। विश्वास्त्र विश्वास व

#### এম্রিওপিয়া ও য়ামরোদিস্।

দেন্ট্যাশ্ বা কেন্দ্রস্থ স্থাটোমা সচরাচর উভয় চক্ষুকে ( যদিও অসমান পরিমাণে ) একেবারে আক্রমণ করে । এই পীড়া কেবল প্রায় পুরুষ জাতিরই ইইয়া থাকে । ইহা বিংশত্যাধিক বর্ষ বয়স্ক ব্যক্তিদিগকে আক্রমণ করে এবং চত্বাবিংশং বর্ষ পর্যান্ত বর্ষ যত বর্দ্ধিত হইতে থাকে, ইহাকেও তত অধিকতর উৎপন্ন হইতে দেখা যায়। অনেক সময়ে স্থরাপান ও তাম্রক্টের ধূমপানকে রোগের কারণ বলিয়া নির্দেশ করা হয়, কিন্তু শৈত্য এবং আর্দ্র পদার্থ প্রয়োগ ও ইহার কারণের অন্তর্গত; কোন কোন স্থলে বোধ হয়, উপদংশ জন্মও হইয়া থাকে।

এই ব্যাধি সম্বন্ধে এরপ বিশ্বাস যুক্তিসম্বৃত্ত যে রেটিনা যা মন্তিম সেন্ট্যাল্ স্বোটোনার অবস্থিতি স্থল নহে; কিন্তু কাইএসম্ ও অক্লিগোলকের অন্তরে অপটিক নার্ভের কাণ্ডে উহা আরম্ভ হয় এবং রেটিনাইটিস রোগ বশতঃ উহার উৎপত্তি হয়। স্বস্থাবস্থার নির্ম্মাণ ও ব্যাধিত অবস্থা দারা যতদূর জানা যায় তাহাতে বিলক্ষণ বিশ্বাস হয় যে, যে সকল স্থ্র স্যাকিউলা লিউটিয়ার রডস্ (rods) ও কোন্সে (cones) গমন করে, তাহারা স্বায়ুকাণ্ডের সর্ব্বোপরিভাগে অবস্থিত থাকে এবং যে সকল স্থ্র অন্তর্ভাগে (Periphery) থাকে তাহারা সায়ুর অভ্যন্তরে বিনাম্য থাকে। অতএব পেরিনিউরাইটিস্ (Perineuritis) সেন্ট্যাল্ স্বোটোমার লক্ষণের কারণ নির্দেশ করিয়া থাকে।

কোটোমা-শূন্য এম্রিওপিয়া অপেক্ষা সেন্ট্রাল্ স্থোটোমা সমন্বিত এম্রিওপিয়ার চিকিৎন। সর্বাদাই অপেক্ষাক্কত অন্ন স্থাবিধাজনক। বদ্যাপি বর্ণাক্ষতা দর্শনক্ষেত্রের অন্থর্ভাগ (পেরিফেরি) পর্য্যন্ত বিস্তৃত হয় এবং সায়ু- ভক্ষতার স্পষ্ট লক্ষণ সকল ব্যক্ত করে, তাহা হইলে চিকিৎসা বিফল হয়। বোগীর অবস্থান্থসারে ঔমধাদির ব্যবস্থা করিতে হয়, সাধারণতঃ রক্ত মোক্ষণ, ফর্মকারক, বিরেচক, বলকারক ঔষধ প্রয়োগ করা বিধেয়। কোন কোন স্থানে, অনেক র্ণা চেষ্টার পর, অতি অন্ন পরিমাণে আইওডাইড্ অব্ পটা- বিয়ম্ অত্যন্ত উপকারী বলিয়া প্রমাণীকৃত হইরাছে।\*

<sup>\* &</sup>quot;Colour-blindness" by Dr. Leber; vide "Report on Progress of Ophthalmology for 1870," G. H. D. Noyes, M. D. New York Medical Journal, Feb. 1871, p. 209.

বেটিনা ও অণ্টিক্ নার্ভের পীড়ার বিষয় বিবেচনা করিবার সময় छोळात मार्क्नामाता अहे विषय पृष् विथाम अकान कतिमारहन त्य, त्तिष्ठ-नांत त्रायू छेभानात्नत त्य मकल शतिवर्खन वगठः त्य मकल ग्रामिता-. সিম্ রোগ উৎপন্ন হয়, তাহা সচরাচর এ সকল বিধানের নাড়ী সমূহের রক্তাধিক্য বশতঃ ঘটিয়া থাকে। ইহা সন্তব যে, এই সকল স্থলে সংযোজক স্ত্রের কোষ সমূহই ( Corpuscles ) যে কেবল বুদ্ধি প্রাপ্ত হয় এমত নহে; কিন্তু রক্ত সঞ্চালন স্থিরত্ব প্রাপ্ত হইলে কোমল বিধানের মধ্যে যে সমস্ত রসাদি স্রাব হয়, তাহাও এই কোমল বিধানের বিনাশ সাধন করিতে পারে। এই রূপ কারণের নিমিত্তই, হৃদ্পিডের ক্রিয়াধিক্য হইলে নিঃসন্দেহই এক প্রকার কনজেদ্টিভ্ য়্যাম্রোসিদ অর্থাৎ রক্তাধিক্য বশতঃ য়াাম্রোসিদ বা অন্ধতা উৎপন্ন হইতে দেখা যায়; বুক্ত সঞ্চালনের ব্যতিক্রম বহিত হইলে উহা অদৃশ্য হইতে পারে। মস্তকাভ্যান্তরীয় কারণে রক্ত নাড়ী গুলির পূর্ণা-ঘহাতেও এতজ্রপ পরিণাম উৎপন্ন এবং তাহার সঙ্গে সঙ্গে মন্তিজীয় রক্তা-धिकात लक्षण मकल उ वाक इटें लिएत ; महत्राहत एठाए मर्गन विनष्ट इस এবং উত্তেজক কারণ বিনষ্ট করিলে উহা তদ্রপ ফ্রতবেগেই আরোগ্য লাভ करतः ; উত্তেজक कांतरभत मर्था मामिक अजूत अनियम, मानिमक উত্তেজना, অত্যন্ত ব্যন বা পেশীর অত্যধিক চালনার উল্লেখ করা যাইতে পারে। স্কুদ্পিত্তের পীড়া বশতঃ দর্শনের হ্রাস হওয়া অসাধারণ নহে। যথন এই পীড়া छि९ शब इश, ज्थन ই हात माल्य निम्न निथि ज शतिवर्त्तन मकन हरेशा था कि।

সতঃ। রেটিনার ক্যাপিলারি কন্জেন্দন্ এবং ভিন্দ্ ভেরিকোনিটিন্
(Capillary congestion of the retina and venous varicosities)—
অর্থাৎ রেটিনার কৌশিক নাড়ী সমূহের রক্তাধিক্য এবং ভেইন্ গুলির বক্রতা।
কথন২ রেটিনাতে ভেইনের রক্তের স্থৈগ্রতা সমূৎপদ্ম হয়, (Venous stasis)।
কিন্তু ইহা অতি অল্লে২ ও ক্রমে ক্রমে বর্দ্ধিত হইয়া থাকে; তজ্জন্য দৃষ্টি
দৃষিত হয় না, কেবলমাত্র ছই এক স্থলে, ভেইনের রক্তাধিক্য দৃষ্টির স্থায়ী বা
সাময়িক অনিয় ম বা ব্যতিক্রম ঘটায়; কিন্তু তথন প্রধান শাথা সমূহে
কেবল সহজ বক্ত্রতা থাকে না, কিন্তু রেটিনার স্ক্র্ম্ম নাড়ী সমূহের রক্তাধিক্য
ন্যুনাধিক ব্যক্ত থাকে।

রেটিনার ভেন্স্ ষ্টেসিস্ বা ভেইনের রজ্তের হিরতা কৌষিক শাখা সম্ফের বিশেষ অনুসন্ধান করিলে পাওয়া যায়। ভদ্ধ অক্ষিবীক্ষণ দ্বারা ইন্ভার্টেড্ ইমেজ্ বা অধঃম্থীন মৃর্ভি পরীক্ষা করিলে এই স্ক্ষ নাড়ী সমূহের রক্তের হৈর্ঘাবস্থা (Capillary stasis) লক্ষিত হয় না। এতদর্থে উদ্ধর্মান প্রতিক্তি (Erect image) ও অত্যন্ত মৃর্ভি বর্দ্ধক (Magnifying) শক্তির লেন্সের আবশ্যক।

- ানাত the retina and optic nerves)।—কদ্পিভের পীড়ার রেটনাতে যে দকল পরিবর্ত্তন ঘটে তাহাদের মধ্যে রসম্রাবই সচরাচর ঘটিয়া থাকে। বিরুদ্ধ হৃদ্পিভের অত্যন্ত প্রবল স্পন্দন (Impulse) হৃদ্ধ অথবা সচরাচর উক্ত ইন্দ্রির ছর্দ্দল ইহলে উহার ছর্দ্দল ক্রিয়া এই উভয় কারপ বশতঃই তাহারা উৎপন্ন হয়। কথন রক্ত নাড়ী আবরণের পরিবর্ত্তনের হেতু স্ক্র্মানাড়ী গুলি বিদীর্ণ হয়। সাধারণতঃ কেবলমাত্র একটি বা ছুইটি শাখা বিদীর্ণ এবং একটি চক্ষ্ন পীড়িত হইয়া থাকে। উভয় চক্ষ্তেই রক্তমাব প্রবেশ করিলে, আমাদিগের য়্যাল্বিউমিয়ুরিয়া বা শর্করামেছ ক্রিয়াছে সন্দেহ করা উচিত।
- ০। রেটিনা হইতে এক্জুডেদন্ (Exudation from the retina) বা রেটিনা হইতে রদাদিস্রাব।—এই দকল হলে আর্টারি গুলির গতিক্রমে রক্ত-স্রাব দৃষ্ট হয়। দচরাচর এক্টি বা ছইটি প্রধান শাখা বিদীর্ণ এবং প্রচুর পরিমাণে রক্ত নিঃস্ত হয়। এই দকল রক্তস্রাব ব্যতীত, আমরা রেটিনার ভিন্ন ভিন্ন অংশোপরি বিশেষতঃ পীতবর্ণ প্রদেশে এক্জুডেদনের বা রদাদি স্রাবের শ্বেড চিষ্ণ দেখিতে পাই। এমত অবস্থায়, পীড়া, এক চক্ষু মাত্র অধিকার করিয়াই নিশ্চিন্ত থাকে না।
- ৪। রেটিনার কেন্দ্রন্থ আটারির এম্বলিজম্ (Embolism of the central artery of the retina) বা সংযত রক্তগও দারা অবরোধ।—ইহাদিণের অব্যবহিত পরেই অজ্ঞাতসারে দৃষ্টির তুর্বলতা বা সম্পূর্ণ হ্রাস উপস্থিত হয়। রেটিনার কেন্দ্রস্থ আটারি সম্কৃতিত হয়; রেটিনা প্রথমে শ্বেতবর্ণ ধারণ করে; ইহা রসাদিশ্রাব জন্য হইয়া থাকে। স্যাকিউলা লিউটিয়ার পার্শ্বে ন্যাধিক

ব্যক্ত এক্টি বক্তবর্ণ চিহ্ন দৃষ্ট হয় এবং যে সকল নাড়ী ইহাতে প্রবেশ করে তাহারাও রক্তপূর্ণ হইয়া থাকে। \*

অপ্টিক্ নিউরাইটিস্ ও অপ্টিক্ ডিস্কের হোয়াইট্ য়াট্রিফ যে দর্শন বিনাশের কারণ হইরা থাকে, সে বিষয় প্নরায় বিবেচনা করা অনাবশ্যক; যে সকল অধ্যায়ে এই সকল পীড়ার জন্য য়ৢায়রোসিস্ হইবার কথা লিখিত আছে, পাঠকের সেই সকল অধ্যায় মনোযোগ পূর্ব্বক পাঠ করা উচিত। কিন্তু আমরা মন্তিকের এমত কয়েকটি প্রধান পীড়ার একবার সামান্তত বিবেচনা করিতে পারি, যাহাতে অপ্টিক্ নার্ভের শুক্ষতা উৎপন্ন হইতে এবং অবশেষে দৃষ্টির হ্রাস ঘটিতে পারে।

বেজিলার মেনিন্জাইটিস্ ( Basilar meningitis ) অর্থাৎ মন্তিষ্কের অধঃ-ভাগত্ত আবরণের প্রদাহ রোগে, বিশেষতঃ ইহার পুরাতন অবস্থায়, য়াাম-রোসিস উৎপন্ন হইতে পারে। রোগী সম্ভবতঃ জ্বর এবং মস্তকে অত্যন্ত বেদনা অনুভব করে; পার্শ্বদেশে অল্লং আঘাত করিলে ঐ বেদনা বর্দ্ধিত হয়; বমন-প্রভৃতি উপস্থিত থাকিতে পারে। যেমন এই পীড়া বর্দ্ধিত হইতে থাকে অমনি মস্তিকের অধঃভাগ হইতে উত্থিত করেক্টি বৃহৎ সায়ুর পক্ষাঘাত ঘটে। তাহাদের মধ্যে অপ্টিক্নার্ভও তদবস্থ হইয়া থাকে। মস্তকস্থ লক্ষণ সকলের সহিত অন্ধতা ঘটিয়া থাকে এবং অধিকতর নৃতন হলে, সচরাচর ইহা ক্রত-বেগে বৰ্দ্ধিত হইতে থাকে; কিন্তু পুৱাতন প্ৰকাৱ পীড়াতে ভিন্নং লক্ষণ সকল উপস্থিত হয়; এবং অক্ষিবীক্ষণ দারা যে সকল মূর্ত্তি দৃষ্ট হয়, তাহারা নিউরাইটিসের অপেকা অধিক পরিমাণে হোয়াইট্ র্যাটিফির লক্ষণ প্রকাশ करत । कथनर देशे अपने एक एक त्यां मरतानिम, त्यनिन आदे विराय आक्रमरणत সঙ্গে না আনিয়া উহার অব্যবহিত পরেই উৎপন্ন হয়; এবং এই অনুমানের দ্বারা ইহার কারণ নির্দ্ধারিত করা যাইতে পারে, যে প্রদাহ নিবন্ধন উৎপন্ন নিউওপ্ল্যাদ্টিক্ বা নূতন পদার্থ নাড়ী ও স্নায়্ বিধান সকলের উপর এবং চত্-র্দ্ধিকে উৎপন্ন হওয়ায় তাহা নিগের ক্রমিক ক্ষয় ও বিনাশ হইয়াছে।

বে নৃতন পদার্থ উৎপন্ন হয় তাহার অবস্থিতি অন্নুদারে, মন্তিকের ভাষঃভাগের পেরিয়ন্তাইটিন্ বা অস্ত্যাবরণের প্রদাহ, য্যামরোসিদ্ এক বা

<sup>\*</sup> Dobell's report on Progress of Modicine, vol. ii, p. 24.

ছই চফ্তে বা কেবল মাত্র হেমিওপিয়া উৎপন্ন করিতে পারে। এই সকল স্থান, প্রদাহ কার্য্য, সায়্র আবরণ পর্যান্ত ধাবিত হওয়ায়, সন্তবতঃ অনেক সময় এই প্রকার য়াামরোদিশ্ উৎপন্ন হয়; এই লক্ষণ নৃতন বা পুরাতন হইতে পারে বলিয়া, সাধারণতঃ আমরা নিউরাইটিশ্ বা সহজ হোয়াইট্ য়া টুফির লক্ষণ সকল দেখিতে পাই।

মন্তিকের অধোভাগের বিবিধ অর্ধ্ব নিঃসন্দেহ কথন হৃষ্টি বিনাশের কারণ হয়; এই সকল অর্ধ্ব দ দারা সময়েই দর্শন মায় অবশুই পীড়িত ইইয়া থাকে। এই রূপ অধিকাংশ হলে, অপ্টিক্ নার্ভ উক্ত অস্বাভাবিক উৎপত্তি কর্ত্বক এত পীড়িত হয় যে, ডিস্কের হোয়াইট্ য়াট্রফি উৎপন্ন হইয়া তদ্বারা দৃষ্টির হ্রাস সম্পাদিত হইয়া থাকে। এমন হইতে পারে যে, উক্ত অর্ক্বদ্ব শে সমন্ত বিধানের মধ্যে উৎপন্ন হয়, তাহাদিগের উত্তেজনা উপস্থিত করিয়া, আপনা হইতেই বা নিকটবর্ত্তী অংশ সকল পীড়িত করিয়া, অপ্টিক্ নিউরাই-টিদ্ ও ইহার অক্ষিবীক্ষণিক দৃষ্ট মূর্ভি সকল উৎপন্ন করে।

মন্তিক্ষের নানা প্রকার প্রবল পীড়া ( যথা ক্ষোটক, কোমলভাব, নানা প্রকার অর্ক্র্যন, মন্তিক্ষীয় রক্তস্রাব ইত্যাদি ) হইতে য়্যাম্রোসিদ্ উৎপন্ন হয়। এই প্রকার পীড়া নির্ণয় করা অনিশ্চিত বলিয়া, যদিও ইহা সহজে আমাদিগের বোধগম্য হইতে পারে, যে মন্তিক্ষের এমত কোন পীড়া যাহাতে অপ্টিক্ নার্ভের স্বত্র সকল পীড়িত হয়, তদ্বারাই রোগীর দৃষ্টির হানি হইতে পারে, তত্রাচ যে সকল কারণে দর্শনশক্তি হাস প্রাপ্ত হয়, সেই সকল কারণ আমূল লক্ষ্য করা অতীব ভ্রুর। যেমন স্নায়ুর উপর ক্রিয়া প্রাথমিক অথবা অস্তান্ত নিক্টস্থ নির্মাণের উত্তেজনা বশতঃ ঘটে, তেমনি হয় হোয়াইট্ য়্যাট্রিফ না হয় অপ্টিক্ নিউরাইটিসের প্রমাণ পাওয়া যায়।

কদেরকামজ্জার পীড়াও আংশিক ও সম্পূর্ণ য়্যাম্রোসিস্রোগের একটি কারণ; দৃষ্টি বিনাশের পূর্ব্বে, স্পাইন্যাল্ পীড়ার লক্ষণ সকল প্রকাশিত হয়।\* আনাদের ইহা স্মরণ রাথা উচিত যে, পৃষ্ঠবংশের ব্যাধিতেও দৃষ্টির হানি জন্মিতে পারে; তাৎপর্য্য এই যে, যে সকল স্নায়ু কশেরুকা মজ্জা হইতে

<sup>\*</sup> Dr. Argyll Robertson, Edin. Med. Journal, Feb. 1869.

আগত হইয়া সিলিয়ারি পেশী সমূহকে পোষণ করে তাহাদের পক্ষাবাত ২ওরাতে য়্যাকমডেদন্ বা চক্ষুর স্থাপন প্রভৃতি ক্রিয়া না হওয়াতে এরূপ ঘটে।

ভাবিফল।——মস্তকাভ্যন্তরন্থ পীড়া সকলের প্রকৃতি ভাল না জানা প্রযুক্ত সচরাচর ভাবিফলের সম্বন্ধে নিঃসন্দেহ হওয়া যায় না। কিন্তু যে কোন কারণে দৃষ্টির হানি হউক না কেন কনিনীকা আলোক উত্তেজনায় উত্তেজিত হইলে শুভফল হয়। সাধারণ নিয়ম স্বরূপ ইহা বলা যাইতে পারে যে, যদি অপ্টিক্ ডিস্কের হোয়াইট্ য়াাট্রফি উৎপন্ন হইয়া থাকে তাহা হইলে, ভাবিফল অত্যন্ত অসন্তোষজনক হইয়া থাকে। যদ্যপি ইহা গভীরতমবিধান সকল হইতে উৎপন্ন হয় তাহা হইলে সন্তবমতঃ সায়ুর মূল এবং উভয়্ম চক্ষুই পীড়িত হইতে পারে। ছই এক স্থলে ডিস্কের হোয়াইট্ য়্যাট্রফি যাপ্য হইয়া পড়ে এবং ইহা কথিত আছে যে এই অবস্থা হইতেও আরোগ্য লাভ হয়; যাহা হউক এরূপ যটনা অতি বিরল। ডিস্কের মূর্তির দারা রোগীর দর্শনশক্তির অবস্থার বিষয় বিবেচনা করা উচিত নহে; এরূপ ঘটিতে পারে যে অপ্টিক্ ডিস্কের অবস্থার দ্বারা আমরা যে রূপ দৃষ্টির অবস্থা বিবেচনা করি, যথার্থতঃ হয়ত, উহা তদপেকা উত্তম থাকিতে পারে।

অপ্টিক্ নিউরাইটিদ্ যদিও ভয়ানক পীড়া, তত্রাচ হোয়াইট্ য়াা ট্র ফির অপেক্ষা ইহাতে অনেক আরোগ্যের আশা থাকে। এই সকল স্থলে, দৃষ্টির আশ্চর্য্যরূপে ক্রতহাস হইবে ইহা অপেক্ষা বছদিবস ব্যাপী হইয়া দৃষ্টির বিনাশ হইবে এই আশক্ষা হয়; হোয়াইট্ য়ৢয়াট্রফি সম্বন্ধেও এই নিয়ম। রোগীর যদি কিঞ্চিৎ পরিমাণে দর্শনশক্তি থাকে, তাহা হহলে, সাবধানের সহিত আমাদিগের দর্শনশক্তি পরীক্ষা করা উচিত; যদি দৃষ্টিক্ষেত্রের সংকীর্ণতা, পরিধি হইতে কেন্দ্রের দিকে (Concentric) হইতেছে জানা যায় বিশেষতঃ যদি পার্থদেশের সীমা অসমাকার থাকে (যে হেতু এই অবস্থা, সাধারণতঃ স্থত্রের মধ্যে রক্তশ্রাব জন্য বিনাশের উপর নির্ভর করে) তাহা হইলে ভাবিফল অবশ্রুই অসন্তোষজনক হইবে। প্রেল্ওয়াণ্ ভন্কেরিয়ন বলেন যদি উভর চক্ষুর তুল্য পার্শ্বে হেমিওপিয়া ঘটে এবং উহা যদি উভয় দৃষ্টিক্ষেত্রে একটী লম্বা রেথা দ্বারা স্পষ্টরূপে সীমাবদ্ধ থাকে এবং যদি তাহার সঙ্গে সঙ্গে অণ্টিক্ প্যাপিলার অদ্ধাংশের শুক্তা উপস্থিত হয়, তাহা হইলে, ভাবিফল

কিঞ্চিং পরিমাণে স্থানিধা জনক ইইবার সন্তাবনা। অর্থাৎ ইহার পর, বিশেষ্টিঃ যদি ইহা কিছুদিনের জন্য অপরিবর্ত্তিত ভাবে থাকে, তাহা ইইলে, সম্পূর্ণ অন্ধতা জন্মাইবার অতি অন্নই সন্তাবনা। কিন্তু যদি রেটিনার মধ্য ভাগের উপর অস্পষ্ট দৃষ্টিক্ষেত্রের হ্রাস উপস্থিত হয়, তাহা ইইলে, যতদ্র অনিষ্ট ঘটিবার সন্তব, তাহাই ঘটিবার আশন্ধা থাকে। অবশিষ্ট প্রকার হেমিওপিয়া রোগে মূল পীড়ার এমত কোন সীমা সত্তেও, ( যাহাতে আমরা ইহার বৃদ্ধির কিঞ্চিং বাধা আশা করিতে পারি ) ইহার অবস্থা অত্যন্ত অস্ক্র-বিধাজনক। এরপ পীড়ায় অপ্টিক্ নার্ভের প্রোগ্রেসিভ্ য়্যাট্রিফির সঙ্গে সম্পূর্ণ অন্ধতা ঘটে।

পার্শন্ত ক্ষুদ্রং সীমার ক্রিয়াও এতজপ। উক্ত দোষ উভয় চক্ষুতে বা এক
চক্ষুতেই হউক, যদি উহা মধ্যন্তল হইতে অনেক দ্রে স্পষ্ট সীমাবদ্ধ হয়, যদি
দৃষ্টিক্ষেত্রের অভাভা অংশে দর্শনশক্তির তীক্ষতা সাভাবিক থাকে, এবং এতজ্বাভীত যদি উক্ত দোষ অনেক দিনের না হয়, তাহা হইলে আর অধিক বৃদ্ধির
মস্ভাবনা থাকে না। কিন্তু উক্ত সীমাস্ট্রক রেখা অত্যন্ত অস্পষ্ট ও অসমাকার
সীমা বিশিষ্ট হইলে এবং দৃষ্টিক্ষেত্রের অবশিষ্ট অংশ সমূহের তীক্ষ্ণতার হ্রাস
হইলে, ভাবিফল অত্যন্ত অসন্তোষ জনক হইয়া থাকে। শুক্রতা দৃষ্ট না
হইলেও এইরূপ ভাবিফল ঘটিতে পারে। যদি পুনঃ পুনঃ পরীক্ষা দারা ক্রমশঃ
দর্শনশক্তি বিনাশ হইতেছে এবং অপর চক্ষ্তে একরূপই দৃষিত আকার
দেখিতে পাওয়া যায়, তাহা হইলে রোগীর অবস্থা অতি মন্দ বলিতে হইরে।
তথন নিশ্চয়ই প্রোণ্ডেসিভ্ য়াাটুফি হইয়াছে জানিবে; উহা, সম্পুর্ণ য়ৢাম্রোসিদ্ হইবার পূর্ব্বে কদাচিৎ বিরত হয়। যে দৃষ্টিক্ষেত্র অন্যান্য বিষয়ে
স্কন্থ থাকে তাহাতে সেন্ট্রাল্ বা কৈন্দ্রিক বা এক্রেন্ট্রিক্ বা কেন্দ্র হইতে
দ্রস্থ বিচ্ছেন্ন ঘটিলে(Central or eccentric interruptions) উহা প্রোণ্ডেন্
সিত্ য়াাট্রফি বশতঃ ঘটিরার সম্ভাবনা নাই।

কিন্তু যদি উক্ত বিকার বহুদিন এরপ আকার বিশিষ্ট থাকে, তাহা হইলে বিপরীত বৃঝিতে হইবে। তথন, তাহারা এক বা উভয় চক্ষুতেই অবস্থিতি করুক, তাহাদিগের পরিণাম একই প্রকার; এমন কি, অপ্টিক্ প্যাণিলার আংশিক বর্ণহীনতা থাকিলেও এক প্রকার পীড়া বিবেচনা করিতে হইবে। কিন্তু মখন তাহাদিগের সঙ্গে সঙ্গে দৃষ্টিক্ষেত্রের অবশিষ্ঠ অংশের দশন শক্তির তীক্ষণতা বাক্তরূপে হ্রাস হইতে থাকে, বিশেষতঃ যদি দৃষ্টি বিনাশ, নানা দিকে ও অত্যন্ত অসমাকার ধারণ করিয়া হ্রাস হইতে থাকে, তাহা হইলে সচরাচর প্রোগ্রেসিভ য়ান্টিফি উৎপন্ন হইয়াছে জানিতে হইবে।

চিকিৎসা।—ইহা অবশ্যই য়াাম্রোসিসের কারণের উপর নির্ভর করে;
এক স্থলে ঔষধ দ্রব্য ও অপর স্থলে বিহাৎ স্রোভ প্রয়োগ করা যাইতে পারে।
এবং সকল স্থলেই, যতদ্র সন্তব, রোগীর স্থাবস্থার বিষয়ে মনোযোগ
দেওয়া উচিত। এস্থলে চদমা (Spectacle) ব্যবহার করিবার বিষয়ে
কিঞ্চিৎ উল্লেখ করা যাইতে পারে। সকল প্রকার এম্ব্রিওপিয়া রোগে
যতদ্র ন্নল শক্তির কন্ভেক্স মাদ বা চদমা দ্বারা রোগা দেখিতে পায়,
আমরা তাহাই ব্যবহার করিতে উপদেশ দিতে পারি; এবং সন্তবতঃ ইহা
ঘটিতে পারে যে, পরে দেই ব্যক্তি অধিক শক্তি বিশিপ্ত চদমা ব্যবহার
করিতে সমর্থ হয়। কন্ভেক্স্মাসের ব্যবহারে দর্শনশক্তির অবস্থা উত্তম
হইতে থাকে; ইহা দ্বারা চক্ষ্র য়্যাক্ষডেসন্ অর্থাৎ স্থ্রস্থান প্রভৃতি ক্রিয়ার
জন্য যে বল প্রয়োগ আবশ্যক করে তাহার ন্যন হয় এমত নহে, কিন্তু
অক্ষর এবং অন্যান্য ক্ষুদ্র পদার্থও উত্তম দেখিতে পাওয়া যায়।

## वानग अधारा।

### छिष्टि शरमत वर्गाधि ममूर।

DISEASES OF THE VITREOUS.

হায়েলাইটিস্(Hyalitis) বা ভিটিয়েরের প্রকাষ ।—ভিটিয়ন্
তেমারে বা কুটীরে কোন শৈলা স্বেজ্যক্রমে প্রবেশ করান হইলে তাহার অবস্থিতি হেতু এই প্রদাহ উপস্থিত হয়। উণ্ডার্ম বলেন অন্যান্য স্থানে প্রদাহ
হইলে যে রূপ পরিবর্ত্তন হয় এই শৈল্যের চতুর্দ্ধিকে তজ্ঞপ পরিবর্ত্তন হয়।

বেমন গন্ক্যাপ্ এইরূপ কোন শৈলা ভিট্রিয়ন্ কুটারে হঠাং প্রবিষ্ট হইলে এই সকল সংপ্রাপ্তি গত পরিবর্ত্তন নির্ণয় করা যার। কোষ গুলি সংখ্যায় বৃদ্ধি হওয়াতে ভিট্রিয়ন্ অন্ধকার যুক্ত হয়। শৈলটো দ্বিথং ধূসর বর্ণের ঘোর পদার্থ দারা আচ্চাদিত থাকে। উত্তেজনার এই কেন্দ্র হইতে শাখাকারে বিস্তৃত ঘোর রেখা সকল দৃষ্ট হয়। অতঃপর সংযোজক বিধান বিছিন্ন হইরা পড়ে এবং ভিট্রিয়ন্ তরলহ প্রাপ্ত হত্যাতে স্ত্রবং খণ্ড সকল তন্মধ্যে ভাসমান দৃষ্ট হয়। এরূপ স্থল মতি বিরল; কারণ অধিকাংশ স্থলে কোরইড্ এবং রেটিনা আক্রান্ত হয়। এরূপ হইলে বাহ্ কারণে বে ভিট্রিয়নের এরূপ অবস্থা ঘটিয়াছে কি না তাহা বলা অসাধ্য হইয়া উঠে।

ভিট্রিষ্ ক্টীরের অধঃভাগে, বিশেষতঃ রিক্লাইনেসন্ অব্ লেন্স্ নামক শাস্ত ক্রিরার পর (Reclination) পূয় নিঃসন্দেহ সঞ্চিত হইতে পারে। ইহাকে পোষ্টিয়র হাইপোপিয়ন্ (Posterior Hypopion) কহে। ডাক্তার ম্যাক্নানারা স্বয়ং উৎপন্ন পূয়োৎপাদক হায়েলাইটিস্ (Idiopathic Suppurative hyalitis) হইতে পারে এরূপ বিশাস করেন না; বস্ততঃ যাহারা এরূপ অবস্থায় ভিট্রিয়সের প্রসাহ বর্ণনা করেন তাহারা যে অল্লাস্ক তদ্বিয়ে ডাক্রার

<sup>•</sup> M. Wecker, "Maladies des Yeux," vol. ii. p. 282.

এইস্, প্যাজেনস্টেচরের ন্যায় ডাক্তার ম্যাক্নামারা সন্দেহ করেন। নিঃসন্দেহ আমরা অনেক স্থল দেখিতে পাই যাহাতে ভিট্রিয়স্ মেঘাচ্ছয়ের ন্যায় দেখায়। ইহাতে চক্ষের গভীরতম প্রদেশ অস্পত্ত হয় কিম্বা একেবারে অদৃশ্য হইয়া পড়ে। কোরইডে যে সকল পরিবর্ত্তন পূর্ব্বে হইয়া থাকে নিঃসন্দেহ সেকল হইতে এই অবস্থা ঘটে।

মাছি ভলিট্যান্টিস্ (Museæ volitantis) বা দৃষ্টির বিহ্বলতা।
মাছি ভলিট্যান্টিস্ রোগীর নিকট নানা প্রকার বলিয়া বোধ হয়। ইহাদিগকে
দৃষ্টিক্ষেত্রে ভাসমান বলিয়া বোধ হয়। ইহারা বিরক্তজনক কিন্তু স্বোটমার
ন্যায় দর্শনের কোন হানি জন্মায় না।

কধনং তাহারা রোগীর নিকট স্ক্র অন্বরীর ন্যায় বোধ হয়। এই গুলি
দৃষ্টিক্ষেত্রের অধঃভাগ হইতে উথিত হইয়া পুনরায় পতিত হয় বলিয়া বোধহয়।
অন্তান্ত স্থলে তাহারা মুক্তার ন্যায় বর্ণের স্ত্রের আকার ধারণ করে। এই স্ক্র
গুলি নানা প্রকারে ও পরস্পরে জড়িত বলিয়া বোধ হয়। অথবা স্ক্র ফিতার
ন্তায় দৃষ্টিক্ষেত্রে ভ্রাম্যমান দেখায়। রোগী ষখন কোন নির্মাল পদার্থ
যেমন আকাশ বা শেতবর্ণের দেওয়াল দর্শন করে তৎকালে ইহা স্পষ্ট
অমুভূত হয়। অমুজল আলোতে দেখিলে হয়ত ইহারা অমুভূত হয় না।
চক্ষ্কে স্কল্ল সন্যের জন্য কোন কার্য্যে নিযুক্ত রাখিলে এবং পাক্যন্ত্রের ক্রিয়ার
বৈলক্ষণ্য হইলে ইহা স্পষ্টত অনুভূত হয়।

ভিটিয়ন্ হিউমারে মলিন ক্ষুদ্র ক্ষুদ্র সেলদের অবস্থিতি জন্য কিষা ক্ষুদ্র প্রানিউলার স্থা সমূহের কিষা স্থা থণ্ডের অবস্থিতি জন্য এরূপ মূর্জি ঘটিয়া থাকে \*। এই সকলের ছায়া রেটিনার উপর পতিত হয় বলিয়া রোগী তাহার দৃষ্টিক্ষেত্রে মাছি ভলিট্যান্টিন্ দর্শন করিয়া থাকে। কোন কোন স্থলে এরূপ বোধ হয় যে লেন্সের স্থাত্রের মধ্যে যে সকল ঘোর বুত্তাকার স্থান থাকে তাহারা রেটিনার উপর আলোক পতিত হইবার কোন প্রকার বাধা প্রদান করিয়া মাছি ভলিট্যান্টিন্ রোগ উৎপন্ন করে।

<sup>\* &</sup>quot;Accommodation and Refraction of the Eye" by F. C. Donders, p. 199 Translated by Dr. Moore. New Sydenham Society.

অতএব মাছি রোগ বিশেষ অমঙ্গল হচক নহে, কারণ ইহা স্থান্থ ব্যক্তির চক্ষেই সচরাচর দৃষ্ট হয়। মাছি ভলিট্যান্টিসের সেল্স্ (Cells and filaments) ও ফিলামেণ্ট গুলি এত ক্ষুদ্র যে অক্ষিবীক্ষণ যন্ত্র দ্বারা তাহাদিগকে নিরীক্ষণ করা যায় না। ইহা দ্বারাই তরল ভিট্রিয়সে ভাসমান যোর ঝিল্লি সকল (Opaque membranes) অনায়াসে নির্ণীত হয়। এই সকলকে অক্ষিবীক্ষণ দ্বারা অনায়াসে নয়ন গোচর করা যায়। সদা সর্ব্বদাই কোন বিশেষ ব্যাধিত অবস্থা প্রযুক্ত ইহারা উৎপন্ন হয় স্ক্তরাং বিশেষ ভয়ের কারণ। এই সকল ক্ষুদ্র ক্ষুদ্র পদার্থ দ্বারা রেটিনার উপর বিক্ষিপ্ত বর্দ্ধিত সার্কল্ অব্ ডিফিউসন্ (Increased Circle of diffusion) জন্য নিকট দৃষ্টি কোগগ্রন্ত ব্যক্তিদিগের এই রোগ হইবার সন্তাবনা। এই সকল ব্যক্তিকে আমরা এই বলিয়া শাস্থনা করিতে পারি যে ইহা হইতে কোন হানির সন্তাবনা নাই।

মাছি এবং স্নোটনা রোগে প্রভেদ এই যে, এই শেষোক্ত ব্যাধিতে একটি ক্ষাবর্ণের দাগ একটা লাইন ক্রমে লিখিবার ও পড়িবার সময় চক্ষের সঙ্গে সঙ্গে নতত বর্তুমান থাকে। কিন্তু মাছি ভলিট্যান্টিদ্ রোগে সেই দাগটী অনির্দিষ্ট ছায়ার স্থায় ভাসমান বলিয়া বোধ হয়। অধিকন্ত স্নোটমা রোগে অক্ষিবীক্ষণ হারা দৃষ্টি করিলে রেটিনার কোন না কোন ব্যাধি সচরাচর দেখিতে পাওয়া যায়। ইহা ছায়াও রোগী যে ক্ষাবর্ণ দাগের বিষয় উল্লেখ করে তাহা নির্ণয় করা যায়।

চিকিৎসা।—ইহা প্রায় সদা সর্বাদা দেখিতে পাওরা যায় যে পাক যত্তের ক্রিয়া বৈলক্ষণা জন্য প্রায়ই মাছি ভলিট্যান্টিস্ রোগ উৎপন্ন হয়। অন্ততঃ আমাশর ও যক্ততের পীড়া বশতঃ ইহা উৎপন্ন হইতে দেখা যায়। এই রোগ নিবারণ জন্য এই সকল যত্ত্রের ক্রিয়ার প্রতি কিঞ্জিৎ মনযোগ রাখা উচিত। আন্যান্য স্থানে শারিরীক বিশ্রাম ও তৎসহ বলকর ঔষধাদি দ্বারা উপকার পাওয়া যায়। অবশেষে ইহা শ্রবণ রাখা উচিত যে মাছি ভলিট্যান্টিস্ রোগ কতিপয় বংসর অবস্থিতি করিয়া পরে আপনা হইতে বিলুপ্ত হয়। মাছি রোগে বর্গ বিশিষ্ট চসমা দ্বারা রোগীর অনেক উপকার দর্শে।

অপাদিটিস্ অব্ দি ভিট্রিম্স্ (Opacities of the vitreous)
অর্থাৎ ভিট্রিম্সের অস্বচ্ছ হা।—ভিট্রিম্সের অস্বচ্ছতা সামান্য মেবের
ন্যায় ঘোর অবস্থা হইতে এতদ্র অন্ধনার যুক্ত অবস্থা হইতে পারে বে উহার
মধ্য দিয়া অপ্টেক্ ডিস্ক্ নয়ন গোচর করা যাইতে পারে না। অত্যধিক পরিমাণে তরল পদার্থ ভিট্রিম্স্ কুটারে আবিত হওয়াতে অনেকানেক প্লকোমা
রোগে ভিট্রিম্সের এরূপ অবস্থা দেখিতে পাওয়া যায়। যাহাহউক স্বোপার্জ্জিত
বা পিতৃজাত উপদংশ রোগ বশতঃ কোরইডের কোন ব্যাধি হইতেই সচরাচর
ভিট্রিম্সের এরূপ অস্বচ্ছতা ঘটে। এই সকল স্থল ব্যতীত স্কের-কোরইডাইটিস্ পোষ্টিরিয়র রোগে ভিট্রিয়্সের অস্বচ্ছতা সচরাচর দৃষ্ট হয়। ইহার আর
একটা কারণ রক্তপ্রাব; কোরইডের কোন রক্তনাড়ী বিদীর্ণ হইয়া রক্তপ্রাব
হইলেও ভিট্রিয়্সের এরূপ অবস্থা ঘটে।

পিতৃজাত উপদংশ বশতঃ এই রোগ হইলে ভিট্রিয়সে যে সকল পরিবর্ত্তন হয় তাহা ক্রমে ক্রমে হইরা থাকে এবং বিধান গুলির কোন এক সমরে পরিকার ও স্বচ্ছ হইতে পারে। পকান্তরে অনিষ্টকারী ব্যাধী স্থায়ী হইলে উহা কোমলত্ব প্রাপ্ত এবং তরল অবস্থায় পরিণত হয়। ফুকিউলেণ্ট্ স্থাপ সকল (Flooculent masses) বা বুদ্বুদাকার পদার্থ ভাসমান থাকিতে দেখা যায়। আরও ভিট্রিয়স্ স্বাভাবিক অবস্থায় থাকিলে রেটনার নাড়ী গুলি যেরাপ চাপিত ও ভিট্রিয়স্ ঘাতা রক্ষিত থাকে উহা তরলত প্রাপ্ত হইলে সেরাপ থাকে না স্কতরাং বিদীর্ণ হইলে রক্তম্রাব ঘটে। রোগীর অপ্তাদশ বৎসর বয়সের সময়েই এই অস্বাভাবিক পরিবর্ত্তন গুলি উপস্থিত হয়। চক্ষে কোন প্রকার বেদনা থাকে না এবং চক্ষের জ্যোতির হানি হইরা আসিতেছে ভিন্ন রোগী অন্য কোন প্রকার অস্কবিধা বোব করে না। ইহা স্থ্রীাস্তের পরেই বিশেষ প্রকাশ পার। এই হেতু প্রথমাবস্থায় রোগী এই বিষয় জন্ত্রপাবন না করিতে পারে। অক্ষিবীক্ষণ ছারা পরীক্ষা করিলে রোগির প্রকৃত অবস্থা জানা যাইতে পারে।

সাক্ষাং উপায় দারা পরীক্ষা করিলে এই সকল পরিবর্ত্তন অনায়াসেই নয়ন গোচর করা যাইতে পারে। বস্ততঃ পরম্পরা উপায়ে পরীক্ষা করিবার পুর্কে সাক্ষাং উপায়ে প্রথমে পরীক্ষা করা ভাল। এইরূপ দাবধান না ইইলে ভিট্রিদ্ তরল হইয়াছে বা ঘোর হইয়াছে তাহা প্রায়্র পথে পতিত হয়
না। যাহাইউক লেন্দের সম্বন্ধে কোন সন্দেহ উপস্থিত হইলে পার্মভাগ দ্বারা
আলোকিত করিবার পদ্ধতি (Lateral illumination) দ্বারা পরীক্ষা করা
উচিত। এই উপায় দ্বারা উক্ত স্থানে যে সকল পরিবর্ত্তন হয় তাহা সহজেই
স্থানররূপে নির্ণয় করা যায়। যদি কোন ঘোর রেখা বা বিন্দু থাকে তাহারা
সহজেই নয়ন গোচর এবং অধিক কন্ত না করিলেও ব্যাধি সহজে নির্ণয়
হয়। অধিকাংশ স্থলেই ইন্নিপিয়েন্ট্ ক্যাট্যার্যাক্টের চিত্র দেখিতে পাওয়া
যায়।

উপদংশ রোগ বশতঃ ভিট্রিয়দের অস্বচ্ছতা পরীক্ষা কালে আমরা ইহা সচরাচর দেখিতে পাই যে চক্ষুর গভীরতম প্রদেশ স্থানে স্থানে অস্বচ্ছ দাগ দারা আবৃত থাকে। ইহাদিগকে ভিট্রিয়দের পশ্চাংস্থিত বলিয়া প্রতীয়মান হয়। এই সকল স্থানের এরূপ অবস্থা সচরাচর রেটিনার ও কোরইডের ব্যাপি প্রযুক্ত ঘটে। ভিট্রিয়দ্ কদাচিৎ এরূপ অন্ধকার যুক্ত হয় যে তন্মধ্য দিয়া চক্ষুর গভীরতম প্রদেশ নিরীক্ষণ করা যায় না। এই ব্যাধিত হিউমারের মধ্য দিয়া নিস্তেজ কুয়াদার ন্যায় রেটিনা হইতে আলোক দেখিতে পাওয়া যায়। কিন্তু যথন ইহার সঙ্গে চক্ষুর গভীরতম প্রদেশের নির্দিষ্ট কোন স্থানের প্রতিফলিত আলোক নিস্তেজ বলিয়া বোধ হয় তৎকালে ভাবিফল প্রকাশ করিতে সাবধান হওয়া কর্ত্তব্য। ইহা নিতান্তই সঙ্গত বলিয়া বোধ হয় যে এরূপ স্থানরায় স্বচ্ছ হইলে ইহার পশ্চাতে রেটিনাতে বা কোরইডে অন্যান্য পরিবর্ত্তন ঘটিয়া থাকে।

নিম্নলিখিত দৃষ্টান্ত দারা ইহা জানা যাইবে যে সামান্য উপদংশ বশতঃ ভিট্রিয়সের অস্বচ্ছতা ঘটলে কি প্রকার হইয়া থাকে; এবং নি:সন্দেহ এই সকল হলে কোরইড্ প্রথমে ব্যাধিগ্রস্ত হয়, তাহাতে ভিট্রিয়সের পোষণ ও স্বচ্ছতার হানি ঘটে।

দৃষ্টান্ত।—শ্রীনাথ সিং নামক একটি ৩০ বৎসর বয়স্ক যুককের চারি বৎসর পূর্ব্বে উপদংশ রোগ হইরাছিল। ইহার পর তাহার উক্ত রোগের দ্বিতীয়া-

<sup>\* &</sup>quot;Handbook of Ophthalmic Surgery," p. 97. by J. Z. Lawrence and R. C. Moon.

বস্থার লক্ষণ সকল প্রকাশ পাইয়াছিল এবং এ পর্যান্ত সে ঐ রোগভোগ করিয়া আসিতেছিল; তিন মাস পূর্ব্বে তাহার মূথ আনান হইয়াছিল কিন্তু এবিদ্বি চিকিৎসায় কিছুমাত্র উপকার দর্শে নাই। ভাহার স্যান্কার রোগ হইবার এক বংসর পরে সে জানিতে পারিয়াছিল যে তাহার চক্ষের জ্যোতি ফ্রান্স হইয়াছে। এবং সেই সময় হইতেই তাহার চক্ষের জ্যোতি ক্রমে ক্রমে কিন্তু নিশ্চিত রূপে হ্রান্স হইতে লাগিল। ইহাতে চক্ষে কিছুমাত্র বেদনা ছিল না, রক্তপূর্ণ বা উত্তেজিত বলিয়াও বোধ হইয়াছিল না।

ক্থন সে প্রথমে চিকিৎসালয়ে আইসে তথন তাহার শারীরিক অবস্থা নিতাত মল ছিল। তাহার নাড়ী ক্ষীণ ও স্কা হইরাছিল এবং শরীরও অতিশয় ক্নশ ছিল। অঙ্গ প্রতাঙ্গে দে রুমেটিক্ বা বাত বেদনার বিষয়ও উল্লেখ করিত। তাহার বামচকু সম্পূর্ণ অন্ধ হইয়া গিয়াছিল ও মুখের নিকটে অঙ্গুলী ধরিলে দে দিকণ চক্ষু ধারা দেখিতে পাইত। উভয় চক্ষুর আয়াম (টেন-সন) স্বাভাবিক ছিল। এবং আইরিস্ যদিও মৃত্ভাবে কুঞ্চিত হইয়াছিল उथाि कर्निया (लम् वा चारेतिस दकान वाधित लक्ष मुद्दे रहेगाहिल ना । অক্ষিৰীক্ষণ স্বারা পরীক্ষা করাতে তাহার বাম চক্ষের ভিট্য়িন্ হিউমার এত ঘোর অন্ধকার বুক্ত দেখা গিরাছিল যে তন্মধ্য দিয়া অপ্টিক্ ডিস্ক্ দর্শন করা অসাধ্য হইয়াছিল। দক্ষিণ চক্ষের ভিট্রিষ্ কিঞ্চিৎ ঘোর ঈশ্বৎ খেত আভা-যুক্ত ধুসরবর্ণ বিশিষ্ট ছিল। ইহার মধ্য দিয়া কেবল মাত্র রেটনার রক্তনাড়ী গুলি দেখিতে পাওয়া গিয়াছিল। স্বেচ্ছানুরূপ আহার কড্লিভর অইল ও আইওডাইড্অব্আইরণ দারা চিকিৎসা করা হইয়াছিল। ইহাতে সে হন্ত পুষ্ঠ হইয়াছিল। ইহার এক মাস পরে চক্ষে কোন বিশেষ পরিবর্ত্তন দৃষ্ট না হওয়াতে তাহাকে পারদ ঘটিত স্নানের অমুমতি দেওয়া হইরাছিল। এবং উভয় শঙ্খ্য দেশের চর্ম্মের নিম্নে একটা ইস্ক বসান হইয়াছিল।

এ রোগীর দৈনিক বৃত্তান্ত এ স্থলে সন্ধিবেশিত করা অনাবশ্রক। এই বোগীটি প্রায় ছই মাস যাবং উক্ত ভেপর বাথ (Vapour bath) ব্যবহার করিয়াছিল। ঐ সময়ের পর সে চতুর্থ সংখ্যার অক্ষর পড়িতে সক্ষম হইয়াছিল এবং এই রূপে কোন রূপ অস্ত্রবিধা বোধ না করিয়া দৈনিক কার্য্য নির্ব্বাহ করিতে পারিত। অকিবীক্ষণ দারা পরীক্ষা করাতে দেখাগিয়াছিল বে তাহার

বান চক্ষের ডিট্রিস্ যদিও তথন পর্যান্ত থোর ছিল কিন্ত তথাপি এরপ পরিষ্কার যে তন্মধ্য দিরা অপ্টিক্ ডিস্ক্ দেখিতে পাওয়া গিয়াছিল। দক্ষিণ চক্ষে ব্যাধির কোন লক্ষণ বর্ত্তমান ছিল না।

ইহা পূর্ব্বে উক্ত ইইয়াছে যে ভারতবাদীর মধ্যে ইহা সচরাচর ঘটে; কারণ উপদংশ রোগ তাহাদের মধ্যে সচরাচর হয়। হুর্জাগ্য বশতঃ তাহারা এরূপ মূর্থ হাতুরিরা চিকিৎসকের হাতে পতিত হয় যে তাহাতে তাহাদিগকে উপদংশ রোগ আরোগ্যের জন্য উপবাদ দিতে হয় এবং তৎসঙ্গে সঙ্গে বহু দিবস পর্যান্ত মূথ আনান হয়।

য়ানিসিক্ ও মালেরিয়স অপাদিটি (Anaemic and malarious opacity) অর্থাৎ নিরক্তাবস্থাও মালেরিয়া বশতঃ অস্বছেতা।—ইহাতে এরূপ দিনান্ত করা হয় নাই যে উপদংশ ব্যতীত ভিটিয়েদের অস্বচ্ছতা জন্মিতে পারে না। ইহার দৃষ্টান্ত স্বর্রূপ নিম্নলিথিত রোগীর
বৃত্তান্ত দিনিবেশিত করা গেল। ইহাতে ভিট্রিয়েদের পরিবর্ত্তন রক্তের হীনাবস্থা
ও দাধারণ পোষণের অভাব বশতঃ হইয়াছিল।

দৃষ্টাস্ক। উনেশ চক্র রায় নামে ৩২ বংসর বয়য় একটি মসিজীবী যুবক যাহার রক্ত অত্যন্ত হীনাবস্থায় ছিল, বিলেস, যে পাঁচ বংসর অতীত হইল, তাহার এরূপ দর্শনের ব্যাঘাত জন্মিয়াছে। বিশেষতঃ ক্র্য্যান্তের পর মে ঘোর দর্শন করিত। ইহারই বিয়য় সে প্রথম অবগত হইতে পারিয়াছিল। কিন্তু পরেতে সে চক্ষের সন্থে ক্ষুদ্র কাল দাগ দেখিতে পাইত। তাহার বাম চক্ষু দ্বারা সে বড় আকৃতির অক্ষর পর্যান্ত দেখিতে পাইত না; দক্ষিণ চক্ষু দ্বারা অতি কঠেনং ৪ অক্ষর পড়িতে পারিত। উভর চক্ষুর কণিয়া আইরিস্ও লেন্দ স্বাভাবিক ছিল। বাম চক্ষুর আয়াম (T-1) ছিল এবং দক্ষিণ চক্ষুর আয়াম স্বাভাবিক (T n) ছিল। প্রথমোক্তাটতে ভিট্রিয়্য তর্ল অবস্থায় ছিল এবং কতগুলি ফুকিউলেন্ট বা বৃদ্ব্দাকার পদার্থ তাহাতে দেখা গিয়াছিল। অপ্টিক্ ডিয়্ম্ এবং রেটিনাকে অস্পন্ঠ ভাবে লক্ষ্য করিতে পারা গিয়াছিল।

ঐ রোগীকে পাঁচ গ্রেণ মাত্রার আইওডাইড্ অব্ পটা সিয়্ম্ দিবসে তিন বার সেবনের অনুমতি দেওয়া হইয়াছিল। সে ঐ ঔষধ কিছুদিন ব্যবহার করিয়াছিল কিন্তু তাহাতে কোন উপকার দর্শিয়া ছিলনা। পরে তাহাকে কড্লিভর অইল এবং বাইক্লোরাইড্ অব্ মার্কারি দেওয়া হইয়া ছিল। তুই মাস সেবনের পর ইহা দারা উপকার দর্শিয়া ছিল। এখন উভয় চক্ষ্র গভীরতম প্রেদেশ স্বস্থ বলিয়া বোধ হইয়াছিল। বামচক্ষে ভিট্রিমসের এরপ উন্নতি হইয়াছিল বে চক্ষ্র আয়াম স্বাভাবিক হইয়াছিল এবং তাহার ভিতর দিয়া অপ্টেক্ ডিন্ত্ এবং রোটনার নাড়ী সমূহ দেখিতে পাওয়া যাইত। কিন্তু তথাপি কিছু ফুকিউলেণ্ট্ পদার্থ ভাসমান থাকিতে দেখা গিয়াছিল। উভয় চক্ষ্ বারা রোগী নং ১ অকর পড়িতে পারিত এবং দক্ষিণ চক্ষ্ সম্পূর্ণ স্বস্থ হইয়াছিল।

কোরইডের ব্যাধি প্রযুক্ত ভিট্রিয়সের যে অস্বচ্ছত। উপদংশ ব্যতীত উপস্থিত হয় তাহারা প্রায়ই ম্যালেরিয়া দারা দ্বিত রক্ত নিমিত্ত হইয়া থাকে।
আমার এ কথা বলা বাহুল্য যে এতদেশের ইতর লোকদিগের মধ্যে অনেকেই
নিরক্তাব্যা ভোগ করে। এরপ অবস্থায় জর সংঘটিত হইলে রক্ত অধিকতর
দ্বিত হয় এবং কোরইড ও অন্যান্য বিধানে স্থানিক রক্ত সংগ্রহ হইয়া থাকে।
এবং ভিট্রিয়সও কর্ণিয়ার ন্যায় শীঘ্র অপকৃষ্ট ও অস্বচ্ছ হইতে থাকে।

় বদি দৃষিত রক্তের জন্য এরপে অস্বচ্ছতা ঘটে ইহা সহজেই অনুভব করা বাইতে পারে যে উত্তম খাদ্য কুইনাইন্ এবং কড্লিবর অইল্ছারা বিশেষ উপকার দর্শিবে। এ সকল স্থলে ডাক্তার ম্যাক্নামারা কড্লিভর অইল্ছাদেনিক্ এবং খ্রীক্নিয়ার উপর অধিক নির্ভর করেন।

স্কের-কোরইডাইটিস্ পষ্টিরিয়র রোগ বশতঃ ভিট্রিয়সের অস্বচ্ছতা ঘটিলে তাহা চক্ষ্র পশ্চাৎ দিক হইতে বৃদ্ধি পাইতে থাকে এবং এস্থলে ভিট্রিয়স্ তরল হয় এবং বোর বর্ণের দাগ সকল উহার মধ্যে ভাসমান থাকিতে দেখা যায়।

ফিলম্ ইন্ দি ভিট্রিস্ (Films in the vitreous)।
কখন বর্ণ বিহীন ফুকিউলেণ্ট্ পদার্থ বা ফিলম্ গুলিকে রেটনার সন্থে
ভিট্রিস কুটীরে আয়ামিত পদার ন্যায় বোধ হয়। বোধ হয় ইহারা ভিট্মলের সেল্লার বা কৌষিক পদার্থ মাত্র, যাহারা অপকৃষ্ট হইয়া এরপ অবছ

হর। শেরণ মান্তবর বোউম্যান্ দাহেব কনীনিকার পশ্চাং হইতে অস্বজ্ ক্যাপ্রল্নিকাশন করিয়া থাকেন তদ্ধপ ভাবে\* অধ্যাপক ভন্গ্যাফি ইহাদের মধ্যে ছইটি স্টিকা প্রবিষ্ট করাইয়া তদ্ধারা ইহাদিগকে ছিল্ন ও নিক্ষাধিত ক্রেন।

ভিট্রিসের অস্বচ্ছতা হইবার আর একটি কারণ উক্ত কুটীরের রক্তপ্রাব।
স্বতঃপর এ বিষয়ের উল্লেখ করা যাইবে।

কুইড্ ভিটি, য়স্ (Fluid vitreous) অর্থাৎ ভিটি, য়সের তার-লোর বিষয়।—ভিটিয়স্ সম্পূর্ণ তরল হইতে পারে কিন্তু তথাপি ইহার স্বচ্ছ-তার কোন ব্যাঘাত না জনিতে পারে। যদ্যপি উহার মধ্যে কোন অস্বচ্ছ ঝিলী জন্মে বা নৃতন পদার্থ উৎপন্ন হয় তবে তাহা দৃষ্টিক্ষেত্রে রোগীর নিকট ভাসমান ছায়ার স্তায় বোধ হয়। এ বিষয় পূর্কাধ্যায়ে ভিটিয়সের অস্বচ্ছতা বর্ণন কালে উল্লেখ করা হইয়াছে।

অক্লিগোলকের আয়াম ন্যন না হইয়াও ভিট্রিয়নের এই তরলতা ঘটিতে পারে। কারণ ইহাকে কথনং প্লোমায় রোগের সহিত অবন্ধিতি করিতে এবং কোরইডের অর্ক্লাদি হইলেও তদ্সহ ইহা হইতে দেখায়ায়। বস্ততঃ কোন প্রকারে পীড়ন প্রাপ্ত হইলেই ভিট্রিয়ন্ তরলত্ব প্রাপ্ত হয়। পক্ষাব্রের কোরইডাইটিন্ রোগের পর চক্ষ্ শুল (য়্যাট্রিক) হইলেও ভিট্রিয়ন্ তরলত্ব প্রাপ্ত হয়, এবং বৃদ্ধদিগের বার্দ্ধক্যতা বশতঃ বিশেষতঃ কোর-ইডের রক্তনাড়ী গুলি আক্রান্ত হইলে উক্ত রূপ অবস্থা ঘটে।

ক্রমবর্দ্ধিত য়্যাণ্টিরিয়র্ বা পোষ্টিরিয়র্ ষ্ট্যাফিলোনা রোগে কথনং ভিট্রিয়ম্কে তরল অবস্থা প্রাপ্ত হইতে দেখা যায়, এবং রোগী ক্রমাগত তাহার চক্ষ্র
সন্মুথে ক্লম্ব বর্ণ পদার্থ সমূহ দেখিতে পায় বলিয়া আবেদন করে। কেবল
মাত্র কোরইডের ব্যাধি দারাই যে ভিট্রিয়সের এয়প অবস্থা ঘটে এমত নহে
কিন্তু ভিট্রিয়স্ চেম্বর বহির্দিকে কিঞ্চিৎ উন্নত হইয়া পাকাতে লেন্স, আইরিস্
হইতে স্বতন্ত্রিত হইতে পারে, তাহাতে চক্ষের রিজ্যাক্টিং মিডিয়া বা আলোক

<sup>\*</sup> Carter's Translation of Zander "On the OphthalmoscoPe," p. 224.

ক্ককারী পথের বিশ্রালত। উপস্থিত হয় এবং কণীনিকাও দোলায়মান (টেমুলস্) অবস্থায় থাকে।

তরল ভিট্রিরের মধ্যে বোর বর্ণের দাগ এবং স্থা সকল বর্ত্তমান থাকে। এজন্য অক্ষিবীক্ষণ দারা এ রোগ নির্ণয়ের কোন অস্ক্রবিধা হয় না। (ভিট্রি-য়সের অস্বচ্ছতা দ্রস্তিব্য়)।

স্পাক্লিং দিন্কাইদিন্ (Sparkling synchysis)।—কদাচিং ভিট্রিয়নের একটি আশ্চর্য্য অবস্থা দেখা যায় যাহাকে স্পারক্লিং দিন্কাইদিন্ বলে। ইহা পিভের একটি উপাদান কোলেষ্টেরিন্ নামক পদার্থ
উহাতে ভাসমান অবস্থায় থাকাতে ঘটিয়া থাকে। অক্ষিবীক্ষণ দারা ভাহাদিগকে অসংখ্য অর্ণ পাতের ন্যায় দেখায়। চক্ষ্কে এক দিক হইতে অস্থানিকে
শীঘ্র পরিবর্ত্তন করিলে ইহাদিগকে চতুর্দিকে মগ্য হইতে ও ভাসিতে দেখা যার।

লেন্দ্রানভ্রত হইয়া অপকৃষ্ট হইলে এই পদার্থের উৎপত্তি হয়। লেন্দের পদার্থ অধিকাংশ ভাগ শোষিত হইয়া যায়, কেবল অন্তব কোলেষ্টেরিন্ ভিট্রি-মুস্কুটিরে রহিয়া যায়।

লেন্দের ডিপ্রেসন্ বা ইন্ক্রাইনেসন্ অর্থাৎ লেন্সকে বসাইয়া দেওর। হইলে, ভারতবাসীদিগের মধ্যে এরপ অবস্থা কথনং দৃষ্ট হর। আমরা দেতরাচর চক্ষুরোগ-চিকিৎসালয়ে এরপ রোগী দেখিতে পাই, যাহাদের স্পারক্রিং সিনকাইসিদ্ এবং রেটিনা ও কোরইডের শুক্ষ অবস্থা এককালে বর্ত্তমান থাকে।

হিমরেজ্ ইন্টু দি ভিট্রিয়স্ (Hæmorrhage into the vitreous) ভার্থাৎ ভিট্রিয়সেরক্তরাব।—আঘাত বশতঃ বা কোরইড্ বা রেটিনার ব্যাধি বশতঃ উহাদের রক্তনাড়ী বিদীর্ণ হইলে ভিট্রিয়স্ কুটীরে রক্তরাব ছইতে সচরাচর দেখা যায়। যথা কোন ব্যক্তির চক্ষে আঘাত লাগিলে এবং কিমসিস্না থাকিলেও সে ব্যক্তি উক্ত চক্ষ্ দারা স্পষ্ট দেখিতে পায় না। তাহার দর্শন লোহিতাত বর্ণ দারা অধিকৃত হয়। অক্ষিবীক্ষণ দারা দেখিলে ভিট্রিয়স্ আয়ত স্থান লইয়া বোর লাল বর্ণ দেখায় এবং ভাহার মধ্য দিয়া অপ্টিক্ ভিস্ক্ অস্পষ্ট ভাবে দৃষ্ট হয়। হয়ত বেটিনার উপরপ্ত ক্রের দাগ সকল দেখিতে পাওয়া যায়।

স্রাবিত রক্ত শীঘ্র শোষিত হইয়া যাইতে পারে। এবং ভিট্রিয়স পূর্ববিৎ বছ হইতে পারে; কিন্তু অধিক পরিমাণে রক্তস্রাব হইলে দর্শনকৈন্দ্রে তাহার একটি সংযত থও অবস্থিতি করিতে পারে; ইহাতে রোগীর ন্যুনাধিক দর্শনের হানি জন্মে। এই রূপ প্রকারের সংযত রক্ত থণ্ডের ফিব্রিন্ সচরাচর মেদে পরিবর্ত্তিত হয় এবং ক্রেমে ক্রেমে শোষিত হইয়া যায়। কিস্তু ভিট্রিয়েস রক্তন্ত্রাব হইলে অস্বচ্ছতা ও পরে অনেক পরিবর্ত্তন ঘটে, তাহাতেই ভিট্রিয়স্ তর্লত্ব প্রাপ্ত হয়। এজন্য এরূপ স্থলে ভাবিফল প্রকাশে সাবধান হওয়া উচিত। এ ব্যতীত এই সংযত রক্ত থণ্ড ঐ স্থানে তদ্বস্থায় থাকিতে পারে। শোষিত হইয়া গোলেও পরে এরূপ দেখিতে পাওয়া যায় য়ে, রেটিনার অনেক ক্ষতি এবং উহার ক্রিয়াও চিরভারীরূপ বিনম্ভ হইয়াছে।

থাকে। যদি কোন আঘাত বশতঃ রক্তপ্রাব ঘটে, তাহা হইলে সেই আঘাত প্রাপ্ত হইবার সময় হইতে দর্শনের হানি জন্মে। কিন্তু কোন ব্যাধি বশতঃ রক্তপ্রাব ঘটিলে রোগের ইতিবৃত্ত, লক্ষণ এবং অক্ষিবীক্ষণ দ্বারা রোগ নির্ণয় করা যাইতে পারে। ভিট্রিরসের এই সংযত রক্ত থণ্ডের সহিত কোন ম্যালিগ্রাণ্ট্ গ্রোণ্ বা অর্ক্ দাদির উৎপত্তির প্রথমাবস্থায় ভ্রম হইবার সন্তাইবান অথবা রেটিনা, কোরইছ্ হইতে স্বভন্তিত হইলেও এরপ ভ্রম হইতে পারে। কিন্তু কিঞ্চিৎ সতর্ক হইরা উক্ত অংশ পরীক্ষা করিলে এ বিষয়ের কোন সন্দেহ থাকে না। কোন ম্যালিগ্রাণ্ট্ টিউমার্ উৎপন্ন হইলে তাহার আকৃতি দেখিয়া নির্ণয় করা যায়। এ বাতীত চক্ষের বেদনা ও আ্যাম দৃষ্টে এবং অক্ষিবীক্ষণ দ্বারা পরীক্ষা করিলে, চক্ষে যে কোন প্রবশ্বর পীড়া সংঘটিত হইরাছে তাহা ব্যক্ত হয়। ঐ টিউমার চক্ষুর গভীরতম প্রদেশ হইতে কিঞ্চিৎ উন্নত হইরা উঠিলে পার্শ্বর্জী আলোক দ্বারা সহরাচর উহার সীমা নির্ণয় করা যায়।

এন্টোজোয়া ইন্দি ভিটিয়েস্ (Entozoa in the vitreous)
ভার্থ ভিটিয়েসের কুমি।— সিষ্টিসারকাই (Cysticerci) নামক কুমি
কখন কখন, ভিটিয়েস্ কুটীরে দেখা নার। ইহারা যে সিষ্ট্রা কোষ হইতে
ভিবপন হয় তাহা কোনই দ্ কিশ্বা কেটিনার দহিত সংমুক্ত থাকে। ভাতার

লিব্রিক্ বলেন এই সকল কৃমি প্রথমে রেটনার পশ্চাতে উৎপন্ন হইয়া পরে উহাকে ভেদ করতঃ ভিট্রিয় কুটারে প্রবেশ করে। এই সকল কৃমি অস্বচ্ছ আবরণ দ্বারা আবৃত থাকাতে যদিও স্পষ্টরূপে দেখিতে পাওয়া যায় না তথাপি কোষের আকুঞ্চন ও প্রসারণ গতি বিলক্ষণ দেখা যাইতে গারে। কিছু দিন পরে উক্ত কোষ বিদীর্ণ হইয়া যায় এবং তথায় উক্ত জন্তর মন্তক ও ক্ষমভাগ অবলোকন করিতে পারা যায়। ইহা অতি আশ্চর্য্যের বিষয় য়ে, য়ে পর্যান্ত না রোগ এই অবস্থা প্রাপ্ত হয় তাবং উক্ত কৃমি অন্ত কোন প্রকার অস্ত্রের কারণ উপস্থিত করেনা, কেবল মাত্র রোগীর রোটনার সমূথে উক্ত সিষ্ট্র বা কোষের গতি হওয়াতে যে ছায়া পতিত হয় তাহাই অস্ত্রের কারণ হইয়া থাকে। চক্ষে বেদনা বা উত্তেজনা বর্ত্রমান থাকে না।

ভাক্তার লিব্রিক্ ভিট্রিরসের একটি সিষ্টিসারকাইয়ের বিষয় বর্ণনা করেন;
এটি যে তিনি কেবল মাত্র নির্ণয় করিয়া ছিলেন শুদ্ধ তাহা নহে কিন্তু
উহাকে নিদ্ধানন্ত করিয়াছিলেন। এক জোড় ক্যানিউলা কর্দেপ্প্ ভিট্রিরসে
প্রবিষ্ট করাইয়া তিনি ঐ ক্লমিকে ধৃত করিয়া চক্ষু হইতে অপনয়ন করিয়া
ছিলেন। এই শস্ত্র ক্রিয়া কালে তিনি বিশেষ কৌশল অবলম্বন করত মন্তকের
সহিত অক্লিবীক্ষণ যন্ত্র স্থির রাখিয়া ভিট্রিরসকে আলোকিত করিতে সক্ষম
হইয়া ছিলেন। অভিপ্রায় এই যে এরূপ করাতে উভয় হন্ত বাবহার করিতে
পারিয়া ছিলেন স্ক্তরাং ইহার জন্ত যে হন্ত নৈপুণা আবশ্রুক হইয়াছিল ভাহা
অনায়াসে সম্পায় করিয়াছিলেন।\* এরূপ প্রকারের রোগীর দৃষ্টান্ত আনক
লিখিত আছে।া কোন কোন স্থলে প্রথমে লেন্স্ নিদ্ধাশন করিয়া পরে
ক্লিমিক অপনয়ন করা হইয়াছিল। যাহা হউক এরূপ শন্তক্রিয়া প্রায়হ

ভারতবর্ষের অনেক স্থানে অখদিগের চক্ষে ফিলেরি (Filariæ) নামক ক্ষি সচরাচর দেখিতে পাওরা যায়। এই ক্ষিকে রাকিউয়স্ হিউমারের মধ্যে ধবল বর্ণের স্ত্তের ন্যায় ইতস্ততঃ ভাষ্যমান দেখা যায়। রোগের

<sup>\* &</sup>quot;Atlas d'Ophthalmoscopie," par le Dr. R. Liebreich, p. 18.

<sup>†</sup> Carter's Translation of Zander, p. 162.

প্রথম অবস্থায় কোন উত্তেজনা বা অস্থবিধা থাকে না কিন্তু পরিশেষে কর্ণিয়ার প্রদাহ বা ক্ষত উৎপন্ন হইয়া চক্ষের যাবতীয় পদার্থের সহিত উক্ত কৃমি
বহির্গত হইয়া যায়। কর্ণিয়াকে ছিদ্র করিয়া তন্মধ্য দিয়া য়াকিউয়স্ও কৃমি
অপন্যন করিলে এরূপ ঘটনা ঘটেনা \*। এই ফিলেরিয়াকে মনুষ্য জাতীর
ভিট্রিয়সেও দেখা গিয়াছে।†

ফরেন্বডিজ (Foreign bodies) বা শৈলা।— ভিট্রিয়ের ঠিক যে স্থানে শৈলা অবস্থিতি করে তাহা নির্ণয় করিবার জন্ম অক্ষিরীক্ষণ যন্ত্র বিশেষ উপযোগী। একটি চক্ষু আঘাত দ্বারা বিনষ্ট হইলে সনবেদন বশতঃ অপরটি নষ্ট হইবে ইহা বিবেচনা করিলে ইহা জানিতে পারা যাইবে যে, অন্যত্র কোগাও এরূপ বিশেষ মনোযোগের আবশুক করে না যেরূপ এই সকল স্থলে আবশুক হয়। অক্ষিরীক্ষণ যন্ত্র এই সকল স্থলে কতদূর সাহায্য করে তাহার দৃষ্টান্ত স্বরূপ আমারা একটি ঘটনা উল্লেখ করিতে পারি। একখণ্ড স্থল্ম ইম্পাত কোন এক ব্যক্তির চক্ষুর পাতা ও কন্জংটাইভা ভেদ করিয়া ভিট্রিয়েদ্ কুটারে প্রবেশ করে। ঐ রোগী মান্যবর ডিরান্ সাহেবের চিকিৎসাধীনে ছিল। অক্ষিরীক্ষণ দ্বারা পরীক্ষা করাতে তিনি উক্ত শৈল্যকে লেন্সের পশ্চাতে দেখিতে পাইয়াছিলেন। স্থেরটিককে অধঃ এবং বাহাদিকে ভেদ করিয়া এবং ভিট্রিয়নের মধ্যে একটি ক্যানিউলা ফরদেক্ষ্ প্রবিষ্ট করাইয়া উক্ত বাহ্নিক পদার্থকে ধৃত এবং চক্ষু হইতে উদ্ধার করেন। ইহার পর রোগী শীঘ্রই আরোগ্য লাভ করিয়াছিল।

এরপ দৈববটনা যে কি প্রকারে চিকিৎসা করিতে হইবে তদ্সম্বন্ধে কোন নিয়ম নির্দারিত করা যাইতে পারে না। প্রায় মত রোগী দেখা যায় তাহাদের প্রত্যেকের বিভিন্ন প্রকার চিকিৎসার আবশুক করে, এ জন্য আমাদের অভিপ্রায় সাধনের জন্য যাহা কিছু বিবেচনা বৃদ্ধি ও হস্তনৈপুণ্য থাকে প্রয়োগ করিবার আবশুক হয়। যদি শৈল্য ভিট্রিয়স্ কুটীরে এইমাত্র প্রবেশ করিয়া থাকে, তাহা হইলে অক্ষিবীক্ষণ যন্ত্র দারা প্রায়ই শৈল্যের সীমা নির্দারিত করিতে পারা যায়। কিন্তু কিছুদিন উহা উক্ত স্থানে অবস্থিতি করিলে একটি

<sup>\*</sup> see Indian Annals, No. 26 .

<sup>†</sup> Carter's "Zander," p. 191.

কৃত্রিম ঝিলী দারা আচ্ছাদিত হইবার সন্তাবনা। ইহার জন্য নিম্লিখিত রোগীর বৃত্তান্ত সন্নিবেশিত হইল।

দৃষ্টান্ত।—সিষ্টার—— গত শীত সময়ে দক্ষিণ চক্ষে নং ৩ গুলির আঘাত প্রাপ্ত হয়। ঐ গুলি তাহার স্কেরটিকের অধঃভাগ ভেদ করিয়াছিল। ক্রমে ঐ চক্ষের দৃষ্টি নষ্ট হয়। এই ঘটনার প্রায় তুই নাদ পরে ডাক্তার ম্যাক্নানারা দহিত উক্ত বিষয়ের পরামর্শ করা হয়। ডাক্তার ম্যাক্নানারা দেখিতে পাইলেন যে, তাহার দক্ষিণ চক্ষ্ সম্পূর্ণ অন্ত ইইয়াছে। কনীনিকা প্রদারিত এবং ভিট্রিয়দ্ বোর ইইয়াছিল। স্ক্রেটিক্ এবং কন্জংটাইভাতে কিঞ্চিং রক্তাধিক্য ছিল। আয়াম স্বাভাবিক ছিল ও চক্ষে কোন প্রকার বেদনা ছিল না। উহাকে অক্ষিবীক্ষণ দ্বারা পরীক্ষা করিয়া ডাক্তার ম্যাক্নামারা দেখিতে পাইলেন যে, কোরইড্ ইতে রেটিনা সংযোগ চ্যুত ইইয়াছেও ভিট্রিবস্ ক্টীরের তলদেশে একটি শ্বেত আবরণের মধ্যে গুলি লুক্কান্বিত রহিয়াছে। ঐ চক্ষে দর্শন শক্তি হওয়া অসম্ভব এবং কোন উত্তেজনার লক্ষণও ছিল না, এ জন্য ডাক্তার ম্যাক্নামারা তাহার উপর একটি তুলার গদি রথিয়া চক্ষ্কে আবন্ধ রাখিতে উপদেশ দেন। কিছুদিনান্তে কন্জংটাইভার উত্তেজনা একেব্রারে তিরোহিত ইইয়াছিল।

অসোভাগ্য বশতঃ ভারতবর্ষে এরূপ প্রকারের ভিট্রিয়সে শৈল্য প্রবেশের অনেক দৃষ্টান্ত দেখিতে পাওয়া যায়। অশিক্ষিত তদ্দেশবাসী চিকিৎসকেরা ক্যাটার্যাক্টের চিকিৎসার্থ রিক্লাইনেসন্ অর্থাৎ লেন্সকে অধঃক্ষেপণ করিতে গিয়া এরূপ বিপদ উপস্থিত করে। মনে কর কোন রোগী অধঃক্ষেপণ শস্ত্রক্রিয়ার পর প্রবলরূপে প্রকাহিত চক্ষ্র বেদনার সহিত আমাদের নিক্ট উপস্থিত ইইয়াছে। পরীক্ষা দ্বারা দেখাগেল যে লেন্স্ আইরিসের পশ্চাতে টলটল করিতেছে। এরূপ অবস্থায় কি চিকিৎসা করা আবশুক তাহা তৎক্ষণাৎ স্থির করা উচিত। যদি জানা যায় যে, লেন্স্ এক সপ্তাহ বা এইরূপ কোন সময়ের মধ্যে অধঃক্ষিপ্ত ইইয়াছে এবং রোগীর আলোক দর্শনের শক্তি আছে তাহা হইলে লিনিয়র্ এক্ষ্ট্রাক্সন্ উপায়ে লেন্সকে বহির্গত করতঃ চক্ষ্ রক্ষা করিবার চেষ্টাকরা উচিত। যদি লেন্সের সহিত আইরিসের সংসোগ ইইয়া থাকে তাহা হইলে এরূপ কর্মণ করিবার চেষ্টাকরা উচিত। যদি লেন্সের সহিত আইরিসের

হয়। চতুর্দশদিবদের অধিক সময় অতীত হইলে এবং চক্ষে বেদনা থাকিলে ও আলোক বোধনা থাকিলে কর্ণিয়া ভেদ করতঃ চক্ষ্র অন্তর্গত যাবতীয় পদার্থ বহির্গত করিয়া দেওয়া কর্ত্তব্য। এতব্যতীত বেদনাদি নিবারণার্থ যাহা কিছু চিকিৎসা অবলম্বন করা যায় তাহাতে এই ফল হয় যে সমবেদন বশতঃ অপর চক্ষ্র বিনষ্ট হয়। ভবিষাতে বাাধিত চক্ষ্ বেদনাও অস্ক্রিধার কারণ ভিন্ন তাহা হইতে অন্য কোন ফল হয় না। অতএব যত শীঘ্র পারা যায় তাহাকে বিনষ্ট করা উচিত।

### व्यामिंग वशाय।

DISEASES OF THE LENS.

# লেন্স্থাৎ অক্ষি মৃক্রের রোগ সমূহ। Cataract ক্যাটার্যান্ত্র।

চক্ষুর অপরাপর নির্দ্ধাণে কোন রূপ পীড়া না হইয়া কেবল অকিমুকুর অক্ষছ হইলে তাহাকে ক্যাটারাাক্ট্রশক্ষে আথ্যাত করা যায়। বান্তবিক উহার উপান পদার্থ অপরুষ্ঠ হওয়ায় লেন্স ক্রমে অধিকতর অক্ষছ হইতে থাকার দৃষ্টি ক্রমশঃ ঘোর হওয়াই এই ক্যাটারাাক্ট রোগের লক্ষণ। উহার ক্যাপ্রুল বা কোব অক্ষছ হইলে তাহাকে ক্যাপ্রুলার ক্যাটারক্ট্ (Capsular cataract) কহে।

কারণ।—টুনাটিক্ অর্থাৎ আঘাতজনিত এবং ক্যাপ্স্লার্ ক্যাটার্যান্ট্ ব্যতীত ক্যাটার্যান্ট্ রোগের কারণ সিদ্ধান্ত বিষয়ে বহুকালাবধি তর্ক বিতর্ক চলিরা আসিতেছে। কিন্তু কোন কোন স্থলে নিরপেক্ষভাবে শোণিতোপা-দানের বিক্তাবস্থা দারা এই রোগ উৎপন্ন হইয়া থাকে। ডায়েবেটিস্ বা শর্করামেহ রোগে ইহার দৃষ্টান্ত অবগত হওয়া যায়। যাহাহউক শর্করামেহ যুক্ত ব্যক্তিদেরই যে ক্যাটার্যান্ট্ হয় ইহা মনে করা ভ্রম এবং এই সকল ব্যক্তির সেন্দ্রহির্গত করিলে সতত ভালরূপ আরোগ্য হয় না ইহা আরও ভ্রম। অনেক স্থলে লেন্দ্র্যের মেদাপকর্ষ অথবা দৃঢ়তা (Sclerosis) প্রযুক্ত ক্যাটার্যান্ট্ রোগ উৎপন্ন হয়। বার্দ্ধক্যতা বা কোন কারণ বশতঃ লেন্দ্রের পরিপোষণের ব্যতিক্রম ঘটিলে এই সকল অবস্থা অভ্যুদিত হয় যথা—রক্তের কোনরূপ পরি-বর্ত্তন, সামুশক্তির হাস, আঘাত জনিত (যান্ত্রিক) লেন্দ্রের স্থান্ট্তি।

আভিঘাতিক ক্যাটার্যাক্ট্রোগে অকিমুকুরের ক্যাপ্স্থল বা আবরণ-সংলগ কোষ সকল মধ্যে পরিবর্ত্তন দৃষ্ট হয় অর্থাৎ ঐ সকল কোষ সংখ্যায় অতি সম্বর বৃদ্ধি হইতে থাকে এবং তৎসহকারে অকিমুকুরের নিউক্লিয়ন্ (Neucleus) মধ্যে পরিবর্ত্তন ঘটিয়া লেন্দ্র অস্ক্রছ হইয়া পড়ে। পরিশেষে লেন্দের কটি ক্যাল্ (Cortical) পদার্থও অপকৃষ্ট হয়।

ক্যাটারাস্ রোগের শ্রেণী বিভাগ :— ক্যাটারাস্ট্রোগ ছই খেণীতে বিভক্ত হইতে পারে। লেণ্টিকিউলর্ (Lenticular) বা লেন্স্ব দ্বীয় ও ক্যাপ্স্লার্ (Capsular) বা আবরণিক।

লেণ্টিকিউলার (Lenticular) ক্যাটার্যাক্ট্ চারিস্রেণীতে বিভক্ত। সক্ট্ (soft কোলম), কটিক্যাল্ (Cortical ) বা নিক্মড্ (Mixed মিশ্র), সিনাইল্ (Senile ) বা বার্দ্ধক্য জনিত বা হার্ড (Hard) এবং জনিউলার্ (Zonular)।

১। সফ্ট (soft) বা কোমল ক্যাটার্রান্ট্ সচরাচর শিশু ও ত্রিশ বংসরের ন্ন বয়স্ক যুবকদিগের মধ্যে দৃষ্ট হয়।

সক্ট ক্যাটারাজি রোগে লেন্স হত্ত সকল যে কেবল মেনে পরিশ্ত হর এমত নহে, কিন্তু পরিশেষে উহারা বিশ্লিষ্ট ও থওং হইয়া ভগও হয়। ক্যাপ্-স্থানের অভ্যন্তরন্ত পদার্থ দ্রবীভূত হওয়ায় উহা সন্থদিকে স্কীত হইয়া উঠে এবং তাহাতে আইরিদ্ সন্থে নীত এবং চক্ষ্র সন্থ কুটীরের অগ্র-পশ্চাৎ ব্যাসের পরিমাণ হ্রাস হয়।

এক্বপ ক্যাটার্যাক্টের নির্দারণ বিষয়ে কিছুমাত্র ভ্রম জনিবার সম্ভাবনা মাই, যেহেতু এট্রে।পিন্ দারা কর্ণিরাকে প্রদারিত করিয়া ডাইরেক্ট্রা ট্যাব্দ্মিটেড্ ( Direct or transmitted ) আলোকরিশা আনিয়া চক্ষ্ পরীক্ষা করিলে অস্বচ্ছ অফিম্কুর নবনীতবং তরল পদার্থ-পূর্ণ-কোষ সম প্রতীয়মান হয় এবং তর্মধ্যে কোন প্রকার অস্বচ্ছ রেখা ( Strae ) দৃষ্ট হয় না। কথন কথন অকিম্কুরাবরণের অভ্যন্তর প্রদেশে অস্বচ্ছ বা চাথড়িবং দাগ ও সময়েই কোলেটেরিন্ গুচ্ছ ( Flakes of cholesterine ) লক্ষিত হয়। অক্ষিরীক্ষণ বল্লমারা চক্ষ্ পরীক্ষা করিলে দৃষ্ট ইইবে, অকিম্কুরের অস্বচ্ছতা লেন্দের পরিধি পর্যান্ত বিস্তৃত রহিয়াছে।

কোন কোন সময়ে ক্যাপ্স্লের অভ্যন্তরস্থ পদার্থ যথন তরল থাকে তথন তাহা ক্রমশঃ শোষিত হইরা যায়, কেবল অল্ল পরিমিত পার্থিব পদার্থ অবশিষ্ট থাকে। ক্যাপ্স্ল্ ক্রমে আকুঞ্চিত হইরা যায়, পরিশেষে কনীনিকার পশ্চাদ্দেশে অবস্থিত একথানি শুক্ল বিষনাকার ঝিল্লি দৃষ্ট হয় এবং ট্র্যাক্স ্মিটেড্ আলোক দারা পরীক্ষা করিলে উহার উপরিভাগ লোলিত বোধ হর। প্রেষ্ঠিক অস্ব-

ত্তা আইরিসের কিঞ্চিৎ পশ্চাদেশে অবস্থান করে স্নতরাং কর্নীনিক। ও অপ্ত ঝিলি এতচভয়ের মধ্যে কিঞ্জিৎ ব্যবধান দেখিতে পাওয়া যায়।

তবিষধ সক্ট ক্যাটার্যাক্টের ধ্বংদাবশিষ্ট অতিশয় দৃঢ় এবং ক্যাপ্স্লের স্থিতিস্থাপকতা গুণ অতিশয় হ্রাস বা একেবারে ধ্বংস প্রাপ্ত হওয়াতে স্থাচিকা স্থারা ঐ সকল ঝিলি নষ্ট করা অতিশয় স্থাক্তিন হইয়া উঠে। এরূপ স্থান্ধ চক্ষ্র সন্মুখ কুতীর ভেদ করতঃ ফর্সেগ্য দ্বারা ঐ অস্বচ্ছ ক্যাপ্স্ল ধৃত করিয়া চক্ষ্ হইতে বহিদ্ধত করাই শ্রেমস্কর উপায়।

২। কটিক্যাল্ বা নিক্সড্ ক্যাটার্যাক্ট্ (Cortical or mixed)। কটিক্যাল্ ক্যাটারক্ট্ রোগের প্রারম্ভে সচরাচর অক্ষিমুক্রের পরিধি হইতে কভকগুলি রেখা (Striæ) কেন্দ্রাভিমুখে নাবিত হইতে দেখা যায়। ঐ রেখা সকল আইরিসের কিঞ্চিৎ পশ্চাদেশে অক্ষিমুক্রের পশ্চাদ্রতী ভরে কিয়া পদার্থে অবস্থিত থাকে। কনীনিকাকে র্যাট্রিপিন্ দ্বারা প্রসারিত করিয়া সাক্ষাৎ উপার্ব বা পার্যবর্তী আলোক আনিয়া পরীক্ষা করিলে লেন্দ্রের এইরপ অবস্থা উত্তম-ক্রপ দৃষ্ট হয়। ক্যাটার্যাক্ট্ রোগের বৃদ্ধি সহকারে ঐ রেখা সকল দৈর্ঘ্যে ও প্রস্থে বৃদ্ধি প্রাপ্ত ও ক্রবর্ণ হয় এবং রোগী যত অল্ল ব্যক্ত হয় ঐ সমস্ক্র অক্ষেচ্ন রেখা ততই প্রশন্ত ও কন্তব্যাবৎ দৃষ্ট হয়।

ক্যাটার্যাই রোগ সম্পূর্ণ পরিপক হইলে উহার যেরপ আকৃতি হয় তাহা নিমে লিখিত হইতেছে; অপ্রসারিত অবস্থায় কনীনিকা অস্বচ্ছ অকিম্কুরের অব্যবহিত পরেই অবস্থান করে এবং অপকৃষ্ট পদার্থ সন্মুখবর্তী ক্যাপ্স্থল্ পর্যান্ত বিজ্ঞত থাকে। এট্রোপিন্ দারা কনীনিকা প্রসারিত করিলে অক্ষিমুকুর সর্বাত্ত অস্বচ্ছ ও কল্পরা বা ওপল এর (Opal) বর্ণ বিশিষ্ট রেখা গুছ্ছ দারা অঙ্কিত দৃষ্ট হয়। অক্ষিমুকুরের মধ্যস্থান ঈষৎ পীতবর্ণ এবং ট্র্যান্স্মিটেড্ আকোক দারা পরীক্ষা করিলে পরিধিতাগ অপেক্ষা ঘন দেখায়। যাহাইউক অক্ষিবীক্ষণ যন্ত্র দারাই এ বিষয়টী উত্তম রূপে নির্দারিত করা যায়; এই যন্ত্র দারা পরীক্ষত হইলে দৃষ্ট হইবেক যে, অক্ষিমুকুরের প্রান্তভাগমধ্য দিয়া স্বরাংশ আলোকরশ্মি চক্ষু মধ্যে প্রবিষ্ট হইতে পারে এবং চক্ষুর পশ্চাদেশ হইতে একটী ঈষৎ লোহিতবর্ণ প্রতিফলিত হয়। লেক্ষের মধ্যস্থান অপেক্ষাক্রত অস্বচ্ছ বলিয়া তন্মধ্যদেশ দিয়া আলোকরশ্মি একেবারেই কোরইড্ পর্যান্ত

প্রবিষ্ট হইতে পারে না, এজন্ত উক্ত মধ্যস্থান অস্বচ্ছ স্তৃপের ন্থায় দেখায় ও তাহার চত্তৃপার্ম্ব, তলদেশ হইতে লেন্সের পরিধি মধ্য দিয়া যে অস্পষ্ট আলোক প্রতিফলিত হয়, তাহার দারা বেষ্টিত দেখার।

অধিক বয়স্ক ব্যক্তিনিগের চক্ষ্ কটিক্যাল্ ক্যাটারাাক্ট্ দারা আক্রান্ত অথবা এই রোগ অধিক্রাল হায়ী হইলে, কটিক্যাল্ পদার্থের পূর্ব্বোক্ত স্বত্তছে সকল অপেকাক্ষত অস্পত্ত এবং লেন্সের কেব্রন্থল (উহার নিউক্লিয়স্) অপেকাক্ষত এমবার্ (Amber) বা বিচালির ভাষ বর্ণ হয়।

০। দিনাইল্ বা হার্ড ক্যানারাক্ট্ (Senile or hard Cataract) বা বার্কিয় জনিত বা কঠিন ক্যানারাক্ট্র বহুকাল লইয়া উৎপন্ধ হয় এবং ইহার লকণ দকল রোগের প্রারম্ভে অনির্দিষ্ট, এজন্ম ইহার বিশেষ লকণ দকল নির্দারণ করা অতি স্কৃতিন। বয়োবৃদ্ধি সহকারে অক্ষিমুকুর মধ্যে বার্দ্ধকা জনিত পরিবর্ত্তন উপস্থিত হইয়া, লেন্দের নিউক্লিয়দ্ এনবার্ বর্ণও কিঞ্চিৎ অক্ষছ্ত হয়। যাহাহউক ইহা দারা দৃষ্টিশক্তির কিছুমাত্র বৈলক্ষণ্য লক্ষিত হয় না। কেবল প্রেদ্বাইওপিয়া বা দ্রদৃষ্টি মাত্র জন্মে। কিন্তু ক্যানারাক্ত্রাণা জনিয়াছে বনিয়া কথনও বোগ হয় না। যদি এই অপকর্ষ বৃদ্ধি হয় এবং অক্ষি-মুকুর নিউক্লিয়দ্ এভদ্র অক্ষন্ত হইয়া পড়েষে ত্যাধ্যদেশ দিয়া জালোকর্ষ্যি রেটিনাতে পতিত হইতে পারে না, তাহাহইলে এবন্ধি স্থলে সিনাইল্ ক্যানারাক্ট্রোগের অন্তিভ বিষয়ে কোন সন্দেহ থাকে না।

পঞ্চতারিংশ বৎসর ব্যাক্রমের পূর্বে এরপ ক্যান্টারাক্ট প্রায় উৎপত্ন

হর না। এই রোগের প্রারম্ভ অক্নিমুকুর ঈর্যথ পীত বা এয়ার বর্গ হর,
ঠ বর্ণটা লেন্দের মধ্যদেশে স্পষ্টরূপ দৃষ্ট হর এবং অক্নিমুকুরের কর্টিক্যাল্ অংশ

অপেক্ষাকৃত অর আক্রান্ত হয় বলিয়া কনীনিকা এবং পূর্ব্বোক্ত অস্বচ্ছতার

মধ্যে একটা ব্যবধান স্থান দৃষ্টিগোচর হইতে পারে। এট্রোপিন্ দ্বারা কনী
নিকা প্রমারিত করিলে অক্নিমুকুরের পরিধি হইতে মেরুদেশাভিমুখে বিস্তৃত

কতকগুলি করং অস্বচ্ছ রেখা (Strice) দৃষ্ট হয়। রোগের বৃদ্ধি সহকারে ঐ

রেখা সকল গাঢ় বর্ণ বিশিষ্ট হইয়া অপেক্ষাকৃত স্পষ্ট হয়, কিন্তু অক্নিমুকুরের

মধ্যস্থানের এম্বার্ বর্ণই করিন ক্যান্টার্যান্ট রোগের পরিদৃশ্যমান লক্ষণ।

জিক্বীক্ষণ মন্ত্রারা পরীক্ষা করিলে অক্নিমুকুরের নিউক্নিরম্ অংশ্বাণ পরিধি-

দেশ অন্নতর অস্বচ্ছ দেখায়, এবং কনীনিকা সম্পূর্ণ প্রসারিত থাকিশে তথার চক্ষ্র অভ্যন্তর হইতে প্রতিফলিত একটা ঘোর প্রতিবিদ্ধ লক্ষিত হয়। এই সকল স্থলে লেন্সের নিউক্লিয়ন্ সর্ব্ব প্রথমে আক্রান্ত হওয়াতে রোগী স্থ্যাভিত্তর পর বা কনীনিকা প্রসারিত থাকিলে অপেক্লাক্কত উত্তম দেখিতে পায়; কারণ লেন্সের পার্যভাগ দিয়া আলোক রেটিনা পর্য্যন্ত যাইতে পারে। য়্যাক্রিলিবের ক্ষীণ দ্রব সপ্তাহে একবার বা ত্ইবার চক্ষে প্রয়োগ করিলে কনানিকা প্রসারিত রাথিয়া রোগীকে স্বচ্ছন্দতার সহিত ভ্রমণ করিতে বা পড়িতে কিশ্বা লিখিতেও সক্ষম করিতে পারে।

এই সকল হলে ক্যাপ্সলের অভ্যন্তর প্রাদেশে হক্ষাং দাগ দৃষ্ট হয়, ঐ দাপ সকল মেদ বিশিষ্ট ইপিথিলিয়ন্ মাত্র। ক্যাপ্সিউলস্থ কে: ব মধ্যে এইরূপ অপরুষ্ঠতা বৃদ্ধি সহকারে অক্ষিমুকুরাবরণ, লেন্সের কর্টিক্যাল্ পদার্থের সহিত এরূপ দৃঢ়রূপে সংলগ্ন হয় যে অবশেষে ঐ ছুইটি পরস্পর পৃথক্ করা স্থক্টিন হইয়া পড়ে।

সিনাইল্ ক্যাটারাাক্ট্ পরিপক হইবার কোন সময় নির্দিষ্ট নাই। কত দিবদ ঐ রূপ রোগাক্রান্ত চক্ষ্ দারা পড়িতে বা ইতন্তত: ভ্রমণ করিতে সক্ষম থাকিবে এ সকল বিষয় অবগত হইবার জন্ত রোগীরা আমাদিগকে সর্বাদা অনুরোধ করিয়া থাকে। কিন্তু এই সকল বিষয়ে কোন নিশ্চিত মতামত দেওয়া উচিত নহে, যেহেতু কত দিবদ পর্যান্ত এইরূপ বার্দ্ধক্যাপকর্ষ হইতে থাকিবে তাহা কোন রোগীকে বিশেষরূপে নির্দ্ধারিত করিয়া বলিতে পারা যায় না।

় ৪। জনিউলার ক্যাটার্যাক্ট্ (Zonular cataract) প্রায় সচরাচর পিতৃ-জাত উপদংশ বশতঃ বা আজন্ম কালাবধি দৃষ্ট হয়।

শৈশবাবস্থার অকিমুকুরের এরপে অস্বচ্ছতা অবহেলা বশতঃ দৃষ্টিপথে না
আবিতে পারে, কারণ প্রায় ছই বৎসর বয়ক্রমের পূর্বের বালকেরা ক্রত্তথ
বস্তু দর্শনে দৃষ্টিশক্তি নিরোগ করে না, এজন্ত তৎসময় দর্শনশক্তির ব্যতিক্রমের
কোন লক্ষণ দৃষ্ট হয় না। পরত ছই বৎসর বয়ংক্রমের সময়ও কথন কথন
দৃষ্টিশক্তি অপ্রতিহত থাকে। জনিউল্বি ক্যাটার্যাক্ট্রিরোগে মে অস্বচ্ছতা

হয় তাহা নিউক্লিয়স্ ও প\*চাৎ স্থিত কটিক্যাল্ স্তরের মধ্যে অবস্থিতি করে স্কুতরাং সন্মুখস্থিত কটি ক্যাল্ পদার্থ এবং নিউক্লিস্, অস্বচ্ছতা ও আইরিসের মধ্যবর্ত্তী হওয়াতে কনীনিকার প\*চাৎ স্থিত বলিয়া বোধ হয়।

য়্যান্ট্রাপিন্ দারা কনীনিকা প্রদারিত করিলে লেন্সের উপ্যুত্ত স্থানে ঈষং শ্বেত-আভাযুক্ত ধূদর বর্ণের ফিলম্ (Film) বা স্ক্ষ্ম চর্ম্মের স্থায় পদার্থ দেখিতে পাওয়া যায় যাহাকে দেখিলে বোধ হয় যেন রৌপ্য নির্ম্মিত একখণ্ড কাগজ লেন্সের পশ্চাতে সংলগ্ন হইয়া আছে। এই অস্বচ্ছতা দর্শনকেন্দ্রে অধিকতর গাঢ় এবং চাথড়ির স্থায় দেখায়, ইহার সহিত কতকগুলি দ্বী বা স্ব্রোকার দাগ দেখা যায়, যাহায়া এই কেক্রস্থল হইতে চতুর্দ্ধিকে ক্রম-বিকীর্ণ বা রেডিএটিং ভাবে অবস্থিতি করে। লেক্ষ্মের পরিধি সচরাচর স্বচ্ছ থাকে।

জনিউলার্ ক্যাটার্যাক্টকে ছই শ্রেণীতে বিভক্ত করা যাইতে পারে।

১ ঠেদ্নারি (Stationary) স্থায়ী। ২ প্রোগ্রেদিভ্ (Progressive) বা ক্রমবর্দ্ধিত। প্রথমাক্ত শ্রেণীতে অক্রিমুকুরের স্বল্লাংশ আক্রান্ত হয় এবং ঐ রূপ
অস্বচ্ছতার দীনা বিশক্ষণ নির্দিষ্ট ও অক্রিমুকুরের পরিধিদেশ দম্পূর্ণ স্বচ্ছ
থাকে। জনিউলার্ ক্যাটার্যাক্ট রোগে যদি এবন্ধিধ পূর্কোক্ত লক্ষণ সকল
বর্ত্তমান থাকে, তাহা হইলে নিশ্চরই বহুকাল বা জীবনাবধি ঐরূপ অস্বচ্ছতা
বর্দ্ধিত হইবেক না। অগ্রপক্ষে যদি কৈন্দ্রিক অস্বচ্ছতার সঙ্গে সঙ্গে লেন্সের
পরিধি মধ্যে ক্ষুদ্র ক্ষুদ্র অস্বচ্ছ বিন্দু বা ষ্ট্রী অর্থাৎ রেথা দৃষ্ট হয় তাহা হইলে
এরূপ ক্যাটার্যাক্ট নিশ্চরই বৃদ্ধি হইবেক। এবন্ধিধ স্থলে রোগের স্বভাবানুসারে
চিকিৎসা প্রণালী অবলম্বন করা উচিত। পার্শ্বর্ত্তী আলোক দ্বারা পরীক্ষা
করিলে কর্টিক্যাল্ পদার্থস্থ দাগ ও রেথা সমূহ উত্তমরূপে দৃষ্ট হয়।

অনেকানেক গ্রন্থ কর্ত্তারা আরও অনেক প্রকার ক্যাটার্যাক্ট্র রোগের বর্ণনা করিরাছেন, কিন্তু তাহাদিগকে সচরাচর দেখা যায় না। তন্মধ্যে ব্ল্যাক্ (black রুক্ষ) ক্যাটার্যাক্টের বিষয় কিঞ্চিৎ অনুধাবন করা উচিত। অস্বচ্ছ অকিমুক্র মধ্যে হিমেটিন্ (Haematine) নামক রক্তের উপাদান\* প্রবিষ্ট

<sup>&</sup>quot;Maladies des Yeux." L. A. Desmarres, t. iii, p. 72.

হইয়া এক্লপ ক্যাটার্যাষ্ট্ উৎপন্ন করে। ইহা দারা চক্ষ্র আভ্যস্তরিক পীড়া প্রকাশিত হর ; যথা এইরূপ অক্ষিমুকুর নিদ্ধাষণের পর কোরইড-রেটিনাইটিশ্ রোগ পুনঃ পুনঃ দৃষ্ট হইয়াছে।

ক্যাল্কেরিয়স্ ( Calcarius চুর্ণ কল্পরাত্মক ) বা বোনী ( bony আছিক ) ক্যাটার্যাক্ট এরপ বিরল রোগের আর একটি দৃষ্টান্ত স্থল। ইহাতে শরীরের অক্যান্ত অংশের ন্যান্ত অক্ষমুকুর মধ্যে ক্যাল্কেরিয়স্ ডিজেনারেসন্ বা চ্ণাপ-কর্ম হয়।

## লেণ্টিকিউলার ক্যাটার্যাক্ট রোগের চিকিৎসা (Treatment of Lenticular Cataract) |—

উপক্রমণিকা পরীক্ষা। অস্বচ্ছ লেন্দ্ নিজাষণ জন্ত যে সকল শন্ত্রপ্রক্রিয়া অবলম্বন করা আবশ্যক তাহা বর্ণন করিবার পূর্ব্বে কতকগুলি বিষয়
বিবেচনা ও অমুধাবন করা উচিত। কারণ তাহা হইলে কোন্ স্থলে কি
প্রকার শস্ত্রপ্রক্রিয়া ও নাধারণ চিকিৎসা প্রণালী অবলম্বন করা আবশ্যক তাহা
সহজেই বোধগম্য হইতে পারে। প্রথমতঃ শস্ত্রপ্রক্রিয়ার পূর্ব্বে উক্ত ক্যাটার্যাক্ট রোগের বিশেষ লক্ষণ সকল নির্ণয় করিতে চেষ্টা করা আবশ্যক অর্থাৎ
প্রথমতঃ ক্যাটার্যাক্টের ঘনতা(Consistency); দ্বিতীয়তঃ অক্ষিযুক্রের কর্টিক্যাল্ অংশ কতদুর আক্রান্ত হইরাছে; পরিশেষে রোগীর স্বান্ত্য।

১। ক্যাটার্যাক্টের প্রকৃতি।—স্বনিউলার্ ক্যাটার্যাক্ট নির্ণর করা কঠিন নহে। কিন্তু ক্যাটার্যাক্ট তরল কি কটি ক্যাল্ বা ত্বক্ষুক্ত, এই প্রশ্নট সর্কদা উত্থাপিত হয়। কোন কোন হলে এই হুই প্রকার ক্যাটার্যাক্টের কোন প্রভেদ থাকে না তাহার কোন সন্দেহ নাই এবং এরপ হলে ক্যাটার্যাক্টের বিশেষ লক্ষ্ণ অত্যন্ত অপপন্ত থাকে। কিন্তু র্যাট্রোপিন্ দ্বারা কনীনিকা প্রসারিত করিয়া, লেন্দের সন্ম্থপ্রদেশ সন্মুখে উচ্চ হইরা উঠিলে, লেন্দ্র সর্থপ্রদেশ সন্মুখে উচ্চ হইরা উঠিলে, লেন্দ্র সর্থপ্রদেশ সন্মুখে উচ্চ হইরা উঠিলে, লেন্দ্র সর্থপ্রদেশ সর্থে উচ্চ হইরা উঠিলে, লেন্দ্র সর্থাকে কাননীবং হওয়াতে, ট্রান্দ্মিটেড্ আলোক দ্বারা পরীক্ষা করিলে তন্মধ্যে কোন খ্রী বা রেথা লক্ষিত হয় না, বা অপ্পন্ত রেথা দৃষ্ট হয়। পরস্ক অক্ষিত্রতা দৃষ্ট হয়। সেহলে জাক্ষিমুক্রের পরিধি পর্যান্ত অত্যন্ত অন্বছতা দৃষ্ট হয়। সেহলে জাক্ষিমুক্রের পরিধি পর্যান্ত অত্যন্ত অন্বছতা দৃষ্ট হয়। সেহলে জাক্ষিমুক্রের প্রিধি পর্যান্ত অত্যন্ত অন্বছতা দৃষ্ট হয়। সেহলে

ক্যান্টার্যাক্ট পূর্ণাবস্থা প্রাপ্ত হইলে সন্ম্থ প্রদেশে অসচ্ছ কস্করাবং রেখা সকল দৃষ্ট হয়, ঐ রেখা বা স্থ্র সকল পূর্ব্বাক্ত রোগের বিশেষ লক্ষণ। কঠিন নিউক্লিয়স্, নানা বর্ণে বিচিত্রিত (Opaline) মেদযুক্ত কটি ক্যাল্ পদার্থে প্রায় সচরাচর পরিবেষ্টিত থাকে। বিশেষতঃ রোগীর বয়স চন্থারিংশ বৎসরের অধিক হইলে এরূপ ঘটনা সচরাচর দৃষ্ট হয়। কটিক্যাল্ ক্যান্টার্যাক্ট দ্বারা চক্ষ্ আক্রান্ত হইয়াছে, এরূপ বোধ হইলে, ট্রাক্ষ্ নিউড্ আলোক দ্বারা সাবধান পূর্ব্বক তাহা পরীক্ষা করা উচিত। এরূপ পরীক্ষা দ্বারা ক্যান্টার্যাক্টের মধ্যস্থলে যদি এশ্বার্ বা বিচালির স্থায় বর্ণ লক্ষিত হয় ভাহা হইলে নিউক্লিয়স্ যে কঠিন হইয়াছে তাহার কোন সন্দেহ থাকে না।

পরিশেষে দিনাইল্ ক্যাটার্যাক্টের এমার বা বিচালির ন্থায় বর্গ দেখিলে কদাচিৎ ভ্রম হইতে পারে। বিশেষতঃ যদি ক্যাটার্যাক্টের পরিধি হইতে মধ্যদেশ পর্যান্ত কতকগুলি খ্রী বা রেখা বিস্তৃত থাকে এবং অক্ষিবীক্ষণ যন্ত্র মারা পরীক্ষা করিলে অক্ষিমুকুরের কেন্দ্রদেশ অতিশয় অস্বচ্ছ দৃষ্ট হয় ও চক্ষুর অভ্যন্তর হইতে কিরৎ পরিমাণে আলোক রশ্মি উহার পরিধিদেশ দিয়া বহির্গত হইতে পারে তাহা হইলে এ বিষয়ে আর কিছুমাত্র সন্দেহ থাকে না।

য় । ক্যাটার্যাক্টের বিস্তার। ক্যাটার্যাক্টের স্বভাব নির্দ্ধারণ করিয়া অক্ষিমুকুর কতদ্র আক্রান্ত হইয়াছে অর্থাৎ সমস্ত অংশ অস্বচ্ছ হইয়াছে কিনা ভাহা নির্দ্ধারণ করা অত্যন্ত আবশুক। বেহেত্ যদি লেন্সের কটি ক্যাল্ ভাগ এ পর্যান্ত স্বচ্ছ থাকে, তাহা হইলে অক্ষিমুকুর নিন্ধাশন সময় কটি ক্যাল্ পদার্থ আইরিসে সংলগ্ন হইতে পারে এবং আমাদিগের দৃষ্টির অগোচর থাকিয়া পরি-শেষে আইরিস্ প্রদাহ ও চক্ষুর অভ্যন্তরন্থ অপরাপর নির্দ্ধাণে শঙ্কট কার্য্যাধিক্য উৎপত্র করিতে পারে। যে সকল স্থলে লেন্স্ অপনয়ন করিয়া অকৃত কার্য্য হওয়া যায়, তাহাদের অবিকাংশ স্থলে, ইহাই অকৃত কার্য্য হইবার কারণ। এই জন্য ক্যাটার্যাক্ট পূর্ণাবস্থা প্রাপ্ত না হইলে আমরা শস্ত্রক্রিয়া করিন্দে গৌণ করিয়, কিম্ক যদি সমস্ত কর্টিক্যাল্ পদার্থ অস্বচ্ছ হয়, তবে লেন্সের ক্ষুত্র অংশ চক্ষুর সমুথ কুটিরে পতিত হইলে অনায়াসে আমাদিরে দৃষ্টিগোচর হয় এবং ভাহা হইলে আমরা সহজেই স্কুপ (Scoop) ঘারাপ্ত সকল অংশ বহিষ্কৃত করিতে পারি।

কটি ক্যাল্ পদার্থ কতদ্র আক্রান্ত তাহা নির্দারণ করিতে ট্রান্স্ মিটেড্ আলোক দ্বারা প্রীক্ষা করাই সর্ব্বোৎকৃষ্ট উপায়। এরূপ পরীক্ষার সময় কনীনিকা ও ক্যাটার্যাক্টের মধ্যে ব্যবধান স্থান আছে কিনা অথবা আইরিদের অনাতৃত প্রান্ত অস্ত্রু লেন্দের সহিত সম্পূর্ণ সংলগ্ন আছে কিনা তাহা নির্ণয় করা উচিত। যেহেতু শেষোক্ত ঘটনা দৃষ্ট হইলে অর্থাৎ আইরিদের প্রান্তভাগ লেন্স্ সহিত সংলগ্ন থাকিলে, কটিক্যাল্ পদার্থের সন্ম্ব প্রদেশ অস্বচ্ছ হইয়াছে জানিতে হইবেক, কিন্তু আইরিদ্ যদি ক্যাট্র্যাক্ট হইতে পৃথক্ দৃষ্ট হয় তবে ক্টিক্যাল্ পদার্থের কিন্তুংশ স্বচ্ছ আছে তাহার সন্দেহ নাই।

ডাক্তার ম্যাক্নামারার মত এই যে যখন ক্যাটার্যাক্ট্ বহুকাল স্থায়ী হইয়া
দৃষ্টিশক্তির বিলক্ষণ বিল্প জন্মায় অথচ লেজ্সের আবরণ সম্পূর্ণ আক্রান্ত না হয়
সে সময় ক্যাপ্স্ল্বিদ্ধ করিয়া উহাকে শীত্র অপকর্ষিত হইতে দেওয়া উচিত।
অথবা ক্যাপ্স্ল্ সহিত লেজ্ম নিদ্ধাশন করাই শ্রেয়স্কর, এরপ করিলে কোমল
স্বচ্ছ ক্টিক্যাল্ পদার্থ আইরিসে সংলগ্ন হইতে পারে না।

ক্যাটার্যাক্ট কতদ্র পরিপক হইয়াছে, এই প্রশ্নীও বিশেষ প্রয়োজনীয়।
বোধ কর এক চক্তে লেন্দ্রপূর্ণ অস্বচ্ছ হইয়াছে, কিন্তু অপর লেন্দ্রপার
স্বচ্ছ রহিয়াছে, এবিষধ স্থলে অস্বচ্ছ লেন্দারী একবারেই নিদ্ধাশণ করা উচিত
কি হুইটা লেন্দ্র যত দিবদ সমভাবে অস্বচ্ছ না হয় ততদিন শস্ত্রপ্রক্রিয়ার জন্ত
অপেক্ষা করিয়া থাকা উচিত। সম্পুতি ডাক্রার ম্যাক্নামারা এই রূপ স্থল
ক্যাটার্যাক্ট যুক্ত চক্ষে দ্রবকরণ জন্ত শন্ত্রিয়া (Operation of solution)
করিয়া থাকেন। এ রূপ উপায়ে বার্দ্ধক্য বশতঃ ক্যাটার্যাক্ট স্থলেও অপর
চক্ষ্ অন্ধ হইবার পূর্বের লেন্দ্রে, শোষিত হইয়া যায়।

ইহা একটি সাধারণ নিয়ম বলিয়া নির্দেশ করা উচিত যে, ছই চক্ষ্ আক্রাস্ত হইলে একবান্ধে ছই চক্ষ্তে শস্ত্র না করিয়া এক চক্ষ্তে শস্ত্রপ্রক্রিয়া সম্পাদন করা আবশ্রক। আবাত জনিত ক্যাটার্যাক্ট রোগে যথন ক্ষতি ও অসম্ভ লেন্দ্র বারা উভয় চক্ষ্তেই উত্তেজনা উৎপর হয়, সেইস্থগে তরিবারণার্থ উভয় ক্ষেদ্র নিদ্ধাশণ করা আবশ্রক। এতন্তির কোন স্থলেই একবারে ছইটি লেন্দ্র

ত। আনুসন্ধিক পীড়া।—ক্যাটার্যাক্ট্ রোগ নিবারণার্থ কোন শস্ত্র-প্রক্রিয়ায় হস্তক্ষেপ করিবার পূর্বের চন্দু মধ্যে যে ক্যাটারাক্ট ভিন্ন অপর কোন রোগ নাই তাহা নিশ্চয় অবগত হওয়া কর্ত্তব্য। প্রকোমা, কোর-ইডাইটিন, নিক্লাইটিন বা এইরূপ যে সকল রোগ দারা অক্ষিমুকুর আক্রান্ত হইয়া অল্প বা অধিক পরিমাণে অস্বচ্ছ হয় তাহাদিগের বিশেষ বিশেষ লক্ষণ পুনকলেথ করা অনাব্খক; বেহেতু পূর্ব্বেই বিশেষরূপে উলিথিত হই রাছে যে ক্যাটার্যাক্ট রোগ এইরূপ কোন নির্দ্দিষ্ট কারণে উৎপন্ন হয় না। ক্যাটার্যাক্ট্রোগে শস্ত্রপ্রক্রিয়ার পূর্ব্বে রোগীর দৃষ্টিশক্তির পরিমাণ নির্দ্ধা-রণ করা উচিত; কারণ ক্যাটার্যাক্টের সহিত ডিজের ম্যাট্রফি অর্থাৎ শুষ্কতা, রেটিনার স্থানচ্যুতি প্রভৃতি অন্যান্য কোনরপ নির্মাণগত বিশৃষ্খলতা থাকিতে পারে; এ সকল বিশুখলতা কোন বাছিক লক্ষণ দারা নির্দারণ করা স্থকঠিন। বোগীর অজ্ঞাতে ইহারা ক্রমশঃ অল্ল অল্ল উৎপন্ন হয়, তদ্বিষয় সে কোন রূপ অনুধাবন করিতে পারে না। দৃষ্টি শক্তির পরিমাণ নির্দারণ করিতে इंशेल ग्रां के शिन् घाता कनी निका मण्यूर्ग व्ययातिक कता छे हिछ। ध श्रां বক্তব্য এই যে রাণ্ট্রপিন্ প্রয়োগ দারা যদি কনীনিকা সহজে তৎক্ষণাৎ প্রেদারিত না হয় তাহা হইলে তাহা স্থলকণ নহে, যেহেতু, বোধ হয় সে স্থলে আইরিদ্বা কোরইড্ রোগাক্রান্ত হইয়াছে। এই প্রদারক ঔষধের কার্য্য সম্পূর্ণ প্রকাশিত হইলে রোগীকে একটি অন্ধকার-গৃহে লইয়া একটি প্রদীপের আলোক চক্ষুর নানাদিকে, নিকটে বা দূরে ধরিবে, যদি রোগী আলোকরশ্মি সর্পান্তলেই বিশেষতঃ উর্দ্ধ বা অধঃদিকে কিছু স্পষ্টভাবে দেখিতে পায় তাহা इहेरन दबंगिनांव सान्ठाि हम नाहे व्विष्ठ हहेरव धवः पर्मनमामुख सूद থাকিবার সম্ভাবনা।

৪। রোগীর সার্ক্ষাঙ্গিক স্বাস্থ্য।—ক্যাটার্যাক্ট্ রোগজন্ত শস্ত্রপ্রক্রিয়া করিবার পূর্ব্বে রোগীর সার্ক্ষাঙ্গিক সাধারণ স্বাস্থ্য বিষয়েও বিবেচনা করা উচিত। রোগী যদি ছর্বল বা করা থাকে, তাহা হইলে শস্ত্রপ্রক্রিয়ার পূর্ব্বে তাহার স্বাস্থ্যোন্ত্রিসাধন করা উচিত। বহুকাল স্থায়ী শ্বাস-প্রণালী প্রদাহ সত্ত্বে শস্ত্রপ্রক্রিয়া দ্বাবা আনরা কথন কৃতকার্য্য হইতে পারি না। ফলতঃ সংক্ষেপে বলিতে গোল বক্রব্য এই যে যতদিন রোগী অস্ত্রহু থাকে ততদিন শস্ত্রপ্রক্রিয়া করা

উচিত নহে। কিন্তু যদি রোগী সূত্র থাকে, আর যদি আমরা অচৈততাকারক ঔষব শাস্ত্রক্রিয়া কালে ব্যবহার না করি, তাহা হইলে যত অল্ল শস্ত্রক্রিয়ার্থ চিকিৎসা করাযায় তৃত্তই উত্তম।

উদেষাগ। পূর্বে উক্ত হইয়াছে যে শক্তপ্রক্রিয়ার অব্যবহিত পূর্ব্বে রোগীকে যেরপ উদ্যুক্ত থাকিতে হয় তাহা ইথর ব্যবহারের উপযোগী করা বা না করার উপর নির্ভর করে; যদি ব্যবহৃত না হয়, কবে রোগীর অভ্যাস সম্বন্ধে যত হস্তক্ষেপণ না করা যায় ততই ভাল।

ইথর। ইথর বা ক্লোরোফরম্ ব্যবহার করিবার মনস্থ করিলে শস্ত্রক্রিয়ার ছই দিবস পূর্ব্বে রোগীকে কেবল একটি মৃত্র বিরেচক সেবন করান উচিত। সম্ভব হইলে পর দিবস প্রাতে শস্ত্রক্রিয়া সম্পাদন করিতে চেষ্টা করা কর্ত্তব্য। সে ইথর দিবার অস্ততঃ তিন ঘণ্টা পূর্ব্বে কোনরূপ লঘু অন্ন ভক্ষণ করিতে পারে। ইহাতে অচৈত্যুকর ঔষধ আত্রাণের পর প্রোয়ই ব্যন হয় না।

ক্যাটারাক্ট্রোগে নানা প্রকার শস্ত্রচিকিৎসার সময় ইথর ব্যবহার যুক্তিসিদ্ধ কিনা। ইহা ব্যবহারের আপত্তি এই যে, ইহা দারা বমন হইবার সম্ভাবনা। এবং কথন কথন রোগীর মৃত্যু পর্য্যস্তও ঘটিয়া থাকে। শেষাক্ত আপত্তিটি যদি সত্য হয় তবে অপরাপর শস্ত্রপ্রক্রিয়ার পক্ষেও ঘটতে পারে। কিন্তু আজ কাল এ আপত্তিটি যুক্তিসঙ্গত নহে; আর বমন সম্বন্ধে এই বলা যায় যে পূর্ব্বে রোগী ইথর ব্যবহারের উপযোগী হইলে বমন হইবার কোন সম্ভাবনা থাকে না, পরস্ত যদি বমন হয় তবে শস্ত্রপ্রক্রিয়ার অব্যবহিত পরে চক্ষ্তে একটি প্যাড্ ও ব্যাণ্ডেজ্ প্রয়োগ করিলে কোন অনিষ্ট সম্বাটন হয় না। ডাক্তার ম্যাক্নামারা সাহেব কহেন যে যদি বমন নিবারণার্থে পূর্ব্বোক্তরূপে সাবধান হওয়া যায়, আর ইথর দিবার অনতি পূর্ব্বে ত্বের নিফে মর্ফিয়ার পিচকারী দেওয়া যায়, তবে নিশ্চয়ই বমন হইবার কোন সম্ভাবনা থাকে না।

এ দিকে বক্তব্য এই যে লেন্স্ নিক্ষাশন সময় রোগীকে সম্পূর্ণ স্পাদন রহিত ও যাতনা বিরহিত করা অত্যন্ত আবিশ্রক। এই উদ্দেশ্যটি কোন অচৈতন্য-কারক ঔষণ ব্যবহার দ্বারা সাধিত হয় এবং এতদ্বারা শস্ত্রপ্রক্রিয়া অপেক্ষাক্ত সহজ হয় স্কৃতরাং কৃতকার্য্য হইবার অধিক সম্ভাবনা থাকে; পরিশেষে, রোগী ইহা দারা কিঞ্চিং যন্ত্রনা ও চিত্তোদেগ হইতে রক্ষা পায়।

বোগীকে সম্পূর্ণ অচেতন করিতে ডাক্তার ম্যাক্নামার। সর্বাপেক্ষা অমু-রোধ করেন। শস্ত্রপ্রক্রিয়ার সময় অমুভব শক্তি ও স্বায়ুমগুলের প্রত্যাবর্ত্তন কার্য্য সকল (রিফুেল্লয়্যাক্সন্) সম্পূর্ণ নিবারণ করা কর্ত্তব্য, তাহা না হইলে অচেতন-কারক ঔষধ না দেওয়াই ভাল।

ডাক্তার ম্যাক্নামারা নিশ্চিতরূপ বলেন, রোগী ইথর দ্বারা সম্পূর্ণ অচৈত্য হইলে শস্ত্রপ্রক্রিয়া সম্পন্ন কর; ইহাতে, কোন অচৈত্য-কারক ঔষধ না দিলে যেরূপ প্রয়াস পাইতে হয় তদপেক্ষা ন্যুন যদ্ধে ক্লুতকার্য্য হওয়া যায়।

#### শস্ত্রক্রিয়া।

তা Solution or Absorption) ভার্থাৎ দেব করণ বা শোষণ।—
এই শস্ত্রপ্রিক্রাতে গে বেদনা হয় তজ্জ্ঞা কোন অচৈত্র কারক ঔষধ প্রের্মানের আবশুক করে না। এট্রোপিন্ দারা কনীনিকা প্রদারণ পূর্ব্বক রোগীকে উত্তর আলোকভিমুথে একথানি কোচের উপর উত্তানভাবে শয়ন করাইয়া উপ্ প্রেক্রানে উপরিষ্ট বা দণ্ডার্মান হইয়া কণিয়ার মধ্যদিয়া একটি স্থিকি তীর্য্যকভাবে প্রের্মাপ্র সম্পূর্ণ প্রার্মান হইয়া কণিয়ার মধ্যদিয়া একটি স্থিকি তীর্য্যকভাবে প্রেশ পূর্ব্বক সম্পূর্ণ প্রমারিত কনীনিকার মধ্যে আনয়ন করিয়া লেন্দের সম্মুথ প্রদেশস্থ ক্যাপ্স্ত্রল্ ও কর্টিক্যাল্ পদার্থ বিদ্ধারনে। লেন্দের উপর প্রতিচাপ দেওয়া উচিত নহে, বেহেতু তাহাহইলে লেন্দ্র ভিত্তির নিক্ষিপ্ত হইতে পারে। এই ঘটনা নিবারণার্থে স্থানিকাক স্বাধ্যে একটি ছিদ্র করা উচিত। লেন্দ্র হইতে স্চিকাটি অপনয়ন সম্ম অপ্রন্ধার কনীনিকার আরতনের পরিমাণ ক্যাপ্স্ত্রল্ব হেদ করা কর্ত্ব্য।

নে যাহাইউক ক্যাপ্রল্ মধ্যে ছিদ্রের পরিমাণ তদভান্তরত্ব পদার্থের সভাবেরর উপর নির্ভির করে। যদি ঐ পদার্থ তরল হয়, তবে ক্যাপ্রল্ যথেষ্ঠ-ক্রে ছিন্ন করিয়া তদন্তর্গত লেন্স্ পদার্থ চক্র সন্থ কুটারে প্রবিষ্ট হইতে দিবে। সাধারণতঃ ক্যাপ্স্ল্ছিন্ন করিবার সময় আমাদিগের সাধ্যমত সাব-ধান হওয়া উচিত। এই শস্ত্রপ্রক্রিয়াতে একবারে অধিক করিবার চেষ্টা দারা অনিষ্ট করা অপেক্ষা এই শস্ত্রপ্রক্রিয়া পুনঃ পুনঃ সম্পাদন করা উচিত।

অনেক স্থলে এক, বা দেড় মাদ অন্তর উল্লিখিত শন্ত্রপ্রক্রিয়া মধ্যেই সম্পন্ন করা আবশ্যক। একবার শন্ত্রপ্রক্রিয়ার পর চক্ষু যাবই উত্তেজিত অবস্থায় থাকে তাবই দিতীয়বার শন্ত্র প্রয়োগ করা উচিত হয় না। অধিক বয়স্ক ব্যক্তিদিগের লেন্স্ শোষিত হইতে সচরাচর এক বংসর সময় লাগে। প্রত্যেক নৃতন শন্ত্রক্রার সময় স্থিচিকাটি পূর্ব্বাপেকা গভীরতরভাবে লেন্স্ মধ্যে প্রবেশ করান উচিত; কিন্তু পূর্ব্বেই উল্লিখিত হইয়াছে যে এ সকল স্থলে আমাদের অধিক সাবধান হওয়া উচিত। যেহেতু যদি লেন্স্ পদার্থ ক্যাপ্স্থলের মধ্যস্থ ছিদ্র হইতে বহিন্নত হইয়া আইরিসে সংলগ্ন হয় তাহা হইলে তদ্বারা ভয়ানক প্রদাহ উৎপন্ন হয়; এমত স্থলে লেন্স্ কে একেবারে নিক্ষাশন করা আবশ্যক হয়। অথবা সম্ভব হইলে কর্ণিয়ার ক্ষত মধ্য দিয়া স্কুপ্ দ্বারা উক্ত অনিষ্টকারী পদার্থ অপনন্ত্রন করা অবাশ্যক।

বোধ হয় এরপ স্থলে অধিক দিবস সংশমনী (প্যালিএটিভ্) চিকিৎসা প্রণালী অবলম্বন করা যুক্তিসিদ্ধ নহে। যদি ক্ষুদ্র ক্ষুপ্ দারা উত্তেজনার কারণ দ্রীকরণ পূর্ব্বক ক্রমশঃ এট্রোপিন্ প্রয়োগ দারা প্রদাহ নিবারণের চেষ্টা বিফল হয় তবে অবিলম্বে আইরেডেক্টমী অর্থাৎ আইরিসের কিয়দংশ ছেদন করিয়া ক্ষুপ দারা লেন্দ্র নিদ্ধাশন করিতে প্রবৃত্ত হওয়া উচিত।

যদি কোন উপদর্গ উপস্থিত না হয় তবে দামান্যতঃ স্থাচিকা দারা শস্ত্র-প্রক্রিয়ার (নিজ্ল অপারেদনের) পরবর্ত্তী চিকিৎদা অতি দহজ। দাবধান জন্ত রোগীর চক্ষু মুদ্রিত করিয়া তাহাকে অন্ধকারময় গৃহে রাখা উচিত। পরস্ত যে চক্ষুতে শস্ত্র করা হইয়াছে এট্রোপিন্ দারা তাহার কনীনিকা দম্পূর্ণ প্রদারিত রাখিবে। এইরূপে যদি কোন উত্তেজনা না জন্মে তবে শস্ত্রক্রিয়ার ৪।৫দিন পরে রোগীকে বাহিরে ইতস্ততঃ গমনাগমন করিতে দিবে। কিন্তু চক্ষু বন্ধ ও একপক্ষ পর্যান্ত কনীনিকা প্রদারিত রাখিবে। উত্তেজনা তিরোহিত হইবামাত্রই লেন্সকে পুনর্কার বিদ্ধ করিবে; দৃঢ় প্রকারের ক্যাটার্যাক্ট ্ শ্লে সাতবার বা আটবার স্টিকা প্রবিষ্ট করাইবার আবশ্রুক হয়।

সক্সন্ অপারেসন্ (The Suction operation) বা আচুষন
কিয়া।
— স্চিকা-শন্ত্রক্রিয়ার সহিত এই প্রক্রিয়াটী অবলমন করা যাইতে
পারে অর্থাৎ প্রথমতঃ স্টিকা দারা ক্যাপ্স্থল্ বিদ্ধ করিয়া লেন্দ্র্যাধ্য একুরন্
প্রবিষ্ট হইতে দিলে তাহাতে অপকর্ষক পরিবর্ত্তন সকল সাধিত হয়। কিয়দিবস পরে টিল সাহেবের সক্সন্ যন্ত্র বা ব্যোম্যান্ সাহেবের পিচকারী
(Teal's suction instrument or Bowman's Syringe) দারা লেন্দ্রপদার্থ
বাহির করিবে।

ক্র ব্যবহার প্রণালী নিমে বর্ণিত হইতেছে। এট্রোপিন্ দারা কনীনিকা উত্তমরূপে প্রদারিত রাখিয়া কর্ণিয়ার মধ্যে, একটি প্রসন্ত স্টিকা দারা,
সম্পূর্ণ প্রদারিত কনীনিকার বিপরীতদিকে একটি ছিদ্র করিবে। ক্র স্টিকাটি
তীর্যাকভাবে কর্ণিয়ার মধ্য দিয়া প্রবিষ্ট করিবে ও ক্র ছিদ্রাটি এত রহৎ হওয়া
উচিত যে তন্মধ্য দিয়া উক্ত চ্যুন যস্তের নজল(Nozzle)বা নল অনায়াসে প্রবিষ্ট
হইতে পারে। পরে ক্যাপ্রুল্ বিস্তৃত রূপে ছিন্ন করিয়া অস্বচ্ছে লেন্দ পদার্থ
মধ্যে কিউরোট মৃহভাবে প্রবেশ করাইবে। নিকটবর্তী নির্দ্মাণ কোনরূপে
স্থানান্তরিত বা উত্তেজিত না হয় অগচ লেন্দ্র পদার্থ বতদূর সম্ভব তপ্প হয়
ইহাই আমাদের উদ্দেশ্য। পরে সক্ষন্ সিরিঞ্জের নজল্বা নল কোম্ল লেন্দ্র,
পদার্থ মধ্যে প্রবেশ করাইবে এবং পিন্তনটি মৃহভাবে উত্তোলিত করিয়া যে
পর্যন্ত সন্মুণ্টিকে কনীনিকা মধ্যে অস্বচ্ছ লেন্দ্র-পদার্থ আসিতে থাকিবে
তাবৎ লেন্দ্-পদার্থ পিচকারী মধ্যে চুবিয়া লইবে। পিচকারীর সছিদ্র প্রান্ত
আইরিসের সহিত সংস্পর্শিত না হয় এরপ সাবধান হওয়া উচিত, নতুবা
আইরিস্ তন্মধ্যে আকৃষ্ট হইয়া আহত বা অপায়িত হইতে পারে।


তরল বা কোমল ক্যাটার্যাক্ট্রোগে ক্যাপস্থল, ছিন্নান্তর কিছুদিন অপেক্ষা করিবার প্রয়োজন নাই। কিন্তু তৎসময়ে কর্ণিয়ার ক্ষত বর্দ্ধন পূর্ব্বক সক্সন্ বা চ্বন্যন্ত একবারে চক্ষু মধ্যে প্রবেশ করাইয়া অস্বচ্ছ লেন্স্-পদার্থ এককালে পূর্ব্বোক্তরূপে বহির্গত করিবে।

ফুাপ্ শস্ত্ৰ প্ৰিক্তিয়ার দার। লেন্স্ নিদ্ধাশন (Extraction of the lens by the flap operation)।—— ফুাপ্ শস্ত্ৰ জিয়া দার।

লেস্ নিকাশনের সময় অচৈত্যুকারক ঔষধ ব্যবহারের মুক্তিসিদ্ধতা বিষয়ে যে আমার দৃঢ় বিশ্বাস আছে তাহা পূর্ব্বে উল্লিখিত হইয়াছে।

১ম স্টেজ্বা অন্ধ।—অতিত তাকারক ঔষধ বাবহার করা বা না করাতে প্রথম অন্ধে হস্ত নৈপুণার অনেক তারতম্য হয়। কারণ কোন ব্যক্তিই বোগীকে ইথর দারা অচেতন করিয়া যে চক্ষে শস্ত্র প্রয়োগ করিতে হইবে তাহাকে কর্মেশ্র দারা ধৃত করতঃ প্রথমে অচল না করিয়া সেক্সন্ বা বিদ্ধা করিতে ইচ্ছা করেন না। পক্ষান্তরে কোন অচৈত তাকারক ঔষধ ব্যবহৃত না হইলে ডাক্রার ম্যাক্নামারা বলেন চক্ষুকে এরপভাবে অচল করিবার চেষ্টানা করাই উত্তম, কারণ ইহাতে রোগীকে অনেক ষন্ত্রনা দেয় এবং কর্ণিয়া বিদ্ধা করিবার সময় ইচ্ছাতিরিক্ত কুন্থিত হইতে হয়।

১। বোধকর রোগী ইথর দারা সম্পূর্ণ অচেতন হইয়া একথানি কোচের উপর উপাধান গ্রস্ত উন্নত মন্তক হইয়া উত্তান ভাবে একটি উজ্জ্বল আলোক সন্মুথে শ্য়িত রহিয়াছে। এই আলোক উদ্ধিদিকের পরিবর্ত্তে তীর্য্যগ্ভাবে বদনমগুলে পতিত হওয়া উচিত, কারণ তাহা না হইলে শস্ত্রচিকিৎসক যংকালে অবনত মন্তক হইবেন তৎকালে রোগীর চক্ষের উপর একটি ঘোর ছায়া পতিত হইবে; ইহাতে লেক্স নিকাশনের পর চক্ষে লেক্স পদার্থ বা ক্যাপ্স্থল্ (৩৫ প্রতিকৃতি।)



রহিরা গেলে দেখিবার বাধা জনায়। একণে একটি স্থপ্লেক্লন্ রোগীর চক্ষুতে নিয়োজিত করিয়া তাহার a প্রান্তভাগ উহার নাসিকোপরি স্থাপিত করিবে। (৩৫ প্রতিকৃতি দেখ)। শস্ত্রচিকিৎসক রোগীর পশ্চাৎভাগে দণ্ডায়মান হইয়া কর্ণিয়ার নিকটবর্তী কন্জংটাইভার অধঃ ও নাসিকার দিকস্থ এক পর্দা

একটি তীক্ষ দম্ভযুক্ত ফর্সেপ্ দারা ধারণ পূর্ব্বক অকিগোলক স্থিরভাবে রাখি-বেন। অক্ষিগোলক অচল হইলে, পরে নিশ্চয় হওয়া উচিত বে রোগী সম্পূর্ণ ইথর দারা অতেতন হইয়াছে। পরে দক্ষিণ হস্ত দারা বিয়াস্ক্যাটার্যাক্ত ছুরিকা ( Beer's Cataract knife ) থানি কলমের স্থায় ধারণ পূর্ব্বক পঞ্চম বা চতুর্থ অঙ্গুলি দ্বারা রোগীর কপোলপ্রদেশ অবলম্বন করিয়া হস্তস্থির রাখিবেন। পরে ক্রিয়ার সমতল ব্যাদের প্রান্তদেশ হইতে (३) একচতুর্থ মানরেখা অন্তরে কর্ণিয়ার নির্ম্মাণের মধ্যে ছুরিকার ফলক স্থন্দররূপে প্রবেশ করাইবেন। ছুরিকা থানি প্রবিষ্ট হইলে চকুর সন্থ কুটিরের মধ্যদিয়া উহা স্থিরভাবে চালাইয়া ক্রিয়ার প্রান্ত, প্রবেশ দারের বিপরীত দিকে ও স্কেরটিক্ ও কর্ণিয়ার সংযোগের সমদূরে বিদ্ধ করিবেন। কর্ণিয়ার কাউণ্টার্অপেনিং বা বিপরীত দিকস্থ ছিদ্র করা যাবং সমাধা না হয় তাবং ছুরিকার ফলক থানি সতত আইরিসের সনাস্তরে রাথিয়া ক্রমশঃ একভাবে চালন করিবেন যাহাতে ছুরিকা দারা কর্ণি-য়াস্থ কত পরিপূর্ণ থাকাতে একুরদ্ বহির্গত হইতে না পারে। ছুরিকার মূল ভাগ চালন করিলেও কর্ণিয়ার কিয়দংশ অথণ্ডিত থাকে। অবশেষে শস্ত্র-চিকিংসক কনজংটাইভা হইতে দন্ত বিশিষ্ট ফর্সেপটি মোচন করিয়া ছুরিকা থানি চক্ষ্ হইতে বহির্গত করিবার সময় শস্ত্রের তীক্ষাংশ সন্মুখে কিঞ্চিৎ প্রহে-লিত করিয়া কর্ণিয়ার অবশিষ্টাংশ ছেদ করিবেন। কর্ণিয়ার অবশিষ্টাংশের ছেদ, ছুরিকা থানির অন্তর্দেশ হইতে বহির্দেশে চালনা দারা সম্পন্ন হয়।


কর্ণিয়ার ছেদ সম্পন্ন হইলে ষ্টপ্ স্পেকুলামটি মোচন করিয়া অক্ষিপুট বদ্ধ করিবেন। শস্ত্রপ্রক্রিয়ার প্রথমাবস্থা এই পর্য্যস্ত শেষ হয়।

২ ষ্টেজ্ বা অক্ষ।—শস্ত্রপ্রক্রিয়ার দিতীয় প্রকরণে বক্র স্টিকা বা সিস্টো-টোম্ (Curved needle or a Cystotome) দারা অক্ষিমুকুরাবরণ বিদারণ করিতে হয়। এই অক্ষে ফিক্সিং ফর্সেপ্স্(Fixing forceps)দারা চক্ষু কিঞ্চিৎ অধোভিমুথে আকর্ষণ করা আবশুক অথবা যদি রোগী সচেতনাবস্থায় থাকে তবে তাহাকে স্বীয় পদাভিমুথে দৃষ্টি স্থির রাখিতে কহিবে। পরে সিস্টোটোম্ শস্ত্র থানির কন্ভেক্সিটি অধোভিমুথ করিয়া চক্ষ্র সন্মুথকুটিরে প্রবেশ করাইতে হয়; তাহা হইবে আইরিস্ আহত হইবার কোন সম্ভাবনা থাকে না। সিস্টোটোম্ মথনক্নীনিকার সন্মুথকু হইবেক তৎকালে এ শস্ত্রের হ্যাণ্ডেল্ বা

বাঁট ঘূর্ণিত করিয়া উহার প্রান্তভাগ দারা কাপ্দলের ছই তিন স্থান কর্তন করিলে তাহা ছিল হইবেক। পরে শস্ত্র থানি চক্ষ্ হইতে বহির্গত করিয়া অক্ষিপ্টব্য মুদিত করিয়া রাখিবে।

তর স্তৈজু বা অন্ধ।—শস্তপ্রক্রিয়ার তৃতীয় স্তৈজে অফিমুকুর নিকাশিত হয়। সেরটিকের অধঃভাগে কিউরেটি (Curette) নামক শস্ত্রের কন্ক্যাভিটি সংস্থাপন পূর্ব্বক অফিগোলকের উপর কিঞ্চিৎ প্রতিচাপ দিবে এবং নেই সময় বাম তর্জনীর অগ্রভাগ স্লেরটিকস্থ বিভাগের ঠিক উর্দ্ধে রাথিবে। প্রথমতঃ কিউরেটি দ্বারা তৎপরে অঙ্গুলীর অগ্রভাগ দ্বারা অফিগোলকের উপর সাবধান

(৩৬ প্রতিক্ষতি।)



পূর্ব্বক প্রতিচাপ দিলে অকিম্কুরের উর্নপ্রান্ত ক্রমে সমূথে হেলিত হইয়া কনীনিকার মধ্য দিয়া বহির্গত হইয়া অবশেষে কর্ণিয়ান্ত কর্ত্তিত স্থান দিয়া নিজ্রান্ত হয়। (৩৬প্রতিকৃতি দেখ)। এই সময় প্রতিচাপ হাস করা আবশ্রক, যেহেতু লেন্দ্র একণে চতুপ্রার্থবর্ত্তী বিধানাপদানের স্থিতিস্থাপক শক্তি দ্বারা

চাপিত হওয়ায় সহজে ৰহিৰ্গত হইয়া যায়। আবশ্যক হইলে কিউরেটি ক্ষত মধ্যে প্রবেশ করাইয়া অল্ল আকর্ষণ দারা অক্লিমুকুরকে চক্লু হইতে বহির্গত করিবে।

লেন্দ্ নিকাশিত হইলে, অকিপুট্দয় কিয়ৎ মুহুৰ্ত্ত বন্ধ রাথিয়া পরে চক্
খুলিয়া সাবধান পূর্ব্বক পরীকা করিবে। একপ পরীকা দারা যদি লেন্দ্র পদার্থের স্ক্রাং পরমাণু চক্ষ্র সন্মুথ কুটারে আছে দৃষ্ট হয় তবে তাহা কিউরেটি দারা বহির্গত করিবে। পরে ক্ষতপ্রাস্তভাগ একত্রিত ও অকিপুট্দয় বৃদ্ধ করিয়া উভয় চক্ষুতে প্যাড্ ও ব্যাণ্ডেজ্ প্রয়োগ করিবে।

শন্ত্রক্রিয়ার সময় ছর্ঘটনার বিষয় (Accidents during the Operation) ।
ক্রাপ অপারেসনের পর বেরূপ চিকিৎসাপ্রণালী আবশ্যক তাহা বর্ণন করিবার
আগ্রে শন্ত্রপ্রক্রিয়ার সময় যে ছই একটি ছর্ঘটনা সচরাচর সংঘটনের সম্ভাবনা
পেই সকল নিবারণার্থে যে সকল উপায় সর্ব্বোৎকৃষ্ট তাহা বর্ণিত হইতেছে।

ডাক্তার মাাক্নামারা বলেন জ্বাপ্ এক্ট্রান্ত্রন্ ব্রবার পূর্ব্বে দেখা উচিত যে এট্রোপিন্ দারা কনীনিকা সম্পূর্ণ প্রদারিত হয় কিনা। যদি য়াটট্রাপিন্ দারা কনীনিকা সম্পূর্ণ প্রদারিত না হয় তাহা হইলে তিনি লেন্স্ নিকাশন করিবার পূর্ব্বে আইরিসের উর্দ্ধাংশ ছেদন করিতে বলেন। ইণ্র্ ব্যবহৃত হইলে শস্ত্রপ্রিকরা আরম্ভ করিবার পূর্ব্বে রোগীকে তদ্বারা সম্পূর্ণ অচেতন করা আবশ্বক।

বদি কর্নিয়াতে শস্ত্র প্রবেশ করাইতে ন্যাকুয়ন্ নির্গত হয় তবে ছুরির ধারের অগ্রবর্তী হইয়া চক্ষ্ হইতে আইরিস্ বাহিরে আসিবার সন্তাবনা। এরপ স্থলে অস্থলির অগ্রপ্রান্ত দারা কর্নিয়ার উপর ঈষং প্রতিচাপ দেওয়া উচিত, যাহাতে ছুরিকা-ফলকের পশ্চাদ্রাগে আইরিস্প্রিক্তি হয়। কিন্তু যদি এইরূপ হস্তনৈপুণ্য দারা কতকার্যা হইতে না পারা যায় তবে কর্নিয়াকে স্থির ভাবে কর্ত্তন করিয়া বিভাগ শেষ এবং তংসহকারে আইরিসের একভাঁজ কর্ত্তন করা শ্রেমন্থর। আইরিসের একখণ্ড এই প্রকার কর্ত্তন করিয়া লইলে এই বিধানের একটি সেতুর ভায় অংশ, এম্ববিধ-ক্তত-গর্ত্ত ও কনীনিকার মধ্যে পরিত্যক্ত হয়। অক্ষিমুক্র নিকাশন করিবার পূর্মের এই আইরিস খণ্ড বিভাগ করা উচিত।\*

যদি কর্ণিরার ছিদ্র এত ক্ষুদ্র হয় যে তন্মধ্যদিয়া লেক্স্ বহির্গত হইতে পারে না তাহা হইলে এই প্রয়োজনাপেক্ষা নান ছিদ্র মধ্যদিরা বলপূর্ব্ধক লেক্স্ অপনয়ন করিতে চেষ্টা করিও না। যে সকল হলে এরপ চেষ্টা করিবে তাহাদের শতকরা পঞ্চাশটি হলে অসংশোধনীয় ক্ষতি এবং অনেকহলে লেক্ষের পরিবর্ত্তে ভিট্রিয়ন্ নিক্ষোধণ দারা বহির্গত হওয়াতে উদ্দেশ্য একেবারে বিফল হইবে। মনেকর রোগী ইথরের ক্ষমতাধীনে নাই এবন্বিধ অবস্থায় থাকিলে তাহাকে ও শত্র চিকিৎসককে যতদ্র সাধ্য বৈর্ঘাধলম্বন করিতে হয় ও শেষোক্ত ব্যক্তি একথানি অতীক্ষপ্রান্ত কাঁচি দারা এ কর্ত্তিত স্থান অধ্যদিকে বর্দ্ধিত করিবেন, যাহাতে লেক্স্ তন্মধ্য দিয়া অনারাসে বহির্গত হইতে পারে।

কি উরেটির দারা এরপে মৃত্ভাবে অক্নিগোলকের উপর পীড়ন করিবে বেন লেন্সের সহিত ভিট্রিয়ন্ বহির্গত হইয়া না আইসে। লেন্স্ বহির্গত

<sup>\*</sup> Lawrence on "Diseases of the Eye," p. 627.

হইবার পূর্বে ভিট্রিষ্ বহির্গত হইবার উপক্রম হইলে আমাদের কর্ত্রা যে অফিগোলক হইতে সমস্ত চাপ তিরোহিত এবং একটি স্পুপ বা স্ক্লাগ্র ভক্ ক্ষত স্থানের মধ্যে প্রবেশ করাইয়া সাধ্যান্সারে সতর্কতার সহিত তদারা লেক্ষ্ বহির্গত করি ৷

একপ কথনং ঘটে যে চক্ষ্ব উপর চাপ প্রদান কবিবার সময়, ক্যাপ্স্তল্ প্রোজনাত্রকপ ছিন্ন না হইলে, লেন্স কনীনিকার মধ্যে সহজে উপস্থিত হয় না; এরপ স্থলে সিষ্টোটম্পুনঃ প্রবেশ করাইয়া ক্যাপ্স্লকে স্থলররূপে ছিন্ন করা উচিত। এই সকলের অধিকাংশ স্থলে লেন্সের ক্যাপ্স্ল্ অপেকা করিয়ার সেক্যন্ বা বিভাজনে দোষ থাকে।

কিন্তু যদি লেন্দ্ বহির্গত হইবার সময় কতক পরিমাণ ভিট্রিষ্ট্ বহির্গত হয় তবে চক্ষ্ তৎদণ্ডেই মৃদ্রিত এবং উভয় চক্ষ্র উপর ব্যাণ্ডেজ্ ও কল্প্রেদ্ সংস্থাপন করিবে। ডাক্রার ম্যাক্নামারা বিশ্বাস করেনা যে সামান্ত পরিমাণ ভিট্রিষ্ট্ বহির্গত হইরা গেলে বিশেষ হানি হয়, এমন কি এক চতুর্থাংশ বহির্গত হইলেও রোগী আরোগ্য লাভ করিয়াছে। যাহাহেউক তথাপি জনেক প্রশংসিত ব্যক্তি বলেন এরূপ প্রকার হুর্ঘটনা যাহাতে না হইতে পারে তিদ্বিষ্ সতর্ক হওয়া কর্ত্ব্য, কারণ ভিট্রিষ্ট্ বহির্গত হইয়া গেলে হাইএলাইটিস্ বা রেটনার স্থানচ্যুতি ঘটবার সম্ভাবনা।

কর্ত্তনের পর, চক্ষু উন্মীলন করিলে যদি এরপ দেখা যায় যে আইরিস্
ঐ কর্ত্তিত স্থান মধ্যে প্রবিষ্ট হইয়া আবদ্ধ রহিয়াছে বা তন্মধ্য দিয়া বহির্পত
হইয়া আছে তাহা হইলে কাল বিলম্ব না করিয়া চক্ষু মুদ্রিত করতঃ তত্ত্বপরি
অঙ্গুলির অগ্রভাগ দারা এরপভাবে ঘুর্ণায়মান গতি দিবে (ঘুরাইবে) (Rotatory
motion) যাহাতে আইরিদ্ য়্যাণ্টিরিয়র্ চেম্বারে প্রবিষ্ট হইয়া যায়।

ইহাতে ক্তকার্য্য হইতে না পারিলে তৎপরিবর্ত্তে আইরিডেক্টমি নামক শক্ষক্রিয়া করা সর্ব্বোৎকৃষ্ট। এতদ্বারা আইরিসের উর্দ্ধাংশ ছেদন করিয়া লইবে। চিকিৎসার সমস্ত উপায় বিফল হইয়া গেলে এই উপায় দ্বারা অনেক সময়ে চক্ষ্ রক্ষিত হইতে পারে। রোগীকে ইপর্দারা সম্পূর্ণ অচেতন করিয়া রাখিলে এক্ষণ আইরিসের বহির্গনন হইবার অল্পই সন্তাবনা, কিন্তু যদি তৎপরিবর্ত্তে

<sup>\*</sup> Lawrence ou "Diseases of the Eye" p. 627.

অতিতনাকারক দ্রব্য বাবহৃত না হয় তাহা হইলে শস্ত্রপ্রক্রিয়ার শেষভাগে কুর্ন নিশ্চরই উপস্থিত হইয়া থাকে এবং তাহাতেই এরূপ হুর্ঘটনা ঘটে।

নিদাশনের পর উর্দ্ধ অকিপুটকে অতি সতর্কভাবে মুদ্রিত করিবে, তাহা না করিলে কর্ণিয়ার ফুরাপ্ পশ্চাদ্দিকে হেলায়মান হইতে পারে। এরূপ যাহাতে না ঘটতে পারে তজ্জ্ব্য গুটিকত সিলিয়া বা পশ্ম ধারণ করিয়া চক্ষুবদ্ধ কবিবার সময় উর্দ্ধ অকিপুটকে অতি সাবধানে চক্ষু গোলক হইতে আকর্ষণ করিবে; ইহার পর কিছুতেই চক্ষু উদ্বাটিত করিবে না।

ফুলাপ অপারেসনের পরবর্ত্তী চিকিৎসা (The After-treatment of Flap extraction)। যাহাতে ক্তের ধারদ্য পরম্পর একত্র মিলিত থাকিয়া প্রথম উপায় দারা (ফাই ইন্টেন্সন্) ক্ষত শুক্ষ হয় তাহার উপায় সর্বাণ্ডে করিবে। স্থতরাং শস্ক্রিয়ার পর ৩৬ ঘন্টা পর্যন্ত চক্ষুও রোগিকে বিশ্রান্ত ভাবে রাখিবে। প্রথম উদ্দেশ্য সাধনের জন্য উভয় চক্ষুকে কম্প্রেষ্ ও ব্যাণ্ডেজ্ দারা আবদ্ধ রাখিবে ও দিতীয়ের জন্ম রোগিকে স্বিভাবে শ্যাতে স্থাপন করিবে এবং যতদূর সাধ্য তাহার নিক্টবর্ত্তী সমন্ত বস্তু স্থিরভাবে রাখিবে।

শস্ত্র ক্রিরার অনতি পরেই এবং রোগী অপারেসন্ মেজ বা শ্যা হইতে উঠিবার পূর্বেই একখণ্ড কোমল বস্ত্র তাহার উভয় মুদ্রিত চক্ষুপল্লবের উপরি স্থাপন করিবে ও এই বস্ত্রোপরি তুলার গদি দিবে এবং যাহাতে তাহারা স্থিরভাবে স্থানে থাকিতে পারে তজ্জন্য গল্প ব্যাণ্ডেজ (Gauze bandage) দ্বারা তাহাদিগকে আবদ্ধ করিবে; ইহাতে চক্ষু সম্পূর্ণ বিশ্রান্ত থাকিতে পারে। যদি অভ্যানে আভত্ত না ঘটে তাহা হইলে ২৪৭ন্টার মধ্যে তাহা পরিবর্ত্তন করা কর্ত্রর নহে। যাহাতে চক্ষু বিশ্রান্তভাবে থাকে এবং কর্ণিয়ার কর্ত্তিত স্থানের ধারদ্বাকে সংযোগ না হওয়া পর্যান্ত একত্রে মিলিত রাখা যায়, কেবলমাত্র এই অভিপ্রায়ের জন্ত ডাক্তার ম্যাক্নানারা লঘুভাবে অর্থাৎ বিশেষ চাপ না দিয়া ব্যাণ্ডেজ্ বন্ধন করিয়া থাকেন।

বাণ গুজ্ সংলগ্ন করার পর রোগীকে শ্যাতি লইয়া যাওয়া এবং শস্ত্রক্তিয়ার পর কতিপয় ঘণ্টার জন্য যতদূর সম্ভব উত্তানভাবে শয়ন করিতে উপদেশ দেওয়া কর্ত্তব্য। তংপরে রোগী পার্শ্ব ফিরিয়া শ্য়ন করিতে পারে কিন্তু উপাধান ২ইতে মন্তব্য উত্তোলন করা বা কাশা বা কুন্তন দেওয়া এবং কোন প্রকারে উক্তেই

बारिङ्क् आत्मिलिन कर्ना कर्डना नरह। अक्तर्रा अकरित हक्क्रक नारिङ्क ছারা আবন্ধ করিলে রোগীকে অন্ধকার গৃহে রাথিবার প্রয়োজন থাকে ন। শস্ত্রকিলা করিবার পর সন্ধার সময় চক্ষে বেদনা উপস্থিত হইলে এক घछ। वा এই क्रथ कांन मनरमङ बना छेक वारि छक् स्नांनन करा कर्डवा এবং বে পূর্যান্ত না বেদনার উপশম হয় তাবং শস্ত্রচিকিৎসককে রোগীর নিকট থাকা উচিত। যদি বেদনা উপশনিত না হয় তাহা হইলে অধঃঅকিপুটকে प्यवः निरक छेन्छ। हेशा करमक विन्तू माष्ट्रिशितत खव तमरे हेन् लाउँ है वा উन्টान कन् जः हो हे वात छे शत मिरव धवः करस्थम् ना मिता किवन हे ना हिक् বা স্থিতিস্থাপক ব্যাণ্ডেজ্ পুন: বন্ধন করিবে। পূর্ণমাতায় মর্ফিয়াও দেওয়া যাইতে পারে। শস্ত্রক্রিয়ার পর উক্ত স্থানে স্বভাবতঃ কিঞ্চিৎ অস্থুথ বোধ হইরা থাকে স্থতরাং তজ্জন্ত কিছু করিবার আবশ্যক নাই। মুদ্রিত অফিপুট মধ্যে অশ্রু দঞ্চিত হইলে সচরাচর বেদনা হইয়া থাকে। শস্ত্রজিয়ার ২৪ ঘণ্টার পর, দিবদে গুইবার অবঃ অক্ষিপুটকে ধীরভাবে উণ্টাইয়া ইহাকে অপনয়ন করা যাইতে পারে।

আহাৰ সম্বন্ধে এই বলা যায় যে, ফি ডিং কপ (Feeding cup) দ্বারা কুকুটের ঝোল, ছগ্ন প্রভৃতি যে সকল তরল বস্তু মুথে প্রবেশ করান যাইতে পারে সেই সকল বস্তু শস্ত্রক্রিয়ার দিন হইতে রোগীকে আহার করিতে দেওয়া কর্ত্তব্য। শস্ত্রক্রিয়ার পর তাহাকে শ্ব্যা হইতে উঠিতে ও প্রথম ২৪ ঘণ্টার মধ্যে কোন শক্ত বস্তু চর্বন করিতে না দেওয়া বিশেষ আবশ্যক।

শস্ত্রজিরার সময় হইতে ৪ দিন অতীত হইলে রোগীকে কিঞ্চিং স্বাধীনতা দেওয়া কর্ত্তব্য। এক্ষণে সে শ্ব্যা হইতে উঠিতে ও শক্ত বস্তু আহার করিতে পারে; বস্ততঃ অস্তান্ত বিষয়ের জন্ত কোন বাধা না থাকিলে সে স্বাভাবিকরূপ আহারাদি করিতে পারে। কোন কোন হলে বিয়র ও ওয়াইন দেওয়ার আবশ্রক হয় এবং অভাভা স্থলে বে পর্যান্ত না রোগী চলাচল করিতে পারে তাবং কোন প্রকার উত্তেজক বস্তু দেওয়া কর্ত্তব্য নহে। এতৎসম্বন্ধে ডিকান সাহেব বলেন যে ''আইরিন্ বহির্গত হইয়া না আসিলেও যে যে কারণে মাংসল বা অস্থিময় স্থানের সংযোগ হইতে বিলম্ব হয় সেইং কারণে কর্ণিয়ার ক্ত সংযোগেৰ বাৰা দেৱ অৰ্থাং ৱোগীৰ পোৰ্য জিয়া স্বাভাবিক অবস্থাপেকা

ইন হইলেই এরূপ অবস্থা ঘটে। এক্ট্রাক্সনের পর বহুদিন পর্যান্ত বৃদ্ধ ও ছর্ম্মল ব্যক্তিকে প্রদাহ হওয়ার ভয়ে ("Slops") স্বোপ্সের বা তরল দ্রব্যাদির উপর নির্ভির করা সাধারণ বৃদ্ধির এবং উপযুক্ত শস্ত্রচিকিৎসার সাদৃশুতার" বিপরীত।\*

২৪ ঘণ্টার পরে ব্যাণ্ডেজ্ মোচন করিয়া যদি এরূপ দেখা যায় যে, যে চক্ষুতে শস্ত্র করা হইয়াছে তাহার পরবদ্ধের বর্ণ স্বাভাবিক, ও ক্ষীত হয় নাই এবং তাহাদের মধ্য হইতে কোন পূয় পদার্থ নির্গত হইতেছে না, এরূপ হইলে জানা যায় যে সমস্ত বিষয় ভাল হইতেছে। এইরূপ অধঃ পরবৃত্তি উল্টাইয়া অঞ্চকে বহির্গত হইতে দিবে। তৎপরে প্যাড্ও ব্যাণ্ডেজ পুনরায় প্রয়োগ করিবে। রোগীর দর্শনশক্তি কতদূর হইয়াছে তাহা পরীক্ষার্থ পুনঃ২ চক্ষু উদ্ঘাটন করা অযৌক্তিক।

শক্ষজিয়ার পর চারি দিন পর্যান্ত কম্প্রেন্ রাথা উচিত। তৎপরে আরো তিন দিবদের জন্ম কম্প্রেন্ন দিয়া কেবল মাত্র ব্যাণ্ডেজ রাথা কর্ত্তব্য এবং তৎপরে সকল বিষয় ভাল থাকিলে ব্যাণ্ডেজের পরিবর্ত্তে কেবল সেড্ বা আবরক (Shade) রাখিলেই চলে। চৌদ্দ দিবস পর্যান্ত রোগীকে গৃহে রাথা উচিত। ইহার পর সে আলোক সন্থ করিতে পারে এবং তথন তাহাকে চক্ষু ব্যবহার করিতে দেওরা যাইতে পারে। একনাস অতীত হইলে রোগীকে উপযুক্তরূপ কন্ভেক্স চসমা (Convex glass) ব্যবহার করিতে অনুমতি দেওয়া যাইতে পারে; বলা বাহুলা যে ইহা ব্যতীত অস্বচ্ছ লেন্দ্র নিক্ষাশন করার ফল রোগী সম্পূর্ণরূপ ভোগ করিতে সমর্থ হয় না।

শক্ত্রিয়ার পরবর্তী ছর্ঘটনা গুলি (Accidents following the OPeration)। যদি শক্ত্রিয়ার পর ৩৬ ঘণ্টার মধ্যে বিশেষ প্রকাশ্ত কোন কারণ ব্যতীত রোগী চক্ষে যাতনা অনুভব করে তাহা হইলে ব্যাণ্ডেজ্ তিরোহিত করা কর্ত্ররা এবং পূর্ণমাজায় মর্ফিয়া সেবন করান বা শঙ্মাদেশে মর্ফিয়ার ইন্জেক্সন্ করা যাইতে পারে। এই সকল স্থলে কোল্ড্ কম্প্রেদ্ অর্থাৎ শীতল জলে বস্ত্রথণ্ড ভিজাইয়া তাহা চক্ষুতে সংলগ্ন রাথিতে পারিলে অনেক উপকার দর্শিতে পারে। কিন্তু রোগী গাউট বা ক্রমেটিজম্ বা বাত রোগাজান্ত হইলে

<sup>\*</sup> Dixon "On Discuses of the Eye," p. 425.

পিপিছেড় বা পোস্তের টেড়ির উষ্ণ ফোমেণ্টেশন্ প্রীতিকর বোধ হইতে পারে। এবং তংগরে একটি লঘু ব্যাভেজ্ সংস্থাপন করা কর্ত্তব্য। এরূপ স্থলে এক মাত্রা এরও তৈল সেবন করিতে দিলে কথনং উপকার দর্শে।

যদ্যপি এরূপ হয় যে শস্ত্র ক্রিরার ছইদিন পরেই রোগী চক্ষে যাতনা অন্তর্ব করে এবং ব্যাণ্ডেজ মোচন করিয়া দেখা যায় যে চক্ষের পল্লব গুলি শোক্ষ্কুত ও ফীত হইরাছে ও তাহা হইতে মিউকো-পিউকলেণ্ট বা পূ্যবং পদার্থ নির্গত হইতেছে তাহা হইলে যে কর্নিয়াতে পূ্যোংপত্তি হইয়াছে এরূপ আশস্কা সঙ্গত এবং তখন কালবিলম্ব না করিয়া চক্ষু পরীক্ষা করা উচিত। ডিফিউজ্ থেরে-টাইটিস বা সমস্ত কর্নিয়া ব্যাপিয়া প্রদাহ হইলে কন্জংটাইভাতে রক্তপ্রাবের চিহু (Chemosis) এবং কর্নিয়ার ফ্যাপ্ ফীত ও অস্বচ্ছ দেখা যায়; ক্ষতের ধারে পূর জন্মে এবং সমস্ত কর্নিয়া অস্বচ্ছ না হইলেও বোর দেখার, এ সমস্ত হইলে রোগীর আরোগ্য হইবার কোন আশা থাকেনা।

এরপ হইতে পারে যে প্রোৎপত্তি কেবল কর্ণিয়ার যে ভাগে ফুরাপ থাকে, তাহার অন্তর্ভ আছে, তাহা হইলে অধঃভাগ রক্ষার আশা করা মাইতে পারে। তুই ঘণ্টা অন্তর য়য়াট্রোপাইনের তেল বিশিষ্ট দ্রব চক্ষে দেওয়া উচিত; উষ্ণ কম্প্রেদ্ তুই অথবা তিন ঘণ্টা পর রাত্রিও প্রাতঃকালে প্রয়োগ এবং তমধ্যবর্ত্তী কালে অচলভাবে কম্প্রেদ্ ও ব্যাণ্ডেজ বাদ্ধিয়া চাপ প্রদান করা অবশ্য কর্ত্তর। রোগীর বেদনা ও জলন নিবারণার্থ পূর্ণমাত্রায় মর্ফিয়া দেওয়া উচিত। এবং স্বস্থকায় সবল ব্যক্তি হইলে তিন দিবদ পর্যান্ত পীড়িত শঙ্মাদেশে ছটি জলোকা ধরাইলে উপকার দর্শিতে পারে। রোগী হর্কল হইলে পুনঃ২ টিংচর ফেরি মিউরেটিদ্, কোরেট্ অফ্ পটাশ দিলে কথন২ উপকার হয়। এবং অবশেষে, পোর্টওয়াইন্ ও বিফ্টি দেওয়াও আবশ্যক হয়। আমরা যাহাই কিছু করিনা কেন এমন হুলে চক্ষু রক্ষা করিতে কদাচিৎ ক্বতকার্য্য হওয়া যায়।

ফুনাপ্ শস্ত্রজিরার পর ইতর লোকদের মধ্যে এরূপ সচরাচর দেখা যায় যে আইরিসে ক্রিয়াধিক্য আরম্ভ হইরা সব্যাকিউট্ সাপুরেটিব্ অর্থাং নাতি প্রবল পূরোৎপাদক থেরেটাইটিস্ উৎপন্ন হয়। শস্ত্রজিয়ার পর ৩৬ঘণ্টার মধ্যে দেখা যায় যে চক্ষুর পল্লব দ্যের মধ্যদিয়া মিউকো-পুরুলেণ্ট ্বা পূয়্বৎ পদার্থ নির্গত হইতেছে। রোগী হয়ত যন্ত্রনার বিষয় কিছু উল্লেখ করে না বা অতি সামাত্ত-

রূপ মতিনা অনুভব করে। চক্ষুর পল্লব ক্ষীত হয় না, কিন্তু তাহাদিগকে উণ্টা-ইলে দেখা যায় কন্জংটাইবা ক্ষীত, কর্নিয়া বোর, কনীনিকা হয়ত পীতাভায়ুক্ত লিক্ষ্ দারা পূর্ণ এবং আইরিসের উর্দ্ধ থণ্ডেও ঐ রূপ দাগ দেখা যায়। ক্ষতের ধারগুলি নিরাশ্রম বা হাঁ হইরা থাকে এবং তাহাতে কোন প্রকার কার্য্য ও আরোগ্য হইবার কিছুমান লক্ষণ দেখা যায় না। এমত অবস্থার উষ্ণ ব্যাণ্ডেজ্, দৃঢ় কল্পেস্, উত্তেজক ঔষণ ও পথ্য দ্বারা প্রকৃতিকে স্কৃত্থ কার্য্যে লিওয়ান উচিত। কিন্তু আমরা যতই কেন করিনা প্রকৃতি প্রায়ই আমাদের অভিলম্বিত বিষয় সাধনে অসমর্থ হয় ও ক্রিয়ার বিনাশ ঘটে।

শস্ত্র করার পর বে সকল ত্র্বটনা ঘটতে পারে তাহার মধ্যে আইরিস বহির্পত হওয়া (প্রোল্যাপ্স অফ্ দি আইরিস্) আর একটি। শস্ত্র ক্রোর পর ৮ দিনের মধ্যে এই ঘটনাছইতে পারে, বেছেতুক প্রথম সপ্তাহের মধ্যে কর্নিয়ার ক্ষত শুদ্ধ হয় না স্বতরাং এইকাল মধ্যে কোন সময়ে ক্ষত মধ্য দিয়া আইরিস্ বহির্গত হইয়া আসিতে পারে। সামান্ত কোন প্রকারে কুন্থন দিলে, বেমন কাশি বা হাঁচি, এরপ অবস্থা ঘটতে পারে।

আইরিসের প্রোল্যাপ্র বা বহির্গনন সংঘটিত হইলে রোগী চক্ষে তাতিশর জালাও বেদনা অন্তব করে। চক্ষু পূটদ্বর কিঞ্চিৎ ক্ষীত দেখারও কম্প্রেসের উপর বা চক্ষের নাসিকার দিকস্থ কোণে মিউকো-পুরুলেণ্ট পদার্থ সংলগ্ন হইরা থাকে। চক্ষু বিক্ষারিত করিলে কর্ণিরা স্বচ্ছ ও উজ্জ্বল দেখার কিন্তু ক্ষতের পার্শবিষ অল বা অবিক নিরাশ্র বা হাঁ হইরা থাকে এবং তন্মধ্য দিয়া আই-রিসের কিরদংশ বহির্গত হইয়া থাকিতে দেখা ঘাইতে পারে।

এরপ অবস্থার আইরিসের যে ভাগ বহির্গত হইয়া থাকে তাহাতে কৃষ্টিক্ পেন্সিল্ম্পর্শ করান এবং চক্ষু মুদ্রিত করিয়া তহুপরি দৃঢ় কম্প্রেশ্ ও ব্যাওজ ১২ঘণ্টার জন্য সংলগ্ন রাগা উচিত। পরে ব্যাওজ মোচন এবং ঈরং উক্তজল দারা চক্ষু গৌত করা যাইতে পারে। কিন্তু উহাকে উন্মীলিত করিবে না। তদনন্তর কিঞ্চিং কোল্ড ক্রিম তহুপরি দিয়া কম্প্রেম্ ও ব্যাওজ পুনরায় সংস্থাপন করা উচিত। এইরূপ চিকিৎসা মাসাবিধি করিবে এবং ইতি কালের মধ্যে মধ্যে নাইট্রেট্ অফ্ সিল্ভার সংস্থার্শ করাইবে। এইকাল পরেও যদি উক্ত বহির্গত আইরিম্ উচ্চ হইয়া থাকে তাহা হইলে একটি প্রমন্ত প্রিক্ষা

ষারা উহাকে কর্ত্তন করিয়া ( চিরিয়া ) দেওরাই যুক্তিযুক্ত। ইহাতে পশ্চাদস্থ র্যাকুষস্ বহির্গত হইরা বায় এবং উক্ত বহির্গতাংশ সন্ধাচিত হয়। ইহার পর কম্প্রেশ্ ও ব্যাণ্ডেজ পুনঃ সংলগ্ন করা অবশ্য কর্ত্তব্য। এই ক্ষুদ্র শন্ত্রক্রিয়ার একদিন পরে এক দিন বা এইরূপ কোন সময়ান্তরে পুনরার করিবে যে পর্যান্ত না বহির্গমন ( প্রোল্যাপ্শ্ ) তিরোহিত হয়।

ইহাতেও যদি কোন উপকার না হয় তবে বহির্গত অংশকে একটি ব**ক্র** কাঁচি দ্বারা ছেদন করিয়া ফেলিবৈ।

শস্ত্রক্রিয়ার অব্যবহিত পরেই অক্ষিপল্লব উন্মোচন করিয়া যদি দেখিতে পাওয়া যার বে বিশাল ও আয়ত ছিদ্রের মধ্যদিয়া আইরিদ্ বহিগত হইয়া আছে তাহা হইলে এক জোড কাঁচি দ্বারা উক্ত বহিগ তাংশ তৎক্ষণাৎ ছেদন করা এবং পল্লব মুদ্রিত করিয়া চক্ষে সাবধান পূর্ব্বক ব্যাণ্ডেছ বন্ধন করা অবশ্র কর্ত্তব্য। ফ্রাপ্উপায় দারা লেন্স্ বহিষ্করণকালীন যে সকল প্রক্রিয়ার আবশ্রক হয় সে সমস্ত বিবেচনা করিতে গেলে এই প্রতীতি হয় যে লেন্সকে ক্নীনিকা ও কর্মির দেক্সন বা ছেদ দিয়া বৃহির্গত করার সময়, আইরিস (বিশেষতঃ লেন বুহৎ ও বাৰ্দ্ধকাতা বশতঃ অতি কঠিন হইলে ) চাপিত ও ছিন্ন অব্ছাই হইবে। স্তরাং ইহার পর আইরাইটিদ্ হইবার সন্তাবনা। আর বস্ততঃ যেথ উপদর্গ ঘটে তাহাদের মধ্যে ঐটি নিবারণের আবশুক হয়। ফুরাপ এক্ষ্ট্রাক্-সনের পর কর্ণিয়ার যে শ্লফ্ বা বিগলন উপস্থিত হয় তাহা প্রায় সচরাচর আইরিসে আরম্ভ হইয়া থাকে। ক্যাপ্স্রল্ ও কটিক্যাল্ পদার্থের কিয়দংশ ভগ্ন হইয়া আইরিদের পশ্চাতে সংলগ্ন হওতঃ উক্তম্বানে অত্যন্ত উত্তেজনা ও लाह छेनश्चि करत, देशहे आहेताहे हिरमत माधातन कातन। हेहा वाजीज, এমন কোন ব্যক্তিই বোধ করি কর্ণিয়ার পশ্চাৎ স্তরের ব্যাধি দেখেন নাই যাহা আইরিদ্ পর্য্যন্ত বিস্তৃত হয় না। পশ্চাৎ দিকস্থ স্থিতিস্থাপক স্তরের हे निशिनित्रम् छनि थ्राम् तनम् वहिर्नमन कात्न विनिथिত वा स्वः भ इत्र।

এক্ট্রাক্সনের প্রায় ছয় দিন মধ্যে আইরাইটিস্ উৎপন্ন হইতে পারে। ইহা আতি তীব্রভাবে ও ব্যাধিত অংশের বিনষ্টকারী প্রদাহের সহিত আরম্ভ হয়, বাহাতে কর্ণিয়া পর্য্যন্ত আক্রান্ত হইতে পারে। পক্ষান্তরে পাঁচ দিবস পর্যান্ত সকল বিষয় ভাল থাকিরা পঞ্চম দিনে রোগী চক্ষুতে বেদনার বিষয় সাবেদন

করে এবং পরে বোগীর চকু পরীক্ষা করিলে আইরাইটিসের সকল লক্ষণ ও মূর্ত্তি দেখা যায়। যে অসাধ্যে আইরাইটিস্ লোগ বর্ণিত হইরাছে তাহাতে এই সকল বলা গিয়াছে স্তরাং এহলে তাহাদের পুনক্তি অপ্রয়োজনীয়।

তিকিংশা সম্বান্ধ এই বক্তবা গে পীড়িত চংক্ষ তিন দিন ক্রমার্যে তুইটী জলৌকা সংলগ করা উচ্ত; কিন্তু য়াট্টোপাইন আমাদের প্রধান অবলম্বন স্তরাং তাহা যথেষ্ট প্রমাণে প্রয়োগ করিবে। কিন্তু যদি লেন্দ্র পদার্থ সাই-রিদে সংলগ হইরা থাকে কিছা উহার ও কর্ণিয়ার মধ্যে অবস্থিতি করে এবং याद्रिशाहेन वाता कनीनिका अमातिक ना इस, छादा हरेल तांगीरक द्वारतां-ফ্রম থাবান করত কণিয়াকে বিদ্ধ করিয়। যাহা কিছু লেন্ গদার্থ দেখা যায় একটি ক্ষপ দারা বৃত্তির্গত কর। উত্তম । লেক্সের পদার্থ যাতা আইরিসের গশ্চাতে সংলগ্ন হট্যা থাকে তাতা বহির্গত করা বাইতে পারে না এরূপ সংক্ষ হট্লে আমর। আইরিডেক্টমি শস্তু ক্রিয়ে বিলম্ব করিয়া থাকি। যাহাইউক আইরিসের কিয়দ্রণ কর্তুন করিয়া লইলে এমত অবহায় অনেক হলে উপকার मर्ग । यिम कनीनिका अवक्रक इस छाठा इहेरल अथरम आहेताहें छिम रतांश ममन করিয়া পরে আইরিডেক্টমি করা গরামর্শ সিদ্ধ কিনা এ বিষয়ে সন্দেহ আছে। भाकनामाता मारहत नि:वहना कातन त्य यपि छ्डीय पिनरम cवाशीन हक পরীক্ষা করিয়া দেখাযায় কর্ণিয়া ধূমাকার, কনানিকা নিতান্ত অলম ভাবাপর কিন্তু লিফ বার। মূদ্রিত নহে ও আইরিদ যাগটোপাইনের প্রভাবেও প্রদারিত হইতে অক্ষন এবং রোগী বেদ্না ভোগ করিতেছে, তাহা হইলে অপেকা করা ও প্রথমে আইরাইটিমু দমন করার চেষ্টা করা ভাল। পরে প্রদাহ লক্ষ্ণ সকল তিরোহিত হইলে আইরিডেক্টনি শস্ত্রক্রিয়া করিবে। কিন্তু যে পর্যান্ত আইরিম ও ত্রিকটবর্তী হান মুমুহে ক্রিয়াবিক্যের লক্ষণ বুর্তমান থাকে তাবং উক্ত শস্ত্রক্রিয়া করিবে না।

লেন্বহির্গত করিবার পর রেটনা বা কোরইডের রক্তবহানাড়ী বিদীর্ণ হওয়া একটা অতি ভয়ানক উপসর্গ। হয়ত শস্ত্রজিয়াটি অতি সহজেই সম্পান হয় কিন্তু লেনা বহিদরণের কতিপয় মিনিট পরেই রোগী চক্তে বেদনার বিষয় আবেদন করে এবং চক্ষ প্রার উদ্যাটন করতঃ আম্মরা ইহা দেখিয়া विश्वमालन ११ त्य, कियल त्य मण्यव औं कुंगिनरे तत्क शूर्व ११ माह धनल नहर किस तक किविया कि कठ मना निया अविवा , পজ্তি ছে।

এবন্ধির স্থল সমূহে আরোগ্যের কোন আশা থাকে না, কেবল রক্ত রোধার্থ চক্ষে বব্দ সংলগ্ন করা বাতীত আর আমরা কিছুই করিতে পারিনা; ইহাতে চক্ষের দর্শনোপ্যোগিতা এককালীন বিনপ্ত হইয়া যায়। যদি রোগী বলপূর্বক হাঁচে বা কাশে ভাগা হইলে এই ঘটনা শস্তুক্রিয়ার কতিপ্য ঘণ্টার মধ্যেই ঘটে।

ফুরাপ্ অপারেসনের প্রকারান্তর (Modification of the flap Extraction)——গত কতিপর বৎসবের মধ্যে ফুরাপ্ অপারেসনের যে সকল পরিবর্তন হইরাছে তাহা এইক্ষণে বর্ণনা করা যাইবে।

এক্ট্রার্লনের সময় প্রাথমিক আইরিডেক্টমি (Preliminary Iridectomy in Extraction)। লেন্স্ বহির্গত করিবার কয়েক সপ্তাহ পূর্বেং আইরিসের কিয়দংশ কর্ত্তন করিতে কেহং উপদেশ দেন। প্রথমে আইরিসের উর্নথণ্ড কর্তন করিয়া আইরিডেক্টমি সম্পাদন করতঃ তাহার ছয় সপ্তাহ বা ছই মাস পরে লেন্সকে সাধারণ প্রচলিত ফুরাপ্ অপারেসন দারা বহির্গত করিবে। এই প্রক্রিয়ার বিরুদ্ধে এই বলা যাইতে পারে যে যদি সম্ভবতঃ একটী বার শস্ত্রক্রিয়া দারা উভয় কার্য্য একবারে সম্পন্ন হয় তাহা হইলে অতি অল্প রোগী ছইবার শস্ত্রকার্য্য করাইতে স্বীকৃত হইবে।

লেন্সকে বহিষ্কৃত করিবাব অনতি পরেই অধ্যাপক জেকবসন্ আইরি-ডেক্টমি করিয়া ক্লতকার্য্য হইয়াছেন। তিনি কর্ণিয়ার অধ্যদেশে ফুনাগ্ প্রস্তুত করিয়া তাহার মধ্যদিয়া প্রথমতঃ লেন্সকে বহির্গত করেন এবং তৎপরে তৎস্থানের আইরিসের এক চতুর্থাংশ কর্তুন করেন।

অবশেষে, লেন্ বহিছত করার অবাবহিত পূর্বেই উত্তম ফলের সহিত আইরিডেক্টমি করা যাইতে পারে। ইহাতে উর্দ্ধভাগ কর্ত্তন করিতে হয় এবং আইরিসের উর্দ্ধ চতুর্থাংশ ছেদন করিয়া, তৎপরে যথানিয়মে লেন্দ্র্বহির্গত করা হয়। যে সকল ব্যক্তির কনিনীকা য্যাট্রোপাইনের প্রভাবে প্রদায়িত সাহ্য বিশেষতং ক্যাপ্তল্ও আইরিসের মধ্যে কোন প্রকাব

সংযোগ থাকিলে যদি শস্ত্রক্রিরার সময় আইরিডেক্টমি করা হয় তাহা হইগে তত্বারা ফুলাণ্ অপারেদন হইতে যে আপদ আশস্বাকে তাহা অনেক দূর হয়।

ক্যাপ্সল্ সহকারে লেক্ষ্ বহিন্তর। (The removal of the lens in its capsule)। লেক্ষ্ বহিন্তরণ করিবার যে ইহা এক নৃতন নিয়ম তাহা নহে; ইহা ১৭৭০ খৃ; লক্ষ্ হইতে নানা প্রকার ফলের সহিত ব্যবস্থত হইয়া আসিতেছে ও ডাক্তার পেজেনেটেচব্ ও এম্ স্পেরিনো এই শস্ত্রজিয়ার বিশেষ জন্মোদন করেন।

ভাকার ম্যাক্নামারা বলেন ১৮৬৪ খৃঃ জন্দ ইইতে এই শন্ত্রজিয়া সদা সর্মাদা করিয়া তাঁহার একপ প্রতিত ইইয়াছে যে, যে যে হলে শন্ত্র করা যায় তাহাদের প্রত্যেক হলে যদি চন্দের অন্তান্ত বিধানের কোন ক্ষতি না করিয়া কাপ্স্কল্ সহিত লেক্ষ্ বহির্গত করা যাইতে পারে ভাহা ইইলে ক্যাটারাক্ত্রক্ষ্ণীয়ানের চুড়ান্ত দীমার উপস্থিত হওয়া যায়।

এইরপ প্রক্রিয়ার অভিপ্রায় এই সে ইহা দ্বারা লেন্দের কার্ম্ব্র ছিল্ল না করিয়া লেন্দকে বহির্গত করা য়ায়। ইহার বিশেষ উপকারিতা এই মেইহাতে সম্ভবতঃ ক্যাপ নিউলার ক্যাটার্যাক জিনিতে পারে না এবং আইরিসের সহিত লেন্দের পরার্থ সংলগ্ধ হওত উত্তেজনা ও প্রদাহ উপস্থিত করিয়া উক্ত কোমল বিধানকে নপ্ত করিতে পারেনা। ডাক্রার ম্যাক্নামারা বলেন এই সকল বিষয়ে যতই তাঁহার বহুদর্শীতা বৃদ্ধি হইতেছে ততই তাঁহার এই বিশ্বাস জিনিতেছে যে এক্ষ্র্যাক্সনের যে সকল স্থলে অক্তকার্য্য হওয়া য়ায় তাহাদের অধিকাংশ স্থল, লেন্স্ বহির্গত করার পর কোমল লেন্দ্র পদার্থ ও ক্যাপ্সল্ চেক্ষ্ণ মধ্যে বর্ত্তমান থাকাতে সংঘটিত হয়।

় ক্যাপ্রল্ সহিত লেক্ষ্ নিকাশন করিতে যে শস্ত্রজিয়ার সচরাচর আবশুক হয় তাহা পরে বর্ণিত হইতেছে। ডাক্তার ম্যাক্নামারা এরপ প্রক্রিয়া অব-লম্বন করেন না, ইহা পরে বোধগম্য হইবে।

এনত পরিমাণে য্যাট্রোপাইন্ দিবে যাহাতে কনীনিকা সম্পূর্ণরাণ প্রদারিত হয়। তৎপরে রোগীকে উত্তানভাবে শয়ন করাইবে। চিকিৎসক রোণীন এক পার্যে দণ্ডায়মান হইয়া উপ্ স্পেকুলাম্ প্রয়োগ করিবেন; তৎপরে একটী ফর্সেপ্ দারা চক্ষুকে স্থিরভাবে গৃত করিয়া কর্ণিয়ার ধারের অব্যবহিত পরে স্কেরটিকের মধ্যে একটা উর্দ্ধ লিনিয়র্ ইন্সিন্ন্ করিবেন। কর্তুন কালে ফ্যাপ্ অপারেসনে যে যে বিষয়ে সতর্ক হইতে হয় ইহাতেও তৎসমুদর বিষয়ে সতর্ক হইবে। তৎপরে আইরিসের এক খণ্ড ছেদন করিয়া কিউরেটি দারা স্কেরটিকের অধঃভাগে সঞ্চাপ প্রদান করা হয়, ও এসময়ে অঙ্গুলি দারা চক্ষ্র উর্দ্ধাংশে কাউণ্টার্ প্রেসর্ বা বিপরীত সঞ্চাপ দেওয়া হয়। এই প্রকারে ক্যাপস্থল্ সহ লেসকে বহির্গত করা যাইতে পারে। যদি সামান্যরূপ চাপে লেন্দ্ স্থানান্তরিত না হয় তাহা হইলে অগভীর গোলাকার কিউরেটিকে উহার পশ্চাৎভাগে প্রবেশ করাইয়া উহাকে সামান্যরূপ আকর্ষণ করিতে হয় যাহাতে উহা স্বীয় স্থান হইতে আদিতে পারে।

ফুাপ্ প্রস্ত করিবার কালীন কর্ত্রন, কর্ণিয়ার ধারের কিঞ্চিং বাহাদিকে হওয়া কর্ত্রা যাহাতে এমত বৃহৎ ছিদ্র হয় যে তন্মধ্য দিয়া লেন্স্ ্ষহির্গত হ্ইতে পারে। ক্যাপ্স্থলের মধ্যে লেন্স্ থাকিলে তাহার আয়তন লইয়া লেন্সের আয়তন অত্যন্ত বৃহৎ হয়।

ইহা একটি বিশেষ প্রয়োজনীয় শস্ত্রক্রিয়া এবং প্রায়ই ইহাতে উত্তম ফলোদয় হইয়া থাকে। যদি ক্যাপ্স্ল্ শুদ্ধ লেন্দ্র বহির্গত না হয় তাহা হইলে উক্ত ক্যাপ্স্লকে বিদীর্গ করতঃ সাধারণ চলিত ফ্যাপ্ অপারেসনের দারা লেন্দ্র বহির্গত করা যাইতে পারে। যদ্যপি ইহা জানা যায় যে অক্ষিগোলকের উপর অতাল্প চাপ প্রদান করিলে কর্ণিয়ার মধ্যস্থ কর্ত্তন দিয়া লেন্দ্ ও উহার ক্যাপ্স্ল্ বহির্গত হইতে পারে তাহা হইলে বস্ততঃ সদা সর্বাদার জন্য এই প্রক্রিয়া অবলম্বন করা যুক্তিযুক্ত, ইহা অপেক্ষা অধিক বল প্রয়োগ আবশ্যক করিলে তৎসহ অনেক পরিমাণ ভিট্রিয়ন্ বহির্গত হইয়া যাইতে পারে। ক্যাটার্যাক্ত অপনয়ন কালে যে বল প্রয়োগ অনুচত তদ্বিষয় অধিক করিয়া বলা বাহুল্য।


ভালার ম্যাক্নামারা বহু সংখ্যক হলে যে শস্ত্রিয়া করিয়াছেন তাহা পূর্ব্বোক্তির প্রকারান্তর মাত্র, ইহা পূর্ব্ব পূর্ব্ব সংস্করণে "মডিফাইড্ লিনিয়াব্ এক্ট্রাক্সন্" নামক প্রবন্ধে বর্ণিত হইয়াছে। কণিয়ার বাহ্ প্রান্তের চূড়ান্ত নীমার মণ্য দিয়া ইন্সিদন্বা কর্ত্বন করতঃ পরে সুণ্ দারা লেকা অপন্যন

করিয়া কর্ণিয়ার পুরোংপত্তি বশতঃ একটি চক্ষু নষ্ট হইতে তিনি কদাটিং দেখি-য়াছেন। এই ঘটনা বিশেষ সতর্ক হইলেও, দাধারণ জ্যাপ এক্ষ্র্যাক্সন্ উপায় षाता শञ्ज कता रहेला, निम्न वस्त्रत अधिवानिमित्लात मत्मा नहताहत घटि । শস্ত্রক্রার ফলের কোন ব্যাঘাত না হইলে চক্ষের কি শরীরের অভাত স্থানের যে কোন বিধান রক্ষা করা যাইতে পারে তাহা রক্ষা করা উচিত; এই দিদ্ধান্তের উপর নির্ভর করিয়া তিনি এক্ট্রাক্সন্সময়ে আইরিডেক্টমি করিতে ইচ্ছুক নহেন। তিনি এই গ্রন্থের পূর্ম্বং সংস্করণে বলিয়াছেন যে আইরিস কর্ত্তন করিবার এই আপত্তি বাতীত, তাঁহার নিকট ইহাও নিশ্চিত বলিয়া বোধ হইয়াছে যে, দেখুলে কনীনিকা য়াট্পিনের প্রভাবে সম্পূর্ণ প্রসারিত হয় তথার লেন্দ্র অপনয়নকালে চফু মধ্যে লেন্দের ও উহার ক্যাপ্যুলের ছিলাংশ থাকার জন্য যেরূপ বিপদ ঘটিবার সন্তাবনা, আইরিস্ ছিল্ল ভিল্ল হওয়ার জন্য তদ্রপ নহে। তাহার নিকট এরূপ বোধ হইয়াছিল যে তিনি যে সকল এক্ষ্রাক্র করিয়া অক্তকার্য্য হইয়াছেন তাহার অধিকাংশের হেতু, এই সকল অসংলগ্ন জান্তব পদার্থের চক্ষু মধ্যে অবস্থিতি এবং চক্ষুহইতে লেন্দ্ বহির্গত হইবার নিমিত্ত কর্ণিয়াতে যে ছিদ্র প্রস্তুত করা যায় তাহা নিতান্ত मः कीर्ग इ**उ**ग्राट उग्रसा मिशा डेशांक विश्वित कतात क्रम अन्यात वल थातात ।


শস্ত্রজিয়ার ছই দিন বা তিন দিন পূর্ব্বে য়্যাট্রপিন্ ছারা কনীনিকা বিস্তৃতরূপে প্রসারিত করতঃ রোগীকে উত্তানভাবে শয়ন করাইয়া কোন অচৈতন্যকারক ঔষধ ছারা সম্পূর্ণ অচৈতন্য করান হয়। শস্ত্রচিকিৎসক একটি প্রপ্র
স্পেকুলম্ নিয়োজিত করেন।

মনে কর দক্ষিণ চক্ষে শস্ত্রপাত করিতে হইবে, শস্ত্রচিকিংসক রোগীর পশ্চাতে দণ্ডারমান হইয়া এক হস্ত দারা এক জোড় ফিক্সিং ফর্সেপ লইয়া ইন্টার্ন্যাল্ রেক্টসের টেণ্ডন্ সহিত কন্জংটাইভার একটি ভাঁজ এরপভাবে প্রত করিবেন যাহাতে অক্ষিগোলকে স্থির ও দৃঢ়ভাবে রাখা যাইতে পারে এবং অন্য হস্ত দারা থর্কাকৃতি প্রস্তু ত্রিকোণ বিশিষ্ট ছুরিকা (৩৭ প্রতিকৃতি দেখ) লইয়া অক্মিগোলকের টেম্পোর্যাল্ (শঙ্ক্যা দেশের) পার্শের কর্ণিরাণ্ড স্কেরটিকের সংযোগ স্থানের মধ্যে উহার স্ক্রাংশ প্রবেশ করাইবেন। ছুরিকার ফলক স্বিরভাবে উহার স্বান্থ পর্যান্ত প্রবেশ করাইবেন যাহাতে স্ক্রেটকের অন্তর্গত

(৩৭ প্রতিকৃতি)



(৩৮ প্রতিকৃতি)




ছুরিকা থানি ধীরভাবে চফু হইতে বহির্গত করিতে হয় যাহাতে য়াাকুয়ন হিউমার্ হঠাং বহিঃস্ত না হইতে পারে। য়াাকুয়দ হঠাৎ বহিঃস্ত হইলে কনীনিক। সঙ্কৃতিত হইরা যাইতে পারে। বিশেষ স্থল ব্যতীত, যাহা পশ্চাং বলা যাইবে, আইরিডেক্টমি করিবে না। শেসকু-नगरक पावः हेली ब्नान (तक्षेम्रक शृव ताथिया कनी-নিকার ধার স্পর্শ করিতে পারা যায় এতদূর পর্যান্ত স্কুপকে সন্মথবর্ত্তী কুটিরে প্রবেশ করাইবে। (৩১ প্রতিকৃতি দেখা।)

ঐ যন্ত্রের বৃস্তকে (বাঁটকে) উচ্চ ও উহার মণ্ডলাগ্র অবঃ করিলে এই শেষোক্ত জাংশ ক্নীনিকার মধ্যে উহার ধারের অনতি নিকটে লেকোর ক্যাপ্রলের উপর স্পষ্ঠতঃ অবস্থিতি করে। স্কুপকে এক্ষণ কিঞ্চিং অপন্য়ন করিবে কিন্তু উহার অন্ত লেস্কোর উপর রাথিবে যাহাতে কনী- (৩৯ প্রতিকৃতি)

নিকা প্রয়োজনাত্বরূপ উন্কুত থাকিয়া লেন্সের পরিধির উপর মৃহচাপ দিতে আমাদিগকে সক্ষম করিতে পারে। সচরাচর এরণ ঘটে যে লেক্ষ্ উহার য়াজিস্ বা মেরুর উপর এইরূপে আবর্তিত হইরা স্কুপের কন্ক্যাভিট বা গর্ভের মধ্যে আসিয়া অবস্থিতি করে এবং এই প্রকাবে চফ্ হইতে অপুনীত হইতে পারে। অত্যাত্ত স্থলে যদি লেক্ষ্ সহজে এই যন্তের মধ্যে আসিয়া উপস্থিত না হয় তাহা হইলে আমরা উহার পশ্চাতে স্কুপকে প্রবেশ করাইয়া থাকি যে পর্যান্ত না উহার বক্র ও দন্ত বিশিষ্ট প্রান্ত লেক্ষের বা নাসিকার দিকস্থ ধার আলিঙ্গন করে। (৪০ প্রতিকৃতি দেখ)। এই প্রকারে স্কুপের কন্ক্যাভিটি বা গর্ভিমধ্যে লেক্ষ্ আসিয়া উপস্থিত হয় এবং তখন

( ৪০ প্রতিক্তি)




সম্ভব হইলে ক্যাপস্থল্ ছিন্ন না করিয়া উহাকে চক্ষু হইতে
অপনয়ন করা যাইতে পারে। (৪১ প্রতিক্তি দেখ।) উপব্যক্ত হস্তনৈপ্ণো ক্যাপস্থল্ ছিন্ন হইনা গোলে স্কুপ্ দারা
নেলেন প্রত্থা চাক্ত হইতে বাহিন করা অন্ধা করিবা এবং প্রিশোষ

## অক্ষিতত্ত্ব।

স্যাণ্টিরিয়ন্ বা সন্থ্যক্তী কুটিরে লেন্সের যে সকল ক্ষুদ্রহ অংশ থাকে তাহা অপনয়ন করা উচিত।

এই শস্ত্রিরাতে ডাক্রার মাাক্নামারার উদ্দেশ্য এই যে ক্যাপস্থল্ সহিত লেস্বহিগতি হয়। বিশেষতঃ লেস্সের চত্র্দিকে অধিক পরিমাণে স্বচ্ছ কটি-কাল্ পদার্থ থাকিলে তাহা শস্ত্রিরাকালে দৃষ্টির অগোচর হয়তঃ আইরিসে

(৪১ প্রতিকৃতি)



সংলগ হইয়া ঐ **সংশে প্রদাহ উ**পস্থিত করিতে গারে। অধিকন্ত বার্দ্ধিত বশতঃ ক্যাটারাক্তি রোগ হইলে লেন্সের সহিত ক্যাপস্থল দুড়রূপে সংলগ হইয়া থাকে স্কুতরাং সহজেই লেন্সের সহিত অপুনীত হইতে পারে।

লেন্বহির্গত করার পর ডাক্তার ম্যাক্নামারা উভয় চক্র উপর কম্প্রেদ্ ও ব্যাণ্ডেজ্ স্থাপন করিয়া রোগীকে শ্যাতে লইয়া যান।

শস্ত্রিয়ার ৩৬ ঘণ্টার পর চক্ষে বেদনা থাকিলে ডাক্রার ম্যাক্নামারা অবং অক্ষিপুট উল্টাইরা চক্ষে র্যাট্রপিন্ বিন্দুরূপে প্রয়োগ করেন। এই মাইড্রিয়াটক্সের প্রভাবে কনীনিকা প্রনারিত হইলে কলের সম্বন্ধে কোন সন্দেহ থাকে না; কিন্তু বদি আইরিস্ য়াট্রপিনের প্রভাবে উত্তেজিত না হয় তাহা হইলে আইরাইটেন্ হইতে পারে এর প আশঙ্কা থাকে। বার্দ্ধক্যতা বশতঃ ক্যাটার্যাক্ট্রোগে যাহাতে কনীনিকা ধীরে ধীরে প্রসারিত হয় এবং য়াট্রপিন্ ঘার। সম্পূর্ণ প্রবারিত হয় না তাহাতে ডাক্রার ম্যাক্নামারা পশ্চাং লিখিত গরিম্ভনের স্থিত উক্ত শঙ্কিলা সম্পান করিয়া পাকেন ও চ্ছাতে ইন্সিন্

বা কর্ত্তন করিয়া তিনি আইরিদের বাহ্য দিকস্থ ( নাসিকার অপর দিকস্থ ) এক চতুর্থাংশ কর্ত্তন করিয়া লন এবং পরে স্কুপ্ কে লেস্সের পশ্চাতে প্রবেশ করা-ইয়া ক্যাপ্স্থল্ ছিল্ল না করিয়াই উহাকে চক্ষু হইতে অপনয়ন করেন।

ফুয়াপ্ এক্ট্র্যাক্সনের পর বেরূপ প্রণালীতে চিকিৎসা করিতে হয় ইহারও পরবর্তী চিকিৎসা তদমূরূপ। কিন্তু এই সকল নিয়ম ততদূর স্থানর-রূপ পালনের আবিশ্রক করে না। শস্ত্রক্রিয়ার অনতি পরেই যতই অধিক সতর্কতা লওয়া যায় পরে মন্দ হইবার ততই অল্ল সন্তাবনা।

এই শস্ত্রজিয়ার পর যে সকল ছুর্ঘটনা হইতে পারে তাহাদিগকে ফুরাপ্ এক্ষ্ট্রাক্সনের প্রবন্ধে বলা হইয়াছে স্কৃতরাং তাহা পাঠের জন্ত পাঠককে অন্থ-রোপ করা যাইতেছে। তাহাদের চিকিৎসাও একরূপ অতএব এতদ্সম্বন্ধে যে সকল মন্তব্য প্রকাশ করা গিয়াছে তাহাদের প্রক্তি অপ্রােজনীয়।

লিনিয়ার্ এক্ট্র্যাক্সন্ (Linear Extraction) অর্থাৎ রেখাক্রিভি কর্ত্তন করিয়। তন্মধ্য দিয়া লেজন্ বহিস্করণ।——এই শস্ত্রক্রিয়ার নানারূপ পরিবর্ত্তন ঘটিয়াছে এবং অধুনা এই নামে কদাচিং উহাকে
জানা যায়। বস্তঃ ইহা সচরাচর ট্রাক্ষন্ অপারেসন্ বলিয়া বর্ণিত হয়।

গিব্দন্ দাহেবের মতে শস্ত্র ক্রিয়া ( Gibson's Operation )। গিব্দন্
দাহেব যে শস্ত্র ক্রিয়া বর্ণনা করিয়াছেন দেরপ লিনিয়ার্ শস্ত্র ক্রিয়া অধুনা
কদাচিৎ কেহ অবলম্বন করেন। দলিউদন্ বা দ্রবকরণ জন্য শস্ত্র ক্রিয়ার ন্থায়
ইহাতে কনীনিকা প্রদারিত করিয়া পরে একটি স্থচিকা দারা ক্যাপ্স্লকে
ছিন্ন করিতে হয়; তাহা ইইতে ইহার প্রভেদ এই যে ক্যাপ্স্লকে অধিকতর
বিস্তৃত রূপে ছিন্ন করার আবশ্রক হয়্ম স্থতরাং ইহাতে য়্যাকিউদ্ লেন্দে
প্রবেশ এবং উহার অপরুষ্ঠ স্ত্র গুলিকে আরো কোমল করে। এই স্থাচিকা
দারা শস্ত্র ক্রিয়ার চারি বা পাঁচ দিবস পরে কর্ণিয়ার মধ্য দিয়া একটি ইন্সিমন্
বা কর্ত্তন করিতে হয় নাহাতে কিউরেটি য়্যাণ্টিরিয়র্ চেম্বারে প্রবেশ
করিতে পারে। একণ উহাকে পার্শ্বভাবে ধরিয়া কর্ণিয়ার ক্ষত মুখকে
বিক্ষারিত করিলে কোমল লেন্দ্রপদার্থ য়্যাকুয়নের সহিত বহির্গত হইয়া য়ায়।
ইহাতে এই প্রতীয়্মান হইতেছে যে এই প্রকার শস্ত্র ক্রিয়া কেবল সন্ট

কাটোবাক্তি অর্থাং কোমল ক্যাটারাক্তি ইইলেই উপদোগি ইইরা থাকে। ইহাতেও বিলক্ষণ আপদের সন্তাবনা আছে, কারণ ক্ষীত লেন্দ্রারা চক্ষ্ চাপ প্রাপ্ত ইইলে বিলক্ষণ উত্তেজনার কারণ হয় অথবা কটিক্যাল্পদার্থের কিঞ্চিং আইরিসের পশ্চাতে সংলগ্ ইইরা থাকিলেও উক্ত রূপ ফ্ল ঘটিতে পারে।

লিনিয়র্বা ট্যাক্সন্ অপারেসন্ (Linear or Traction Operation)।—নিয়লিথিত প্রণালীতে বোউম্যান্ ও ক্রিচেট্ সাহেব লিনিয়র্বা ট্যাক্সন্ অপারেসন্ করিতে পরামর্শ দেন\*। রোগীকে উন্তানভাবে শরন করাইবে পরে ষ্টপ্ স্পেকুলম্ চন্দে প্রেশ করাইবে, শস্তুচিকিৎসক একথানি দন্ত বিশিষ্ট ফর্সেপ্ দারা এক হন্তে অক্সিগোলককে স্থিরভাবে রাখিবেন অন্য হন্তে একথানি আইরিডেক্টমি ছুরিকা লইয়া উর্ল্লাগে বে স্থলে কর্ণিয়া ও স্কেরটিক্ একত মিলিত হইয়াছে তথায় একটি ছিদ্র প্রস্তুত করিবেন!

বে ছিডটি করা হইবে তাহা যেন কর্ণিয়ার ব্যাসের ৡএর ন্য়ন না হয় যন্মধ্য দিয়া চক্ষুতে স্কুপ্ প্রবেশ করাইতে পারা যায়। ক্যাটার্যাক্ট্ কোমল হইলে এত রূহৎ ছিদ্র করিবার প্রয়োজন হয় না।

ইন্সিদন্ অর্থাৎ উক্ত কর্ণিয়ার কর্ত্তন করা হইলে পর আইরিডেক্টমি শস্ত্রক্রিয়ার স্থায় একথও আইরিদ্ কর্ত্তন করিয়া লইবে। যদি য়াাণ্টিরিয়র চেম্বার
মধ্যে রক্তস্রাব হয় তাহা হইলে ইন্সিদনের উভয় ওঠের মধ্যে কিউরেটি প্রবেশ
করাইয়া দিবে এবং ক্ষতের স্কেরটিক্ অন্তকে কিঞ্চিৎ চাপিবে, এই সময়েই
ইন্ফিরিয়র রেক্টদ্ পেশীর টেওনকে একথানি ফরদেশ্প দারা ধৃত করিবে
এবং চক্ষুকে অতি সাবধানতার সহিত অধঃদিকে আকর্ষণ করিবে যাহাতে
চক্ষুর উপরি প্রয়োজনাত্ররপ চাপ পড়িয়া য়াণ্টিরিয়র চেম্বর হইতে সমস্ত রক্ত
বহির্গত হইয়া যায়।

অতঃপর লেন্দের ক্যাপ্স্থলকে যদৃচ্ছাক্রমে, সম্ভব হইলে সাম্পেসসারি লিগামেণ্ট পর্যান্ত ছিন্ন করিবে। কিন্তু যদি লিগামেণ্ট পরিহার করিতে পারা যায় তবে উহাকে ছিন্ন করা উচিত নয়। লেন্দের অক্ষচ্চ অংশের চতুর্দিকে

<sup>\*</sup> Ophthalmic Hospital Reports vol. iv. p. 315.

অধিক পরিমাণ স্বচ্ছ কটিক্যাল্পদার্থ থাকিলে বোউম্যান্ সাহেব লেন্দ্র পদার্থ মধ্যে একটি প্রিকারের (pricker) অগ্রভাগ প্রবেশ করান এবং লেন্দের কলে-বরকে উহার সন্থ পশ্চাং র্যাক্সিদ্বা মেকর উপর কিঞ্জিৎ আবর্ত্তন করান যাহাতে উহা ক্যাপ্স্তল্ হইতে বিমৃক্ত হয়। যদি এরপে বিমৃক্ত না হয় তবে ক্যাপ্স্তলের সহিত ক্যাটার্যাক্ট্ সংলগ্গ হইরা থাকিবার বিশেষ সন্তাবনা।

অনস্তর স্প্রা ট্রাক্সন্ যন্ত্র দারা লেন্সকে অপনয়ন করিতে হয়, এই শস্কে কর্নিয়া ক্ষত দারা প্রেশ করাইয়া ও সতর্কতার সহিত অগ্রসর করাইয়া লেন্সের নিউক্রিয়ন্ ও ক্যাপ্সলের মধ্যে প্রেশ করাইবে। স্প দারা লেন্স্ গৃত হইলে শস্কে চক্ষু হইতে বহিস্কৃত করিবে এবং তৎসহ লেন্স্ ও বহির্গত হইয়া আসিবে। লেন্স্ পদার্থের কিছু য়্যাণ্টিরিয়র্ চেম্বারে সংলগ্ন হইয়া থাকিলে তাহাকে সাব্ধানতার সহিত স্ক্রা ট্রাক্সন্ যন্ত্র দারা বহির্গত করিয়া চক্ষ্কে মুক্তিও ও তত্পরি প্যাড্ও ব্যাণ্ডেজ্ স্থাপন করিবে।


ভন্থ্যাফি সাহেবের মডিফাইড্ লিনিয়র্ এক্ট্র্যাক্সন্
(Von gracfe's modified linear Extraction) ।—— রোগীকে
কোরোফরম্ দিয়া অচেতন করতঃ পল্লব দয়কে, অবস্থারুয়ায়ী পরিবর্তুন কর।
যায় এরপ স্পেক্লম্ দারা পৃথক করিবে। অনন্তর কর্ণিয়ার অনতিদূরে
অধঃদিকে ফর্দেপ্র সংলগ্ন করতঃ অকিগোলককে অধঃদিকে আকর্ষণ করিয়া
প্রক্রিয়া আরম্ভ করিবে।

স সোপান। ইন্সিসন্ (Incision) বা কর্তুন করণ। একটি স্থা দীর্ঘাকৃতি বিশিপ্ত ছুরিকা লইয়া তাহার যে দিক দিয়া কর্তুন করা যায় সেই দিক উর্দ্ধে রাথিয়া অগ্রভাগ কর্ণিয়ার উর্দ্ধ ও বাহ্য বা নাসিকার অপর দিকে স্লেরটিকে (৪২ প্রতিকৃতি দেখ।) ৫ চিহ্নিত স্থানে, য্যাণ্টিরিয়র চেম্বারের যত দ্ব সন্তব পেরিফেরিক্যালি বা এক পার্ম্ম করিয়া প্রবেশ করা-ইবে। কর্ণিয়ার অভ্যন্তর বা নাসিকার দিকস্থ ভাগের কর্তুন বৃহৎ কর্ণার্থ উহার অগ্রভাগ ৫ চিহ্নিত স্থানে অধঃ ও নাসিকার দিকে লক্ষ্য করিয়া রাথা কর্তুব্য। য্যাণ্টিরিয়র চেম্বারের ৩ই লাইন স্থান পর্যান্ত ছুরিকা প্রবিষ্টি ভইলে

<sup>\*</sup> Ophthalmic Review, vol. iii. p. 25,

উহার অগ্রভাগকে উর্দ্ধ ও b চিত্নের দিকে লইবে এবং এই স্থানে কাউণ্টার্ পংচর্বা প্রতিবিদ্ধ করিবে। সতর্ক হওয়া উচিত যেন এই বিন্দু স্কেরটিকের

(৪২ প্রতিক্বতি।)



অধিক পশ্চাতে না পতিত হয়। কেবল যথন য়্যাণ্টিরিয়র চেম্বারের ৩ই লাইন দৃশুমান স্থান পর্যান্ত ছুরিকা

নম্পূর্ণ প্রবিষ্ট হইবে তথন উহার বাঁটকে অধঃস্থ করিবে

এবং স্কেরাল্ ধার ক্রমে ৫ চিহ্নিত স্থান পর্যান্ত লইয়া

যাইবে। নেমন কাউণ্টার্পাংচর্(Counter puncture)
বা বিপরীত দিকে ছিদ্র হইয়া উহার অগ্রভাগের বাধা

মুক্ত করিবে, উর্দ্ধোত্তলিত কন্জংটাইভা ইহাতে ট্রান্স ফ্রিক্সড্ বা বিদ্ধ হউক আর নাই হউক, ছুরিকাকে দণ্ডায়মানভাবে সন্মুখদিকে আনিবেও ইহার পশ্চাদ্ধার কাল্পনিক কর্ণিয়া-গোলকের কেন্দ্রভিমুখে লক্ষ্য করিয়া থাকে, এরূপভাবে ছুরিকা রাথিয়া ইন্সিমনকে এইক্ষেত্রে বৃদ্ধি করিবে। এতদর্থে প্রথমে ছুরিকাকে সাহসের সহিত অগ্রসর করিবে পরে যখন উহার দীর্ঘতার শেষ হইবে তখন তাহাকে পুনঃ যে দিক হইতে চালান হইয়াছিল সেই দিকে আকর্ষণ করিবে। ইহাতেই প্রায় সমস্ত ক্লের্টাকের ধারের কর্ত্তন কার্য্য সমাধা হয়, কিন্তু তাহা না হইলে পুনরায় উক্তরূপে করাতের স্থায় ছুরিকাকে সন্মুখ দিকে চালিত ও পুনরায় তাহাকে আকর্ষণ করিবে। কিন্তু পূর্বাপেক্ষা অনেক ন্যুন এরূপ প্রক্রিরা করিবার আবশ্রুক হয়। ক্লের্টিকের সর্ব্বেশেষাংশ কর্ত্তি হইলে ছুরিকা উর্দ্ধোত্তলিত কন্জংটাইভার নিয়ে অবস্থিতি করে। যাহাতে কন্জংটাইবার বৃহৎ ফ্রাপ্ না হইতে পারে ত্রিন্মিন্ত উহাকে সমতলভাবে সঞ্গদিকে বা সন্মুণ ও অধঃদিকে করাতের ন্যায় গতি দ্বারা কর্ত্তন করিবে।


হয় দোপান। (আইরিডেক্টমি Iridectomy বা আইরিদ্ কর্ত্ন)। গৃত অবস্থাতেই উক্ত ফর্দেপ দকে একজন সহকারীর হস্তে সমর্পণ করিয়া, সরল আইরিডেক্টমি ফর্দেপ্ দারা বহিঃস্থত আইরিদের কন্জংটাইভাল্ ফু গুপ্ কেউরোলন করিয়া কণিয়ার দিকে বক্ত করিয়া ধরিবে; তৎকালে আইরিদের বহিঃনিঃস্থত অংশ আচ্ছাদন শৃত্য প্রতীয়্মান হয়। এরূপ হইলে উক্ত ফর্দেপ্ দারা বহিঃনিঃস্থত আইরিদের কেন্দ্র এবং সর্কোচ্চ স্থান গৃত হয়। তথন উ্চাকে ত্রিভুজাকৃতি করিবার জন্য সাব্ধানে আকর্ষণ করিবে এবং সেই

ত্রিভ্জের ভূমিকে ক্ষতের এক অন্ত হইতে অন্ত অন্ত পর্যান্ত কর্তুন করিবে।
এতদর্থে তুই বা তিনবার কাঁচির আঘাত দেওয়া আবশ্যক হয়। ক্ষতের ধারে
বা কোণে আইরিদের স্ত্রাকারাংশ সংলগ্ন হইয়া না থাকে তদ্বিয়য় সত্র্ক
হওয়া উচিত। আইরিদ্ কর্তুনের পর ক্ষিন্তার্ পিউপিলির প্রতি মনযোগ
দেওয়া কর্ত্রা। যদি উহার কোণ গুলি উর্দ্ধিকে কুঞ্চিত হইয়া থাকে অথবা
সেক্সন্ বা বিভাজন মধ্যে আবদ্ধ হয় তাহা হইলে কিউরেটি দারা তাহাকে
পশ্চান্দিকে চাপ দেওয়া উচিত যাহাতে লেন্সের ক্যাপ স্থলের উপর ক্ষিন্তার্
ফুটাট্ বা স্রস্তভাবে থাকিতে পারে। যদি এই সময়ে য়াণিটরিয়র চেম্বারে
রক্তস্রাব হয় তবে কোমল প্রস্ত দারা কর্ণিয়ার উপর চাপ দিলে উহা বহিষ্কৃত
হইয়া যায় অথবা কোনং স্থলে কর্ণিয়ার ফুট্ল করিবার আবশ্যক হয়।

তয় সোপান। ল্যাসারেসন্ অব্ দি ক্যাপ ফুল্ (Laceration of the Capsule) অর্থাৎ ক্যাপ্স্ল্ ছিল্ল করণ। চিকিৎসক পুনরায় ধারক ফর্সেপ্স্ স্থতে লইয়া উপযুক্তরূপ বক্র ও যাহার সহিত ফুন্ (Fleam) বা কণ্টক্ থাকে এরূপ নিষ্টোটোম্ দারা ছইটি বা তিনটি ছিদ্র করিয়া ক্যাপ্স্ল্কে স্বেচ্ছাক্রমে বিভাজিত করিবেন। এই প্রক্রিয়া প্রথমতঃ কনীনিকার অধঃদিক হইতে আরম্ভ করিয়া ক্রমায়য়ে নানিকাও শঙ্যাদেশের লেন্সের উর্দ্ধ ইকোএটর্ পর্যান্ত যাইবে।

র্গ সোপান। ইভাকিউএসন্ অব্ দি লেন্স্ (Evacuation of the lens) বা লেন্স্ বহির্গত করণ। লেন্সের চতুর্দ্দিকস্থ কোমল পদার্থের পরিমাণ অনুসারে নানা প্রকারে লেন্স্ বহির্গত করা যাইতে পারে। যে স্থলে অধিক পরিমিত কোমল পদার্থ থাকে তথায় কোন যন্ত্রের সাহায়্য ব্যতীত কেবল চাপন দারা লেন্স্ বহির্গত হইয়া য়য়। সামান্যরূপ বক্র ও প্রসন্ত স্পু নের পৃষ্ঠ দেশ দারা স্ক্রোর উপর এমত ভাবে চাপ দিবে মাহাতে ক্রতটি নিরাশ্রয় বা হাঁ হইয়া য়য়। এই প্রকারে কটিক্যাল্ ভাগ বহির্গত হইয়া য়য় এবং নিউক্রিয়নের সর্ক্রোচ্চভাগ দেখা দেয়। এই শেয়েক্ত অংশ সম্পূর্ণরূপ বহির্গত করণার্থ স্পু নের পশ্চাদ্দেশ স্ক্রো ক্রমে নিয়লিখিত রূপ চালিত করান হয়, প্রেগ্র পার্থনের সাক্রিবানের সাক্রিবানের সাক্রিবানের সাক্রিবানের সাক্রিবানির সাক্রিবানের সাক্রিবানির সাক্রেরা ক্রিবানির সাক্রিবানির সিক্রের সাক্রিবানির সাক

দেই স্থানে উহাকে ক্ষত হইতে উঠাইয়া লইয়া ক্রমবর্দ্ধিত চাপর্দ্ধির সহিত উদ্ধিকে লইবে। এই সকল গতি দিবারকালীন যদি নিউক্লিয়সের ডায়েমেটর বা বাস দেবা যায় তাহা হইলে চাপন ক্রমেই অল্প করিয়া নিউক্লিয়সের বে অংশ বহির্পত ইইয়া থাকে তাহাতে স্পুনের অন্ত সংলগ্ন করিয়া উহাকে বহিন্ধৃত করিবে। অপর কোমল কটেল্লের ভাগ কেবল মাত্র একটি স্তর হইলে (Sliding manaeuvre) শ্লাইডিং ম্যানিয়াভি বা বহিন্ধরণী—হস্তনৈপুণা নামক ক্রিয়া চেষ্টা করা যাইতে পারে, কিন্তু যদি পার্মগতিতে কিছুই বহির্পত না হয় তবে তাহাকে তৎক্ষণাৎ পরিত্যাগ করিবে। এরপ স্থলে হুক ব্যবহার করিবে এবং দৃঢ় ক্যাটার্যাক্ত ইইলে প্রথম হইতেই তাহা ব্যবহার্যা। ভন্তাফি সাহেব যে হুক ব্যবহার করেন তাহা ৪০ প্রতিক্তিতে দেখান হইয়াছে; তাহার ষ্টেম্ বা রম্ভ এমতভাবে বক্র যে তাহাকে সহজে নিউক্লিয়সের পশ্চাতে প্রবেশ করান যায়। ক্যাপ্সলের মধ্যে যে ছিদ্র করা যায় সেই ছিদ্রের উপর প্রথমতঃ উহাকে ফুণাট্ বা চ্যাপ্টাভাবে রাখা হয় ও তদবস্থায় উহাকে নিউক্লি-(৪০ ও ৪৪ প্রতিক্তি।) য়সের নিকটবর্ত্ত্রী ধারে লইয়া যাওয়া হয় তৎপরে



উপযুক্তরূপে বাঁটকে উত্তোলন করিয়া পশ্চাদস্থ ভারটেক্স্ অভিমুখে লইয়া যাওয়া হয় ও সেই স্থান ক্রেম উহার ফুরাট্ বা পার্শ্বের উপর দিয়া উহাকে সন্মুখদিকে অগ্রসর করান হয় য়ে পর্যান্ত না নিউক্রিয়নের পষ্টিরিয়র্ পোল্বা পশ্চাদস্থ মেরু অতিক্রম করে। একণ উহাকে উহার আপন মেরুদণ্ডের উপর অঙ্গুলী গুলির মধ্যে এমতভাবে ঘুর্ণায়মান করিবে যাহাতে হুকের বক্র অন্তের প্রেন্ বা সমতল, হোরাইজোণ্টেল্ হইতে ভার্টিক্যাল্ অবস্থায় আইসে কিম্বা কোন প্রকার বাধা থাকিলে তীর্যাকভাবে থাকে। এবং নিউক্রিয়্ম বা লেক্ ইহার মে কোনটি হউক মৃত্ আকর্ষণ দারা কর্তিত স্থানের

নিকট উপস্থিত হয়। ইহার সনেক পরে ভন্গ্রাফি সাহেব কণিয়ার অধঃভাগে ভালকানাইট্ (রবর নির্দ্ধিত) কিউরেটি দারা চাপ প্রদান করিয়া লেন্স্ বৃহির্ণত করিতে পরামর্শ দেন। একটি ফর্দেশ্ দারা কণিয়ার অবংদিকে বাহ্ বা অন্তর দিকত্ব কনুজংটাইভার একটি ভাঁজ ধৃত করিয়া সাধারণ ফুর্লাপ্ এক্ষ্ট্রাক্সনের স্থার কিউরেটি কণিয়ার অবংধারের উপর রাখিয়া পশ্চাৎ ও উর্দ্ধির তাপ প্রদান করিতে হয় ও পুরাতন শস্ত্রক্রিয়াতে যেরূপ সতর্ক থাকিতে হয় ইহাতেও তদ্ধেপ সতর্ক থাকা আবহাক।

ধ্য সোপান। ক্লিয়ারিং অব্দি পিউপিল্ এবং কোয়াপ্ টেসন্ অব্ দি উত্
বা কনীনিকা পরিদার ও কতম্থদ্যকে একতে মিলন করণ ((Clearing of
the pupil and Coaptation of the wound)। ভন্গ্রেফি বলেন অধিকাংশ
স্লে এমত ঘটে যে নিউক্লিয়স্ বহির্গত করণের পর কটিক্যাল্ পদার্থ রহিয়া
যায়, এরূপ হইলে ফ্লাপ্ এক্ট্রাাক্সনে যে যে প্রসিদ্ধ নিম্ন আছে তদন্ত্যায়ী
অঙ্গুলীর অগ্রভাগ দারা অক্লিপল্লবের উপর মৃত্ভাবে চাপ ও ঘর্ষণ দারা
তাহাকে বহির্গত করিয়া ফেলিবে। কচিৎ কথন ভিন্ন কটিক্যাল্ থও
ওলি যাহা ক্যাপ্ স্লের সহিত সংলগ্ন থাকিতে পারে তাহা বহিদ্রণার্থ স্পুন্
প্রবেশ করান হয়। ক্যাপ্ স্লের পাতলা স্তর সংলগ্ন হইয়া থাকিলে যদি তাহা
বহির্গত করিতে বিশেষ কঠ হয় তবে তাহাকে তদবস্থায় রাখাই প্রেয়। কিন্তু
স্থল এই বলা দায় যে যতদ্র সাধ্য কর্টেক্স বহিদ্ধত করাই উত্তম।

অবশেষে, ক্ষতকে আইরিস্, পিগ্মেণ্ট বা বর্ণদায়ক পদার্থ, সংযত রক্ত হইতে মুক্ত করতঃ, কন্জংটাইভার ফুাাপ ্কে স্বস্থানে পুনঃস্থাপন করিবে।

পরবর্তী চিকিংসা ও উপসর্গ ফুগাপ্ এক ট্রাাক্সনের ভাষ, স্কুতরাং সেই সকল মন্তব্য দ্রুত্র।

লিবরেক্ সাহেব কল্লিভ ক্যাটার্যাক্ট অপারেসন্ (Liebreich's Operation for Cataract)। মিষ্টার্ লিবরিক্ তাঁহার স্বীয় অপারেসন্ নিম্ন লিখিভরূপে বর্ণনা করেন।

ভন্থাফি সাহেবের ক্ষুত্রতম ছুরিকা দারা নিম্লিখিতরূপ কর্ণিয়া কর্ত্তন করিবে।

কর্ণির। হইতে এক মিলিমেটর অন্তরে স্কের্টিক মধ্যে পাংচর্ও কন্ট্রাপং-চর অর্থাং বিদ্ধ ও বিপরাত বিদ্ধ করিবে। অবশিষ্ঠ কর্তুন ঈষ্থ ব্জভাবে কর্ণিরার মধ্যে পড়িবে, যাহাতে উহার (কর্ত্তনের) সেন্টার্বা মধ্যত্থল কর্ণিরার প্রান্ত হইতে সার্দ্ধিক মিলিমিটার দূরে থাকে। এই কর্ত্তন উদ্ধি দিকে
বা অবঃদিকে আইরিডেক্টমির সহিত বা তাহা ব্যতীতও করা যাইতে পারে
এবং লেন্সকে ইহার মধ্য দিয়া ক্যাপ্স্থল্ সহকারে বা তাহা ব্যতীত বহির্গত
করা যাইতে পারে।

"আমি একণ যেরপে প্রণালীতে করি তদনুষারি যদি আইরিডেক্টমি বাতীত অধঃদিকে এক্ট্রাকসন্ করা যার তাহা হইলে সমস্ত কার্য্য অতি সহজ হইয়া পড়ে এবং তাহা হইলে মাদক ঔষধ, সহকারী, এলিভেটর্ বা ধারণযন্ত্র আবশুক করে না, এবং ছুইটিমাত্র যন্ত্র পাকিলেই চলে—যথা গ্রেফির
ছুরিকা এবং ডেভিয়েল্স স্পুন্ ( Daviel's Spoon ) সহকারে একটি সিস্টোটোম্।" \*

টেলর সাহেবের মতে ক্যাটার্যাক্ট অপারেসন্ (Taylor's Operation for Cataract)। কনীনিকাকে আহত না করিয়া আইরিসের পেরি-ফেরি বা প্রান্তের কর্ত্ন মধ্য দিয়া লেন্স্বহির্গত করাই এই শস্ত্রিলার বিশেষ উদ্দেশ্য।

মিষ্টার সিঁ, বেল, টেলর নিম্ন লিখিতরপে তাহার শস্ত্র ক্রিয়া বর্ণনা করেন। আমি নিম্নলিখিত যন্ত্রগুলি ব্যবহার করি—স্কেরটিককে বিদ্ধ করিতে পারে এরূপ এক জোড় তীক্ষ করদেপে, একটি লঘু প্পেকুলম্ (ইহা গ্র্যাফির প্রকারান্তর), একমান রেখা আয়ত ছইখানি ছুরিকা যাহারা সাধারণ প্রচলিত আইরিডেকটমি ছুরিকার হায় বক্র, তন্মধ্যে একখানি তীক্ষাগ্র ও অপর্থানি স্থ্লাগ্র বা মণ্ডলাগ্র বিশিষ্ট।

একটি স্পেক্লম্ দারা অক্ষিপল্লব দয়কে পৃথক্ করিয়া শস্ত্রচিকিৎসক দক্ষিণ হস্তে একথানি সাধারণ প্রচলিত ফর্সেন্স দারা অক্ষিণোলককে ধীরভাবে অধঃদিকে নত করিবেন। গোলকে যথোপযুক্ত স্থানে স্থাপিত করিয়া, কর্ণিয়ার উর্দ্ধ এক তৃতীয়াংশ ও মধ্য এক তৃতীয়াংশের সংযোগস্থলে একটি তীক্ষাগ্র ফরসেন্স্ সংলগ্ন করিয়া উহাকে অচলভাবে রাথিবে। কর্ণিয়ার শিরোভাগে ফরসেন্স্ হইতে এক বা ছই মান রেথা দূরে কর্ণিয়া—স্কেরটিক্

<sup>\*</sup> British Medical Journal, Dec. 2, 1871.

বা কর্ণিয়া ও স্কেরটিকের সংযোগ স্থলে তীক্ষাগ্র বিশিষ্ট ছুরিকা প্রবেশ করা-ইবে, এবং পরে করাতের স্থায় মৃত্ন গতি দারা (Sawing motion) শিরো-ভাগ পর্যান্ত লইয়া যাইবে যে পর্যান্ত না কর্ণিয়ার এক তৃতীয়াংশ কর্ত্তিত হয়। অকিগোলককে সাধারণ প্রচলিত এক জোড় ফরসেপ্স দারা অচল করিয়া এবং ক্যাপুস্থলকে পূর্বের আয়ামিত (টান) করিয়া ভন্গ্যাফির সিষ্টোটোম দারা উহাকে সাবধানতার সহিত বিভাজিত করিবে। সোপানে ক্যাপ্সুল্কে মুক্ত করা উত্তম, কারণ শেষে আহত আইরিদ হইতে এবং কনজংটাইভা হইতেও রক্ত আবিত হইয়া চেম্বারকে পূর্ণ করিতে পারে এবং দেই অবস্থায় শস্ত্রক্রিয়া চক্ষের অগোচর ও কষ্টদায়ক করিয়া তুলিতে পারে। তংপরে আইরিদের উর্দ্ধণ্ড ধৃত করিয়া কেবল পেরি-ফেরি বা অন্তভাগের একটি ক্ষুদ্রাংশ ছেদন করা হয়। কনীনিকা সম্বন্ধীয় ধার (Pupillary margin) এবং উহাতে সংলগ্ন আইরিসাংশ স্পর্শ করা হয় না এবং সম্মুথ কুটিরে অসংলগ্নভাবে রাখিয়া দেওয়া হয়। সাধারণ প্রচলিত উপায়ে শৃত্য স্থানের মধ্য দিয়া কনীনিকার পশ্চাতে চালিত করিয়া লেন্দ্ এরপভাবে বহির্গত করা হয় যে তদারা কিংটর আয়ামিত (টান প্রাপ্ত) হয় না।

এই প্রকারে সানুসঙ্গিক আইরিডেক্ টমির বিষয় যাহা এক্ষণ বলা গেল তাহার নিশ্চিত ফল ও নিরাপদ রক্ষা দারা সমুদয় উদ্দেশ্য রক্ষাকরা যায় এবং প্রধান বিষয়, কেন্দ্রস্থ ও সচল কনীনিকাও ইহাতে রক্ষিত হয়।

শস্ত্রকিয়া মনোনীত করণ (Selection of an Operation)।—
ক্যাটার্যান্ট্রহিন্ধরণার্থ যে যে শস্ত্রপ্রণালী ব্যবহৃত হয় তাহাদের মধ্যে
অবস্থাভেদে কোনটি মনোনীত করা কর্ত্ব্য এক্ষণে তৎবিষয় কিঞ্চিৎ আলোচনা করা যাইবে।

সলিউসন্ (Solution) বা ক্যাটার্যাক্ট্ দ্রব করণ প্রণালী অতি উৎকৃষ্ট কিন্তু ইহার দোষ এই যে ইহা দারা রোগীর আরোগ্য হইতে দীর্ঘকাল আব-শুক করে। ক্যাটার্যাক্ট কোমল হইলে ও তাহা ৩৫ বৎসরের ন্যুন বয়ক্ষ ব্যক্তিতে বা নিউক্লিয়দ্ জন্মিবার পূর্বের হইলে সলিউসন্ প্রক্রিয়াই অবশ্র বিশেষ উপদোগি হইর। থাকে। এরপত্লে যদি একটা চক্ষু ক্যাটারাক্টু দারা প্রায় বিনম্ভ হয় ও অপরিটিও কিঞ্চিৎ ঘোর দেখায় তাহা হইলে অধিকাংশ শস্ত্র চিকিৎসকই সলিউসন্ দারা বিশেষ উপকার পাইবার সন্তাবনা বিবেচনায় উক্ত অপারেসন্ করিতেই মনোনীত করেন। যে চক্ষু সর্বাপেকা মন্দ হয় তাহাতেই প্রথম শস্ত্রপতি করা হয়।

মাহারা হাঁদপাতালে আদিয়া চিকিৎসা করায় ভাহাদের অপেক্ষা যাহারা ঘরে থাকিয়া চিকিৎসা করায় তাহাদিগের পকেই এই নিয়ম প্রয়োজা; কারণ প্রথমোক্ত ব্যক্তিদের আরোগ্যার্থে বে সময়ের আবশ্যক করে তৎকাল পর্য্যন্ত তাহারা প্রতীক্ষা করিতে পারেনা, বিশেষতঃ যথন তাহারা কোন দূরদেশ হইতে আইনে তথন বাহিরে থাকিয়া হাঁসপাতালে গতায়াত করিতে অসমর্থ হয়। যাহাহ উক মুরফিও হাঁদপাতালের রিপর্টে দেখা যায় যে ১৮৬৬ খৃঃ অন্দে ৩৪১ জন ব্যক্তির ক্যাটার্যাক্ট জন্ত শস্ত্রক্রিয়া করা হইয়াছিল ত্মধ্যে অন্যুন ১১জন সলিউসন্ উপায় দারা চিকিৎসিত হয়। মুরফিও হাঁসপাতালস্থ যোগ্য শস্ত্র চিকিৎসকণণ এই শস্ত্র প্রণালী সম্বন্ধে যে রূপ প্রশংসা করিয়া থাকেন তাহা বিচারার্থ ইহা উপযুক্ত দৃষ্টান্ত। ডাক্তার ম্যাক্নামারা সম্প্রতি কতিপর বার্দ্রকাতা বশতঃ কঠিন ক্যাটার্যাক্ট্ গ্রস্ত রোগীর চিকিৎসা করিয়াছেন, ইহাদের এক চক্ষুতে রোগ অনেক বৃদ্ধির অবস্থায় ছিল অন্ত চক্ষু কথঞিং স্বাছাবস্থায় ছিল। এই সকল স্থলে উত্তম ফলের সহিত সলিউসন্ বা দ্রব করণ জন্ত শস্ত্রক্রিয়া ব্যবহার করা যাইতে পারে এবং এইরূপে অন্ত চক্ষু বিশেষ গোর হইবার পূর্বেই ক্যাটার্যাক্ট ক্রমেং শোষিত হয়। পূর্বে তাঁহার যে-রূপ মত ছিল তাহার বিপরীতে তিনি বলেন যে নিউক্লিয়্দ্ যত দৃঢ় হউক না কেন সময়ক্রমে তাহা শোষিত হইয়া যায়।

প্রাচীন ফুরাপ প্রণালী বা ষেরূপ মডিফাইড্রূপ অপারেসন্ বর্ণনা করা হইরাছে ক্যাটার্যাক্ট্ নিকাষণ জন্ম তাহাই উত্তম। এ বিষয়ের মীমাংসা করিতে হইলে রোগীর অবস্থা বিবেচনা করিতে হইবে। আধুনিক অফ্থ্যাল-্
মিক্ সার্জ্জনদিগের মধ্যে এইমত দেখা যায় যে সেনাইল্বা বার্দ্ধক্যতা বশতঃ
ক্যাটার্যাই গ্রস্ত রোগীদিগের লেন্দ্, ভন্গ্যাফি সাহেবের মতে অপনয়ন

করিলে বে রূপ উত্তম আরোগ। হইবার সম্ভাবনা অন্ত কিছুতে তজ্ঞাপ নহে; \*
ডাক্তার ম্যাক্নামারা বলেন যে রোগীর কনীনিকা শীঘ্র সম্পূর্ণরূপ য়াট্রপিনের প্রভাবে প্রদারিত না হইলে তাঁহারও এইমত। কিন্ত য়্যাট্রপিন্
দ্বারা কনীনিকা কার্য্য করিলে ক্যাপ্স্রল্ সহ লেন্স্নিদ্বাধণ করাই তাহার
মত। কনীনিকা প্রদারিত হইলে তিনি কিছুতেই আইরিসের কোন অংশ
কর্ত্র করিতে সন্মত নহেন এবং এই প্রকারে চক্ষ্ হইতে লেন্সের পথ রোধ
করিতে পারে না।

মিশ্র বা কর্টিক্যাল্ ক্যাটার্যাক্টে অধিকাংশ শস্ত্রচিকিৎসকই মডিফাইড্
লিনিয়র্ একষ্ট্র্যাক্সন্ অপেক্ষা ভন্গ্রাফির উপার অবলম্বন করিয়া থাকেন।
তথাপি ২৬০ পৃষ্ঠার যে প্রণালীতে শস্ত্র করার কথা যে রূপ নির্দ্ধারিত ইইরাছে
তদ্মারার এসকল স্থলে ডাক্তার ম্যাক্নামারা এতদূর ক্রুকার্য্য ইইরাছেন যে
তিনি এই উপায়কে স্কুল্ররূপ চর্চ্চা করিরা দেখিতে বলেন। ইউরোপ দেশে
শস্ত্রক্রিরাকালীন স্থশিক্ষিত সহকারী ও শস্ত্রক্রিয়া সমাধার পর স্থ্যোগ্য ধাত্রী
পাওরা যার এজন্ত তথার কর্টিক্যাল্ ক্যাটার্যাক্ট্র্ অপারেসন্ করিতে ভন্গ্রাক্রির
অপারেসন্ অবলম্বন করা ষাইতে পারে। কিন্তু ভারতবর্ষে এরূপ স্থবিধা পাওরা
স্থক্তিন ও ক্রুকার্য্য হওরা না হওরা আমাদের উপর নির্ভর করে। ম্যাক্নামারা সাহেব বলেন যে অপেক্ষাক্ত অল্প ব্যক্ষের (৪০ ইইতে ৫০ বর্ষ বয়স)
চিকিৎসার্থ আম্রা সত্ত আত্ত ইইরা থাকি এবং এই সকল স্থলে মডিফাইড্
লিনিয়র্ একষ্ট্র্যাক্সন্ উপায়ে সন্তোষ-দায়ক ফল পাওয়া গিয়াছে এবং আইরিস্কর্তন করার আবশ্রুক ইইরাছে।

কলিকাতার মিষ্টার এইচ্ কেলি এই বিষয়ে লিখিয়াছেন। তিনি বলেন
সফট্ বা কোমল ক্যাটার্যাক্ল ব্যতীত এক বৎসরে তিনি ১০৫টি হার্ড বা কঠিন
ও মিক্সড্ বা মিশ্র ক্যাটার্যাক্ল রোগে শস্ত্র করেন। ইহাদের মধ্যে ৩৮টী স্থলে
ভন্গাফির প্রণালী ক্রমে শস্ত্র করা হয়, তমধ্যে "২৯টিতে শুভফল হইয়াছিল
এবং হাঁদপাতাল তাগিকালে তাহাদের উত্তন দৃষ্টিও হইয়াছিল। ইহাতে প্রায়্ম
শতকরা ৭৭ জন আরোগ্য হইয়াছিল।" ন্যাক্নামারার মতে শস্ত্রকার্য্য

<sup>\*</sup> On Fxtraction of Cataract, by H. Wilson, St. Mark's Hospital, Dublin: Dublin Quarterly Journal of Medical Science, May, 1870.

করিয়া নিয়লিথিত ফল পাওয়া গিয়াছিল। সমুদয়ে ৯৭ স্থলে শস্ত্র করা হইয়াছিল, তয়ধ্যে ৮৫জন আরোগ্য লাভ করিয়াছিল। ইহাতে প্রায়্ম শতকরা ৮৭টা আরোগ্য হইয়াছিল। তিনটি স্থলে আইরাইটিস্ হইয়াছিল; ইহা হইতে রোগীরা মধ্যবিং দৃষ্টির সহিত আরোগ্যলাভ করিয়াছিল। ৯৭টির মধ্যে ৫৩টি স্থলে লেফা সম্পূর্ণ ক্যাপ্স্থলের সহিত বহির্গত করা হইয়াছিল, ইহাদের মধ্যে একটির মাত্র মন্দ অবস্থা ঘটিয়াছিল। এই রোগীর পুরাতন শ্বাসনালী প্রদাহ ছিল এবং বলপূর্ব্বক কাশিবার সময় ভিট্রিয়ন্ চেম্বারে রক্তশ্রাব হইয়াছিল।

অপর জনিউলার ক্যাটারাান্ট্ স্থলে লেন্সের মধ্যস্থল বা কেন্দ্র অস্বচ্ছ হইলে এবং উহার বাহ্যধারে ষ্ট্রী বা রেখাকৃতি দাগ বা অস্বচ্ছতা বা বিন্দু না থাকিলে আইরিডেক্টমি বিশেষ প্রয়োজনীয় হইয়া থাকে। এরূপ স্থলে আমরা এরূপ স্বীকার করিয়া লইতে পারি যে লেন্সের অস্বচ্ছতার বৃদ্ধি হইবে না, কিম্বা যদি হয় তাহা ক্রমেং হইবে। তাহা হইলে রেটিনাতে লেন্সের স্বচ্ছতাগ দ্বারা আলোক প্রবেশ করিতে পারে তজ্জন্ত আইরিডেক্টমি করিয়া একটি পথ প্রস্তুত করা পরামর্শ সিদ্ধ। সন্তব হইলে লেন্সকে স্বস্থানে রাথাই অপেক্ষাকৃত অনেক উত্তম। কিন্তু যদি ষ্ট্রী ও দাগ এবং দর্শনশক্তির হ্রাস দ্বারা এরূপ জানা যায় যে লেন্সে উত্রোত্র পরিবর্ত্তন হইতেছে, তাহা হইলে লিনিয়র এক্ষ্ট্রাক্সন্ ছুরিকা দ্বারা কর্ণিয়া ভেদ করিয়া স্কুপের সাহায্যে লেন্সকে বহিন্ধৃত করিয়া দেওয়া পরামর্শ সিদ্ধ।

যে সকল স্থলে কোমল ক্যাটার্যাক্ট্ আংশিকরূপ শোষিত হইয়া গেলে কুঞ্চিত ক্যাপ্সলের পশ্চাতে কলঙ্ক থাকে, ম্যাক্নামারা সাহেব বলেন যে তথায় তিনি সচরাচর কর্ণিয়াকে ভেদ করতঃ চক্ষু মধ্যে আইরিডেক্টমি ফর্সেপ্প্রবেশ করান এবং অস্বচ্ছ ঝিল্লিকে ধৃত করিয়া একেবারে বহির্গত করিয়া দেন। য়্যাট্রোপাইন্ দারা কনীনিকাকে সম্পূর্ণ প্রসারিত রাথা অবশু কর্ত্তব্য এবং

<sup>\*</sup> Notes on operation for Cataract by Surgeon Major II. Cayley: Indian annals, July 1875.

ক্যাটারাক্তি অপারেসন্কালে ক্যাপাস্থল সহ লেশ বহির্গত করিয়া মিষ্টার কেলি যেক্রপ ফল পাইয়াছিলেন ডাক্তার ম্যাক্নামারার সহিত ভাহা এক্য হয়।

যেমন সচরাচর এই সকল অপারেসনের পর কম্প্রেস্ ও ব্যাওেজ্ দেওয়া হয় তজ্ঞপ দেওয়া উচিত।

ইহা পূর্ন্ধেই বলা হইয়াছে যে আমরা কথন কথন এমত ক্যাটারাান্ট্র দেখিতে পাই যাহার সহিত সাইনিকিয়া বর্ত্তমান থাকে। এই সকল স্থলে শস্ত্র করিবার পূর্ন্ধেই ইহা সতর্কতার সহিত জানা কর্ত্তব্য যে রোগীর কি পরিমাণে দৃষ্টিশক্তি আছে। একটি উজ্জ্ব আলোক তাহার চক্ষুর সন্মুখে ধরিলে ইহা নির্দ্ধারিত হইতে পারে। যদ্যপি অন্ধকার গৃহহও সে আলোক শিখা পর্যান্ত দেখিতে না পায় তাহা হইলে কদাচিৎ শস্ত্রক্রিয়ার দারা তাহার উপকার হইতে পারে। কেননা যদিও আমরা লেন্স্ বহিদ্ধৃত করি তথাপি রোটনা এতদ্র আক্রান্ত হয় যে এক্ট্র্যাক্সন্ দারা রোগীর উপকারের সম্ভাবনা থাকে না।

যে সকল স্থলে ক্যাটার্যাক্টের সহিত সাইনিকিয়া উপসর্গ থাকে তথায় প্রথমে আইরিডেক্টমি করিবে এবং তৎপরে স্কুপ্ দারাই হউক বা বোম্যানের ক্রাক্সন্ বা আকর্ষণ যন্ত্র দারাই হউক লেন্সকে বহির্গত করিবে।

ক্যাপ্সিউলার ক্যাটার্যাক্ট্র (Capsular cataract)।
নানাবিধ ক্যাপ্সলার ক্যাটার্যাক্টের মধ্যে, একবিধ, অস্বচ্ছ লেন্স্ বহিন্ধরণের পর সচরাচর দেখা যায়। শস্ত্রক্রিয়া হইতে রোগী সম্পূর্ণ আরোগ্য লাভ করিতে পারে। কিন্তু এরপ ব্যক্তি প্রায়ই ঘোর দৃষ্টির নিমিত্ত আবেদন করিয়া থাকে। ক্যাট্রোপাইন্ দারা কনীনিকা প্রসারিত করিলেই ইহার কারণ নির্দারিত হইয়া থাকে। পার্ম্ব নিপতিত আলোক দারা বা অক্ষিবীক্ষণ যন্ত্র দারা পরীক্ষা করিলে দৃষ্ট হইবে যে ক্যাপ্সলের অন্তর্দ্দেশাৎপন্ন একটি অস্বচ্ছ স্তর শস্ত্রক্রিয়ার সময় সম্পূর্ণরূপ নিন্ধায়িত না হওয়াতে কনীনিকার পশ্চাদেশে একথানি ফিল্ম্ বা স্ক্র্যাবরণরূপ বিস্তৃত রহিয়াছে। সেল্ম্ গুলি হইতে ন্তন পদার্থ উৎপন্ন হয় এবং তাহাই বুদ্ধি হইবার সময় ক্যাপ্সলের অবশিষ্ট ভাগের পশ্চাদ্দেশে ন্যুনাধিক অস্বচ্ছতা উৎপন্ন করে।

অপিচ সিক্লাইটিস্ বা চক্ষুর গভীরতর নির্মাণোপাদানের প্রাদাহিক পীড়া জনিতও ক্যাপ স্থলার ক্যাটার্যান্ট্ রোগ উৎপন্ন হইতে পারে। এবস্বিধ স্থলে, সাইনিকিয়া, সৌত্রিক বিধানের স্বাভাবিক উজ্জ্লতার স্থাস, কনীনিকার স্পন্দন-রাহিত্য প্রভৃতি আইরিস্ প্রদাহের আন্নসঙ্গিক পীড়া সকল
উপস্থিত থাকাতে, আমরা অনায়াসে রোগের প্রকৃতি অবগত হইতে পারি।
এস্থলে ক্যাপ্স্ল্ আবরক এপিথেলিয়্ম্ সকল বর্দ্ধিত হইতে থাকে এবং
নিওপ্লাজম্ বা নৃতন পদার্থ উৎপন্ন হইয়া অর্গানাইজড্ বা রক্তবহা-নাড়ী
প্রভৃতি দারা প্রতিপালিত হইতে থাকিলে ক্যাপ্স্লার্ ক্যাটার্য়াক্ট্ জন্মে
ও সন্তবত লেন্দ্র্পদার্থের অপকর্ষতা ও অস্কচ্ছতা দারাও ইহা ঘটে। ক্যাপ্স্থলের এই প্রকার অস্কচ্ছতা স্থার সেপেড্ বা নক্ষ্রোকার হয়, উহার কেন্দ্র ফ্লেগড়ির স্থার এবং মধ্যাদেশ হইতে যত পরিধি দেশাভিমুখে বিস্তৃত হয় ততই
ঐ বর্ণের গাঢ়তা হ্রাস হইয়া আইসে।

আইরিস্প্রাহের ফল স্বরূপ লেন্সের (ক্যাপ্স্লের) সন্থ প্রদেশে নিওপ্রাজম্বা নৃতন পদার্থ উৎপন্ন হইয়া ক্যাপ্স্লার্ক্যাটারাাক জন্মইতে পারে। এন্থলে উৎপন্ন ঐ সকল নবোদগত পদার্থ কেবল ক্যাপ্স্লেলর উপর অবস্থিত থাকে এবং পরে শিরাদি দারা প্রতিপালিত হইয়া অস্বচ্ছতা উৎপন্ন করে। তৎসহকারে যদিও কনীনিকা একবারে আবদ্ধ না হয় তথাপি সচরাচর বিস্তৃত সাইনিকিয়া উপস্থিত থাকিতে পারে। সপুরোটিভ্ কর্নিয়া প্রদাহে ক্যাপ্স্লের সন্থপ্রদেশে শিরাদি দারা প্রতিপালিত পদার্থ উৎপন্ন হইতে পারে, ঐ সকল পদার্থ প্রথমতঃ কর্নিয়ায় উৎপন্ন হইয়া তৎপরে লেন্সে সংযত হয়। অবশেষে, শিশুদিগের যে প্রেরাৎপাদক কন্জংটিভাইটিন্রোগ হয়াতাহাতে কর্নিয়াতে ক্ষত উৎপন্ন হইয়া লেন্স্ সন্থদিকে ক্ষতের নিকট প্রক্রিপ্ত হয়, উহার ক্যাপ্স্লের উপর নবোৎপন্ন পদার্থ সঞ্চিত হয়, তৎপরে ক্ষত শুদ্ধ হয়া যায় এবং লেন্স্ কর্নিয়ার সহিত সংলগ্র হইবার সময় যে অস্বচ্ছ পদার্থ প্রাপ্ত হয় তাহা স্বস্থানে আসিলেও উহাতে সংলগ্র থাকে।

লেন্দ্রিকাষণের পর যে ক্যাপ্স্লার্ ক্যাটার্যাক্ট্উৎপন্ন হয় তাহাতে শস্ত্রজিয়া করিবার জন্য অধিক সাবধান হইবার আবিশ্বক করে, সাধারণ নিয়ম এই যে অস্বচ্ছে ক্যাপ্স্ল্ছিন্ন করিতে চেষ্টা করিবার পূর্কে চিক্ষ্ মধ্যস্ত সমস্ত উত্তেজনার শান্তি করা উচিত, এজন্য আনরা এক্ট্রাক্দনের ছই মাদ পর কদাচিৎ শস্ত্রপ্রক্রিয়া সম্পন্ন করিতে পারি।

অস্বচ্ছ ক্যাপ্ স্থল্ উন্লিত করিবার জন্য অস্বচ্ছ ক্যাপ্স্থলকে বিভাজিত করিতে পারা যায় এরপ একটি ধার বিশিষ্ট স্থাচিকা কর্ণিয়ার মধ্য দিয়া চালাইয়া পূর্দ্ধাক্ত অস্বচ্ছ স্ত্রগুলি ধ্বংশ করাই সহজ উপায়। রোগীকে ইথর আঘাণ দারা অচেতন করতঃ উত্তানভাবে শয়ন করাইয়া চল্ফে একটি ইপ্স্পেকুলন্ নিয়োজিত রাথিবে এবং একজন সহকারী একটি ফর্সেপ্স্ দারা কন্জংটাইভার অধঃভাগ ধারণ পূর্দ্ধক অক্ষিগোলক স্থিরভাবে রাথিবেন। শস্ত্র চিকিৎসক পরে কর্ণিয়ার মধ্য দিয়া ক্যাপ্স্থলের পশ্চাদ্দেশে নিডিল্ বা স্থাচিকা প্রবেশ করাইয়া পূর্দ্ধাক্ত অস্বচ্ছ ঝিল্লি ছিয়া করিবেন। নিডিল্ গভীরভাবে ভিট্রিয়ন্ মধ্যে প্রবেশ করাইবার কোন প্রয়োজন নাই যেহেতু সন্ধিকটস্থ ক্যাপস্থল্ বা আইরিসের কোন অংশ কিঞ্জিয়াত্র আকর্ষণ না করিয়া কেবল ঐ অস্বচ্ছ ঝিল্লিটি ছেদন করাই আমাদিগের উদ্দেশ্য। \*

ঐ সম্বন্ধ নিল্লি বা স্ত্রগুচ্ছ মধ্যে স্থানিকা চালাইলে তাহা ক্রমশঃ লম্বিত হয়, এবম্বিধ স্থলে উহা ছিল্ল করা অসম্ভব হইয়া উঠে। এবম্বিধ স্থলে স্থানিকা বিদ্ধ করা যায় তদ্বিপরীত দেশ দিয়া আর একটি স্থানিকা প্রবেশ করাইবে। একণে একটি স্থানিকার প্রান্তভাগ ঐ অস্বচ্ছ স্থা গুচ্ছের পশ্চাদেশে এবং অপরটির প্রান্ত উহার সম্প্রাদেশে স্থাপম পূর্ব্বক হইটি স্থানিকা পরস্পরের চতুর্দ্ধিকে ঘুর্থন মারা ক্যাপ্স্ল্ছিল্ল করিবে। এ সকল স্থলে ডাক্রার ম্যাক্নামারা বিবেচনা করেন যে ডি ওয়েকারের ফর্পেশ নিজরসের (De Wecker's forceps Scissors) ছইটি ফলক চক্ষুতে যাহাতে প্রবেশ করিতে পারে কর্ণিয়াতে এরপ প্রয়োজনাম্রন্ধ ছিদ্র একে বারে করাই উত্তম।

কোন কোন স্থলে ক্যাপস্থলাবশিষ্টাংশ ও সেকণ্ডারি বা গৌণ আইরিস্ প্রদাহ জনিত নিওগ্লাষ্টিক্ পদার্থ দ্বারা কনীনিকা সম্পূর্ণ আবদ্ধ থাকে। চক্ষ্র সন্মুথ ও পশ্চাৎ কুটিরের এইরূপে সংযোগ রহিত হওয়াতে চক্ষ্মধ্যে প্রকোমা

<sup>\*</sup> Bowman on Capsular Obstructions: Ophthalmic Reports, vol. iv, p. 364.

রোগজ পরিবর্ত্তন জন্মে। এই সকল পরিবর্ত্তন চক্ষুর স্থ্রপাষ্কিট্যাল্ বা ক্র প্রদেশে বেদনা ও অক্ষিগোলকের টেন্সন্ বা আয়াম বৃদ্ধি দারা প্রকাশিত হয়। এবশ্বিধ স্থলে আইরিসের একথণ্ড ছেদন ও তৎসংলগ্ন ঝিল্লিটি বহিষ্কৃত করাই যুক্তিসিদ্ধ।

ক্যাপ্স্লার্ক্যাটার্যাক্ট্রোগে শস্ত্রক্রিয়ার পর য়্যান্ট্রোপিন্ দারা কনীনিকা যথা সম্ভব প্রদারিত করিবে। পরে একটি লঘু প্যাড্ও ব্যাঙ্জেজ্
প্রেরাগ দারা চ্চ্পুকে বিশ্রামাবস্থায় রাখিবে এবং যতদিন উত্তেজনার লক্ষণ
সকল চক্ষ্ হইতে তিরোহিত না হয় ততদিন রোগীকে একটি অন্ধকার গৃহে
রাথা যুক্তিসিদ্ধ।

টুনেটিক্ ক্যাটার্যাক্ট্ (Traumatic cataract)।—— অর্থাৎ আঘাত জনিত ক্যাটার্যাক্ট্ রোগ। কোন প্রকার আঘাতে হউক বা লেন্দ্র করেন্ত কোন শস্ত্রক্রিয়ার পরই উৎপন্ন হউক, এই রোগের স্বভাব আহত ক্যাপস্থলস্থ ছিদ্রের পরিমাণের উপর সম্পূর্ণ নির্ভর করে। যদি লেন্দ্র-ক্যাপ্-স্থল্ আহত হইয়া তন্মধ্যে একটি ক্ষুদ্র ছিদ্র উৎপন্ন হয় তবে তন্মধ্যদিয়া কিয়ৎ পরিমাণ কটিক্যাল্ পদার্থ বহির্গত হইয়া মেদে পরিণত হওতঃ শোষিত হয়, পরে ক্যাপ্স্থলস্থ ক্ষতের প্রান্তদেশ একত্রিত ও সংযোজিত হইলে ক্যাপ্স্রলের আহত স্থানে কেবল একটি ক্ষুদ্র ক্ষতকলঙ্ক মাত্র দৃষ্ট হয়।

কিন্তু যদি ঐ ছিদ্রটি অপেকাকৃত বৃহত্তর হয়, তবে ক্যাপস্থল্ ও কটিক্যাল্ পদার্থ মধ্যে একুয়দ্ প্রবিষ্ট হইয়া শেষোক্ত ত্বক পদার্থ অস্বচ্ছ করে। লেন্দ্ আহত না হইলে, ঐ অস্বচ্ছতা গভীর হয় না, এন্থলে ক্যাপ্স্লের ছিদ্রের বা ক্ষতের চতুষ্পার্শে নিওপ্ল্যাজম্ উৎপন্ন হইয়া ক্ষত পরিপূরিত হইতে পারে এবং এপিথিলিয়েল্কোষ সকল স্ব স্থানে অবস্থিত থাকাতে লেন্দ্ প্রায় পূর্ব্বমত স্বচ্ছ থাকিতে পারে।

শেষতঃ, যদি ক্যাপস্থল্ বিস্তৃতভাবে বিদারিত হইয়া যায় এবং একুয়স সহজে লেন্সু মধ্যে প্রবিষ্ঠ হইতে পারে তবে লেন্স্ পদার্থে মেদ পদার্থ শীঘ্র শীঘ্র উৎপন্ন হইয়া তাহাকে সমভাবে অস্বচ্ছ করিতে পারে। এই সকল পরিবর্তুন সময় লেন্স্ ফীত হয় এবং প্রতিচাপ দারা আইরিদ্ মধ্যে উত্তেজনা জনাইরা সন্তবতঃ দিক্লাইটিস্ রোগ উৎপাদন এবং দিম্প্যাথেটিক্
য়াাক্সন্ অর্থাৎ সমবেদন কার্য্য দারা অপর চক্ষ্টিও আক্রমণ করিতে পারে।
অন্তান্ত স্থলে ক্ষীত লেন্সের চাপ চতুম্পার্শ্বস্থ স্থানে পতিত হইয়া কোরইডের
রক্তাধিক্য উপস্থিত করিতে এবং চক্ষুতে প্লকমা জনিত পরিবর্ত্তন সকলও
ঘটাইতে পারে। লেন্সের কোন অংশ সন্মুখবর্ত্তী কুটিরে পতিত হইলে এই
সকল উপসর্গের আপদ আরও অধিক হইয়া পড়ে। কারণ আইরিসের সন্মুখ
প্রেদেশের সহিত সংলগ্ন হইয়া উহা, চক্ষের মধ্যে যে উত্তেজনা উপস্থিত থাকে
তাহাকে বৃদ্ধি করে।

টুম্যাটিক্ ক্যাটার্যাক্ট্রোগ, ক্যাপ স্থলের ইন্সাইজট্ উও বশতঃ যে সর্বাদা উৎপন্ন হয় এমন নহে, কখন কখন চক্ষে আঘাত লাগিয়া ক্যাপ্স্থল্ সচরাচর উহার পরিধির নিকট ছিন্ন হইলে, লেন্স্ মধ্যে একুয়দ্ প্রবিষ্ট হইয়া টুম্যাটিক্ ক্যাটার্যাক্ট্রোগ জন্মায়।

ট্রুয়াটিক্ ক্যাটার্যাক্ট্রোগ নির্ণয় বিষয়ে কদাচিং কোন ভ্রম হইতে পারে। চক্ষে আঘাত বা অপায় সজ্ঞটনের অব্যবহিত পূর্ব্ধ পর্যান্ত হয়ত রোগীর বিশুদ্ধ দৃষ্টি ছিল কিন্তু আবাতের পর চক্ষু পরীক্ষা করিলে লেন্স্ অস্বচ্ছ দৃষ্ট হয়। যাহাইউক ট্রুয়াটিক্ ক্যাটার্যাক্ট্রোগে বিশেষতঃ কোন আঘাত দারা ঐ রোগ উৎপন্ন হইলে কোর্ইড্ও রেটিনাতে কিরূপ পরিমাণে আনুসঙ্গিক পীড়া উৎপন্ন হইতে পারে তাহা পূর্ব্বে নির্দেশ করিয়া বলা অত্যস্ত অসম্ভব।

ইহা জানা আছে যে কোন কোন হলে বাহু পদার্থ লেন্স্ মধ্যে প্রবিষ্ট হইয়া অবিক উত্তেজনা উৎপন্ন না করিয়াও লেন্স্ পদার্থের কগঞ্চিং মেদাপকর্ষ এবং কোমলতা সাধন-পূর্ব্ধক চক্ষুর সন্মুণ কুটিরে পতিত হয়। এরূপ হলে বাহু বস্তুটি চতুম্পার্যন্থ লেন্স্ পদার্থের অস্বচ্ছতা বশতঃ প্রথমতঃ জামাদিগের দৃষ্টিগোচর হইবার সন্তাবনা থাকে না। কিন্তু এরূপ দৃষ্টান্ত হল অতি বিরল; প্রায় সচরাচর লেন্স্ মধ্যে বাহু পদার্থ প্রবিষ্ট হইলে ক্রাটারাক্ট্ উৎপন্ন হয় এবং তৎসহকারে আইরিস্ ও চক্ষুর গভীরতর নির্মাণ সমুহে প্রদাহ জন্মে; প্রদাহের উপশ্বম না হইলে অবশেষে অক্ষিণালকে ক্ষোটক এবং স্ক্র চল্লেন্ডে সম্বেদনা হন্তু সিক্লাইটিস্ রোগ উৎপন্ন হয়।

চিকিৎসা।—ক্যাপস্থল্ অল বিদীর্ণ ইইলে কেবল ম্যাট্রপিন্ প্রয়োগ পূর্বক কনীনিকা প্রদারিত এবং প্যাড্ও ব্যাওেজ দারা চক্ষু বিশ্রামাবস্থার রাথিবার আবশুক হয়। আহত অংশ সময় ক্রমে স্বস্থাবস্থা প্রাপ্ত ইইতে পারে এবং ক্যাপ্স্থল্ মধ্যে একটি ক্ষুদ্র ক্ষত কলম্ব (সিকেট্রেক্স্) মাত্র উক্ত অপায়ের স্থান নির্দেশ করে।

এই অপায় অপেক্ষাকৃত গুক্তর হইলে, ঐ চ্ব্টিনার পর কিয়দ্বিস চক্ষ্র
সন্থ কুটির রক্তপূর্ণ দৃষ্ট হইবেক; এবং ঐ রক্ত শোষিত হইলে অক্ষিমুকুর
অস্বচ্ছ লক্ষিত হইবেক; কিন্তু পূর্ব্বেই উল্লিখিত হইরাছে যে আমরা এবিধিধ
স্থলে অস্বচ্ছ অক্ষিমুকুরের পশ্চাদেশে কিরূপ আর্মঙ্গিক পীড়া সকল উৎপন্ন
হইয়াছে তাহা নির্দ্ধারণ করিতে পারি না। এ সকল স্থলে য়্যাট্রোপিন্ প্রেরোগ
পূর্ব্বিক রুগ্ন চক্ষুটি কিয়দ্বিস বিশ্রামাবস্থায় রাথা অবশ্য উচিত।

যদি চিকিৎসার সময় বা তাহার পূর্ব্বে প্রদাহ লক্ষণ উপস্থিত হয় তবে বোগীকে ইথর আদ্রাণ করাইয়া আইরিডেক্টমি ও সেই সময় অস্বচ্ছ লেন্দ্র্ নিক্ষাষণ করাই শ্রেয়স্কর।

যদি কর্ণিরা ছিন্নভিন্ন বা আইরিসের প্রোল্যাম্প্ বা বহিঃনির্গমন প্রভৃতি আমুসঙ্গিক উপসর্গ সকল বিদ্যমান না থাকে তবে কর্ণিয়ার উর্দাংশ ভেদ করতঃ আইরিসের উর্দ্ধ ভাগস্থ চতুর্থাংশ কর্ত্তন করাই শ্রেমন্তর । কিন্তু যদি আইরিসের প্রোল্যাম্প্ অপারটি বর্ত্তমান থাকে ও তাহা সম্প্রতি ঘটিয়া থাকে এবং ঐ বহির্গত আইরিস্ থণ্ড কর্ণিয়ার ছিন্নভিন্ন ক্ষত প্রান্তে আবদ্ধ না থাকে, তবে ঐ প্রোল্যাম্প্ সহিত আইরিসের কিয়দংশ ছেদন করাই কর্ত্তবা । এ বিষয়ের এক দৃষ্টান্ত দেখান যাইতেছে; মনে কর কর্ণিয়ার বাহ্যদিক ছিন্ন হইয়া তমধ্যে আইরিস্ আকৃষ্ট হইয়াছে এবং ক্যাপস্থল্ ছিন্ন হইয়া ট্রম্যাটিক্ ক্যাটারাক্ট উৎপন্ন হওতঃ সিক্লাইটিসের লক্ষণ সকল বিদ্যমান রহিয়াছে । এবন্ধির স্থলে যদি ঐ ঘটনা অল্লকাল স্থারী হয় তবে রোগীকে ইথর আঘাণ বারা অচেতন করিয়া ডাক্তার ম্যাক্নামারা স্কেরটিক্ বিদ্ধ করতঃ আইরিসের বহিঃস্থ চতুর্থাংশ ছেদন পূর্ব্বক লেক্স্ নিন্ধান্বিত করেন । এই শস্ত্তিয়ার পর ইসেরিন্ স্বচ্ছনেরপ কন্জংটাইভাতে প্রয়োগ করা উচিত ।

এছলে কতকগুলি শস্ত্রচিকিৎসক উল্লিখিত চিকিৎসা প্রণালী অবলম্বন করিবার পূর্ব্বে প্রথমতঃ বিশ্রাম, জলৌকা সংযোগ, য়্যাট্রোপিন্ ও স্পিন্ধকর ঔষধ প্রয়োগ প্রভৃতি প্যালিয়েউভ্ বা রোগোপশমক চিকিৎসার পোষকতা করিয়া থাকেন। কিন্তু শস্ত্রপ্রক্রিয়া বিষয়ে কাল বিলম্ব করিলে এত অনিষ্ট সংঘটনের সন্তাবনা এবং শস্ত্র চিকিৎসা দ্বারা এরুপ আশ্চর্য্য ফল প্রাপ্ত হওয়া যায় যে ডাক্তার ম্যাক্নামারা সকলকে শস্ত্র চিকিৎসা প্রণালী অবলম্বন করিয়া থাকেন। চক্ষে আবাত লাগিলে বিশেষতঃ অত্যাধিক মাইওপিয়া বা নিকট দৃষ্টিগ্রস্ত ব্যক্তিনিগের মধ্যে, পষ্টিরিয়র স্ট্রাফিলোমা বশতঃ কোরইডের স্থানচূর্যতি ঘটে এবং তারিমিত্ত লেন্সের অসচ্চতা ক্রমে ক্রমে ঘটে; ক্যাপ্স্থল্ ছিয় হইয়া ট্রম্যাটিক্ ক্যাটার্যাক্ট উৎপন্ন ইইলে সিক্লাইটিসের যে সকল উগ্র লক্ষণ বর্ত্তমান থাকে তাহা এই প্রকার স্থলে দেখা যায় না। অধিকন্ত অসচ্ছতা ক্রমেং সংঘটিত হয়।

লেকের স্থানচ্যুতি (Dislocation of the lens)।——লেকের স্থানচ্যুতি সম্পূর্ণ বা আংশিক হইতে পারে। পূর্কোক্ত স্থলে লেকা স্থেরটিক্ অথবা কর্ণিরাম্থ ক্ষত মধ্যদিয়া চক্ষু হইতে বহিন্ধত হয় কিন্তু শেযোক্ত
স্থলে অর্থাৎ আংশিক স্থানচ্যুতিতে ক্ষেত্রলাইন, সম্পেকরি লিগামেন্টের সহিত
কিয়দংশ সংলগ্ন থাকিয়া প্রকৃত স্বস্থান হইতে সন্মুথে পশ্চাতে বা কোন
পার্যদেশে পতিত হয়।

১। লেন্সের সম্পূর্ণ স্থানচ্যুতি (Complete dislocation of the lens)।
র্যাকেট্-বল্ (Raquet-ball) বা তজ্ঞপ কোন কঠিন ক্ষুদ্র বস্তু দ্বারা তীক্ষ
আঘাত লাগিলে সচরাচর লেন্সের সম্পূর্ণ স্থানচ্যুতি ঘটিতে পারে। এরপস্থলে
স্কেরটিক্, নাসিকারদিকে ও উর্দ্ধিকে কর্ণিয়া প্রান্তের অব্যবহিত পরে ছিল্ল হয়,
ও তমাধ্য দিয়া লেন্দ্র বহিন্নত হইয়া কন্জংটাইভার নিয়ে অবস্থিত থাকিতে
পারে। আঘাত জনিত চক্ষে এরপ অধিক অপায় জন্মিলে তৎসহিত আইরিস্
আন্ন বা অধিক পরিমাণে আহত হইতে পারে সচরাচর উহার অল্ল বা অধিকাংশ
সংলগ্ন স্থান হইতে বিচ্ছিল্ল হয়। এই ঘটনার অব্যবহিত প্রেই চক্ষ্র সম্থ্য
কুটির রক্তপূর্ণ হয় এবং অনেক দূব গর্মান্ত কন্জংটাইভা ও ক্কের ইকিমোসিস্
হয়্ন (উহা দিগতে রক্ত জিমিয়া য়ায়)।

চক্ষু পরীক্ষা করিলে স্কেরটিকস্ত ক্ষণ্ডবর্ণ ক্যাজম্ বা শৃগুস্থান সহসা দৃষ্টিগোচর হয় এবং কন্জংটাইভার নিমে লেকাটিকে, আকার ও পরিমাণ দ্বারা সচরাচর চিনিতে পরো যায়। এবম্বিধ স্থলে লেকাটি শীঘ্র অস্বচ্ছ হইয়া, পূর্ব্বোক্ত স্থানে একটি অস্বচ্ছ পীগুবৎ প্রতীয়মান হয়। কোন কোন স্থলে স্কেরটিকস্থ ক্ষত মধ্যদিয়া বহির্গমনকালে প্রতিচাপ দ্বারা লেক্সের আকার বিনষ্ট হয় এবং যে পর্যান্ত উহা অস্বচ্ছ না হয়, সে পর্যান্ত ভিট্রিয়দ্ পদার্থ হইতে উহার কোন প্রতেদ করা যায় না।

অবশেষে, লেফাটি স্কেরটিক্ ও কন্জংটাইভার মধ্য দিয়া বহির্গত হইয়া রোগীর গওদেশে পতিত হইতে পারে।

চিকিৎসা।——- যদি স্থানভাষ্ট লেজা কন্জংটাইভার নিমে দৃষ্ট হয় তবে মিউকদ্মেম্ত্রেন্ভেদ করতঃ তাহা বহিন্ধত করাই শ্রেষস্কর। দকল স্থানেই একটি বা তুইটি রেদমের স্কাস্ত্র দারা স্ক্রেটিকস্থ ক্ষতপ্রাস্ত একত্রিত রাখা উচিত। পরে যতদিবদ পূর্ব্বোক্ত ঘটনা জনিত উত্তেজনা উপশ্যাতি না হয়, ততদিন অক্পিপুট্দয় বন্ধ করিয়া আহত চক্ষুটি বিশ্রামাবস্থায় অবশ্র রাখা উচিত।

হয়। লেকেরে আংশিক স্থানচ্যতি। (Partial Dislocation of the lens) চক্ষে বা ললাটদেশে আঘাত দারা এই ঘটনাটি সচরাচর ঘটে। এই আঘাতে লেক্ সম্পেন্সারি লিগামেন্ট্ হইতে আংশিক ছিন্ন হইয়া উর্দ্ধে অথবা অধঃ দিকে বা কোন পার্শ্বে স্থানচ্যুত হইয়া পড়ে। কোনং স্থলে লেকটি সমুথে পতিত হয় এবং উহার সমস্ত বা কিয়দংশ চক্ষুর সমুথ কুটিরে অবস্থিত থাকে। এই সকল স্থলে রোগীর দৃষ্টিশক্তির অল্প বা অধিক বৈলক্ষণ্য জন্মে, যেহেতু অক্ষিমুকুর যে কিঞ্চিৎ অস্বচ্ছ হয় এমন নহে কিন্তু কনীনিকার পশ্চাদেশে ইতন্ততঃ সঞ্চরণ করাতে, পূর্ণ দৃষ্টিশক্তির বিলক্ষণ প্রতিবন্ধকতা জন্মায়।

আবাত প্রাপ্তির অব্যবহিত পরেই যে লেন্সের স্থানচ্যুতি ঘটে এমত নহে। এই ঘটনার পর অনেক দিবদ অতিবাহিত হইলে ক্ষ্থকার বা কাশিবার সময় পূর্কাহত সদ্পেন্সরি লিগামেন্ট ছিন্ন হইয়া লেন্সের স্থানচ্যুতি জন্মাইতে পারে।

যদি লেন্দ্র সন্থ কুটীরে পতিত না হয় তবে য়াট্রোপিন্ দারা ফনীনিকা প্রদারণ পূর্বক পরীকা করিলে দৃষ্ট হইবে যে চক্র প্রত্যেক গতির

## লেন্সের স্থানচ্যুতি।

সহিত অক্ষিমুকুর ইতন্ততঃ দঞ্চালিত হইতেছে; উহার অবয়ব ঈষং অস্বচ্ছ হইয়াছে এবং উহার পরিধির যে অংশ দদ্পেন্সারি লিগামেন্ট্ হইতে বিচ্ছিন্ন হইয়াছে তাহার পশ্চাদ্দেশে কুপ্টবর্ণ ভিট্রিয়দ দৃষ্ট হইতেছে। আইরিস্লেন্স্ হইতে যে অবলম্বন প্রাপ্ত হইত তাহা হইতে বিরহিত হওয়ায় দোলায়মান দেখায়।

যদি লেন্দ্র হানচ্যুত হইয়া সন্থে পতিত হয় তবে সমস্ত কনীনিকা আবদ্ধ হইতে পারে এবং লেন্দ্র স্বচ্ছ থাকাতে অপকারের প্রকৃতি নির্দারণ করা কিঞ্চিৎ কঠিন হইয়া উঠে। যাহাছউক অক্ষিম্ক্রের প্রান্তদেশ হইতে আলোক রশ্মি প্রতিফলিত হওয়াতে চক্ষ্ মধ্যে একটা প্রিস্মেটিক্ (Prismatic) বা চাক্চিক্য বৃত্ত দৃষ্ট হয়, এবং আইরিদ্ পশ্চাদিকে স্থাপিত হওয়াতে চক্ষ্ব সন্ম্থ কুটিরের পরিমাণ বৃদ্ধি এবং কনীনিকা প্রসারিত ও স্পন্নহীন হয়।

সম্প্রতি ডাক্তার ম্যাক্নামারা নিম্নলিথিত একটা আশ্চর্য্য জনক স্থল চিকিৎসা করিয়াছেন:—

এম্ ডবলিউ নামক ইপ্টইণ্ডিয়ান্ রেলওয়ের এক জন কর্মাচারি বাল্যকালে ললাটদেশে আঘাত প্রাপ্ত হয়, তৎপরে তাহার দৃষ্টি শক্তির ব্যতিক্রম জন্মে। বাম চক্ষের লেক্ষাটী দৃষ্ট হয় না, ঐ চক্ষাটী পূর্ব্বোক্ত ঘটনাবধি এই রূপ অবস্থায় আছে এবং বােধ হয় লেক্ষ্ম শোষিত হইয়া গিয়াছিল। দক্ষিণ চক্ষ্মটি চিকিৎসালয়ে আসিবার একমাস পূর্ব্বে স্ক্রেবস্থায় ছিল কিন্তু হঠাৎ একটী আঘাত লাগিবার অব্যবহিত পরে তাহার দৃষ্টি শক্তির বিলক্ষণ ব্যতিক্রম জন্মিয়াছিল। ঐ ব্যক্তি যথন তাঁহার নিকট আইসে তথন পরাক্ষা দারা দৃষ্ট হইল বে দক্ষিণ লেন্দ্র স্থানচ্যুত হইয়া সম্মুথে পতিত ও কনীনিকা প্রসারিত করিয়া রাথিয়াছে। অক্ষিমুকুরটি সম্পূর্ণ স্বচ্ছ ছিল এবং রোগীর দৃষ্টি শক্তির কেনি বৈলক্ষণ জন্মে নাই বলিয়া তিনি তাহা নিষ্কাষণ করা আবশ্রুক বােধ করিলেন না।

ঐ বটনার ছই মাস পরে ঐ রোগীর সহিত তাঁহার পুনর্বার সাক্ষাৎ হয়, অক্ষিমুকুর উন্নিথিত স্থানে অবস্থিত ও সম্পূর্ণ স্বচ্ছ ছিল। কিন্তু উহা দারা কোরইড্ ও আইরিসে উত্তেজনা উৎপন্ন হইতেছে বিবেচনা করিয়া তিনি একটা স্চিকা দারা প্রথমতঃ লেন্দ্ বিদ্ধ করিলেন পরে উহা শীঘ্র অস্বচ্ছ হইয়া পড়িল, তৎপরে লিনিয়র্ একা ক্রাক্সন্দারা চক্ষু হইতে তাহা বহির্গত করা হইয়াছিল।

এবন্ধির অবস্থায় আয়তরূপে আইরিডেক্টমি করিয়া স্থুপের দ্বারা লেন্স্ বহির্গত করিবে। শস্ত্রক্রিয়াকালে আমাদের বিশেষ দতর্ক হওয়া উচিত, অগুণা হইলে স্থুপ হইতে লেন্স্ ভিট্রিয়দ চেম্বারে পতিত হইতে পারে। এই ঘটনার বাধা দিবার জন্ম প্রথমে কনীনিকাকে যত দূর সম্ভব প্রদারিত করিয়া পরে কর্নিয়ার মধ্যে একটি স্থচিকা প্রবেশ করাইবে এবং তুর্পনের ন্থায় গতি দ্বারা (Drilling motion) ক্যাপ্স্লকে ছিন্ন করিবে। কিয়দংশ কোমল লেন্স্ পদার্থ বহির্গত হইয়া যায় এবং ভিট্রিয়্ম সম্মুথে কর্নিয়ার উপর লেন্সকে প্রাক্তিপ্ত করে। এক্ষণে আমরা নিরাপদে আইরিডেক্টমি করিতে ও স্থপ লেন্সের পশ্চাতে বিনাক্তিপ্ত প্রবেশ করাইয়া উহাকে বহির্গত করিতে পারি।

## চতুদিশ অধ্যায়।

\_\_\_\_\_\_

প্রাথমিক মন্তব্য। এই অধ্যায় বর্ণনা করিবার প্রথমে আক্ষিক পেশীর ইনার্ভেদন্ বা ক্রিয়াভাব ও ক্রিয়া বিষয়ে, এবং ডিপ্লিপিয়া বা দ্বিদৃষ্টির কৌশল সম্বন্ধে অগ্রে কিঞ্চিৎ বলা উচিত; তাহা হইলে চক্ষুর এক বা ততোধিক পেশীর পক্ষাথাত গ্রন্থ রোগী যে সকল লক্ষণ প্রকাশ করে, তাহা অধিকতর ভালরূপ বুঝা যাইবে।

পেশীর ইনার্ভেসন্ বা ক্রিয়াভাব ও ক্রিয়া (Inervation and action of the muscles)। তৃতীয় য়ায়ৢয়ৄয় অক্লিকোটরে ছই শাথায় বিভক্ত হয়; উর্দাথা লিভেটর প্যালিত্রি ও স্থপিরিয়র্ রেক্টাস্ পর্যান্ত বিতৃত, অধঃস্থ শাথা হইতে য়ায়ৢ সকল রেক্টাস্ ইন্টার্নস্, রেক্টা ইন্ফিয়র, ওব্লিকম্ ইন্ফিরিয়ার ও ক্ষিন্ক্টার্ পিউপিলি পর্যান্ত বিস্তৃত।

চতুর্থ স্বায়্ স্থপিরিয়ার্ ওব্লিক্ এবং ষষ্ঠ স্বায়্ এক্টার্ণাল্ রেক্টাস্ পর্যান্ত বিস্তুত।

১মতঃ। কর্ণিয়া, ক্রমারয়ে ইন্টার্ন্যাল্ও এক্সটার্ন্যাল্রেক্টস্ দারা সমতল মেরিড়িয়ান্ ক্লেত্রে অর্থাৎ নাসিকারদিকে ও তদ্বিপরীত দিকে ঘূর্ণিত হয়।

২য়তঃ। স্থপিরিয়ার্রেক্টস্ও ইন্ফিরিয়ার্ ওব্লিকের মুগপৎ ক্রিয়া দারা কর্ণিয়া উর্দ্ধুখীন হয়।

ও য়তঃ। ইন্ফিরিয়ার রেক্টস ও স্থপিরিয়ার ওব্লিকের সংস্থ জিয়াবলে চক্ষু অধঃমুখীন হইয়া থাকে।


৪ র্বতঃ। ভাষাগোনাল্ভাবে উদ্ধি ও নাসিকারদিকে চক্ষু ফিরাইবার সময় বেক্টস্ স্থিনিয়র বেক্টস্ইণ্টার্নাসের সহিত কার্য্য করে; ক্রিয়াধিক্য ইন্-ফিরিয়র ওবলিক্ দারা বাধা প্রাপ্ত হয়। « মতঃ। উর্দ্ধ ও বহিন্দিকে চক্ষু ফিরাইবার সময়, রেক্টস্ স্থাপিরিয়ার, বেক্টস্ একটার্ণাসের সহিত কার্য্য করিয়া থাকে এবং ইন্ফিরিয়র অব্লিক্ স্থাপিরিয়র রেক্টসের ক্রিয়াধিক্যের শাম্য করে।

৬ তঃ। রেক্টন্ফিরিয়র্ও রেক্টন্ইনিদের ক্রিয়া দারা চক্ নাসিকার দিকে ও অধঃদিকে ঘূর্ণিত হয় এবং স্থাপিরিয়র অবলিক্, রেক্টন্ ইন্ফিরিয়রের কার্যাতিরিক্তের বাধা প্রদান করে।

৭ মতঃ। রেক্টস্ এক্টার্ণাস্ও রেক্টস্ইন্ফিরিয়ার্ দারা, চক্ষুর অধঃ ও নাসিকার বিপরীত দিকে গতি সংসিদ্ধ হইয়া থাকে এবং স্থপিরিয়র্ অবলিক্ ইন্ফিরিয়র্ রেক্টসের বাধা প্রদান করে।


ভিপ্লপিয়া (Diplopia) বা দ্বিদর্শন।——বিশুদ্ধ দর্শনের নিমিত্ত চক্ষুত্বরের যুগপৎ কার্য্য করা প্রয়োজন; কারণ আলোকরশ্মি রেটিনাদ্বরের

## ৪৫ প্রতিকৃতি।



তুল্য (Coresponding portion) অংশে ঠিক না পড়িলে, ডিপ্লোপিয়া অর্থাৎ বিদর্শন ঘটিয়া থাকে। বিদর্শন ছই প্রকার—সরল ও চেরাক্কতি (Direct and crossed); প্রথমোক্ত বিদর্শন ৪৫ প্রতিকৃতির প্রতি দৃষ্টি করিলে ব্ঝা যাইবে। এই ছালে বাম চক্ Bকে নাসিকারদিকে বক্র বরা গিয়াছে; দক্ষিণ চক্ষ A মাভাবিক এবং টিচিহের প্রতি লক্ষা করিয়া আছে, ঐবিন্দ্ হইতে রিশ্রি আসিয়া A বিন্দ্তে ম্যাক্লা লুটিয়ার উপর পড়িতেছে; কিন্তু বামচক্ষ্ নাসিকার দিকে বক্ষ থাকা প্রযুক্ত, C হইতে রিশ্রি সকল D চিহ্নিত ম্যাক্লা লুটিয়ার অভ্যান্তর দিকে B বিন্দ্র উপর পড়িবে; এবং গঠিত মূর্ত্তি, এই জানের উপর লক্ষভাবে অবস্থিত থাকিয়া E অভিমূপে ধাবিত হইতেছে—মনে হইবে। এইরূপে C প্রতিরুতির গুইটি মর্ত্তি দৃষ্ট হইবে, একটি উহার প্রাকৃত জানে, অপরটি C চিক্রের বামে E জানে। দক্ষিণ চক্ষ্ নাসিকার দিকে বক্ষ থাকিলে, ইহার ঠিক উন্টা কল হইবে; বিতীয় মূর্তি তপন C বিন্দ্র বামে না হইয়া, দক্ষিণদিকে অবস্থিতি করিবে।

বিতীয় প্রকার বিদর্শন নাম দারা জানা যায়, ইহাতে মূর্ভি প্রস্পান অবজেদ করে (১৬ প্রতিক্তি দেখ)। বাস চক্ B নামিকার বিগরীত ৪৬ প্রতিকৃতি।



দিকে বজ (ইভার্টিছ) আছে এরপ কলনা করা হইরাছে, দক্ষিণ চক্ষ্ম স্বাহা নিক সবস্থানে অবস্থিত; আলোক্ষয় রশ্যি সকল ('নিক্ হইডে এ নিন্তে ম্যাকুলা লুটিয়ার উপর পড়িতেছে; কিন্তু নাসিকার বিপরীত দিকে B ঘূর্ণিত (ইভাটেড্) থাকা প্রযুক্ত, C হইতে রশ্মি সকল B বিন্তুতে উহার ম্যাকুলা লুটিয়ার উপর পতিত না হইয়া, ইহার বাহ্যদিকে D বিন্তুতে পড়িতেছে এবং E অভিমুখে এই বিন্তুর উপর লম্বভাবে প্রধাবিত হওয়ায়, উক্ত রশ্মি সকল C হইতে A বিন্তুতে পতিত রশ্মির উপর পড়িয়া তাহাকে অবছেদ করতঃ চেরাক্কতি দ্বিন্দ্ন ঘটাইয়াছে।

এস্থলে ইহা বলা আবশ্যক যে CD চিহ্নিত রশ্যের গতি F চিহ্নিত একথানি প্রিজম্ (prism) দারা পরিবৃত্তিত করিতে পারা যায়; ইহাতে রশ্যি সকল প্রিজমের বেদ বা স্থলান্তের দিকে বক্তাক্বত হইরা, B বিন্দুতে ম্যাকুলা লুটিয়ার উপর পতিত হইলে, দি-দর্শন থাকেনা; কারণ B চক্ষ্ বিবৃত্তিত হইলেও, C জাত রশ্যি সকল F প্রিজম্ দারা লিউটিয়ার উপর পড়িয়া, স্বাভাবিক দৃষ্টি উৎপন্ন করিয়া থাকে।

এতজপ প্রিজম্, শুদ্ধ সামান্য দি-দর্শন আরোগ্য করিবার জন্য নহে—
কিন্তু ষ্ট্রাবিদ্ মাদ্ স্থলে বাইন্কুলার্ ভিসনের বা উভয় চক্ষ্র দর্শন উপস্থিতি
নির্ণিয় করিবার জন্যও ব্যবহৃত হয়।

নিয়লিথিত উপায়ে বাইন্ক্লার্ ভিদনের বা ঘ্যাক্ষিক দৃষ্টির উপস্থিতি নিরূপিত হইরা থাকে। একতর চক্ষুর সন্থে, প্রিজমের বেস বা স্থলান্ত নাসিকার দিকে ধরিলে, তাহার মধ্য দিয়া যে সকল রিশ্ম যাইবে তাহারা বেস বা স্থলান্তের দিকে ডিফ্রাক্টেড্ বা বক্র হইবে ও রেটিনার উপর পড়িয়া, ম্যাকুলা লুটিয়ার নাসিকা পার্শ্বে প্রতিবিদ্ধ গঠন করিবে; উক্ত প্রতিবিদ্ধ দিবিদ্র অভিমুখে বিবর্দ্ধিত হইয়া (৪৫ প্রতিকৃতি দেখ) সরল দ্বি-দর্শন ঘটাইয়া থাকে কিন্তু অপর চক্ষু তৎক্ষণাথ এবং আমাদের অজ্ঞাতসারে, ইহাকে সংশোধনের জন্য চেষ্টা করিবে ও ইন্ভলান্টারি বা অনিচ্ছা প্রবর্ত্তিত গতি দারা ইহা নাসিকার দিকে ঘূর্ণিত (ইন্ভার্টেড্) হইবে। এইহেতু দর্শনীয় পদার্থ হইতে আলোক রিশ্মি সকল আসিয়া ম্যাকুলা লুটিয়ার নাসিকার পার্শ্বে রেটিনার তুল্য জংশে পতিত হইবে ও দ্বি-দর্শন সংশোধন করিবে। অতএব কোন কারণে প্রিজম্ দারা এই ফল ফলিলে, আমরা নিশ্চয় জানিতে পারি—দ্বাক্ষিক দৃষ্টি বিদ্যমান আছে; এতজ্ঞপ কোন পরিবর্ত্তন না ঘটিলে বিপরীত হয়।

জনতার ভান করিলে তাহা ধরিবার জন্য প্রিজম্ দারা পরীক্ষা বিশেষ উপষোগি। অধ্যাপক লঙ্গমোর্ বলেন—বে চক্ষুর দৃষ্টিশক্তি আছে বলিয়া বর্ণিত হয় সেই চক্ষুর সন্মুথে ১২° বা তজ্ঞাপ ডিগ্রির প্রিজমের স্থূলান্ত উর্দ্ধে বা অধ্যাদিকে ধরিয়া, পরীক্ষিত ব্যক্তিকে জিজ্ঞাসা করিবে সে কিরুপ বোধ করিতেছে। যদি বলে দ্বি-দর্শন হইতেছে, নিশ্চয় জানিবে অন্ধৃতা কেবল ভান মাত্র, কারণ ছই চক্ষুর দারা দর্শন না হইলে দ্বি-দর্শন অসম্ভব। প্রিজমের স্থূলান্ত নাসিকার দিকে ধরা যায় এবং অপর চক্ষু নাসিকার দিকে বক্র হইরা আইসে তাহা হইলে নিশ্চয় জানা যায় যে দ্বিদর্শন নিবারণার্থ চিপ্তা হইতেছে; অত্রবে নাসিকার দিকে বক্র চক্ষে অন্ধৃতা ঘটিয়াছে এরপ উক্তি মিথ্যা।

টেরাদ্ফির মুখ্য ও গৌণ কোণ (Primary and Secondary Angles of Squinting)।—— আদিক পেশীর পক্ষাঘাতের (স্টাবিস্নাদের নহে) লক্ষণ নির্ণয় করিবার সময়, তীর্যাক দৃষ্টির গৌণকোণ(Secondray angle) মুগ্যকোণ (Primary angle) অপেকা বৃহত্তর কি না—ইহা দেগা বিশেষ আবশুক; সকল পক্ষাবাত স্থলেই, প্রথমোক্তটা, দিতীয়োক্তটা অপেকা বৃহত্তর হয়। যে বস্তুর উপর অপর চক্ষু বন্ধ দৃষ্টি—মেই বস্তু হইতে রুগ্ম চক্ষুর অপিটক্ আাক্সিদের যে কোণ তাহার বিবর্ত্তনকে তীর্যাক দৃষ্টির মুখ্যকোণ অর্থে বৃথিতে হইবে। নিরুগ্ধ চক্ষু আবৃত করিলে, অপর চক্ষু ইহার আাক্সিন্কে দর্শনীয় পদার্থের প্রতি নিবদ্ধ করিবার চেষ্টা করে, তৎসঙ্গেই আবৃত চক্ষুও ঘূর্ণিত হইয়া থাকে; নিরুগ্ধ চক্ষুর এতাদৃশ বিবর্ত্তনকে তীর্যাক দৃষ্টির গৌণ কোণ বলে এবং দেখিতে পাওয়া যাইবে যে যে পরিমিত মুখ্য কোণের মধ্যে ত্র্কাণীক্ত চক্ষুর গতি হইতেছে ঐ মুখ্য কোণ অপেকা গৌণ কোণ বৃহত্তর।

উদাহরণ স্বরূপ মনে কর বাম চক্ষ্র একটোর্ন্যাল্ রেক্ট্রন্ প্রকাষাত গ্রন্ত হওয়ায়, বোলা উক্ত চক্ষ্ নামিকার অপর দিকে বিবর্ত্তিত (ইন্তার্টেড) করিতে অক্ষম; কিন্তু যদি উহার মুখের সন্থা একটি প্রদীপ ধরা যায় ও দক্ষিণ চক্ষ্ নিনীলিত থাকে, তাহা হইলে রোলীর বাম্দিকে প্রদীপ আনয়ন করিলে, বাম চক্ষ্ উহার অয়বর্ত্তি হইলে রোলীর বাম্দিকে প্রদিকে এক লাইন্ বা নানরেশা মূর্ণিত হইতে থারে; এমত স্ক্লে আম্বার দেখিতে গাই যে, ইহার

সঙ্গে দিকিন চক্ষু নাসিকার দিকে তুট লাইন্ র। মানরেথা ঘূণিত হুইয়া গিরাছে। অতএন এমত স্থলে, গৌণ কোণ স্পাইতট মুখা কোণ অপেকার বৃহত্তর। বাম দিকস্থ একটার্নাল্ রেক্টমের স্নায়নীয় বন্ধ দৃষিত বলিয়া, বাসচক্ষু নাসিকার অপরদিকে বিবর্ভিত (ইভাটেড) করিতে বলপ্রায়োগ আবশুক হয়; কিন্তু এই বলাধিকা এক চক্ষেই আবদ্ধ থাকেনা, উহা নিক্র চক্ষেপ্ত সমভাবে বিস্পিতি হইরা থাকে; বদ্ধিত সায়ুবল দারা স্ক্রুপেশী স্বভাবতঃ চালিত হইলে, বাম চক্ষ্ যেরূপ নাসিকার অপরদিকে (ইভার্টেড্) বিবর্ভিত হয়, দক্ষিণ চক্ষ্ তদপেকা অনেক অধিক নাসিকার দিকে বিবর্ভিত (ইন্ভার্টেড্) হইয়া থাকে। এলটার্ন্যাল্ রেক্টসে ক্রিয়াভাবের ফল এই যে, কিছুকাল পরে প্রতিবৃদ্ধি পেশীতে এরূপ গৌণ পরিবর্ত্তন ঘটে— যদারা উহার সঙ্গোচন শক্তির পরিবর্ত্তন এবং উহা দ্বি-দেশন বা ট্রাবিস্নাস্ যুক্ত হয়। এই বিষয় আমরা ক্রমেং বিশেষ রূপে বুঝাইয়া দিব।

### পক্ষাঘাত (Paralysis)।

এক্ষীর্ন্যাল্ রেক্টসের পক্ষাঘাত (Paralysis of the External rectus)।—— মনে কর, বাদদিকের একটার্ন্যাল্ রেক্টস্ রুগ্ন। রোগীর মুখের নিকট হইতে ৫ ফিট্ দূরে একটা প্রজলিত প্রদীপ বা ঐ রূপ কোন বস্ত ধরিলে, দেখা যার তুইটা চক্ষু উহার উপর বদ্ধ দৃষ্টি; কেবল রোগীর বাম দিকে উহাকে আনমন করিলে উক্ত পেশীতে ক্রিয়াভাব লক্ষিত হয়; তখন অপ্টিক্ এক্সিস্বয় পরস্পর মিলিত হইয়া কার্যা না করায়, দি-দর্শন উৎপর হয়। প্রদীপ অল্প অধঃদিকে ও বামপার্শে ধরিলে, ইহা আরও স্পষ্ট লক্ষিত হয়। দক্ষিণ চক্ষু মুদ্রিত করিলে দেখা যায়, তীর্নাক দৃষ্টির গৌণকোণ মুখ্যকোণ অপেক্ষা বৃহত্তর।

এতজ্ঞাপ স্থলে কি রূপ বিদ্দর্শন পতে ৪৫ চিত্র দেখিলে ইহা সহর বন্ধা যাইবে; করেণ দর্শনাধীন গদার্থ রোগীর বানপার্থে আনয়ন করিলে আলোক-রিশা অবজ্ঞ রেটনার একাংশে ন্যাকিউলা লিউটিয়ার নামিকা পার্থে পতিত হউবে এবং স্থাপে বিবিদ্ধিত ইইয়া সকল বিদ্ধান ইইবে। এই বিদ্ধান বিবাশেশ্য বোগী সচ্চাচার বাম্চিকে স্থাক নাং করিয়া গাঁকে এবা কোন

বস্তুতে আগাত করিতে হইলে বিশেষতঃ দক্ষিণ চক্ষু মুদ্রিত থাকিলে ও আগাত জতবেগে দেওৱা হইলে প্রায় সমধিক বামভাগেই আগাত করিবার সন্তাবনা।
যদ্রগ পক্ষাণাতের বিষয় সম্প্রতি আলোচনা হইতেছে, তদ্রপস্থলে, এক্সটার্ন্যাল্
রেক্ট্রস্ বাতিরেকে, অস্তাস্ত আক্ষিক পেশীর ক্রিয়া সম্পূর্ণ থাকিতে পারে।

তৃতীয় স্নায়ুর পক্ষাঘাত (Paralysis of the third nerve)।
পূর্ব গুলাংশিক হইতে পারে; প্রথমোক্ত হলে, এই সায় যে যে পেশীতে
শাখা বিস্তার করে তাহাদের সমুদ্যের পক্ষ্মাত ঘটে; শেষোক্ত হলে এক বা
তানেক পেশী ব্যাধিগ্রস্ত হইবার সম্ভাবনা।

মনে কর, বাম চক্ষুর তৃতীয় সায়ুর পূর্ণ পক্ষাবাত বর্ত্তমান; প্রথম লক্ষণ দেখিবে যে লিভেটর প্যাল্লিব্রির ক্রিয়ার অভাব, এ হলে রোগী উর্নাক্ষি পূট উত্তোলন করিতে অক্ষম হয়। উন্মালন করিলে দেখা যায় বোগী কেবল নাসিকার বিপরীত দিকে অক্ষিনিয়োগ করিতে সক্ষম, অন্ত দিকে ইহার সন্থাত বস্তু তানান্তরিত করিলে তাহার সঙ্গে যুর্ণিত হইতে পারে না, এই হেতু উক্ত বস্তু বাাধিগ্রস্ত চক্ষুর উর্দ্ধ বা অধ্যোদিকে বা দক্ষিণ-দিকে ধরিলে, দি-দর্শন উৎপন্ন হয়। মনে এই রূপ ভ্রান্তির উদয় হওয়াতে, রোগী সন্থাস্থ বস্তু লইবার জন্ত কোন যরে প্রবেশ করিবার সময় মাতালের তায় টলিয়া বেড়ার।

কোন কোন হলে, রেক্টম পেশী সম্ছের শক্তির হ্রাস জন্ত এবং চক্কে সন্থ্কিপ্ত করিবার অক্তিকোটরের স্থিতিস্থাপক পদার্থের নে স্বাভাবিক প্রেণতা আছে তাহা নিবারণ করিতে না পারিলে এরাঅপ্থ্যাল্যোস্ ঘটিয়া পাকে। কনীনিকা আলোকোত্তেজনায় মন্দ মন্দ কার্যা করে এবং ন্যুনাধিক প্রারিত থাকে।

তৃতীয় সায় যে যে পেশীতে বিস্তৃত থাকে তাহাদের পূর্ণ প্রকাষাত স্তর্লে, উহাদের সম্বেত ক্রিয়ার বিষয় স্মারণ রাখিলেই, যে দি-দর্শন ঘটে তাহার প্রকৃতি বুঝিতে পারা যায়।

इन्होंन्। क्रिक्टरमृत श्रकाधां (Paralysis of the Internal rectual) !-- इक्षांक माजिनान क्रिक दहनान माम मा अनः ( नाम চক্ষু দ্বিত অনুমান করিয়া) রোগীর দক্ষিণ পার্শ্বে কোন বস্তু ধরিলে তির্ঘাক দর্শন বা সুইন্ট্ ডাইভারজেন্ট হওয়া প্রযুক্ত, ক্রুসট্ বা ঢেরাকৃতি দ্বি-দর্শন ঘটিয়া থাকে। দর্শনাধীন বস্তু দক্ষিণ দিকে ও রোগীর চক্ষুর উর্দ্ধে ধরিলে দ্বি-দর্শন স্থপ্ত প্রতীয়মান হয়। তির্ঘাক্ দৃষ্টির গৌণকোণ মুথ্যকোণ অপেক্ষা বুহত্তর হয় এবং যতদূর সম্ভব দি-দর্শন নিবারণার্থ রোগী সচরাচর দক্ষিণদিকেই মস্তক ফিরাইয়া থাকে।

কেবল দক্ষিণ ও উর্দ্ধ দিক এবং দক্ষিণ ও অধোদিকস্থ ভায়াগোনাল্ স্থান ব্যতীত অন্তান্ত অবস্থানে যুগ্ম মূর্ত্তি সমান্তরাল ও সমোচ্চ হয়; উক্ত স্থানদ্রের বক্রতা ও উচ্চতার তারতম্য হয়; কারণ বাম চক্ষ্র প্রতিকৃতি দক্ষিণ ও উর্দ্ধ দিকে দেখিবার সময় দক্ষিণ ও নিম্নতর্দিকে এবং দক্ষিণ ও অধোদিকে দেখি-বার সময় বাম ও উচ্চতর দিকে বক্র ভাবে হেলিয়া থাকে। \*

রেক্টস্ সুপিরিয়রের পক্ষাঘাত (বাসচক্ষু) (Paralysis of the rectus Superior)।— হোরাইজন্ট্যাল্ বা সমতল মেরিডিয়ান্ ক্লেত্রের সন্মুথে চক্ষুর গতি, স্বাভাবিক, কিন্তু অধঃদিক হইতে উর্দ্ধদিকে এই সমতলের উর্দ্ধে দর্শনীয় বস্তু লইয়া গেলে, রোগীর বাম চক্ষু উহা অনুসরণ করিতে পারে না। ইন্ফিয়র্ অব্লিক্ পেশীর ক্রিয়া অপ্রতিহত হওয়ায়, কর্ণিয়া সন্মুথে ও নাসিকার বিপরীত দিকে বক্র হইয়া থাকিতে দেখা যায়।

দক্ষিণ চক্ষু আবৃত করিয়া, কোন বস্তু রোগীর চক্ষুর উর্দ্ধে ধরিলে এবং পক্ষাবাতের আক্রমণান্সারে পক্ষাবাত্যুক্ত চক্ষু উর্দ্ধিকে নিয়োজিত করিলে, দক্ষিণ কর্ণিয়া বাম কর্ণিয়া অপেক্ষা অধিকতর উর্দ্ধে ও নাসিকার বিপরীত দিকে বিবর্ত্তিত হয়। কোন বস্তু বেগে আঘাত করিলে, ইহা বিলক্ষণ সম্ভব যে রোগী উক্ত বস্তু যথায় আছে তাহার অনেক উর্দ্ধে আঘাত করিবে। সম্ভব্মত দিন্দর্শন শোধনার্থ, রোগী স্বীয় মস্তক উর্দ্ধে ও পশ্চাতে হেলাইয়া রাথে।

চক্ষুর হোরাইজণ্ট্যাল্বা সমতল মেরিডিয়ান্ ক্ষেত্রের উর্দ্ধে কোনবস্ত ধরিলে দ্বি-দর্শন ঘটে, এবং দেখা যায় এক মূর্ত্তি অপরটির উর্দ্ধে রহিয়াছে। এই রূপ অবস্থায়, ম্যাকুলা লুটিয়ার অধঃ দিকে ব্যাধিত চক্ষুর রেটিনার অধঃ অংশে

<sup>\* &</sup>quot;Principles and Practice of Ophthalmic Medicine and Surgery," by T. W. Jones, F, R. S.; 3rd edit., p. 582.

আলোকরি থি পতিত হওয়ায় উহার চিত্র অপর চক্ষ্র চিত্রের উর্দ্ধে প্রাবদ্ধিত দৃষ্ট হয়। স্থাপিরিয়র রেক্টসের পক্ষাথাত জন্ম কর্ণিয়ার ঈয়ং নাসিকার অপরদিকে বিবর্তুন (ইভার্সন্) ঘটিলে একটি চিত্র ঠিক অপরটির উর্দ্ধে দৃষ্ট হয় না, কারণ অস্বাভাবিক মূর্ত্তির দক্ষিণে ও উর্দ্ধে থাকে; বস্তুতঃ আক্ষিক-মেকদণ্ড সকলের বিসংস্রব (ডাইভার্জেকা) প্রযুক্ত চেরাক্কতি দি-দর্শন হয়।

ইন্ফিরিয়র রেক্টসের পক্ষাঘাত (Paralysis of the inferior rectus)।——এই রোগের লক্ষণ, স্থপিরিয়র রেক্টসের পক্ষাঘাত লক্ষণের ঠিক বিপরীত।

ইন্ফিরিয়র্ ওবলিকের পক্ষাঘাত (Paralysis of the inferior oblique) ।—হইলে, চন্ধুর সভাভ কতক গুলি পেশীও আক্রাত্ত হইয়া থাকে।

সুপিয়িয়র ওব্লিকের পক্ষাঘাত ( বাম চক্ষু ) (Paralysis of the superior oblique )।—— রোগী বলে চক্ষুর সমতল মেরিডিনানের অধঃদিকে বস্তু সকল দ্বিগুণ ও চঞ্চল দৃষ্ট হন, মস্তক সম্পূর্ণে ও দক্ষিণদিকে রাখিলে, এই দোষ অনেকটা সংশোধন হন।

আক্রান্ত চক্ষু পরীক্ষা করিলে দেখা যায় বস্তু সকল হোরাইজন্ট্যাল বা সমতল ক্ষেত্রের উদ্ধে অভ্রান্ত দৃষ্ট হয়, কিন্তু কর্ণিয়া উদ্ধে ও নাসিকার দিকে
বক্র এবং এই সময় দক্ষিণ চক্ষু অধঃদিকে বিবর্ত্তিত থাকায় অধঃদিকে উহার
অপ্রকৃত মূর্ত্তির অধঃদিকে ও বহির্দ্দিকে থাকে; সমতল ক্ষেত্রের
অধিকতর অধঃদিকে দর্শনাধীন বস্তু রাখিলে ছুইটা মূর্ত্তির বিবর্ত্তন (Deviation)
অপেক্ষাকৃত অধিকতর দৃষ্ট হয়। তীর্য্যক দর্শনের গৌণকোণ মুখ্যকোণ অপেক্ষা
বৃহত্তর হয়। ইহা একটি আশ্চর্য্যের বিষয় যে, এতজ্রপ পক্ষাঘাত স্থলে, রোগী
নিকট, অপ্রকৃত চিত্র বাস্তবিক যত নিকট তদপেক্ষা নিকটতর বোধ হয়।

নিড্রিয়াদিদ্ রোগ বর্ণনা কালে ফিক্কটার্ পিউপিলার বিষয় অগ্রেই আলোচনা করা গিয়াছে, অতএব, আফিক পেশীর নানাবিধ পক্ষাঘাত সম্বর্জীর রোগের করেন, লক্ষণ ও চিকিৎসার বিষয়, এক্ষণে কিঞ্চিৎ বলা নাউক। থা কিক পেশীর পকাণাতের কারণ, ( Causes of the paralysis of the muscles of the eye ) ছই শেণীতে বিভক্ত করা যায়। ১ম—যাহাতে সায়ু আক্রান্ত হয় ২য়—যাহাতে সায়ু কেন্দ্র আক্রান্ত হয়।

১। প্রথমোক্ত শ্রেণীস্থ কারণের মধ্যে উপদংশ রোগই প্রধান। বলা বাছল্য, যে সায়ু, উহার গতির বে কোন সংশেই হউক ঔপদাংশিক নিউরোম। (সায়ু স্প্র্রুদ) দারা আক্রান্ত হইতে পারে, কিন্তু উপদংশজাত সায়ুর ক্যান্তি ডিজেনারেসন্ বা মেদোগত পীড়া হইতেই, সচবাচর আফিক প্রেশীর পক্ষাবাত ভইয়া থাকে, কিন্তু ইহা নির্ণয় করা অপেক্ষাক্রত কঠিন। শেষতঃ, উপদংশ বশতঃ নোড্সু বা সায়ুর আবরণ ঘন হইলে উহার যথার্থ সায়বীয় উপাদানের উপর পীড়ন দারা পক্ষাঘাত জন্মাইতে পারে। "

ক্ষেটিজম বা বাত রোগ সচরাচর অক্তিগোলকের পেশীর পক্ষাঘাতের আকর। শৈত্য সংলগেই প্রায় রোগ আরম্ভ হয় এবং সাধারণতঃ মন্তকে ও চক্ষ্ কোটরের উদ্দিকে গুঃসহ যাতনা অন্তভূত হয়।

শে রোগের বিষয় আলোচনা করা যাইতেছে, উক্ত শ্রেণীর রোগের সহিত্ স্পষ্টত মেলেরিয়ার নিকট সম্বন্ধ, কারণ সিয়াস্ম্যাটিক্ কারণ জাত হেমি-ক্রেনিয়া বোগে, সময়ে সময়ে দেখা যায়, মন্তকের াই পার্মন্থ তৃতীয় সায়ুর অবিট্রাল্বা কোটরন্থ শাখার পক্ষাঘাত ঘটে।

অকিকোটর মধ্যে রক্তস্রাব অথবা এইস্থানে অর্ন্দু উৎপন্ন হইয়া য়ায়ৢর উপর পীড়ন করিলে, উহার ক্রিয়ার হানি এবং আক্ষিক পেশীর পক্ষাবাত হইয়া থাকে। কৌষিক ঝিলিতে ফোটক বা অক্রিকোটরের অস্থির পীড়া হইতেও উক্ত রোগ উৎপন্ন হয়। শেষতঃ মেকেঞ্জি ইহা বুঝাইয়া দিয়াছেন বে নেরিব্রামের প্রস্তিরিয়র্ আর্টারি ও সেরিবেলামের উর্ক্ষ আর্টারি অধিক রক্ত-পূর্ণ হইলে, মস্তিক্ষ হইতে বহির্গত হইবার সময়, তৃতীয় য়ায়ু উক্ত নাড়ী সকলের মধ্যে অবস্থিত হওয়াতে ইহাদের দারা অনিষ্টকর রূপে পীড়া প্রাপ্ত হইতে পারে।

<sup>\*</sup> Cases of Paralysis of the Oculomotorius, by Professor von Gracfe: Ophthalmic Review, vol. i. p. 216.

২। বিতীয় শ্রেণীস্থ কারণ সমৃহে চক্ষুর পেশী গুলির পক্ষাবাত ঘটিলে 
অর্থাং এ দকল কারণ স্নায়নীয় কেন্দ্র জাত হইলে এরপ লক্ষণ দৃষ্ট ইইতে
পারে—যদ্ধারা যুক্তি অনুসারে পীড়ার স্থান নির্দারণ করিবার আশা করা

যায়। অনেক স্থলে, টেবিসের (Tabes) লক্ষণ রোগের প্রকৃতি জানাইয়া দেয়।

কিন্তু যেমন টোদিন বা অক্ষিপুট পতন বিষয় বলিবার দময় উলিথিত ইইয়াছে

এতদ্রপ রোগের দমালোচনায় আমাদিগকে ছ্রুহ ও ছ্রাগম্য মস্তিক্ষের সংপ্রাপ্রির বিষয়ে আলোচনা করিতে হয়; স্প্তরাং এই বিষয় আমাদের আলোচ্য
নহে।

যাহা হউক, ইহা উল্লেখ করা যাইতে পারে মে, তৃতীয় স্বায়্য্গের পক্ষাঘাত বশতঃ ও মস্তিক্ষের ব্যাধি বশতঃ দি-দর্শনের বিশেষ লক্ষণ এই যে, এই

সকল স্থলে যুগা চিত্রের একত্রিত হইবার অত্যন্ত অপ্রবণতা দেখা যায়। এমন

কি, উৎকৃষ্ট প্রিজম্ দারাও, উহাদিগকে একত্রিত করা কঠিন বা অসম্ভব;

একত্রিত করিলেও, প্রিজমের কিম্বা দৃশু বস্তর অবস্থানের পরিবর্ত্তন ঘটাইবা

মাত্র বি-দর্শন তংক্ষণাৎ পুনঃ উৎপন্ন হয়। যদি দেখা যায়, অকুলোনোটারিয়াস্ যে সকল পেশীতে বিস্তৃত থাকে তাহাদের এক বা অনেক পেশী
ও অত্যান্ত স্বায়ু যে সকল পেশীতে বিস্তৃত থাকে তাহাদের কতক গুলি পেশী
পক্ষাবাত যুক্ত হইয়াছে বিশেষতঃ যদি ছই চক্ষু আক্রান্ত হয় এবং অক্ষিকোটয়

মধ্যে কোন কারণ দেখিতে না পাওয়া যায় তাহাহইলে মস্তিক্ষের কোন ব্যাধি
ঘটিয়াছে জানা যায়। ভিন্ন ভিন্ন পেশী ক্রমান্তরে পক্ষাবাত যুক্ত হইলেও এই
রূপ জানিতে হইবে। তৃতীয় স্বায়ুগুগ্গ যে সকল পেশীতে বিস্তৃত থাকে
তাহাদের কতক গুলি পেশী, এবং তৎপরে টোক্লিয়্যারিস্ বা য়্যাবৃত্নেস

এবং তদনন্তর অপর চক্ষ্র এক বা অনেক পেশী আক্রান্ত হইলে উহা কোন

মস্তিকগত কারণ হইতে উৎপন্ন, এরপ অনুমান করা অন্তায় নহে। \*\*

ভাবিফল। মস্তিকের বেদ বা মস্তিক মধ্যস্থ কারণজাত পক্ষাথাত স্থলে, ভাবিফল ন্যুনাধিক অনিশ্চিত; কিন্তু স্পষ্টতই মস্তিক ব্যাধির প্রকৃতির উপর

<sup>\*</sup> Mr. Wells on Paralysis of the Muscles of the Eye: Ophthalmic Hospital Reports. p. 29. July, 1860.

ইহা অনেকটা নির্ভর করে, মন্তিদ্ধাত লক্ষণ অদৃশ্য হইলে দ্বি-দর্শন আরোগ্য হইতে পারে, কিন্তু অন্য প্রকারে হওয়া স্থক্ঠিন।

উপদংশ জনিত বা রুমেটিজম্ কারণোদ্ভুত পক্ষাঘাত স্থলে, উপযুক্ত চিকিৎসা হইলে যে পক্ষাঘাত ক্রমেং অদৃশ্য হইবে, এরূপ আশা করা যাইতে পারে, ম্যালেরিয়া সম্বনীয় কারণ জাত পক্ষাঘাত স্থলেও এইরূপ বলা যাইতে পারে।

অন্ধি কোটরের মধ্যে রক্তপ্রাব বা উহার মধ্যে কোন অর্ব্যুদের উৎপত্তি হেতৃ সায় পীড়ন প্রাপ্ত হওয়া প্রযুক্ত আক্ষিক পেশীর পক্ষাবাতে যে ভাবিফল হয়, উহা প্রতিই সঞ্চাপক কারণ অপনয়নের সম্ভাবনার উপর অনেকটা নির্ভর করে। ইহার সম্ভাবনা না থাকিলে, আক্ষিক পেশীর রোগাপনয়ন এক প্রকার অসম্ভব। পক্ষান্তরে প্রাবিত রক্ত বা ক্ষোটক দ্রীকৃত হইতে পারে, দ্রীকৃত হইলে, অক্ষির পৈশিক যয় সম্বন্ধে স্ক্লল আশা করা যাইতে পারে।

চিকিৎ সা।— উপদংশ অথবা রিউমেটিক্ কারণোভূত আক্ষিক পেশীর পক্ষাঘাত বোগে, তদ্তৎ স্থলে যে চিকিৎসার ব্যবস্থা পূর্ব্বে করা গিয়াছে, তাহাই অনুসরণ করা উচিত। এই সকল পক্ষাঘাতিক ব্যাধির আরোগ্য হইবার প্রবণতা আছে, বিশেষতঃ প্রকৃতিকে আরোগ্য করিবার চেষ্টায় বৃদ্ধি পূর্ব্বিক সাহায্য করিলে আরোগ্য হইবার সম্ভাবনা।

অক্ষিকোটরস্থ কারণ সম্ভূত পক্ষাঘাত স্থলে, উক্ত কারণ যদি রক্তপ্রাব জন্ত হয় তাহা হইলে উহাকে শোষিত হইতে দেওয়া ভাল ; যত শীঘ্র সম্ভব, ক্ষোটক সকল ভেদ করিবে ; কিন্তু এই সকল রোগে কিরূপ চিকিৎসা অমু-সরণীয়, তদ্বিবরণ জন্ত পাঠক অক্ষিকোটরের রোগ বিষয়ক তৃতীয় অধ্যায় দেখিবেন।

পূর্বেই বলা হইয়াছে, দ্বি-দর্শনের কোন কোন স্থলে প্রিজম্ ব্যবহার করিলে উপকার দর্শে। মনেকর—প্রকৃতির চেষ্টায় অথবা চিকিৎসাবলে দ্বি-দর্শন কতক নিবারিত হইয়াছে এবং প্রতিদ্বন্দ্বী পেশীর সম্বোচন ঘটে নাই; এমত স্থলে প্রতি দিন ৩।৪ ঘণ্টা পক্ষাঘাত যুক্ত পেশীকে নিম্ন লিখিত উপায়ে অল্ল অল্ল চালনা করত, প্রিজম্ ব্যবহার দ্বারা স্বল করান যাইতে পারে।

প্রিজমের ক্রিয়ার বিষয় অগ্রেই বিরত হইয়াছে (৪৭ প্রতিক্কতি দেথ); উহা দারা উহার স্থ্লান্তের দিকে আলোক ডিফ্র্যাক্টেড্ বা বক্রীকৃত হইলে, আলোকরশ্মি দকল এরপ অবস্থাতে বক্রকরা যায় যে, তাহারা ব্যাধিত চক্ষ্র রেটনার উপর ম্যাকিউলা লিউটিয়ার নিকট পড়ে। এই রূপে যে দৃষ্টির গোলমাল ঘটে (স্থু চক্ষুস্থ পীত স্থানে ও ছর্বল চক্ষুস্থ উহার পীত বিন্দ্র সনিকট কোন স্থানে আলোকরশ্মি পড়িয়া) তজ্জ্ঞ ছইটা চিত্র একত্রিত হইবার অভিপ্রায়ে ক্রয় চক্ষুর য়্যাক্সিদ্ বা মেরুদও ঘুরাইয়া পক্ষাঘাত যুক্ত পেশী দ্বি-দর্শন সংশোধনার্থ স্কুচিত হয়; এবং প্রতিদিন এই সঙ্কোচনের প্রভাবে যে ক্রিয়া হয় তদ্ধারা উহা ক্রমেং বল লাভ করতঃ শেষে প্রিজম ব্যতিরেকেও কার্য্য করিতে পারে \*। যঠ স্লাম্র পক্ষাঘাত কিম্বা যাহাতে ইন্ট্যারন্তাল্ রেক্টদ্ এক মাত্র পেশী কিম্বা প্রধানত আক্রান্ত হয় এরূপ তৃতীয়্ব স্লাম্র আংশিক পক্ষাঘাত আরোগ্যের সময় এতজ্বপ প্রাস্ব প্রয়োজনীয়।

এ মটাব্যাল্ রেক্টম্ পক্ষাথাত যুক্ত হইলে, ম্যাকিউলা লুটিয়ার নাসিকার দিকে আলোকরিশা ডিফ্র্যাক্টেড্ বা বক্র করিবার জন্ম প্রিজমের বেস বা স্থলান্ত চিব্কের দিকে রাথা উচিত; এই রূপে উৎপর দি-দর্শন শোধনার্থ, এক্সটার্ন্থাল্ রেক্টম্ সন্ধুচিত হইবে ও চক্ষুকে অল্ল বহিদ্ধিকে ফিরাইবে; এবং এইরূপে প্রতিদিন আন্তে আন্তে নিয়োজিত হইয়া, বল লাভ করত, শেষে উহার
পূর্ব্ব বলও প্রাপ্ত হইতে পারে। চক্ষ্ব অপর অপর পেশীর পক্ষাথাত স্থলে,
ঠিক পূর্ব্ব বিবৃত নিয়্মান্ত্র্সারে, প্রিজমের স্থ্লান্তকে এরূপ অবস্থাতে রাথা
কর্ত্ব্য, যাহাতে রুগ্ন পেশী কার্য্য করিতে পায়।

আক্ষিক পেশীর পক্ষাবাত স্থলে অনেক সময়, ফ্যারাডিজেসন্ উপকার করে; এক পোল্মুদ্রিত চক্ষর উপর, অপরটী সেই পার্শ্বের কর্ণের পশ্চাতে ধরিতে হয়। অর্বিকিউল্যারিস্ ও লিভেটর্ প্যাল্পিব্রির পক্ষাবাতের বিষয় আলোচনা করিবার সময়, এই প্রকার চিকিৎসার সম্বন্ধে পূর্ব্বে যে সকল মন্তব্য প্রকাশ করা হইয়াছে, আক্ষিক পেশীর পক্ষাবাত স্থলেও তাহাই প্রায়োগ করা যায়।

<sup>\*</sup> E. Meyer on Treatment of Strabismus by Prisms: Brit. and For. Med. Chir, Rev., vol. xxxiv. p. 392.

টেনোটমি নামক শস্ত্র প্রক্রিয়া (Operation of Tenotomy)। প্রতিদ্বন্দী পেশীতে গৌণ পরিবর্ত্তন না ঘটিলে, ভন্গ্র্যাফির মতে, আক্ষিক পেশীর পক্ষা-ঘাত জন্ত দি-দর্শন নিবারণের আর এক উপায় আছে; সে উপায়, রোগের অবস্থারুবায়ী, টেনোটমি প্রক্রিয়া।

মনে কর, বাম চক্ষুর একটার্ন্যাল্রেক্ট্র্ পক্ষাঘাত যুক্ত ও চিকিৎসার অন্তান্ত উপায় নিক্ষল হইয়াছে এমত স্থলে, আমরা ইন্টার্ন্যাল্রেক্ট্রে বিখণ্ড করিয়া উহাকে উহার স্বাভাবিক অবহা অপেক্ষা অধিক পশ্চাতে ক্রেরটিকের সহিত সংযোগ করিয়া দিতে পারি। এই উপায়ে, আমরা ইন্টার্ন্যাল্রেক্ট্রের ক্রিয়া হর্বল করি যাহাতে একটার্ন্যাল্রেক্ট্রের সমকক হইয়া বি-দর্শন বিনষ্ট করিতে পারে।

যাহা হউক, একাটার্ন্যাল রেক্টদের শক্তি ঈষৎ থবা হইলেই কেবল, এই প্রক্রিয়া সফল হয়; উহা অধিক গ্রন্ধল হইলে, ইনটার্ন্যাল রেক্টদের টেনো-টমি প্রক্রিয়ার সঙ্গে, এক্সটার্ন্যাল্ বেক্টম্কে বিভক্ত করা ও উহাকে কর্ণিয়ার সন্নিক্টস্থ স্ক্রেরটিকের সহিত সংযোগ করিয়া দেওয়া হয়। নিম্ন লিখিত উপায়ে এই কার্য্য সম্পন্ন হয়:—সাধারণ টেনোটমি প্রক্রিয়া স্থলে কন্জাংটাইভার ছেদ যেরূপ দেওয়া হয়, ইহা তদপেক্ষা অধিক আয়ত হওয়া আবশ্যক। বস্ততঃ, পেশীর টেগুন্ অনাবৃত করিয়া তরিয়ে ষ্ট্রাবিদ্যাদ্ হক্(Strabismus Hook) দেওয়া আরও ভাল ; টেন্ডনের মধ্যদিয়া রেসমের স্থতা দহিত বক্র স্চিকা প্রবৈশিত করান হয়; পরে স্কুচর বন্ধন বা বাঁধা হয়। পরে অক্ষির কোণের দিকে, স্কুচার হইতে 🖁 রেখা পরিমিত স্থান অন্তরে পেশী বিভাজিত, ও আর একটী স্থচাব্ পেশীর আকৃঞ্চিত ধারের মধ্য দিয়া প্রবিষ্ট করিয়া দিতে হয়; তদনন্তর ছুইটি স্কুচার একত্র বাঁধিলে, পেশী থর্ক হুইয়া যায়। বস্তুতঃ, রেক্টসের টেন্ডন্ হইতে একটী ক্ষুদ্র থও ছেদন করিয়া পেশীর বিভক্ত অন্তন্যকে নিকটে আনিলে, উহারা সংলগ্ন হইয়া যায়; সংলগ্ন হইলে পেশীর যতটুকু ভাগ ছেদন করা যায়, তৎপরিমাণ উহা থর্ক হয়। এইরূপে অফিংগোলকের উপর উহার ক্ষমতা বৃদ্ধি ও ইন্টার্ন্যাল্ রেক্টদের শক্তি হ্রাদ করত, আমরা সম্ভবত দ্বি-দর্শন নিবারণ করিতে পারি।

এই প্রক্রিয়ার প্রত্যক্ষ এক বাধা এই—বে পক্ষাবাত্যুক্ত পেশী সমূহ
সচরাচর মেদে পরিণত হয়; এমত স্থলে উল্লিখিত প্রক্রিয়া দারা উহাকে অধিক
কার্য্য করাইতে চেষ্টা করা বিফল। বস্তুতঃ যদিও যুক্তিতে, এতদ্রূপ স্থলে
টেনোটমি প্রক্রিয়া ব্যবহার করা ভাল তথাপি, ম্যাক্নামারার মতে, কোন
চক্ষ্র নাসিকার দিকে বা তাহার বিপরীত দিকে বিবর্ত্তন, উহার পেশীর পক্ষাযাত জনিত হইলে, এ রূপ প্রক্রিয়া অবলম্বন না করাই ভাল।

## ফ্র্যাবিস্মাস্ ( strabismus ) বা টেরাদৃষ্টি।

যে সকল স্থলে অক্ষিদ্যের রিলেটিভ্ বা সহযোগী গতির বিক্রিয়া থাকে,
অথচ পেশী সমূহের বাস্তবিক ক্ষমতার হ্রাস নাও থাকিতে পারে এমত সকল
স্থলেই ট্র্যাবিস্মাস্ শব্দ বাবহৃত হয়। ট্র্যাবিস্মাস্ ছই শ্রেণীতে বিভক্তঃ
প্রোম প্রকার স্থলে (ট্র্যাবিস্মাস্ কন্কমিটান্স) রোগী কথন এক বিন্দুর
প্রতিই অক্ষির্যের নিয়োগ করেনা; উহার উপর যে চক্ষুই বদ্ধ থাকুক না
কেন, উহারা সর্বাদা দৃশ্য বস্তার সন্মুথ দিকে চেরাক্ষতি হইয়া পড়ে। এমত
স্থলে, প্রত্যেক চক্ষুর গতি স্থান (Field of Excursion) ন্যন না হইয়া
কেবল নাসিকা বা তৎ বহিন্ধিকে কিঞ্জিৎ স্থানান্তরিত হইয়া থাকে।

দিতীয় শ্রেণীর ষ্ট্র্যাবিদ্যাদ্ স্থলে বাহাকে য়্যাপেরেণ্ট ষ্ট্র্যাবিদ্যাদ্ (Apparent Strabismus) কহে, কর্ণিরার মেরুদণ্ড সমূহ ক্রমস্ক্র্রাকেণি বা ক্রম স্থল কোণি (Convergent or divergent) থাকে, কিন্তু দর্শন রেথা সমূহ সংযোগ বিন্দৃতে (Point of Fixation) চেরাকৃতি হইয়া পড়ে। এমন কি স্রস্থ চক্ষেও, দর্শন রেথা সমূহ (Visual lines) সাধারণত কর্ণিয়ার মেরুদণ্ড সমূহের উপর না পড়িয়া, উহাদের সহিত একটা কোণ প্রস্তুত করিয়া থাকে। লোক বিশেষে এই কোণ বৃহৎ বা ক্ষুদ্র হয়; এই হেতু, দর্শন দণ্ড সমূহের (Visual lines) নির্দোষ ক্রিয়া সত্ত্বেও, অক্ষিদ্র পরস্পর বিভিন্ন (ডাইভার্জ) বা পরস্পর নিকটবর্ত্ত্রী (কনভার্জ) দেখায়।

ডাক্রার গিরোড্-টিউলন্ সাহেব যে নিয় লিখিত তালিকা প্রস্তুত করিয়া-ছেন তাহাতে ষ্ট্রাবিস্মাস্ রোগের কারণ সকল ও তাহাদের সচলাচর সংঘট-নের বিষয় দৃষ্ট হয়। বহিন্যিক (Abductor) পেশীর উপর অন্তর্নায়ক (Adductor) পেশীর সম্হের আজন্মজ কমতা (Congenital preponderence) বাহা সচরাচর হাইপার্ মিট্রোপিয়ার সদৃশ অথবা উহার বিপরীত অবস্থা বাহা মায়োপিয়ার সদৃশ .... শতকরা ৬০ আক্ষিক পেশী সমূহের আক্ষেপিক ও পক্ষাঘাত জন্য দোষ (যদ্বারা পরিবর্ত্তন শীল খ্র্যাবিদ্মাদ্ বা তির্য্যাণ্ দৃষ্টির প্রথম উৎপত্তি হয় ... ১৫ অক্থ্যাল্মি—কর্ণিয়ার অস্বচ্ছতা, আঘাত জন্য ... ১৫ এক চক্ষ্র স্থলক্ষিত ম্যাম্বিওপিয়া, যাহার পর অনেক সময় উক্ত চক্ষ্র ডাইভার্জেন্ট্ বা ক্রম বিকীর্ণ তির্য্যণ্ দৃষ্টি ঘটে ... ৫ অজ্ঞাত কারণ

তির্য্যকর্শনের সংপ্রাপ্তি সম্বন্ধে বিভিন্ন মত দেখা যায়। আর, বি, কার্টার वलन, विमल দर्भन विश्वषठः निक्षेष्ठ वल्कत विमल দर्भनार्थ, शहेशात-মিট্রোপ্ রোগী সমূহ প্রচুর পরিমাণ য়াাক্মোডেসন্ বা চকুর স্থাপন ও একত্রীকরণ (কন্ভার্জেন্স্) ক্রিয়া করিতে বাধ্য হয়; কারণ স্বায়ুকেন্দ্র দারা, উক্ত তুই প্রক্রিয়া, অতি ঘনিষ্ঠ সম্বন্ধে গ্রথিত। "অক্ষিগোলকের ফুর্নাট্নেস্ বা সমতলভাব এই ঘনিষ্ট স্নায়বীয় সংস্রবের কোন পরিবর্ত্তন ঘটায় না; এই হেতু, হাইপার্মিটোপ আক্রাস্ত শিশুর য়্যাকমডেসন্ পেশীর নিয়ত ক্রিয়া হইলে, কন্ভার্জেন্দু পেশীরও ঠিক দেইরূপ নিয়ত ক্রিয়া ঘটে, উক্ত প্েশী সকল অস্বাভাবিকরপে প্রবল হইয়া তাহাদের প্রতিদন্দী সমূহ হইতে বল-ত্তর হয়। নিজ্ঞিয় অবস্থায় বা নিজার সময় অকিদ্বয়ের অবস্থা, প্রায়িক সমান্তরাল ( Approximate Parallelism ) না হইয়া কন্ভার্জেন অবস্থ প্রাপ্ত হয়।" কিছুকাল পরে, নিকট বস্ত দেখিবার সময় শিশুর অফিদ্বর, নিকট সমান্তরাল অবস্থার পরিবর্তে অভ্যাস-লব্ধ কন্ভার্জেন্স অবস্থায় দেখিতে আরম্ভ করে। কন্ভার্জেন বা চক্ষ্রমকে পরম্পরের নিকটবর্তীকরণ প্রয়োজন অপেক্ষা অধিক হয় এবং অক্ষিদ্বয় দৃশ্য বস্তু যে স্থানে থাকে তদপেক্ষা নিকট কোন স্থলে নিয়োজিত হইলে, দ্বি-দর্শন ঘটিয়া থাকে। "পরিষ্কার দর্শন ও যুগল মূর্ত্তির নিবারণ অভিপ্রায়ে, শিশু এক চক্ষু অধিক ডাইভার্জেণ্ট্ করে---ইহাতে, উক্ত চকু দৃশ্য বস্তুর প্রতি নিয়োজিত হয়; এবং মেরদওদয়

আপনাদের প্রাথমিক সমান্তরাল সম্বন্ধের পরিবর্ত্তে, কন্ভার্জেন্দ্র সম্বন্ধের দিলিত হওয়ায়, একটা চক্ষু দৃশ্য বস্তু বিনির্দেশ নিমিন্ত বহির্দিকে ঘুরিলে, অপরটা পূর্বাপেক্ষা অধিকতর রূপে নাসিকার দিকে ঘুরিয়া থাকে।" হাইপার্-মিট্রোপিয়া এন্ত রোগী অপরিমিত কন্ভার্জেন্দ্র নিয়োগ করার সহজে বুঝা যায় যে নিকট বস্তুর প্রতি চাহিলে, মূর্ত্তি সকল প্রতি চক্ষুর পীতবর্ণ বিন্দুর বাহুদিকে বা নাসিকার অপর পার্শ্বে অঙ্কিত হয়, মূর্ত্তি ম্বরের কোনটিই সম্পূর্ণ স্পান্ত হয়না। মিপ্তার কার্টার বলেন, এই হেতু রোগী উভয় এয়টার্ন্যাল্ রেক্টসের ক্রিয়া দারা প্রবলতর ইন্টার্ন্যাল্ রেক্টস্ সমূহের পরাভব করিতে এবং য়্যাক্মডেসন্ বা অবস্থান স্কশ্ব্রুলতা শিথিল না করিয়া (উক্ত অবস্থান স্কশ্ব্রুলতা রোগী রক্ষা না করিয়া থাকিতে পারে না ) উভয় চক্ষু ঠিক উপযুক্ত স্থলে নিয়োগ করিতে পারেনা। কিন্তু সে ব্যক্তি একটা এয়টার্ন্যাল্ রেক্টস্ প্র আর একটি ইন্টার্ন্যাল্ রেক্টসের ক্রিয়া দারা উভয় চক্ষু এক সময়ে ঘুবাইতে পারে, যেন তাহারা বাস্তবিক সন্মিলিত।

পকান্তরে, ডাক্রার গিরৌড্-টিউলন্ বলেন—কন্কমিট্যান্ট্ বা সহযোগী তির্ঘান্দর্শন স্থলে, অমিলন কেবল মাত্র পেশী সমূহের দৈর্ঘাতা বৈষ্মার উপর নির্ভর করায়, পৈশীক ইনার্ভেসন্ বা শক্তি উভয় পার্থেই সমান।

অবিকাংশ মায়োপিয়া স্থলে বে পষ্টিরিয়র্ ষ্ট্যাফিলোমা বর্ত্তমান থাকে, তজ্জন্য অফিগোলক ইলিপ্সয়েড্ বা যবাকৃতি ধারণ করে, এবং অধ্যাপক ডণ্ডার্স মাহেব প্রমাণ করিয়ছেন যে, ঐ রূপ আকৃতির গহ্বরের সর্ট য়্যাকৃসিস্ বা ক্ষুদ্র মেরুদণ্ড চতুর্দ্দিকে ঘ্রাইতে, অফিরয়ের গতির ব্যাঘাত ঘটে। নাসিকার দিকে এইরূপ প্রতিহত গতি প্রযুক্ত ইহা স্বীকার করা যাইতে পারে, দর্শন রেখা সমূহকে ২ ৫ দ্রে একত্রিত করা যায় না। উক্ত দ্রে একত্রিত করিতে হইলে, স্বস্থ চক্ষে যজেপ হয়, তদপেক্ষা প্রবলতর কন্ভার্জেন্সের অধীনে কর্ণিয়ার মেরুদণ্ডকে আনা আবশ্রক। ইন্টার্ন্যাল্রেক্ট্রন্ সমূহের ঐরূপ অপরিমিত ক্রিয়ার পর শ্রান্তি অমুভূত হয় এবং প্রবলতর একটার্ন্যাল্ পেশী চক্ষ্কে বাহ্নিকে ঘুরাইয়া রাখে।

অপিচ, মায়োপিয়াগ্রস্ত রোগী দর্বদা এক চক্ষু অপেকা অপরটী অধিক ব্যবহার করে; ক্ষুদ্র বস্তু স্থনির্দেশ করিবার চেষ্টায় সে যে চক্ষু ব্যবহার করিবার ইচ্ছা করে সর্বাদাই তাহার নিকটে দৃশ্য পদার্থ লইয়া আইদে; ইতিনধ্যে, অপর চক্ষু অনন্ত অবকাশের (Space) প্রতি নিয়োজিত হওয়ায় ইন্টান্যাল্ রেক্টদ্ সমূহের সমবেত ক্রিয়া ব্যাহত হয়।

শেষতঃ, উভয় চক্র আলোক বক্রকারী শক্তি (রিজ্যাক্সন্) সচরাচর বিশেষ বিভিন্ন হওয়া প্রযুক্ত এবং তজ্জন্য রোগীকে বাইন্কুলার ভিসনের বা উভয় চক্ষ্র দৃষ্টির স্থবিধা হইতেও ইণ্টার্ন্যাল্ রেক্টস্ সমৃহের সমকালীন ব্যবহারে (যাহা এই ক্রিয়ায় দরকার হয় ) বঞ্চিত করায়, মায়োপিয়া স্থলে এই সকল পেশীর সমবেত ক্রিয়া আর ও পরিবর্ত্তিত হয়। এই সকলের মধ্যে এক বা অনেক কারণে ইণ্টার্ন্যাল্ রেক্টস্ সকল স্বাভাবিক ক্ষমতা হারাইলে, চক্ষ্ ইভার্টেড্ বা বহির্দিকে বিবর্ত্তিত হয়; অনন্তর দি-দর্শন উৎপন্ন হয়; ইহা নিবারণার্থ রোগী ইভার্টেড্ বা বহির্বিক্তিত চক্ষে যেন দর্শন হইতেছে না, এইক্রপ মনে করিয়া লয়——এই রোগ কিছুকাল পরে আাশ্বিওপিয়ায়ুক্ত হইয়া দাঁড়ায়।

প্রতীয়সান তির্বাগ্দর্শন (Apparent Strabismus #)।—
তির্ঘাদর্শন য়াপেরেন্ট্ অর্থাং প্রতীয়সান বা কন্কমিট্যান্ট্ অর্থাৎ সহযোগী
জানিতে হইলে, আমরা রোগীর এক চক্ষু এক হস্ত দ্বারা আবৃত করিয়া, উহাকে
অনাবৃত চক্ষ্বারা অপর হস্তের তর্জ্জনী অঙ্গুলির প্রতি মনোযোগ সহকারে দর্শন
করিতে নিয়োগ করি। যদি সে অঙ্গুলির দিকে স্থিরভাবে চাহে, আমরা তৎক্ষণাৎ আবৃত চক্ষু খুলিয়া দিই। হস্ত সরাইয়া লইলে যদি আবৃত চক্ষু না নড়ে
এবং রোগী ঐ চক্ষু দ্বারা অঙ্গুলি স্থাপ্ত দেখিতে পায়, জানিবে তির্ঘাদর্শন
কেবল য়্যাপেরেন্ট্ মাত্র। এইরূপ প্রকারের তির্ঘাদর্শন, সাধারণতঃ ডাইভার্জেন্ট্ বা ক্রম বিকীর্ণ হয়। এক চক্ষু অপেক্ষা অপর চক্ষে অমিলন স্থাপ্ত
হইলে, জানিবে একতম পেশীর সম্ভবত পক্ষাবাত ঘটয়াছে।

ফ্র্যাবিস্মস্ কন্ ভার্কেন্স (Strabismus Convergence)।—
মনেকর, এক চক্ষু দ্বিত হইয়াছে, রোগীর মুখের সন্মুখে কোন বস্তু ধরিয়া
উহাকে তৎপ্রতি দৃষ্টি নিক্ষেপ করিতে বলিলে, দেখা যায়, কার্যাশীল চক্ষু ( বে

<sup>\* &</sup>quot;A Manual of Examination of the Eyes," by Dr. E. Landolt, p. 45.

চক্ষু কার্য্য করিতে থাকে) তাহার প্রতি বদ্ধ আছে, কিন্তু টেরা চক্ষু তৎক্ষণাৎ নাসিকার দিকে ঘূর্ণিত হয়। কার্য্যশীল চক্ষু মুদ্রিত করিলে, টেরা চক্ষু অল্ল নাসিকার অপর দিকে ঘূরিয়া দৃশ্য বস্তুর প্রতি বদ্ধ হয়; কিন্তু অপর চক্ষু মুক্ত করিলে টেরা চক্ষু পুনরায় নাসিকার দিকে ঘুরিয়া থাকে।

তির্যান্দর্শনের গৌণকোণ শব্দে কি বুঝায়, পূব্দেই বল। হইয়াছে; আরও এই সাধারণ নিয়ম উলিথিত হইয়াছে যে—পক্ষাথাত স্থলে গৌণকোণ মুথ্য-কোণ অপেকা সর্বাদা বৃহত্তর; কিন্ত ট্রাবিদ্যাস্ স্থলে এই নিয়ম থাটে না; কারণ রোগীর মুথের সন্মুথে কোন বস্তার প্রতি টেরা চক্ষু নিয়োজিত করিয়া কার্যাশীল চক্ষু মুদ্রিত করিলে, টেরা চক্ষু যে পরিমাণ নালিকার অপরদিকে ফিরে, উহাও সেই পরিমাণ নাসিকার দিকে ফিরিয়া থাকে।

এক বস্তুর প্রতি উভয় চক্ষুর দর্শন নেরুদণ্ড বদ্ধ করিতে না পারাতে, বি-দর্শন জন্মায়; এবং ইণ্টার্ন্যাল্ ট্র্যাবিদ্যাদ্ স্থলে দি-দর্শন ডিরেক্ট্রা সাক্ষাৎ হইয়া থাকে; টেরা চক্ষু দ্বারা যে মূর্ত্তি দৃষ্ট হয়, উহা সেই দিকের শঙ্খ প্রদেশের দিকে ধাবিত দেখায়।

দি-দর্শন তিরোহিত হইতে পারে কারণ, আলোক রশ্মি টেরা চক্ষুর মধ্যে রেটিনার পেরিফিরাল্ বা পার্শ্বর্ত্তী অল্লতর স্পর্শবোধক স্থানের উপর পড়ে ও কিছুকাল পরে রোগী সেই মূর্ত্তি অন্তত্তব করিতে বিশ্বত হইরা যার। তির্ব্যুক্তর্পন অকিঞিৎকর হইলে, মূর্ত্তি মাাকিউলা লুটিয়ার সন্নিকট রেটিনার উপর পড়ে; রেটিনার এই অংশ বিশেষ স্পর্শবোধক বলিয়া, দৃষ্টি মালিনা অধিক হইলে, উহা নিবারণার্থ চক্ষু সমধিক নাসিকারদিকে বিবৃত্তিত হইয়া পড়ে।

উলিখিত মন্তব্য প্রকাশ করিবার সময় কেবল এক চক্ষু দৃষিত ধরা গিয়াছে; কিন্তু সর্ব্বদাই যে কেবল এক চক্ষু মাত্র আক্রান্ত হয়, এমত নহে। তির্যাণদর্শন প্রথমে এক চক্ষে পরে অপর চক্ষে আবিভূতি হয়; এই হেতু প্রতীয়মান কার্য্যশীল চক্ষু মুদ্রিত হইলে, টেরা চক্ষু উহার স্বাভাবিক অবস্থান ধারণ করে; কিন্তু পূর্ব্ব অক্ষি উন্মীলিত হইলে, উহা পুনরায় নাদিকার দিকে বিবর্ত্তিত না হইয়া, স্বীয়, স্বাভাবিক অবস্থান রক্ষা করিতে এবং অপর অক্ষি নাদিকার দিকে বিবর্ত্তিত থাকিতে পারে। বস্তুতঃ, অগ্রে একটী চক্ষু পশ্চাৎ অপরটী তির্যাণদৃষ্টি করিয়া থাকে; রোগী

বে চক্ষ্ই বাবহার করুক না কেন তাহাতে কিছু আইসে যায় না; কিছু সে এক বস্তুর প্রতি একেবারেই উভয় আক্ষিক মেরুদণ্ড নিয়োগ করিতে পারে না; এই দকল স্থলে উভয় চক্ষুর দর্শন শক্তি প্রায় দমান স্তুত্ব থাকে। যাহা হউক, কিছুকাল পরে এক চক্ষুর দর্শন শক্তি অপরের অপেক্ষা তীক্ষ্ণ হইলে, রোগী ইহা অন্তুত্ব করিয়া দর্ব্বাপেক্ষা ক্ষীণ চক্ষ্ণ নাদিকার দিকে যুরায় ও উহাকে ঐরপ অবস্থানে রাথে এবং অপর চক্ষুর সাহায্যে কার্য্য, করিয়া থাকে; এইরুণ প্রকারে তির্ঘ্য কর্শন দৃঢ়বদ্ধ হইয়া যায়।

কিছুকাল তির্যাগদর্শন স্থায়ী থাকিলে, দূষিত চক্ষুর দর্শন শক্তির উন্নতি শস্ত্র চিকিৎসা দারা হইবে কি না তাহা উহার দৃষ্টির তীক্ষতার উপর নির্ভর করে। দৃষ্টি একরপ ভাল থাকিলে এবং কার্য্যশীল চক্ষু মুদ্রিত করতঃ সন্মুখস্থ বস্তর প্রতি টেরা চক্ষু স্থির ভাবে নিয়োগ করিতে পারিলে, শস্ত্র চিকিৎসায় উপকার দর্শিতে পারে। কিন্তু দৃষ্টি পূর্ব্বেই সমধিক তুর্বল হইলে এবং রোগী কোন দৃশ্য বস্তর প্রতি টেরা চক্ষু স্থির করিতে না পারিলে ( যদিও অপর চক্ষু নিমীলিত থাকে ) শস্ত্র প্রক্রিয়ার দারা যদি উপকার হয়, তাহা অতি অল্ল। যাবৎ শিশু এমত বড় না হয় যে আমরা উহার উভয় চক্ষুর দৃষ্টি একরূপ ভাল আছে কি না স্থির করিতে পারি, ও সে শস্ত্রক্রিয়ার পর রিফ্র্যাক্সন্ বা আলোক বক্রকারীণী শক্তির দোষ নিবারণার্থ চসমা ধারণে অসমর্য হয়, তাবৎকাল তির্যাগদর্শন রোগে শস্ত্রচিকিৎসা করা বাঞ্ছণীয় নহে।

চিকিৎসা। — তির্য্যন্দর্শন নিবারণার্থ অনেকে অনেক উপায় বলেন; কিন্তু টোনোটমি দারা পেশীর শক্তি হ্রাস করতঃ ট্র্যাবিস্মাস্ আরোগ্য করা আমাদের উদ্দেশ্য, অতএব দ্বিত পেশীর টেনোটমির প্রতিই আমাদের মনোযোগ দিলেই চলিতে পারে।

সত্য বটে, রিফ্রাক্টিভ্বা আলোক বক্রকারী পথে যে অস্বাভাবিকা বোগ হয় যদারা তির্ঘাদর্শন উৎপন্ন হয় তাহা নিবারণার্থ, হাইপার্মিট্রো-পিয়া স্থলে কন্তেকা প্রাস এবং মায়োপিয়া স্থলে কন্কেভ্ প্রাস দারা অনেক উপকার হয়; কিন্তু তির্ঘাদর্শন একবার হইলে, কেবল পশ্চা-ফ্লিখিত কতকগুলি স্থল ব্যতীত ঐ টেরাদ্স্থির কারণভূত পেশী সম্হের বিভাগেরই উপর ডাক্তার ম্যাক্নামারা নির্ভর করেন।

এমন কি একদিকস্থ তির্ঘ্যক্ষর্শন স্থলে শুদ্ধ টেরা চক্ষুর নয়, কার্য্যশীল চক্ষুরও পেশী বিভাজন করিতে ডাক্তার ম্যাক্নামারা উপদেশ দেন; কারণ-এক সাধারণ গতিদ শক্তি দারা অক্ষিদ্বয়ের সমান্তরাল ভাব ( Parallelism ) নিয়মিত হয়। কেবল এক চক্ষুর ইণ্টার্ন্যাল্ রেক্ট্র বিভাজিত হইলে উহার টেওন পশ্চাতে সরিয়া গিয়া, উহার স্বাভাবিক অবস্থান অপেক্ষা অধিক পশ্চাৎ স্কেরটিকের সহিত লিপ্ত হইয়া যায়; যে পেশীর উপর শস্ত্রক্রিয়া করা হয় নাই উহার ইন্দার্শন বা অন্তভাগ অপর চক্ষুর ইন্টারন্যাল্ রেক্টদের ইন্সার্সনের সন্মুথবর্জী বলিয়া, তাহা বুহত্তর (প্রবল্তর) এবং অক্ষিদ্বর নিকটস্থ স্থানে সন্ধিবেশিত হইলে এইরূপ পেশী, বিভক্ত পেশীর অপেকা প্রবলতর হয়। এই জন্ম ম্যাক্নামারা সাহেব সর্বাদা উভয় চকুর ইণ্টার্ন্যাল্ রেক্টস্দিথও করিয়া থাকেন এবং উভয় পেশীর য়্যাট্যাচমেণ্ট বা দংযোগ দমভাবে দরাইয়া স্থির অবস্থায় এবং উভয় চক্ষুকে কন্ভার্জ বা সন্মিলিত করিবার সময় সমান্তরাল ভাব আনয়ন করেন। যাহা হউক অনেক শস্ত্র চিকিংসক উভয় ইণ্টার্ন্যালু রেক্টস একেবারে শস্ত্র না করিয়া প্রথম একটা চক্ষুর উপর, পরে আর একটীর উপর শস্ত্রপ্রক্রিয়া করা ভাল विद्यान। कद्रान।

বেক্টন্ পেশী টেণ্ডন্ সমূহের সহিত ক্যাপ্স্থল্ অব্ টেননের সম্বন্ধের বিষয় পূর্ব্বে ১পৃষ্ঠায় বলীত হইয়াছে; এই কথা মাত্র এস্থলে বলা আবশ্যক যে, তির্ঘ্যান্দর্শন উপশ্যনার্থ পেশী সমূহের টেণ্ডন্ সকল বিভাগ করিবার সময়, স্কেরটিকের সহিত যথায় উহাদের সন্ধি হইয়াছে তথায় বিভাগ করা উচিত যাহাতে, যতদূর সম্ভব ক্যাপ্স্থল্ অব্ টেননের সহিত উহাদের সংযোগের বিল্প না ঘটে।

কোরোফরম্ দারা বোগীকে অচৈতন্ত ও প্রপ্সেক্লম্ দারা অকিপুট স্বতন্ত্রিত করিয়া ( এখনে ইন্টার্ন্যাল্ রেক্টম্ পেশী বিভাজ্য ) একজন সহকারী ফর্দেপ্স্ দারা কন্জংটাইভার একটা ভাঁজ ধরিয়া অক্ষিগোলক নাসিকার অপরদিকে ফিরাইয়া ধরেন। অনন্তর, কর্ণিয়ার অধঃধারে ও কেরাক্ষল অভিমুখে পশ্চাদ্রাগ হইতে শস্ত চিকিৎসক ফিক্সিং ফর্সেপ্স্ দারা কন্জংটাইভার একটা ভাঁজ উর্দ্ধোত্তোলিত করেন। তৎপরে স্কেরটিক্ অবধি সমস্ত

নির্মাণ বিভাজিত করতঃ ফর্দেপ্সে র অধঃস্থ কন্জংটাইভার ভাঁজ কর্ত্তন করিতে হয়। ফ্লেরটিককে দম্পূর্ণ উন্মৃক্ত করা নিতান্ত আবশুক। অনন্তর শস্ত্রকারক একটা কাউএলের (Cowell's) ট্র্যাবিদ্যাদ্ হুকের পয়েণ্ট্ বা অগ্রভাগ ফ্লেরটিকের উপর রাথিয়া, পেশীর অধঃদিকে দিবার জন্য অল্প অধঃদিকে এবং পশ্চাতে দিবার জন্য বিলক্ষণ পশ্চাদেশে উহাকে চালাইয়া দেন; যন্ত্রের অগ্রভাগ এখনও ফ্লেরটিকের উপর রাথিয়া পরে উর্দ্ধে ও সন্মুথে চালিত হয়—ইহাতে হুকের। অন্তর্পেনীর উর্দ্ধে কন্জংটাইভার অধঃদিকে উপনীত হয়। এক্ষণে, অক্ষিকোটরের বাহ্য কোণের দিকে হুক্ সরাইয়া ইণ্টার্ন্যাল্ রেক্টম্ টানিয়া ধরিতে হয়; এইরূপে যথন পেশীর টেগুন্ টানয়ুক্ত থাকে, তৎকালে কাঁচির ফলকদ্বয় ক্ষতমধ্যে প্রবেশ করাইতে হয়, কাঁচির অধঃস্থ ফলক ফ্লেরটিক্ সংস্পর্শ রাথিয়া টেগুনের অধঃ দিকে এবং কাঁচির উর্দ্ধন্থ ফলক কজংটাইভা ও টেগুনের মধ্যে স্থাপন করিতে হয়। এই রূপে পেশীর টেগুন্ বিভাজিত করা যায়। অনন্তর পেশীর কোন পার্শ্বন্থ শাথা অকর্ত্তিত আছে কি না জানিবার জন্য, ট্র্যাবিদ্যাদ্ হুক্ ফ্লেরটিকের সন্মুথে উর্দ্ধ ও অধঃ ভাগে চালাইতে হয়; যদি অকর্ত্তিত থাকে, যত্ন পূর্ম্বক উহাদিগকে বিভাজিত করা কর্ত্ব্য।

অনন্তর কিছু দিন চক্ষ্কে বিশ্রান্ত রাখিতে হয়; শস্ত্র প্রেক্রার পর প্রথম ২৪ ঘণ্টা শীতল কম্প্রেদ্ব্যবহার করা যায়।

রোগীর চৈতন্ত হইলে, ইন্টারন্যাল্ রেক্টস্ সমুহের অবস্থা নির্ণরার্থ যে
চক্ষে শস্তপ্রক্রিয়া করা হইয়াছে উহা পরীক্ষা করা উচিত। ইহা স্পষ্টই দেখা
যাইতেছে যে, শস্ত্রক্রিয়া স্থচাকর্রপে সম্পন্ন হইলে, টেণ্ডনের দারা ক্যাপ্স্ল্
অব্ টিননের সহিত পেশী সমূহের সম্বন্ধ থাকায় অক্ষিদ্বয়্ম নাসিকার দিকে
ফিরাইবার কতক ক্ষমতা তখন ও রোগীর থাকে। ইহাতে রোগীর নাসিকার
সন্থে প্রায় ৬ ইঞ্চি দ্রে কোন বস্তু ধরিলে উভয় চক্ষু উহার উপর পড়ে;
কিন্তু উহাকে মুখের আরও নিকটে ধরিলে, বিভাজিত পেশী সমূহের, অক্ষি
দ্বরকে আরও অধিক নাসিকার দিকে ফ্রোইবার যথেষ্ট শক্তি থাকেনা।

তিন অথব। চারি দিনের মধ্যে যেখানে পেশী সমূহ সংযুক্ত থাকে তাহার কিঞ্চিং পশ্চাদ্রাগে ফুেরটিকের সহিত পেশীগুলির বিভাজিত অন্ত সকল সংযুক্ত হইয়া যায়; এবং ইণ্টারন্যাল্ রেক্টস্ সমূহের ক্রিয়া যেমন সুমধিক প্রবল হইতে থাকে, অক্ষিদ্বয় অমনি একত্র কার্য্য করে এবং তির্যক্ষন উপশ্যিত হইয়া যায়।

অপর রেক্ট্রন্ পেশীদ্যের কোন একটা বিভাজিত করা প্রয়োজন হইলে, উপরি বর্ণিত প্রণালীতে শস্ত্রক্রিয়া করা যাইতে পারে।

যুবকদের মধ্যে সচরাচর অনেক এরপ তির্যান্দর্শন স্থল দেখা যায় যথায় বাবহারাভাবে এক চক্ষুর দৃষ্টি শক্তি দ্বিত হইরা গিরাছে। এতজ্ঞপ স্থলে, কার্যাশীল চক্ষু মুদিত করিরা প্রতিদিন ৩।৪ ঘণ্টা কাল একথানি উপযুক্ত লেন্দের সাহায্যে টেরা চক্ষু পাঠ বিষয়ে নিয়োগ করিবে। পরে টেরা চক্ষুর পেশী বিভাজিত করিলে অনেক উপকার দর্শিতে পারে; কিন্তু সেন্দোরিয়াল্ গাইড্যান্স (Sensorial guidance) বা ইন্দ্রির জ্ঞানের অভাবে প্রায় গতির বিশৃজ্ঞালতা ঘটায়, এতজ্ঞপ স্থলে আমাদের কেবল এক চক্ষুর উপর শস্ত্র ক্রিয়া করা উচিত। অপেক্ষান্ধত বয়ঃবৃদ্ধ লোকের এক চক্ষুর দৃষ্টিশক্তি দ্বিত হইতে পারে, এতজ্ঞপ অবস্থায়, পূর্বোক্ত নিয়ম উপযোগী অর্থাৎ কেবল টেরা চক্ষেশস্ত্র প্রক্রিয়া করিবে; কিন্তু এই চক্ষুর দৃষ্টি শক্তির প্রায় উন্নতি হয় না।

বাহ্ রেক্টম্ পেশীর পক্ষাণাত বা ছ্র্বলতাজনিত কন্তারজেণ্ট্ বা ক্রম-স্ক্ল-কোণি তির্ঘাদর্শন স্থলে কোনং চিকিৎসক পূর্ক বিবৃত নিয়ম অনুসারে চিকিৎসা করেন; তাঁহারা ইন্টার্ভাল্ রেক্টম বিভাজিত ও এক্টার্ভাল্ পেশী থর্ক করেন; সর্কাণ এইটা মনে জাগরিত থাকা উচিত যে পরে, উত্তম রূপ ও বহুদিন স্থায়ী ফ্যারাডিজেসন্ ক্রিয়া দারা, ছ্র্বলীক্ত এক্টার্ভাল্ পেশী বলযুক্ত করিবার চেষ্টা করিতে হইবে।

পূর্বেই বলা হইয়াছে, ডাইভার্জেণ্ট্ স্কুইণ্ট্ বা তির্যাদর্শন সচরাচর ক্রমে স্থলকোণি ইন্টারন্তাল্ রেক্টসের অসম্পূর্ণতা ও মায়োপিয়া প্রযুক্ত জন্মে; কন্ভারজেণ্ট্ স্কুইণ্ট্ বা তির্যাদর্শন নিবার্গার্থ শস্ত্র চিকিৎসার দোষ হইলেও ইহা উৎপর হয়। যে হলে এক চক্ষুর দৃষ্টি অধিক দ্বিত হয়, তৎস্থলে ঐ চক্ষু সচরাচর ডাইভার্জ বা এক চক্ষু হইতে অপর দিকে ফিরিয়া থাকে; এতজ্ঞা অবস্থায়, উপরের শোভার্থ তির্যাদর্শন শোধন এবং যে রূপ টেনোটিন প্রক্রিয়া বর্ণিত হইয়াছে তজ্ঞপ প্রক্রিয়া ছারা ইন্টার্স্তাল্ রেক্টস্ থর্ম্ব করা আবশ্রক হইতে পারে; এমত স্থলে, এক্ষটার্স্তাল্ রেক্টসকে কনজং-

টাইভার নীচে বিভাজিত করা উচিত যাহাতে উহার অন্তকে অধিক পশ্চাতে রাথা যায়। বস্ততঃ এই শ্রেণীর সকল প্রকার ডাইভার্জেন্ট্ স্কুইন্ট্ বা তিয়াপদর্শন স্থল উপশমনার্থ, আমাদের ইন্টারন্তাল্ রেক্টস্ থর্ম করা অথবা স্কুরটিকের উপর উহার ইন্সারসন্বা অন্ত অধিক সন্মুথে আনা উচিত; উহাকে বিভাজন দ্বারা এবং রিট্রাক্টেড্ বা সন্ধুচিত অন্ত উহার স্বাভাবিক অবস্থানের পশ্চাতে স্কুরটিকের সহিত মিলিত করিয়া, একাটার্তাল্। রেক্টস্ পেশীর দৈর্ঘ্যতা বৃদ্ধি করা কর্ত্র্য—যাহাতে উহার শক্তি হাস হয়। কিন্তু আমরা এক্রপ ডাইভার্জেন্ট্ স্কুইন্ট্ বা তির্যান্দর্শন স্থল সমূহ দেখিতে পাই, যথায় টেরা চন্ধুর দৃষ্টিশক্তি বড় মন্দ নয়; এক্রপ স্থলে, চন্ধুর এক্টার্ন্যাল্ রেক্টসের সাধারণ টেনোটমি প্রক্রিয়া করিলে, সচরাচর স্থলন ফলিয়া থাকে।

তাধঃ তির্যাগ্রদর্শন ( Downward Squint )। — অক্রির এই পীড়া প্রায় ঘটে না; কিন্তু বোদ্বাইবাসী সর্জন্ মেজর পাট্রিজ বর্ণিত নিমু লিখিত স্থলটী, এই রূপ রোগের লক্ষণ ও সকল চিকিৎসার অতি উত্তম উদাহরণ—কাপ্তেন ই, বয়স ৪০, ১৮৬৯ সালের নেপ্টেম্বর মাসে ম্যাক্না-মারার চিকিৎসাধীনে আইসে; রোগী নিবেদন করিল তাহার সদোষ দর্শন ও ষ্ট্রাবিদ্নাদ্(হইরাছে। পরীক্ষা দারা জানা গেল, রোগী সাধারণতঃ কেবল দিক্ষিণ চক্ষু ব্যবহার করিত এবং বিবিধ অঙ্কিত মূর্ত্তির ভ্রান্তি নিবারণার্থ বাম চক্ষুর পুট অর্দ্ধি মুদ্রিত করার স্বভাব তাহার জিমায়া গিয়াছে। দক্ষিণ চক্ষু মুদ্রিত করিরা বাম চক্ষে, স্পষ্ট না হউক, কিন্তু দেখিতে পাইত। ১২ইঞ দূরে কোন বস্তার দিকে উভয় চক্ষু দৃষ্টি করিতে বলিয়া দেখা গিয়াছিল, উহার বাম চক্ষু তৎক্ষণাৎ অধঃ দিকে বা অধঃ ও ঈষৎ নাদিকার দিকে ফিরিল। দক্ষিণ চক্ষু মুদ্রিত করিলে বাম চক্ষু স্বস্থানে আসিল এবং দেখা গেল প্রায় ২ লাইন পরিমিত মুখ্য বিবর্ত্তন ( Primary deviation ) ঘটিয়াছে। বাম চক্ষু স্থানে আদিবার সময় দক্ষিণ চক্ষু নিরীক্ষণ করিয়া দেখা গেল—দেক-ভারি ডিভিয়েদন্বা গোণ বিবর্তন প্রাইমারি বা মুখ্য বিবর্তনের সমান; জতএব বুঝা গেল, প্রতিদ্বন্দী পেশীর কোনরূপ পক্ষাবাত হয় নাই।

উভয় চক্ষু অনাবৃত করতঃ, রোগীকে শুদ্ধ বাম চক্ষু দারা দেখিতে বলায়, দৃষ্ট হইল দক্ষিণ চক্ষু কিঞ্চিং উৰ্দ্ধ দিকে কিরিয়া আছে।

রোগীর দৃষ্টি পরীক্ষা করিয়া দেখিলাম দে দশ ফিট ছুরে কেবল নং ২৩ মেলেন (Snellen) পড়িতে পারে; কিন্তু ঐ দর্শন কোন ক্ষেরিক্যাল্ ম্যান্ (Spherical glass) বা বৃত্তাকার চদ্যা দর্শন শোধিত করিতে পারিয়াছিল; দর্শন = ३। বাম চকু দারা সে ৫ ফিট্ অন্তরে কেবল নং ২০ পড়িতে পারিত, দ= । রুত্তাকার চদমা দর্শন শোধিত কিছুই করিয়া ছিল না। ষাহাহউক, তেনোপেইক যন্ত্ৰ (Stenopaic apparatus) দারা দেখিলান, বোগীর দক্ষিণ চক্ষে সিম্পল্ য়ৢাষ্টিগ্যাটিজম্(Simple Astigmatism) রহিষাছে; উহা ভার্টিক্যাল্ বা উদ্ধাধঃ নেরিডিয়ানে ( ক্র ) মায়োপিয়া যুক্ত; এবং হোরাইজণ্ট্যাল্ বা সমতল মেরিডিয়ানে এমিট্পিক্ বা স্বাভাবিক দেখা গেল; একথানি কন্কেভ্ সিলিভি ক্যাল্ কাঁচে (উহার মেরুদ্ও সমতলভাবে রাথিয়া) রোগীকে ২০ ফিট অন্তরে স্থম্পন্ত পড়িতে সমর্থ করিয়া ছিল। উহার বাম চক্ষে মিশ্র "য়াষ্টিগ্ন্যাটজন্" ছিল। উহা ভার্টিক্যাল বা উদ্ধাধঃ ও হোর।ই-জণ্টাল সমতল মেরিডিয়ানের মধ্যতানের দিকে 🖧 ভাগ মারোপিয়া যুক্ত এবং রোগী, পূর্মোক্ত দিকের সনকোণ অভিনুথে 🕏 ভাগ হাই-পার্নিট্রোপিক্ ছিল। ছই থানি সিলিভিক্যাল্ কাচের সংযোগে, (--৫০) দেনিহোরাইজণ্ট্যাল্ বা অদ্ধ সমতল দিকে, এবং (৪০) থানি সেনিভার্টিক্যাল্ বা মদ্ধ উদ্ধার্থঃ দিকে—১৪ ফিট দূরে পর্য্যন্ত দর্শন শোধিত করিয়াছিল se বৎসরের ব্যাধি জন্য ম্যাম্বিওপিয়া রোগীকে ২০ ফিট অন্তরে শীঘ্র শীঘ্র পড়িতে অক্ষম করিয়া ছিল।

"রোগীর পক্ষাঘাতের অভাব, প্রিজম্ দারা দি-দর্শন উৎপন্ন হওয়া উপযুক্ত চদ্মা দারা দর্শন শোধিত হইতে পারে—এই সকল বিষয় আলোচনা করিয়া, তির্যান্দর্শন ৪৫ বংসর স্থায়ী হইলেও, কেন তাহা শস্ত্রপ্রক্রিয়া দারা শান্তি হইবে না ইহার কোন কারণ দেখিলাম না। অতএব, রোগীকে ক্লোরোফরম দারা সংজ্ঞা শূন্য করিয়া কন্জংটাইভার নিম্নে শস্ত্র প্রক্রিয়া দারা অধঃ রেক্টম্ বিভাজিত করিলাম। পেশীর পার্শ বিস্তৃত একেবারেই হয় নাই; অকি, প্রথমত নাসিকার অপর দিকে ঘুরিয়া ছিল নতুবা তৎক্ষণাৎ উপযুক্ত রূপে সংশোধিত হইরাছিল; কিন্তু প্রথম দিনের পর ইহাও সংশোধিত হইরাছিল। এক্সণে অকি সম্পূর্ণ শুদ্ধ, সমস্ত দোষ তিরোহিত হইরাছে। শেষ

বারে রোগীকে দেখিবার সময় দেখিলাম এখনও তাহার য়াটিগ্যাটিক্ চদ্মা আসে নাই—কিন্তু আমি নিঃসংশয় বলিতে পারি চদ্মা পাইলে রোগী যে কেবল আপাতত দর্শনে ভাল দেখাইবে এমত নহে কিন্তু যে উত্তম দর্শন ও অনুভব করিবে।"\*

অকি গোলকদ্বরের এক প্রকার বিশেষ কম্পনকে নিষ্ট্রাগ্মস (Nystagmus) কহে; এই কম্পন সচরাচর সমতল দিকে ঘটে। অক্লিদ্বরের বিষম গতির সময়, রোগী বলে তাহার দ্বি-দর্শন হইতেছে এবং সে তাহার দৈনিক কার্য্য করণে সম্পূর্ণ অশক্ত। নিষ্ট্রাগ্মস্ সাধারণতঃ শৈশবাবস্থায় আবিভূতি হয়, কিন্তু কোন কোন স্থলে অন্য সময়েও ঘটিয়া থাকে। যথা—কয়লার খনির কুলিদের এক পার্শ্বে ঠেস দিয়া, দৃষ্টি সমতল রেথার উর্দ্ধে বদ্ধ করত, অনেক ঘণ্টা ধরিয়া কার্য্য করিতে হয়। এতজ্ঞপ কার্য্যে অনেক সময় এক প্রকার নিষ্ট্রাগ্মস্ জন্মায় উহাকে মাইনার্স নিষ্ট্রাগ্মস্ (Miner's Nystagmus) কহে। এতজ্ঞপ স্থলে দর্শন সায়ুর অপচয় বলিতে পারা যায় না; কিন্তু অক্লিদ্বরের দোছ্ল্যমান ক্রিয়া রোগীকে স্বীয় কার্য্য করিতে বাধা দেয়।

কয়লার খনিতে যাহাদের নিষ্ট্যাগ্মদ্ জন্মে তাহাদের পক্ষে অকিদ্রের বিশাদই কেবল এক মাত্র চিকিৎসা। কিছু দিন সম্পূর্ণ রূপে ক্রিয়া হইতে অবসর থাকিবার পর পেশী সমূহ উহাদের স্বাভাবিক ক্রিয়া পুনর্লাভ করে এবং অক্সিগোলকদ্বরের কম্পন স্থগিত হইয়া যায়। কিন্তু আরাম সচরাচর ক্ষণস্থায়ী; কারণ—কুলি আপনার কাযে নিযুক্ত হইলে অক্ষিদ্রের অনিয়মিত কম্পন পুনঃ আরম্ভ হয়। এ সকল কেবল বিশ্রাম দারাই কিছু আরাম হইয়া থাকে। শিশুদের মধ্যে নিষ্ট্রাগ্মৃদ্ স্থলে সচরাচর রিফ্র্যাক্সন্ বা আলোক বক্র কারিণী শক্তির বিশৃঙ্খলতার সহিত বর্ত্তমান থাকে। কর্ণিয়া ও লেন্সের অস্বচ্ছতা এবং অনেক স্থলে দর্শন সায়ু বা রেটিনার ছ্রারোগ্য অপচয়ের সহিত ইহা সংস্কৃত্ত থাকে।

<sup>\*</sup> Medical Times and Gazette, vol. i. 1871, p. 243.

## शक्षम व्याग्र।

রিক্যাক্সন্ বা আলোক বক্রকারিণী শক্তি ও ম্যাক্সডেসন্ বা সুস্থাপন ক্রিয়ার দোষ সমূহ (Errors of Refraction and Accommodation)।——

মন্ধ্যের চক্ষুকে ক্যামিরা অব্সিউরার (Camera-obscura) সহিত্ত তুলনা করা হয়; যাহার উপর প্রতিবিদ্ধ দেখা যায়, সেই গ্রাউণ্ড্রাম্ ক্রিন্বা পদ্দার সহিত উহার রেটিনার সাদৃশ্য; অগ্র পশ্চাং স্থিত কর্ণিয়া ও ক্রিপ্ত্যালাইন্ লেন্সের সংসর্গ স্বারা (উহাদের মধ্যে আইরিস্ বাবধান থাকিয়া) অজেন্ট্লেন্স্ ( যাহার উপর দৃশ্য বস্তুর প্রতিবিদ্ধ পড়ে ) সমূহ গঠিত হয়।

সকলেই পরীক্ষা করিয়। দেখিতে পারেন যে—বাই-কন্ভেল্ শেন্দ্, তৎপশ্চাং স্থাপিত পর্লার উপর বাহ্ জগতের মৃত্তি প্রতিবিশ্বিত করিতে পারে। এইরপ কোন লেন্দের সন্মুণে একটা আলোকিত প্রদীপ ধরিলে, অনায়ানেই প্রদীপ ও লেন্দ্রেক এরপ অবস্থানে রাখা যায়৵য়াহাতে শিখার একথানি স্থানির্দিষ্ট ইন্ভার্টেড্বা উল্টা প্রতিক্তি পদার উপর পড়িতে পারে। পর্লাটিকে লেন্দের সমরিক নিকটে স্থানিলে, উহার উপর পতিত শিখার প্রতিক্তি বৃহত্তর ও অপ্পত্ত ইইয়া থাকে; কিন্তু লেন্দেকে পর্লা হইতে কিঞ্চিৎ দ্রে সরাইলে, উহার প্রাথমিক স্থাপত্তিতা প্ররানয়ন করা ঘাইতে পারে। দৃশ্য বস্তর বিপরীত দিকত্ব লেন্দের পার্শে বে বিন্তুতে আলোকরশ্মি সমূহ সমবেত হয়, এই সহজ পরীক্ষা দারা জানা যায়, ঠিক সেই বিন্তুতে কন্ভেল্ লেন্দ্র উজ্জ্বল বস্তর প্রতিকৃতি নির্মিত করে। দৃশ্য বস্ত দ্রবর্ত্তী হইলে, লেন্দের মধাণামী আলোক রশ্মি সমূহ সমধিক সমান্তরাল হওয়ায়

রশা সমূহের সংদর্গ স্থান (Focus) লেন্সের নিকটবর্তী এবং উহা নিকটস্ হইলে রশা সমূহ ডাইভার্জেণ্ট্ বা ক্রমবিকীর্ণ হওয়ার সংদর্গ স্থান অপেকাক্ত অধিক দূরবর্তী হয়।

প্রদীপ এক অবস্থানে রাখিলে এবং প্রবলতর অর্থাৎ সমধিক কন্ভেক্সিটি বিশিষ্ট লেন্দ্র্ প্রথম লেন্দ্রের স্থানে বদাইলে, পর্দার উপর শিথার প্রতিকৃতি অসপষ্ট হয়; অতএব প্রতিবিশ্ব স্থাপন্ট করিতে হইলে লেন্দ্রেকে পর্দার অপেন্দারকত অধিক নিকটে লইতে হয়। পক্ষাস্তরে, ছর্বলতর অর্থাৎ অপেন্দারকত স্বল্প কন্ভেক্সিটি বৃক্ত লেন্দ্র্ প্রথম লেন্দ্রের পরিবর্ত্তে স্থাপন করিলে, উহাকে প্রদীপের সন্নিকট রাথা আবশ্রুক—তাহা হইলে শিথার রিশ্ব পর্দার উপর ঠিক এক বিন্দ্রে মিলিত হইতে পারিবে। অর্থাৎ লেন্দ্রের কন্ভেক্স্ ভাব যত অধিক হয়, উহার মধ্যগামী আলোক রিশ্ব সমূহ তত শীঘ্র সংসর্গ স্থানে আইসে; যে লেন্দ্র্যারা পরীক্ষা করা যাইতেছে, মনেকর, উহা সম্পূর্ণ স্বচ্ছ ও স্থিতিস্থাপক; এক্ষণে উহাকে পরিধি হইতে চতুর্দ্ধিকে সমভাবে বিস্তৃত করিলে উহার উপরিভাগ সমধিক চ্যাপ্টা ও তজ্জন্য উহার সংসর্গ স্থান দীর্ঘ হইবে। নিয়োজিত বলপ্রারাগ রহিত করিবামাত্র স্থিতিস্থাপক বস্তর উপরিভাগ বহিন্দিকে উচ্চ হইয়া উঠিবে, লেন্দ্র্ সমধিক কন্ভেক্স্ হইবে এবং সংসর্গ স্থানের দ্রম্থ হ্রম্ব হইয়া যাইবে।

মানব অক্ষিস্থ লেন্দ্ একটি স্থিতিস্থাপক পদার্থ; চক্ষু বিশ্রান্ত থাকিলে উহা নিজ্পীড়িত (Compressed) অবস্থায় থাকে কারণ—উহা একটী ক্যাপ্স্লের ভিতর থাকে, ক্যাপ্স্লেটীর সহিত সাম্পেন্সারি বন্ধনী বন্ধ থাকিয়া উহাকে টান রাথে। সিলিয়ারি প্রেমেন্ সমূহ ও কোরইডকে সন্মুথে টানিয়া সিলিয়ারি পেশী কুঞ্চিত হইলে সাম্পেন্সারি বন্ধনী শিথিল হইয়া যায়, লেন্দের ক্যাপ্স্ল্ বা কোষ শিথিল হয় এবং উহার সন্মুথভাগ স্থিতিস্থাপক ধর্ম বলে তৎক্ষণাৎ সন্মুথে উচ্চ হইয়া উঠে বটে—কিন্তু সিলিয়ারি পেশীর ক্রিয়া বিরত হইবা মাত্র পুনরায় অপেক্ষাক্রত ফু্যাট্ বা চ্যাপ্টা ভাব ধারণ করে। এই হেতু, সিলিয়ারি পেশীর সন্ধোচন ও প্রসারণ প্রযুক্ত লেন্সের সন্মুথ প্রদেশ ন্যাধিক কন্ভেয়্ এবং তদন্ম্যামী উহার শক্তি অধিক বা অয় হয়; এই-রূপে উহা সমান্তবাল আলোক রশ্মি সমূহ (Parallel rays of light) মাহা

দ্রস্থ বস্ত হইতে প্রবর্ত্তি হর ও ক্রমবিকীর্ণ রিশা(Divergent rays of light) সমূহ যাহা নিকট বস্ত সমূভূত, তাহাদিগকে রেটিনার উপর এক বিন্তুতে গিলিত করিতে সমর্থ হইয়া থাকে। \*

আাটোপিন্ দ্রব কন্জংটাইভার উপর সংলগ্ন করিলে, সিলিয়ারি পেশী কৃঞ্চিত হয় না এবং নিকট বস্ত সকল অসপষ্ট দেখায়; কারণ—পেশী পক্ষাবাত যুক্ত হওয়ায়, য়ৢৢৢাক্মডেসন্ বা স্ত্তাপন ক্রিয়া অসম্ভব হইলে ডাইভার্জেণ্ট্ বা ক্রমবিকীর্ণ কিরণ সমূহ রেটিনার উপর এক বিন্তে আনীত হয় না। সমান্তরাল রিশা সমূহ পীত স্থানের উপর এক বিন্তে আনীত হয়য়য়, এতজ্ঞাপ অবস্থায়ও দূরবর্তী বস্তা সকল লক্ষিত হইয়া থাকে।

অনেক সময় এরূপ হর্বল ও অন্ত রোগী দেখা যায় যাহারা বলে আমাদের দৃষ্টি দ্ঘিত; কিছুক্ষণ পড়িলে উহারা অক্ষর সকল অস্পষ্ট দেখে; স্টিকারদ্ধে স্ত্র প্রবেশ করাইতে উহাদের কট হয়; আরও বিবিধ অন্ত-বিধা ঘটে; কিন্তু উহারা দূরন্থ বস্তু সমূহ পরিষ্কার দেখিতে পায়। সিলিয়ারি পেশীর বলের অভাব হইলে এইরূপ অবস্থা ঘটে; ইহাতে উহা অধিকক্ষণ এমত ভালরূপ আকুঞ্চিত থাকিতে পারে না যাহাতে সাম্পেন্সারি বন্ধনী শিথিল থাকে এবং রেটিনার উপর ডাইভার্জেন্ট বা ক্রমবিকীর্ণ রিশ্ম সমূহ এক বিন্দৃতে মিলিত করণার্থ লেন্সের সন্ম্থ প্রদেশ যেরূপ কনভেক্স হওয়া আবশ্যক তাহা রক্ষা করণার্থ লেন্সের সন্ম্থ প্রদেশ সক্ষম হয়। এই অবস্থাকে য়্যাক্সডেটরি য়্যাস্থিনোপিয়া (Accommodatory asthenopia) ক্রে।

এই উপলক্ষে দর্শন দম্বন্ধে আর একটা কথা আমাদের বলিতে হইল।
দর্শন নির্দোষরূপ হইতে গেলে, উহা উভয় অক্ষি দারা হওয়া উচিত;
দৃশ্য বস্তু প্রবর্ত্তিত আলোক রশ্মি সমূহ চক্ষুদ্রের তুল্য অংশে পড়া আবশ্যক।
এতরিস্পাদনার্থ অক্ষির্য় ঠিক এক সময়ে ও সম পরিমাণে কোন বস্তু ( যাহা

<sup>\*</sup> এই অধ্যায়ে আলোক বক্রকারিনী শক্তির নিয়মের কথা ইছে। করিয়াই, উল্লেখ করি নাই; আলোক বিজ্ঞান বিষয়ক শিকাথীর উপদোধী পাঠা পুভকে ইয়া আরভ হাদর ক্রেপ বিরুত আছে।

জিমে জমে দর্শকের মুখের সির্রিকট হয় ) দেখিতে কনভার্জ বা নাসিকার দিকে বিবর্ত্তিত হয়। এতজ্ঞপ অবস্থার, উভর অক্সিতে গঠিত চিত্র সকল ঠিক এক থানি মূর্ত্তি উৎপাদন করতঃ জ্ঞান স্থানে (Sensorium) মিপ্রিত হইরা এক হইরা বায়। এক চক্ষু দ্বারা দর্শন নির্দোষ হয় না; কারণ—রেটিনা কেবল দিক সম্বন্ধে জানাইয়া দেয় (অর্থাৎ কোন দিক হইতে রশ্মি আসিতেছে, আমরা জানিতে পারি;) অতএব, এক চক্ষু দ্বারা একটা ফাঁপা মেডালের দিকে চাহিলে, জ্ঞান হয়—উহা সম্বিক উচ্চ হইরা আছে। নির্দোষ দর্শন হইতে গেলে, আক্ষিক মেরুদণ্ড দ্বাের এককালে কার্য্য করা আবশ্যক তাহা হইলে উভয় চক্ষুর রেটিনার তুলা স্থলে প্রতিবিদ্ধ পড়ে; এইরূপে ভিন্ন২ কোণে এ বস্তু দৃষ্ট হওয়াতে তাহা মস্তিকে একত্র হওতঃ, উহার কিরূপ আরুতি ও স্থিতিস্থান তাহার চিত্র উৎপাদন করে।

ষ্যাক্মডেসন বা স্থাপন ক্রিয়া আরম্ভ হইলে, উহার পরিমাণান্ত্রপ আফিক মেরুদণ্ড দ্বের কন্ভার্জেন্স বা নাসিকার দিকে বিবর্ত্তন এক সময়ে ন্নাবিক বটিয়া থাকে; স্থা অফিদ্বেরে কন্ভার্জেন্স ও য়াাক্মডেসন্ তুলা হয়। যাহা হটক, মনে কর, এক চক্ষুর ইন্টার্ন্যাল্ রেক্টসের দৌর্ব্বলাতা প্রযুক্ত, রোগী দৃশ্য বস্তুর প্রতি উভয় চক্ষ্ কনভার্জ বা নাসিকার দিকে বিবর্ত্তন করিতে অক্ষম—কিম্বা কোন বিন্দুর উপর অফিদ্বয় সমানয়ন করিয়া, রোগী উহাদিগকে বস্তুর প্রতি দৃঢ়বদ্ধ করিতে অশক্ত; এমত স্থলে এক্ষার্ন্যাল্ রেক্টটেদ্ উহার প্রতিদ্বলী অপেক্ষা প্রবল হওয়া প্রযুক্ত এই অফিনাদিকার অপর দিকে ফিরাইলে রোগীর দর্শন কাজেকাজেই মলিন হইয়া যায়। এই অবস্থাকে মাসুলার্ য়্যান্থিনোপিয়া (Muscular asthenopia) কহে; উহা অফির কোন পেশীর হ্র্বলতা জন্য হইয়া থাকে।

আমাদের পরীক্ষার প্রতি পুনরায় মনোযোগ দেওয়া আবশ্যক। মনে কর প্রদীপ ও পর্দা ব্যবহিত লেক্সের উপরিভাগ সম্পূর্ণ গোলাকার (ফেরি-ক্যাল্) নহে, লেক্সের (কিম্বা চক্ষে কর্ণিয়ার) উপরিভাগ গোলাকার না হইয়া হোরাইজণ্টাল্ বা সমতল নেরিডিয়ান অপেক্ষা ভার্টিকাল্ বা উদ্ধানঃ মেরিডিয়ানে সম্বিক বক্র। স্পষ্ট বৃঝা যাইতেছে, আলোকরিমি সমূহ এরাপ কর্ণিয়াবা লেক্সের মধ্যে বহুমান হইয়া, গদ্যা বা রেটিনার

উপর একটা বিন্তে এক হানে আনিত হইতে পারে না কিন্তু, উহাদের ছইটা বৈথিক ফোসাই (Linear Foci) বা এক বিন্তে সংলগ্ন হইবার স্থান থাকে। ভার্টিক্যাল্ মেরিডিয়ান্ প্রবলতর বলিয়া সমতল বা ছর্বলতর মেরিডিয়ান্ অপেকা আলোকরিশি সম্হকে লেন্সের সমধিক নিকটে এক বিন্তে সংশায়ন করে, তজ্জন্য পদ্ধা বা রেটিনার উপর গঠিত শিখার প্রতিবিশ্ব অস্পষ্ট হইয়া থাকে। মানব চক্ষে হইলে এইরূপ অবস্থাকে য়াষ্টিগ্ন্যাটিজম্ (Astigmatism) কহে। সাধারণতঃ কর্ণিয়ার উপরি ভাগের বিষমাবস্থা এতজ্ঞপ্রসম্পূর্ণ দর্শনের কারণ।

#### চনমার লেন্সের সংখ্যা করণ।

নূতন বা মেট্রিক্যাল্ প্রণালীতে চদ্যা গণনা করিবার সময় ইঞ্চের ভানে মিটার ব্যবহার করা হয়; সাধারণতঃ ব্যবহার্য্য লেন্সের সংখ্যা সম্পূর্ণ রাশি দ্বারা প্রকাশ করা যাইবে বলিয়া, পরিমাপক সংখ্যা যথেষ্ট ক্ষুদ্র ধরা হয়। যাহার ফোক্যাল্ ডিদ্ট্যাক্র বা আলোকের এক বিন্তুতে মিলিত হইবার স্থান এক মিটার্ অপেকা কম দূর—এরপে লেন্স্ ও পূর্ণ রাশির ন্যন শক্তি বিশিষ্ট লেকা ্সকল উভয়েরই প্রয়োজন বলিয়া, আমরা মিটারের ভগাংশ ব্যবহার করি।

এই পরিমাপক সংখ্যা, এক মিটার দূরে কোক্যাল কেন্ধ্ Focal Length) বা আলোক একবিন্তে মিলিত করিবার শক্তি বিশিষ্ট একখানি লেন্স্। স্থাবিধার্থ উহাকে ডায়প্ট্রিক্ (Dioptric) কহে এবং সংক্ষেপার্থ D অক্ষর, উহার সঙ্কেত। কোন রাশির পূর্কে + এই চিহ্ন দিলে, তাহার অর্থ কন্ভেক্স্ মাদ্, — চিহ্ন দিলে, তাহার অর্থ কনকেভ্ লেন্স্ ; Cyl থাকিলে, সিলিপ্তি-ক্যাল্লেন্স্ ব্রিতে হইবে যথা।—

+	4 D	<b>জা</b> র্থাৎ	কন্ভেক্ত্	8		ভাইঅপট্রিক
-	4 D	<b>39</b> .	কন্কেভ্		27	"
	.5 D	. 97	22	2 2		22
+	,5 D	,,	কন্ভেক্স		>>	· <b>»</b> .

এই অধ্যায়ের শেষে একটা তালিক। প্রদত হইয়াছে। তদ্ঠে, পুরাতন সংখ্যা করণ প্রণালী মতে লেন্সের কি রাশি, ও ন্তন মতে কি রাশি— জানা যায়।

# এম্মিট্রোপিয়া ও এমেট্রোপিয়া ( Emmetropia and Ametropia )।——

সম্পূর্ণ বিশ্রান্ত অবস্থার ( যে সময় সিলিয়ারি পেশী কুঞ্জিত থাকে )

অফি দ্র বস্তর অভিমুখে নিয়োগ করিবার সময়, আলোকরশ্মি সমূহ
রেটিনার উপর ঠিক্ ফোকাদ্ বা সংসর্গ স্থানে আনীত হইলে, চফুকে

এম্মিট্রোপিক্ (Emmetropic) কহে। অফির য়ৢাক্মোডেসন্ বা স্কুল্পন

ক্রিয়া বিশ্রান্ত থাকায়, সমান্তরাল আলোকরশ্মি সমূহ রেটিনার পীত স্থানের
উপর স্কুচারুরূপ সমবেত হয়। ঐ রূপ চক্ষে দূর বস্তু দর্শন, সম্পূর্ণ থাকে;

এবং উহার সন্থে এমন কি একথানি ঈষং কন্ভেক্স্ লেক্স্ ধরিলে সম্পূর্ণ

দর্শনের ব্যতিক্রম হয়; ঈষং কন্কেভ্ য়ৢাস্ ছারা তাহার উন্নতি হয় না।

অকিবীক্ষণ দারা ডিবেকু মেথড্ বা সাক্ষাং প্রণালীতে স্থ চক্ষু পরীক্ষা করিলে, কিছু দূরে, ডিফ্ দেথা যার, কিন্তু কর্ণিরা হইতে এ৪ ইঞ্ অন্তরে একথানি স্থাপ্ট, ইরেকু ইমেজ্বা উর্দ্ধী চিত্র দৃষ্ট হয়।

এমিট্রোপিয়া ( A metropia )।—— এম্মিট্রোপিক্ না হইলে
চক্ষ্ এমিট্রোপিক্ নামে কথিত হয়। এমিট্রোপিয়ায় য়্যাক্মডেসন্ বা
স্থাপন ক্রিয়া বিশ্রান্ত থাকিলে সমান্তরাল কিরণ জাল রেটিনার উপর
একত্রিত না হইয়া, রেটিনার সন্থে বা পশ্চাতে ফোকাস্ বা সংসর্গ স্থানে
একত্রিত হইয়া থাকে।

## হাইপার্মিট্রোপিয়া (Hypermetropia)।

এই ব্যাধিতে রোগী বলে,—পড়িবার, লিখিবার এবং যাহাতে অক্ষির বিশেষ নিয়োগ হয় এরপে কার্য্যের সময়, বিশেষতঃ ক্তুমি আলোকে অথবা অন্ধকারময় প্রদেশে সে দেখিতে পায় না। কিয়ৎক্ষণ কার্য্যের পর, রোগী সম্ভবতঃ শ্রান্তি অনুভব করে। অক্ষর সকল অস্পতি দেখায়। সন্তবতঃ চাহার অক্ষিত্রর বাস্তবিক যন্ত্রনা ঘটে এবং এইরূপ লক্ষণ সমূহ যে কাখ্যে সে বাপ্ত ছিল তাহা হইতে বিরত হইতে বাধ্য করে। কিছু কাল বিশ্রামের পর স্পষ্ট দেখিতে পায় কিন্তু রোগী কার্য্যারন্ত করিলেই সেই সকল লক্ষণ পুনঃ উদিত হয়। এতদ্ রোগাক্রান্ত ব্যক্তির অক্ষিদ্র পরীক্ষা করিলে, ঈয়ং কন্জংটিভাইটিদ্ ব্যতীত অন্যান্য বিষয়ে উহারা স্বস্থ দেখাইতে পারে এবং রোগী অনেক সময় বলে, তাহায় দর্শন সম্পূর্ণ নির্দোষ; কিন্তু টেপ্ট টাইপের নিকট হইতে ২০ ফিট্ দূরে রোগীকে রাখিলে দেখিবে সেক্ষ্রতর অক্ষর স্পষ্ট দেখিতে পায় না; অক্ষিদ্র হইতে ১০ ইঞ্ছ দূরে ১ নং টেপ্ট্ টাইপ্ পজ্তি সন্তবতঃ তাহার কন্ত হইবে; তাহার দূর ও নিকট দর্শন দৃষ্ত হইয়া যায়।\*


কতক গুলি বিশেষ হাইপার্মিট্রোপিয়া হ'ল ব্যতীত (উহাদের কথা একণেই উল্লেখ করিব) অন্যান্য হলে, রোগীর অক্ষিদ্রের সন্থে কন্ভেক্স লেন্দ্রাখিলে, উহার দূর ও নিকট দর্শনের উরতি হইয়া থাকে।

কোন রোগী আমাদের নিকট আসিরা উল্লিথিতরূপ লক্ষণাক্রাস্ত হইরাছে—বলিলে; আমরা উহাকে, টেপ্ট্ টাইপের ২০ ফিট্ অন্তরে দণ্ডারমান করাই। বাম চক্ষু মুদ্রিত করিয়া, দক্ষিণ চক্ষে রোগী ২০০ হইতে ১০০ নম্বর পর্যান্ত অক্ষর সকল সম্ভবতঃ পড়িতে পারে; কিন্তু প্র সংখ্যার বাহিরে কোন অক্ষর স্পষ্ট দেখিতে পায়না। অনন্তর আমরা এক থানি তুর্বল কন্তেক্সু লেন্স (মণা ৭৫ D) লইয়া, দক্ষিণ চক্ষুর সক্ষ্যে ধরি। এই লেন্সে রোগীর দর্শন-শক্তি বর্দ্ধিত করিলে, আমরা উহা সরাইয়া তদপেক্ষা প্রবলতর লেন্সু দিই—এবং প্রবলাপেক্ষা প্রবলতর দিতে থাকি মৃতক্ষণ না সর্বাপেক্ষা প্রবলতম লেন্সু ছারা রোগীর দর্শন শক্তি এরূপ বিবর্দ্ধিত হয় যে মে ২০ ফিট্ অন্তরে নং ২৫ দেখিতে সমর্থ হয়। এই লেন্সের সাহাযো, রোগী অক্ষি হইতে ১২ ইঞ্ দ্রে ১ নং অক্ষর সন্তবতঃ পড়িতে পারে।

<sup>\*</sup> টেষ্ঠ টাইপের বিষয় দ্বিতীয় অধানেয়ে বর্ণিত হইয়াছে এবং এই অধানেয়ের শেষে মিষ্ঠার কাউ ওলের প্রদান্ত একখানি তালিকা প্রাপ্ত হওয়া যাইবে।

এতজ্ঞা স্থালে অক্সির গঠন দোষ থাকে। রেটিনা, লেন্সের মত নিকট থাকা উচিত, তদপেকা অধিকতর নিকট থাকায়, অধিকাংশ স্থলে অক্সিগোলকের য়্যান্টেরো-পট্টিরিয়র বা সন্মুথ-পশ্চাৎ ব্যাস সমধিক ছোট হইয়া যায়; এইক্সপে

৪৭ প্রতিক্বতি।



রোগীর য়্যাক্মডেদন বা স্কুত্বাপনক্রিয়া শিথিল হইলে,
সমাস্তরাল আলোকরিমা সমূহ রেটিনার উপর নির্দোষরূপে এক বিন্তুত মিলিত হয় না (৪৭ প্রতিক্তি
দেখ)। এই দোব শোধনার্থ, যে স্থলে রিশা সমূহ
এক বিন্তুত মিলিত হয় তাহাকে লেন্সের সম্ধিক
নিকটে আনা আবশুক বাহাতে রিশা সমূহ রেটিনার
উপর একবিন্তুত সন্মিলিত হইতে পারে; এই অভিপ্রায়, রোগীর কর্ণিয়ার সন্মুথে একথানি কন্ভেক্ত্র্
লেন্স্রাথিলে দিদ্ধ হয়; ইহাতে রিশা সকল রেটিনার
সমুপস্থিত হইবার পুর্বের্ধ যে পথ দিয়া আইদে দেই
পথের রিফ্রাক্টিভ বা আলোক বক্র করিবার ক্ষমতা
বৃদ্ধি হয়।

অক্রির এইরূপ অবস্থায়, স্বীয় লেন্সের শক্তি
বর্দ্ধনার্থ এবং আলোক সন্মিলিত হইবার বিন্দুর দূর্ছ
(Focal distance) থর্ক করিয়া রেটিনার উপর
আলোক রিমা সন্মিলিত করিবার জন্য রোগী অজ্ঞাতসারে স্বীয় সিলিয়ারি পেশী ব্যক্তার করিয়া থাকে।
সবল য়্যাক্মডেসন্ বা স্কুলপন ক্রিয়া ছারা হাইপার্মিট্রোপিয়া সমাক্রান্ত রোগীর দূর-দর্শন একরূপ
বিমল করা যাইতে পারে। দূর বস্তর প্রতি অফি
নিয়োগ করিলে, ডাইভার্জেন্ট্ বা ক্রমবিকীর্ণ রিশ্র

সমূহ রেটিনার উপর একবিন্তে মিলিত করণার্থ রোগীকে অসাধারণ স্কুত্থাপন ক্রিয়ার প্রয়াস পাইতে হয়। অক্ষির য়াক্মডেসন্ বা স্কুত্থাপন ক্রিয়া সাধ্যা-তিরিক্ত হওয়াতে শুদ্ধ অভান্তরস্থ বিধান সমূহের রক্তাধিকা, বেদনা ও কন্জংটি- ভাইটিশ্ উংগর হয়—এনত নহে; কিন্তু নিদিও সময় বাতীত স্কাপন ক্রিয়া বছক্ষণ রাথা যায় না; এবং সিলিয়ারি পেশী প্রান্ত হওয়ায়, লেক্সের কন্তেক্স অবস্থা হ্রাস প্রাপ্ত হইয়া, তৎক্ষণাৎ রোগীর দৃষ্টি অসপষ্ট হইয়া যায়। রোগীর অক্ষিন্নরের সন্মুথে ধত কনভেক্ চন্মা দ্বারা রিশ্ম সকল সমধিক কন্ভার্জেন্ট্ বা ক্রমণংকীর্ণ হইলে অপরিমিত য্যাক্মডেসন বা স্ক্রমণন ক্রিয়ার প্রয়োজন হয় না; কন্তেক্স চসমা ব্যবহার দ্বারা হাইপার্মিট্রোপিয়া সমাক্রান্ত রোগী যে আরাম বোধ করে ইহা দ্বারা বুঝা যায়।

উলিখিত প্রকারে হাইপার্মিট্রোপিক্ রোগীর চক্ষু পরীক্ষা করিলে, স্পষ্ট প্রতীয়মান হয় যে,—২০ ফিট্ অন্তরে টেট্ টাইপ্রা অক্ষর স্থানিদেশ করিবার সময়ে, সে ব্যক্তি অজ্ঞাতসারে স্থীয় সিলিয়ারি পেশী ব্যবহার করে—এবং তাহার লেক্সের কন্ভেক্স অবস্থা বৃদ্ধি করতঃ, উহার কোক্যাল্ বা আলোক সংগ্রহ হইবার স্থানের দূরত্ব থর্ব্ব করিয়া, উভয় অক্ষির গঠন দোষ অনেকটা সংশোধন করে। প্রত্যক্ষ দেখা যায় হাইপার্মিট্রোপিক্ রোগী বিশেষতঃ ম্বারা, এমন কি দূরবস্ত দর্শনেও, সমধিক য়াাক্মডেসন্ ক্রিয়ার ব্যবহার করিয়া থাকে; অধিক কি, শিশুরা এই উপায়েই অনেক সময় উহাদের হাইপার্মিট্রোপিয়া সম্পূর্ণ আরোগ্য করে। অতএব, কোন নির্দিষ্ট স্থলে বাস্তবিক কতটুকু হাইপার্মিট্রোপিয়া আছে, জানিতে হইলে, য়্যাট্রোপিন্ দারা সিলিয়ারি পেশীকে পক্ষাবাত মৃক্ত করা বৈধ।

যথা—রোগী দক্ষিণ চক্ষ্ দারা ২০ কিট্ দ্রে নং ১০০ টেষ্ট্ টাইপ্
সকল স্কারকরণ দেখিতে পায়, কিন্তু ঐ সংখ্যা ব্যতীত আর কোন অক্ষর
পজিতে সমর্থ হয় না; আরও দৃষ্ট হয়, 1 D ঐ রোগীর পক্ষে সর্কাপেক্ষা
প্রবলতম লেক্স্ যদারা সে ২০ ফিট্ দ্রে নং ২০ দেখিতে পায়। ইহাতে,
রোগীর প্রতীয়মান হাইপার্মিট্রোপিয়ার (Manifest-Hypermetropia)
অংশ জানিতে পারা যায়। এমত অবস্থায় ১ ঔন্স জলে ৪ গ্রেণ সলফেট অব্
য়াট্রোপিন দ্রব করিয়া সেই দ্রব তিন বা চারিদিন রাত্রিতে ও প্রাতে অক্ষিদ্রয়ে
বিন্দুরূপে দিতে রোগীকে বলিয়া দিবে; এইরূপে সিলিয়ারি পেশীর ক্রিয়া সম্পূর্ণ
বিনষ্ট হইয়া যায়; তথন তাহাকে টেষ্ট্ টাইপ্ হইতে ২০ফিট্ অন্তরে রাথিলে
দেপা য়ায় নং ২০ দেখিতে তাহার + 1 Dর পরিবর্তে + 4D লেন্সের

আবশুক হয় এবং তথন বলা হয়, রোগীর ম্যানিফেট বা প্রতীয়মান 1D, লেটেণ্ট বা গুপ্ত 3D ও টোট্যাল্ বা সম্পূর্ণ 4D হাইপার্মিট্রোপিয়া হইয়াছে। এইরূপে, সিলিয়ারি পেশীকে ক্ষমতাহীন করিয়া রোগীর সম্পূর্ণ হাইপার্মিট্রোপিয়ার পরিমাণ অথবা অক্ষির রিফ্র্যাক্সন্বা আলোক বক্র করায় শক্তির দোষ কি—অবধারণ করিতে সক্ষম হওয়া যায়।

সাধারণতঃ এইরূপ রোগীর জন্ম টোট্যাল্ বা সম্পূর্ণ ও ম্যানিফেন্ট্র্ বা প্রতীয়মান হাইপার্মিট্রোপিয়ার পরিমাণের মাঝামাঝি (mean) শক্তি বিশিষ্ট চন্মা ব্যবহার করা উচিত। যে হুল আলোচনা করা যাইতে ছিল এই রূপ হুলে, রোগী য্যাট্রোপিনের ক্রিয়া হুইতে মুক্তি পাইলে, +2.50D উহার উপযোগী হয়। ইহার কারণ এই—মধিকাংশ হাইপার্মিট্রোপিয়া সমাক্রান্ত রোগী স্কুখাপন ক্রিয়ার সমধিক নিয়োগ করিতে এরূপ অভ্যন্ত হুইয়া যায় যে তাহারা হুঠাৎ এই অভ্যাস ত্যাগ করিতে না পারায়, যে সকল লেন্দে উহাদের হাইপার্মিট্রোপিয়া সম্পূর্ণ নিবারণ করে, উহারা তাহাদের পক্ষে সমধিক প্রবল হুইয়া উঠে। যাহা হুউক, কালক্রমে, সিলিয়ারি পেশী নিয়োগের অভ্যাস দূর হুইলে, যেরূপ চন্মার ব্যবস্থা করা যায় তদপেক্ষা প্রবলতর চন্মা রোগীর প্রয়োজন হয়।

হাইপার্মিট্রোপিয়া সমাক্রান্ত রোগীদের সর্বাদা চন্মা ব্যবহার করা কর্ত্তব্য। উহাদের দর্শন—দোষ চিরস্থায়ী এবং আপনাদের রিফ্রাক্সন বা আলোক বক্রকারী দোষ শোধনার্থ য্যাক্মডেসন বা স্থাপন ক্রিয়ার শ্রম অক্ষিদ্রেয়র পক্ষে হানিকর।

যে রোগীর কথা বলিতেছি তাহার প্রথমত বামচক্ষু মৃদ্রিত করিয়া দক্ষিণ চক্ষু পরীক্ষা করত: উহাতে যে টুকু প্রতীয়মান হাইপার্মিট্রোপিয়া হইয়াছে তাহা প্রথমে নির্ণয় করিয়া, অনস্তর দক্ষিণচক্ষু মৃদ্রিত করত:, বামচক্ষু পূর্ব্ববং পরীক্ষা করিয়া, যদি দেখা যায়, এই চক্ষ্র দর্শন শক্তি দক্ষিণ চক্ষু হইতে বিভিন্ন এবং নং ২০ দেখিতে হইলে রোগীর 1Dর পরিবর্ত্তে 2Dর আবশ্যক; তাহা হইলে +2D বাম চক্ষ্র পক্ষে সর্বাপেক্ষা প্রবল্তম চদ্যা যন্ত্রারা সে স্ক্রপন্ত দেখিবে। য়্যাট্রোপিন্ প্রয়োগ করিলে দেখা যায়, এই চক্ষে ২০ফিট্র নং ২০ অকর যে সকল গ্রাস্ ধারা দৃষ্ট হয়, তন্মধ্যে 6 D প্রবল্তম।

দর্শন শক্তির তারতম্য ঘটে; এমত অবস্থায় দক্ষিণ ও বাম চক্ষ্র জন্ম ভিন্ন হিদ্যা ব্যবহার বৈধ। এই স্থলে দেখা গিয়াছে 2.5D চদ্মা দক্ষিণ চক্ষ্র উপযোগী; বাম চক্ষ্র পক্ষে, ম্যানিফেট্ট্র বা প্রতীয়মান হাইপার্মিট্রোপিয়া 2D ও টোট্যাল্ বা সম্পূর্ণ হাইপার্মিট্রোপিয়া 6D উভয়ের অন্তর করিলে বে 4D হয় উহাই উপযুক্ত চদ্মা; অতএব রোগীর চদ্মা দক্ষিণদিকে 2.5D এবং বাম দিকে 4D থাকিবে; নিকট ও দ্রবস্ত উভয়ই দর্শনার্থ রোগীর ঐ চদ্মা সর্বানা ব্যবহার করা উচিত।

হাইপার্মিট্রাপিয়ার উপরে যে বিবরণ দেওয়া গেল এবং দ্যিত দর্শন শোধনার্থ রোগীর যেরূপ অতিরিক্ত য়্যাক্মডেদন্ বা স্থাপন চেষ্টা নিয়োগ করিতে হয়—তহারা প্রতিপন্ন হইতেছে, যে, শৈশবাবস্থায়, দিলিয়ারি পেশীর বল সম্পূর্ণ থাকায় এবং নিকট বস্তা দর্শনার্থ রোগীর অক্ষিদ্ম সমধিক নিয়োগ করা আবশ্রুক না হওয়ায়, তাহার দ্যিত দর্শন লক্ষিত হইতে না পারে; কেবল মনোযোগের সহিত কায় করার পর, রোগী আপন অসম্পূর্ণ দর্শনের বিষয় জানিতে পারে। তথন য়্যান্থিনোপিয়ায় লক্ষণ সমূহ দৃষ্ট হয়; অথবা এমনও হইতে পারে—রোগীর ঈয়ৎ হাইপার্মিট্রোপিয়ায় আক্রমণ হওয়ায়, বিশেষ কন্ত হয় না; অবশেষে কোন কারণ বশতঃ তাহার স্বাস্থা স্বাভাবিক অবস্থা অপেক্ষা মন্দ হওয়ায়, শরীরের অন্তান্ত পেশীর সহিত, দিলিয়ারি পেশীর আকুঞ্চন শক্তি হাম হয়, তথন সমধিক য়্যাক্মডেসন্ বা স্থাপন অসম্ভব হওয়া প্রযুক্ত, অক্ষির রিক্র্যাক্সন্ বা আলোক বক্র করিবার শক্তির দোষ স্থলক্ষিত হইয়া পড়ে। কতক গুলি বিশেষ স্থলে, হাইপার্মিট্রোপিয়া সমাক্রাম্ভ রোগী কনকেভ্ চদ্মা ব্যবহারে কিরূপে উপকার লাভ করে এই প্রবন্ধে বলিতে হইল।

হাইপার্মিট্রোপিয়া সমাক্রান্ত রোগীদের মধ্যে, সমধিক ব্যবহারের জন্ত সিলিয়ারি পেশী আক্ষেপাবস্থা প্রাপ্ত ইইলে, এত প্রবলরপে কুঞ্চিত হয় যে, সাস্পেন্সারি বন্ধনী সমধিক শিথিল হইয়া বায়; এবং স্থিতি স্থাপক লেক্ষ্ এরপ সন্মুখে উচ্চ হইয়া উঠে, যে প্রায় তৎক্ষণাৎ উহার পশ্চাং প্রদেশের সন্নিকটেও তজ্জন্ত রেটনার সন্মুখে আলোকরিশা সমূহ এক বিন্তে আনীত হয়। এতদবস্থায়, রশ্মি সমূহকে ডাইভার্জেণ্ট্ বা জমবিকীর্ণ করাইয়া, কন্কেভ চস্মার ফোক্যাল পরেণ্ট বা আলোক শং গ্রহের বিন্দুর দূরত্ব বর্দ্ধন করত রেটিনার উপর চিত্র অঙ্কিত করিলে, রোগীর দর্শন শক্তির উন্নতি ঘটে; পক্ষান্তরে যাহার মধ্যদিয়া কিরণ সকল গমন করে, সেই রিফ্র্যাক্টিভ মিডিয়া বা আলোক বক্রকারী পথ সম্ধিক বিবর্দ্ধিত করতঃ, কনভেক্স চদ্যা দর্শন শক্তির দোষাধিক্য জন্মাইয়া দেয়; এই হেতু, রোগীর চক্ষু হাইপার্মিট্রোপিয়া দারা দূষিত হইলেও, পেশীর আক্ষেপ জন্য, রিফ্র্যাক্টিভ মিডিয়া বা আলোক বক্রকারী পথ সকলের ফোক্যাল্-ডিষ্ট্রান্স, বা আলোক সংগ্রহের স্থানের দূরত্ব এত থব্ব হইয়া যায় যে কন্কেভ্ চদমা দারা রেটিনার উপর প্রতিবিম্ব নিক্ষেপ করিবার আবশুক হইয়া উঠে। এতজ্ঞাপ স্থলে, ম্যাট্রোপিন দারা সিলিয়ারি পেশীকে পক্ষাঘাতযুক্ত করিলে, বোগী কন্ভেকু (কিন্তু কন্কেভ নয়) লেন্সের সাহায্যে স্পষ্ট দেখিতে পাইবে। সিলিয়ারি পেশীর আক্ষেপাবস্থা ধারণের অভ্যাস নিবারনার্থ, এতজ্ঞপ বোগগ্রস্ত চক্ষুকে এক পক্ষ বা তিন সপ্তাহ য্যাট্রোপিনের ক্ষমতাধীনে রাথা উচিত। তাহা হইলে, উপযুক্ত কনভেক্স চদুমার সাহায্যে রোগীর হাইপারমিটোপিয়া তিরোহিত হইতে পারে।

যৎসামান্য বা সামান্যরূপ হাইপার্মিট্রোপিয়ায় সচরাচর সিলিয়ারি পেশীর আক্ষেপ দৃষ্ট হয়; কিন্তু অপরিমিত হাইপার্মিট্রোপিয়া স্থলে, রোগী নিকট-দৃষ্টি ব্যক্তির ন্যায়, পুস্তক বা কোন ছোট বস্তু চক্ষুর অতি সন্নিকট আনায় কথন২ মায়োপিয়া হইয়াছে বলিয়া ভ্রম হয়। ইহার কারণ এই বহু দিনব্যাপী য়্যাক্মডেসন্ বা স্থাপন চেপ্তা জন্য অপরিমিত হাইপার্মিট্রোপিয়ায়, অক্ষির গভীর নেম্বেণ সম্হের রক্তাধিক্য ঘটয়া কতকটা য়্যায়্রিপ্রপিয়া (দর্শন হাস) জয়য়, এবং দ্যিত দর্শন শোধনার্থ অর্থাৎ ক্ষুত্র বস্তার রোটনার উপর বিশ্বিত প্রতিক্তি বড় দেথাইবে বলিয়া, রোগী উহাকে অক্ষির সন্নিকট আনিয়া থাকে। প্রতিকৃতি বড় হওয়ার স্থবিধা ব্যতীত রোগী, দৃশ্ববস্ত্র অক্ষির নিকট থাকিলে, দর্শন মেরুদণ্ডের বল-প্রবর্ত্তিত কন্ভারজেক্ষা বা নাসিকার দিকে বক্রতা দ্বারা আপনার স্থবিধা করিতে সমর্থ হয়; এবং প্রের্ম বলাগিয়াছে, বল-প্রবর্তিত কন্ভার্জেক্ষ ও য়্যাক্মডেসন্ বা স্থাপন ক্রিরা

ও কনীনিকার সঙ্কোচের সমান। বাহা হউক প্রতীয়গান মায়োপিয়া, হাই-পার্মিট্রোপিয়ায় কদাচিৎ দৃষ্ট হয়; এবং সিলিয়ারি পেশী ক্ষমতাহীন হইলে রিফ্র্যাক্সনের বা আলোক বক্র হওয়ার দোষ তৎক্ষণাৎ লক্ষিত হইয়া থাকে; কারণ—কন্ভেকস্ (কন্কেভ নহে) চদ্মায় দৃষ্টির সাহায্য করে।

প্রেম্বিওপিয়া ( Presbyopia ) এই শীর্ষের নিমে, বয়স বশত: লেন্স্ ও সিলিয়ারি পেশীর মধ্যে পরিবর্ত্তন ঘাটয়া হাইপার্মিট্রোপিয়ার যে সকল লক্ষণ প্রকাশ পায়, তাহাদেরই ব্যাখ্যা করিব।

মধ্য বা অধিক বয়স্ক হাইপার্মিট্রোপিয়া গ্রস্ত রোগী, প্রায় পৈশিক য়ান্তি-নোপিয়ার লক্ষণ অন্তব করিতেছে—বলিয়া থাকে; কিন্তু শিশুরা কোন টেই টাইপ্ যথার্থ দেখিতে পায় – নির্ণয় করা হুছর; এবং অপর অনেক স্থলে টেই টাইপ্ ব্যতীত অন্য উপায়ে হাইপার্মিট্রোপিয়ার অন্তিম্ব ও পরিমাণ নির্ণয় করা পরামর্শ দিল্ধ; অক্ষিবীক্ষণ দ্বারা এ অভিপ্রায় দিল্ধ হইতে পারে।

शहिशांत्रिरहाशिया एटल अकि रशालक मन्य- भन्धा फिरक थर्स श्वास বুঝা যাইতেছে, য়াাক্মডেদন ক্রিয়া বিশ্রাস্ত থাকিলে, সমান্তরাল ও ডাই-ভারজেণ্ট বা ক্রমবিকীর্ণ রশ্মি উভয়ই অক্ষিমধ্য দিয়া গিয়া, রেটিনার পশ্চাতে সমবেত হইবে; এবং পক্ষান্তরে হাইপার্মিটোপিয়াগ্রন্থ রোগীর রেটনা হইতে প্রত্যাগত রশ্মি সমূহ ডাইভারজেণ্ট্ বা ক্রম বিকীর্ণের ন্যায় কর্ণিয়া হইতে বাহির হইবে। অক্ষিবীক্ষণের সাহায্যে সরল উপায়ে হাইপার্মিটো-शिया मगाकां उ हक् शतीका कतित्व, छेशात 28 हेक मृत्त इहेत्छ, छित्कत. অথবা রেটিনার নাড়ী সমূহের কোন্টির একটী ইরেক্ট্রা উদ্ধর্থী মূর্ত্তি দৃষ্ট হইতে পারে অর্থাৎ হাইপার্মিট্রোপিয়াগ্রস্ত রেটিনা হইতে প্রত্যাগত রশ্মি সমূহ রিফ্র্যাক্টিভ্ মিডিয়া বা আলোক বক্রকারী পথ দারা ডাইভারজেন্ট্ বা ক্রম বিকীর্ণ হইয়া ১৪ ইঞ্চ দূরে দর্শকের রেটিনার উপর সমবেত হয়। ঐ মুর্ত্তি যে ইরেক্ত্বা উর্দ্ধী ইহার প্রমাণ-দর্শকের চকু যে দিকে ইহাও দেই দিকে নড়ে। উদাহরণ স্বরূপ মনে কর, কোন ব্যক্তির হাইপার্মিট্রোপিয়া হইয়াছে। অঞ্চিবীক্ষণ দারা আমরা রোগীরচকু পরীক্ষা কবিব; যত্ত্বের দর্শন-ছিত্তের(Sighthole) সন্থে বা পশ্চাতে কন্ভেকা লেন্স্ নাই। বোগীর চক্ষুর ১৪ইঞ্দুরে রেটনার রক্ত নাড়ীর একখানি স্লুপাষ্ট ও বিবর্দ্ধিত প্রতিকৃতি দেখিতে পাওয়া

গেল; এক্সণে বাম ভাগে আমাদের মন্তক লইলে উল্লিখিত মূর্ত্তিটা আই-রিসের নিমে বাম দিকে অদৃশ্য হইরা পড়ে; দক্ষিণ ভাগে দরাইলে, মূর্ত্তি পুনরায় দর্শন দিয়া, কনীনিকার দক্ষিণ পার্শ্বে ঢাকা পড়িয়া যায়।

অক্ষিবীক্ষণ দারা হাইপার্মিটোপিয়ার পরিমাণ নির্দেশ করিতে হইলে, উহার দর্শন-ছিদ্রের (Sighthole) সন্থে একথানি কন্ভেক্স লেন্দ্রাথিতে হয়; উহার ক্ষমতা এরূপ হওয়া চাই, যাহাতে রোগীর রেটনা হইতে প্রতিবিষিত ডাইভার্জেণ্ট্ বা ক্রমবিকীর্ণ রিশ্মি দর্শকের রেটিনায় যাইবার প্রের্কে, সমান্তরাল করিতে পারে। এইরূপে, এতক্রপ একথানি কন্ভেক্স্ চন্মায় রোগীর চক্ষ্র রিফ্র্যাক্টিভ্ শক্তির দোষ নিবারণ করে; এবং এতদভিপ্রায় নির্বারিত হয় তাহাই উপযোগী।

. মনে কর, অসম্পূর্ণ দর্শন দৃষিত একটা শিশু আমাদের নিকট আনীত হইল, অক্ষিবীক্ষণ দ্বারা উহার চক্ষ্ পরীক্ষা করতঃ, ১৪ ইঞ্চ দূরে রেটিনার একথানি স্থ্পষ্ট ইরেক্ত্বা উর্দ্ধীন প্রতিক্তি দেখিতে পাওয়া গেল দর্শকের য্যাক্মডেদন বা স্থাপনক্রিয়া শিথিল করিয়া, তিনি অক্সিবীক্ষণের দর্শন-ছিদ্রের সমুথে একথানি অল শক্তি বিশিষ্ট কন্ভেক্ত্ লেফা্রাখিলেন; রোগীর চকুর গভীর প্রদেশের প্রতিক্তি এখনও ১৪ ইঞ্চ দূরে ইরেক্ট্রা উর্দ্ধমুখীন ও স্বস্পষ্ট লক্ষিত। অনন্তর, একটীর পর আর একটী প্রবলতর লেকা অক্ষিবীক্ষণে সংলগ্ন করিয়া দেওয়া হয়—যতক্ষণ না রেটিনা হইতে রিফ্র্যাক্টেড্ বা বক্তীক্বত আলোক-রশ্মি সমূহ অক্ষিবীক্ষণের কন্ভেক্স্ লেক্ষের মধ্যদিয়া যাই-বার সময়, ডাইভার্জেণ্ট্রা ক্রমবিকীর্ণ হইতে সমাস্তরাল হওয়ায়-গভীর প্রদে-শের ইরেক্টু বা উর্দ্ধুথী প্রতিকৃতি আর দেখিতে পাওয়া না যায়। হর্বলতম কন্তেক্স চদ্মা—যদারা এই ফল উৎপাদিত হয়—তদারা রোগীর হাইপার্-মিটোপিয়ার পরিমাণ নিণীত হয় ; দর্শন দোষ নিবারণার্থ উহার ব্যবহারের ব্যবস্থা অবশ্য কর্ত্তব্য। পুর্বেই বলা হইয়াছে, এতজ্ঞপ পরীকার সময়, রোগীর স্বীয় য়্যাক্মডেসন বা স্থস্থাপন ক্রিয়া শিথিল করা আবশুক। অল অভ্যাদের গুণে এই ক্ষমতা লাভ করিলে, অক্ষিবীক্ষণ হাইপার্মিট্রোপিয়ার লকণ নির্ণয়ে বিলক্ষণ সহায়তা করে।

কেরাটোকোপি (Keratoscopy)। হাইপার্মিট্রোপিয়। স্থলে আলোক ও উহার ছায়া কনিনীকার মধ্যে অকি-বীক্ষণ ময়ের দর্পণ যে দিকে ঘুরাণ যায় তাহার বিপরীত দিকে ঘুরে। এই উপায় ছারা হাইপার্-মিট্রোপিয়ার পরিমাণ নির্ণয় করিতে হইলে য়্যাট্রোপিন্ চক্ষে দিয়া প্রথম একথানি ছর্বল ও পরে এক খানি প্রবল-তর কন্ভেয়্ লেম্ যয়ের দর্শনছিদ্রের সন্থে রাথ যে পর্যান্ত না প্রতিক্তিটি, দর্পণ যে দিকে ঘুরে সেই দিকে ঘুরে। হাইপার্মিট্রোপিয়া বা দ্রদ্ধির রিফ্র্যাক্সন বা আলোক বক্র করিবার শক্তি মাইওপিয়া বা নিকট দ্ধির ভায় করিতে হয়; যে ছ্বলিতম কন্ভেয়্ লেম্ আবশ্যক হয় তাহা প্রায়ই রোগীকে যে চস্মার অনুমতি দেওয়া হয় তদপেক্ষা প্রবলতর হইয়া থাকে।

টেরাদৃষ্টি সাধারধতঃ হাইপার্মিট্রোপিয়া সমুদ্রত; এমন কি, 🕏 অংশ কনভার্জেণ্ট্ তির্যান্দর্শন বা টেরাদৃষ্টি স্থল, হাইপার্মিট্রোপিয়ার সহিত সংস্প্ত। তির্ঘ্যদর্শন অথবা রেক্টদ পেশী সমুহের যুগপৎ (Co-ordinate) ক্রিয়ার অভাব-শৈশবাস্থায় অর্থাৎ শিশু নিকট বস্তু দর্শনার্থ অক্ষি নিয়োগ শিথিবা মাত্র—আবিভুতি হয়; নিয়লিথিত রূপে ইহা জন্ম। এক সাযুর শাথা সমূহ ইণ্টার্ন্যাল্ রেক্টম্ ও সিলিয়ারি পেশী—উভয়েই বিস্তৃত থাকার যে উত্তেজনায় দিলিয়ারি পেশী কুঞ্চিত হয়, উহা পরিমাণাসুযায়িক ইণ্টার্ন্যাল রেক্টদের উপরও ক্ষমতা প্রকাশ করে। কিন্ত হাই-পার্মিটোপিয়া গ্রস্ত চক্ষে, দূর বস্তু দর্শন কালেও সিলিয়ারি পেশী সর্বাদা কুঞ্চিত অবস্থায় থাকে, এই জন্য উভয় রেক্টদেরও নেই অবস্থায় থাকিতে হয়। অতএব নিকট বস্তু দর্শনার্থ সিলিয়ারি পেশীর সমধিক শ্রম হয়। নির্দিষ্ট দৃশ্য বস্তার জন্য যত টুকু কন্ভারজেন্স আবশ্যক রোগী অক্ষিকে তদপেক্ষা অধিক কনভার্জেণ্ট্ করে; সে হুই চক্ষে একবারে দেখিতে পায় না। একটি না একটি চক্ষু নাসিকার দিকে এরূপ বিবর্ত্তিত হয় যে, দর্শন রেখা ( Visual lines ) নির্দিষ্ট বস্তার নিকট পার্শ্ব দিয়া যায়; কিন্তু অপর চকু উহাকে হির ভাবে দেখিতে থাকে। এইরূপে কন ভার্জেণ্ট্ তির্য্যপদর্শনের ভিত্তি সংস্থাপিত হয়। অবশেষে, রোগী আপনাপনি জানিতে পারে—উভয় অকি দারা দর্শন ভোগ না করিয়া, বরং মনে এক

অক্ষির দর্শন লোপ করিয়া, অপর দারা দেখা ভাল; কারণ—দুগুলাকি দর্শনের স্থবিধা রেক্টসের উপর নিয়ত দাধ্যাতীত কার্য্য ও উহার প্রান্তি দারা বাাহত হয়। (খ্র্যাবিদ্যাদ অধ্যায় দেখ)।

## মায়োপিয়া (Myopia) বা নিকট দৃষ্টি।—

মায়োপিয়া স্থলে অকিগোলক সন্ম্থ—পশ্চাৎ দিকে সমধিক বৃহৎ হ ওয়য়, য়য়াক্মডেসন্ বা স্থাপন ক্রিয়া বিশ্রান্ত থাকিলে, আলোক-রিশ্র সমূহ রেটিনার সন্ম্থে এক বিন্তুত সমবেত হয়। এই রোগে অক্লিগোলকের পশ্চডাগ, পশ্চাদিকে এত বহির্গত হইয়া যায় য়ে, কর্বিয়া ও ক্রিষ্টোলাইন্ লেম্ স্বাভাবিক অবস্থায় থাকিলেও, উহাদের মধ্যগামীরিশা সমূহ রেটিনার অবস্থানের সন্ম্থে এক বিন্তুত সমবেত হইয়া পড়ে। এই অবস্থা—প্রদীপ, লেম্ ও পর্দার সাহাযেয় ব্রান যাইতে পারে। আলোক ও লেম্ম যদি এরূপ রক্ষিত হয় য়ে, প্রদীপ হইতে প্রবর্তিত রিশ্মি সমূহ পর্দার উপর ঠিক এক বিন্তুত সমবেত হয় ও সেই সময় পর্দাকে কিঞ্চিৎ পশ্চাদিকে সরান হয়—তাহা হইলে, প্রদীপের প্রতিকৃতি তৎক্ষণাৎ অস্পষ্ট প্রতিভাত হয়। এতজ্ঞাপ অবস্থায়, প্রদীপ ও লেম্মের মধ্যে একথানি উপযুক্ত কনকেভ্ লেম্ম্ রাধিলে, তাহা প্রথম লেম্মের উপরি পতিত রিশ্মি সমূহকে এরূপ ডাইভার্জ বা ক্রমবিকীর্ণ করে—যে তাহাতে উহারা পর্দার উপর ঠিক এক বিন্তুতে সন্মিবিকীর্ণ করে—যে তাহাতে উহারা পর্দার উপর ঠিক এক

কতকগুলি মায়োপিয়া হলে, সন্মুথ পশ্চাদিকে অক্টির দৈর্যাতা, স্থ চক্ষ্র দৈর্যার ত্ব অংশ অধিক; এই হেতু রোগীর য়াক্মডেসন্ বা স্থাপন ক্রিয়া বিশ্রান্ত থাকিলে, রেটিনার উপর সমাস্তরাল রশ্মি সম্হের এক বিল্তে এক ক্রিত হওয়া অসম্ভব। যে সকল সংপ্রাপ্তি গত পরিবর্ত্তনে প্টিরিয়য়্ ইয়াফিলোমা রোগ জন্মে, তাহাদের পূর্কেই উল্লেখ করা গিয়াছে। অতএব একণে এই অবস্থার জন্ম রিফ্র্যাক্সন্ দোষের লক্ষণ সকল ও উপযুক্ত চিকিৎসার কথা বলিলেই চলিবে।

মায়োপিয়ার লক্ষণ নিরূপণ করা কঠিন নছে; রোগীর দূর দর্শন মলিন-হ্য ও অক্ষির্যের সন্মুথে একথানি উপযুক্ত ক্রনকেত্ লেকা ধরিলে, উহার

## মাইওপিয়া বা নৈকট দৃষ্টি।

উন্নতি হয়। অধিকাংশ হলে, দূর দৃষ্টি দৃষিত হইলেও, নিকট দৃষ্টি উৎকৃষ্ট থাকে। ইছার কারণ এই—মায়োপিয়াগ্রন্ত রোগী অক্ষিদ্বয়ের

বিশেষ গঠন প্রযুক্ত, মুখের সন্নিকটস্থ ক্ষুদ্র বস্ত मकन ऋम्भेष्ठ (मिथिटा नमर्थ हम ; এবং वस गण অক্ষির সন্নিকট হন্ন, রেটিনার উপর উহার প্রতিকৃতি তত বড शक्षिত इरेश। थारक। निकछ-पृष्टि लारकत অতি কুদ্র বস্তু দেখিবার ক্ষমতা বাজিবার কারণ এই यে, তাহার কনীনিকা সর্বাদা প্রসারিত থাকার, हुभा वस्त्र जालाकार्थ लालकत मानातग्र एकत्र অ লোক আবশাক হয়, তাহার তদপেকা কম প্রয়োজন হয়। দর্শনের অবস্থা সম্বিক মনোযোগ পূর্বক নিরীক্ষণ করিলে, দেখা যায়, শতকরা ২৮ জন মায়োপিয়াগ্রন্ত রোগীর স্বাভাবিক দৃষ্টির তীক্ষতা আছে কিনা দলেহ; এবং অধিকাংশ স্থলে, কোরইড় সম্বন্ধীয় রক্তস্রাব অথবা অন্ধির মের-প্রাদেশ (Polar regeon), পশ্চাদ্দিকস্থ স্থাফিলোমা জাত কৈ দিয় (Central) জোটমা দারা এক বা উভয় অফি দৃষিত হইয়া থাকে; কথন ৰূপন রেটিনার স্থানচ্যতাবস্থা, ভিট্রিয়দের কোমল ভাব কিমা ক্যাটার্যাক্ট, মামোণিরা ব্যাধির সহিত সংশ্লিষ্ট शाकिया वाधितक अधिन कतिया द्वारन । गार्याशिया मृषिठ ष्रक्रित्क এই मकल উপमर्ग इटेट तका कतिएक इट्टेल, देशभवावदाय द्यागीत त्य तिख्या-কানের দোৰ উপস্তি হয়, উপযুক্ত কনকেভ চসমা দারা তাহা শোধন করা আবশ্যক।

( ৪৮ প্রতিকৃতি )



অনেক নিকট-দৃষ্টি লোকের বিশেষ স্বভাব—দূর বস্তু দেথিবার সময় অক্ষি অর্দ্ধ নিমীলন করা; ইহার কারণ এই—অক্ষিপুট্ছয় প্রায় নিমী-লিত করায়, রেটিনার উপর গঠিত আলোক বৃত্ত সকল (Circles of diffusion of light ) ন্ন হইরা যায়। অক্ষির সন্থে ধৃত একথানি কন্তেক্ লেন্দ্র রাষ্ট্র চক্ষুকে মায়োপিয়া সমাচ্ছন করিলে, ইহা প্রমাণিত হইবে; এরপ লেন্দে সমস্ত দ্র বস্ত অম্পত্ত (দাগ যুক্ত) দেখায়; কারণ—উহার মধ্যবাহি আলোক রশ্মি সমূহ রেটিনার সন্থে এক বিন্তুতে সমবেত হয়। এতদাবস্থায়, অক্ষিপুটদ্র অর্দ্ধ মৃদ্রিত হইলে, উক্ত কারণ বশতঃ দর্শনের উন্নতি ঘটিয়া থাকে।

সাধারণতঃ, মায়োপিয়া দ্যিত চক্ষু সমূহ বৃহৎ ও উচ্চ হয়; অঙ্গুলি দ্বারা পীড়ন করিলে উহারা দৃঢ় বলিয়া অন্তব হয়; কিন্তু অধিকাংশন্থলে পশ্চাদ্দিকে অক্ষিগোলকের বৃদ্ধি, এই রোগের প্রধান ধর্ম। আফিক পেশী সমূহ দ্বারা অক্ষিগোলকের উপর পীড়ন হইলে, এই অবস্থা বৃদ্ধিত হইতে পারে।

মায়োপিয়া গ্রস্ত বোগীদের সমাচার মাস্কিউলার্ বা পৈশিক য়াস্থিনোপিয়া ও একটোর্নাল্বা বাহ্ ট্রাবিদ্মাস হইরা থাকে। পুর্কেই বলা হইরাছে— এক অফি অপর অফির উত্তেজনা উপস্থিত করত, নিকট বস্তুর দর্শন কালীন জাক্ষি দয়ের কন্তার্জেন্বা নাসিকার দিকে ঘূর্ণন ও য়্যাক্মডেসন বা স্কুল্পন ক্রিরা এক সময়ে ঘটে; কিন্তু মায়োপিয়া স্থলে, দূর বস্তু দর্শন কালে রেটিনার উপর আলোক রশ্মি এক বিন্দুতে সমবেত করণার্থ রোগীর অল্প পরিমাণ য়াক-মডেদন বা স্কুখপন ক্রিয়ার নিয়োগ আবশ্যক—য়াাকমডেদন বা স্কুখপন ক্রিয়া অল হওয়ায় কনভার্জেন্বা নাসিকার দিকে বক্র করিবার ক্ষনতাও ङ्यान रुश, এজনা रेन्टोत्नान् (तक्टोरे (१भी घाता निकट वस्तत छेशत अकिघश কনভার্জ বা নাসিকার দিকে বক্র করাইতে— রোগীর অপরিমিত শক্তির আবশ্যক। আরও মায়োপিয়া রোগে অক্ষিগোলকের সচরাচর ইলিপুসইডেল বা ডিম্বাকার (Ellipsoidal) আকৃতি হওয়ায়, উহার চলতার হানি হইয়া যায়। অতএব এই ব্যাধিতে রোগী ক্ষীণ দৃষ্টি বলিয়া সর্বাদা অক্ষির শুদ্ধ যে কনভার্জেন্স রক্ষা করা অভ্যাদ হয় এমত নহে—কিন্তু পূর্ব্বোক্ত কারণ বশতঃ, এই কন্ভার্জেন্স্রক্ষণার্থ রেক্টাই পেশী সমূহের অপরিমিত ক্রিয়ারও প্রয়োজন; এই হেতু, মায়োপিয়া গ্রস্ত রোগী পৈশিক ब्राखितां थिया ७ अबाहानी हुराविम्यारमव नक्ष्यी मकन अकान

করে। দি-দর্শন-জনিত দর্শন-কট নিবারণার্থ, ডাইভার্জেন্ট্ বা নাসিকার বিপরীত দিকে বক্র চল্ফে দৃষ্টি নাই, মনেং এইরূপ ভাবিবার স্বভাব রোগীর হইয়া যায় এবং অবশেষে উহা য়্যায়্রিপ্রিয়া সমাচ্ছয় হইয়া পড়ে। যাহাহউক ডাক্তার ল্যাঞ্জন্ট্ এই অবস্থার ব্যাখ্যা এইরূপ করেন। তাঁহার মতে, মায়োপে ঈষং য়্যাক্মডেসন্ বা স্ক্রাপন ক্রিয়ার আবশ্যক। যতদূর সম্ভব অল্ল কন্ভার্জেন্স্ দারা, তিনি স্বসম্পন্ন য়্যাক্মডেসন্ বা স্ক্রাপন ক্রিয়া সহজে শিথিল করেন। এই প্রবণতা অধিক মাত্রায় হইয়া এক অন্দি দর্শনে অসমর্থ হইলে, দর্শন রেখা সমূহ (Visual lines) নিকট দর্শনার্থ প্রায়্র সমান্তরাল এবং দূর দর্শনার্থ ডাইভার্জেন্ট্ বা ক্রমবিকীর্ণ হইয়া পড়ে। ইহা ধ্র্যাবিদ্ম্যাদ্ ডাইভার্জেন্ট্ বা ক্রমবিকীর্ণ হিইয়া পড়ে। ইহা ধ্রুয়াবিদ্ম্যাদ্ ডাইভার্জেন্ট্ বা ক্রমবিকীর্ণ তির্যান্সর্শনের আরম্ভ—বিশেষতঃ কেবল এক চল্ফে হইলে, উহা বিবর্দ্ধনোন্থ হইয়া থাকে।

য়াক্মডেটরি বা স্থাপন সম্বনীয় য়াস্থিনোপিয়া সমাক্রান্ত নিকট-দৃষ্টি বিশিষ্ট রোগীর যেরূপ লক্ষণ হয়, মাস্কিউলার্ বা পৈশিক য়াস্থিনোপিয়া সমাচ্চন্ন রোগী অনেকটা সেইরূপ লক্ষণের অন্তর্ভব করে। সন্তব্ত, কার্য্য আরম্ভ সময়ে তাহার দর্শন নির্মাল থাকে; কারণ তথন সে নির্মােশরণে অপ্টিক্ ম্যাক্সিস্ বা আক্ষিক নেরুদ গুরুষ কন্তার্জ বা নাসিকার দিকে বক্র করিতে পারে। কিন্তু কিয়ংক্ষণ পরিশ্রমের পর, তাহার অক্ষিদ্ম অশ্রু সমাচ্চন্ন হইয়া পড়ে। রোগী শ্রান্তি ও ঈরং যন্ত্রণা অন্তব করত, কার্য্য বন্ধ করিতে বাধ্য হয়। কিয়ংক্ষণ বিশ্রামের পর সে স্বন্ধক্ষণ পুনরায় কাজ করিতে পারে। মানোপিয়া রোগে, মন্তিক-পীড়ার সহিত অক্ষিপুটের দারের প্রদাহ, অঞ্জন ও ইপিফোরা বা সজলনেত্র দৃষ্ট হয়; এই সকল লক্ষণ, অস্বাভাবিক পৈশিক টেন্সন্ বা টান জন্য হয়, কেবল উপযুক্ত চস্মা ব্যবহার দারাই উহারা আরোগ্য হয়।

সচরাচর দেখা যায়—বিশেষতঃ সন্তবত ঈষং পরিনিত মায়োপিয়া সমা-ক্রান্ত রোগীদের মধ্যে দেখা যায়, য়্যাক্মডেটরি সম্বন্ধীয় অ্যান্থিনোপিয়ার লক্ষণ সমূহ বিদ্যমান থাকে; এবং অক্ষিবীক্ষণ দ্বারা উহাদের চক্ষ্ পরীক্ষা করিয়া দেখা যায়, আক্ষিক ডিন্থ্ সমধিক রক্তপূর্ণ। এতজ্ঞপ অধিকাংশ স্থানে, সিলিয়ারি পেশীর আক্ষেপ বিদ্যমান থাকে; উহার নিবারণ করি.ত হইলে, ১ মাদ বা ৬ দপ্তাহ প্রবন্ধা য়া চিপিন্দ্র চক্ষে প্রবেশ করাইয়া, পেশীকে নিশ্চেষ্ট রাখিতে হয়। এই ঔষধের ক্রিয়া অতীত হইলে রোগীকে উপযুক্ত কন্কেভ্ চদ্যা ব্যবহার করিতে দেওয়া উচিত।

মারোপিয়া রোগে আক্ষিবীক্ষণিক প্রীক্ষা (Ophthalmoscopic Examination in Myopia)।——ডিরেক্ট্রা সাক্ষাং প্রণালীর পরীক্ষায় দেখাযায় সন্ম্থ-পশ্চাদ্দিকে অক্ষিণোলকের অস্বাভাবিক দৈর্ঘতা প্রযুক্ত কর্ণিয়া হইতে প্রবর্ত্তিত রিশা সমূহ মায়োপিয়া দ্যিত চক্ষ্র ঠিক সন্মুখে পরস্পর অবচ্ছেদিত হওয়ায়, (Inter-sect) দর্শকের রেটিনার উপর উহাদের গঠিত প্রতিক্তি ইন্ভার্টেড্রা অধো-মুখীন হয়। যথায় রিশা সমূহ সমবেত হয়, দর্শক রোগীর তদপেকা অধিক নিকটে থাকিলে—আক্ষিক ডিক্ষ্ দেখিতে পায় না। অতএব রোগীর অতি সরিকট যাইয়া দর্শক যদি গভীর প্রদেশের বিশিষ্ট অংশ সমূহ দেখিতে অসমর্থ হন নিশ্চয় জানিবে, অক্ষি মায়োপিয়া দ্যিত হইয়াছে। কিন্তু যদি দর্শকের চক্ষ্ রোগীর চক্ষ্ হইতে পর্য্যাপ্ত দূরে অপস্তে হওজ, কন্ভার্জেন্ট্রা ক্ষেবিকীর্ণ আক্ষিক রিশা সকল একত্তিত হয়া পরস্পর লক্ষ্যকরিবার পর দর্শকের চক্ষে পড়ে—তাহা হইলে, সে ডিক্কের ইনভার্টেড্ বা অধাম্থীন প্রতিক্তি দেখিতে পাইবে। অধাম্থীন প্রতিক্তি, দর্শকের চক্ষ্র বিপরীত দিকে ঘূর্ণিত হয়।

কেরাটকপ (Keratoscopy)।——সহজ নায়েপিয়া তলে যেদিকে কনকেত্ দর্পন ঘুরান হয়, আলোক ও অন্ধকারের প্রতিবিদ্ধ সেই
দিকে ঘুর্ণিত হয়, এবং গতির ক্রততা ও ছায়ার বক্রভাব (Curvature of the shadow) সকল মেরিডিয়ানেই সমান।

নারোপিয়ার চিকিৎসা।——মনে কর, একজন রোগী আসিয়া বলিল—সে দূর বস্তু অস্পষ্ঠ দেখিতে পার, কিন্তু ক্ষুদ্র অক্ষর অক্ষিদ্বয়ের সন্নি-কট ধরিলে দেখিতে পায়; এমত স্থলে, টেষ্ট্ টাইপ্ সমূহের ২০ ফিট প্রেক্ত অক্ষিক্ত ব্রিকা, এক চক্ষুদ্র প্রায়ণ্ড চক্ষ্ণ ক্ষিত্ত ক্ষিত হইতে পারে যে, রোগী দক্ষিণ চক্ষু দারা ১০০ নং অক্ষর গুলি দেখিতে পায়, কিন্তু বামচক্ষে কেবল ১৬৯ নং দেখিতে পায়; অনন্তর প্রথম দক্ষিণ পরে বাম চক্ষ্ পরীক্ষা করিয়া, নির্ণয় করি তাহার পক্ষে সর্বাপেক্ষা হর্বলতম চদ্যা কোনটি যবারা দে ২০ফিট দ্রে নং ২৫ দেখিতে পারে। সমধিক মাআর মায়োপিয়া গ্রন্ত নয় —এমত রোগীর পক্ষে হর্বলতম চদ্যা, যদারা ২০ ফিট দ্রে সর্বাপেক্ষা ভাল দেখিতে পাওয়া য়য়, তদ্যবস্থা করা য়াইতে পারে; নিকট বা দ্র দর্শনার্থ কেবল এই প্রকারের চদ্যা তাহার দরকার হইয়া থাকে। ২০ফিট দ্রে সর্বাপেক্ষা ভাল দেখিতে পাওয়া য়য়, এমত হর্বলতম কন্কেত্ চদ্যা ব্যবস্থার সময় বিবেচনার সহিত ব্যবস্থা করা কর্ত্রা; কারণ—কাবেত্র চদ্যা দিলে রোগী য়্যাক্মডেদন্ বা স্ক্র্যাপন জিয়া ব্যবহার দারা সমধিক কনকেত্ লেন্সের অন্তর্গত আলোক রিশার ডাইভার্জেন্ট কিয়া প্রতিহত করিয়া দেইরূপ ভালই দেখিতে পায়। এইরূপ প্রকারেই স্কন্থ, অবিক কি হাইপার্মিট্রেগিয়া সমাক্রান্ত চক্ষ্ও উহার সম্প্রে ধৃত একথানি লয়ং কনকেত্ লেন্সের সাহাযো স্প্র দেখিতে পায়।

ভামাদের স্বরণ রাথা উচিত যে, লেন্সের দারা নিকট-দৃষ্টি রোগীর চিকিংসা করিতে হইলে সেই লেন্সের শক্তি এরপ হওয়া চাই মাহাতে নিকটি ওও দ্রন্থ বস্তা সকল পরিমাণ মত দ্র হইতে স্পষ্ট দেখা যায়। বিশেষতঃ নিকট বস্তা দর্শনার্থ প্রথম ব্যবহার করিবে এমত লোকের—দৃশ্যবস্তর প্রতি উভয় অন্ধির সমধিক কনভার্জেন্দ্ নিয়োগ করিবার যে অভ্যাস হইয়া গিয়াছে, তরিবারণার্থে কনকেত্ লেন্স্ ব্যবহার, করার জন্য প্রথমে অল্ল অভ্যাস আবশ্যক; এ জন্ম মায়োপিয়া নিবারক চসমা নিকট দর্শনার্থ রোগী ব্যবহার করিতে চায় না। যাহাইউক, মাইওপিয়াগ্রস্ত রোগী যদি ১২ইঞ্চ দ্রে সাধারণ অক্ষর বাগ্রন্থ পড়িতে পায়, এমত স্থল ব্যতীত অন্যত্র তাহার পক্ষে কনকেত্ চদ্মা ব্যবহার বাঞ্নীয়; কারণ কেবল নির্দোষ মূর্ত্তি সমূহের প্রয়োজন হইলেই; নিকটস্থ বস্তার প্রতি অন্ধির নিয়োগ হয় এবং মায়োপিয়া গ্রস্ত রোগী অন্ধির্মার বাজ্বীয় তানয়ন্ত্র আনয়ন দারাই কেবল জ সকল নির্দোষ মূর্ত্তি দেশ্যবন্তু আনয়ন হারাই কেবল জ সকল নির্দোষ মূর্ত্তি কেবল জিমান হারাই কেবল জ সকল নির্দাষ ক্র

বাবহার। দ্বতার জন্য চদমা তত প্রয়োজনীয় নহে; কারণ নিকট দৃষ্টি ব্যক্তি ইচ্ছা করিলে দমস্ত জগং দেখিয়াও উহার কেবল অল্প মাত্র দেখে; যদিও জগং ও উহার প্রকার সকল দেখার জন্য অজ্ঞাতদারে যে জ্ঞান উপার্জন হয়, এ ব্যক্তি দে স্থ্রিধায় বঞ্চিত হইয়া থাকে।

মাষোপিয়াগ্রস্ত রোগীর অকিদ্বরের তারতম্য নিবারণ প্রবন্ধে, সচরাচর এই প্রশ্ন উপিত হয় যে উপযুক্ত লেন্সের দারা উহা নিবারণ চেষ্টা পরামর্শ দিদ কি না। এতজ্রপ স্থলে, উভয় চক্ষুর জন্ম ভিন্নং শক্তির লেক্ষ্ব্যবহার না করিয়া, সর্বাপেক্ষা ভাল চক্ষুর উপযোগী চদ্মা উভর চক্ষে ব্যবহার করা—সাধারণ প্রথা; বে স্থলে লেন্দ দিকণ চকে সর্কাপেকা উৎকৃষ্ট দান করে, —4D — তন্মধ্যে ত্র্বলতম; কিন্ত বাম চকুর মাধোপিয়া — 5D — দারা বিনষ্ট হয়। দক্ষিণ চক্ষুর জন্ম নং ৪ এবং বাম চক্ষুর জন্ম ৫ নং ব্যবস্থা না করিয়া উভয় চক্ষে —4D—রাখিতে বলিবে। কতকগুলি হলে, সর্কোংকুষ্ট मर्गन लांड जना धवः श्रेडि हक्तूत डेशरयांशी (लाक्नूत माहारया, मार्याशिया श्रेड উভয় অক্ষির তারতমা নিবারণ আবশ্রক হইতে পারে; যাহা হউক এতদ্-বস্থার, বিভিন্ন শক্তি বিশিষ্ট লেখা, ঘারা গঠিত রেটিনার মৃর্ত্তি সকলের আকার অসমতা হেতু, দৃষ্টির অনেক সময় অনিষ্ঠ হইয়া পড়ে। যেমন পূর্ব্বেই বলিয়াছি—উক্ত নিয়মের অন্তণাও হয়। অত্যধিক প্টিরিয়র ষ্ট্যাফিলোমা জাথবা অন্ত কোন ব্যাধি প্রযুক্ত, দৃষ্টি এত অস্পষ্ট হয় যে, বস্ত সকল দেথিতে হইলে রোগীকে উহাদিগকে চক্ষুর অতি দরিকটে আনিতে হয়। এই অবস্থা লজ্মনার্থ একথানি অধিক শক্তি বিশিষ্ঠ কন্কেভ্লেন্স আবশ্যক হইতে পারে; কিন্তু দৃশ্য বস্তুর মূর্ত্তি আকারে এত ছোট হইয়া যায় যে, পূর্ম-व्यमम्भुर्ग द्विमा छेहा धावना कतिएक ममर्थ हम ना। এই मकन व्यवसम রেট্রাই ইনটারন্যাল্ পেশী সমূহের অসম্পূর্ণতা রোগকে আরও কঠিন করিয়। তোলে। অতএব, মায়োপিয়া গ্রস্ত রোগীর দর্শন যদি এমত দৃষিত হয় য়ে, অকীষ্ট্রের ৩।৪ ইঞ্চ দূরে অকর আনা ব্যতীত, দেও নং অক্ষর সকল পড়িতে অক্ষম হয়, তাহা হইলে, পঠনার্থ বা নিকট কার্য্যার্থ চদ্মা ব্যবহার পরামর্শ সিদ্ধ নহে।

মারোপিয়া শোধনার্থ চস্না অক্ষিররের নিকটে রাথা হইল কি না,
মনোযোগের সহিত দেখা উচিত; কারণ—কন্কেভ্ লেক্স সকল অক্ষির্ম
হইতে অপ্রয়োজনীয় দূরে রাখিলে, অন্য অবস্থায় যে শক্তির আবশ্যক হয়,
তদপেক্ষা উচ্চ শক্তির নিয়োগ আবশ্যক হইতে পারে।

মনেকর, একটা মায়োপিয়া গ্রস্ত রোগী ১২ ইঞ্চ দুরে কাওয়েলের ৫ নং পডিতে গারে, উহার অধিক দূরে পারে না। যদ্যপি এতজপ রোগীকে পঠনার্থ সর্বাপেক্ষা ক্ষীণ শক্তি চদমা ব্যবহার করিতে দেওয়া যায়, যদ্ধারা দূরতাজন্য মায়োপিয়া নাশ করে; তাহা হইলে ডাইভারজেণ্ট্ বা ক্রমবিকীণ রিশিসমূহ রেটিনার উপর এক বিন্দুতে মিলিত করণার্থ নিকট বস্তুর প্রতি এই সকল চদ্মা নিয়োগ করিবার চেষ্টার সময়, রোগী বলে অফিছমের যন্ত্রণা হইতেছে। বস্তুতঃ নিক্ট বস্তু দর্শনের সময় য়াাক্মডেদন বা তাহার স্মুস্তাপন ক্রিয়া শিথিল করিবার অভ্যাস হইয়া গিয়াছে। যদি আমরা তাহাকে প্রবল কনকেভ, চদ্মা ব্যবহার করিতে দি, যাদ্রা তাহার মায়োপিয়া সম্পূর্ণ मेष्ठे इस এवः ज्ञाना याद्यां निक्रे वस पर्मनार्थ जादात मण्युन साक्रमर प्रमन বা স্মন্থাপন চেষ্টা প্রয়োগ করা আবশ্যক হয়—তাহা হইলে, সিলিয়ারি পেশী এতজপ কার্য্যে অনভাস্ত থাকায়, যে কার্য্য করিবার প্রয়োজন হয় তাহাতে উহা কার্যাক্ষম হইতে পারে না। এতদবস্থার, সর্বাপেক্ষা ক্ষীণশক্তি বিশিষ্ট চদ্যা সকলের ব্যবস্থা করিবে—যদ্ধারা রোগী ১৬ ইঞ্চ দূরে ২ বা ৩ নং টেষ্ট টাইপু সকল দেখিতে পারে। কিছুদিন এই সকল চস্মা ব্যবহারের পর দিলিয়ারি পেশী কার্য্য করিতে অভ্যন্ত হইলে, প্রবলতর চদ্মা সকল বোগীর চক্ষে লাগিবে।

সাধারণতঃ অনুমিত হয় যে, মায়োপিয়াগ্রন্ত লোকের বয়স যত বৃদ্ধি হইবে, ততই তাহার মায়োপিয়া রোগ প্রেস্বিওপিয়া দারা উপশ্মিত হইবে; কিন্তু বথন স্মরণ করি যে শেষোক্ত অবস্থাটি বয়স-স্থলভ য়াক্মডেসন্ বা স্থাপন ক্রিয়ার অপ্রচ্রতা, তথন এই দিকান্ত উপস্থিত হয় যে মায়োপিয়া গ্রন্ত বোগীরা ঐ পরিবর্তনের বিষয় জানিতে না পারিলেও, তদ্বারা আক্রান্ত হয়। সচরাচর, ৬০ বৎসরের পূর্বেনিকট দৃষ্টি লোকের চদ্মার দরকার হয় নাঃ

ঐ বয়দে, পঠনার্থ ক্ষীণ শক্তি বিশিষ্ট কন্ভেক্ ও দূর বস্তা দর্শনার্থ কন্কেভ্
চদ্যার অনেক উপকার দর্শে; সমধিক পরিমাণ মায়োপিয়া হওয়ায়, রোগী ৮
ইঞ্চের বাহিরে ২ নং বা ০ নং টেইটাইপের অক্ষর সকল পড়িতে না পারিলে,
বয়োরুদ্ধি হেতু য়াক্মডেসন্ বা স্কুল্পন ক্রিয়ার সম্পূর্ণ হ্রাস হওয়া প্রযুক্ত, সে
প্রায় ৮ ইঞ্চ দূরে স্পষ্ট পড়িতে পারে বটে, কিন্তু তাহার বাহিরে কিন্তা তাহার
মধ্যে স্কুপেষ্ট দেখিতে অসমর্থ হয়; অতএব, এতজ্ঞপ স্থলে চন্ মার প্রয়োজন
না হওয়ায়, রোগী প্রেস্বিয়োপিয়া সমাক্রান্ত হয়—অথচ তাহা জানিতে পারে
না । প্রেস্বিওপিয়া সংস্কৃতী মায়োপিয়ার বিষয়ে আরও যাহা কিছু বক্তব্য
পরিবর্তী অধ্যায়ে দৃষ্ট হইবে।

অকিবীকণ দারা মায়োপিয়ার পরিমাণ জ্ঞাত হওয়া যাইতে পারে; কারণ পূর্বেব বলিয়াছি, রোগীর অক্ষির অতি সন্নিকটে অক্ষিবীক্ষণ ধরিলে, মায়ো-পিয়া— দৃষিত চক্ষুর গভীর প্রাদেশের ইরেক্টু বা উদ্ধুখীন মূর্ত্তি দৃষ্ট হইয়া থাকে; কিন্তু যে বিন্দুতে কন্ভার্জিং বা ক্রম সংকীর্ণ রশ্মি সকল পরস্পর অবচ্ছেদ করে, তাহার বাহিরে একথানি ইরেক্ট্রা উর্দ্ধান মর্ত্তি পাইতে হইলে, যন্ত্রের দর্শন-ছিদ্রের পশ্চাতে স্থাপিত একথানি এই শোধক দর্পণের শক্তি দারা, রোগীর কি পরিমাণ মায়োপিয়া হইয়াছে তরিণয় করিতে পারা যায়; কিন্তু তজ্জন্য পরীক্ষার সময় নিকট বস্তুর দিকে চাহিতেছি ইহা যেন আমরা জানিতে না পারি এবং রেটিনার উপর সমান্তরাল রশ্মি সমূহকে এক বিন্দুতে মিলিত করিবার জন্য য়্যাক্মডেদন বা স্থস্থাপ্ন চেষ্টা প্রয়োগ না করি। ইহার কারণ এই যে অক্ষিবীক্ষণ যন্ত্র মায়োপিয়াগ্রস্ত চক্ষুর যথেষ্ট সন্নিকটে লইয়া গেলে, আমরা উহা হইতে কন্ভারজিং বা ক্রমসংকীর্ণ রশ্মি সকল প্রাপ্ত হই; উহারা আমাদের রেটিনার উপর উর্দ্ধমুখীন চিত্র গঠন করে; কিন্তু আমাদের নিজের স্বস্থ চকুর সন্মুথে ধৃত এক থানি কন্কেভ্ লেকা দারা কন্-ভার্জিং বা জ্বসংকীর্ণ রশ্মি সকলকে সমান্তরাল না করিলে, যে বিন্তুতে উহারা পরস্পার অবচ্ছেদ করে, তাহার বাহিরে একথানি অধোমুথীন(ইন্ভার্টেড্) মূর্ত্তি আমাদের রেটনার উপর অন্ধিত হইবে। অতএব, অতি ক্ষীণ শক্তি বিশিষ্ট কন্কেভ কেন্যাহা এই সকল কন্ভারজিং রিখা সমান্তরাল করিয়া, কোনরূপ

য়াাক্যডেমন্ চেষ্টা ব্যতিরেকেও, রোগীর রেটিনার ইরেক্ট্ বা উর্দ্র্যীন চিত্র দেখিতে আমাদিগকে পারগ করে—তাহা আমাদিগকে বিদ্যানা মায়োপিয়া কিরূপ, জানাইয়া দেয়।\*

শিঃ এড়গার ব্রাউন্ সংগৃহীত নিয় লিখিত তালিকা প্রতি কটাক্ষ মাত্রে, অকিবীক্ষণ

মন্ত্র প্রদর্শিত রিফ্রাক্সনের বা আলোক বক্রকারী শক্তির দোষ সকল জানা যায়।

	বিশ্রামবস্থা- য় উপযোগী	সমান্তরাল ইন্মি এক	রেটিমা	माकार উপায়ে	উर्द्ध गूगीन मुर्जि	পরম্পরিত উপায়ে
			হইতে রিশা		0/ -	
	Adapted	विक्टर	বহিগত হয়	मृर्द्धि	निकट छे हुई	মূর্ত্তি
	in Rest	মিলিত	বেমন	Image	Erect	Image by
	for	Parrllel	Rays from	by Direct	Image	Indirect
		Rays	Retina	Method	Seen Close	Method
		Focussed	Emerge as			
এমমিটে পিয়া	সমান্তরাল	রেটিনার	<b>गग</b> खत्नाल	উर्क गुजीन	<b>बाइ</b> शिम	কোন ফল
বা স্বাভাবিক	রশ্মি	উপর	Parallel	প্রকৃত	षाः।	হয় না
EMMETROPIA	Parallel	On the		निकटि पृष्टे	<b>म</b> ९८नाभन	Not
		retina.		Erect.	না করিয়া	affected.
	rays.			virtual,	Without	
				seen close.	correcting eye-pieces	
गा इंदरा शियां	ডাইহার-	दब्धिमात्र	কন্ভার-	इन जातू-	कन् एक छ्	क्रुज इय
वा निक हे मुक्कि	কেন্ বা	मम् देश	ভেন্ত	টেড্ বা	দার1	Made
MYOPIA	क्रम निकीर्व	In front	ক্রমসংকীর্ণ	व्यथः गूजीन	With	smaller.
	রন্মি	of retina.	Conver-	প্রকৃত,	concave.	
	Divergent		geut	मृद्र मुर्थ		
	rays.			Inverted.		
				real, seen		
				at distance.		
হাইপারমিটে ।	কন্ভার-	(वृद्धिमाव	ভাইভার-	इटब्रें डिक	कन् ए छक्	অব্যজক্টি ভ
পিয়া বা দুরদুষ্টি	L	<b>अन्हा</b> रङ	<b>उन्ते</b> वा	गूशीन,गथार्थ	দারা	বা দৃশ্য বস্তু
HYPERMETRO	ক্রম সং-	Behind	ক্রম-বিকীর্ণ	मृत्त मुर्थ	With	চক্ষুর
DIA	কীৰ্ণ রশ্যি	retina	Divergent.	Erect, vir-	convex.	निकटहे
PIA	Conver-			tual, seen		षानित
	gent rays.	1		at distance.		রহতর হয়
						Made
						larger by
						moving objective
						closer to
						eye

কেরাটকোপি (Keratoscopy)।——-নে দিকে কন্কেভ্
দর্পনিকে বোরান যায়, রেটিনার উপর আলোক ও অন্ধর্কারের অঙ্কিত
মূর্ত্তি নেই দিকেই সরিলে, জানিবে সহজ মায়োপিয়া রেয়ণ ইয়য়ছে।
মায়োপিয়ার পরিমাণ নির্ণয়ার্থ রোগীর চক্ষুর সয়ুথে প্রথমে একথানি পরে
আর একথানি কন্কেভ্ লেন্স্ রাথিতে হয়—য়তক্ষণ, নে দিকে দর্পনিকে
বোরান হয় উহার বিপরীত দিকে, ঐ মূর্ত্তি না সরে। মনেকর, রোগীর
চক্ষুর সয়ুথে একথানি কন্কেভ্ ৪০লেন্স্ রাথিয়া দর্পনিকে যেদিকে যুয়ান গেল
আলোক ও অন্ধর্কার ও সেইদিকে নিজ্ল। তথন 4D দ্বারা পরীক্ষা করিয়া
যদি দেখা যায়, মূর্ত্তি বিপরীত দিকে যুয়িতেছে, তাহা হইলে, মায়োপিয়া
চারি ভায়প্রিক্রের অধিক নহে; যদি হইত, তাহা হইলে কন্কেভ্ 4D দ্বারা
কতকগুলি মায়োপিয়া অসংশোধিত থাকিত। অতএব, জানিবে, মায়োপিয়া
বি ও 5Dর মধ্যবর্ত্তী।

মানোপিয়া অনেকটা সভ্যতার ফল, সভ্যতা কেন্দ্র হইতে স্থানান্তরিত লোক সমূহের সংসর্গে যাঁহারা আসিয়াছেন তাঁহারা উহা ভাল জানেন; এরপ লোকদের মধ্যে মায়োপিয়া নাই বলিলেও হয়। কিন্তু জার্মানি দেশে প্রস্তুত একথানি তালিকা দৃষ্টে জানা যায় যে, ১০০০০ বালকের মধ্যে ১৮০০ রিক্র্যাক্সন বা আলোক বক্রকারী দোবে দ্যিত। ইহার মধ্যে আবার ১০০০ মারোপিয়া জন্ত; ইহার দশটি স্থলে ব্যাধি পৈতৃক ছিল। গ্রাম্য বিদ্যালয়ের ছাত্রের মধ্যে মায়োপিয়া দ্যিতের সংখ্যা শতকরা১.৪, কিন্তু নগরের বিদ্যালয়ে উহাদের সংখ্যা ১১.৪ হইয়াছিল। নিয় শ্রেণীর বিদ্যালয় সমূহে শেষোক্ত ছাত্রের মধ্যে শতকরা ৬.৭, মধ্য শ্রেণীর বিদ্যালয় সমূহে ৩০.০, এবং উচ্চ শ্রেণীর অর্দ্ধেকেরও অধিক ছাত্র মায়োপিয়াগ্রস্ত । এতদেশে (ইংলওে) যাহারা স্ক্রকার্য্যে অক্ষির সমধিক বিনিয়োগ করে, ইহা প্রায়ই অল্প আলোকে হইয়া থাকে, তাহারা প্রায় মায়োপিয়া সংস্কৃত্ত হইয়া থাকে; যথা, ঘড়ি-গ্রালা, খোদাইকারক ইত্যাদি।

উক্ত উদাহরণে মায়োণিয়ার কারণ অনেক্টা বলিয়া দিতেছে; স্পষ্ট বুঝা যায় বে, অল্প বয়স্ব লোকদিগের মধ্যে, পড়া ও লেখা প্রভৃতি কার্য্যে

নিকট বস্তুর প্রতি অক্ষিদ্যের নিয়ত বিনিয়োগ হেতু, মায়োপিয়া জন্ম। বে পরিমাণে আলোক অপ্পত্ত হয়, কিম্বা দৃষিত অবস্থান প্রযুক্ত পুস্তক বা লিখন ( যাহাতেই দে ব্যাপ্ত থাকুক ) মুখের অতি সয়িকটে আনীত হয়, তেম্নি রোগ বাড়িতে থাকে। অতএব, উৎকট পরিশ্রম, বিশেষতঃ স্বল্ন আলোকে পরিশ্রমই, মায়োপিয়ার মুখ্য কারণ। গৌণ কারণ—মন্দ ছাপা, অতি ক্ষুদ্র অক্ষর এবং কর্ণিয়ায় ঈষং মালিছা; সংক্ষেপত সেই সকল অবস্থা, যাহাতে ছাত্রদিগকে দৃশু বস্তু অক্ষির অতি সয়িকটে আনয়নকরতঃ, বৃহত্তর রেটিনা প্রতিবিশ্বের মূর্ত্তির জন্ম লোল্প করায়। অতএব, ছাত্রেরা যাহাতে উত্তম পার্ম আলোক ( Side light ), স্কচাক্র রক্ষিত ডেক্স এবং ভাল ছাপার পুস্তক পায়, বিদ্যালয়ের অব্যক্ষদিগের তিষ্বিয়ে যত্রবান হওয়া উচিত; যদি কোন মায়োপিয়াগ্রস্ত ছাত্র অক্ষির ১২ বা ১৪ ইঞ্চ দ্রে সহজে ক্ষুদ্র অক্ষর পড়িতে না পারে, তাহা হইলে তাহাকে কন্কেভ্ চম্মা ধারণ করিতে দেওয়া বিধেয়।

## প্রেস্বাইয়োপিয়া--- ( Presbyopia )।

২০ হইতে ৭০ বংসর পর্যান্ত দৃষ্টির তীক্ষণ কমিতে থাকে; অধিক্ষ, বয়োর্দ্ধির সহিত য়াাক্মডেসন শক্তির হ্রাস হেতু, ক্রমে সিলিয়ারি পেশীর বল লোপ এবং অক্ষি—লেন্সের হিতিতাপকতা স্বল্প হওয়া প্রযুক্ত, যে সময় লোক ৪৫ বংসরের হয়, তথন নিকট বস্তু সকল বেটিনার উপর এক বিন্দৃতে মিলিত করিতে পারে না। যাহা হউক, ইয়া নিঃসংশয় য়ে, অক্ষরের য়য়েপ্টর্কাপ রহৎ মূর্ত্তি রেটিনার উপর অক্ষিত হইয়া স্ফুস্পর দেখিতে পারগ করিবে বলিয়া, ক্ষ্ম ছাপা অকিদ্বয়ের ১২।১৩ ইঞ্চ দ্রে বরা উচিত। বয়োর্দ্ধির তায় অন্যহ হলে রেটিনার স্পর্শ বোধক-শক্তি স্বল্প হইয়া পড়ে; অতএব, বয়োবিক লোকের য়ায়্-শক্তি ক্ষণি হইয়া, তাহাকে ক্ষ্ম বস্তু সকল অক্ষি দরের সলিকটে আনিবার প্রয়োজন আরও অধিক হইয়া পড়ে; অতএব, বয়োবিক লোকের য়ায়্-শক্তি ক্ষণি হইয়া, তাহাকে ক্ষ্ম বস্তু সকল অক্ষি দরের সলিকটে আনিতে বাদ্য করিলে, য়্যাক্মডেসন্ বা স্ম্যোপন শক্তি নাশ হইয়া, প্রেদ্বিওপিয়ার লক্ষণ সমূহ দৃষ্ট হয়। এরপ লোক দ্ব হইতে স্পেট ক্ষেতি পায়, এবং উপযুক্ত কন্তেক্ লেন্সের সাহারেয় ১২ ইঞ্চ দ্রে সিতি ক্ষাণ সকরের লান নির্দেশ করিতে সক্ষম হয়্মা লাকে।

এক জন ৪৫ বা তদ্ধিক বয়স্ক রোগী আদিয়া যদি বলে—আজীবন আদার দর্শন শক্তি নির্দোষ, কিন্তু একণে ক্ষুদ্র অক্ষর—বিশেষতঃ প্রদীপের আলোকে ক্ষুদ্র অক্ষর দেখিতে কন্ত হয়। রোগী ২০ ফিট্ দ্র হইতে নং ২৫ দেখিতে পার, কিন্তু ১২ ইঞ্ অন্তরে নং ১ পড়িতে অক্ষম। ১৬ ইঞ্ দূরে ধরিলে সম্ভবতঃ, সে ব্যক্তি নং ৪ লক্ষ্য করিতে পারে। +1 D র সাহায়ে ১২ ইঞ্ দূরে নং ১ দেখিতে পার বটে; কিন্তু ঐ সকল চদ্মার তাহার দূর-দর্শন বিক্বত করিয়া দেয়; বস্ততঃ, পঠন, লিখন এবং ঐ রূপ কার্য্য ব্যতীত অন্যান্য স্থলে চদ্মা ব্যতিরেকে, সে ভাল দেখিতে পার।

অকিও যে পুস্তক পড়িতেছে তাহার অস্তরে একটি উজ্জ্বল আলোক পড়িলে ক্ষুদ্র ছাপা চদ্মা ব্যতিরেকে দেখিতে পাইবে বলিয়া—প্রেদ্বিওপিয়া গ্রন্থ রোগীরা স্বভাবতঃ (Instinctively) ঐ আলোক অন্বেষণ করে। ইহার কারণ এই যে, উজ্জ্বল আলোকে কনীনিকা এত আকুঞ্চিত হয় যে, বিকীর্ণ আলোকের বৃত্ত ( Urcles of diffusion ) যাহা রেটিনার উপর অন্য উপায়ে গঠিত হয়—উহারা স্বল্প হইয়া, রোগীর দর্শন শক্তির উন্নতি হইয়া থাকে। কনীনিকার সন্ধোচন যে দর্শনোন্নতির কারণ তাহার প্রমাণ এই যে, তাসে এক্টি আল্পিনের ছিদ্র (Pin-hole) দিয়া দেখিবার সময়, প্রেদ্বিওপিয়াগ্রস্ত রোগী দৃষ্টি-শক্তির উন্নতি অন্তব করে। রেটিনা কিন্ধা অক্যির কতকগুলি গভীর নির্মাণের ব্যাধি জন্য দৃষ্টি হ্রান হেতু যে সকল রিফ্র্যাক্সন্ বা আলোক বক্র হওয়ার ভ্রম ঘটে, তাহাতে ক্ষুদ্র ছিদ্র মধ্য দিয়া দেখিলে দৃষ্টির উন্নতি হয় না, তাহাতেই এই ত্ইয়ের প্রভেদ করণার্থ এতজ্বপ পরীক্ষা বিশেষ উপকারক।

প্রেদ্বিওপিয়া নিবারণার্থ কোন্ চদ্মা উপযুক্ত হইবে উহা রোগীর বয়দের উপর নির্ভর করে; প্রচলিত প্রথা এই যে, ৪৫ বংসর বয়দে 1D ব্যবস্থা এবং নিয়লিথিত তালিকান্ত্সারে চদ্মার তেজ বৃদ্ধি করা হয়ঃ—

	5./	1	
বয়স	ভারপ্টার্স	বয়স	ডায়প্টার্ন
8¢	5	৬৫	8.30
Co	2	90	0.00
aa	9	90	. &
	. 8	b0.	9
40	8	J. J.	

याहा इडेक, ध नियस्त्रत अञ्चर्था अ मुछे ह्या; यथा, - धक वाक्ति आकी-বন ঈষৎ হাইপার্মিটোপিয়া সমাক্রান্ত, কিন্তু দিলিয়ারি পেশীর সাহায্যে দূষিত রিক্র্যাক্সন্ নিবারণ এবং সমান্তরাল ও ডাইভার্জেণ্ট্বা ক্রমবিকীর্ণ রশ্মি জালকে রোটনার উপর এক বিন্দুতে মিলিত করিতে পারে। কিন্তু যথন ঐ ব্যক্তি প্রায় ৪০ বা ৪৫ বংদরে উপনীত হয়, তথন তাহার দিলিয়ারি পেশী কমক্রিয়াশীল এবং লেকা দুঢ়তর হওয়ায়, য়্যাক্মডেদন বা স্কুখাপন চেষ্টা দারা হাইপার্মি-টোপিয়া নিবারণ উহার পক্ষে কঠিন হইলে, তাহার নিকট ও দূর-দর্শন উভ-য়ই দৃষিত হইরা পড়ে। এতজপ স্থলে রোগী ২০ ফিট্ অন্তরে নং ১০০ ব্যতীত অন্য কোন অক্ষর দেখিতে পায় না বটে, কিন্তু একথানি +1D দারা নং ২৫ পড়িতে পাবে; অতএব সিদ্ধান্ত করিতে পারি যে, প্রায় + 1.5D উহার হাইপার্মিট্রোপিয়া আবৃত করিবে সত্য, কিন্তু রোগী ৪৫ বৎসর বয়দ্ধ হওয়ায়, প্রেদবিওপিয়া নিবারণার্থ উহার +1D কনভেক্সের ও আবশ্যক হইবে; অতএব আমরা উহার জন্য +1.50 = 2.50 + D চদ্মার ব্যবস্থা করিয়া থাকি। রোগী যত বয়োবৃদ্ধ হইতে থাকে, হাইপার্মিট্রোপিয়া আবরণার্থ, +1.50 ডায়প্ট্রিক ব্যতীত, প্রতি ৫ বৎসরের জন্য ১ ডায়প্-্রিক বৃদ্ধি করিতে হয়। যথা—মনে কর, একটা রোগী হাইপারমিটো-পিয়া নিবারণার্থ সর্বাদা পূর্বের +4D ধারণ করিত; এক্ষণে তাহার বয়স ৬০ বংসর; প্রেস্বিওপিয়ার জন্য তাহার +4D দরকার, হাইপার্-निट्छाि शिशांत जना উशांच +4 त्यांग कत ; এই ह्यू शर्ठन त्यथन जना आगता + 4D वावश कित ; किन्छ मृत-मर्मनार्थ माधात्रण वावशातार्थ दांशीत रकवल +4D जावश्रक। नः ৮ এ রোগীর বিশেষ অস্কবিধা জন্মায়; তরিবারণার্থ তাহার চদ্যা এরূপ হওরা উচিত যে, প্রত্যেক লেন্সের উর্দ্ধাংশে একথানি +4D এবং অধোদ্ধাংশে +8D থাকে। এতদবস্থায়, দূর বস্তু দর্শনার্থ অক্ষিদ্বয় উত্তোলন করিবার সময় সে +4D চন্মার মধ্য দিয়া দেখে এবং পঠন ও লিখনার্থ অকিবর অবনয়ন সময়ে, +8D মধ্য मिशा (मरथ।

অবশেষে, বয়োবৃদ্ধির সহিত দৃষ্টির নিকট বিন্দু বে কেবল অফিদ্বয় হইতে দুরে সরিয়া বায়, এমত নছে, কিন্তু ভিয়২ লোকের মধ্যে বিভিন্ন পরিমাণে

বেটিনা আলোকাত্মভব কম হয়; এই হেডু, ছাপার অক্ষর প্রভৃতি কুদ্র বস্তর (যাহাতে তাহারা ব্যাপৃত থাকে) রেটিনার উপর অদ্ধিত মূর্ট্রি, যতদ্র সম্ভব, বাড়াইতে—কতকগুলি প্রেদ্বিওপিয়াগ্রস্ত রোগী বাধ্য হইয়া থাকে; এবং প্রবল কন্ভেল্ল্ চন্মা ব্যবহার করিলেও রেটিনার উপর অদ্ধিত মূর্ট্রির আকার বৃহৎ করিবার জন্য, তাহারা সচরাচর অক্ষর অক্ষিরয়ের সনিকটে আনিয়া থাকে। কুদ্র বস্তু সকল সর্বলা মুখের নিকট আনীত হওয়ায়, দৃশ্য বস্তুর উপর অক্ষিত্রয়ের সমধিক কন্ভার্জেন্স্ বা নাসিকার দিকে বক্র করিবার আবশ্যক হয়; এবং এতদ্রপ স্থলে য়্যাক্নডেসন্ বা স্ত্রপান ক্রিয়া বিশান্ত থাকায়, অক্ষিত্রয়ের পরিমাণাত্মরূপ চেষ্টায় যে ক্রিয়া স্পূর্মাল হইবার কথা তথায় বিশ্ব্রালতা ঘটে; অনেক সময়ে অক্ষির ভিতর সমধিক রক্তের ক্রেয়তা এবং রেটিনা ও অক্ষির অন্যান্য নির্মাণ সকলের দ্বিত পুষ্টি ঘটিয়া থাকে। যাহাইউক, রোগী এক চক্র্ দারা একথানি কন্ভেক্স্ চদ্মার মধ্য দিয়া দৃষ্টি করিলে, এই অস্ক্রিধা নিবারণ হওয়ায়, যে কার্যো সে ব্যাপৃত থাকে তাহার উপর উভয় অক্ষিপাত করিবার আবশ্যক হয় না।

য়াষ্টিগমেটিজন্ (Astigmatism)।

অকিন্বয়ের লম্ব, সমতল অথবা মধ্যবর্ত্তী এক বা অনেক মেরিডিয়ানের বক্রতা যদি সম্পূর্ণ বৃত্তাকার না হয়, তাহা হইলে এক বা উভয় অক্রির সেই অবস্থাকে য়্যাষ্টিগ্ম্যাটিজম্ কহে; এই সকল মেরিডিয়ানের একটা অন্য কোনটা অপেক্ষা অধিক কন্ভেক্স্ হইতে পারে; অধিক কি এতজ্ঞপ অসংখ্য বৈষম্য থাকিতে পারে; কিন্তু কর্ণিয়ার বক্রতা জন্মাবিধি অস্বাভাবিক হওয়ায় অক্রিন্বয়ের যে রিফ্র্যাক্সনের দোষ ঘটে, তদ্বিষয় অলোচনা করিলেই চলিবে। ক্যাটার্য়াক্ট্র উঠানের পর কর্ণিয়া যে আবাত প্রাপ্ত হয় তাহা হইতেও কনিক্যাল্ কর্ণিয়া প্রভৃতি স্থলে যে য়্যাষ্টিগ্ম্যাটিজম্ হয় সেবিয়য় এখানে বলিবার আবশ্যক নাই। সেই কারণেই লেন্সের দোষ হেতু, আজন্ম বা সিলিয়ারি পেশীর কতক গুলি স্বত্রের বিশৃত্যল ক্রিয়া জন্য বে য়্যাষ্টিগ্ম্যাটিজম্ ঘটে, ঐ সকল ছ্রিয়পনীয় য়্যাষ্টিগ্ম্যাটিজম্ স্থলের কথা বিশ্বিনা।

যে অবস্থার অক্ষির ভিন্ন২ অবস্থার স্থিত মেরিডিয়ান সম্ছের বক্রতা অসমান হয়, তাহাকে য়াাষ্টিগ্রেটিজম্ বলে। এই শব্দের অর্থ এই যে অক্ষির রিফ্রাক্টিং নিডিয়া বা আলোক বক্রকারী পথের নেরিডিয়ান সকলের দোষ কণিয়ার বক্রতার বিশৃত্যালতার উপর নিভর করে; বক্রতা সম্পূর্ণ বৃত্তাকার না হইয়া এত পরিবর্তিত হয় য়ে, নিশ্বোষ দর্শনের হানি জয়ায়। এইরূপে লক্ষ্য স্থিত কোন উজ্জ্বল বিন্দু (Radiant point) হইতে রশ্মি আসিয়া, রেটিনার উপর ফোক্যাল্ পয়েণ্ট্ বা বিন্দুর পরিবর্তে ফোক্যাল্ লাইন্ বা রেখায় মিলিত হয়।

কর্ণিরার বক্রতার বিশৃষ্ণলতা হইলে, স্পষ্ট বুঝা ষাইতেছে, ক্ণিয়ার মধা-গানী আলোক রশ্মি সকলেব বিশৃষ্ণল ভাবে রিফ্রাাক্টেড্ বা বক্র হইবে, উহারা সকলে রেটিনার উপরে এক ফোক্যাল্ বিন্তে আনীত হইতে পারে না; এই হেতু দৃশ্য বস্তু অস্পষ্ট ও বোর দেখার।

মনে কর, এক জন প্রার ২৫ বংসর বয়য় রোগী আনাদের নিকট আসিয়া বলিল:—বে সময় হইতে আমার য়য়ণ শক্তি জনিয়াছে সেই সময় অবিধি আমার নিকট ও দ্র দৃষ্টি দ্বিত হইয়ছে। অফিবয় পরীকা করিয়া দেখি উহাদের টেন্সন্ বা আয়ায় সাভাবিক এবং আলোক পথ স্বচ্ছ। রোগী ক্ষুদ্র অক্ষর পজিতে পারে না। তাহার দ্র-দর্শন অসম্পূর্ণ; কিন্তু অফির সমিকটে একথানি কার্জ বা তাস ধরিয়া উহার মধ্যে একটি পিন্ ছিদ্র বা ছোট গর্ত্ত দিয়া দেখিতে বলিলে, রোগী জানিতে পারে, তাহার দৃষ্টির উয়তি হইয়াছে। একটা ঘড়ি হইতে কিঞ্জিং দ্রে দাড়াইয়া এক চক্ষু মৃদ্রিত করিয়া আয়ও ব্রিতে পারে যে, সে ভায়ালের (ঘড়ির উপর অফিত) কতকগুলি দাগ অপর কতকগুলি অপেকা ভাল দেখিতে পায়। জানালার সমতল বার বা যিষ্ট গুলি স্পষ্ট এবং লম্মক বার গুলি অয় স্পষ্ট দেখায়। এতজেপ রোগী য়াক্মডেসন্ বা স্ক্রোপন কৌশল বলে সচরাচর ক্ষণকাল দর্শন দোষ নিবারণ করে; কিন্তু এই ক্ষমতা না থাকিলে রোগীর দৃষ্টি শক্তি অসম্পূর্ণ হইয়া পড়ে এবং ভজন্য উলিখিত অপেকাক্ষত স্থানী দর্শন-দোষের সহিত রোগী প্রায় য়্যান্থিনোপিয়ার লক্ষণ ও নিবেদন করে।

এতজ্ঞাপ স্থল য়াামিওপিয়ার উপর নির্ভর করে না, অর্থাং অক্ষির গভীরতর বিধানের বিশেষ পরিবর্ত্তন হইয়া যে দৃষ্টির দোষ ঘটে তাহার উপর নির্ভর করে না; কারণ—তাহা হইলে, তাসের একটা ক্ষুদ্র গর্জ দিয়া দেখিবার সময়, রোগীর দৃষ্টি-শক্তির উৎকর্ষ হইত না। পূর্কেই বলা গিয়াছে য়ে, কর্ণিয়ার উপরিভাগ সম্পূর্ণ বৃত্তাকার না হইলে, তহুপরি পতিত রিশা সকল রেটিনার উপর এক ফোক্যাল্ বা সংসর্গ বিন্দৃতে আনীত হইতে পারে না; কিন্তু এতদবস্থায় রোগী অক্ষির সয়িকট ধৃত কার্ডের বা তাসের একটা ক্ষুদ্র ছিদ্র দিয়া দেখিলে, উহাতে পার্শ্বর রিশা সমূহকে প্রবেশ করিতে দেয় না। স্ক্তরাং কেবল অতি স্ক্র্ম পেন্সিলের স্তায় আলোকের রেথা প্রবেশ করে; ঐ আলোক ছিদ্রের ন্যায় কর্ণিয়ার অল্প স্থানের উপর পড়িয়া ও উহার মধ্যদিয়া গিয়া, কর্ণিয়ার চতুঃম্পার্শন্থ বিশ্বালতা দ্বারা কোন বাধা না পাওয়ায়, রেটিনার উপর ঠিক ফোক্যাল্ বা সংসর্গ বিন্দৃতে মিলিত হইয়া থাকে। এইরূপে, তাসের ছিদ্র দিয়া দেখিলে রোগীর দৃষ্টি-শক্তির উন্নতি হয়।

গ্যারালাইজড় বা অকর্মণ্য হইয়া গিয়াছে, এরূপ ব্যক্তিও ২০ ফিট দ্রে জানালার সমতল বার গুলি দেখিতে পায় বটে; কিন্তু লম্ব বা উর্জাধ বার গুলি স্পষ্ট দেখিতে পায় না, কারণ—তাহার চক্ষ্র উর্জাধঃ মেরিডিয়ানের রিফ্রাক্টিং মিডিয়া বা আলোক বক্রকারী পথগুলি এম্মিট্রুপিক্ বা স্বাভাবিক থাকে বটে, কিন্তু সমতল মেরিডিয়ান এত ফুরাট্রা চ্যাপ্টা (হাইপার্মিট্রুপিক্) হয় যে, তয়ধ্যগানী রিশা সকল রেটিনার উপর ফোক্যাল্বা এক বিল্তে মিলিত হয় না, স্বতরাং রোগী জানালার উর্জাধঃ বার গুলি দেখিতে না পাইয়া কেবল সমতল বার গুলি দেখিতে পায়। এতদবস্থায় রোগী মন্তক হেলাইয়া অক্ষিদ্মের লম্বক মেরিডিয়ান্ সমতল অবস্থানে আনিলে, জানালার বারগুলি স্পষ্ট দেখিতে পায়, কিন্তু ক্রস্ বা আড়াআড়ি বারগুলি দেখিতে পায় না। ইহা স্পষ্ট ব্রা ঘাইতেছে যে, কর্ণিয়ার সমতল বা লম্বক মেরিডিয়ানের দোষের ন্যায় উহার অন্য কোন দেরিডিয়ানের আাদিমেট্রের বা অনৈক্যের দোষ ও য়্যাষ্টিগ্র্যাটিজনের লক্ষণ সকল উৎপাদন করে।

রোগী বৃহং বস্তু সকল দেখিতে পার বটে, কিন্তু উহাদের চতুঃদীনা কদাকার দেখে, আলোক রশ্মি কর্ণিয়ার মধ্য দিয়া যাইবার সময় উহার বিষম রিফ্র্যাক্সন্ জন্য; রোগী দৃশ্য বস্তুর চারিদিকে ঈষৎ ধূসরবর্ণ হ্যালে। বা মণ্ডলাকারের স্থায় আলোকের আভা দেখিতে পাইয়া থাকে। বেমন পূর্বের বলা হইয়াছে, রোগী যদিও স্বীয় য়্যাক্মডেন্সন্ বা স্থাপন কৌশল বলে—বিশেষতঃ পূর্ণ বয়্য প্রাপ্ত হইবার কতিপয় বৎসর পূর্বের এবং পয়ে কতকটা রিফ্র্যাক্ষন্ দোষ নিবারণে সমর্থ হয়, তথাপি শ্বরণ রাথা উচিত যে, যতদ্র রোগীর শ্বরণ হয় ততদিন হইতে স্ক্রপত্তী দর্শনের অভাব ঘটিয়া থাকে।


ইহা আশ্চর্য্যের বিষয় যে, অতি অল্প লোকের চক্ষু সম্পূর্ণরূপে অ্যাষ্ট্রগ্-मार्टिकम् मृनाः, किन्तु गठिनन पर्नन-मक्तित अञि अञ्च वााघाठ घटि, ততদিন উহা লফিত হয় না। সাধারণতঃ দৃষ্টির দোব উপলক্ষে हिकिৎमक त्र मकल आष्टिभाषिकम् इल प्रिशिष्ट शान, छेशां लक्षक মেরিডিয়ান এমমেটিপিক বা স্বাভাবিক এবং সমতল (মেরিডিয়ান্হাইপার্ মিটোপিক্) হইলে, জিনায়া থাকে। মনেকর, এক বা উভয় অক্ষিতে এই व्यवसा विमामान ; व्यक्षे वृत्रा गाहेरल्या एव, यसक रमति जिसान मधानां हि আলোক রশ্মি সমূহ রেটিনার উপর ফোকাদে বা সংসর্গ স্থানে আনীত হইবে वर्षे, किन्न मगठन त्मतिष्ठियांन मधावादि तथा मकन त्तिष्ठिनात अभारिक কোকাসে আনীত হয় এবং এই রূপে স্নায়ুতে জন্ধিত বস্তুর মূর্ত্তি অস্পষ্ট দেখার। এনতস্থলে আমরা এরপ চন্মার ব্যবস্থা করি—নাহা লম্বক মেরিডিয়ান মধ্যবাহি রিখা সমূহের রিক্র্যাক্সনের হানি করে না, কিস্কু যাহাদের সমতল মেরিডিয়ান্ এ পরিমাণ কন্ভেজা ্যাহাতে এই মেরিডিয়ান বাহি রশ্মি দকলকে রেটিনার উপর ফোকাদে আনিতে পারে। আর্থাৎ চশ্যা लक्षक निर्तिष्ठिशास्त क्षित् थवः नगउल-स्नितिष्ठिशास्त कन एउ अ হওরা আবশাক। এতজপ লেকা সকল অকির মেরিডিয়ান সমূহের विख्लाक्मन ममान कतिवात जिल्लाह्य वावक रस, रेशिमिशिक मिलि ७ काल् लम् करहः हेराता माधातन ल्लामत नाम व्यादतत অংশ নহে কিন্তু দিলিপ্তারেরর অংশ (Segments of cylinder) এই সকল সিলি ভ্রিক্যাল্ লেন্সের প্রদেশ সম্হ একদিকে স্মান্তরাল এবং অগ্রদিকে

জনকেত্বা কনতেকা বলিয়া, উহারা কেবলনাত শেষোক্ত সমতল কেতের মধাবাহি রশ্মি সমূহের রিজ্যাক্ষন ্বা বক্ততা জ্যাইয়া দেয়।

ইহা স্পষ্ট বুঝা যাইতেছে বে, এই কারণে, য়্যাষ্টিগ্নাটিজন্ রোগে কগ্ন বাক্তির নেটিনার অন্ধিত মূর্ভি অসম্পূর্ণ, এরূপ চক্ষুর পশ্চাং হউতে প্রতিবিশ্বিত রশ্মিসমূহ কর্ণিয়া হইতে বাহির হইবার পর অসমান রূপে রিফ্রান্ট্রা বাক হয়; তজ্জনা অন্ধি-বীক্ষণ দারা পরীক্ষা করিলে রোগীর অপ্টিক্ ডিম্ম ক্ষাকার ভিন্ন বিশেষ দেখার; বৃত্তাকার না হইয়া ন্যাধিক ডিমাকার দেপার। সামানা হাইপার্মিট্রোপিক্ র্যাষ্টিগ্ন্যাটিজন্ হলে, ডিরেক্ট্রা সাক্ষাং প্রণালীর পরীক্ষা বলে ডিম্নের দীর্ঘ মেরুদ্ও, সর্ব্বাপেক্ষা অধিক রিক্র্যাক্সনের শক্তি যুক্ত মেরিডিয়ানের অন্ত্রনপ। স্বতরাং প্রায় লম্ম ভাবে থাকে। ইন্ডিরেক্ট্রা পরস্পরিত প্রণালী দারা ডিম্নের দীর্ঘ মেরুদণ্ডের গতি ( Direction ) সাধারণতঃ ন্যাধিক সমতল হয়; অন্ধিত মূর্তি, (বৃহত্তর রিক্রাক্সন্ শক্তি বিশিষ্ট মেরিডিয়ানের দিকে স্বয়ং বা সাপেক্ষ ভাবে বিশ্বিত হওয়ার, ) রোগীর চক্ষ্র সন্মূর্থ হইতে লেক্স্ দ্রে লইলে মেরুদণ্ডের আরুতি ভিন্নং হয়।

য়াষ্টিগ্মাটিজমের উপস্থিতি নির্ণয় (To ascertain the presence of Astigmatism)।——রোগীর দর্শনে হাইপার্নিট্রোপিরা অথবা মারোপিয়া ঘটিরাছে, ইহা প্রথমতঃ দেখা উচিত; কারণ

বোগীর দৃষ্টির দোষ ঐ ছুইনির কোন কারণ জন্য রিফ্র্যাক্সন্ দোষের উপর নির্ভর করে। এইরপ না হইলে, রোগীর ন্যাক্মডেসন্ বা স্থাপন কোশল প্যাবালাইজড় বা নিশ্চেষ্ট করিয়া তাহার এক চক্ষু মুদ্রিত করতঃ স্নেলেন্ লাহেবের অন্ধরন্ত বিকীপ রেখা হইতে ১৫ফিট্ দ্রে দাঁড় করাইয়া যে কার্ডের উপর এগুলি অন্ধিত থাকে উহার নিকট আন্তেহ যাইতে



বলিবে—মতক্ষণ না দে অন্ততঃ কতকগুলি বিকীর্ণ রেখা স্পষ্ট দেখিতে

শায় (৪৯ চিত্র দেখ)। অনন্তর শে সকল রেখা প্রথমে কার্ডে বা তামে অশার ছুই হইত যে উচ্চতন কন্ভেল্ বা নীচতম কনকেত্ ক্ষেরিকেল্ লেজ্ম ঐ সকল অস্পেই রেখাকে দৃষ্টিপথে স্থাপেই আনমন করে; যতক্ষণ পর্যান্ত উক্ত ক্ষেরিকেল্লেন্দ্র পাওয়া যায় ততক্ষণ পর্যান্ত রোগীর অক্ষির সম্বেই উক্ত কন্ভেল্ বা কন্কেত্ চদ্যা পুনঃ পুনঃ বদলাইয়া ধরিবে। ঐ দৃষিত মেরিডিয়ানের রিজ্ঞান্তন্ বা আলোক বক্রকারী দোষ নিবারণার্থ যেরূপ শক্তির সিলিণ্ডি ক্যাল্ চদ্যার আবশ্যক হয়। তাহা ঐ ক্ষেরিক্যাল্ লেজ্ম ব্যাক্ত করিয়া দেয়।

উদাহরণ স্বরূপ মনে কর, রোগীর লম্বক সেরিডিয়ান সকল এম্মিট্রাপিক্ বা স্বাভাবিক এবং সমতল মেরিডিয়ান্ হাইপার্মিট্রোপিয়া সমাক্রাস্তঃ এমত স্থলে রোগী আট্রেটাপিনের ক্ষমতাধীন থাকার, দেখা যায় যে, সে সমতল রেখা দেখিতে পার। রোগীকে (Vertical bars) বা লম্ব রেখা গুলি স্থাপ্ট নির্দেশ করিতে পারগ করনার্থ তাহার অক্রির সম্মুখে + 2D, ডারপ্ট্রিক গেক্ষ্ রাখা আবশ্যক। যদি রোগীকে এক থানি সিলিণ্ডিকার্ল নেক্ষ্ (+2DCyl) ব্যবহার করিতে দেওয়া যায় এবং ব্যবহারের সময় উহার স্ক্রোতা সমতল ভাবে বিদ্যান রাখিয়া, (Axis) বা সেকল ও লম্বভাবে বন্ধ করা যায়, তাহা হইলে সমতল মেরিডিয়ান্ বাহি রিশ্রা সকল উক্ত লেক্ষ্ দারা কোকামে বা সংমর্গ স্থানে নীত হওত, রেটিনার উপর সমবেত হয় এবং লম্বক মেরিডিয়ান্ মধাবাহি রিশ্রি সকল চসমা দারা পরিবর্জিত না হওয়ার, রেটিনার উপর ফোকামে বিলিত হইয়া থাকে।

মাধােপিয়া বা হাইপামিট্রেপিয়ার সহিত আাইগাােটিজনও থাকিলে, উক্ত রিফ্রাক্সন্ দোষ সকল উপবৃক্ত চস্নার সাহাব্যে অফি পরীক্ষা কালে আাইগাাটিজন্ নিবারণার্থ সিলিপ্রিকাাল্ মুকুর দারা সংশোধন করা উচিত।

ররেল্ ওএই মিনষ্টার্ অফ্গাল্মিক্ হস্পিট্যালের ন্যায় চিকিৎসালয়ের ভারী কর্মাচারীদিগের প্রতিদিন বাহিরের রোগীদের অনেক্রের জ্যাষ্টিরাটি জমু পরীক্ষা করিতে হয় এই জন্য কিজ্যাক্সন্ দোষ স্থিরীকরণ ও ভাষা খোদেমার্থ বর্তমান সে দক্ল বিবিদ উপায় আছে তাহা যে ক্তুদুর উপকারী জানিবার তাহাদের অনেক স্থবিধা আছে। যত্ননীল ও বতদর্শী কর্মাচারী, মিষ্টার্ উইঙ্কলি ল্যাঙ্গড়ন সাধারণের উপকারার্থে এই বিষয়ে নিম্নলিখিত মন্তব্য প্রকাশ করিয়াছেন। তিনি বলেন।——

'ব্যক্ত আষ্টিগ্যাটিজম্ ত্ল পরীক্ষা কালে জক্ষিকে সম্পূর্ণকপ আগট্রেণিনের ক্ষমতার অধীনে রাখা আবশ্যক, হাইপার্মিট্রোপিয়া छेलमर्ग मः एष्टे इहेटल हेहा आंत्र आविभाग हेहा कता हहेटल, রোগীকে টেইটাইপু হইতে ৬ মিটার দূরে রাথিয়া, ক্লেরিক্যাল্ বা ব্ত্তাকার লেন্দ্রা যতদূর সম্ভব, দৃষ্টি-শক্তির উন্তি কর; জনস্তর সংশোধিত চক্ষুর সমুথে একথানি স্তেনোপেইক্-শ্লিপ্ (Stenopaic-slip) ঘুরাইবে যতক্ষণ না অত্যন্ন এমিটুপিক্ বা অস্বাভাবিক মেরি-ডিয়ান পাওয়া যায়। পরে ত্র্বল ক্ষেরিকেল লেখা, দারা অঞ্চি অধিক সংশোধন বা অল সংশোধন হইয়াছে, তাহা নির্ণয় কর; অধিক বা অল যাহাই হউক, প্রেনোপেইক্ শ্লিপের পশ্চাদস্থ লেন্সের স্থানে, এই মেরি-ডিয়ানের একথানি অত্যুৎকৃষ্ট সংশোধক লেন্ রাথিয়া, পূর্কেবে ভানে ষ্টেনোপেইক্-প্লিট ছিল, দেই স্থানে ঠিক সমকোণ ভাবে উহাকে ফিরাইবে; এই নৃত্র ভাবস্থার পূর্ব্বাপেক্ষা ভাধিক এমিট্রুপিক মেরিভিয়ানের বিপরীত দিকে হইবে; অনন্তর ঠিক এই প্রকারে পরীক্ষা করিয়া এই মেরিডিয়ানে কভটুকু এমিট্রোপিয়া হইয়াছে তাহা সঠিক নির্ণয় করিবে। এইরপে পরীক্ষিত, উভয় মেরিডিয়ানের রিফ্রাক্সনের তারতম্যে, অ্যাষ্টিগ্রাটিজমের পরিমাণ এবং তৎসংশোধনোপযোগী সিলিভি ক্যাল লেনের বল জানা যায়; চদ্মা বাবস্থার পূর্বের দেখা উচিত, উহা ८ छेट्टे ८ ल एन व चारा शतीकात मगर्थन करत किना।

"পূর্বোক্ত উপার আরো স্পষ্ট ব্যাখ্যা করণার্থ, উদাহরণ স্বরূপ, সংমিশ্র হাইগার্মিট্রোপিক্ আগৃষ্টিগ্যাটিজনের একটা বাস্তবিক হল ধরা যাউক (অর্থাৎ এস্থলে, উভর প্রধান মেরিডিয়ানেই বিদ্যমান, কিন্তু একটা অংশকা অপর্টীতে অধিকতর)।

"রোগীকে টেই টাইপ্ হইতে ৬ মিটার্ অন্তরে রাখিয়া, দেখা যায়, একগানি +3D কেরিকেল লেকা ঘারা আমরা দৃষ্টির তীক্ষতা ইঃ হইতে क आनिया थाकि; +3D ( ইহা একথানি मंदीक বিনিয়োজিত আছিগ্-মাটিক ফ্রেমের বা অব্যবের পশ্চাদ্রীণারে বদ্ধ গাকে) তৎসন্মুখে উক্ত ষ্টেনোপেইক্ শ্লিট্ রাথিয়া, যতক্ষণ না স্ব্রোপেকা দৃষ্টির অধিক উন্নতি দেখা যার ততক্ষণ তাহাকে বুরাইবে। (এ স্থলে শ্লিট লম্বক মেরিডিয়ানে বা তাহার নিকটে থাকিলে, সর্বাপেকা দৃষ্টির অধিক উন্নতি হইয়া থাকে; এফণে ( দৃষ্টি ) সম্ভবত ১ ; পরে শ্লিটের সম্মুখে একথানি +0.50D ক্ষেরিকেল্ লেক্ রাথিয়া, দেখা যার দৃষ্টি 💃 ; স্পষ্টতই আমরা এই মেরি-ডিয়ানে ( হাইপার্মিট্রোপিয়া ) অতিবিক্ত সংশোধন করিয়াছি, উহা কেবল +2. 50D মাত্র; অনন্তর, পশ্চার বী ধারে +3.Dর স্থানে +2. 50D রাথিয়া, শ্লিটকে উহার পূর্ব্ব অবস্থানের ঠিক সমকোণের দিকে ঘুরাও; এই নেরিডিয়ান ( যাহা অধিক হাইপার্মিট্রোপিক্ ) সম্বন্ধে, ঠিক পূর্বের नारित प्रथा यात्र, त्य +1. 50D (क्वित्कल लिका यिन द्वारा कता यात्र, তाहा हहेटल पृष्टि शूनतात 🚆 हहेता माजात; अहे स्मति जियारन স্পাঠতই +2. 50D +1. 50D = +4D এবং অফির হাইপার্মিট্রোপিয়া +1.50D পরিমাণ আাষ্টিগ্যাতিজম আছে।

"অনন্তর নিয় লিখিত কোন একটা পরীক্ষা দারা উক্ত ফল আমাদের সমর্থন করা উচিত; +2.50D ও +1.50D cyl, মাহার (আাক্সিন্ লম্ব-ভাবে) অথবা +4D কেরিক্যাল্ 2.50D. cyl যাহার আাক্সিন্ মনতল উহারা আলোচ্য চক্ষুর সম্পূর্ণ এমিট্রোপিয়া নিবারণ করিবে, এবমিধ নিয়মান্ত্রমারে ব্যবস্থা ঐ রূপ করা বাইতে পারে বটে, কিন্তু কার্য্যতঃ আমরা দেখি বিশেষতঃ হাইপার্মিট্রোপিয়া সমাক্রান্ত আাষ্ট্রিয়্যাটিজম্ স্থলে, যে অবস্থার সিলিয়ারি পেশী নিয়ত অতি ক্রিয়া জন্য বৃদ্ধি যুক্ত হয়, যে সমন্ত হাইপার্মিট্রোপিয়া সমাক্রান্ত গতেওব উক্ত স্থলে, নিয়ত ব্যবহারের জন্য আমাদের +1.50D কেরিকেল্ (Spherical) সহিত +1.50D সিলিগ্রিক্যাল্ (cyl) ব্যবস্থা করা উচিত, তাহা হইলে, মম্পূর্ণ অ্যাষ্ট্রিয়্যাটিজম্ ও প্রায় অর্কেক হাইপার্মিট্রোপিয়া সংশোধন হইবে'।


উপয়াক্ত প্রণালীতে আছিগ্যাটিজম্ পরীক্ষা শীঘ্রই সম্পন্ন হয় কিন্তু জড়-বৃদ্ধি রোগীর পক্ষে অভাল্ল কন্তদারক ও অতি নিশ্চিত, কারণ—ভাহাদের পক্ষে টেস্ট্ টাইপ্ ও নির্ভর করিতে হয় না।

উলিখিত রূপে পরীক্ষা করিয়া অধিকাংশ অ্যাষ্টিয়য়াতিয়য়্রোগ নিবারণে সমর্থ হওয়া যায়; ত্রূর স্থল সকলে (সংমিশ্র আ্রাষ্টিয়য়াজয়্)অপেকারত বিরল, ইহাতে একটা মেরিডিয়ান্ মায়োপিয়াগ্রস্ত, অপর্টী হাইপার্মিট্রোপিয়া গ্রস্ত হইয়া থাকে। ডাক্তার মাক্নামারা বলেন কেরাটস্কপি দারা পরীক্ষা বাতীত এইরূপ স্থল সমূহের পরীক্ষার আর উত্তম প্রণালীর আমি জানি না; তাঁহার সহ-কর্মাচারী মিষ্টার এ, লীহি এই প্রণালীর নিম্লিখিত বর্ণনা করিয়াছেন।——

রোগীকে সম্পর্ণরূপে আট্টোপিনের আয়ত্ত করাইয়া একথানি চেয়ারে বসাইবে; আলোটী ঠিক তাহার মন্তকের উপর থাকিবে; তংপরে শস্ত্র চিকিৎসক রোগীর সন্মুথে প্রায় ৪৮ ইঞ্চ দূরে বসিবেন। বর্তী অন্ধকারাচ্ছন করা উচিত, দর্পণ থানি কন্কেভ হইবে এবং উহার ফোক্যাল ডিষ্ট্যান্স বা আলোক একত্র হইবার বিন্দুর দূরতা যেন ২২ cm (৯ ইঞ্জের) নূান না হয়। পরিদর্শকের পশ্চাদস্থ প্রাচীরের দিকে ঠিক দর্শকের মস্তকের উপর তাহাকে দেখিতে বলিবে। আলোটী দর্পণ দারা এক চক্ষুর (মনে কর দক্ষিণ চক্ষুর ) উপরিভাগের উপর ক্ষিপ্ত হইয়া, কনীনিকা প্রদেশ সম্পূর্ণ আলোকিত হইলে, যে ল্যাম্প্রা প্রদীপ ব্যবহার করা যায় উহার মূর্ত্তি বা ছায়া দেখা যায়। অনন্তর দর্পণথানি লম্ব ভাবে স্যত্নে ঘুরাইয়া, ছায়াটী गतार्यां गर्कारत नितीकण कता रहा। अकरण, पर्मण य पिरक चृतान इस ছांसा यिन त्रहे नित्क त्कृत्त, जांहा इहेतन, नम्क त्मिति छियान মায়োপিয়াগ্রস্ত জানিয়া, আমরা রোগের পরিমাণ নির্ণয়ে অগ্রসর হই। এই অভিপ্রায়ে, অক্ষির সন্মুথে একথানি চদ্মার ফ্রেমের মধ্যে একথানি--1 ি রাখিয়া, পুনরায় আলোককে অকির দিকে চালিত করত, যথন আমরা-দর্পণ থানি ঘুরাইতে থাকি, ছায়ার প্রতি স্যত্নে লক্ষা করিলে, তথ্ন ও

्वया यात्र, छेहा मार्गालिशाश्च। धनखत -1D द्यारन -2D नावहात कत्रक, शुनताय भगारतका कतिरल स्में कलाई रिन्धा याम-कर्धार ताशीव जार्षिकाच् वा लक्षक भविष्यान् भाषािश्या भभाकां छ हुई इसा शहत, --2Da शारन --3D ताथिया दांगीरक शूनताय शतीका कतिरल, रम्था যায়, যে দিকে দর্পণথানি যোরান যায় ঠিক ভাহার বিপরীত দিকে লম্বক মেরিডিয়ানের ছায়া নজিতেছে; স্পষ্ট বুঝা যাইতেছে যে, আমরা মামোপিয়া অম্পূর্ণ সংশোধন করিয়াছি; এক্ষণে একথানি কনকেভ লেন্স দারা পরীক্ষা করি, উহার শক্তি —2 33Dর মাঝামাঝি, অর্থাং -2. 50D मर्भन घाता शतीका कतिरल रमना यात्र, कनीनिका आरमा কিছুমাত্রই ছায়া নাই, অতএব সিদ্ধান্ত করি, এ মেরিডিয়ানের মায়োপিয়া একথানি -2. 50D লেম দারা সংশোধিত হইয়াছে। পর্যাবেদক একণে অপর নেরিডিয়ান অর্থাৎ সমতল মেরিডিয়ানের বিফ্রাকানের দোষ निर्णत 3 मः लायन कतिए अधमत रुपेन। -2.50D मताहेबा, कनीनिका প্রদেশ উত্তমরূপে আলোকিত করত, তিনি দর্পণ থানি সমতল ভাবে অর্থাৎ এক পার্ধ হইতে পার্ধান্তরে বুরাইয়া, মনোযোগ সহকারে ছায়া नितीकण करतन; ७ गगत, छेशांक ( मर्भण त्य मितक त्यांतांन इत তাহার বিগরীত দিকে) ঘুরিতে দেখা যায়। অনন্তর, চন্মার ফ্রেম সকল পরস্পর আড়িজান্ট বা স্থাপন করিয়া, রোগীর অঞ্চির স্মুখে একথানি +1D রাখিয়া মত্ন সহকারে ছায়ার গতি লক্ষ্য কর-এখন পর্যান্ত ও এই গতি দর্পনের বিপরীত দিকে হইতেছে। অনন্তর চিকিৎসক বোগীর অক্ষির সমতল নেরিডিয়ান হাইপার্মিটোপিয়াগ্রস্ত হুইরাছে সিদ্ধান্ত করিয়া মায়োপিয়াগ্রস্ত মেরিভিয়ানের মায়োপিয়ার ন্যায়, হাইপার্মিট্রো-পিরার প্রিমাণ নিরূপণ ক্রিতে অগ্রসর হন—কেবল কন্কেভ্ লেন্সের স্থানে কন্তেক্স ব্যবহার করেন, এইমাত্র প্রভেদ। এইরপে, তিনি रम्राथन र्य, अकथानि +5D बाता रय छात्रा रुत्र, छेरा मर्लर्यत महिल नर्छ, অর্থাৎ উহার গতি নামোপিয়া গ্রস্ত; অর্থাৎ একথানি কন্ডেকদ্ +5D लाल्म शहिलाबिंद्होलिया अिं मः भौतन करतः । अहे रहजू धकशानि +4.501) लाशाहिया जालाकिक क्नोनिका शतीका क्रिल, हिकिৎमक

দেখেন, তথার কোন প্রকার স্পষ্ট ছায়া নাই; গতএব সিদ্ধাপ্ত করেন, রোগীর জন্ধির সমতল মেরিডিয়ান্ +4.50D পরিমাণ হাইপার্-মিট্রোপিয়াগ্রপ্ত (চিত্র দেখ)।



কেরাটয়পি দারা পর্যবেক্ষণ শুদ্ধ কিনা পরীক্ষা করিতে হইলে, তখন আটুে পিনের ক্ষমতাধীন রোগীকে সাধারণ টেই টাইপ্ হইতে ২০ ফিট দূরে বসাইবে; যেরূপ দেখা হইয়াছে তজ্ঞপ পরিমাণ আটিয়্যাটিজন্ থাকিলে রোগী সম্ভবত কেবল উর্দ্ধন্থ অক্ষর গুলি (=¸¸) দেখিতে পাইবে। অনম্ভর, দক্ষিণ চক্ষুর সম্মুখে ঠিক সনিবেশিত আটিয়্যাটিক্ ফুমের পশ্চাদ্রতী ধারে একগানি —2.50D ক্ষেরিক্যাল্ লেন্দ্র রাথ; ও লেন্দের সম্মুখেও একগানি +2D সিলিপ্রিক্যাল্ লেন্দ্রাথ; উহার (Axis) বা মেরুদ্ধ লম্বভাবে থাকিবে, অর্থাং অক্ষির সমতল বা হাইপার্মিট্রেগিয়া গ্রন্থ মেরিভিয়ানের সমকোণ ভাবে রাথিবে; অনম্ভর রোগীকে টেই টাইপ্ সকল পড়িতে বলিলে, সম্ভবত দেখা যাইবে, তাহার দৃষ্টি ভুঁত হইতে তুই এমন কি হু পর্যান্তর উনীত হয়। ছুইটী সিলিপ্রার্ চদ্মা ( যাহাদের মেরুদ্ধ পরম্পের সমকোণ) ন্যায়ত যদিও তাহাই উপযুক্ত বটে, কিন্তু কার্যাত্র, উহা অপেক্ষা একথানি সিলিপ্রিক্যাল্ লেন্দ্ ও একথানি ক্ষেরিকেল্ লেন্দ্ ব্যবস্থা কবাই অপেক্ষাক্বত উক্তম এবং ইক্তিসিদ্ধ।

৩১৭ পৃষ্ঠার বর্ণিত বিবয়ের তালিকা নিম্নে দেওয়া গেল। ইহাতে আধুনিক ও পুরাতন মেট্রিক্যাল সিপ্তেমের ঘারা লেন্সের সংখ্যা করণের যে প্রভেদ হয় তাহা প্রদত্ত হইল:-

	न्उन खनानी वा	পুরাতন	न्	তন প্রণালী বা		পুর	ভিন
जात्रभृक्तिक् निष्टिम्। थानानी।			ডায়	প্রিক निष्टिम्।	প্রণালী।		
2	এক ভারপ্ট্রিকের অ	्भ०.२० = ३०४	7 6	<b>ডা</b> য়প্রিক্	۵	D =	8.8
. A.	n	•,¢= 95	> 0	<b>77</b>	> 0	D =	٥,٥
3	. ,	e.50 = 19.0	22	**	1 22	D =	v.v
٥	ভায়প্ত্রিক্	>D = ०≥.€	58	"	25	D =	೨,೨
40	n	5.c.D= २७.७	20	39	50	D =	9
2	9	۹.۶c = D ج	>8	3 <del>9</del>	> 8	]) =	₹.৮
9	<b>w</b>	0D=30.9	54	99	5 @	D =	2.4
8	99	8D = 5.5	2.3	39	23	D=	२.৫
¢	29	eD= ۹.۵	59	19	59	D =	२.७
Ŀ	×	4D = 4.5	76	n	56	D =	<b>२</b> .२
9	19	9D = c.48	Ro.	20	20	D=	5.8
6	, 🔊	₽D= 8.5					

°ভারণটিক সিটেইমের সম্পর্ন রাশি (এক)—একটী লেল মাহার ফোক্যাল ডিষ্ঠ্যাব্দ একমিটার, ইচা ৬৭ প্যারি ইত্কের সমত্ত্য এবং ৬৯.৪ ইংরাজী ইত্কের नमजुला। नाधात्रणः हेशदक ३० हेश्त्राकी हैकि वना गांग।

माम्प्।

